



হিগ্ ফেসিলিটি এনভায়রনমেন্টাল মড্যুল (হিগ্ এফইএম) হাউ টু হিগ গাইড (কীভাবে বিষয়ে হিগ্ নির্দেশিকা)

সংস্করণ 3.4

প্রকাশকাল নভেম্বর ২০২১

নভেম্বর 4, ২০২১-তে হালনাগাদ করা

ফেসিলিটি এনভায়রনমেন্টাল মড্যুল (হিগ্ এফইএম) এককেন্দ্রাভিমুখী অংশীদাররা

হিগ্ এফইএম রসায়ন ব্যবস্থাপনা বিভাগ সাস্টেইনেবল অ্যাপারেল কোয়ালিশন (এসএসি), আউটডোর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (ওআইএ), এবং জিরো ডিসচার্জ অব হাজার্ডাস কেমিক্যালস (জেডডিএইচসি) কর্মকাণ্ডের একটি যৌথ প্রচেষ্টা তাদের প্রত্যেকের রাসায়নিক উপাদানকে একটি মূল্যায়ন-সংক্রান্ত প্রমাণবলী অভিমুখী করা।



হিগ্ এফইএম ওআইএ কেমিক্যালস ম্যানেজমেন্ট মড্যুলস ফেসিলিটিজ ইন্ডিকেটরকে প্রতিস্থাপন করে। ওআইএ সুপারিশ করে যে এর সব সদস্যরা একটি সামগ্রিক টুল হিসেবে, এবং কারখানা স্তরে মানদণ্ড স্থির করা এবং রসায়ন ব্যবস্থাপনার পরিমাপের সর্বোত্তম অভ্যাসের প্রাথমিক সূত্র হিসেবে হিগ্ এফইএম ব্যবহার করুক।

Ø ZDHC

হিগ্ এফইএম জেডডিএইচসি অডিট প্রোটোকল V.2.0-কে প্রতিস্থাপন করে, যেটিকে জেডডিএইচসি এখন আর সহায়তা প্রদান করে না।

জেডডিএইচসি-এর কন্ট্রিবিউটরদের হিগ্ এফইএম অ্যাক্সেস করা এবং ব্যবহার করার জন্য উৎসাহিত করা হয় জেডডিএইচসি-এর রাসায়নিক ব্যবস্থাপনা এবং উন্নয়নের জন্য উপাদান ব্যবস্থার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে। এছাড়াও, জেডডিএইচসি অনুরোধ জানায় যে কন্ট্রিবিউটররা হিগ্ এফইএম-এর মূল্যায়ণ এবং যাচাইকে রাসায়নিক ব্যবস্থাপনাগত কর্মকৌশলতার সূচক হিসেবে গ্রহণ করুক।

এককেন্দ্রিকতার প্রক্রিয়ার মাধ্যমে, জেডডিএইচসি, ওআইএ, এবং এসএসি রাসায়নিক ব্যবস্থাপনার মূল্যায়ণকে একত্রিত করা এবং নকল প্রচেষ্টাকে হ্রাস করা এবং একইসাথে, মূল্যায়ণের গুণগত মানবৃদ্ধি এবং উপাত্ত বিনিময়কে সক্রিয় করার মাধ্যমে হাজার হাজার কারখানার কাছে পৌঁছানোর উদ্দেশ্য পোষণ করে।

হিগ ফেসিলিটি এনভায়রনমেন্টাল মডুল (হিগ এফইএম) হাউ টু হিগ নির্দেশিকা

শুরু করার আগেঃ

- নির্দেশিকাটি অনলাইনে পাওয়া যাবে এখানে [HowtoHigg.org/guide](https://howtohigg.org/guide)
- সমস্ত প্রশিক্ষণ উপকরণ পর্যালোচনা করুন এখানে <https://howtohigg.org/fem-landing/> এবং এখানে <https://howtohigg.org/how-to-get-started/>

হিগ এফইএম হাউ টু হিগ-এর সূচীপত্র

যেকোনো বিভাগে সরাসরি যাওয়ার জন্য নিচের বিভাগগুলোতে ক্লিক করুন

- [হিগ এফইএম-এর ভূমিকা](#)
- [নির্দেশিকাতে \(২০১৯\) পরিবর্তনের সারসংক্ষেপ](#)
- [কারখানা সম্পর্কে তথ্য এবং অনুমতিপত্র](#)
- [ইএমএস](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [শক্তি এবং জিএইচজি](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [পানির ব্যবহার](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [বর্জ্যপানি](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [বায়ু নির্গমন](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [বর্জ্য](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [রাসায়নিকের ব্যবস্থাপনা](#)
 - [স্তর ১](#)
 - [স্তর ২](#)
 - [স্তর ৩](#)
- [শব্দকোষ](#)
- [পরিশিষ্ট ক - কারখানার প্রিভিউ](#)



ভূমিকাঃ হিগ ফেসিলিটি এনভায়ারনমেন্টাল মড্যুল (হিগ্ এফইএম) কি?

হিগ ফেসিলিটি এনভায়ারনমেন্টাল মড্যুল (হিগ্ এফইএম) একটি অস্তিত্ব মূল্যায়নকারী উপাদান যেটি কারখানাগুলো কীভাবে তাদের পরিবেশগত কর্মকুশলতাকে বছরের পর বছর ধরে, পরিমাপ ও মূল্যায়ন করে তার মানদণ্ড তৈরি করে।

হিগ্ এফইএম-এর নকশা বানানো হয়েছিলঃ

- একটি কারখানার অস্তিত্বগত প্রভাবকে পরিমাপ এবং সংখ্যায়ন করার জন্য
- অস্তিত্বগত কর্মকুশলতাকে পরিমাপ এবং রিপোর্ট করার ক্ষেত্রে আতিশয্য কম করার জন্য
- ঝুঁকি কম করা ও কার্যকারিতাকে বৃদ্ধি করার মাধ্যমে ব্যবসার মূল্যকে চালিত করার জন্য
- একটি সাধারণ পদ্ধতি ও ভাষা তৈরি করার জন্য যাতে স্টেকহোল্ডারদের সাথে স্থায়িত্ববাদীতা বিষয়ে কথা বলা যায়

একটি কারখানার প্রতি বছর একটি হিগ্ এফইএম সম্পূর্ণ করা এবং পোস্ট করা উচিত। হিগ্ এফইএম রিপোর্ট করার সময়সীমা পরিচালিত হবে **জানুয়ারি ১ থেকে এপ্রিল ৩০, ২০২২ পর্যন্ত** এবং সাম্প্রতিকতম ক্যালেন্ডার বছর থেকে কর্মকুশলতাকে পরিমাপ করবে (যেমন ২০২১ -এর মড্যুলগুলো ২০২১ ক্যালেন্ডার বছর থেকে কর্মকুশলতাকে পরিমাপ করবে)। সমস্ত মড্যুলগুলোকে অবশ্যই এপ্রিল ৩০^{এর} সময়সীমার মধ্যে পোস্ট করতে হবে।

হিগ্ এফইএম সম্পূর্ণ করতে কত সময় লাগবে?

হিগ্ এফইএম সম্পূর্ণ করতে সময় লাগার বিষয়টি নির্ভর করবে মড্যুল শুরু করার আগে আবশ্যিক উপাত্ত এবং তথ্যের কতটা সংগ্রহ করা হয়ে গেছে তার উপর। সাধারণত, সম্পূর্ণ মড্যুল শেষ করতে কারখানাগুলোর ২-৪ সপ্তাহ সময় লাগে, যার মধ্যে রয়েছে অভ্যন্তরীণ আলোচনা এবং পর্যালোচনা। মড্যুলে তাদের কী ধরনের তথ্য এবং উপাত্ত দিতে হবে তা বুঝতে শুরু করার আগে মড্যুলের মধ্যকার সবকটি প্রশ্ন পর্যালোচনা করতে কারখানাগুলোকে অত্যন্ত উৎসাহিত করা হয়।

আপনার মড্যুলটি কীভাবে শুরু করতে হবে এবং সম্পূর্ণ করতে হবে সে ব্যাপারে ধাপে ধাপে নির্দেশিকার জন্য higg.org প্ল্যাটফর্মে, দয়া করে পর্যালোচনা করুন [কমপ্লিট আ হিগ্ এফইএম অ্যাসেসমেন্ট](#) (হিগ্ এফইএম দ্বারা একটি মূল্যায়ণ সম্পূর্ণ করুন) নির্দেশিকাটি।

শুরু করার আগে আপনাকে কী জানতে হবে

কারখানাগুলোর উচিত মূল্যায়ণ সম্পূর্ণ করার সময়ে সৎ এবং স্বচ্ছ থাকা। হিগ্ এফইএম পাশ/ফেল মূল্যায়ণ নয়, বরং একটি উপাদান যা উন্নতি করার সুযোগগুলোকে চিহ্নিত করে।

যদি আপনি নিশ্চিত না থাকেন যে আপনার উত্তর "হ্যাঁ" লেখার যোগ্যতাসম্পন্ন কিনা, আরো কঠোর মনোভাব নেয়ার সুপারিশ করা হয় এবং যেখানে প্রযোজ্য, "আংশিক" অথবা "না অথবা জানা নেই" লেখার জন্য সুপারিশ করা হয়। নিচের প্রতিটি প্রশ্নের জন্য নির্দেশিকাটি কীভাবে যথাযথভাবে একটি প্রশ্নের উত্তর দিতে হয় সে ব্যাপারে সাহায্য করবে। যখন আপনি কোনো প্রশ্নের উত্তরে "হ্যাঁ" বেছে নেন, তার উপ-প্রশ্নগুলোর উত্তর দেয়ার সময়ে আপনার যথাসম্ভব সহায়ক তথ্য প্রদান করা উচিত এবং সহায়ক ডকুমেন্টেশনের জন্য নথিপত্র আপলোড করতে পারেন।

দয়া করে নোট করুন যে নির্দেশিকাতে অনেক প্রশ্ন **"আপলোডের সুপারিশ"** উল্লেখ করতে পারে – এই আপলোডগুলো বাধ্যতামূলক নয়, কিন্তু প্রশ্নের উত্তরকে কী ধরনের নথিপত্র সহায়তা করতে পারে সে সম্পর্কে ব্যবহারকারীদেরকে একটি ধারণা দেয়ার জন্য সেখানে রয়েছে। মড্যুল যাচাইয়ের সময় এই নথিপত্রগুলো খুঁটিয়ে দেখা হবে।

স্কোরিং

হিগ্ এফইএম স্কোরিং ব্যবস্থা নির্দেশাবলীর নির্দেশিকাতে [হিগ্ এফইএম-এর জন্য স্কোরিংয়ের পদ্ধতি পর্যালোচনা করুন](#)

সাহায্য

Higg.org প্ল্যাটফর্ম নিয়ে যদি আপনার কোনো সমস্যা থাকে বা মূল্যায়ণের কোনো প্রশ্ন নিয়ে বিভ্রান্ত থাকেন, তাহলে আপনি হিগ্ ইনডেক্স সাপোর্ট দলের সঙ্গে যোগাযোগ করতে পারেন এখানে ফর্ম জমা দেয়ার মাধ্যমে howtohigg.org/request.

হিগ এফইএম নির্দেশিকাটিকে কিভাবে ব্যবহার করতে হবে তার হালনাগাদের সারসংক্ষেপ (v1.5)

ফেসিলিটির সাইটের তথ্য

- কঠিনপণ্যের ফেসিলিটিগুলির জন্য ফেসিলিটির ধরনের উপরে নির্দেশনা সংযোজিত হয়েছে
- কঠিনপণ্যের ফেসিলিটিগুলির জন্য এসএএম গণনা করার জন্য উদাহরণ সংযোজিত হয়েছে
- শিল্পকেন্দ্রিক কর্মসূচী/শংসাপত্রে অংশগ্রহণ সম্পর্কে নতুন প্রশ্ন সংযোজিত হয়েছে

ইএমএস

নতুন প্রশ্ন	এই প্রশ্নটি আগে কেবলমাত্র "ফেসিলিটি প্রিভিউ"তে ছিল আপনার ফেসিলিটির কি নথিবদ্ধ প্রক্রিয়াসমূহ রয়েছে যেগুলি কর্মীদেরকে পরিবেশগত জরুরি অবস্থা/ লঙ্ঘনসমূহ সম্পর্কে বিবরণী পেশ করতে সক্ষম করে? এফইএএম-এর জন্য হালনাগাদ করা প্রশ্ন এবং পথনির্দেশনা
-------------	--

শক্তি

- শক্তির উৎস হিসেবে এলএনজি (লিকুইফায়েড ন্যাচারাল গ্যাস) সংযোজিত
- সেই স্কেরবিহীন প্রশ্নটিকে সরানো হয়েছে যেটি জানতে চায় "উপাত্তের নির্ভুলতা এবং শুদ্ধতা নিশ্চিতকারী কোনও বলিষ্ঠ প্রক্রিয়া কি আপনার ফেসিলিটিতে রয়েছে?" হিগ্ এফইএম থেকে

পানি

- পানি সংক্রান্ত ঝুঁকি অ্যাক্সেস করা বিষয়ে পথনির্দেশনা সংযোজিত
- সেই স্কেরবিহীন প্রশ্নটিকে সরানো হয়েছে যেটি জানতে চায় "উপাত্তের নির্ভুলতা এবং শুদ্ধতা নিশ্চিতকারী কোনও বলিষ্ঠ প্রক্রিয়া কি আপনার ফেসিলিটিতে রয়েছে?" হিগ্ এফইএম থেকে

প্রশ্ন ১	"এই প্রশ্নের উদ্দেশ্য কি" বিষয়ে হালনাগাদ করা পথনির্দেশ
প্রশ্ন ৩	"কারিগরি পথনির্দেশ" বিভাগে কঠিন পণ্যের জন্য নতুন পথনির্দেশ সংযোজিত

বর্জ্যপানি

- কঠিন পণ্যের ফেসিলিটিসমূহের জন্য বর্জ্যপানির মানদণ্ড বিষয়ে নতুন পথনির্দেশ সংযোজিত

বায়ু নির্গমন

- ভূমিকা বিষয়ে আরো পথনির্দেশ সংযোজিত

বর্জ্য

- কঠিন পণ্যের ফেসিলিটিসমূহের জন্য নতুন পথনির্দেশ সংযোজিত।
- সেই স্কারবিহীন প্রশ্নটিকে সরানো হয়েছে যেটি জানতে চায় "উপাত্তের নির্ভুলতা এবং শুদ্ধতা নিশ্চিতকারী কোনও বলিষ্ঠ প্রক্রিয়া কি আপনার ফেসিলিটিতে রয়েছে?" হিগ্‌ এফইএম থেকে

প্রশ্ন ১	"বর্জ্যপানি পরিশোধন কাই (বিপদহীন)" নতুন একটি বিপদহীন বর্জ্য প্রবাহ হিসেবে সংযোজিত।
প্রশ্ন ২	বিপজ্জনক কাইকে চিহ্নিত করার জন্য "বর্জ্যপানি পরিশোধন কাই" বর্জ্য প্রবাহটিকে হালনাগাদ করুন, যেটিতে শিল্পকেন্দ্রজনিত এবং ঘরোয়া বিপজ্জনক কাই অন্তর্ভুক্ত। "অন্যান্য"-এর অধীনে সুনির্দিষ্ট সংযোজন করতে কঠিন পণ্যের ফেসিলিটিসমূহের জন্য নতুন পথনির্দেশ সংযোজিত
প্রশ্ন ৬	এফইএম-এ অন্তর্ভুক্ত করার জন্য হালনাগাদ করা প্রশ্ন "পুঁতে দেয়া এবং স্টোরেজ ট্যাঙ্কে ছিদ্র থাকা নিষিদ্ধকরণ", যেটি আগে কেবলমাত্র "ফেসিলিটি প্রিভিউ"তে ছিল হালনাগাদ করা হয়েছে "এই প্রশ্নের উদ্দেশ্য কি?", অতিরিক্ত আবশ্যিকতাকে অন্তর্ভুক্ত করার জন্য "এটিকে কিভাবে যাচাই করতে হবে"
প্রশ্ন ৮	হিগ প্লাটফর্মে পরিমাপের ইউনিটকে হালনাগাদ করা হয়েছে।

রাসায়নিক

- কঠিনপণ্যের ফেসিলিটিগুলির ফেসিলিটি প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োগযোগ্যতার প্রশ্নে নতুন ফেসিলিটি প্রক্রিয়া সংযোজিত হয়েছে

প্রশ্ন ১	"এটিকে কিভাবে যাচাই করতে হবে" বিষয়ে আংশিক হ্যাঁ-এর আবশ্যিক শর্ত সম্পর্কে হালনাগাদ করা পথনির্দেশনা
----------	--

	"প্রযুক্তিগত পথনির্দেশনা" বিষয়ে রাসায়নিকের ইনভেন্টরি তালিকায় অতিরিক্ত তথ্য অন্তর্ভুক্ত করার জন্য হালনাগাদ করা সুপারিশ
প্রশ্ন ৭	"কারিগরি পথনির্দেশনা" বিভাগে কঠিন পণ্যের ফেসিলিটির জন্য নতুন পথনির্দেশনা সংযোজিত কেবলমাত্র টুলিং/অপারেশন ভিত্তিক ফেসিলিটিগুলিতে ব্যবহৃত রাসায়নিকের জন্য হ্যাঁ বলার আবশ্যিকতা বিষয়ে "এটি কিভাবে যাচাই করতে হবে" সংক্রান্ত নির্দেশিকা হালনাগাদ করা হয়েছে।
প্রশ্ন 22	"ঠিকাদার / উপঠিকাদার" বিষয়ে পরিভাষাকে প্রমিত করতে নির্দেশিকা হালনাগাদ করা হয়েছে। ঠিকাদার / উপঠিকাদারের সংজ্ঞা অন্তর্ভুক্ত করা হয়েছে।

হিগ এফইএম শব্দকোষ

- পানি বিভাগের নির্দেশিকার সাথে শ্রেণীবদ্ধ হওয়ার জন্য উৎপাদিত / প্রসেস পানির সংজ্ঞাকে হালনাগাদ করা হয়েছে।
- যাচাইকারী – বহুবিদ্যাবিশারদ-এ সংজ্ঞাকে হালনাগাদ করা হয়েছে আরো স্পষ্টতর করার জন্য
- যাচাইকৃত নির্দেশক (জেনারালিস্ট)-এর পরিভাষা সরিয়ে দেয়া হয়েছে এবং "হিগ এফইএম প্রশিক্ষক"-এর নতুন পরিভাষা দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে
- যাচাইকারীর প্রোটোকল – প্রত্যক্ষ রেফারেন্স লিঙ্ক সংযোজন করা হয়েছে
- যাচাইকারীর প্রশিক্ষণের সংজ্ঞা হালনাগাদ করা হয়েছে
- জিরো লিকুইড ডিসচার্জ (জেডএলডি)-এর সংজ্ঞাকে হালনাগাদ করা হয়েছে নির্দেশিকার সংজ্ঞার সাথে শ্রেণীভুক্ত করার জন্য

পরিশিষ্ট ক: এফইএম ফাউন্ডেশন

- আগে ফেসিলিটি প্রিভিউ হিসেবে পরিচিত, এটি একটি বৈশিষ্ট্য যেটি 2020 হিগ এফইএম-এ শুরু হয়েছিল, এবং 2021 হিগ এফইএম-এর শুরুতে এফইএম ফাউন্ডেশন হিসেবে নতুন নামকরণ হয়েছে।
- দয়া করে লক্ষ্য করুন যে এফইএম ফাউন্ডেশন কেবলমাত্র নতুন ফেসিলিটি অ্যাকাউন্টের জন্যই উপলব্ধ। এটি বিদ্যমান কোনও ফেসিলিটির জন্য উপলব্ধ নয় যেটির অ্যাকাউন্টে হিগ এফইএম ছিল অথবা আছে।
- সীমিত প্রমাবলী রয়েছে যেগুলিকে এফইএম ফাউন্ডেশনের অন্তর্ভুক্ত করা হয়েছে
((দয়া করে অ্যাপেন্ডিক্স এ: পথনির্দেশের জন্য এফইএম ফাউন্ডেশন দেখুন))



কারখানা সম্পর্কে তথ্য এবং সম্মতিপত্র

কারখানা সংক্রান্ত তথ্যাবলী বিষয়ক প্রশ্নসমূহে আপনার উত্তর আপনার কারখানাকে তুলনামূলক বিশ্লেষণের জন্য শ্রেণীভুক্ত করার উদ্দেশ্যে ব্যবহৃত হবে। দয়া করে মডুলের অন্যান্য বিভাগে যাওয়ার আগে এই বিভাগটি সম্পূর্ণ করুন।

এই পৃষ্ঠায় আপনার কারখানা সম্পর্কে তথ্য দেয়ার জন্যও আপনাকে বলা হবে। সংশ্লিষ্ট পরিবেশগত অনুমতিসমূহের সাথে আপনার সামঞ্জস্যপূর্ণতাকে চিহ্নিত করাই এই বিভাগের লক্ষ্য। আপনার কারখানা মানতে বাধ্য এমন যেকোনো নিয়ম বা প্রবিধান বিষয়ে আপনার অনুবর্তিতা অন্তর্ভুক্ত করুন, যেমন অনুমতিপত্র, অনুমোদন, লাইসেন্স, নথিবদ্ধকরণ, শংসাপত্র অথবা সম্মতি সংক্রান্ত অন্যান্য দলিলপত্র। অনুমতি-বিহীন বাধ্যবাধকতার অন্তর্ভুক্ত হলো আবশ্যিক বার্ষিক সরকারি রিপোর্টগুলো এবং সুনির্দিষ্ট রাসায়নিকের জন্য প্রয়োজনীয় নথিবদ্ধকরণ।

দয়া করে মনে রাখবেন যে কারখানা বিষয়ক তথ্য (সাইট ইনফো) এবং অনুমতিপত্র (পারমিট) বিভাগটিতে নম্বর দেয়া হবে না। এর অর্থ হলো যে সঙ্গতি রক্ষা করার জন্য আপনি পয়েন্ট পাবেন না। তবে, ফেসিলিটিজ এনভায়ারনমেন্ট মড্যুলে কোনো পয়েন্ট পাওয়ার জন্য আপনার অবশ্যই কার্যসম্পাদনা সংক্রান্ত একটি বৈধ লাইসেন্স থাকতে হবে। যদি আপনি "আপনার কারখানার কি কার্যসম্পাদনার জন্য বৈধ লাইসেন্স রয়েছে?" প্রশ্নে "না" উত্তর দেন, সম্পূর্ণ মড্যুলটিতেই আপনার স্কোর হবে শূন্য।



দেশ অথবা অঞ্চল

আপনার ফেসিলিটি যে দেশে অথবা অঞ্চলে অবস্থিত সেটিকে বেছে নিন

শিল্প ক্ষেত্র

কোন ক্ষেত্রগুলো আপনার কারখানার উৎপাদনের ক্ষেত্রে প্রযোজ্য সেটা বেছে নিন (যেমন, যে ধরনের পণ্য আপনি উৎপাদন বা প্রক্রিয়াকরণ করছেন)

কারখানার ধরন

আপনার সাইটের ক্ষেত্রে প্রযোজ্য যে ধরনগুলো তার সবগুলোই দয়া করে বেছে নিন

উদাহরণ: যদি আপনার একটি কাটা-সেলাইয়ের ফেসিলিটি থাকে যা অন-সাইট স্ক্রিন প্রিন্টিং অথবা ওয়েট প্রসেসিং-এর কাজও করে থাকে তাহলে আপনি চূড়ান্ত পণ্যের অ্যাসেম্বলি এবং ছাপা, পণ্য রঞ্জন এবং কাচাকাচি **দুটিকেই** বেছে নেবেন।

কঠিনপণ্যের উদাহরণ: আপনি যদি এমন একটি ফেসিলিটি (কারখানা) হন যেটি নিজের চত্বরেই চূড়ান্ত পণ্য জোড়া দেয়া এবং নির্মাণ কার্য সম্পন্ন করে, আপনি চূড়ান্ত পণ্য প্রস্তুতি (ফাইন্যাল প্রোডাক্ট অ্যাসেম্বলি) এবং কঠিনপণ্য উপাদান এবং ছাঁটাই উৎপাদন (প্লাস্টিক, ধাতু, কাঠ) এই দুটিই বেছে নেবেন।

- **চূড়ান্ত পণ্য তৈরি** - প্রস্তুত পণ্যের উৎপাদন/ চূড়ান্ত পণ্যটির প্রস্তুতিতে জড়িত ফেসিলিটিগুলো
- **ছাপা, পণ্য রঞ্জন (ছোপানো) এবং পরিষ্কার করা** - যেসব ফেসিলিটি ওয়েট প্রসেসিং, এবং ধোয়াধুয়ি সহ উপকরণগুলিকে ছাপা এবং রঞ্জনকার্যে জড়িত।
- **উপকরণ উৎপাদন** (কাপড়, রাবার, ফোম, অন্তরণ (ইনস্যুলেশন), জোড়া করা যায় এমন উপকরণসমূহ) - যেসব ফেসিলিটিগুলি উপকরণসমূহকে নির্মাণ করে এবং জোড়া লাগায় (যেমন কাপড়, চামড়া, প্লাস্টিক, ইনস্যুলেশন, ফোম, ধাতু, কাঠ, কার্বন ফাইবার, ইত্যাদি।)
- **কঠিনপণ্য উপকরণ এবং ছাঁটাই উৎপাদন বা ট্রিম প্রোডাকশন** (প্লাস্টিক, ধাতু, কাঠ) - ফেসিলিটিসমূহ যেগুলি শক্ত বা কঠিন পণ্য উপকরণসমূহের উৎপাদন করে (যেমন, ধাতুর বার, প্লাস্টিকের হুক, ইলেক্ট্রনিক্স, ইত্যাদি) অথবা ফেসিলিটিসমূহ যেগুলি পণ্য ছাঁটাই উৎপাদন করে (যেমন, জিপার, বোতাম, লেবেল, ইত্যাদি।)
- **রাসায়নিক এবং কাঁচা মাল উৎপাদন** - যেসব ফেসিলিটিগুলি রাসায়নিক এবং কাঁচামাল উৎপাদন করে
- **মোড়ক উৎপাদন** - যেসব ফেসিলিটিতে মোড়কের উপকরণ প্রস্তুত হয়
- **অন্যান্য**

আপনি কোন ধরনের কারখানা বেছে নেন তার উপর নির্ভর করে আপনার কারখানায় কোন ধরনের প্রক্রিয়াকরণ হয় তা আপনাকে বেছে নিতে বলা হবে। (যেমন ছাপা, আঠা লাগানো)

কারখানার প্রক্রিয়া

আপনার কারখানার ক্ষেত্রে কোন নির্মাণ প্রক্রিয়াগুলি প্রযোজ্য সেগুলি বেছে নিন

উপাদানের ধরন

আপনার ফেসিলিটি হয় প্রস্তুত করে অথবা কাজ করে/ প্রক্রিয়াকরণ করে যেসব উপাদানগুলোকে নিয়ে সেগুলো বেছে নিন। উপকরণসমূহের সংজ্ঞা দেখে নিন [কিভাবে হিগ্‌ করতে হবে তার নির্দেশনার শব্দকোষ বিভাগে](#)।

এই প্রতিবেদনের বছরে আপনার ফেসিলিটি কত দিন কাজ করেছে?

রিপোর্টিং বছরে কারখানাটি যতদিন কাজ করেছে তার একটি সম্পূর্ণ সংখ্যা প্রবেশ করান(রেঞ্জনয়)। কার্যসম্পাদনার দিনগুলি বিবেচনা করা হয় সেই দিনগুলিকে যখন উৎপাদন এবং/অথবা উৎপাদন-সম্পর্কিত কর্মকান্ড (যেমন পণ্য / কাঁচামাল তোলা / শিপমেন্ট) কারখানায় করা হয়েছিল। কার্যসম্পাদনার একটি দিন যেখানে কার্যসম্পাদনার ঘন্টার সংখ্যা অথবা কর্মীসংখ্যা ৫০%-এর কম, সেই দিনটিকে ০.৫ দিন হিসেবে গণ্য করতে হবে। যেখানে কার্যসম্পাদনার ঘন্টার সংখ্যা অথবা কর্মীসংখ্যা ৫০%-এর বেশি, সেই দিনটিকে ১ দিন হিসেবে গণ্য করতে হবে।

মোট কর্মচারীর সংখ্যা: দয়া করে গড় সংখ্যাটি প্রবেশ করান, পূর্ণ-সময়ের এবং অস্থায়ী কর্মচারীরা যারা বর্তমান প্রতিবেদনকারী বছরে ফেসিলিটিতে কাজ করেছেন তাদের (একটি রেঞ্জ নয়া গণনাটির নির্দেশনাটি নিচে পূর্ণ-সময় এবং অস্থায়ী - উভয় প্রকার কর্মীদের ক্ষেত্রেই প্রযোজ্য।

ফেসিলিটির উপাত্ত কিভাবে অনুসরণ করতে হবেঃ

কারখানার একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করা উচিত প্রত্যেকটি পে-সময়কালে কর্মীদের সংখ্যা অনুসরণ করার জন্য (যেমন, সাপ্তাহিক, দ্বি-সাপ্তাহিক, মাসিক)। কর্মীদের গড় সংখ্যা (পূর্ণ-সময় এবং অস্থায়ী) নিম্নোক্ত নির্দেশনার মাধ্যমে নির্ধারিত হতে পারেঃ

1. আপনার কারখানা যে মোট সংখ্যক কর্মীকে বছরটি চলাকালীন সমস্ত পে-পিরিয়ডে পে করেছে।
2. বছরটি চলাকালীন আপনার কারখানাতে কটি পে পিরিয়ড ছিল, সেটি গণনা করুন।
3. পে পিরিয়ডের সংখ্যা দিয়ে কর্মীসংখ্যাকে ভাগ করুন।
4. উত্তরটিকে পরের সম্পূর্ণ সংখ্যাতে নিয়ে আসুন কর্মীদের বার্ষিক গড় সংখ্যাটি পাওয়ার জন্য (পূর্ণ সময় বা সাময়িক)

উদাহরণ স্বরূপঃ

- পে পিরিয়ড 1:520 কর্মী
- পে পিরিয়ড 2:525 কর্মী
- পে পিরিয়ড 3: 545 কর্মী
- **কর্মীদের গড় সংখ্যা: 530** $[(520+525+545)/3]$

হিগ এফইএম যাচাইয়ের জন্য, সুপারিশ করা হয় যে এই উপাত্তের একটি সংক্ষিপ্তসার একটি এমন বিন্যাসে যেন থাকে যেটিকে পর্যালোচনা করা সহজ [যেমন স্প্রেডশীট (যেমন মাইক্রোসফট এক্সেল) অথবা অনুরূপ কোনো উপাত্ত বিশ্লেষক কার্যক্রম যা উপাত্তকে মানুষের পঠনোপযোগী বিন্যাসে এক্সপোর্ট করতে অনুমোদন দেয় (যেমন এক্সেল, সিএসভি)] এবং অন্য যেকোনো প্রাসঙ্গিক সহায়ক প্রমাণ পর্যালোচনার জন্য তৎক্ষণাৎ প্রস্তুত থাকে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

• নথিপত্র আবশ্যিকঃ

- পেরোল / অ্যাকাউন্টিং রেকর্ড যা প্রতিটি পে পিরিয়ডে প্রত্যেকটি কর্মী বিভাগের সংখ্যাটিকে প্রদর্শন করে (পূর্ণ-সময় এবং অস্থায়ী)।
- পেরোল/ অ্যাকাউন্টিং রেকর্ড যা রিপোর্টিং বছরের পে পিরিয়ডের সংখ্যাটিকে প্রদর্শন করে।

আপনার কারখানার বার্ষিক আয়তন কত?

গত ক্যালেন্ডার বছরে প্রেরিত/ বিক্রি হওয়া পণ্যের সর্বমোট পরিমাণ সম্পর্কে প্রতিবেদন পেশ করুন।

প্রেরিত/ বিক্রি হওয়া পণ্যের সর্বমোট পরিমাণে গত ক্যালেন্ডার বছরে প্রত্যাখ্যান-প্রাপ্ত পণ্যের সর্বমোট পরিমাণ অন্তর্ভুক্ত থাকা উচিত নয়।

কেন আমরা বার্ষিক উৎপাদন সংখ্যার পরিবর্তে প্রেরিত/ বিক্রিত পরিমাণকে ব্যবহার করি ?

এর প্রধান কারণ হলো একটি সঙ্গতিপূর্ণ উৎপাদন মেট্রিক সৃষ্টি করা যা সমস্ত কারখানাই ট্র্যাক করতে পারবে এবং উপাত্তসমূহ শিল্পের বেঞ্চমার্কেটের জন্য অধিক তুলনীয় হবে। তাছাড়া, প্রেরিত/ বিক্রিত পরিমাণকে মেট্রিক হিসেবে ব্যবহার করা হয় অতিরিক্ত অথবা অপ্রয়োজনীয় উৎপাদনকে নিরুৎসাহিত করার জন্য যার অন্তর্ভুক্ত হলো বাড়তি হওয়া, আধা-পণ্য, উদাহরণ এবং প্রত্যাখ্যান যা পরিবেশের পক্ষে উদ্বেগের কারণও বটে।

আমরা বুঝি যে বছরে তাদের প্রস্তুত করা হয়েছিল তার পরের ক্যালেন্ডার বছরেও যে কিছু পণ্য প্রেরিত / বিক্রিত হয়ে গিয়ে থাকতে পারে। প্রেরিত/ বিক্রয় করা পরিমাণের সীমাবদ্ধতা হলো - উক্ত শক্তি, পানি এবং বর্জ্যের পরিমাণ একই ক্যালেন্ডার বছরে প্রস্তুত পণ্যের সমতুল নয় বরং পরবর্তী বছরে তাদের প্রেরণ করা হয়, পরিবর্তে একই বছরে প্রেরণ করা হয় কিন্তু পূর্ববর্তী বছরে প্রস্তুত করা হয়েছে এমন কিছু পণ্যের জন্য প্রকৃতপক্ষে তারা পরিগণিত হয়। এটিকে প্রতি বছর কারখানায় একটি সাধারণ কর্মপন্থা হিসেবে বিবেচনা করে, প্রেরিত/ বিক্রয় করা পরিমাণের সর্বমোট সংখ্যার উপর প্রভাব তুলনামূলকভাবে সীমিত হওয়া উচিত। তবে, যদি এমন কোনো ব্যতিক্রমী ঘটনা থাকে যেটি ফেসিলিটির পরিবেশগত কার্যকলাপের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে (যেমন উন্নততর শক্তি/ পানির ব্যবহার দেখায়), আমরা কারখানাগুলোকে সম্পর্কিত স্টেকহোল্ডারদের সাথে সংযোগ স্থাপন করতে উৎসাহিত করি যাতে প্রয়োজন হলে তারা তাদের পরিস্থিতিটিকে ব্যাখ্যা করতে পারে।)

একটি ইউনিট বেছে নিনঃ

- কিউবিক মিটার (m³)
- কিলোগ্রাম
- মিটার
- স্ট্যান্ডার্ড অ্যালাউড মিনিটস (এসএএম)
- স্কোয়ার ইয়ার্ড

- ইউনিট (একটি অথবা জোড়া)

ইউনিটসমূহ: *বেসলাইন (প্রাথমিক রূপরেখা), লক্ষ্য, এবং হ্রাসকে হিগ্‌ এনার্জি, পানি, এবং বর্জ্য বিভাগে নিয়মমাফিক করার জন্য আপনার বার্ষিক ইউনিটকে ব্যবহার করা হবে এবং মানদণ্ড স্থিরীকরণের জন্যও ব্যবহার করা হতে পারে। দয়া করে সেই ইউনিটটিকে বেছে নিন যা আপনার কারখানা যেভাবে বার্ষিক আয়তনকে অনুসরণ করে তা সর্বোৎকৃষ্ট রূপে দেখাতে সক্ষম। এর অর্থ হতে পারে যে প্রদত্ত তালিকা থেকে একটি ইউনিট বেছে নেয়ার জন্য আপনাকে ইউনিট রূপান্তর করতে হতে পারে। উদাহরণ স্বরূপ, আপনি যদি স্কোয়ার ফিটে বার্ষিক আয়তন পরিমাপ করেন তাহলে এটিকে আপনার স্কোয়ার ইয়ার্ডে রূপান্তর করতে হবে।*

এফইএম-এ স্ট্যান্ডার্ড অ্যালাউড মিনিটস (এসএএম) রিপোর্ট করা

ভিন্ন পণ্য ভিন্ন পরিমাণ সময় এবং সম্পদ উৎপাদন চলাকালীন ব্যবহার করে যা পরিবর্তে সম্পদ খরচকে প্রভাবিত করে (যেমন শক্তি, ব্যবহৃত পানি, ইত্যাদি)। ইউনিট স্ট্যান্ডার্ড অ্যালাউড মিনিটস (এসএএম) হলো একটি মেট্রিক যা সেই সময়ে নির্দেশ করে যা কর্মীদের দ্বারা একটি পণ্য উৎপাদনের জন্য অনুমোদিত যার অন্তর্ভুক্ত হলো সাধারণ অনুমোদনগুলি (যেমন কার্যকারীতা, মেশিন, ব্যক্তিগত, ক্লাস্তির অনুমোদন, ইত্যাদি)। উৎপাদনের এই মেট্রিকটি সম্পদ খরচ এবং পরিবেশগত প্রভাব থেকে শুরু করে ভিন্ন ধরনের পণ্য অবধি ব্যবহার করা যেতে পারে অথবা একত্রে যোগ করা যেতে পারে এবং দীর্ঘ সময় ধরে সম্পদের ব্যবহার ও উৎপাদনের ক্ষেত্রে পরিবেশগত প্রভাবকে নিয়মমাফিক করে তোলার জন্য একটি মেট্রিক হিসেবে ব্যবহার করা হতে পারে (যেমন একটি ক্যালেন্ডার বছর)। এটি নোট করা যেতে পারে যে এসএএম পণ্যের প্রকারভেদে আলাদা হবে (যেমন, শর্টস বনাম একটি জ্যাকেট)।

বছরের পর বছর, এসএএম শক্তি, পানি এবং অন্যান্য প্যারামিটারগুলির প্রেক্ষিতে অনুসরণ করার বিষয়টি ফেসিলিটিগুলিকে সম্পদের খরচের বিষয়টির কার্যকারীতাকে পুনর্বিবেচনা করতে সহায়তা করবে এবং কর্মকুশলতাকে উন্নত করতেও সহায়তা করবে।

এসএএম-এ উৎপাদনের আয়তন রিপোর্ট করার সময়, ব্যবহারকারীকে অবশ্যই রিপোর্টিং বছরটির জন্য এসএএম-এর সম্পূর্ণ সমষ্টিতে রিপোর্ট করতে হবে এবং আপনার ফেসিলিটিতে উৎপাদিত প্রত্যেকটি পণ্যের ধরনের স্বতন্ত্র এসএএম-টি **নয়**।

একবার একটি নির্দিষ্ট পণ্যের স্বতন্ত্র এসএএম ভ্যালু জানা গেলে, পাঠানো / বিক্রি হওয়া পণ্যের সংখ্যা দিয়ে পণ্যের এসএএম-কে গুণ করা যাবে। সমস্ত পণ্যের ধরন / বিভাগে এটি করা যাবে এবং সমগ্রটিকে গণনা করা হয়েছে মোট এসএএম-এ দেখানোর জন্য। এই মোটটিকেই "বার্ষিক আয়তন" হিসেবে রিপোর্ট করা হয়।
পোষাক ফেসিলিটির উদাহরণ:

পণ্যের ধরন	প্রক্রিয়াসমূহ	পণ্য পিছু এসএএম	রিপোর্টিং বছরে পাঠানো / বিক্রি হওয়া পণ্যের সংখ্যা	প্রতি পণ্য পিছু সম্পূর্ণ এসএএম
পোলো শার্ট	কাটিং সেলাই মোড়কজাত করা	15	100,000	15 x 100,000 = 1,500,000
ভি-গলা শার্ট	কাটিং সেলাই মোড়কজাত করা	12	500,000	12 x 500,000 = 6,000,000
মোট এসএএম				7,500,000

শক্তপণ্যের ফেসিলিটির উদাহরণ:

পণ্যের ধরন	প্রক্রিয়াসমূহ	পণ্য পিছু এসএএম	রিপোর্টিং বছরে পাঠানো / বিক্রি হওয়া পণ্যের সংখ্যা	প্রতি পণ্য পিছু সম্পূর্ণ এসএএম
র্যাকস্যাক	কাটিং প্লাইং সেলাই অ্যাসেম্বলি মোড়কজাত করা	45	20,000	45 x 20,000 = 900,000
তঁবু	কাটিং প্লাইং সেলাই অ্যাসেম্বলি মোড়কজাত করা	60	30,000	60 x 30,000 = 1,800,000
ক্যাম্পিং টেবিল	কাটিং অ্যাসেম্বলি মোড়কজাত করা	150	10,000	15 x 100,000 = 1,500,000
মোট এসএএম				4,200,000

এসএএম গণনা করার বিভিন্ন পদ্ধতি আছে, তবে যদি একটি সামঞ্জস্যপূর্ণ প্রণালী ব্যবহার করা হয় সমস্ত পণ্যের জন্য, তার ফলে তুলনাযোগ্য উপাত্ত তৈরি হবে যা বছরের পর বছর তুলনা করা যায়। নিচে কিছু সম্পদ রয়েছে যা এসএএম নির্দেশ করার ভিন্ন পদ্ধতিগুলির দিকে দৃষ্টি রাখে (যা প্রায়শই স্ট্যান্ডার্ড মাইনুট ভ্যালু বা এসএমভি-এর সাথে বিনিময়যোগ্যভাবে ব্যবহার করা হয়):

- https://www.ilo.org/global/publications/ilo-bookstore/order-online/books/WCMS_PUBL_9221071081_EN/lang--en/index.htm
- <https://www.onlinetextileacademy.com/sam-standard-allowed-minute/>
- [https://www.onlineclothingstudy.com/2011/02/how-to-calculate-sam-of-garment.html#:~:text=Standard%20allowed%20minutes%20\(SAM\)%20%3D,%2B0.048\)%20%3D%200.31%20minutes.](https://www.onlineclothingstudy.com/2011/02/how-to-calculate-sam-of-garment.html#:~:text=Standard%20allowed%20minutes%20(SAM)%20%3D,%2B0.048)%20%3D%200.31%20minutes.)
- <https://ordnur.com/apparel/standard-minute-value-smv-garments-calculation-importance/>

যদি আপনি অনুপস্থিত কোনো ইউনিট যোগ করার জন্য অনুরোধ করতে চান, দয়া করে এখানে যান <https://support.higg.org> এবং বিবেচনার জন্য মতামত দিতে "মতামত" বেছে নিন।

ফেসিলিটির উপাত্ত কিভাবে অনুসরণ করতে হবেঃ

কারখানাগুলির একটি প্রক্রিয়া অনুসরণ করতে হবেবিগত ক্যালেন্ডার বছরে প্রেরিত (শিপ্‌ড) / বিক্রি হওয়া পণ্যের পরিমাণের জন্য। এফইএম যাচাইয়ের জন্য, সুপারিশ করা হয় যে এই উপাত্তের একটি সংক্ষিপ্তসার (যেমন, দৈনিক, সাপ্তাহিক, মাসিক রেকর্ড) একটি এমন বিন্যাসে যেন থাকে যা পর্যালোচনা করা সহজ [যেমন স্প্রেডশীট (যেমন মাইক্রোসফট এক্সেল) অথবা অনুরূপ কোনো উপাত্ত বিশ্লেষণ কার্যক্রম যা উপাত্তকে মানুষের পঠনোপযোগী বিন্যাসে একত্রপোর্ট করতে অনুমোদন দেয় (যেমন এক্সেল, সিএসভি)] এবং অন্য যেকোনো সমর্থক প্রমাণ পর্যালোচনার জন্য তৎক্ষণাৎ প্রস্তুত থাকে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

- **আবশ্যিক ডকুমেন্টেশন**
 - উৎপাদন, সেল্‌স, পণ্যের শিপমেন্টের রেকর্ড যা প্রেরিত/বিক্রিত পণ্যের পরিমাণকে প্রদর্শন করে রিপোর্টিং বছরে।

আপনার কারখানায় কি অনসাইট পানি পরিশোধনের ব্যবস্থা রয়েছে (যেমন পি-ট্রিটমেন্ট এবং/অথবা বর্জ্যপানির পরিশোধন)?

আপলোডের জন্য সুপারিশ: ফেসিলিটির পানির পরিশোধন প্রক্রিয়ার প্রবাহ এবং/অথবা হাইড্রলিক ডায়াগ্রামসমূহ

রেফারেন্স: <https://www.wateractionplan.com/management-and-use-of-chemical-products>

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক ডকুমেন্টেশন**
 - কারখানার পানি পরিশোধনের ফ্লো চার্ট এবং/অথবা হাইড্রলিক ডায়াগ্রামসমূহ
 - অনুমতিপত্র, যদি আবশ্যিক হয়

(নতুন) আপনার ফেসিলিটি কি সাস্টেইনিবিলিটি সংক্রান্ত কোনও ইন্ডাস্ট্রিগত কার্যক্রমে অংশগ্রহণ করেছে অথবা সেটির কি প্রতিবেদনকারী বছরটিতে সাস্টেইনিবিলিটি সংক্রান্ত কোনও শংসাপত্র রয়েছে?

প্রযুক্তিগত নির্দেশনাঃ

শিল্পকেন্দ্রিক কার্যক্রমগুলি ফেসিলিটিগুলিকে সেইসকল সুদৃঢ় কার্যক্রম গড়ে তুলতে এবং তা অনুশীলন করতে সক্ষম করে যেগুলি সামগ্রিকভাবে সাস্টেইনেবিলিটি অথবা সুনির্দিষ্ট প্রভাবক্ষেত্রগুলিকে উন্নত করতে পারে। পরিবেশগত স্থায়িত্ববাদীতার সাথে সম্পর্কযুক্ত বহুবিধ শিল্পকেন্দ্রিক কার্যক্রম রয়েছে যেগুলি পরিবেশগত ক্ষতি কমানোর জন্য ফেসিলিটিগুলিকে পরিবেশগত ক্ষতিসমূহকে সনাক্ত করা এবং সমাধান দেয়া অথবা অনুশীলনের মানদণ্ড প্রদান করাতে অভিনিবেশ করে (যেমন, অ্যাপারেল ইমপ্যাক্ট ইন্সটিটিউটের ক্লিন বাই ডিজাইন, টেক্সটাইল এক্সচেঞ্জ-এর গ্লোব্যাল রিসাইক্লড স্ট্যান্ডার্ডস (জিআরএস), জেডডিএইচসি ক্লিনচেইন, ক্লসাইন সিস্টেম পার্টনার, ইত্যাদি।)

হিগ এফইএম-এ ফেসিলিটিগুলি তালিকা থেকে কার্যক্রমসমূহ বেছে নিতে পারে অথবা তালিকাভুক্ত নয় এমন কার্যক্রমগুলির জন্য অন্যান্য বেছে নিতে পারে। **টীকা:** ব্র্যান্ড অথবা ক্রেতা-ভিত্তিক অডিটিং পরিকল্পনাগুলি যাতে অন্তর্ভুক্ত রয়েছে পরিবেশগত বিষয়সমূহ, সেইসব এই প্রশ্নের উত্তরে রিপোর্ট করা উচিত নয় যেহেতু কেন্দ্রবিন্দু হলো ব্যাপকতর সাস্টেইনিবিলিটি কার্যক্রমসমূহ অথবা উদ্যোগসমূহ যেমন সেইসকল যা হিগ এফইএম-এ তালিকাভুক্ত রয়েছে।

শিল্পকেন্দ্রিক কার্যক্রমসমূহ অথবা উদ্যোগ যেগুলিকে গ্রহণ করার জন্য বিবেচনা করা যেতে পারে সেগুলিকে সনাক্ত করার জন্য ফেসিলিটিসমূহ তালিকাভুক্ত কার্যক্রমগুলিকেও ব্যবহার করতে পারে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

- **নথিপত্র আবশ্যিকঃ**
 - ফেসিলিটিটি অংশগ্রহণ করেছে অথবা নাম নথিভুক্ত করেছে এমন সমস্ত কার্যক্রমগুলির ডকুমেন্টেশন, যেখানে কার্যক্রমের নাম, কার্যক্রমে নথিভুক্তিকরণের কোনও শংসাপত্র অথবা ঘোষণার বিবরণ অন্তর্ভুক্ত রয়েছে।
 - শিল্পকেন্দ্রিক কার্যক্রমের ফলাফল (যেমন, শংসাপত্র), যদি প্রযোজ্য হয়।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - ফেসিলিটিতে কার্যক্রমটিকে ব্যবস্থাপনা অথবা বাস্তবায়িত করার জন্য দায়বদ্ধ কর্মীরা কার্যক্রমটির আবশ্যিক শর্তসমূহ অথবা উদ্যোগ সম্পর্কে এবং কার্যক্রমটির

আবশ্যিকতাগুলিকে পূরণ করা অথবা বজায় রাখার জন্য কি করা দরকার সে সম্পর্কে জ্ঞানসম্পন্ন (যেমন শংসাপত্র রক্ষণাবেক্ষণ)

- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - ফেসিলিটির অনুশীলনসমূহ এবং অনসাইট পর্যবেক্ষণসমূহ প্রতিবেদন করা কার্যক্রমের আবশ্যিক শর্তসমূহ অথবা উদ্যোগসমূহের সাথে সঙ্গতিপূর্ণ।

অনুমতি সমূহ

সংশ্লিষ্ট পরিবেশগত অনুমতিসমূহের সাথে আপনার সামঞ্জস্যপূর্ণতাকে চিহ্নিত করাই এই বিভাগের লক্ষ্য। আপনার কারখানা মানতে বাধ্য এমন যেকোনো নিয়ম বা প্রবিধান বিষয়ে আপনার অনুবর্তিতা অন্তর্ভুক্ত করুন, যেমন অনুমতিপত্র, অনুমোদন, লাইসেন্স, নথিবদ্ধকরণ, শংসাপত্র অথবা সম্মতি সংক্রান্ত অন্যান্য দলিলপত্র। অনুমতি-বিহীন বাধ্যবাধকতার অন্তর্ভুক্ত হলো আবশ্যিক বার্ষিক সরকারি রিপোর্টগুলো এবং সুনির্দিষ্ট রাসায়নিকের জন্য প্রয়োজনীয় নথিবদ্ধকরণ।

দয়া করে মনে রাখবেন যে হিগ্ এফইএম জুড়ে আপলোড করা সমস্ত নথি, যার অন্তর্ভুক্ত হলো আবশ্যিক আপলোড এবং সুপারিশকৃত আপলোড, সেই সমস্ত স্টেকহোল্ডারদের কাছে দৃশ্যমান যাদের সাথে আপনার কারখানাটি তাদের মডুল শেয়ার করেছে।

দয়া করে মনে রাখবেন যে এই বিভাগটিতে স্কোর দেয়া হয় না। এর অর্থ হলো যে সঙ্গতি রক্ষা করার জন্য আপনি পয়েন্ট পাবেন না। তবে, ফেসিলিটি এনভায়রনমেন্ট মড্যুলে কোনো পয়েন্ট পাওয়ার জন্য আপনাকে সামঞ্জস্যপূর্ণ থাকতেই হবে। **যদি কার্যসম্পাদনার জন্য আপনার কারখানার কোনো বৈধ এবং সক্রিয় লাইসেন্স না থাকে তাহলে সম্পূর্ণ মড্যুলের জন্য আপনি শূন্য পাবেন।**

১। আইন অনুযায়ী যদি প্রযোজ্য হয়, আপনার কারখানার কি কার্যসম্পাদনার জন্য বৈধ লাইসেন্স রয়েছে ?

কার্যসম্পাদনার জন্য থাকা লাইসেন্সের একটি প্রতিলিপি দয়া করে আপলোড করুন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

অনুবর্তিতা-পরবর্তী রক্ষণাবেক্ষণমূলক আচরণে যাওয়ার আগে আপনার কারখানাকে প্রাথমিক স্থানীয় প্রবিধানগুলো অবশ্যই অনুসরণ করতে হবে। এই প্রশ্নের উদ্দেশ্য হলো দেখা যে হিগ্ ইনডেক্স সম্পূর্ণ করার আগে আপনার কার্যসম্পাদনা সংক্রান্ত বৈধ লাইসেন্স আছে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

যদি আপনি "আপনার কারখানার কি কার্যসম্পাদনার জন্য বৈধ লাইসেন্স রয়েছে?" প্রশ্নে "না" অথবা "অজানা" উত্তর দেন, সম্পূর্ণ ফেসিলিটি এনভায়ারনমেন্ট মড্যুলে আপনি শূন্য পাবেন। এটা এজন্য যে ফেসিলিটি এনভায়ারনমেন্টাল মড্যুলে পয়েন্ট পাওয়ার জন্য পরিচালন-সংক্রান্ত বৈধ এবং সক্রিয় লাইসেন্স আবশ্যিক।

যদি আপনার কার্যসম্পাদনার লাইসেন্সের সময়সীমা শেষ হয়ে গিয়ে থাকে, তাহলে এমনকি যদি আপনি আপনার কার্যসম্পাদনা সংক্রান্ত লাইসেন্সটি আপডেট করার প্রক্রিয়াধীন থাকেন, তবুও এই প্রশ্নে আপনাকে অবশ্যই "না" বলতে হবে। এই প্রশ্নে "হ্যাঁ" বলার জন্য কার্যসম্পাদনা সংক্রান্ত একটি বর্তমান ও বৈধ লাইসেন্স আবশ্যিক।

যদি আইন অনুযায়ী কার্যসম্পাদনার জন্য একটি লাইসেন্স প্রয়োজন না হয়, তাহলে এই প্রশ্নে আপনার "হ্যাঁ" বলা উচিত এবং স্থানীয় আইনানুযায়ী কার্যসম্পাদনার জন্য লাইসেন্স প্রয়োজন নেই - এই মর্মে প্রমাণ আপলোড করা উচিত।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিকঃ**
 - বর্তমান তারিখ অবধি আপডেট করা ব্যবসায়িক লাইসেন্স, যদি প্রযোজ্য হয় এবং অন্য যেকোনো প্রাসঙ্গিক লাইসেন্স
 -
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - ব্যবসায়িক লাইসেন্সটিকে আপডেট রাখা হয়েছে কিনা তা নিশ্চিত করার দায়িত্বে কারখানার কোন ব্যক্তি রয়েছেন ?
 - ব্যবসায়িক লাইসেন্স আপডেট করার প্রক্রিয়াটি কি ?
 - ব্যবসায়িক লাইসেন্স হালনাগাদ করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যদি অফিসের বাইরে থাকেন, ব্যবসায়িক লাইসেন্স হালনাগাদ হওয়া নিশ্চিত করার জন্য সহায়ক পরিকল্পনা কি ?
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - কারখানার চত্বরে প্রাপ্ত নামের সাথে ব্যবসায়িক লাইসেন্সে থাকা নামটি মিলে যায়।

২। 2021 সালে কি আপনার ফেসিলিটি পরিবেশ লঙ্ঘন সংক্রান্ত সরকার-প্রকাশিত কোনো রেকর্ড পেয়েছিল?

যদি পেয়ে থাকে, তাহলে লঙ্ঘন সংক্রান্ত বিষয়টি ব্যাখ্যা করুন এবং উন্নতি করার জন্য আপনার কারখানার কর্ম-পরিকল্পনা সম্পর্কে জানান।

আপলোডের জন্য সুপারিশ: লঙ্ঘন সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রতিলিপি

ইনস্টিটিউট অব পাবলিক অ্যান্ড এনভায়রনমেন্টাল অ্যাফেয়ার্স (আইপিই)-এর ডেটাবেসে কি বর্তমানে আপনার কারখানার কোনো রেকর্ড আছে ?

আপলোডের জন্য সুপারিশ: আইপিই ডেটাবেসের রেকর্ড

যদি হ্যাঁ হয়, ডেটাবেসে আপনার কারখানা কি সংস্হাগত মতামত দিয়েছে এবং/অথবা ডেটাবেস থেকে রেকর্ড সরানোর জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করেছে ?

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

অনুবর্তিতা-পরবর্তী রক্ষণাবেক্ষণমূলক আচরণে যাওয়ার আগে আপনার কারখানাকে প্রাথমিক স্থানীয় প্রবিধানগুলো অবশ্যই অনুসরণ করতে হবে। এই প্রশ্নের উদ্দেশ্য হলো স্থানীয় অনুমতিপত্র এবং অনুবর্তিতার ব্যবস্থাপনার জন্য আপনার একটি প্রক্রিয়া রয়েছে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

আইপিই নির্দেশনা (চীনা লিঙ্ক)

চীন দেশে অবস্থিত হলে, এই প্রশ্নের আইপিই ডেটাবেস সংক্রান্ত রেফারেন্সের জন্য এখানে লিঙ্ক দেয়া হলো:

<http://www.ipe.org.cn/IndustryRecord/Regulatory.aspx>

রেকর্ড সরানোঃ

- রেকর্ড সরানোর জন্য পথনির্দেশনা সংক্রান্ত নথি (চীন দেশীয়) (ক্লিক করুন "监管记录处理方式"): <http://www.ipe.org.cn/GreenSupplyChain/SupplyGCA.aspx>
- যদি আপনার সাইটের (কারখানা বা ফেসিলিটি প্রাঙ্গণ) লঙ্ঘন সংক্রান্ত কোনো রেকর্ড থাকে এবং আইপিই-কে সংস্হাগত মতামত দিতে চান এবং/অথবা ডেটাবেস থেকে রেকর্ডটিকে সরাতে চান, দয়া করে যোগাযোগ করুন ipe@ipe.org.cn-এ

আইপিই নির্দেশনা (ইংরেজি লিঙ্ক)

চীন দেশে অবস্থিত হলে, এই প্রশ্নের আইপিই ডেটাবেস সংক্রান্ত রেফারেন্সের লিঙ্ক রয়েছে এখানে:

<http://www.ipe.org.cn/IndustryRecord/Regulatory.aspx>.

রেকর্ড সরানোঃ

- রেকর্ড সরানোর জন্য পথনির্দেশনা সংক্রান্ত নথি (ইংরেজি) (ক্লিক করুন "রেকর্ড সরানোর পথসমূহ"): <http://wwen.ipe.org.cn/GreenSupplyChain/SupplyGCA.aspx>
- যদি আপনার সাইটের লঙ্ঘন সংক্রান্ত কোনো রেকর্ড থাকে এবং আইপিই-কে সংস্থাগত মতামত দিতে চান এবং/অথবা ডেটাবেস থেকে রেকর্ড সরানোর জন্য পদক্ষেপ নিতে চান, দয়া করে যোগাযোগ করুন ipe@ipe.org.cn-এ

আইপিই-তে আপনি নতুন? আইপিই-তে শুরু করার জন্য, দয়া করে এখানে তাদের তথ্যাবলী-যুক্ত পৃষ্ঠাগুলোতে যানঃ

- উপাত্ত সম্পর্কে ভূমিকা:
<http://wwen.ipe.org.cn/InfoDetail/Show.aspx?id=18638&jid=18637&bid=18644&isbn=1>
- ব্যবহারকারীর জন্য পথনির্দেশক:
<http://wwen.ipe.org.cn/InfoDetail/Show.aspx?id=18636&jid=18635&bid=18646&isbn=1>
- কোনো কর্পোরেট ব্যবহারকারী অ্যাকাউন্ট নিবন্ধন করানোর জন্য লিংক (সরবরাহকারীদের একটি তালিকা খোঁজা/ এক্সপোর্ট করার জন্য তথ্য সংরক্ষণ করার জন্য আবশ্যিক):
<http://wwen.ipe.org.cn/User/UserRegister.aspx>

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - সরকার-প্রদত্ত লঙ্ঘন সংক্রান্ত রেকর্ডের প্রতিলিপি
 - আইপিই ডেটাবেস রেকর্ড
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - সরকার-প্রদত্ত লঙ্ঘন সংক্রান্ত রেকর্ডের কারণ?
 - লঙ্ঘন সংক্রান্ত রেকর্ডে উল্লিখিত সমস্যাগুলো সমাধানের জন্য কিছু করা হয়েছে? কীভাবে করা হয়েছে তার বিবরণ দিন এবং প্রমাণ দিন (যেমন, নতুন সরঞ্জাম লাগানো এবং কার্যসম্পাদনা করা, অনুবর্তীতার প্রমাণ স্বরূপ পরীক্ষার ফলাফল, ইত্যাদি)
 - আইপিই তালিকা থেকে কারখানাটিকে সরানোর জন্য কী পদক্ষেপ নেয়া হয়েছে? (যদি প্রযোজ্য হয়)
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - কারখানায় লঙ্ঘন সংক্রান্ত রেকর্ডের তালিকাভুক্ত সমস্যার প্রমাণ

- দায়িত্ববান কর্মচারী সহ সমাধানের জন্য গৃহীত পদক্ষেপ এবং উন্নয়ন যা অনুসরণ করা হয়েছে
- আইপিই-এর সাথে সংযোগ যাতে প্রমাণ হবে যে সমস্যাটি কীভাবে মিটানোর চেষ্টা করা হচ্ছে (যদি প্রযোজ্য হয়)

৩। আপনার কারখানার পরিবেশগত অনুমতির বাধ্যবাধকতা এবং সেগুলো পূরণের পর্যায়ের বিবরণ দেয়ার জন্য নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন

দয়া করে মনে রাখবেন যে বিপজ্জনক বর্জ্যের ঠিকাদারদের জন্য লাইসেন্স/অনুমতিপত্র বর্জ্য বিভাগে চাওয়া হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

পরিবেশগত অনুমতিপত্রের আবশ্যিকতা এবং তা পূরণের পর্যায়ের রক্ষণাবেক্ষণের সুপারিশ করা হয় আপনার পরিবেশগত ব্যবস্থাপনা প্রক্রিয়ার অংশ হিসেবে। অনুমতির কয়েকটি উদাহরণ হলোঃ

বায়ু সংক্রান্ত অনুমতি

- যন্ত্রপাতির থেকে বায়ু নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় অনুমতিপত্র অথবা আবশ্যিকতাকে অন্তর্ভুক্ত করুন (বয়লার, ডিজেল-চালিত জেনারেটর, ইত্যাদি।)

রাসায়নিক অনুমতিপত্রের অন্তর্ভুক্ত হতে পারেঃ

- রাসায়নিক ব্যবস্থাপনার অনুমতিপত্র বা চুক্তির আবশ্যিকতা, যেমন অনুমোদিত রাসায়নিকের একটি তালিকা, রাসায়নিক শ্রেণীবিন্যাস ব্যবস্থা, নিরাপদ রাসায়ন ব্যবস্থাপনার প্রক্রিয়া অথবা রাসায়নের নিষ্কাশন (জেডডিএইচসি রাসায়ন ব্যবস্থাপনার নির্দেশিকা)
- আরইএসিএইচ (REACH হলো ZDHC-এর রাসায়ন ব্যবস্থাপনা নির্দেশিকা) মেনে চলা
- সুনির্দিষ্ট রাসায়নের জন্য অনুবর্তীতা অথবা সমস্ত আইন/ প্রবিধান/ অনুমতিপত্র অন্তর্ভুক্ত করুন। উদাহরণ স্বরূপঃ কোনো কোনো স্থানে পটাশিয়াম পারম্যাঙ্গানেট ক্রয়ের ক্ষেত্রে নিয়ন্ত্রিত এবং পুলিশ অফিসারের কাছে নিবন্ধন করানো আবশ্যিক। এটি অনুমতি নয়, কিন্তু নিবন্ধন আইনমতে বাধ্যতামূলক - ফলে এটিকে অবশ্যই এখানে অন্তর্ভুক্ত করতে হবে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

- **নথিপত্র আবশ্যিকঃ**

- সমস্ত হালনাগাদ করা পরিবেশগত অনুমতিপত্র/নিবন্ধনের কপি, যা কারখানার জন্য প্রযোজ্য যে তারিখ/বছরে যাচাই হয়েছিল, এবং রিপোর্টিং বছরটির জন্য যেকোনো প্রযোজ্য অনুমতিপত্র/নিবন্ধন।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - ব্যবসায়িক লাইসেন্সটিকে আপডেট রাখা হয়েছে কিনা তা নিশ্চিত করার দায়িত্বে কারখানার কোন ব্যক্তি রয়েছেন?
 - অনুমতিপত্র আপডেট করার প্রক্রিয়া কি ?
 - অনুমতিপত্র হালনাগাদ করার দায়িত্বে থাকা ব্যক্তি যদি ছুটিতে থাকেন তাহলে অনুমতিপত্র হালনাগাদ রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য বিকল্প পরিকল্পনা কী ?
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - কারখানার চত্বরে প্রাপ্ত নামের সাথে ব্যবসায়িক লাইসেন্সে থাকা নামটি মিলে যায়।
 - অনুমতিপত্রের উপরে লিখিত ঠিকানা কারখানার ঠিকানার সাথে মিলে যায়।



পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতি (এনভায়ারনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম, ইএমএস)

এনভায়ারনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম (ইএমএস) হলো দীর্ঘ সময় ধরে আপনার কারখানার পরিবেশগত প্রভাবকে চিহ্নিত করা, অনুসরণ করা এবং ব্যবস্থাপনা করার একটি সামগ্রিক কৌশল এবং প্রক্রিয়া। যদিও সার্বিক পরিকল্পনা ছাড়াও আপনার কারখানায় কিস্তিতে পরিবেশের উন্নতি বিধান করা সম্ভব, আপনার কারখানা পরিবেশগত ক্রিয়াকলাপের বৃদ্ধি ঘটাতে পারবে কেবলমাত্র দীর্ঘমেয়াদী কৌশল স্থির করার মাধ্যমেই যা পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণকে তথ্যসমৃদ্ধ করবে।

হিগ্ এনভায়ারনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম (ইএমএস) বিভাগ অনুযায়ী আপনাকে করতে হবেঃ

- পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মকাণ্ডের সমন্বয় সাধন এবং প্রযুক্তিগত যোগ্যতাকে সুনিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীকে চিহ্নিত করা
- বর্তমান ক্রিয়াকলাপের সাথে যুক্ত গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাবকে চিহ্নিত করা
- একটি দীর্ঘমেয়াদী পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত কৌশল স্থির করা
- আইন, প্রবিধান, মানদণ্ড, নিয়মনীতি এবং অন্যান্য আইনগত এবং প্রশাসনিক আবশ্যিকতার সাথে মানিয়ে চলার বিষয়টি সুনিশ্চিত করার জন্য একটি ব্যবস্থা তৈরি করা
- কারখানার সমস্ত যন্ত্রপাতির নিরন্তর রক্ষণাবেক্ষণ করা
- পরিবেশগত কৌশল এবং কর্মকুশলতা প্রয়োগে বিষয়ে কারখানার নেতৃত্ব এবং সমস্ত কর্মীদের অন্তর্ভুক্ত করা
- উপ-ঠিকাদার এবং আরও উপরের দিকের সরবরাহকারীদের সাথে হিগ্ ইনডেক্স প্রয়োগের মাধ্যমে পরিবেশগত কর্মকুশলতা বিষয়ে নিবন্ধ হওয়া
- পরিবেশগত কর্মকুশলতার উন্নয়নের জন্য স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে যুক্ত হওয়া



ইএমএস - স্তর ১

১। আপনার কারখানায় এক বা একাধিক কর্মী কি আপনার কারখানার পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত ক্রিয়াকলাপ সমন্বয়ের জন্য দায়ী?

- যদি তা হয়, তবে প্রত্যেকের জন্য নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিনঃ
- নাম
- কাজের নাম
- পরিবেশগত ব্যবস্থাপনার জন্য দেয়া সময়ঃ
- পরিবেশের বিষয় বেছে নিন (প্রযোজ্য সবগুলো বাছুন):
 - শক্তি
 - পানি
 - বর্জ্যপানি
 - বায়ু নিগর্মন
 - বর্জ্য
 - রাসায়নিকের ব্যবস্থাপনা
- বিবরণ (কর্মচারীদের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে বিবরণ)

আপলোড করুনঃ পরিবেশগত ব্যবস্থাপনা দলের জন্য সংস্থার চার্ট

***হ্যাঁ বলুন** যদি আপনার কারখানাতে পরিবেশগত ব্যবস্থাপনা বিষয়ে কর্মরত পূর্ণ-সময়, আংশিক-সময়, মরসুমী অথবা ঠিকাদার কর্মীরা থাকেন।*

আপনি ছ'জন পর্যন্ত কর্মীর খুঁটিনাটি দিতে পারেন। ছ'জনের বেশি কর্মীদের বিবরণ যদি আপনি দিতে চান, দয়া করে একটি ডকুমেন্টে সমস্ত বিবরণ আপলোড করুন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

পরিবেশগত প্রভাবের বিষয়গুলো ব্যবস্থাপনা করার জন্য আপনার কারখানায় কে / কারা দায়িত্বপ্রাপ্ত তা সুনিশ্চিত করাই এই প্রশ্নটির উদ্দেশ্য।

পরিবেশগত উন্নয়ন আপনার ব্যবসার কৌশলের মূল কেন্দ্র তা দেখানোর জন্য আপনার একনিষ্ঠ কর্মী থাকা প্রয়োজন যারা পরিবেশগত প্রভাবের ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

কারখানায় স্পষ্টভাবে সংজ্ঞায়িত ভূমিকা এবং দায়িত্ব থাকা দরকার সেই কর্মীর জন্য যিনি কারখানায় পরিবেশগত ব্যবস্থাপনার সমন্বয়সাধনের জন্য দায়িত্বপ্রাপ্ত। এই কর্মীদের বাধ্যতামূলকভাবে পরিবেশগত ব্যবস্থাপনার বিষয়টি দেখতে হবে এবং সেই উদ্দেশ্যে সুসংজ্ঞায়িত ভূমিকা থাকতে হবে। ভূমিকা তাদের কাজের বিবরণে অথবা দায়বদ্ধতায় আবশ্যিক হিসেবে থাকতে হবে অথবা প্রাসঙ্গিক পদ্ধতিগত নথিপত্রে তত্ত্বাবধান বা সমন্বয় সাধনের জন্য দেয়া থাকতে হবে। পরিবেশগত ব্যবস্থাপনা দলের জন্য সংস্থার চার্ট এবং চাকরির স্পষ্ট বিবরণ সদস্যদের নিজের ভূমিকার প্রতি দায়বদ্ধ হতে সাহায্য করতে পারে।

যদি একজনের একাধিক দায়িত্ব থাকে, পরিবেশগত বিষয়সমূহ এবং বিবরণ বিভাগে বহুবিধ দায়িত্ব চিহ্নিত করার সুযোগ আপনার থাকবে।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- নথিপত্র আবশ্যিক:
 - পরিবেশগত ব্যবস্থাপনা দলের জন্য সংস্থার চার্ট এবং চাকরির বিবরণের রেকর্ড
 - সহায়ক নথিপত্র
 - কর্মী(দের) নামঃ
 - চাকরি(গুলোর) নাম
 - প্রতিটি ক্ষেত্রে কাটানো সময় (সাধারণ পরিবেশগত ব্যবস্থাপনা, শক্তি, পানি, বর্জ্যপানি, বায়ু, বর্জ্য, ইত্যাদি)
 - বিভিন্ন পরিবেশমূলক উদ্যোগের জন্য কর্মকুশলতা এবং প্রকল্পের পরিকল্পনা
- জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ
 - প্রশাসনিক লোকেরা পরিবেশগত ব্যবস্থাপনার ক্রিয়াকলাপের সমন্বয়সাধনের জন্য দায়িত্বপ্রাপ্ত লোকেদের ভূমিকা এবং দায়িত্ব স্পষ্টভাবে উল্লেখ করতে পারে।
 - পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মকাণ্ডের সমন্বয়সাধনের জন্য দায়বদ্ধ মূল কর্মীরা প্রদর্শন করতে পারেন যে তারা নিজেদের ভূমিকা সম্পর্কে অবগত এবং তা ব্যাখ্যা করতে সক্ষম।
- পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ
 - পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত দলে যথেষ্ট পরিমাণে কর্মী রয়েছেন এবং তারা কারখানার পরিচালনা এবং আয়তন রক্ষণাবেক্ষণে সক্ষম তার সপক্ষে প্রমাণ।
 - কতজন ব্যক্তি পরিবেশগত দলের অংশ ?

- দলের অংশ হিসেবে যথেষ্ট সংখ্যক পরিবেশবিদ ব্যক্তি আছেন কি যাতে তারা কারখানার দ্বারা পরিবেশে যে প্রভাব পড়ে তার ব্যাপ্তি ও গভীরতা সামলাতে পারেন?
- তাদের আরোপিত কর্মসূচীর মাধ্যমে পরিবেশগত প্রভাব হ্রাস পাওয়ার বিষয়টি কি তারা দেখাতে পারবেন ?

২। আপনার কারখানার কি সংগঠনগত ভাবে পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত কৌশল রয়েছে যা পরিবেশগত ব্যবস্থাপনার ক্ষেত্রে দীর্ঘমেয়াদী সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনাকে নির্দেশনা দেয়?

এই কৌশলের অধীন সমস্ত বিষয়গুলোকে বেছে নিনঃ

- শক্তি
- পানি
- বর্জ্যপানি
- বাতাস
- বর্জ্য
- রাসায়নিকের ব্যবস্থাপনা

পরিবেশগত ব্যবস্থাপনা সংক্রান্ত কৌশল আপলোড করুন

উত্তরে হ্যাঁ লিখুন যদি পরিবেশগত প্রাধান্য, লক্ষ্য, এবং পদক্ষেপকে আগামী ৩+ বছরের জন্য কার্যে পরিণত করার জন্য আপনার নথিবদ্ধ পরিবেশগত কৌশল থাকে। একটি ভালো পরিবেশগত কৌশলের উচিতঃ

- 1) আপনার পরিবেশগত প্রভাবের মূল্যায়ণে যেভাবে অগ্রাধিকার দেয়া হয়েছে সেভাবে আপনার ফেসিলিটির গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাবকে এবং সঙ্গতি রক্ষা করার দায়বদ্ধতাগুলোকে কার্যকর করা;
- 2) ফেসিলিটির নেতৃত্বের সহায়তা পাওয়া;
- 3) সমস্ত কর্মীদের জানানো। পরিবেশগত লক্ষ্যগুলোর কার্যকরী হওয়াকে সুনিশ্চিত করার জন্য, আপনার কৌশলে লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা অন্তর্ভুক্ত হতে হবে যাতে বিশদে থাকবেঃ কী করা হবে, কী সম্পদ প্রয়োজন হবে, কে দায়িত্ব নেবেন, কে নাগাদ শেষ হবে, এবং ফলাফল কীভাবে মূল্যায়ণ করা হবে (রেফারেন্স: [আইএসও 14001](#))।

- 4) যদি আপনার কোনো পরিবেশগত কৌশল থাকে যা আইএসও (ISO) 14001-এর সাথে সামঞ্জস্যপূর্ণ এবং ভবিষ্যতে ৩+ বছরের জন্য পরিকল্পনা-সম্পন্ন, তাহলে আপনি এই প্রশ্নের উত্তরে হ্যাঁ লিখতে পারেন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো পরিবেশগত উন্নতি বিধান এবং বিনিয়োগের জন্য দীর্ঘমেয়াদী লক্ষ্য সুনিশ্চিত করতে আপনার কারখানাকে একটি কৌশলগত বৃদ্ধি প্রক্রিয়ার মধ্যে দিয়ে চালনা করা। সামগ্রিক পরিবেশগত ব্যবস্থাপনার জন্য নেতৃত্বের সহায়তা প্রয়োজন। একটি দীর্ঘমেয়াদী সুরক্ষা কৌশল আপনার ব্যবসার মধ্যে থাকা পরিণতমনস্ক ব্যবস্থাপনা সংক্রান্ত চিন্তাভাবনার সংকেত।

প্রভাব হ্রাস করার জন্য এবং পরিবেশগত কর্মকুশলতা ও কার্যকারিতাকে উন্নত করে তোলার জন্য একটি সংগঠন একটি নথিবদ্ধ পরিবেশগত নীতি এবং/অথবা কৌশল ব্যবহার করতে পারে। এটি পরিবেশ-সংক্রান্ত বিবেচনাগুলোকে দৈনন্দিন ক্রিয়াকলাপ এবং দীর্ঘমেয়াদী পরিকল্পনায় আরোপ করার জন্য একটি কাঠামোভিত্তিক উপায় প্রদান করে। এটিতে আবশ্যিকতা রয়েছে এবং এটি অনবরত পরিবেশগত কর্মকুশলতার উন্নতিবিধানের প্রস্তাব দেয়।

একটি সামগ্রিক পরিবেশগত ব্যবস্থাপনা তৈরির জন্য কারখানাগুলোর একটি বিকল্প হলো পরিবেশগত নীতি এবং/অথবা কৌশলকে নিরন্তর সম্পূর্ণতা এবং হিগ্‌ এফইএম-এর নিরন্তর উন্নতিবিধানের সাথে জোটবদ্ধ করা।

একটি কারখানাকে আন্তর্জাতিক স্তরে স্বীকৃত একটি ইএমএস মানদণ্ড অনুসরণ করার সুপারিশ করা হয়, যেমন ISO 14001 কীভাবে একটি পরিবেশগত ব্যবস্থাপনা এবং কৌশল তৈরি করতে হবে সে বিষয়ে নিম্নলিখিত নির্দেশনা দেখুন:

- আইএসও 14001 পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতি — ব্যবহারের জন্য নির্দেশিকা সহ আবশ্যিকতা: <https://www.iso.org/iso-14001-environmental-management.html>
- এই সহায়তামূলক সাইটে ইএমএস নীতিসমূহ এবং কৌশলগুলো নির্ধারণের জন্য উদাহরণ এবং টেমপ্লেট রয়েছে: http://www.epd.gov.hk/epd/misc/env_management_sme/eng/um_main1.htm

প্রযুক্তিগত নির্দেশনা:

অর্থপূর্ণ এবং কার্যকরী ইএমএস ব্যবস্থা গড়ে তোলার জন্য, একটি কারখানাকে আগে পরিবেশগত প্রভাবের উপর একটি মূল্যায়ন নির্বাহ করতে হবে (ইএমএস সংক্রান্ত ৩ নম্বর প্রশ্ন) যাতে কারখানাতে পরিবেশের উপরে

সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রভাব-বিস্তারকারী বিষয়গুলোকে চিহ্নিত করা যায়। তারপরে নথিবদ্ধকরণ এবং স্পষ্ট পরিবেশমূলক নীতি তৈরি করা যায় যা কারখানার কার্যকলাপ, পণ্য, এবং সেবাগুলোর বিবরণ দেবে যার অন্তর্ভুক্ত হলো নিরন্তর উন্নতি বিধান এবং দূষণ প্রতিরোধের প্রতি একনিষ্ঠতা। মনোনিবেশ করতে হবে এমন প্রধান পরিবেশগত প্রভাবগুলো সম্পর্কে স্পষ্ট ধারণা হয়ে গেলে, একটি সামগ্রিক পরিবেশগত কৌশল এবং পরিমাপযোগ্য পরিবেশগত লক্ষ্য প্রস্তুত করা যায়। মধ্যম থেকে দীর্ঘমেয়াদী (৩+ বছর) পরিবেশগত কর্মকৌশলতার ক্ষেত্রে লক্ষ্যগুলোকে নিরন্তর উন্নতি বিধানের জন্য চালনা করা উচিত। নীতি এবং কৌশল উভয়ই নিয়মিতভাবে কারখানার কর্তৃপক্ষের পর্যবেক্ষণ করা উচিত।

এছাড়াও, প্রাসঙ্গিক কর্মীদের প্রশিক্ষণ দেয়া উচিত যাতে তারা পরিবেশগত নীতি এবং প্রক্রিয়া সহ ইএমএস-কে আরোপ এবং রক্ষণাবেক্ষণ করতে পারেন এবং প্রক্রিয়া ব্যাহত হলে তার সম্ভাব্য পরিণতিও সামাল দিতে সক্ষম হন।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- নথিপত্র আবশ্যিকঃ
 - সংগঠনের পরিবেশগত কৌশলে কারখানার কর্তৃপক্ষ স্বাক্ষর করেন এবং ভবিষ্যতে ৩+ বছরের জন্য একটি দীর্ঘমেয়াদী কৌশল থাকে।
 - সংগঠনের পরিবেশগত কৌশলের উচিত একটি দিকনির্দেশনা প্রদান করা এবং একটি সংজ্ঞায়িত সময়সীমার মধ্যে লক্ষ্য অর্জন করার জন্য কার্য-পরিকল্পনা তৈরি করা। কৌশলের নথি যথাযথভাবে লিখিত হওয়া উচিত এবং সংগঠন কর্তৃপক্ষ অথবা অনুমোদিত কমিটির দ্বারা অনুমোদন-প্রাপ্ত হওয়া উচিত যাতে এবং পরিবেশগত উন্নতি বিধান ও লক্ষ্য অর্জনের ক্ষেত্রে প্রভাব-বিস্তারকারী কার্যকলাপ সম্পর্কে পরিকল্পনা করা, সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে নির্দেশনা প্রদান করা যায়। যার অন্তর্ভুক্ত থাকবে এই আইটেমগুলো যেমনঃ ব্যবহার হ্রাস, নির্গমন হ্রাস, ব্যয় সুরক্ষার লক্ষ্য, অথবা পানি ব্যবহার, বর্জ্য হ্রাস এবং সম্পদ সংরক্ষণ ইত্যাদির জন্য কর্মীদের অভ্যাস পরিবর্তন।
- জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ
 - কর্তৃপক্ষ দীর্ঘমেয়াদী কৌশলকে যথাস্থানে ব্যাখ্যা করতে সক্ষম
 - দীর্ঘমেয়াদী কৌশল আরোপ করার ক্ষেত্রে সম্পর্কযুক্ত প্রধান কর্মীরা তাদের ভূমিকা ব্যাখ্যা করতে সক্ষম
- পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ
 - দীর্ঘমেয়াদী কৌশল কার্যকরী এবং সক্রিয় তার প্রমাণ, যেমনঃ
 - পরিবেশগত প্রবিধানের সাথে সামঞ্জস্য রক্ষা

- সমস্ত পরিবেশগত প্রভাবের নিয়মমাফিক এবং ঘন ঘন অনুসরণ
- যন্ত্রপাতি অথবা প্রক্রিয়ার কার্যকারীতার উন্নতি বিধানের জন্য পদক্ষেপের পরিকল্পনা এবং/অথবা আর্থিক বিনিয়োগের পরিকল্পনা
- প্রধান পরিবেশগত প্রভাবের জন্য হ্রাসের লক্ষ্য এবং প্রকৃত হ্রাস (যেমন শক্তি, পানি, বর্জ্য)
- পুনর্নবীকরণযোগ্য শক্তির ব্যবহার
- কম্যুনিটি সেবার প্রকল্পসমূহ যার অন্তর্ভুক্ত হলো বৃক্ষ রোপণ, ইত্যাদি।

অন্যান্য রেফারেন্সঃ

- [সাসটেইনিবিলিটি কনসার্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইলস টুলকিট](#)-এর জন্য প্রতিক্রিয়া তথ্যভুক্ত করার জন্য এই প্রশ্নগুলোকে ব্যবহার করা যায়। বাতাসের গুণগত মান - উৎপাদন, গ্রিনহাউস গ্যাস নিগমনের তীব্রতা - উৎপাদন, গ্রিনহাউস গ্যাস নিগমন - সাপ্লাই চেইন, পানির ব্যবহার - সাপ্লাই চেইন, এবং বর্জ্যপানি উৎপন্ন হওয়া - সাপ্লাই চেইনের প্রধান কর্মকুশলতার সূচক পণ্যের উৎপাদনের ক্ষেত্রে পরিবেশগত প্রভাব হ্রাসের বিষয়টি নির্দেশ করে। এই টিএসসি কেপিআই (TSC KPI) গুলোকে পরিবেশগত প্রভাবের ব্যবস্থাপনা এবং কারখানাজাত পণ্য উৎপাদনের সাথে জড়িত ইএমএস প্রস্ভাবলী 1.2 এবং 2.2-এর উত্তর দেয়ার জন্য ব্যবহার করা যায়।

আইএসও 14001 মানদন্ড: <https://www.iso.org/iso-14001-environmental-management.html>

৩। আপনার কারখানা কি কারখানার সীমানার মধ্যে বর্তমান ক্রিয়াকলাপের সাথে সংযুক্ত গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাবগুলোকে চিহ্নিত করেছে?

আপলোড করুনঃ অ) পরিবেশের প্রভাব বিশ্লেষণ এবং দৃষ্টিকোণের মূল্যায়ণ

হ্যাঁ লিখুন কেবলমাত্র যদি আপনার একটি পরিবেশগত প্রভাব মূল্যায়ণ থাকে যা বর্তমান কারখানার ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত পরিবেশগত প্রভাবগুলোকে প্রদর্শন করে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানার পরিচালনার কারণে বৃহত্তর পরিবেশগত ঝুঁকির একটি সামগ্রিক মূল্যায়ণ করার প্রয়োজন বোধানোই হলো এই প্রশ্নের উদ্দেশ্য। আপনার কারখানার সর্বোচ্চ ঝুঁকির বিষয়গুলো সম্পর্কে জানা আপনাকে এই মড্যুলের আগামী সেকশনগুলোতে উন্নতিবিধানমূলক পদক্ষেপ গ্রহণকে প্রাধান্য দেয়ার ক্ষেত্রে আপনাকে সহায়তা করবে।

আপনার কারখানার বর্তমান এবং পরিচালনার থেকে পরিবেশের উপর পড়া সম্ভাব্য এবং প্রকৃত অর্থে ক্ষতিকর ঝুঁকিগুলোকে চিহ্নিত করা এবং বৈশিষ্টায়িত করার ক্ষেত্রে পরিবেশগত প্রভাবের একটি মূল্যায়ণকে ব্যবহার করা হয়।

পরিবেশগত প্রভাবের মূল্যায়ণ বহু প্রভাব-বিস্তারকারী বিষয় নিয়ে গঠিত, যার অন্তর্ভুক্ত হলো বর্জ্যপানি, পানি বার করা, পানির অন্যান্য উৎস, কঠিন এবং তরল বর্জ্য, স্টেশনারী এবং ফিউজিটিভ নির্গমন, গ্যাস এবং তরল সঞ্চয়, শব্দ এবং কম্পন। ফলাফল কারখানার কর্তৃপক্ষকে কারখানার অবস্থান এবং পরিচালনা সংক্রান্ত সুনির্দিষ্ট ঝুঁকির উৎস, তীব্রতা এবং প্রয়োজনীয়তাকে চিহ্নিত করতে সক্ষম করবে।

এই তথ্য পরিবেশের ক্ষতিকে কমানোর ক্ষেত্রে প্রয়োজনীয় ঝুঁকি প্রশমন এবং নিরসনের জন্য কৌশল তৈরিতে সহায়তা করবে। পরিবেশের উপর প্রভাবের মূল্যায়ণ হলো একটি পুনরাবৃত্তিমূলক প্রক্রিয়া যা অবস্থান এবং/অথবা কারখানার পরিচালন প্রক্রিয়ার সাথে জড়িত নতুন নতুন ঝুঁকির নিরন্তর মূল্যায়ণ করে থাকে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

কারখানার ক্রিয়াকলাপের ফলে পরিবেশের উপর সম্ভাব্য প্রভাবকে মূল্যায়ণ করার প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করার জন্য স্থানীয় সরকারের কোনো আইন আছে কিনা তা জানার জন্য একটি কারখানার উচিত আইন এবং প্রবিধান খুঁজে দেখা (যেমন এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট, পরিবেশগত প্রভাব মূল্যায়ণ) যা অনুসরণ করা উচিত। যদি কোনো স্থানীয় প্রবিধান না থাকে, আন্তর্জাতিক স্তরে স্বীকৃত একটি ইএমএস ফ্রেমওয়ার্ককে অনুসরণ করে প্রভাবগত একটি মূল্যায়ণ নির্বাহ করা যায় যেমন

1. [ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন আইএফসি-এর কর্মকুশলতার মানদণ্ড 1: পরিবেশগত এবং সামাজিক ঝুঁকি এবং প্রভাবের মূল্যায়ণ এবং ব্যবস্থাপনা \(অ্যাসেসমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অব এনভায়রনমেন্টাল অ্যান্ড সোশ্যাল রিস্কস অ্যান্ড ইমপ্যাক্টস \[জানুয়ারি 1, 2012\]: \[https://www.ifc.org/wps/wcm/connect/8804e6fb-bd51-4822-92cf-3dfd8221be28/PS1_English_2012.pdf?MOD=AJPERES&CVID=jiVQIfc\]\(https://www.ifc.org/wps/wcm/connect/8804e6fb-bd51-4822-92cf-3dfd8221be28/PS1_English_2012.pdf?MOD=AJPERES&CVID=jiVQIfc\)](https://www.ifc.org/wps/wcm/connect/8804e6fb-bd51-4822-92cf-3dfd8221be28/PS1_English_2012.pdf?MOD=AJPERES&CVID=jiVQIfc)
2. [বিশ্ব ব্যাঙ্ক পরিবেশগত, স্বাস্থ্য এবং সুরক্ষা সংক্রান্ত সাধারণ নির্দেশিকা \[এপ্রিল 30, 2007\]: <https://www.ifc.org/wps/wcm/connect/29f5137d-6e17-4660-b1f9-02bf561935e5/Final%2B-%2BGeneral%2BEHS%2BGuidelines.pdf?MOD=AJPERES&CVID=jOWim3p>](https://www.ifc.org/wps/wcm/connect/29f5137d-6e17-4660-b1f9-02bf561935e5/Final%2B-%2BGeneral%2BEHS%2BGuidelines.pdf?MOD=AJPERES&CVID=jOWim3p)
3. আইএসও 14001:2015, ক্লজ 6.1.2 পরিবেশগত প্রভাব, ক্ষতি এবং তাদের গুরুত্বকে মূল্যায়ন করার আবশ্যিকতাকে চিহ্নিত করে। আইএসও 14001:2015 এই আবশ্যিকতার সাথে সামঞ্জস্যপূর্ণতা দেখানোর জন্য একটি গ্রহণযোগ্য উপায়।
4. আবেদনে বর্ণিত ক্ষতির ভিত্তিতে পরিবেশগত অনুমতির আবেদন এবং নিয়ন্ত্রণের জন্য অনুমতির প্রয়োজনীয়তা একইসাথে এই আবশ্যিকতার সাথে সামঞ্জস্যপূর্ণতা দেখানোর জন্যও একটি গ্রহণযোগ্য উপায়। অনুমতির আবেদনপত্র এবং অনুমতি থেকে প্রাপ্ত পরিবেশগত ক্ষতি এবং তাদের

গুরুত্বের একটি সংক্ষিপ্তসার গ্রহণযোগ্য হবে। প্রবিধানে পরিভাষিত সময়ের মধ্যে যদি অনুমতিটি পুনর্নবীকরণ করানো না হয়, তাহলে একটি সাধারণ ভালো অভ্যাস হিসেবে ক্রিয়াকলাপের যেকোনো পরিবর্তনের প্রেক্ষিতে প্রতি তিন বছরে ক্ষতির মূল্যায়ন করাতে হবে।

কারখানা-স্তরে এইসব মানদণ্ড এবং নির্দেশিকাগুলো পরিবেশগত ঝুঁকি এবং প্রভাব মূল্যায়নের জন্য কারখানায় ব্যবহার হতে পারে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

পরিবেশগত প্রভাবের মূল্যায়ণ অবশ্যই উপলব্ধ হতে হবে, সমস্ত ধরনের পরিবেশগত প্রভাবের ব্যাপকতা সহ, এবং যেকোনো প্রযোজ্য মানদণ্ডসমূহ, নিয়মাবলী, অথবা আইনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ হতে হবে।

● নথিপত্র আবশ্যিকঃ

- পরিবেশগত প্রভাবের বিশ্লেষণ এবং দৃষ্টিভঙ্গীর মূল্যায়ণ এবং/অথবা সাম্প্রতিকতম স্থানীয় সরকারের পরিবেশগত বিশ্লেষণের রিপোর্ট

● জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- কারখানার কর্তৃপক্ষ কি চাকরির ক্ষেত্রের সাথে জড়িত গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গী এবং প্রভাব সম্পর্কে সচেতনতা এবং বোঝাপড়া প্রদর্শন করতে সক্ষম?
- কারখানার কর্তৃপক্ষ কি পরিবেশগত ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত আইন এবং প্রবিধান সম্পর্কে জানেন ?

● পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- কারখানার ভিতরে নিয়ন্ত্রণ বা প্রভাবের সঙ্গে সম্পর্কিত সমস্ত পরিবেশগত বিষয়গুলো রিপোর্টে অন্তর্ভুক্ত
- স্থানীয় প্রবিধানের অধীন সমস্ত পরিবেশগত প্রভাবও অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে
- মূল্যায়ণে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে বিভিন্ন পরিবেশগত প্রভাবের গুরুত্ব/ প্রয়োজনীয়তার একটি বিশ্লেষণ। পরিবেশগত প্রভাবের গুরুত্ব মূল্যায়নের প্রক্রিয়া অবশ্যই পর্যায়ক্রমে নির্বাহ করতে হবে যাতে তুলনামূলক ফলাফলের জন্য নথিটি পুনর্নির্মাণ করা যায়।

৪। আপনার কারখানায় কি এমন কোনো কর্মসূচী বা ব্যবস্থা কার্যকর রয়েছে যাতে পরিবেশগত অনুমতিপত্রের স্টেটাস এবং নবীকরণ (যেখানে প্রযোজ্য) পর্যালোচনা এবং পর্যবেক্ষণ করা যায়?

আপলোড করুনঃ ক) আপনার কারখানার ক্রিয়াকলাপের জন্য বাধ্যতামূলক অনুমোদনসমূহের তালিকা এবং অনুমতিপত্রসমূহের কর্মকাণ্ডের ক্যালেন্ডার; খ) পরিবেশগত অনুমতিপত্রের অবস্থা পর্যবেক্ষণ এবং নজর রাখা, পুননবীকরণ, এবং আপনি আইনি বাধ্যবাধকতাগুলোর সাথে সামঞ্জস্য বজায় রাখছেন তা সুনিশ্চিত করার জন্য সক্রিয় কর্মসূচী বা ব্যবস্থাসমূহের নথিপত্র।

উত্তরে হ্যাঁ লিখবেন

যদি পরিবেশগত অনুমতিপত্র এবং নিয়মনীতির সাথে সামঞ্জস্য বজায় রাখার বিষয়টি নজরে রাখার জন্য আপনার কোনো একটি কার্যক্রম বা প্রক্রিয়া থাকে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কারখানাটির পদক্ষেপ গ্রহণ করা এবং পরিবেশগত অনুমতিপত্রের সাথে সামঞ্জস্য বজায় রাখার যে প্রক্রিয়া (অথবা সাধারণ কার্যসম্পাদনমূলক প্রক্রিয়া) তার ব্যবস্থাপনা করার সক্ষমতা রয়েছে তা সুনিশ্চিত করাই এই প্রশ্নের উদ্দেশ্য।

প্রবিধানের সঙ্গে সঙ্গতি রক্ষা করা হলো একটি প্রাথমিক ব্যবসায়িক অভ্যাস। কর্মকুশলতার উন্নতিবিধান এবং হ্রাসের দিকে এগোনোর আগে কারখানাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে প্রাথমিক সামঞ্জস্যপূর্ণতা বজায় রাখা হয়েছে।

অনুমতিপত্রের আইনি বাধ্যবাধকতা থাকে যা অনুমতিপত্র শেষ হয়ে যাওয়ার বিষয়টির সাথে সাথে অবশ্যই মেনে চলতে হবে। এই প্রশ্নের উত্তর ব্যাখ্যা করবে যে আইনগতভাবে অনুমতিপত্র শেষ হয়ে যাওয়া সহ তার বৈধতা রক্ষা করার জন্য আপনার সাধারণ ব্যবস্থাপনার অভ্যাসগুলো কীভাবে কারখানাতে অনুসরণ করা হয়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

ন্যূনতম, স্থিরীকৃত একটি সময়তালিকায় আপনার পরিবেশগত অনুমতিপত্রের পর্যালোচনা এবং হালনাগাদ সংক্রান্ত অভিগমনকে অনুসরণ করার জন্য নিয়মিতভাবে হালনাগাদ করা একটি নথি তৈরি করার জন্য পরামর্শ দেয়া হয়। অনুসরণ করা নথিটির বিষয়বস্তুর অন্তর্ভুক্ত হতে পারে পরিবেশগত প্রভাবের ক্ষেত্রগুলো, অনুমতিপত্রের নাম, অনুমতিপত্রের অবস্থা, অনুমতিপত্রের নম্বর, বৈধ সময়কাল, বাধ্যবাধকতা, সঙ্গতি রক্ষা করার ক্ষেত্রে মূল দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, ইত্যাদি। আপনি আরো এগিয়ে যেতে পারেন এবং সমস্ত

3. **সোলার ফটোভোল্টাইক ব্যবস্থা (সোলার পিভি) কি?**
সোলার ফটোভোল্টাইক ব্যবস্থা হলো সেই ব্যবস্থা যা সূর্যের তেজস্ক্রিয়তাকে বিদ্যুৎ সরবরাহে রূপান্তর করে। সুতরাং, সৌর তাপমান ব্যবস্থাকে সোলার ফটোভোল্টাইক ব্যবস্থা হিসেবে বিবেচনা করা উচিত নয়।
4. **ফ্যাব্রিক স্ক্র্যাপের জন্য সঠিক শক্তির উৎসশ্রেণী কি?**
ফ্যাব্রিক স্ক্র্যাপ সেলুলোজ দিয়ে তৈরি যাকে জৈববস্তুপুঞ্জ (বায়োমাস) হিসেবে বিবেচনা করা হয়। যেহেতু বায়োমাসের অধীনে ফ্যাব্রিক স্ক্র্যাপের জন্য কোনো নির্দিষ্ট শ্রেণীবিভাগ নেই, একে "জৈববস্তুপুঞ্জ - নির্দিষ্ট প্রকৃতি অজানা" হিসেবে শ্রেণীভুক্ত করা যায়।
5. **মেট্রিক টন থেকে আমাদের প্ল্যাটফর্মে থাকা ইউনিটগুলোতে বাষ্পকে কীভাবে রূপান্তর করা যায়?**
বাষ্পকে মেগাজুলে (এমজে) রিপোর্ট করা যায় নিম্নলিখিত ফর্মুলা অনুযায়ী।
বাষ্প (এমজে) = বাষ্প (মেট্রিক টন) x 1000 (কেজি/মেট্রিক টন) x বাষ্পের নির্দিষ্ট এনথ্যাল্পি (এমজে/কেজি) এবং বাষ্পের নির্দিষ্ট এনথ্যাল্পি বয়লারের চাপের উপর নির্ভর করে। (দয়া করে বাষ্পের টেবল দেখুন: https://www.engineeringtoolbox.com/saturated-steam-properties-d_457.html)
উদাহরণ:
7 টি বার বয়লারের 200 মেট্রিক টন বাষ্প কত মেগাজুলের সমান?
7 টি বার বয়লার চাপের অধীন বাষ্পের নির্দিষ্ট এনথ্যাল্পি = 2.762 এমজে/কেজি = 200 x 1000 x 2.762 = 552,400 এমজে

$$\begin{aligned} \text{বাষ্প (এমজে)} &= \text{বাষ্প (মেট্রিক টন)} \times 1000 \text{ (কেজি/ মেট্রিক টন)} \times \text{বাষ্পের নির্দিষ্ট এনথ্যাল্পি} \\ &\text{(এমজে/কেজি)} \\ &= 200 \times 1000 \times 2.762 = 552,400 \text{ এমজে} \end{aligned}$$

এটা কীভাবে যাচাই করা যাবে:

একটি কারখানার শক্তি ব্যবহার সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই কারখানার শক্তি অনুসরণ করার কার্যকলাপের সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যা ত্রুটির জন্ম দিতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- প্রাথমিক উপাত্ত সংগ্রহের প্রক্রিয়াসমূহ এবং উপাত্তের উৎসগুলি (যেমন, ইনভয়েসগুলি, সাইটে থাকা মিটারগুলি, মিটারের লগগুলি, ইত্যাদি); এবং
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তরসমূহ, ইত্যাদি।)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- **আবশ্যিক ডকুমেন্টেশন:**
 - শক্তির **সমস্ত উৎসের** জন্য পরিমাপের হার এবং পদ্ধতি
 - বিদ্যুৎ, জ্বালানী, বাষ্প এবং অন্যান্য শক্তি খরচের রেকর্ড (যেমন মাসিক বিল এবং বার্ষিক খরচের রেকর্ড; স্প্রেডশীটে প্রণীত মিটারের রেকর্ডও (যেমন এক্সেল) চলবে যদি মিটারের রেকর্ড যাচাই করার জন্য পাওয়া যায়) যার মোট পরিমাণ প্রশ্নের উত্তর হিসেবে দেয়া রিপোর্ট করা উত্তরগুলোর সাথে মিলে যায়।
 - যেখানে প্রযোজ্য, মিটার ক্রমাঙ্কনের রেকর্ড (যেমন, নির্মাতার বিবরণী অনুযায়ী)।
 - যেখানে প্রযোজ্য সেখানে অনুমানের প্রণালীকে নথিভুক্ত করা
 - কারখানায় শক্তির সমস্ত উৎসকে সম্পূর্ণ অনুসরণ করা হয়। এর অর্থ হলো যে স্তর ১-এর টেবিলে তালিকাভুক্ত সমস্ত উৎসগুলি সম্পর্কে সমস্ত কলামে সম্পূর্ণ উত্তর রয়েছে যা নির্ভুল।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
 - কর্তৃপক্ষের সাথে আলোচনা:
 - কর্তৃপক্ষ শক্তির ব্যবহার, পরিবহন এবং জিএইচজি নির্গমন সম্পর্কিত আইন এবং প্রবিধান, কোথায় প্রযোজ্য, সে সম্পর্কে ওয়াকিবহাল?

- প্রযোজ্য আইন এবং প্রবিধানের রক্ষণাবেক্ষণ সুনিশ্চিত করার জন্য কর্তৃপক্ষ যথাযথ সম্পদ ব্যবহার করেন?
- শক্তির ব্যবহার এবং নথিপত্রের বিষয়ে কারখানা কি স্থানীয় বাধ্যবাধকতাগুলো মেনে চলছে?
- মূল কর্মীবৃন্দঃ
 - ফেসিলিটির শক্তির উপাত্ত অনুসরণ কার্যক্রম সম্পর্কে এবং কীভাবে উপাত্তের গুণগত মান বজায় রাখা হয় সে সম্পর্কে প্রধান কর্মচারীরা অবহিত
 - মূল কর্মীরা শক্তির ব্যবহার এবং গ্রিন হাউস গ্যাসের নির্গমনের অনুমতিপত্র/লাইসেন্সের আবশ্যিকতা, কোথায় প্রযোজ্য সে সম্পর্কে সচেতন ?
 - কর্মীদের অ্যাক্সেস রয়েছে, এবং বোঝেন, শক্তি ব্যবহার, পরিবহন এবং গ্রিন হাউস গ্যাস নির্গমনের প্রক্রিয়া, কোথায় যথাযথ ?
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - সাইটে থাকা মিটার
 - শক্তির সাথে সম্পর্কিত সরঞ্জাম (উৎপাদন বা শক্তি ব্যয়)
 - রক্ষণাবেক্ষণ (সঠিক রক্ষণাবেক্ষণ হয় বলে মনে হয়?)
 - কোনো ছিদ্র (যেমন বাষ্প?)
 - শক্তি সম্পর্কিত যন্ত্রপাতির ছবি তুলুন

আংশিক পয়েন্টগুলো

- ফেসিলিটিতে শক্তির অন্তত একটি উৎসের জন্য উপরে উল্লিখিত "**পুরো পয়েন্ট**"-এর মত একই আবশ্যিক শর্তাবলী। এটিকে অবশ্যই সম্পূর্ণরূপে অনুসরণ করতে হবে। এর অর্থ হলো যে স্তর ১-এ উল্লিখিত অন্তত একটি (কিন্তু সমস্ত নয়) উৎসের জন্য সবগুলো কলামে সম্পূর্ণ উত্তর রয়েছে এবং সমস্ত উত্তরকে সমর্থনযোগ্য প্রমাণও রয়েছে।

এই প্রশ্নটি ব্যবহার করা যায় [সাসটেইনিবিলিটি কনসার্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইলস টুলকিট](#)-এর জন্য প্রতিক্রিয়া তথ্যভুক্ত করার জন্য। গ্রিনহাউস গ্যাস নির্গমনের তীব্রতা - উৎপাদনের মূল কর্মকুশলতার সূচক উত্তরদাতাদের জিজ্ঞাসা করে চূড়ান্ত উৎপাদক কারখানা থেকে গ্রিন হাউস গ্যাস নির্গমনের তীব্রতা সম্পর্কে। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য। গ্রিন হাউস গ্যাস নির্গমন - সাপ্লাই চেইনের মূল কর্মকুশলতা সূচকটি উত্তরদাতাদের জিজ্ঞাসা

করে যে ফ্যাব্রিক উৎপাদক কারখানা স্কোপ ১ এবং ২ গ্রিন হাউস গ্যাস নির্গমন সম্পর্কে রিপোর্ট করেছিল কিনা। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য।

শক্তি ও জিএইচজি - স্তর ২

২। শক্তির ব্যবহারের জন্য আপনার কারখানা কি বেসলাইন স্থির করেছে?

যদি তা হয়, শক্তির সেই সব উৎসগুলো বেছে নিন যার জন্য আপনার কারখানা বেসলাইন স্থির করেছে।

- উৎস
- এই উৎসের জন্য আপনি কি একটি বেসলাইন স্থির করেছেন ?
- বেসলাইনটি কি চূড়ান্ত (অ্যাবসল্যুট) নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড)?
- বেসলাইনের পরিমাণ কি ?
- পরিমাপের ইউনিট
- বেসলাইনের (আরম্ভের) বছরটি লিখুন
- আপনার বেসলাইনটি কিভাবে গণনা হয়েছিল ?
- বেসলাইনটিকে যাচাই করা হয়েছিল?

আপলোড করার সুপারিশ: রূপরেখা কীভাবে গণনা করা হয়েছিল (বার্ষিক ব্যয়ের রেকর্ডগুলি আপলোড করার প্রয়োজন নেই, তবে যাচাই করার সময়ে যাচাইকারী দ্বারা পর্যালোচনা করার জন্য সেগুলি উপলব্ধ থাকা প্রয়োজন)।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উন্নতি বা শক্তি ব্যবহার হ্রাস হয়েছে তা দেখানোর জন্য, আপনার শুরুর বিন্দুটি জানা থাকা প্রয়োজন। একটি বেসলাইন স্থির করা (যেমন একটি বর্ণিত বছরে নির্দিষ্ট একটি স্থিতিমাপের (প্যারামিটারের) বার্ষিক কর্মকুশলতা) আপনাকে চলতি শক্তি বিষয়ক কর্মকুশলতাকে অনুসরণ করা এবং লক্ষ্য স্থির করার ক্ষেত্রে একটি স্পষ্ট রেফারেন্স বিন্দু রাখতে সক্ষম করবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

"বেসলাইন" হলো শুরুর বিন্দু বা বেসলাইন যা আপনি বহু বছর ধরে বারবার নিজের সাথে নিজেকে তুলনা করার জন্য ব্যবহার করতে পারেন।

এফইএম-এ, বেসলাইনটি "চূড়ান্ত" (অ্যাবসল্যুট) হতে পারে (একটি রিপোর্টিং বছরের সম্পূর্ণ খরচ। যেমন, বছর প্রতি 150,000 কেডাক্সএইচ) অথবা একটি পণ্য বা প্রয়োগসংক্রান্ত মেট্রিকের ক্ষেত্রে "নিয়মমাফিক" (যেমন, উৎপাদনের ইউনিট পিছু 0.15 কেডাক্সএইচ)। প্রয়োগ-সংক্রান্ত ওঠাপড়ার হিসেব রাখার জন্য উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজড) করার সুপারিশ করা হয় যেহেতু তা বছরের-পর-বছর উপাত্তের আরো ভালো তুলনা এবং তার ফলে আরো উপযোগী, এবং পদক্ষেপযোগ্য বিশ্লেষণ প্রদান করতে পারে।

বেসলাইন প্রতিষ্ঠা করার সময়, নিম্নলিখিতগুলি করার বিষয়টি নিশ্চিত করুনঃ

- শক্তি ব্যবহারের উপাত্ত স্থায়ী, এবং একটি বেসলাইন নির্ধারণের ক্ষেত্রে ব্যবহারের জন্য যথেষ্ট কিনা নিশ্চিত করুন। হিগ্ এফইএম-এ, একটি বেসলাইনে সাধারণত একটি সম্পূর্ণ ক্যালেন্ডার বছরের উপাত্ত থাকা উচিত।
 - **টীকা:** যদি আপনার কারখানাটি গুরুত্বপূর্ণ কাঠামোগত অথবা প্রয়োগগত পরিবর্তনের মধ্যে দিয়ে গিয়ে থাকে যেমন পণ্য যোগাড় অথবা পণ্যের প্রকারে পরিবর্তন, সাধারণভাবে, আপনার একটি বেসলাইন প্রতিষ্ঠা করা অথবা পুনঃস্থাপন করা উচিত সেই পরিবর্তনগুলি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরে।
- বেসলাইনটি চূড়ান্ত (অ্যাবসল্যুট) হবে নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হবে তা নির্ধারণ করুন (নর্ম্যালাইজড বেসলাইনগুলিকে পছন্দ করা হয়)
- উৎসের উপাত্ত এবং নিয়মমাফিক (নর্ম্যালাইজিং) মেট্রিকের উপাত্ত সঠিক কিনা তা যাচাই করুন।
 - পূর্ববর্তী হিগ্ এফইএম ৩.০ প্রতিপাদন থেকে প্রাপ্ত শক্তি এবং উৎপাদনের আয়তনের উপাত্ত, যোগ্য ব্যক্তিবর্গ দ্বারা করা অভ্যন্তরীণ এবং বহিরাগত অডিট উপাত্ত প্রতিপাদনের গ্রহণযোগ্য সূত্র।
- যথাযোগ্য বেসলাইন মেট্রিক প্রয়োগ করুন (যেমন, বছর প্রতি অ্যাবসল্যুটের জন্য অথবা বেছে নেয়া নর্ম্যালাইজিং মেট্রিক দিয়ে ভাগ করুন প্রতি 1,000,000 খণ্ড পিছু 1,500,000 কেডাক্সএইচ = 1.5 কেডাক্সএইচ/খণ্ড)
 - **টীকা:** উৎপাদনের সাথে সম্পর্কবিহীন শক্তি খরচের জন্য, যেখানে উপযুক্ত সেখানে অন্যান্য নিয়মমাফিক মেট্রিক ব্যবহার করা উচিত (যেমন, ক্যান্টিনে প্রাকৃতিক গ্যাসের খরচ পরিবেশিত খাদ্য পিছু অথবা কর্মী পিছু নিয়মমাফিক করা যায়)

টীকা: যদি একটি লক্ষ্যের প্রেক্ষিতে কর্মকুশলতাকে মূল্যায়ন করার জন্য বেসলাইনটিকে ব্যবহার করা হয়, তবে বেসলাইনটিকে অপরিবর্তিত রাখতে হবে।

হিগ্‌ এফইএম-এ বেসলাইনের উপাত্ত রিপোর্ট করাঃ

করবেন:

- ✓ নির্ভুল থাকাকাটা নিশ্চিত করার জন্য উৎসের উপাত্ত এবং অপরিমার্জিত নিয়মমাফিক (নর্ম্যালাইজিং) মেট্রিক উপাত্ত পর্যালোচনা করা (ইউটিলিটি ইনভয়েস, মিটার লগ, উৎপাদনের পরিমাণ, ইত্যাদি) একত্রিত মোট পরিমাণের প্রেক্ষিতে যা বেসলাইন(গুলি) নির্ধারণের জন্য ব্যবহৃত হয়েছিল। (যেমন, মাসিক বিদ্যুৎ খরচের রেকর্ড দুবার করে খুঁটিয়ে দেখুন নিশ্চিত করার জন্য যে সেগুলো বার্ষিক খরচ যা বেসলাইন গণনা করার জন্য ব্যবহার করা হয়েছিল, তার পরিমাণের সাথে মিলছে)।
- ✓ এফইএম-এ বেসলাইনের যথাযথ ধরনটি নির্বাচন করুন - চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড)।
- ✓ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা।
- ✓ বেসলাইনের (আরম্ভের) বছরটি লিখুন। বেসলাইনের উপাত্ত এই বছরটিকেই বর্ণনা করে।
- ✓ বেসলাইনের বছরটিকে কীভাবে গণনা করা হয়েছিল সে বিষয়ে যথেষ্ট পরিমাণে খুঁটিনাটি প্রদান করবেন (যেমন, উৎপাদিত কাপড়ের প্রতি মিটারে বিদ্যুতের খরচ নিয়মমাফিক হয়েছিল)।
- ✓ "বেসলাইন কি যাচাই করা হয়েছিল?" প্রশ্নের উত্তরে কেবলমাত্র হ্যাঁ বেছে নিন। পূর্ববর্তী একটি হিগ্‌ এফইএম ৩.০ যাচাই চলাকালীন বেসলাইন সংক্রান্ত উপাত্ত যদি সম্পূর্ণভাবে যাচাই করা হয়ে থাকে, অথবা যোগ্য ব্যক্তি দ্বারা যদি অভ্যন্তরীণ বা বহিরাগত অডিট করানো হয়ে থাকে।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন বেসলাইন সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X সেই বেসলাইন সম্পর্কে রিপোর্ট করা যেটি অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল (যেমন, পুরো এক বছরের উপাত্ত নেই)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবে:

কোনো কারখানার বেসলাইন যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** পর্যালোচনা করতে হবেঃ

- বেসলাইন বছরটির উৎস সংক্রান্ত সমস্ত উপাত্ত (ইউটিলিটি ইনভয়েস, মিটারিং লগ, উৎপাদনের পরিমাণ) এবং মোট একত্রিত উপাত্ত; এবং/অথবা
- যেখানে পাওয়া যাবে সেখানে বেসলাইন উপাত্ত যাচাইয়ের রেকর্ড (যেমন, পূর্ববর্তী হিগ্‌ যাচাই, উপাত্তের গুণগত মানের পর্যালোচনা, অভ্যন্তরীণ অথবা বহিরাগত অডিট, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

● **আবশ্যিক ডকুমেন্টেশন:**

- বিবরণ / প্রণালী যা দেখাচ্ছে যে বেসলাইনটিকে কীভাবে গণনা করা হয়েছিল
- নথিপত্র যা প্রমাণ করে যে বেসলাইন যে বছর স্থির করা হয়েছিল সেই বছরের ব্যয়ের রেকর্ডের সাথে বেসলাইন মিলে যায়।
- বেসলাইন উপাত্তের বৈধতা কীভাবে দেখা হয়েছিল তা প্রদর্শন করার সক্ষমতা (যেমন, হিগ ৩.০ দিয়ে যাচাই করা উপাত্ত ব্যবহার, অভ্যন্তরীণ/বহিরাগত বৈধতা প্রক্রিয়ার ব্যবহার)

● **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**

- মেট্রিকের ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটির অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করা উচিত এবং দেখানো উচিত যে বেসলাইন উপাত্তকে কীভাবে বলবৎ করা হয়েছিল (যেমন, হিগ ৩.০ দিয়ে যাচাই করা উপাত্ত ব্যবহার করা হয়েছিল, অভ্যন্তরীণ বৈধকরণ প্রক্রিয়া, বহিরাগত অডিট ব্যবহার করা হয়েছিল, ইত্যাদি।)

৩। আপনার কারখানা কি জানে কারখানার কোন প্রক্রিয়া বা কার্যকলাপ সবচেয়ে বেশি শক্তি ব্যবহার করে?

সর্বাধিক শক্তি ব্যবহার হওয়ার কারণগুলোকে চিহ্নিত করার পদ্ধতি আপলোড করুন

আপনার কারখানায় সর্বোচ্চ শক্তিব্যয়ের কারণগুলো কি?

এগুলো উৎপাদনে যেকোনো কারণই হতে পারে যেমন মেশিন, প্রক্রিয়া, অথবা বিভাগগুলো

সুপারিশ করা আপলোডগুলোঃ ক) প্রক্রিয়াসমূহ, সেবাগুলো, অথবা কার্যকলাপ যাতে সর্বাধিক শক্তির প্রয়োজন হয় সেগুলোর ব্যাকিং (শক্তিব্যয়ের পরিমাপ) খ) শক্তি সংক্রান্ত অডিট যা করানো হয়েছিল অভ্যন্তরীণ বা বাহ্যিক শক্তি ব্যবস্থাপনা বিশেষজ্ঞকে দিয়ে, তার কপি (যদি পাওয়া যায়)

আপনার কারখানাতে শক্তিকে সর্বাধিক কোন বিষয়গুলো প্রভাবিত করে তা জানা গুরুত্বপূর্ণ। এর ফলে আপনি সুকৌশলে সেই কারণগুলোতে লক্ষ্যস্থির করতে পারেন যাতে শক্তির কার্যকারিতা এবং অথবা গ্রিন হাউস গ্যাস নির্গমন উন্নত করা যায়।

উত্তরে হ্যাঁ বলুন কেবলমাত্র যদি আপনার কাছে সাইটের ভেতরে শক্তিব্যয়ের সর্বোচ্চ কারণগুলোর রেকর্ড এবং প্রণালীর নথিপত্র থাকে (যেমন, প্রক্রিয়াসমূহ, মেশিনগুলো, ক্রিয়াকলাপসমূহ, ইত্যাদি)।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্য হলো কারখানাটি যাতে যে সমস্ত ক্ষেত্রে শক্তি ব্যবহার হয় তার সবগুলোর পরিমাণ এবং উৎস মূল্যায়ণ করার জন্য কারখানা-ভিত্তিক সামগ্রিক বিশ্লেষণ সম্পূর্ণ করতে পারে (যেমন, প্রক্রিয়া, আলো, এইচভিএসি, বয়লার, ইত্যাদি)। ফেসিলিটিটি যাতে প্রদর্শন করতে পারে যে শক্তির কার্যকারিতা সম্পর্কিত কর্মকাণ্ডের জন্য সর্বোচ্চ পরিমাণ শক্তি খরচের প্রয়োজন হয় এমন ক্রিয়াকলাপগুলি অথবা প্রক্রিয়াসমূহকে তারা কৌশলগতভাবে অগ্রাধিকার দেয় অথবা শক্তির উৎসের বিকল্প হিসেবে পুনর্নবীকরণযোগ্য শক্তি বেছে নেয়ার পরিকল্পনা করে, সেটিই এই প্রশ্নের উদ্দেশ্য।

সংরক্ষণ প্রচেষ্টার পরিণতি প্রাপ্তির জন্য, একটি কারখানাকে অবশ্যই তার সীমানার ভেতর তার সর্বাধিক শক্তি-ব্যবহারকারী পরিচালনা বা প্রক্রিয়াগুলোকে চিহ্নিত এবং র‍্যাঙ্ক করতে হবে। কোন ক্রিয়াকলাপগুলি অথবা প্রক্রিয়াসমূহ সর্বাধিক শক্তি ব্যয় করে সে সম্পর্কে যখন একটি ফেসিলিটির বোঝাপড়া তৈরি হয়, সেই ক্রিয়াকলাপগুলি অথবা প্রক্রিয়াগুলিকে অগ্রাধিকার দেয়া এবং লক্ষ্য হিসেবে স্থির করার মাধ্যমে, অথবা শক্তির উৎসকে পুনর্নবীকরণযোগ্য শক্তি দ্বারা প্রতিস্থাপন করার মাধ্যমে কারখানাটি সুকৌশলে শক্তি ব্যয় কমিয়ে আনতে পারে। শক্তির ব্যবহার কার্যকরীভাবে ব্যবস্থাপনা করার আগে ফেসিলিটির অবশ্যই ব্যবহার পরিমাপ করতে সক্ষম হওয়া উচিত।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

নিজের যন্ত্রপাতির তালিকা, সম্বন্ধিত শক্তি ব্যবহারের নিয়মাবলী, শক্তির উৎসসমূহ সহ (যেমন জ্বালানী তেল, প্রাকৃতিক গ্যাস, বিদ্যুৎ, ইত্যাদি) উৎপাদনের প্রক্রিয়া বোঝার মাধ্যমে একটি কারখানা তার সর্বাধিক শক্তি-ব্যবহারকারী প্রক্রিয়া এবং ক্রিয়াকলাপগুলোকে মূল্যায়ণ করতে পারে। নিচে সাধারণ ক্রিয়াকলাপ বা প্রক্রিয়াগুলো রয়েছে যা শক্তি ব্যবহারকে প্রভাবিত করেঃ

- বয়লার এবং জেনারেটর
- সংকুচিত বায়ু ব্যবস্থা
- মোটর
- পুরনো বা অকার্যকরী যন্ত্রপাতি
- যন্ত্রপাতির অবস্থান

এখানে শুরু করার কিছু পদ্ধতিঃ

- মেশিনের একটি তালিকা তৈরির মাধ্যমে স্বতন্ত্র মেশিনগুলো যা শক্তি ব্যবহার করে সেগুলোকে চিহ্নিত করা
- যন্ত্রপাতির শক্তি ব্যবহারের রেটিংকে বিশ্লেষণ করে পরিচালনার মোট ঘন্টা দ্বারা গুণ করা শক্তির ব্যবহার অনুমান করার জন্য
- বহু সময় ধরে শক্তির ব্যবহারকে ট্র্যাক করার জন্য বৈদ্যুতিন যন্ত্র ইন্সটল করা (যেমন, উপাত্তের লগার, উপাত্তের রেকর্ডার, অথবা সাব-মিটার)
- শক্তি সংক্রান্ত একটি মূল্যায়নের জন্য একজন সার্টিফায়েড পেশাদারী শক্তি প্রকৌশলীকে (এনার্জি ইঞ্জিনিয়ার) ভাড়া করা
- প্রতি উৎপাদন প্রক্রিয়া/ মেশিনের ধরন পিছু শক্তির ব্যবহারকে একত্রিত করা এবং সর্বোচ্চ থেকে সর্বনিম্ন ব্যবহারে সেগুলোকে বাছাই করা

আপনার সর্বোচ্চ শক্তি-ব্যবহারকারী কর্মকান্ড বা প্রক্রিয়াগুলোকে চিহ্নিত করা শুরু করার জন্য যেকোনো বিকল্প যা উপরে উল্লিখিত রয়েছে সেগুলো গ্রহণযোগ্য।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- **আবশ্যিক ডকুমেন্টেশন:**

(অন্তত একটি সম্পূর্ণ এবং হালনাগাদ নথি প্রদান করুন যেমন):

- কারখানায় শক্তির উপর প্রভাব বিস্তার করে এমন কিছু রেকর্ড (যেমন মেশিনের তালিকা এবং শক্তির রেটিং/ ব্যবহার)
- একজন যোগ্য এনার্জি অডিটরকে (অভ্যন্তরীণ বা বাহ্যিক) দিয়ে করানো সাম্প্রতিক এনার্জি অডিট
- ব্যবহারের রেকর্ড যথাযথভাবে বিশ্লেষণ করানো, এবং পরিচালনা বা প্রক্রিয়াগুলো সর্বোচ্চ থেকে সর্বনিম্নে শ্রেণীবিভাগ করানো
- পুরনো যন্ত্রপাতিগুলোকে নতুন শক্তি-কার্যকরী যন্ত্রপাতি দ্বারা প্রতিস্থাপন করানোর জন্য বিনিয়োগের পরিকল্পনা

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**

- যন্ত্রপাতির রেটিং-এর জন্য শক্তিকে বোঝা
- প্রাসঙ্গিক কর্মীদের একটি সাধারণ বোঝাপড়া থাকে যে কীভাবে তারা, এবং তাদের কারখানার কর্মকাণ্ডসমূহ এবং ক্রিয়াকলাপগুলো, শক্তির ব্যবহারকে এবং গ্রিনহাউস গ্যাস নির্গমনকে প্রভাবিত করতে পারে

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- কারখানায় ব্যবহৃত যন্ত্রপাতি
- একটা সময়কাল ধরে শক্তির ব্যবহারকে অনুসরণ করার জন্য উপাত্তের লগারের উপস্থিতি
- শক্তির অন্যান্য উৎস যা শক্তির রেকর্ডের তালিকায় অনুপস্থিত

8। আপনার কারখানা কি শক্তির ব্যবহার উন্নত করার জন্য লক্ষ্য নির্ধারণ করেছে? যদি তা হয়, শক্তির সেইসব উৎসগুলো নির্বাচন করুন যেগুলোর জন্য আপনার কারখানা শক্তির ব্যবহার হ্রাস করার লক্ষ্য স্থির করেছে।

- উৎস
- এই উৎসের জন্য আপনি কি একটি লক্ষ্য স্থির করেছেন?
- এই উৎস থেকে শক্তি ব্যবহার পরিবর্তনের জন্য আপনার লক্ষ্য কি? (**হ্রাস করার কোনো লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার, এবং বৃদ্ধির লক্ষ্যের জন্য একটি ইতিবাচক শতকরা হার প্রবেশ করান।**)
- পরিমাপের ইউনিট
- লক্ষ্যের বছরটি লিখুন
- এটি কি একটি নিয়মমাফিক (নর্মালাইজড) নাকি চূড়ান্ত (অ্যাবসলুট) লক্ষ্য?
- এই লক্ষ্য পূরণের জন্য পরিকল্পিত পদ্ধতির বিবরণ দিন (**কীভাবে আপনি এই লক্ষ্য অর্জন করবেন**)

আপলোডের জন্য সুপারিশ: বিভিন্ন শক্তির উৎসের জন্য একত্রিত লক্ষ্য

আপনি যদি সেইসব শক্তির উৎসের জন্য লক্ষ্য স্থির করেন যেগুলো আপনার মোট শক্তির ব্যবহারের 80% বা ততোধিক পূরণ করে তাহলে আপনি **পুরো পয়েন্ট** পাবেন।

আপনি যদি সেইসব শক্তির উৎসের জন্য লক্ষ্য স্থির করেন যেগুলো আপনার মোট শক্তির ব্যবহারের 50-79% পূরণ করে তাহলে আপনি **আংশিক পয়েন্ট** পাবেন। এটি আপনার জন্য পুরস্কার আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ শক্তি ব্যবহারের উৎসগুলোর উন্নতি বিধান করার লক্ষ্য স্থির করার জন্য যা প্রকৃতপক্ষে পরিবেশের উপর সু-প্রভাবকে বাড়িয়ে তুলবে।

দয়া করে লক্ষ্য করুনঃ কোন উৎসগুলোকে আপনি উন্নতিবিধান করার লক্ষ্য-সংবলিত বলে রিপোর্ট করেন তার উপর ভিত্তি করে সম্পূর্ণ বা আংশিক পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবেই গণনা হয়ে যায়।

নিশ্চিত ভাবে হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন 5% হ্রাস করার জন্য -5), এবং একটি বৃদ্ধিমূলক লক্ষ্যের জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারবিধিতে 5% বৃদ্ধির জন্য 5) প্রবেশ করান। যদি আপনি আপনার শক্তির একটি উৎস থেকে অন্যটিতে যান (যেমন, সৌর পিভি দিয়ে বিদ্যুতকে প্রতিস্থাপন করা), দয়া করে সৌর পিভির জন্য একটি ইতিবাচক লক্ষ্য স্থির করুন এটি নির্দেশ করার জন্য যে আপনি সৌর পিভি থেকে উৎপাদিত শক্তি অধিক পরিমাণে ব্যবহার করেন এবং বিদ্যুতের জন্য একটি নেতিবাচক লক্ষ্য স্থির করুন এটি নির্দেশ করার জন্য যে এই উৎস থেকে আপনি কম ব্যবহার করেন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানায় শক্তির ব্যবহার হ্রাসের জন্য অন্তত একটি লক্ষ্য প্রতিষ্ঠা করা।

স্থায়ীত্ববাদী (সাস্টেইনেবল) সংস্থাগুলো পরিবেশের উপর তাদের ক্ষতিকর প্রভাব কমানোর জন্য অনবরত কাজ করে। এখন যখন আপনি জানেন যে আপনার কারখানা কতটা শক্তি ব্যবহার করে (আপনার "বেসলাইন"), এবং আপনার শক্তি ব্যবহারের সর্বোচ্চ বর্ধকগুলো, আপনি আপনার শক্তির ব্যবহার কমানোর জন্য লক্ষ্য স্থির করতে তৈরি।

লক্ষ্য দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী হতে পারে (স্বল্পমেয়াদী = ৩ বছরের কম, দীর্ঘমেয়াদী = ৩ বছরের বেশি)। একবার স্থির হয়ে গেলে, সাফল্য পাওয়ার পথে থাকার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তনগুলোকে নিশ্চিত করার জন্য অন্তত ত্রৈমাসিক হারে একবার উন্নতিবিধানের বিষয়টিকে পর্যালোচনা করতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

একটি লক্ষ্যের ক্ষেত্রে বেসলাইনের প্রেক্ষিতে একটি নির্দিষ্ট তারিখের মধ্যে যথেষ্ট পরিমাণে উন্নতি করার জন্য চূড়ান্ত (অ্যাবসলুট) বা (নর্ম্যালাইজড) নিয়মমাফিক মেট্রিক ব্যবহার করা যায়। হিগ্‌ এফইএম-এর জন্য, হ্রাস-সংক্রান্ত লক্ষ্যকে বার্ষিক আয়তনের ইউনিটের সাথে (সাইটের তথ্য বিভাগে বেছে নেয়া হয়ঃ বার্ষিক আয়তনের ইউনিট) অথবা অন্যান্য উপযুক্ত প্রয়োগ-সংক্রান্ত মেট্রিকের সাথে নিয়মমাফিক করা যেতে পারে। নিয়মমাফিক (নর্ম্যালাইজড) একটি লক্ষ্য কেবলমাত্র ব্যবসায় পরিবর্তনের ফলাফল যেমন উৎপাদন হ্রাস না হয়ে থেকে, উন্নতি প্রকৃতপক্ষে ঘটলে আপনাকে তা প্রদর্শন করে। নিয়মমাফিক লক্ষ্যের একটি উদাহরণ হলো এক কিলোগ্রাম বিক্রয়যোগ্য পণ্যের উৎপাদনের জন্য (কেডাক্সএইচ/কেজি) ব্যবহৃত শক্তির কেডাক্সএইচ।

এফইএম-এর ক্ষেত্রে আবশ্যিক হলো এই প্রশ্নের উত্তরে **হ্যাঁ** বলার জন্য আনুষ্ঠানিক লক্ষ্য স্থির করা। আনুষ্ঠানিক উন্নতিবিধানের লক্ষ্য স্থির করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি করা নিশ্চিত করবেনঃ

- শক্তির পরিমাণ কতটা কমানো যায় সেটি গণনা করার জন্য উন্নতিবিধানের সুযোগগুলো এবং পদক্ষেপের আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে লক্ষ্য স্থির করুন (যেমন সরঞ্জাম পালটানো অথবা আপগ্রেড করা)।

- উদাহরণ স্বরূপঃ একটি লক্ষ্য স্থির করা একটি বয়লার প্রতিস্থাপনের মূল্যায়নের ভিত্তিতে যা থেকে খণ্ড প্রতি বার্ষিক শক্তি খরচে ১০% হ্রাস প্রত্যাশিত যেটি বয়লার নির্মাতার বিবরণ এবং প্রত্যাশিত প্রয়োগমূলক চাপের একটি আনুষ্ঠানিক পর্যালোচনার ভিত্তিতে গণনা করা হয়েছিল।
- লক্ষ্যের প্রকৃত পরিমাণ নির্দেশ করুন, যা শতকরা হার হিসাবে প্রকাশ করা হবে (যেমন, খণ্ড প্রতি নিয়মমাফিক বিদ্যুতের খরচ হ্রাস করা হবে ৫% পর্যন্ত)। এটি **অবশ্যই** উপরে যেভাবে বলা হয়েছে সেরকম আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে হবে।
- লক্ষ্য উৎপাদন অথবা কার্যসম্পাদনা-সংক্রান্ত মেট্রিকের ক্ষেত্রে লক্ষ্য চূড়ান্ত (অ্যাবসলুট) হবে নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হবে তা নির্ধারণ করুন।
- লক্ষ্যের শুরুর তারিখটি নির্দেশ করুন (যেমন, "বেসলাইন")।
- লক্ষ্যশেষের তারিখটি নির্দেশ করুন, যার অর্থ হলো আবশ্যিক উন্নতিবিধান সম্পূর্ণ হওয়ার উদ্দেশিত তারিখ।
- উপযুক্ত পরিমাপক ইউনিটটি নির্দেশ করুন।
- লক্ষ্য পর্যালোচনা করার প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন। নির্দেশিত লক্ষ্য পৌঁছানোর জন্য গৃহীত পদক্ষেপগুলো এবং তার অগ্রগতির মূল্যায়ন এই পর্যালোচনাতে অন্তর্ভুক্ত হওয়া উচিত। ত্রৈমাসিক পর্যালোচনার জন্য প্রস্তাবনা দেয়া হচ্ছে।
- সাইটের শক্তির ব্যবহার হ্রাসের ক্ষেত্রে লক্ষ্যটি যেন প্রাসঙ্গিক হয় তা নিশ্চিত করুন (যেমন কারখানাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ শক্তি ব্যবহারের ক্ষেত্রে মনোনিবেশ করা)

হিগ্‌ এফইএম-এ লক্ষ্য রিপোর্ট করাঃ

করবেন:

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য লক্ষ্য পর্যালোচনা করবেন।
- ✓ লক্ষ্যস্থির করা হ্রাস বা উন্নতিকে শতকরা হার হিসেবে প্রবেশ করান। **হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন ৫% হ্রাস করার জন্য -5), এবং একটি বৃদ্ধিমূলক লক্ষ্যের জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারবিধিতে ৫% বৃদ্ধির জন্য 5) প্রবেশ করানোর বিষয়টি নিশ্চিত করবেন।**
- ✓ এফইএম-এ বেসলাইনের যথাযথ ধরনটি নির্বাচন করুন - চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড)।
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য যে মাপকাঠিগুলো পরিকল্পনা করা হয়েছে তার বিবরণ দিনঃ"-এর জায়গাতে পর্যাপ্ত বিশদে লিখবেন যে লক্ষ্য কীভাবে পূরণ করা হবে (যেমন, নর্ম্যালাইজড

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, হ্রাসের একটি লক্ষ্যমাত্রা যা বিকল্পগুলির একটি আনুষ্ঠানিক মূল্যায়নের উপর নির্ভরশীল নয় যেমন বিবৃত লক্ষ্যমাত্রা পূরণের জন্য সরঞ্জামগুলোকে আপগ্রেড করা অথবা লক্ষ্যমাত্রা পূরণের জন্য পদক্ষেপ নির্দেশ করা হয়নি।)
- X আনুমানিক লক্ষ্যমাত্রা সম্পর্কে রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবে:

একটি কারখানার লক্ষ্যগুলোকে যাচাই করার সময়, যাচাইকারীদেরকে অবশ্যই পর্যালোচনা করতে হবেঃ

- পরিপোষক সমস্ত প্রমাণ (যেমন গণনাসমূহ, শক্তি ব্যবহার সংক্রান্ত উপাত্ত এবং বেসলাইনগুলি, নতুন/প্রস্তাবিত সরঞ্জামের বিবরণ, ইত্যাদি) যাতে লক্ষ্যমাত্রা যে উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে স্থির হয়েছে তা যাচাই করা যায়।
- মূল্যায়ন হওয়া লক্ষ্যমাত্রা এবং সুযোগসমূহ কারখানার শক্তির ব্যবহারের সাথে প্রাসঙ্গিক থাকা নিশ্চিত করার জন্য কারখানার শক্তির উৎসের সাথে সম্পর্কিত ক্রিয়াকর্ম এবং ব্যবহার।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- **আবশ্যিক ডকুমেন্টেশন:**
 - পরিপোষক নথিপত্র যা প্রদর্শন করে যে লক্ষ্যমাত্রাগুলি নির্ধারিত হয়েছে হ্রাস / উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে (যেমন, গণনা, শক্তির ব্যবহার/জিএইচজি উপাত্ত এবং বেসলাইনসমূহ, নতুন/ প্রস্তাবিত সরঞ্জামের বিবরণ, ইত্যাদি)
 - কীভাবে লক্ষ্যমাত্রা(গুলি) গণনা করা হয় তা দেখানোর জন্য পরিপোষক প্রণালী এবং গণনা
 - লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য মাপকাঠি/পদক্ষেপের তালিকা
 - লক্ষ্যমাত্রা সম্পর্কে সংশ্লিষ্ট কর্মীদের জানানো হয়েছিল এবং কারখানার গুরুত্বপূর্ণ শক্তির ব্যবহারবিধিগুলোর সাথে সংযুক্ত হয়েছিল যা প্রশ্ন ১-এ চিহ্নিত হয়েছে।
 - সংযোগের পদ্ধতিগুলোর অন্তর্ভুক্ত হতে পারেঃ সভা, বুলেটিন বোর্ডের পোস্ট, নিউজলেটার ছাপা, অন্য কোনো লিখিত ভাবে সেইসব কর্মীদের সাথে সংযোগ স্থাপন করা যারা কারখানায় শক্তি ব্যবহারজনিত কর্মকান্ডের সাথে যুক্ত।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
 - লক্ষ্য ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটিকে অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করতে এবং প্রদর্শন করতে হবে লক্ষ্যমাত্রা কীভাবে নির্ধারণ করা হয়েছিল (যেমন,

উন্নতিবিধানের সুযোগসমূহের মূল্যায়ন থেকে গণনায় প্রাপ্ত হ্রাসের সংখ্যা) এবং কীভাবে লক্ষ্যমাত্রাটিকে পর্যবেক্ষণে রাখা এবং পর্যালোচনা করা হয়েছিল।

- কর্তৃপক্ষ সক্রিয়ভাবে শক্তি সংরক্ষণ করা প্রচার করেন বা উৎসাহ দেন।
- কর্তৃপক্ষ অনবরত উন্নতির জন্য কাজ করছেন এবং বার্ষিক ভিত্তিতে সাইটে শক্তি কমানোর লক্ষ্যগুলোকে পর্যালোচনা করছেন।
- শক্তি খরচ এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন সম্পর্কিত উপাত্ত প্রাসঙ্গিক অভ্যন্তরীণ এবং/অথবা বহিরাগত স্টেকহোল্ডারদের কাছে উপলব্ধ করা হয় যাতে লক্ষ্য পূরণের জন্য দায়বদ্ধতা বজায় থাকে।

আংশিক পয়েন্টগুলো

- "হ্যাঁ" উত্তরের মতোই একই আবশ্যিকতা কিন্তু শুধুমাত্র উৎসগুলোর জন্য (অথবা একটি উৎস) যা একত্রে ৭৯% অথবা তারও কম শক্তি ব্যবহার করে (এই উপাত্ত খুঁজে পাওয়া গেছে প্রশ্ন ১-এর অবদানের গণনায়)

এই প্রশ্নের জন্য পয়েন্ট কীভাবে দেয়া হবে তার উদাহরণঃ

যদি কোনো কারখানার শক্তির উৎসগুলো এবং ব্যবহার নিম্নলিখিত হতোঃ

- শক্তির ৮০% ক্রয় করা বিদ্যুৎ থেকে আসে;
- ৫% আসে ব্যাক-আপ জেনারেটরগুলোর জন্য ডিজেল জ্বালানি থেকে; এবং
- ৫% আসে ক্যান্টিনে ব্যবহৃত এলপিজি থেকে

পুরো পয়েন্ট পেতে গেলে, ফেসিলিটির লক্ষ্যমাত্রা থাকতে হবে যেগুলো হবে (ন্যূনতম) ক্রয় করা বিদ্যুৎ সংক্রান্ত যেহেতু এই উৎসটি ফেসিলিটির মোট শক্তির ব্যবহারের ৪০% পূরণ করে।

যদি কেবলমাত্র ডিজেল জ্বালানি এবং/অথবা এলপিজি-এর জন্য লক্ষ্য স্থির করা হতো, তাহলেও ফেসিলিটিটি লক্ষ্য স্থির-সংক্রান্ত মূল প্রশ্নের উত্তরে হ্যাঁ নির্বাচন করতে পারে, তবে কোনো **পয়েন্ট দেয়া হবে না** যেহেতু এই উৎসগুলো ফেসিলিটির মোট শক্তি ব্যবহারের **৫০%-এরও কম** পূরণ করে।

টীকা লক্ষ্য করবেন যে লক্ষ্যস্থির করা অথবা প্রকৃত শক্তি হ্রাসের পরিমাণগুলি (যেমন, কেডাক্সএইচ-এ) পুরস্কৃত পয়েন্টগুলিকে নির্ধারণের জন্য ব্যবহার হয় না।

এর লক্ষ্য হলো কারখানাগুলোকে পুরস্কৃত করা শক্তি ব্যবহারের সবচেয়ে গুরুত্বপূর্ণ উৎসগুলোকে এবং সাইটে জিএইচজি নির্গমনকে হ্রাস করা যা সর্বাধিক পরিমাণে পরিবেশগত ক্ষতি কমিয়ে আনবে।

(নতুন) আপনার কারখানা কি তার সামগ্রিক জিএইচজি নির্গমন হ্রাস করার লক্ষ্য নির্ধারণ করেছে?

- ভিত্তির বছরটি লিখুন
- আপনার ফেসিলিটির সামগ্রিক জিএইচজি নির্গমন হ্রাস করার জন্য আপনার লক্ষ্য কী?
((হ্রাসের লক্ষ্যমাত্রার জন্য একটি নেতিবাচক শতকরা হার প্রবেশ করান।))
- পরিমাপের ইউনিট
- লক্ষ্যের বছরটি লিখুন
- এটি কি একটি নিয়মমাফিক (নর্ম্যালাইজড) নাকি চূড়ান্ত (অ্যাবসল্যুট) লক্ষ্য?
- এই লক্ষ্য পূরণের জন্য পরিকল্পিত পদ্ধতির বিবরণ দিন *(কীভাবে আপনি এই লক্ষ্য অর্জন করবেন)*

আপলোডের জন্য সুপারিশ: জিএইচজি নির্গমন হ্রাস করবে এমন বিভিন্ন ক্রিয়াকলাপের একত্রিত লক্ষ্যসমূহ

এই প্রশ্নটিতে 2020 হিগ এফইএম এবং 2021 হিগ এফইএম উভয় রিপোর্টিং বছরেই স্কোর দেয়া হয়নি।
ভবিষ্যৎ রিপোর্টিং বছরগুলিতে স্কোর প্রযোজ্য হতে পারে।

হ্রাসের একটি লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন, 5% হ্রাসমাত্রার জন্য -5) প্রবেশ করানো নিশ্চিত করুন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

স্থায়ীত্ববাদী (সাস্টেইনেবল) সংস্থাগুলো পরিবেশের উপর তাদের ক্ষতিকর প্রভাব কমানোর জন্য অনবরত কাজ করে। এখন যখন আপনি জানেন আপনার কারখানা কতটা জিএইচজি নির্গমন করে (আপনার "বেসলাইন"), এবং শক্তি সংক্রান্ত ১ নম্বর প্রশ্নে শক্তি ব্যবহারের ক্ষেত্রে আপনার সর্ব-বৃহৎ চালিকাগুলো, তাহলে আপনার সামগ্রিক জিএইচজি নির্গমন কমানোর জন্য লক্ষ্য স্থির করতে আপনি প্রস্তুত।

লক্ষ্য দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী হতে পারে (স্বল্পমেয়াদী = ৩ বছরের কম, দীর্ঘমেয়াদী = ৩ বছরের বেশি)। একবার স্থির হয়ে গেলে, সাফল্য পাওয়ার পথে থাকার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তনগুলোকে নিশ্চিত করার জন্য অন্তত ত্রৈমাসিক হারে একবার উন্নতিবিধানের বিষয়টিকে পর্যালোচনা করতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

একটি লক্ষ্যের ক্ষেত্রে বেসলাইনের প্রেক্ষিতে একটি নির্দিষ্ট তারিখের মধ্যে যথেষ্ট পরিমাণে উন্নতি করার জন্য চূড়ান্ত (অ্যাবসলুট) বা (নর্ম্যালাইজড) নিয়মমাফিক মেট্রিক ব্যবহার করা যায়। হিগ্ এফইএম-এর জন্য, হ্রাস-সংক্রান্ত লক্ষ্যকে বার্ষিক আয়তনের ইউনিটের সাথে (সাইটের তথ্য বিভাগে বেছে নেয়া হয়ঃ বার্ষিক আয়তনের ইউনিট) অথবা অন্যান্য উপযুক্ত প্রয়োগ-সংক্রান্ত মেট্রিকের সাথে নিয়মমাফিক করা যেতে পারে। নিয়মমাফিক (নর্ম্যালাইজড) একটি লক্ষ্য কেবলমাত্র ব্যবসায় পরিবর্তনের ফলাফল যেমন উৎপাদন হ্রাস না হয়ে থেকে, উন্নতি প্রকৃতপক্ষে ঘটলে আপনাকে তা প্রদর্শন করে। নিয়মমাফিক (নর্ম্যালাইজড) লক্ষ্যের একটি উদাহরণ হলো এক কিলোগ্রাম বিক্রয়যোগ্য পণ্য উৎপাদনের সময় kgCO₂e নির্গমন (kgCO₂e/ইউনিট)।

এই প্রবন্ধের উত্তরে **হ্যাঁ** লেখার জন্য আনুষ্ঠানিক লক্ষ্য স্থির করা এফইএম-এর ক্ষেত্রে আবশ্যিক। আনুষ্ঠানিক উন্নতিবিধানের লক্ষ্য স্থির করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি করা নিশ্চিত করবেনঃ

- উন্নতির সুযোগসমূহ এবং পদক্ষেপের আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে লক্ষ্যকে নির্ভরশীল করা (যেমন আরো পরিষ্কার জ্বালানিতে পরিবর্তন)।
 - উদাহরণ স্বরূপঃ একটি বয়লার প্রতিস্থাপনের মূল্যায়নের ভিত্তিতে একটি লক্ষ্য স্থির করা যা থেকে বার্ষিক জিএইচজি নির্গমনে ১০% হ্রাস প্রত্যাশিত যেটি বয়লার নির্মাতার বিবরণ এবং প্রত্যাশিত প্রয়োগমূলক চাপের একটি আনুষ্ঠানিক পর্যালোচনার ভিত্তিতে গণনা করা হয়েছিল।
- সঠিক লক্ষ্যমাত্রার পরিমাণ নির্দেশ করা, যা শতকরা হারে প্রকাশিত (যেমন, ৪% হারে নিয়মমাফিক (নর্ম্যালাইজড) জিএইচজি নির্গমন হ্রাস করা (kgCO₂e/ইউনিট)। এটি **অবশ্যই** উপরে যেভাবে বলা হয়েছে সেরকম আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে হবে।
- লক্ষ্য উৎপাদন অথবা কার্যসম্পাদনা-সংক্রান্ত মেট্রিকের ক্ষেত্রে লক্ষ্য চূড়ান্ত (অ্যাবসলুট) হবে নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হবে তা নির্ধারণ করুন।
- লক্ষ্যের শুরুর তারিখটি নির্দেশ করুন (যেমন, "বেসলাইন")।
- লক্ষ্যশেষের তারিখটি নির্দেশ করুন, যার অর্থ হলো আবশ্যিক উন্নতিবিধান সম্পূর্ণ হওয়ার উদ্দেশিত তারিখ।
- উপযুক্ত পরিমাপক ইউনিটটি নির্দেশ করুন।
- লক্ষ্য পর্যালোচনা করার প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন। নির্দেশিত লক্ষ্যে পৌঁছানোর জন্য গৃহীত পদক্ষেপগুলো এবং তার অগ্রগতির মূল্যায়ন এই পর্যালোচনাতে অন্তর্ভুক্ত হওয়া উচিত। ত্রৈমাসিক পর্যালোচনার জন্য প্রস্তাবনা দেয়া হচ্ছে।
- সাইটের সামগ্রিক জিএইচজি নির্গমন হ্রাসের ক্ষেত্রে লক্ষ্যটির প্রাসঙ্গিকতা নিশ্চিত করা (যেমন, সাইটের সর্বাধিক জিএইচজি নির্গমন ক্ষেত্রগুলিতে অভিনিবেশ করা)

হিগ্‌ এফইএম-এ লক্ষ্য রিপোর্ট করাঃ

করবেন:

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য লক্ষ্য পর্যালোচনা করবেন।
- ✓ লক্ষ্যস্থির করা হ্রাস বা উন্নতিকে শতকরা হার হিসেবে প্রবেশ করান। **হ্রাসের একটি লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন, 5% হ্রাসমাত্রার জন্য -5) প্রবেশ করানো নিশ্চিত করুন।**
- ✓ এফইএম-এ বেসলাইনের যথাযথ ধরনটি নির্বাচন করুন - চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড)।
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত উপায়গুলোর বর্ণনা দিনঃ"-এর জায়গায় পর্যাপ্ত বিশদে জানান যে লক্ষ্য কীভাবে পূরণ করা হবে (যেমন, প্রাকৃতিক গ্যাস-চালিত বয়লারে পরিবর্তনের মাধ্যমে নিয়মমাফিক (নর্ম্যালাইজড) জিএইচজি নির্গমন 8% হ্রাস (kgCO₂e/ইউনিট)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, হ্রাসের একটি লক্ষ্যমাত্রা যা বিকল্পগুলির একটি আনুষ্ঠানিক মূল্যায়নের উপর নির্ভরশীল নয় যেমন বিবৃত লক্ষ্যমাত্রা পূরণের জন্য যন্ত্রপাতির আপগ্রেড/জ্বালানির উৎস পরিবর্তন অথবা লক্ষ্যমাত্রা পূরণের জন্য পদক্ষেপ নির্দেশ করা হয়নি।)
- X আনুমানিক লক্ষ্যমাত্রা সম্পর্কে রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবে:

একটি কারখানার জিএইচজি নির্গমন হ্রাসের লক্ষ্যগুলোকে যাচাই করার সময়, যাচাইকারীদেরকে অবশ্যই পর্যালোচনা করতে হবেঃ

- পরিপোষক সমস্ত প্রমাণ (যেমন গণনাসমূহ, জিএইচজির বর্ণনামূলক তালিকা এবং বেসলাইনগুলি, নতুন/প্রস্তাবিত যন্ত্রপাতির বিবরণ, ইত্যাদি) যাতে লক্ষ্যমাত্রা যে উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে স্থির হয়েছে তা যাচাই করা যায়।
- মূল্যায়ন হওয়া লক্ষ্যমাত্রা এবং সুযোগসমূহ কারখানার জিএইচজি নির্গমনের সাথে প্রাসঙ্গিক থাকা নিশ্চিত করার জন্য কারখানার ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত জিএইচজি নির্গমন।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- পরিপোষক নথিপত্র যা প্রদর্শন করে যে লক্ষ্যমাত্রাগুলি নির্ধারিত হয়েছে হ্রাস / উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে (যেমন, গণনা, শক্তির ব্যবহার/জিএইচজি উপাত্ত এবং বেসলাইনসমূহ, নতুন/ প্রস্তাবিত সরঞ্জামের বিবরণ, ইত্যাদি)
- কীভাবে লক্ষ্যমাত্রা(গুলি) গণনা করা হয় তা দেখানোর জন্য পরিপোষক প্রণালী এবং গণনা
- লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য মাপকাঠি/পদক্ষেপের তালিকা

• জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:

- লক্ষ্য ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটিকে অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করতে এবং প্রদর্শন করতে হবে লক্ষ্যমাত্রা কীভাবে নির্ধারণ করা হয়েছিল (যেমন, উন্নতিবিধানের সুযোগসমূহের মূল্যায়ন থেকে গণনায় প্রাপ্ত হ্রাসের সংখ্যা) এবং কীভাবে লক্ষ্যমাত্রাটিকে পর্যবেক্ষণে রাখা এবং পর্যালোচনা করা হয়েছিল।
- কর্তৃপক্ষ সক্রিয়ভাবে জিএইচজি নির্গমন হ্রাস করার বিষয়টি প্রচার করেন বা সমর্থন করেন
- কর্তৃপক্ষ নিরন্তর উন্নতিবিধান পরিচালনা করছেন এবং বার্ষিক ভিত্তিতে নির্গমনের লক্ষ্যমাত্রাগুলোকে পর্যালোচনা করছেন।
- গ্রিনহাউস গ্যাস নির্গমন সম্পর্কিত উপাত্ত প্রাসঙ্গিক অভ্যন্তরীণ এবং/অথবা বহিরাগত স্টেকহোল্ডারদের কাছে উপলব্ধ করা হয় যাতে লক্ষ্য অর্জনের জন্য দায়বদ্ধতা বজায় থাকে।

৫। আপনার কারখানার কি শক্তি ব্যবহার এবং/অথবা জিএইচজি নির্গমনের উন্নতিবিধান বাস্তবায়নের জন্য কোনো পরিকল্পনা রয়েছে ?

পরিকল্পনাটির একটি কপি আপলোড করুন

শক্তি ব্যবহার কমানো বা পুনর্নবীকরণযোগ্য উৎস দ্বারা বর্তমান শক্তির উৎসগুলো প্রতিস্থাপন করে জিএইচজি নির্গমন উন্নত করার মাধ্যমে উন্নতিবিধান করা সম্ভব হতে পারে।

হ্যাঁ লিখুন যদি আপনার বাস্তবায়ন সংক্রান্ত এমন কোনো পরিকল্পনা থাকে যা দেখায় যে আপনি আপনার হ্রাস-সংক্রান্ত লক্ষ্য অর্জনের জন্য পদক্ষেপ নিচ্ছেন।

যদি আপনার পরিকল্পনা থাকে কিন্তু করণীয় সব কাজ আপনি না শুরু করে থাকেন তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ লিখুন**।

[বাস্তবায়ন পরিকল্পনার নমুনা এখানে](#) আপনি ডাউনলোড করতে পারেন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

প্রশ্ন 3-এ সর্বোচ্চ শক্তি ব্যয়কারী প্রক্রিয়াটিকে সনাক্ত করে শক্তি ব্যয় এবং/অথবা জিএইচজি নির্গমন কমানোকে প্রাধান্য দেয়ার জন্য আপনার ফেসিলিটিকে দিয়ে একটি কর্ম-পরিকল্পনা তৈরি করানোই উদ্দেশ্য।

পদ্ধতিগতভাবে শক্তি ব্যবহারের ব্যবস্থাপনা করার জন্য লক্ষ্য-স্থির করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, কিন্তু আপনার সাইটকে অবশ্যই হ্রাসের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা আপনার লক্ষ্যস্থির করা হ্রাস অর্জনের জন্য আপনি যে পদক্ষেপগুলো গ্রহণ করেছেন তাদের দেখায়। কিছু কারখানার নির্দিষ্ট লক্ষ্য ছাড়াই বাস্তবায়ন পরিকল্পনা থাকতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রশ্নটি চিহ্নিত করে যে স্পষ্ট পদক্ষেপ সহ কারখানাটি কীভাবে নিজের লক্ষ্যকে সহায়তা দেয়। পরিকল্পিত শক্তি হ্রাস প্রকল্প অথবা কারখানাতে যেমন ঘটছে সেইসব ব্যবসায়িক প্রক্রিয়াগুলোকে নথিভুক্ত করার এটি একটি সুযোগ।

কর্ম-পদক্ষেপের মধ্যে অন্তর্ভুক্ত থাকা উচিতঃ

1. যোগ্য ব্যক্তিবর্গ বা তৃতীয়-পক্ষীয় শক্তি মূল্যায়নকারীদের দ্বারা অভ্যন্তরীণ মূল্যায়ন করানোর মাধ্যমে শক্তি-সঞ্চয় করার সুযোগগুলোকে চিহ্নিত করা
2. শক্তি সঞ্চয়ের বিকল্পগুলো মূল্যায়ন করা এবং বিনিয়োগের থেকে কি ফেরত পাওয়া যাবে গণনা করা
3. বেছে নেয়া সমাধানের জন্য অর্থ/বাজেট-এর অনুমোদন দেয়া
4. সমাধান বাস্তবায়ন করা এবং হ্রাস কমানো
5. অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য কার্য-পদক্ষেপের নিয়মিত পর্যালোচনা করানো

একটি বাস্তবায়ন পরিকল্পনা কীভাবে করা যায়?

প্রস্তাবিত সমাধান বাস্তবায়নের জন্য, উন্নতিবিধানের সুযোগকে সুনিশ্চিত করার জন্য ব্যবস্থাপকদের একনিষ্ঠতা এবং কর্মীদের সচেতনতা এবং অংশগ্রহণকে চিহ্নিত করা, সমাধান প্রস্তাব করা, এবং যদি প্রয়োজন হয়, আসল বা ব্যয়ের জন্য নির্ধারিত ডলার ব্যবহার করে পরিবর্তন করা। সমাধান কার্যকরী করার অভিমুখী বহু সম্ভাব্য পথের মধ্যে প্রায়শই অন্তর্ভুক্ত থাকে তৃতীয় পক্ষীয় পরামর্শ, লিখিত নথিপত্র এবং প্রযুক্তিগত গবেষণা, ডিজাইনের ফর্ম, এবং প্রথম ধাপের পরীক্ষানিরীক্ষা। শুরু থেকেই একটি সংগঠিত এবং সুসমন্বিত উন্নতি-সংক্রান্ত পদক্ষেপ যাতে নেয়া যায় তা সুনিশ্চিত করার জন্য লক্ষ্য অর্জনের সাথে সম্পর্কিত সমস্ত কর্মকাণ্ড একটি বাস্তবায়ন পরিকল্পনার অংশ হওয়া উচিত।

শক্তি পুনরুদ্ধার কীভাবে রিপোর্ট করবেন?

শক্তি পুনরুদ্ধার (অথবা বর্জ্য তাপ পুনর্ব্যবহার) হলো একটি অভ্যাস বা পদক্ষেপ যা আপনার একবার ব্যবহার করে ফেলা শক্তির চাহিদাকে হ্রাস করে। যদি আপনি শক্তি পুনরুদ্ধারের বিষয়টি অভ্যাস করেন, তাহলে আপনার কার্যকারিতার প্রয়াস যাতে বোঝা যায় তা সুনিশ্চিত করার জন্য দয়া করে সেটিকে আপনার বাস্তবায়ন পরিকল্পনাতে তালিকাভুক্ত করুন।

জিএইচজি নির্গমন কীভাবে হ্রাস করা যায় ?

শক্তির কার্যকারিতা সংক্রান্ত পদক্ষেপ রিপোর্ট করা ছাড়াও, জিএইচজি হ্রাসে অবদান রাখে যে পদক্ষেপগুলো আপনি সেগুলো সম্পর্কেও রিপোর্ট করতে পারেন। উদাহরণ স্বরূপ, আপনার কারখানা যদি নিম্ন কার্বন মাত্রার শক্তি-উৎস ব্যবহার করতে শুরু করে থাকে অথবা শক্তি ব্যবহার কমানোর পাশাপাশি জিএইচজি নির্গমনের জন্য অন্যান্য পদক্ষেপও নিয়ে থাকে, আপনি সেগুলোও আপনার পদক্ষেপ-পরিকল্পনায় রিপোর্ট করতে পারেন।

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- ক্লিন বাই ডিজাইনের দশটি সর্বোত্তম অভ্যাস: https://apparelimpact.org/case_study/best-practices/
- বাস্তবায়ন পরিকল্পনার টেমপ্লেট: <https://howtohigg.org/fem-landing/fem-templates/>

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- **আবশ্যিক ডকুমেন্টেশন:**
 - শক্তি ব্যবহার হ্রাসের তালিকা যার অন্তর্ভুক্ত হলো সুনির্দিষ্ট প্রকল্প, হ্রাসের লক্ষ্য, তারিখ, এবং প্রগতি যা মোট শক্তি ব্যবহারের ৮০% বা তারও বেশি এবং/অথবা
 - একজন যোগ্য এনার্জি অডিটর (অভ্যন্তরীণ বা বহিরাগত) দ্বারা এনার্জি অডিট বা মূল্যায়ন করানো যা শক্তির ব্যবহার হ্রাসের সুযোগ এবং বাস্তবায়নের তারিখগুলোকে চিহ্নিত করে। একজন যোগ্য এনার্জি এডিটর এনার্জি অডিটের সাথে সম্পর্কিত ISO 50002:2014 মানদণ্ড দ্বারা প্রশিক্ষিত/ অভিজ্ঞতালব্ধ হবেন।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
 - কর্তৃপক্ষ যে সমস্ত প্রকল্প বাস্তবায়িত হচ্ছে সেগুলো সম্পূর্ণ হওয়ার স্টেটাস, এবং তাদের সাথে সম্পর্কিত লাভ সহ পরিকল্পনাটিকে স্পষ্টতর করে তুলতে পারেন।
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোতে দেখতে হবে:**
 - পরিকল্পনাতে চিহ্নিত প্রকল্পগুলো সম্পূর্ণ হয়ে গেছে বা কাজ চলছে

আংশিক হ্যাঁ

- "হ্যাঁ" উত্তরের মতোই একই আবশ্যিকতা কিন্তু উৎসগুলোর জন্য (অথবা একটি উৎসের জন্য) যেগুলির সমগ্র শক্তি ব্যবহার ৫০-৭৯%

৬। গত ক্যালেন্ডার বছরে এর বেসলাইনের তুলনায় আপনার কারখানাতে শক্তির ব্যবহার কি উন্নত হয়েছে? যদি তা হয়, শক্তির সেই সমস্ত উৎসগুলোকে বেছে নিন যেগুলোতে উন্নতি হয়েছে।

- উৎস
- এই উৎসের বেসলাইনের তুলনায় আপনার কারখানা কি শক্তির ব্যবহার উন্নত করতে পেরেছে ?
- একটি বেসলাইন বছর বেছে নিন
- এই উৎস থেকে আপনার কারখানার শক্তিব্যয়ের ক্ষেত্রে পরিবর্তন চিহ্নিত করুন (পরিমাণ, পরিমাপের ইউনিট, শতকরা হারে পরিবর্তন)
- এটি কি নর্ম্যালাইজ (নিয়মমাফিক) করা নাকি অ্যাবসলুট (চূড়ান্ত)?
- এই উন্নতি অর্জন করার ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলোর বিবরণ দিন

আপলোডের জন্য সুপারিশঃ শক্তি অনুসরণকারী রিপোর্ট যা গত ক্যালেন্ডার বছরে শক্তির উৎসগুলোর ক্ষেত্রে যে হ্রাস ঘটেছে তা প্রদর্শনকারী। ইউটিলিটি বিল আপলোড করা বাধ্যতামূলক নয়, তবে যাচাইকারী দ্বারা পর্যালোচনা করার জন্য যাচাইয়ের সময় সেটি থাকা উচিত।

*যদি গত ক্যালেন্ডার বছরে আপনার মোট শক্তি ব্যবহারের ৪০% বা ততোধিক পূরণ করে যে শক্তির উৎসগুলো সেগুলোকে কমিয়ে আনতে পেরে থাকেন তাহলে আপনি **পুরো পয়েন্ট** পাবেন।*

*যদি গত ক্যালেন্ডার বছরে সেই উৎসগুলোকে হ্রাস করতে পেরে থাকেন যেগুলো আপনার মোট শক্তি ব্যবহারের ৫০-৭৯% অংশ পূরণ করে তাহলে আপনি **আংশিক পয়েন্ট** পাবেন। আপনার শক্তি ব্যবহারের বৃহত্তর উৎসগুলো যা পরিবেশগত প্রভাবগুলোকে বৃদ্ধি করে, সেগুলোকে হ্রাস করার জন্য এটি আপনার পুরস্কার।*

*যদি গত ক্যালেন্ডার বছরে আপনি কিছুই হ্রাস করতে সক্ষম না হয়ে থাকেন অথবা একটি উৎসের ক্ষেত্রে আপনার হ্রাস সম্পর্কে কিছু না জানাতে পারেন তবে ওই উৎসের জন্য আপনার উত্তর হিসেবে দয়া করে **না বেছে নিন**।*

এই প্রবন্ধের উদ্দেশ্য কি?

কারখানায় প্রভাব কমানোর জন্য পদক্ষেপ গ্রহণ এই মূল্যায়নের প্রাথমিক গুরুত্বপূর্ণ লক্ষ্য।

স্থায়িত্ববাদীতা হলো নিরন্তর উন্নতিবিধানের একটি যাত্রা। সাফল্য হলো ব্যাপক এক কাজের ফলাফল যাতে অন্তর্ভুক্ত রয়েছে অনুসরণ, লক্ষ্য স্থির করা, এবং লক্ষ্য পূরণের জন্য বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী কাজ নিষ্পন্ন করা। এই প্রক্রিয়াটি রিপোর্টিং বছরে পরিমাপযোগ্য শক্তি সংরক্ষণের সাফল্য রিপোর্ট করার একটি সুযোগ দেয়। রিপোর্টিং বছর জুড়ে সফলতাকে অনুসরণ করে, একটি কারখানা তার সফলতার মাধ্যমে সুদৃঢ় হওয়ার দিকে নিজের একনিষ্ঠতাকে প্রমাণ করে।

প্রযুক্তিগত নির্দেশনা:

উন্নতি চূড়ান্ত (অ্যাবসল্যুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হতে পারে, তবে সুপারিশ করা হয় যে আপনি নর্ম্যালাইজড হ্রাসই দেখান যেমন "বিদ্যুৎ ব্যবহার রিপোর্টিং বছরে 0.015 কেডাক্সএইচ/ইউনিট কমানো হয়েছিল।" কারণ নিয়মমাফিক (নর্ম্যালাইজড) মেট্রিক প্রকৃত উন্নতি দেখায় ব্যবসায়িক পরিবর্তনের কারণে ঘটা হ্রাস যেমন উৎপাদন হ্রাসের বদলে।

এই প্রবন্ধে **হ্যাঁ** উত্তর দিতে পারার জন্য বছরের পর বছর উন্নতি হওয়ার বিষয়টি এফইএম-এ প্রদর্শন করা আবশ্যিক। শক্তি ব্যবহারের ক্ষেত্রে আপনার উন্নতি মূল্যায়ন করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি করাটা নিশ্চিত করবেন:

- শক্তির উৎসের উপাত্ত এবং একত্রিত মোট সংখ্যাটি পুনর্বিবেচনা করা যাতে উপাত্ত এবং যেকোনো স্বয়ংক্রিয় গণনা নির্ভুল থাকাটা সুনিশ্চিত করা যায়।
- উন্নতির লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলি পর্যালোচনা করা এবং ঐতিহাসিক শক্তি ব্যবহারের উপাত্তের সাথে এই উপাত্তের তুলনা করার মাধ্যমে এগুলোর কারণে পরিমাপযোগ্য উন্নতি ঘটেছে কিনা তা নির্ধারণ করুন। **টীকা:** ঐতিহাসিক উপাত্ত নির্ভুল কীনা তাও যাচাই করতে হবে।
 - উদাহরণ স্বরূপঃ কারখানার সংকুচিত বাতাস ব্যবস্থার বিকাশ এবং পরিচালনার চাপ 5পিএসআই কমানো হয়েছে যা সাইটে বাতাসের কমপ্রেসারের দ্বারা খরচ হওয়া শক্তিতে বছরের পর বছর 5.3% হ্রাস ঘটিয়েছিল। এটি সাব-মিটারে পরিমাপ হয়েছিল যা কমপ্রেসার ঘরগুলোতে বসানো রয়েছে।

হিগ্‌ এফইএম-এ উন্নতিবিধানের রিপোর্টিং:

করবেন:

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য হ্রাস-সংক্রান্ত উপাত্ত পর্যালোচনা করবেন।

- ✓ উন্নতিবিধানের পরিমাণ হয় একটি চূড়ান্ত (অ্যাবসল্যুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) ভ্যালু হিসেবে প্রবেশ করান। এটি বছরের পর বছর ধরে এই উৎসের থেকে শক্তি ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তন। (যেমন, পূর্ববর্তী বছরের খরচ – রিপোর্টিং বছরের খরচ = শক্তি ব্যবহারে পরিবর্তন) **হ্রাস দেখানোর জন্য একটি নেতিবাচক সংখ্যা (যেমন নিয়মমাফিক 0.05 কেডাক্সএইচইউনিট হ্রাসের ক্ষেত্রে -0.05) এবং বৃদ্ধি দেখানোর জন্য একটি ইতিবাচক সংখ্যা (যেমন রিসাইক্ল করা পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহারের নিয়মমাফিক 0.03 কেডাক্সএইচইউনিট বৃদ্ধির জন্য 0.03) প্রবেশ করানো নিশ্চিত করুন।**
- ✓ উন্নতির জন্য উপযুক্ত ইউনিটগুলোকে নির্বাচন করুন। (যদি উপযুক্ত ইউনিট পাওয়া না যায়, "এই উন্নতি অর্জনের ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলির বিবরণ দিনঃ" লেখা জায়গাতে ইউনিটগুলিকে তালিকাভুক্ত করুন)
- ✓ পূর্ববর্তী বছরের তুলনায় উৎসটি থেকে শক্তি ব্যবহারের পরিবর্তন (%) -এ প্রবেশ করান। **হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন 5% হ্রাস করার জন্য -5), এবং একটি বৃদ্ধিমূলক ব্যবহারবিধির জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারের ক্ষেত্রে 5% বৃদ্ধির জন্য 5) প্রবেশ করানো নিশ্চিত করুন।**
- ✓ "এই উন্নতি অর্জনের ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলির বিবরণ দিন:" লেখা জায়গাতে পর্যাপ্ত খুঁটিনাটি জানাবেন (যেমন, নিয়মমাফিক বিদ্যুৎ ব্যয় ফেসিলিটির সংকুচিত বাতাস ব্যবস্থাকে উন্নত করার মাধ্যমে হ্রাস করা হয়েছিল)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা যেগুলো এফইএম রিপোর্টিং বছরে অর্জিত হয়নি (যেমন ঐতিহাসিক উন্নতি যা ১ বছরেরও আগে অর্জিত হয়েছিল সেগুলো রিপোর্ট করা উচিত নয়)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করুন যা চূড়ান্ত (অ্যাবসল্যুট) এবং উৎপাদনে হ্রাস অথবা ফেসিলিটির হ্রাসপ্রাপ্ত ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত। এই কারণেই উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজেশন) করা জরুরি।
- X অপরিাপ্ত উপাত্তের উপর নির্ভরশীল উন্নতি সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, সামগ্রিক হ্রাস অর্জন করা গেছিল কিন্তু এটি এই হ্রাসের মাত্রা অর্জন করার জন্য পরিমাপযোগ্য অথবা বর্ণিত পদক্ষেপের সাথে সম্পর্কিত ছিল না)। এটি বিশেষ করে জরুরি যখন উন্নতির পরিমাণ প্রান্তীয় (যেমন, ১-২%-এর চেয়ে কম) এবং সম্ভবত পরিমাপ/ অনুসরণের ত্রুটি এবং/অথবা কার্যসম্পাদনগত পরিবর্তনশীলতার কারণে ঘটেছে।

টীকাঃ উন্নতির প্রকৃত% অথবা পরিমাণের ভিত্তিতে এই প্রশ্নে স্কার দেয়া হয় না কারণ একটি ফেসিলিটি তার শেষ 5-10% শক্তি কার্যকারিতার ভিত্তিতে কাজ চালিয়ে যেতে পারে যা পূরণ করা কঠিন। আমরা মিহিমিছি সদা শুরু করাদের পুরস্কৃত করতে এবং নেতৃস্থানীয়দের কম পয়েন্ট দিতে চাই না

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

কোনো কারখানার উন্নতি যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই পর্যালোচনা করতে হবেঃ

- রিপোর্ট করা উন্নতির পরিমাণ নির্ভুল এবং শক্তির ব্যবহারে উন্নতি ঘটানোর জন্য গৃহীত পরিমাপযোগ্য পদক্ষেপগুলির কারণেই ঘটেছে তা যাচাই করার জন্য সমস্ত পরিপোষক প্রমাণ (যেমন শক্তি ব্যবহারের উপাত্ত এবং বেসলাইনসমূহ, ইত্যাদি)।
- উন্নতি সাধনের জন্য বাস্তবায়িত পরিবর্তনগুলি অথবা গৃহীত পদক্ষেপগুলি।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- **নথিপত্র আবশ্যিকঃ**
 - শক্তি অনুসরণকারী রিপোর্ট এবং গ্রহণের রেকর্ড যা শক্তির সেই উৎসগুলোর ক্ষেত্রে হ্রাস প্রদর্শন করে যেগুলো আপনার মোট শক্তি ব্যবহারের ৮০%কে পূরণ করে।
 - নতুন যন্ত্রপাতি কেনার অথবা কার্যকারিতার উন্নতিবিধানের প্রমাণ যা প্রদর্শন করে যে কেবলমাত্র উৎপাদন হ্রাস করে, অথবা কর্মীসংখ্যা কমানোর মাধ্যমে, বা প্রক্রিয়া পরিবর্তনের মধ্যে দিয়ে শক্তি হ্রাস করা হয়নি।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - শক্তির ব্যবহার ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটিকে স্পষ্টভাবে ব্যাখ্যা এবং প্রদর্শন করতে হবে যে কীভাবে উন্নতি অর্জন করা হয়েছিল (যেমন কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, এবং এই পরিবর্তনকে কীভাবে পরিমাপ ও গণনা করা হয়েছিল)।
 - পরিচালকবর্গ সক্রিয়ভাবে নিরন্তর শক্তির খরচ হ্রাসকারী লক্ষ্যগুলোকে নিয়মিত পর্যালোচনার মাধ্যমের উন্নতিবিধান করছেন?
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - প্রস্তাব পরিকল্পনার উপাদানের প্রেক্ষিতে অগ্রগতি (যেমন আলো বা যন্ত্রপাতি প্রতিস্থাপন)
 - শক্তির কার্যকারিতা সংক্রান্ত প্রকল্পগুলো থেকে যে রিবেট পেয়েছেন (যদি প্রযোজ্য হয়)
 - শক্তির কার্যকারিতা বা পুনর্নবীকরণযোগ্য শক্তি অর্জনের জন্য পুরস্কার বা সার্টিফিকেট (যেমন গ্রিন বিল্ডিং সার্টিফিকেট, এনার্জি স্টার সার্টিফিকেশন, ইত্যাদি)।

আংশিক পয়েন্টগুলো

- উপরের "হ্যাঁ"-এর মতোই একই আবশ্যিকতা কিন্তু সেইসব শক্তি সংক্রান্ত উৎসের (বা একটি উৎস) জন্য যা আপনার মোট শক্তি ব্যবহারের ৭৯%-এর কম পূরণ করে

শক্তি - স্তর ৩

৭। এই প্রতিবেদনের বছরে কি আপনার কারখানার বার্ষিক স্কোপ ৩ গ্রিনহাউস গ্যাস (GHG) নির্গমন গণনা করা হয়েছে?

co2e-তে আপনার কারখানার বার্ষিক স্কোপ ৩ জিএইচজি নির্গমন সম্পর্কে এখানে রিপোর্ট করুন

আপনার স্কোপ ৩ গণনার এখানে বিবরণ দিন

আপলোডের জন্য সুপারিশ: রিপোর্টিং বছরে স্কোপ ৩ জিএইচজি নির্গমনের গণনার নথিপত্র

এই প্রশ্নে নম্বর দেয়া হবে না। জিএইচজি প্রোটোকল এই নির্গমনের প্রকারভেদগুলোকে তিনটি বিশদ স্কোপ-এ বিভক্ত করে:

- স্কোপ ১ঃ সমস্ত প্রত্যক্ষ জিএইচজি নির্গমন। (স্তর ১ শক্তি অনুসরণে এটি বলা হয়েছিল)
- স্কোপ ২ঃ ক্রয় করা বিদ্যুৎ, তাপ অথবা বাষ্পের ব্যবহার থেকে পরোক্ষ জিএইচজি নির্গমন। (স্তর ১ শক্তি অনুসরণে এটি বলা হয়েছিল)
- স্কোপ ৩: অন্যান্য পরোক্ষ ধরনের নির্গমন, যেমন ক্রয় করা উপাদান ও জ্বালানি নিষ্কাশন ও তার উৎপাদন, রিপোর্টিং সংস্থার মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন নয় এমন যানবাহনে পরিবহন-সম্পর্কিত কর্মকাণ্ড, স্কোপ ২-তে বলা হয়নি এমন সমস্ত বিদ্যুৎ-সম্পর্কিত কর্মকাণ্ড (যেমন টি অ্যান্ড ডি ক্ষতিসমূহ), অন্যদের দিয়ে করানো কাজকর্ম, বর্জ্য নিষ্কাশন, ইত্যাদি। (উৎস: <https://ghgprotocol.org>)

আপনার কারখানা বা ব্যবসা থেকে স্কোপ ৩ নির্গমন গণনা করা হলো একটি উন্নততর অভ্যাস যা এই প্রশ্নে নোট করা যায়। তবে, এই প্রশ্নে নম্বর দেয়া হবে না কারণ হিগ্গ কেবলমাত্র স্তর ৩-এ পয়েন্ট দেয় সেইসব পদক্ষেপ নেয়ার জন্য যা পরিবেশগত প্রভাবে সরাসরি উন্নত করে। স্কোপ ৩ নির্গমনকে গণনা করা দরকারি অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে এবং/অথবা সহায়তা দিতে পারে, কিন্তু কোনোক্রমে পরিবেশগত উন্নতিবিধান হয়েছে এমন কোনো নিশ্চয়তা এটি প্রদান করে না।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কারখানার ক্রিয়াকলাপের জন্য স্কোপ ৩ নির্গমন গণনা করা বিশেষ করে উৎপাদন শিল্পের জন্য জরুরি কারণ এটি পণ্যের উৎপাদন এবং ব্যবহার, আপস্ট্রিম এবং ডাউনস্ট্রিম উভয় প্রকার ক্রিয়াকলাপের সাথে সংযুক্ত পরিবেশগত প্রভাবের উপর অন্তর্দৃষ্টি প্রদান করে। সমস্ত আপস্ট্রিম এবং ডাউনস্ট্রিম ব্যবসায়িক কর্মকাণ্ড (ব্যতিক্রম কারখানাজাত উৎপাদন প্রক্রিয়া)-কে স্কোপ ৩ ফুটপ্রিন্ট গণনা করার জন্য অন্তর্ভুক্ত করা যায়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

জিএইচজি প্রোটোকল কর্পোরেট ভ্যালু চেইন (স্কোপ ৩) মানদণ্ড কারখানাগুলোকে তাদের সম্পূর্ণ ভ্যালু চেইনে নির্গমনের প্রভাবকে মূল্যায়ণ করতে সুযোগ দেয়। স্কোপ ৩ মানদণ্ড নিম্নলিখিত বিষয়গুলোতে অভিনিবেশ করেঃ

- আপস্ট্রিম নির্গমন হলো ক্রয় করা বা অধিগত করা পণ্য বা সেবার সাথে সম্পর্কিত পরোক্ষ জিএইচজি নির্গমনসমূহ।
- ডাউনস্ট্রিম নির্গমন হলো বিক্রি করা পণ্য এবং সেবার সাথে সম্পর্কিত জিএইচজি নির্গমনসমূহ।

মানদণ্ডে, আপস্ট্রিম এবং ডাউনস্ট্রিম উৎসগুলো নিচে দেয়া আরো ১৫টি মূল বিভাগে বিভক্তঃ

আপস্ট্রিম স্কোপ ৩ নির্গমনের উৎস	১। ক্রয় করা পণ্য এবং সেবাসমূহ ২। মূলধন-জাতীয় পণ্যসমূহ ৩। জ্বালানি-এবং শক্তি-সংক্রান্ত ক্রিয়াকলাপ (স্কোপ ১ বা স্কোপ ২-তে অন্তর্ভুক্ত নয়) ৪। আপস্ট্রিম পরিবহন এবং বিতরণ ৫। ক্রিয়াকলাপ থেকে উদ্ভূত বর্জ্য ৬। ব্যবসা সংক্রান্ত ভ্রমণ ৭। কর্মচারীদের পরিবহন ৮। আপস্ট্রিমে ভাড়া দেয়া সম্পদ
ডাউনস্ট্রিমে স্কোপ ৩ নির্গমনের উৎস	৯। ডাউনস্ট্রিম পরিবহন এবং বিতরণ ১০। বিক্রি হওয়া পণ্যের প্রক্রিয়াকরণ ১১। বিক্রি হওয়া পণ্যের ব্যবহার ১২। বিক্রি হওয়া পণ্যের জীবনচক্রীয় সমাপ্তির ব্যবহার ১৩। ডাউনস্ট্রিমে ভাড়া দেয়া সম্পদ ১৪। ফ্যাঞ্চাইজিসমূহ ১৫। বিনিয়োগসমূহ

জিএইচজি প্রোটোকল স্কোপ 3 মূল্যায়নকারী হলো (<http://www.ghgprotocol.org/scope-3-evaluator>) একটি উপকরণ যেটিকে স্কোপ 3 উৎসগুলোর থেকে জিএইচজি নির্গমন চিহ্নিত করা এবং আনুমানিক হিসেব করার জন্য সাহায্য পেতে ব্যবহার করা যায়।

এই প্রশ্নের উত্তরে **হ্যাঁ** বলার জন্য, স্কোপ 3 জিএইচজিকে অবশ্যই কর্পোরেট ভ্যালু চেইন (স্কোপ 3) মানদণ্ডের সাথে সঙ্গতি রেখে গণনা করতে হবে এবং রিপোর্ট করতে হবে। এর অন্তর্ভুক্ত হলো:

- সমস্ত স্কোপ 3 নির্গমন উৎস থেকে জিএইচজি নির্গমন গণনা করা (মানদণ্ডের অধ্যায় ৫ এবং ৬-এ যেমন পরিভাষিত আছে)
- মানদণ্ডের অধ্যায় ১১-তে পরিভাষিত আবশ্যিকতাসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে স্কোপ 3 নির্গমন রিপোর্ট করা হয় যার অন্তর্ভুক্ত হলো স্কোপ 3-এর কর্মকান্ডের একটি তালিকা যেটিকে বাদ দেয়ার ন্যায্য কারণ জানানো সহ রিপোর্টিং থেকে বাদ দেয়া হয়েছে।

এটা কীভাবে যাচাই করা যাবে:

কোনো ফেসিলিটির স্কোপ 3 জিএইচজি নির্গমন রিপোর্ট যাচাই করার সময়, যাচাইকারীদেরকে **অবশ্যই** পর্যালোচনা করতে হবে:

- কর্পোরেট ভ্যালু চেইন (স্কোপ 3) মানদণ্ডে প্রদত্ত রূপরেখার বাধ্যবাধকতাগুলির সাথে এটি যাতে সামঞ্জস্যপূর্ণ থাকে তা নিশ্চিত করার জন্য রিপোর্ট করার প্রণালী এবং সুযোগ। এর অন্তর্ভুক্ত হলো:
 - স্কোপ 3-এর উৎসসমূহ এবং বিভাগগুলোর জন্য রিপোর্টিংয়ের ন্যূনতম সীমানা / আবশ্যিকতাসমূহ
 - বাদ যাওয়া যেকোনো স্কোপ 3 বিভাগ অথবা কার্যকলাপ যা বিবরণী তালিকা থেকে বাদ গেছে তার জন্য আবশ্যিক নথিপত্র যা এগুলির বাদ পড়ার বিষয়টিকে ন্যায্যতা দেয়।

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিক:**
 - বিগত ক্যালেন্ডার বছরে স্কোপ 3 জিএইচজি নির্গমনের গণনার জন্য উৎসের রেকর্ড
 - সমস্ত প্রাসঙ্গিক স্কোপ 3 নির্গমন উৎস থেকে জিএইচজি নির্গমন প্রদর্শনের জন্য পরিপোষক প্রমাণ গণনা করা হয়েছে (মানদণ্ডের অধ্যায় ৫-এ যেমনটি পরিভাষিত হয়েছে)
 - **টীকা:** মানদণ্ডের অধ্যায় 11-তে প্রদত্ত রূপরেখায় রিপোর্টিং সংক্রান্ত আবশ্যিকতাগুলোকে অনুসরণ না করে কেবলমাত্র বাছাই করা কিছু সংখ্যক স্কোপ 3 উৎস সম্পর্কে প্রাথমিক রিপোর্ট করার বিষয়টি **একটি হ্যাঁ-বাচক** উত্তরের **প্রত্যাশা পূরণ**

করে না (যেমন, স্কোপ 3 নির্গমনের উৎসগুলোর 1টি বা 2টি থেকে অনানুষ্ঠানিক অনুসরণ / নির্গমন সংক্রান্ত রিপোর্টিং)

● **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**

- কর্তৃপক্ষ স্কোপ ৩ জিএইচজি নির্গমন গণনার পদ্ধতি এবং আবশ্যিকতা বোঝেন
- কার্বন ডিসক্লোজার প্রজেক্ট বা অন্যান্য বহিরাগত রিপোর্টিং (ঐচ্ছিক)-এর মাধ্যমে নির্গমন রিপোর্ট করা হয়েছে

৮। আপনার কারখানা কি এসবিটিআই (SBTi) অনুযায়ী একটি বিজ্ঞান-ভিত্তিক লক্ষ্য নির্ধারণ করেছে?

যদি না হয়, আপনার কারখানা কি এসবিটিআই অনুযায়ী একটি বিজ্ঞান-ভিত্তিক লক্ষ্য নির্ধারণ করার প্রস্তুতি নিচ্ছে?

আপলোডের জন্য সুপারিশ: রিপোর্টিং বছরে আপনি এসবিটিআই অনুযায়ী একটি বিজ্ঞান-ভিত্তিক লক্ষ্য স্থির করেছেন তা দেখানোর জন্য নথিপত্র

এই প্রশ্নটিতে 2020 হিগ এফইএম এবং 2021 হিগ এফইএম উভয় রিপোর্টিং বছরেই স্কোর দেয়া হয়নি।
ভবিষ্যৎ রিপোর্টিং বছরগুলিতে স্কোর প্রযোজ্য হতে পারে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো সংস্থাগুলো যাতে প্রদর্শন করে যে তারা বিজ্ঞান-ভিত্তিক লক্ষ্য-সংক্রান্ত উদ্যোগ (সায়েন্স-বেসড টার্গেট ইনিশিয়েটিভ, এসবিটিআই) অনুযায়ী বিজ্ঞান-ভিত্তিক গ্রিনহাউস গ্যাস (জিএইচজি) সংক্রান্ত লক্ষ্য স্থির করেছে। <https://sciencebasedtargets.org/>

প্রযুক্তিগত নির্দেশনাঃ

জিএইচজি লক্ষ্যগুলোকে "বিজ্ঞান-ভিত্তিক" হিসেবে বিবেচনা করা হয় যদি সেগুলো সাম্প্রতিকতম জলবায়ু বিজ্ঞানের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় এবং প্যারিস চুক্তির লক্ষ্যগুলো পূরণ করার মতো করে তৈরি হয়ে থাকে যা জিএইচজি নির্গমন এবং বৈশ্বিক উষ্ণায়নকে সীমিত করার চেষ্টা করে।

এই প্রশ্নে হ্যাঁ উত্তর দেয়ার জন্য, আপনার সংস্থার লক্ষ্যমাত্রাকে অবশ্যই এসবিটিআই-এর বাধ্যবাধকতাগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকতে হবে যার অন্তর্ভুক্ত হলোঃ

- এসবিটিআই-এর সাথে সামঞ্জস্য রেখে বিজ্ঞান-ভিত্তিক লক্ষ্যস্থির করার জন্য সংস্থার দায়বদ্ধতা। এসবিটিআই-এর প্রতি আনুষ্ঠানিক দায়বদ্ধতা আবশ্যিক (যেমন দায়বদ্ধতার চিঠি জমা দেয়া এবং প্রযোজ্য ফী শোধ করা)
- ✓ "এই উন্নতি অর্জনের ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলির বিবরণ দিনঃ" লেখা জায়গাতে পর্যাপ্ত খুঁটিনাটি জানাবেন (যেমন, নিয়মমাফিক (নর্ম্যালাইজড) পৌর ব্যয় একটি কন্ডেন্সেট রিকভারি ব্যবস্থা বসানোর মাধ্যমে হ্রাস করা হয়েছিল)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা যেগুলো এফইএম রিপোর্টিং বছরে অর্জিত হয়নি (যেমন ঐতিহাসিক হ্রাস যা 1 বছরেরও আগে অর্জিত হয়েছিল সেগুলো রিপোর্ট করা উচিত নয়)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করুন যা চূড়ান্ত (অ্যাবসল্যুট) এবং উৎপাদনে হ্রাস অথবা ফেসিলিটির হ্রাসপ্রাপ্ত ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত। এই কারণেই উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজেশন) করা জরুরি।
- X অপরিাপ্ত উপাত্তের উপর নির্ভরশীল উন্নতি সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, সামগ্রিক হ্রাস অর্জন করা গেছিল কিন্তু এটি এই হ্রাসের মাত্রা অর্জন করার জন্য পরিমাপযোগ্য অথবা বর্ণিত পদক্ষেপের সাথে সম্পর্কিত ছিল না)। এটি বিশেষ করে জরুরি যখন উন্নতির পরিমাণ প্রান্তীয় (যেমন, 1-2%-এর চেয়ে কম) এবং সম্ভবত পরিমাপ/ অনুসরণের ত্রুটি এবং/অথবা কার্যসম্পাদনগত পরিবর্তনশীলতার কারণে ঘটেছে।

টীকাঃ প্রকৃত উন্নতির%-কে এটি স্কোর দিচ্ছে না কারণ একটি কারখানা তার শেষ ৫-১০% পানির কার্যকারিতাকে নিয়ে কাজ করতে পারে যা পূরণ করা খুব কঠিন। আমরা মিছিমিছি সদ্য শুরু করাদের পুরস্কৃত করতে এবং নেতৃস্থানীয়দের কম পয়েন্ট দিতে চাই না।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

কোনো ফেসিলিটির উন্নতি যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই পর্যালোচনা করতে হবে:

- রিপোর্ট করা হ্রাসের পরিমাণ নির্ভুল এবং পানির ব্যবহার কমানোর জন্য গৃহীত পরিমাপযোগ্য পদক্ষেপগুলির কারণেই ঘটেছে তা যাচাই করার জন্য সমস্ত পরিপোষক প্রমাণ (যেমন পানি ব্যবহারের উপাত্ত এবং বেসলাইন, ইত্যাদি)।
- হ্রাস করার জন্য বাস্তবায়িত পরিবর্তনগুলি অথবা গৃহীত পদক্ষেপগুলি।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- নথিপত্র আবশ্যিকঃ
 - পানি অনুসরণকারী রিপোর্ট এবং গ্রহণের রেকর্ড যা পানির সেই উৎসগুলোর ক্ষেত্রে হ্রাস প্রদর্শন করে যেগুলো আপনার মোট পানি ব্যবহারের ৮০%-এরও বেশি পরিমাণকে পূরণ করে।
 - নতুন যন্ত্রপাতি কেনার অথবা কার্যকারীতার উন্নতিবিধানের প্রমাণ যা প্রদর্শন করে যে কেবলমাত্র উৎপাদন হ্রাস করে, অথবা কর্মীসংখ্যা কমানোর মাধ্যমে, বা প্রক্রিয়া পরিবর্তনের মধ্যে দিয়ে হ্রাস করা হয়নি।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - পানির ব্যবহার ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটিকে স্পষ্টভাবে ব্যাখ্যা এবং প্রদর্শন করতে হবে যে কীভাবে হ্রাসের মাত্রা অর্জন করা হয়েছিল (যেমন কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, এবং এই পরিবর্তনকে কীভাবে পরিমাপ ও গণনা করা হয়েছিল)।
 - পরিচালকবর্গ নিয়মিতভাবে পানি ব্যবহার-হ্রাসকারী লক্ষ্যগুলোকে পর্যালোচনার মাধ্যমে ধারাবাহিক উন্নতিবিধানের জন্য সচেষ্টিত রয়েছেন
 - কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে পারবেন যে কীভাবে উন্নতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলো নেয়া হয়েছিল।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**

- প্রকল্প পরিকল্পনার উপাদানগুলোর অগ্রগতি (যেমন, পানি তোলা কমানোর জন্য সরঞ্জাম/প্রক্রিয়ার পর্যবেক্ষণ)
- পানির কার্যকারিতা সংক্রান্ত প্রকল্পগুলো থেকে যে ছাড় (রিবেট) পেয়েছেন (যদি প্রযোজ্য হয়)
- পানির কার্যকারিতা সংক্রান্ত লক্ষ্যপূরণের জন্য পুরস্কার বা সার্টিফিকেট

আংশিক পয়েন্টগুলো

- "হ্যাঁ" উত্তরের জন্য একই আবশ্যিকতা কিন্তু উৎসগুলোর জন্য (অথবা একটি উৎসের জন্য) যেগুলি সম্পূর্ণ পানির ব্যবহারের ৫০-৭৯% পূরণ করে

পানির ব্যবহার - স্তর ৩

৭। পানি গ্রহণ বনাম ব্যবহার (যেমন কোন প্রক্রিয়াগুলো) এবং নির্গমন (যেমন, বর্জ্যপানি পরিশোধনাগার) -এর অনুসরণযোগ্যতাকে মূল্যায়ণ করার জন্য কি আপনার কারখানা পানির ভারসাম্য রক্ষার বিষয়টি বা অন্য কোনো বিশ্লেষণ বাস্তবায়ন করেছে?

পানির ভারসাম্য বিশ্লেষণ করার পদ্ধতি আপলোড করুন।

- পানির ভারসাম্যের বিশ্লেষণ কীভাবে করা হয়েছিল

হ্যাঁ উত্তর দিন যদি আপনার কারখানা পানি গ্রহণ বনাম কারখানায় তার ব্যবহারবিধি এবং নিষ্করণের অনুসরণযোগ্যতাকে সম্পূর্ণরূপে বোঝার জন্য পানির ভারসাম্য রক্ষার বিষয়টি বাস্তবায়ন করে থাকে। নিম্নলিখিত তথ্য পানির ভারসাম্য সংক্রান্ত সম্পূর্ণতার অন্তর্ভুক্ত হওয়া উচিত।

আংশিক হ্যাঁ বলুন যদি আপনি পানির ভারসাম্য আংশিকভাবে সম্পূর্ণ করে থাকেন কিন্তু সমস্ত বাধ্যবাধকতা পূরণ করার ক্ষেত্রে কর্মপরিকল্পনা মাত্র রয়েছে।

অন্তর্ভুক্ত হলোঃ

- কারখানা ঢোকা পানিঃ পরিমাণ এবং পানির উৎস
- উৎপাদন প্রক্রিয়া চলাকালীন ব্যবহৃত পানির পরিমাণ
- কারখানায় রিসাইক্ল হওয়া / পুনর্ব্যবহৃত হওয়া পানির পরিমাণ

- উৎপাদিত বর্জ্যপানির গুণগত মান
- কারখানায় উৎপাদিত বর্জ্যপানি
- নিজেদের পরিশোধন কার্যের পরে নিষ্কাশিত পানির আয়তন
- যে হারে পানির ভারসাম্যকে হালনাগাদ করা হয়

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কারখানা জুড়ে পানির ভারসাম্য তৈরি করলে হিসাব না থাকা পানিকে চিহ্নিত করতে এবং কার্যকারিতার উন্নতিবিধানের সুযোগ রয়েছে এমন জায়গাগুলোতে অন্তর্দৃষ্টি প্রদান করতে কারখানাগুলো সহায়তা পায়। পানির ভারসাম্য, ঐতিহাসিকভাবে পানির ব্যবহার এবং পানির মূল্য সহ, একটি কারখানাকে সামগ্রিকভাবে কারখানাতে পানির ব্যবহার এবং আর্থিক সঞ্চয়ের সুযোগ সম্পর্কে বুঝতে সাহায্য করে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

সময়ের দৃশ্যমানতার প্রেক্ষিতে কর্মকুশলতাকে দেখায় যে পদ্ধতি সেটিই হলো পানির ভারসাম্য। পানির ভারসাম্য সংক্রান্ত ব্যবস্থা একটি কারখানাকে পানির ব্যবহার এবং ছিদ্র ও বাষ্পীভবনের মাধ্যমে সম্ভাব্য ক্ষতি চিহ্নিত করতে সহায়তা করে যেহেতু এটি যেকোনো একটি অঞ্চলে / উপাদানে/ প্রক্রিয়াতে বর্জ্যপানির বিষয়টি খুঁটিয়ে দেখে। মূল্য সহ ঐতিহাসিক পানির ব্যবহার ট্রেন্ড তৈরি করতে পারে যা একটি কারখানাকে অনেকটা সময় ধরে কারখানা স্তর থেকে ব্যক্তিভিত্তিক প্রক্রিয়ার ধাপ অবধি কর্মকুশলতাকে দৃষ্টিগোচর করতে সহায়তা করে। পানির ভারসাম্য তৈরি করার ক্ষেত্রে সীমানা সৃষ্টিকারী বিষয়গুলো হলো মিটার/হিসেব এবং উপাত্তের লগ, যেগুলোকে রক্ষণাবেক্ষণ করতে হয়। এটিকে স্বয়ংক্রিয়ভাবে এবং চাহিদার ভিত্তিতে ঘটানোর জন্য বৈদ্যুতিন উপাত্ত ব্যবস্থা বাস্তবায়িত করা যায়, যেটি সময় এবং প্রচেষ্টাকে অনেকটাই কমিয়ে আনবে অন্যথায় যা করার জন্য পানি অডিটের প্রয়োজন।

প্রাথমিক পানির ভারসাম্য কারখানার গণ্ডির পাঁচিলকে ধর্তব্য হিসেবে বিবেচনা করে এবং বাইরের উৎসগুলো থেকে কারখানার ভিতরে আসা সমস্ত পানিকে চিহ্নিত করে (যার অন্তর্ভুক্ত হলো কারখানার ভেতরকার কুয়ো), এবং কারখানা থেকে নির্গত সমস্ত বর্জ্যপানি এবং নর্দমার প্রবাহ। একটি আদর্শ পরিবেশে কোনো ক্ষতি হয় না, সেই কারণে ইনফ্লুয়েন্ট (অন্তঃপ্রবাহ) - এফ্লুয়েন্ট (বহির্প্রবাহ) = ০।

তবে, বাস্তব পরিস্থিতিতে, ইনফ্লুয়েন্ট এবং এফ্লুয়েন্টের মধ্যে পার্থক্য শূন্য হতে পারে না। পার্থক্য সম্ভবত হয়ে যায় ছিদ্র, বাষ্পীভবন (ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত), পরিমাপের ভুল (১-১০%), ইত্যাদিতে। সমগ্র পানির ব্যবহারের ১৫%-এর কম পার্থক্য হলে তা স্বাভাবিক। যাইহোক, সমগ্র পানির ব্যবহারের ২৫%-এর বেশি সাধারণভাবে একটি বৃহত্তর সমস্যার পরিচায়ক এবং পানি নিঃসরণের উৎসগুলিকে অতিরিক্ত তদন্তের মাধ্যমে চিহ্নিত করা প্রয়োজন। উদাহরণ হিসেবে, এটি প্রায়শই ছিদ্র এবং খারাপ কর্মকুশলতা-সম্পন্ন যন্ত্রপাতিকে খুঁজে বার করতে পারে। আরো উন্নত ধরনের পানির ভারসাম্য পাঁচিল খোঁজার বিষয়টিকে কারখানার এলাকাগত সীমানা থেকে বাড়ির সীমানা, নির্মাণ প্রক্রিয়ার সীমানা, অথবা এমনকি একটি

উপকরণ/যন্ত্রপাতি-নির্দিষ্ট সীমানার দিকেও দৃষ্টি নিবদ্ধ করে। টুলের ভিতরে কি চুকছে এবং তা থেকে কি বার হচ্ছে? এই উন্নততর ভারসাম্যটি কেবলমাত্র মিটারিং এবং ব্যবহারের জন্য উপলব্ধ হিসেব-পয়েন্ট দ্বারা সীমাবদ্ধ কিন্তু একটি কারখানার ভেতরে পানি ব্যবহারের বৃহত্তর পরিমাপ করে থাকে, যা পরিবর্তে সেইসব ব্যবহারগুলোর ক্ষেত্রে বৃহত্তর নিয়ন্ত্রণ প্রদান করে।

- আপনার সমগ্র কারখানাতে পানি কিভাবে ব্যবহার হয় তা চিহ্নিত এবং বিশ্লেষণ করুন। কারখানায় পানির আগমন বনাম ব্যবহার (যেমন, কোন প্রক্রিয়াগুলো) এবং বহির্গমন (যেমন, ইটিপি)-এর অনুসরণযোগ্যতাকে মূল্যায়ণ করার/বোঝার জন্য কারখানাতে বিশ্লেষণ অবশ্যই হওয়া উচিত। একটি ভালো পদ্ধতি হল পানির ভারসাম্য তৈরি করা। চাহিদার ভিত্তিতে পানির ভারসাম্য প্রাথমিক বা উন্নততর হতে পারে।
- একটি কারখানাতে পানির ভারসাম্য তৈরি কারখানাটিকে হিসেব-বহির্ভূত পানিকে চিহ্নিত করতে এবং কার্যকারিতা উন্নয়নের সুযোগবিশিষ্ট ক্ষেত্রগুলোতে অন্তর্দৃষ্টি প্রদানের মাধ্যমে সহায়তা করে। পানির ভারসাম্য, ঐতিহাসিকভাবে পানির ব্যবহার এবং পানির মূল্য সহ, ফেসিলিটিগুলিকে ফেসিলিটিতে পানির সামগ্রিক ব্যবহার এবং সঞ্চয়ের সুযোগসমূহ সম্পর্কে বুঝতে সাহায্য করবে।
- প্রাথমিকভাবে পানির ভারসাম্য হলো একটি সমীকরণ যা ফেসিলিটির ভিতরে আসা এবং বাইরে বেরনো পানির প্রবাহের বিবরণ দেয়। আদর্শ পরিবেশে মিটারে হিসাব করা ইনফ্লুয়েন্ট এফ্লুয়েন্টের মোট পরিমাণের সমান হবে (ইনফ্লুয়েন্ট = এফ্লুয়েন্ট)। যখন এগুলো সমান নয়, তখন বুঝতে হবে যে পানির ক্ষতি হচ্ছে বা ব্যবহার হচ্ছেঃ ইনফ্লুয়েন্ট - এফ্লুয়েন্ট - পানির ক্ষতি। কিছু ক্ষতি, যেমন বাষ্পীভবন, সাধারণ নির্মাণমূলক পরিচালনার অংশ।

এখানে প্রাথমিক পানি-ভারসাম্যের একটি উদাহরণ রয়েছে যা আপনার কারখানায় পানির ইনফ্লো বনাম আউটফ্লোকে প্রদর্শন করেঃ




Fig. 4.
Water use in industrial plant.

সূত্র: <http://www.sciencedirect.com/science/article/pii/S2212371716300221>

- ১৫%-এর বেশি পার্থক্য মিটার এবং হিসাবের ক্রটির ছাড়িয়ে আরো বেশি অমিলের পরিচায়ক এবং ছিদ্র বা অন্যান্য সম্ভাব্য সমস্যার অস্তিত্বের দিকে নির্দেশ করে। (সাধারণভাবে, গণনার হিসাবে ১৫% পানির ক্ষতি আসলেই একটি ভালো ভারসাম্য, ১৫%-এর বেশি হলে তা খারাপ ভারসাম্য এবং নির্ভুল হওয়া নিশ্চিত করার জন্য আবার হিসেব করার দরকার হতে পারে। পানির ক্ষতির ভারসাম্য ০ বা নেতিবাচক হলে তা সাধারণত ভুল।)
- আরো উন্নততর পানির ভারসাম্য যেখানে প্রত্যেকটি এলাকা, বাড়ি, প্রক্রিয়া, অথবা এমনকি যন্ত্রেও ইনফ্লুয়েন্ট এবং এফ্লুয়েন্ট মিটারে গণনা করা হয়েছে, তা আরো বিশদ পানি-ভারসাম্য নির্বাহ হওয়াতে সহায়তা করে। এটি নির্দিষ্ট এলাকা বা বিল্ডিং অত্যধিক পানির ব্যবহার দেখাতে পারে। আরো লক্ষ্য-সমন্বিত কার্যকারিতার উন্নতিবিধানের জন্য।
- যত বেশিবার পানির ভারসাম্যকে পর্যালোচনা করা হবে, কারখানায় পানির ব্যবহার এবং বৈচিত্র্য সম্পর্কে বোঝাপড়া তত বেশি হবে। একটি ব্যবসাকে তার প্রচেষ্টার স্তর এবং সম্ভাব্য প্রাপ্ত মূল্যের মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে। মাসিক পানির ভারসাম্যের সুপারিশ করা হয় যেহেতু এটি মরসুমী প্রবণতা এবং পানি ব্যবহারের পরিবর্তনশীলতার ক্ষেত্রে বোঝাপড়া করতে সাহায্য করে এবং সাধারণত অধিকাংশ পানি ব্যবহার সংক্রান্ত বিলের হারের সাথে একত্রে আসে।

শব্দকোষ:

- পানির ভারসাম্য: প্রাথমিকভাবে পানির ভারসাম্য হলো একটি সমীকরণ যা ফেসিলিটির ভিতরে আসা এবং বাইরে বেরনো পানির প্রবাহের বিবরণ দেয়। মিটারে হিসাব করা মোট ইনফ্লুয়েন্ট সমস্ত এফ্লুয়েন্ট এবং পানির ক্ষতির সাথে সমান হবে।

নমুনার জন্য ওয়েবসাইট দেখুন - <http://waterplanner.gemi.org/calc-waterbalance.asp>

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবে:

- জিইএমআই (GEMI) "কালেক্টিং দ্য ড্রপ্‌সঃ আ ওয়াটার সাস্টেইনিবিলিটি প্ল্যানার"
<http://waterplanner.gemi.org/index.htm>
- ক্রয়ার সমিতির "চেকলিস্টঃ ওয়াটার অডিট অ্যান্ড ডেটা কালেকশন শীট "
https://www.brewersassociation.org/attachments/0001/1518/Water_Water_Audit_Data_c hecklist.pdf

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- নথিপত্র আবশ্যিক:

- কারখানাটি সম্পূর্ণরূপে পানির ভারসাম্য বাস্তবায়ন করেছে অথবা কারখানায় পানি ঢোকা বনাম ব্যবহারবিধি এবং নিষ্করণের অনুসরণযোগ্যতাকে সম্পূর্ণভাবে বুঝতে পারার জন্য বিশ্লেষণ করার অন্য কোনো পদ্ধতি স্বচ্ছভাবে প্রদর্শন করতে সক্ষম
- এই রিপোর্টে নিম্নলিখিত তথ্যগুলো অন্তর্ভুক্ত হওয়া উচিতঃ
 - কারখানা ঢোকা পানিঃ পরিমাণ এবং পানির উৎস
 - উৎপাদন প্রক্রিয়া চলাকালীন ব্যবহৃত পানির পরিমাণ
 - কারখানায় রিসাইক্ল হওয়া / পুনর্ব্যবহৃত হওয়া পানির পরিমাণ
 - উৎপাদিতবর্জ্যপানির গুণগত মান
 - নিজেদের পরিশোধন কার্যের পরে নিষ্কাশিত পানির আয়তন
 - যে হারে পানির ভারসাম্যকে হালনাগাদ করা হয়
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - পানির ভারসাম্য কত ঘন ঘন পর্যালোচনা করা হয়?
 - পানির ভারসাম্য থেকে আপনি কী শিখেছেন?
 - কোথাও ক্ষতি হয়েছিল? কত বড়? সেগুলোকে কীভাবে ব্যাখ্যা করা হয়েছিল?
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - পানির পাইপলাইনের ড্রয়িং/ ডায়াগ্রাম / ফ্লোচার্ট পর্যালোচনা করুন, কারখানাটি তাদের পানির ব্যবহারবিধি (ইনপুট থেকে আউটপুট অবধি) সম্পর্কে অবহিত কিনা দেখুন
 - পানির ব্যবহারের জন্য সাব মিটারিং এবং যথাযথ রেকর্ড রাখা

বর্জ্যপানি

বর্জ্যপানিকে সঠিকভাবে নিয়ন্ত্রণ, শোধন এবং মুক্ত না করা হলে তা আশেপাশের প্রাকৃতিক ব্যবস্থায় এবং কম্যুনিটিতে দূষণ এবং নোংরা ছড়ানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। সমস্ত ফেসিলিটিতেই কিছুটা বর্জ্যপানি থাকেঃ

- **ঘরোয়া ব্যবহার:** শৌচাগার, স্নান, রান্নাঘর, ধোয়ামাজা, ইত্যাদি।
- **শিল্পক্ষেত্রের ব্যবহার:** উৎপাদন, লুব্রিকেশন, ঠান্ডা করা, রক্ষণাবেক্ষণ, উৎপাদক যন্ত্রপাতি পরিষ্কার করা, ইত্যাদি।

মূল্যায়ণ সংক্রান্ত প্রশ্নের উত্তর দেয়ার আগে, আপনাকে আগে বর্জ্যপানি পরিশোধন এবং নিষ্কাশন বিষয়ে আপনার ফেসিলিটির মানসিকতা সম্পর্কে বলতে বলা হবে। নিম্নলিখিত ব্যবহার এবং শোধন পদ্ধতিগুলোই নির্ধারণ করবে যে আপনার ফেসিলিটির জন্য বর্জ্যপানি সম্পর্কিত কোন প্রশ্নগুলো জমা দেয়া হবেঃ

- শিল্পক্ষেত্রভিত্তিক এবং/অথবা ঘরোয়া বর্জ্যপানি?
- সাইটের বাইরে শোধনকার্য, সাইটের ভেতরে শোধনকার্য, সাইটের ভিতরে ও বাইরে - উভয় ক্ষেত্রের শোধনকার্য, অথবা কোনো তরল নিষ্কাশন নেই (জিরো লিকুইড ডিসচার্জ)?



হিগ ওয়েস্টওয়াটার বিভাগ অনুযায়ী আপনার করা আবশ্যিকঃ

- শিল্পক্ষেত্র বা গৃহভিত্তিক ব্যবহার থেকে উৎপাদিত বর্জ্যপানির পরিমাণ জেনে রাখা
- বর্জ্যপানি সংক্রান্ত এমন সমস্ত গুণগত প্যারামিটার সম্পর্কে জানান যা অনুমতির শর্ত অথবা শিল্পক্ষেত্রের মানদণ্ড(গুলো)কে, যেমন [জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকা](#), অনুসরণ করছে না বলে সাম্প্রতিকতম গুণগত মান পরীক্ষায় জানা গেছে
 - **কঠিনপণ্যের ফেসিলিটির জন্য নতুন নির্দেশিকা:** যদিও জেডডিএইচসি বর্জ্যপানির নির্দেশিকাগুলি কঠিনপণ্য নির্মাতাদের জন্য প্রত্যক্ষভাবে প্রযোজ্য নয়, যেখানে যথাযথ হবে সেখানে উল্লেখ করার জন্য অথবা শিল্পক্ষেত্রে সমমানের সর্বোত্তম অনুশীলনটিকে গ্রহণ করার জন্য তাদেরকে উৎসাহিত করা হয়।
- অফসাইট বর্জ্যপানি পরিশোধনাগার থেকে প্রাপ্ত নাম এবং গুণগত ফলাফলের রিপোর্ট দিন (যদি প্রযোজ্য হয়)
- নিয়মিত পরিশোধন ব্যর্থ হলে ব্যাক-আপ প্রক্রিয়া বিবৃত করুন (যদি প্রযোজ্য হয়)

- যথাযথভাবে কাদা নিষ্কমণের বিষয়টি নিশ্চিত করুন (যদি প্রযোজ্য হয়)
- আপনার কারখানা প্রক্রিয়াজাত বর্জ্যপানিকে প্রক্রিয়ার জন্য পানি হিসেবে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইক্ল করে কিনা সে বিষয়ে রিপোর্ট করুন (যদি প্রযোজ্য হয়)

বর্জ্যপানির ভূমিকা

এই বিভাগটি আপনার ফেসিলিটির অভ্যন্তরে পুনর্ব্যবহারের লক্ষ্যে চালিত নয় এমন একটি স্থান থেকে পানি নিঃসরণ সম্পর্কে বলে। বর্জ্যপানি প্রাকৃতিক দূষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে যদি তা যথাযথভাবে নিয়ন্ত্রণ করা, জমানো, স্থানান্তর করা, পরিশোধন করা, এবং / অথবা নিষ্কাশন করা না হয়।

যদি আপনার ফেসিলিটি তার যে কোনো পরিচালনার ক্ষেত্রে পানি ব্যবহার করে, তাহলে কোনো না কোনো রূপে শিল্পজাত বর্জ্যপানি অথবা তরল নিঃসরণ অবশ্যই থাকবে। এর অন্তর্ভুক্ত হলো আপনার ফেসিলিটির ভিতরে সমস্ত ধরনের উৎপাদনভিত্তিক এবং/অথবা বাণিজ্যিক ক্রিয়াকলাপ, যেমন শিল্পজাত প্রক্রিয়াকরণ, তৈলাক্তকরণ, শীতলীকরণ, রক্ষণাবেক্ষণ, পরিষ্কার করা, এবং ঘরোয়া ব্যবহার (যেমন, ডর্মিটরি, শৌচাগার, স্নানঘর, রান্নাঘর)। যদি এর যেকোনো একটি কোনো ফেসিলিটির ভিতরে থাকে তাহলে স্থানটিতে যেকোনো রূপে বর্জ্যপানি এবং সেই সম্বন্ধীয় নিঃসরণ এবং প্রবাহও বজায় আছে।


বর্জ্যপানির প্রবাহের অনেক রূপ থাকতে পারেঃ

- একটি শিল্পজাত, কৃষিজাত, বা বাণিজ্যিক প্রক্রিয়ার বিভিন্ন স্তর থেকে উৎসারিত প্রবাহের প্রক্রিয়াকরণ (অথবা "ব্যবসা করা");
- বর্জ্যপানি শীতলীকরণ অথবা অন্যান্য স্পর্শ-বিযুক্ত বর্জ্যপানি (যেমন, ফ্লাশিং চিলার);
- ব্লো-ডাউন (যেমন, কম্প্রসার, বয়লার ইত্যাদি থেকে);
- শৌচ/ ঘরোয়া বর্জ্যপানি (যেমন, শৌচাগার, বেসিন প্রভৃতি থেকে)।

অন্যান্য ধরনের তরল নিঃসরণের অন্তর্ভুক্ত হলোঃ

- ছাত, দৃঢ় ঋজু স্থানসমূহ, গাড়ি পার্ক করার জায়গা ইত্যাদি থেকে ঝড়ের পানি গড়িয়ে যাওয়া (অনেক সময় যাকে উপরিভাগ নিসৃত পানিও বলা হয়ে থাকে);
- ফায়ারওয়াটার (আগুন নেভানোর ড্রিলে ব্যবহৃত নিষ্কাশনযোগ্য পানি)

বহুল জিজ্ঞাসিত একটি প্রশ্ন জিজ্ঞেস করে "আমার বর্জ্যপানিকে শিল্পক্ষেত্রীয় অথবা ঘরোয়া হিসেবে কীভাবে শ্রেণীভুক্ত করব। আপনাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য নিচে একটি ডায়াগ্রাম দেয়া আছে, সেই সমস্ত জন্য কিছু টীকা সহ যেসব ক্ষেত্রে তবুও বিষয়টি ততটা স্পষ্ট নয়।



যে পানি বর্জ্য নয় প্রারম্ভিক স্তরের পরে ঝড়ের পানি বয়ে যাওয়া
(পরিচ্ছন্ন নিকাশী ব্যবস্থায় শীতলীকরণের কাজে ব্যবহৃত পানি যা সংস্পর্শহীন

বর্জ্যপানির ব্যবস্থাপনা করার জন্য সবচেয়ে যথাযথ বা কার্যকরী বিকল্পগুলো সম্পর্কে সিদ্ধান্ত (যেমন অন-সাইট শোধন, পুনর্ব্যবহারের জন্য সাইট-বহির্ভূত শোধন, ইত্যাদি) অনেক বিষয়ের উপর নির্ভর করবে, যার অন্তর্ভুক্ত হলোঃ

- ফেসিলিটির অবস্থান
- বাহ্যিক পরিকাঠামোর উপস্থিতি
- উৎসারিত বর্জ্যপানির পরিমাণ
- বর্জ্যপানির উপাদান
- পরিশোধিত বর্জ্যপানির সাইটভিত্তিক (অথবা সাইট-বহির্ভূত) পুনর্ব্যবহার
- মূল্য
- স্থানীয় প্রশাসনিক আবশ্যিকতা

পরিশোধনযোগ্য বর্জ্যপানির পরিমাণ এবং গুণগত মান সেই বর্জ্যপানির ধারার পরিশোধন ক্রিয়াকে অথবা নিষ্কাশন বিকল্পকে প্রভাবিত / নিয়ন্ত্রণ করবে। উদাহরণ স্বরূপ, গুরুত্বপূর্ণ পার্থক্য থাকতে পারে এগুলোর মধ্যেঃ

- বর্জ্যপানির পরিমাণ এবং প্রবাহের হার
- অমিশ্রিত পদার্থ (টোট্যাল সাসপেন্ডেড সলিড- টিএসএস)
- জৈব অক্সিজেনের চাহিদা (বায়োলজিক্যাল অক্সিজেন ডিম্যান্ড - বিওডি)

রাসায়নিক অক্সিজেনের চাহিদা (কেমিক্যাল অক্সিজেন ডিম্যান্ড - সিওডি)

- সম্ভাব্য বিষ (যেমন রাসায়নিক, ওষুধ / অ্যান্টিবায়োটিক ইত্যাদি থেকে)
- হেভি মেটাল উপাদান (যেমন অ্যান্টিমনি, আর্সেনিক, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, কোবাল্ট, তামা, সায়ানাইড, সিসা, পারদ, নিকেল, জিঙ্ক, ইত্যাদি)
- পিএইচ (অম্লতা / ক্ষার)
- রঙ
- তাপমাত্রা
- সারফ্যাক্ট্যান্ট
- নাইট্রোজেন এবং ফসফরাসের পরিমাণ
- তেল এবং গ্রিজ, অন্যান্য পদার্থের মধ্যে

কঠিন পণ্যের ফেসিলিটির জন্য নতুন পথনির্দেশনা:

কঠিনপণ্যের ফেসিলিটিগুলিতে বহুবিধ দূষক থাকতে পারে যেগুলি সম্পর্কে উপরে উল্লিখিত গোস্টিগুলিতে বলা হয়েছে।

কয়েকটি উদাহরণ হলো:

- জৈব দ্রাবকসমূহ (বিওডি, সিওডি, অথবা সুনির্দিষ্ট বর্জ্যপানি প্যারামিটার দ্বারা পরিমাপ করা হয়েছে)
- গ্রিজ অপসারণের এজেন্ট (বিওডি, সিওডি, অথবা সুনির্দিষ্ট বর্জ্যপানি প্যারামিটার দ্বারা পরিমাপ করা হয়েছে)
- ধাতু পরিশোধন প্রক্রিয়াসমূহ থেকে প্রাপ্ত ভারি ধাতুসমূহ (ভারি ধাতু, পিএইচ, তাপমাত্রা।)

সাইটভিত্তিক বর্জ্যপানি পরিশোধন হলো বর্জ্যপানির সেই পরিশোধনাগার যা কেবলমাত্র কারখানায় ব্যবহার এবং নিয়ন্ত্রিত হয়। সাইট-ভিত্তিক পরিশোধন পদ্ধতিতে পরিশোধিত হওয়ার পর, বর্জ্যপানিকে আনুষঙ্গিক সীমার মধ্যে আনা হতে পারে এবং সেটাকে সরাসরি প্রকৃতিতে, অথবা কোনো তৃতীয় পক্ষীয় অফ-সাইট পরিশোধনাগারে নিষ্কাশন করা হতে পারে।

সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থা হলো একটি তৃতীয় পক্ষীয় সংস্থা বা সংগঠন যে দুটির বেশি দূষিত উপাদান নিঃসরণকারী পদার্থের বর্জ্যপানি সংগ্রহ করার মাধ্যমে, এবং সেই বর্জ্যপানিকে তার সংশ্লিষ্ট সীমানার মধ্যে রেখে প্রত্যক্ষভাবে প্রকৃতিতে নিষ্কাশনের মাধ্যমে বর্জ্যপানি পরিশোধন সেবা প্রদান করে।

সাইট-বহির্ভূত পরিশোধন ব্যবস্থা গণ-বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থা, আঞ্চলিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থা (যেমন, শিল্প পার্ক, শিল্পাঞ্চল, ইত্যাদি) হতে পারে।

জিরো-লিকুইড ডিসচার্জ (জেডএলডি) এক ধরনের পরিশোধন প্রক্রিয়া যেটি অনুযায়ী কোনো কারখানা (ফেসিলিটি) থেকে কোনো পানিই তরল রূপে নিষ্কাশিত করা হবে না। সাইট-ভিত্তিক জেডএলডি পরিশোধন ব্যবস্থাপনা সমন্বিত একটি ফেসিলিটিতে, প্রায় সমস্ত বর্জ্যপানি এতটাই পরিশোধিত এবং পুনরুদ্ধার করা হয়ে থাকে যে ফেসিলিটি থেকে নিষ্কাশিত একমাত্র পানি বাষ্পীয় রূপে থাকে অথবা পরিশোধনাগারের কার্যাবলী থেকে প্রাপ্ত কাদার মধ্যে আর্দ্রতা হিসেবে থাকে। (সূত্র: <https://www.roadmaptozero.com/output> - জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকার পরিভাষা বিভাগটি দেখুন)। তরল নিষ্কাশন হতে থাকলে সেই ফেসিলিটিতে জেডএলডি পরিশোধন ব্যবস্থা নেই বলেই মনে করা হয়।

শিল্পক্ষেত্রের মানদণ্ডের রেফারেন্স

আমাদের অংশীদার সংগঠনগুলির মধ্যে একটি, জিরো ডিসচার্জ অব হাজার্ডাস কেমিক্যালস (জেডডিএইচসি) গ্রুপ, বর্জ্যপানি ব্যবস্থাপনা এবং ক্ষতিকর রাসায়নিক নিষ্কাশনকে শূন্য করে তোলার লক্ষ্যে আমাদের শিল্পক্ষেত্রকে এগিয়ে দেয়ার জন্য নির্দেশিকা হিসেবে ব্যবহারের জন্য একটি বর্জ্যপানি নির্দেশিকা প্রস্তুত করেছে। হিগ এফইএম 3.0-তে আপনি শিল্পক্ষেত্রের মানদণ্ডের উল্লেখ খুঁজে পাবেন, এবং জেডডিএইচসি বর্জ্যপানির নির্দেশিকাটি হলো এমনই একটি মানদণ্ড।

কঠিনপণ্যের ফেসিলিটির জন্য নতুন নির্দেশিকা: যদিও জেডডিএইচসি বর্জ্যপানির নির্দেশিকাগুলি কঠিনপণ্য নির্মাতাদের জন্য প্রত্যক্ষভাবে প্রযোজ্য নয়, যেখানে যথাযথ হবে সেখানে উল্লেখ করার জন্য অথবা শিল্পক্ষেত্রে সমমানের সর্বোত্তম অনুশীলনটিকে গ্রহণ করার জন্য তাদেরকে উৎসাহিত করা হয়।

প্রয়োগযোগ্যতা সম্পর্কিত প্রশ্নাবলী

আপনার ফেসিলিটি কি শিল্পজাত বর্জ্যপানি উৎপাদন করে?

উপরের সূচনামূলক অনুচ্ছেদে শিল্পজাত বর্জ্যপানির সংজ্ঞা পর্যালোচনা করুন।

আপনার কারখানাতে কি জিরো লিকুইড ডিসচার্জ রয়েছে?

উপরের সূচনামূলক অনুচ্ছেদে জেডএলডি-এর সংজ্ঞা পর্যালোচনা করুন।

আপনি কি শিল্পজাত এবং ঘরোয়া বর্জ্যপানি একইসাথে শোধন করেন?

উপরের সূচনামূলক অনুচ্ছেদে শিল্পজাত এবং ঘরোয়া বর্জ্যপানির সংজ্ঞা পর্যালোচনা করুন।

আপনার শিল্পজাত/ ঘরোয়া/ মিশ্র বর্জ্যপানি কোথায় পরিশোধিত হয়?

উপরের সূচনামূলক অনুচ্ছেদে সাইট-ভিত্তিক এবং সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনের সংজ্ঞা পর্যালোচনা করুন।

বর্জ্যপানি - স্তর ১

১। আপনার ফেসিলিটি কি এর বর্জ্যপানির পরিমাণের দিকে নজর রাখে? (শিল্পজাত/ ঘরোয়া/ মিশ্র)

- এই প্রতিবেদনের বছরে আপনার ফেসিলিটি থেকে মোট কী পরিমাণ বর্জ্যপানি নিষ্কাশন করানো হয়েছিল?
- বর্জ্যপানির আয়তনকে অনুসরণ করার জন্য কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছিল?
- পরিমাপের হার কিরকম ছিল?
- আপনার কাছে বর্জ্যপানি নিষ্কাশন বাবদ কতগুলি পয়েন্ট রয়েছে?
- আপনি কি বর্জ্যপানি নিষ্কাশন বাবদ সমস্ত পয়েন্টগুলিকে লেবেল দিয়ে চিহ্নিত করেছেন?
- আপনি কি সমস্ত চিহ্নিত বর্জ্যপানি নিষ্কাশনের কেন্দ্রগুলিকে নিরীক্ষণ করেন?
- আপনার ফেসিলিটি থেকে বর্জ্যপানি নিষ্কাশনের চূড়ান্ত স্থানটি কোথায় ছিল?
- যেকোনো অতিরিক্ত মন্তব্য লিখুন

আপলোড করার সুপারিশ: বার্ষিক বর্জ্যপানির নিষ্কাশনকে নিরীক্ষণ করার রেকর্ড (পরিমাণ)

বর্জ্যপানি অনুসরণের অন্তর্ভুক্ত হওয়া উচিত সেই পানি যা হয় ফেসিলিটির বাইরে নিষ্কাশিত হয়েছে, অথবা পুনরায় তাকে ফেরত আনা/ রিসাইক্ল করা অথবা পুনর্ব্যবহার করা হয়েছে আপনার সাইটে

শিল্পজাতঃ আপনার ফেসিলিটিতে সমস্ত উৎপাদনগত এবং/অথবা বাণিজ্যিক ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত করুন যেমন, শিল্পজাত প্রক্রিয়াকরণ, লুব্রিকেশন, রক্ষণাবেক্ষণ ইত্যাদি।

ঘরোয়া ঘরোয়া সমস্ত বর্জ্যপানি উৎপাদন প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করুন যার মধ্যে রয়েছে ডর্মিটরি, শৌচাগার, স্নানাগার, এবং রান্নাঘর থেকে নিঃসৃত বর্জ্যপানি/ প্রবাহ ইত্যাদি।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো নিশ্চিত করা যে সাইটটি জানে যে কতটা বর্জ্যপানি উৎপাদিত হচ্ছে এবং তা কোথায় নিষ্কাশিত হচ্ছে। এই তথ্য ফেসিলিটির পানির ভারসাম্য থেকে পাওয়া যেতে পারে। এই প্রশ্নের উত্তর দেয়ার মাধ্যমে, ফেসিলিটিগুলো দেখাতে পারে যে তারা কীভাবে বর্জ্যপানির পরিমাণের দিকে নজর রাখে এবং তার ব্যবস্থাপনা করে। আপনার পরিমাণ সম্পর্কে অবগত হওয়া যথাযথ পরিশোধন ব্যবস্থার বিকল্প বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে একটি দরকারি প্রথম পদক্ষেপ।

বর্জ্যপানি অনুসরণ সম্পূর্ণদৃশ্যমানতা প্রদান করে একটি ফেসিলিটির দৈনন্দিন কার্যকলাপের ক্ষেত্রে এবং কোন কার্যকলাপগুলো বর্জ্যপানির আয়তনকে প্রভাবিত করে সেই বিষয়েও। আপনার বর্জ্যপানির আয়তন সম্পর্কে অবগত থাকা প্রত্যক্ষভাবে পরিবেশগত প্রভাব এবং প্রয়োগসংক্রান্ত ব্যয়ের সাথে সম্পর্কিত।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্যপানি অনুসরণের ক্ষেত্রে যেখানে প্রযোজ্য সেখানে ঘরোয়া এবং শিল্পক্ষেত্রজাত উভয় প্রকার বর্জ্যপানিই অন্তর্ভুক্ত হওয়া উচিত এবং আপনার কারখানার অভ্যন্তরে সমস্ত নির্মাণ এবং/অথবা বাণিজ্যিক কর্মকাণ্ডের কারণে উৎপাদিত সমস্ত পানি যা আপনার চত্বরে হয় নিষ্কাশিত হয়েছে, রিক্লেইম/রিসাইক্ল করা হয়েছে অথবা পুনর্ব্যবহৃত হয়েছে, সেগুলিকেও অন্তর্ভুক্ত করা উচিত।

বর্জ্যপানিকে অনুসরণ করার সময়, এইভাবে শুরু করার জন্য সুপারিশ করা হয়:

- কারখানা চত্বরগুলিকে এবং প্রক্রিয়াগুলিকে মানচিত্রায়ণ করে নেয়া যাতে বর্জ্যপানি কোথায় উৎপাদিত হয় এবং নিষ্কাশিত হয়, সেগুলিকে চিহ্নিত করা যায়।
- বর্জ্যপানি সংক্রান্ত উপাত্ত সংগ্রহ এবং অনুসরণ করার জন্য প্রক্রিয়াগুলিকে প্রতিষ্ঠা করাঃ
 - চত্বরে মিটার বসানো অথবা সাইট-বহির্ভূত পরিশোধনাগারের মিটার থেকে প্রাপ্ত ইনভয়েস ব্যবহার করা
 - উৎপাদিত বর্জ্যপানির পরিমাণকে নির্ধারণ করার জন্য যদি অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, গণনার প্রণালীটিকে যাচাইযোগ্য উপাত্ত দ্বারা স্পষ্টভাবে পরিভাষিত এবং অনুমোদিত হতে হবে।
- অনুসরণ সংক্রান্ত উপাত্তকে (যেমন, দৈনিক, সাপ্তাহিক, মাসিক রেকর্ড) এমন একটি বিন্যাসে রেকর্ড করুন যা পর্যালোচনা করা সহজ হয় [যেমন, স্প্রেডশীট (যেমন, মাইক্রোসফট এক্সেল) অথবা অনুরূপ উপাত্ত বিশ্লেষণ কার্যক্রম যা মানুষের পঠনযোগ্য বিন্যাসে উপাত্তকে রপ্তানি করা অনুমোদন করে (যেমন, এক্সেল, সিএসভি)] এবং প্রাসঙ্গিক পরিপোষক প্রমাণ যাচাই চলাকালীন পর্যালোচনার জন্য রক্ষণাবেক্ষণ করুন।

বর্জ্যপানির আয়তনকে অনুসরণ করা

বর্জ্যপানির আয়তনকে অনুসরণ করার সবচেয়ে নিখুঁত পদ্ধতি হলো একটি মিটারিং ব্যবস্থাকে ব্যবহার করা। যান্ত্রিক মিটারসমূহ এবং আল্ট্রাসোনিক মিটারসমূহ বর্জ্যপানির আয়তনকে অনুসরণ করার জন্য ব্যাপকভাবে ব্যবহৃত হয়। পরিবেশে নিঃসৃত করানোর আগে বর্জ্যপানির নিষ্কাশনের সমস্ত জায়গাগুলিতে ফেসিলিটির মিটার বসানো উচিত। যদি ফেসিলিটির নিজস্ব প্রবাহ পরিশোধনাগার (এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট, ইটিপি) থাকে, তাহলে বর্জ্যপানি পরিশোধনাগারের আউটলেটে মিটার বসানো উচিত। নিয়মিতভাবে মিটার থেকে ফেসিলিটির উপাত্ত সংগ্রহ এবং রেকর্ড করতে হবে বর্জ্যপানি নিষ্কাশনের সঠিক আয়তনটি জানার জন্য। এই পদ্ধতিটি ঘরোয়া এবং শিল্পক্ষেত্রীয় উভয় প্রকার বর্জ্যপানির জন্যই প্রযোজ্য।

যদি ফেসিলিটিতে নিষ্কাশিত বর্জ্যপানির আয়তনকে অনুসরণ করার জন্য মিটার না থাকে, একটি আনুমানিক পদ্ধতি ব্যবহার করা যায় যার অন্তর্ভুক্ত হতে পারে:

- যদি উৎপাদন প্রক্রিয়া এবং ঘরোয়া ব্যবহারের জন্য প্রবেশমান পানির আয়তন সম্পর্কে ফেসিলিটির কাছে নির্ভুল উপাত্ত (মিটারগুলি বা ইনভয়েসগুলি) থাকে, ফেসিলিটিটি প্রবেশমান পানির আয়তনকে ব্যবহার করে বর্জ্যপানি নিষ্কাশনের আয়তন হিসেব করে নিতে পারে। বর্জ্যপানির আয়তনটিকে হিসেব করার সময় ফেসিলিটিটিকে কুলিং টাওয়ার বাস্পীভবনের কারণে ক্ষয় বা সেচের মতো বিষয়ে পানির ব্যবহার বা ক্ষয়কে হিসেব করতে হবে।
- যেকোনো আনুষ্ঠানিক পরিবেশগত রিপোর্টে বর্জ্যপানি নিষ্কাশন সংক্রান্ত আয়তন সম্পর্কে উপাত্ত থাকতে পারে (যেমন, পরিবেশগত প্রভাব মূল্যায়ণ রিপোর্ট, পরিবেশগত অনুমতির জন্য আবেদনসমূহ, সামঞ্জস্য রক্ষার উপর সরকারের রিপোর্ট অথবা সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধন সংক্রান্ত ইনভয়েসগুলি)। **টীকা:** কিছু ক্ষেত্রে, সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগার থেকে পাওয়া বর্জ্যপানির পরিশোধন বিষয়ক ইনভয়েসগুলিতে পরিশোধিত বর্জ্যপানির আয়তনটির উল্লেখ নাও থাকতে পারে। পরিবর্তে, ইনভয়েসে পরিশোধনের মোট ব্যয়ের উল্লেখ থাকতে পারে (যেমন 100 ইউএসডি) ইউনিট পিছু পরিশোধনের ব্যয় সহ (\$1 ইউএসডি/m³). এই ক্ষেত্রে, কারখানাটিকে পরিশোধনের সম্পূর্ণ ব্যয় এবং ইউনিট পিছু ব্যয়ের সাথে বর্জ্যপানির আয়তনটিকে পরিশোধনের সম্পূর্ণ ব্যয় গণনা এবং রেকর্ড করতে হতে পারে (যেমন, পরিশোধনের মোট ব্যয় ÷ ইউনিট পরিশোধনের ব্যয় = বর্জ্যপানির আয়তন)।
- যদি কারখানাটির কাছে এমন কোনো ডকুমেন্টেশন না থাকে যা প্রবেশমান পানির পরিমাণটিকে নির্দেশ করে, সেক্ষেত্রে তারা বিভিন্ন উৎপাদন প্রক্রিয়া এবং সরঞ্জামভিত্তিক ব্যয়ের ভিত্তিতে শিল্পক্ষেত্রজাত বর্জ্যপানি হিসেব করতে পারেন। উদাহরণ স্বরূপ, রঞ্জককারক একটি মিলে, রঞ্জনের রেসিপিতে রঞ্জনের প্রতিটি ব্যাচেই পানি লাগতে পারে, অথবা রঞ্জনের মেশিনটিতে নির্দিষ্ট করা থাকতে পারে যে প্রতিটি ব্যাচের জন্য কতটা পানি লাগবে। রঞ্জনের প্রত্যেকটি রেসিপি থেকে উৎপাদনের আয়তন এবং প্রতিটি রঞ্জনের মেশিনের জন্য উৎপাদনের আয়তন কারখানাটিকে সংগ্রহ করতে হবে। তখন কারখানাটি মেশিন পিছু প্রতিটি রেসিপির ক্ষেত্রে উৎপাদনের পানির ব্যবহারবিধি এবং মেশিন পিছু প্রতিটি রেসিপির জন্য প্রয়োজনীয় পানিকে ব্যবহার করে নিজেই গণনা করতে সক্ষম হবে, যেগুলিকে গুণ করা হবে সংশ্লিষ্ট উৎপাদনের আয়তন দিয়ে। শেষে, উৎপাদনে ব্যবহৃত পানির সমগ্রটি বার করতে হবে। উৎপাদনের আনুমানিক পানির আয়তনকে শিল্পক্ষেত্রে নিষ্কাশিত বর্জ্যপানির পরিমাণের জন্য একটি অনুমান হিসাবে বিবেচনা করা যায়। উৎপাদনের প্রক্রিয়া চলাকালীন বাস্পীভবনের কারণে ঘটা যে কোনো ক্ষয়কেও কারখানাগুলির হিসেব করতে হতে পারে।

বিভিন্ন উৎস থেকে পানির ব্যবহারকে গণনা করার জন্য একটি সরঞ্জাম এখানে পাওয়া যাবে:
<http://waterplanner.gemi.org/calc-waterbalance.asp>

ঘরোয়া বর্জ্যপানিকে অনুসরণ করা

অন-সাইট মিটারের মাধ্যমে ঘরোয়া বর্জ্যপানির প্রবাহের হার এবং নিষ্কাশনের আয়তনকে অনুসরণ করা প্রচলিত অনুশীলন নয় কিন্তু ঘরোয়া বর্জ্যপানির আয়তন এবং পরিমাণকে অনুসরণ করার বিষয়টিকে তুলনামূলকভাবে উৎসাহিত করা হচ্ছে। এটি জিজ্ঞাসা করার মাধ্যমে আমরা যে আচরণ প্রত্যাশা করছি তা এটি দেখানোর জন্য যে একটি ফেসিলিটি অবগত রয়েছে যে কী পরিমাণ পানি নষ্ট হচ্ছে/ তাদের ফেসিলিটি থেকে নির্গত হচ্ছে এবং তারা সেই আয়তনটিকে প্রয়োগ করছে আপনার ফেসিলিটিতে পানির ব্যবহার এবং যথাযথভাবে পরিশোধিত না হলে পরিবেশে তৈরি হওয়া এর প্রভাবকে মূল্যায়ন করার জন্য।

যদি ঘরোয়া বর্জ্যপানি নিষ্কাশন সংক্রান্ত মিটারিং উপাত্ত অথবা প্রকৃত নিষ্কাশনমূলক উপাত্ত পাওয়া না যায়, তাহলে কারখানাটি তার চত্বরে ব্যবহৃত পানির মোট পরিমাণের ভিত্তিতে বর্জ্যপানির হিসেব করার বিষয়টি বিবেচনা করতে পারে, ঘরোয়া উদ্দেশ্যে ব্যবহৃত পরিমাণের হিসেব এবং তা থেকে ক্ষয়বাবদ (যেমন, বাষ্পীভবন) হিসেব করা একটি পরিমাণ বাদ দেয়ার মাধ্যমে। উদাহরণ স্বরূপ, কেবলমাত্র ঘরোয়া বর্জ্যপানি সমন্বিত একটি চত্বর যেটি প্রতি মাসে পৌরসংস্থের 150m³ পানি ব্যবহার করেছিল হিসেব করে যে সেই পানির ১০% বাষ্পীভবনের কারণে ক্ষয় হয়েছে এবং নিষ্কাশিত বর্জ্যপানির 135m³ ছিদ্দের কারণে নষ্ট হয়েছে (150m³ – 10%)।

যেকোনো সুলভ স্থানীয়/আঞ্চলিক উপাত্ত অথবা নির্মাতার বিবরণীর (যেমন, টয়লেট ফিঙ্কাচারে ফ্লাশ প্রতি লিটারের হার) ভিত্তিতে একটি কারখানাতে পানির ব্যবহার ব্যক্তির সংখ্যা, ফেসিলিটিগুলির সংখ্যা এবং ধরন, নল, শৌচাগার, স্নানাগার, সেচ ইত্যাদির মাধ্যমে হিসেব করা যায়।

টীকা: যদি কোনো অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, সেটিকে সম্পূর্ণরূপে নথিভুক্ত করতে হবে, সামঞ্জস্যপূর্ণভাবে প্রয়োগ করতে হবে এবং যুক্তিযুক্ত অনুমানের কারণগুলির উপর নির্ভর করতে হবে যে কারণগুলি প্রাসঙ্গিক সূত্রসমূহ থেকে পাওয়া গেছে (যেমন, উৎপাদনকারীর বিবরণীসমূহ, ব্যক্তি পিছু / দিন নর্দমার বর্জ্যের আয়তনের আঞ্চলিক উপাত্ত, ইত্যাদি)।

এফইএম-এ বর্জ্যপানি সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করা:

এফইএম-এ বর্জ্যপানি সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখার বিষয়টি সম্পন্ন হওয়া উচিত এটি নিশ্চিত করার জন্য যে উপাত্ত এবং তা সংগ্রহ ও রেকর্ড করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ নিখুঁত উপাত্ত উৎপাদনের ক্ষেত্রে কার্যকরী।

করবেন:

- ✓ নিখুঁত হওয়া নিশ্চিত করার জন্য উৎসের উপাত্তগুলিকে (যেমন, মিটার লগগুলি, ইনভয়েসগুলি, ইত্যাদি) সম্পূর্ণ মোট-এর প্রেক্ষিতে পর্যালোচনা করা।

- ✓ ঐতিহাসিক উপাত্তের সাথে বর্তমান বছরটিকে তুলনা করা। যেকোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন (যেমন, ১০%-এর উপর বৃদ্ধি বা হ্রাস) পরিচিত পরিবর্তনগুলিতেই আরোপযোগ্য হওয়া উচিত। যদি না হয়, ন্যায্যতা প্রতিপন্ন করার জন্য অতিরিক্ত তদন্ত হতে পারে।
- ✓ নিশ্চিত করা যে উপাত্ত অনুসরণ করার জন্য সাম্প্রতিকতম এবং হালনাগাদ করা স্প্রেডশীট ব্যবহার করা হচ্ছে এবং সমস্তরকম স্বয়ংক্রিয় গণনা/ফর্মুলা সঠিক রয়েছে।
- ✓ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা। **টীকা:** এফইএম-এ বর্জ্যপানি সংক্রান্ত উপাত্ত কিউবিক মিটারে (m³) প্রবেশ করানো আবশ্যিক।
- ✓ উপাত্তের উৎস রিপোর্ট করা (যেমন, মিটারগুলি, ইনভয়েসগুলি, হিসেব) এবং পরিমাপের হার (যেমন, দৈনিক, মাসিক, ইত্যাদি)।
- ✓ চূড়ান্ত নিষ্কাশন বিন্দুটিকে রিপোর্ট করা (যেমন সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগার)। **টীকা:** ফেসিলিটি থেকে বেরনোর পরে বর্জ্যপানি যেখানে নিঃসৃত হয় এটি সেই জায়গাটি।
- ✓ নির্ভুল থাকা সুনিশ্চিত করার জন্য যেকোনো আনুমানিক অথবা হিসেব সংক্রান্ত প্রণালী-বিদ্যা/গণনাসমূহকে পর্যালোচনা করা।
- ✓ "যেকোনো অতিরিক্ত মন্তব্য প্রদান করুন" লেখা জায়গাতে টীকা লেখা উপাত্ত সংক্রান্ত যেকোনো অনুমান, হিসেবের প্রণালী, অথবা রিপোর্ট করা পরিমাণের উপর অন্য প্রাসঙ্গিক মন্তব্যের বিবরণ দেয়ার জন্য।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উপাত্ত রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং যুক্তিযুক্ত নিখুঁত অনুমান-প্রণালী ও উপাত্ত (যেমন যন্ত্রবিদ্যা-সংক্রান্ত গণনা) দ্বারা সমর্থিত না হয়।

এটা কীভাবে যাচাই করা যাবে:

একটি ফেসিলিটির বর্জ্যপানি সংক্রান্ত উপাত্তসমূহকে যাচাই করার সময়, যাচাইকারীদেরকে **অবশ্যই** ফেসিলিটির বর্জ্যপানিকে অনুসরণ করার কার্যকলাপের সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যা ত্রুটি তৈরি করতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- প্রাথমিক উপাত্ত সংগ্রহের প্রক্রিয়াসমূহ এবং উপাত্তের উৎসগুলি (যেমন, ইনভয়েসগুলি, সাইটে থাকা মিটারগুলি, মিটারের লগগুলি, ইত্যাদি); এবং
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তরসমূহ, ইত্যাদি)।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

ইঁা

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- বর্জ্যপানি নিষ্কাশনের রেকর্ড (যেমন, মাসিক বিলগুলি এবং বার্ষিক নিষ্কাশনের রেকর্ডগুলি; একটি স্প্রেডশীটে (যেমন এক্সেল)-এ প্রণীত মিটারিং রেকর্ডগুলি ততক্ষণই ঠিক আছে যতক্ষণ পর্যালোচনার জন্য মিটারিং রেকর্ডও পাওয়া যায়) যার মোট সংখ্যাটি সমস্ত প্রশ্নে দেয়া উত্তরের মাধ্যমে রিপোর্ট করা উপাত্তের সাথে মিলে যায়।
- যেখানে প্রযোজ্য সেখানে মিটার ক্রমাঙ্কনের রেকর্ড (যেমন, নির্মাতার বিবরণী অনুযায়ী)।
- যেখানে প্রযোজ্য সেখানে অনুমানের প্রণালীকে নথিবদ্ধ করা
- কারখানায় বর্জ্যপানির সমস্ত উৎসগুলিকে সম্পূর্ণ অনুসরণ করা হয়। এর অর্থ হলো যে স্তর ১-এর টেবিলে তালিকাভুক্ত সমস্ত উৎসগুলি সম্পর্কে সমস্ত কলামে সম্পূর্ণ উত্তর রয়েছে যা নির্ভুল।

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- মূল কর্মচারীরা কারখানার বর্জ্যপানির উপাত্ত অনুসরণের কার্যক্রম এবং কীভাবে উপাত্তের গুণগত মান বজায় রাখা হয় সে সম্পর্কে অবহিত।

• পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- বর্জ্যপানি/ বর্জ্যতরল কি কোনো বর্জ্যপানি/বর্জ্যতরল পরিশোধনাগারের দিকে বাহিত হচ্ছে অথবা নিষ্কাশনের আগেই পরিশোধিত হচ্ছে?
- দূষণ বা অবরোধস্থান থেকে উপরিভাগের পানি/ঝড়ের পানি কি বিনা বাধায় নিষ্কাশিত হয়?
- বর্জ্যপানি/ বর্জ্যপানি নিষ্কাশনের জন্য প্রতিষ্ঠিত প্রক্রিয়া কি অনুসৃত হচ্ছে? (যেমন, বর্জ্যপানির ব্যবস্থাপনা, ক্রিয়াকলাপ ইত্যাদি)
- পরিবেশে উপচে পড়া বা ছিদ্র দিয়ে বেরিয়ে যাওয়ার প্রতি কি লক্ষ্য রাখা হয়?
- যেখানে পানিকে সংগ্রহ এবং অনুসরণ করা হয় সেখানকার বয়লারের কি ব্লো-ডাউন এবং মেমব্রেন পরিষ্কার করার অন্যান্য কার্যকলাপ রয়েছে?
- বসানো ফ্লো-মিটারগুলো কি যথাযথভাবে কাজ করছে (যদি কারখানাটি "মিটার" পদ্ধতি নির্বাচন করে থাকে), ক্রমাঙ্ক অনুযায়ী, এবং উপলব্ধ?
- সাইটের পরিদর্শনের সময় প্রমাণ হিসেবে ফ্লোমিটারের ছবি তুলতে হবে।
- আনুমানিক উপাত্তের ক্ষেত্রে, দয়া করে নিশ্চিত করুন যে পানির ভারসাম্য নির্ভর করছে উপলব্ধ ফ্লো-মিটার, ট্যাঙ্ক আয়তনের সমতাবিধান, ফ্লো-রেটের টাইমিং ইত্যাদির উপর।
- প্রবেশমান পানি এবং নিষ্কাশন অনুমানের জন্য ইনভয়েসগুলিকে যাচাই করা

(নতুন) আপনার কারখানাতে কি ঝড়ের নালা ব্যবস্থায় প্রবাহিত ঝড়ের পানির সাথে বর্জ্যপানিকে মিশ্রিত হওয়া থেকে বিরত রাখার কোনও ব্যবস্থা রয়েছে?

আপলোডের জন্য সুপারিশ: প্রসেস ফ্লো-এর নকশা এবং ইউটিলিটি ম্যাপ যাতে পাইপগুলি এবং নর্দমাগুলির অবস্থান এবং সেগুলি কীভাবে সংযুক্ত তা প্রদর্শিত হয়।

এই প্রশ্নটিতে 2020 হিগ এফইএম এবং 2021 হিগ এফইএম উভয় রিপোর্টিং বছরেই স্কার দেয়া হয়নি।
ভবিষ্যৎ রিপোর্টিং বছরগুলিতে স্কার প্রযোজ্য হতে পারে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

ঝড়ের পানিকে বর্জ্যপানি থেকে পৃথক রাখা ভালো বলে বিবেচনা করা হয় বিভিন্ন কারণে যার অন্তর্ভুক্ত হলো আয়তন বৃদ্ধি পাওয়া এবং বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় দূষক (পল্যুট্যান্ট) জমে ওঠার ওপর আরো বেশি নিয়ন্ত্রণ এবং উপচে পড়া যার ফলে নর্দমা এবং/অথবা অপরিশোধিত শিল্পক্ষেত্রীয় বর্জ্যপানি পরিবেশে নিঃসৃত হতে পারে সেটিকে প্রতিরোধ করা। ফেসিলিটি জুড়ে এই দুটি ব্যবস্থাকে ফেসিলিটিগুলির আলাদা করা উচিত, কিন্তু নিষ্কাশনের আগে পরিশোধনের জন্য কী করা আবশ্যিক সে বিষয়ে স্থানীয় প্রবিধানগুলি বিধান দিতে পারে, যার অন্তর্ভুক্ত হতে পারে একটি পরিশোধন ব্যবস্থায় ঝড়ের পানির সাথে কারখানার বর্জ্যপানিকে মিশ্রিত করা।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

ঝড়ের পানি (যেমন বৃষ্টির পানি) এবং বর্জ্যপানি পৃথকভাবে সংগ্রহ করা, পরিশোধন করা এবং নিষ্কাশন করা উচিত, যাতে বর্জ্যপানির পরিশোধনাগারের ওপর ঝড়ের পানির প্রভাবকে হ্রাস করা যায় এবং পরিশোধনের কার্যকারিতাকে সুনিশ্চিত করা যায়। এই পদ্ধতিটিকে রাখার উদ্দেশ্য হলো যথাক্রমে ঝড়ের পানি এবং বর্জ্যপানিকে সংগ্রহ করা এবং নিষ্কাশন করাকে সুনিশ্চিত করা, এবং ব্যবস্থাটি কাজ করছে তা সুনিশ্চিত করা।

এই পদ্ধতিটিকে কীভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে –

- 1) ঝড়ের পানি এবং বর্জ্যপানির সমস্ত সংগ্রহ-বিন্দুগুলিকে এবং নিষ্কাশন ব্যবস্থাগুলিকে কোড করা এবং আখ্যা দেয়া, এবং আখ্যাপ্রদত্ত দায়বদ্ধ দপ্তরটিকে অথবা ব্যক্তিকে নিয়মিত ব্যবস্থাপনার জন্য বরাদ্দ করা
- 2) ঝড়ের পানি এবং বর্জ্যপানির একটি নিষ্কাশন-মানচিত্র তৈরি করা যাতে অবস্থান, ব্যবহার, কোড এবং দায়ী ব্যক্তি সম্পর্কে তথ্য থাকবে। নির্গমন-মানচিত্রটি এমন একটি জায়গায় পোস্ট করুন যেটি অধিকাংশ কর্মীদের পক্ষেই দেখতে পাওয়া সহজ। **টীকা:** ফেসিলিটির

বর্জ্যপানির সংগ্রহ এবং ঝড়ের পানির নিকাসী ব্যবস্থা ফেসিলিটির কাঠামোগত প্রকৌশলমূলক/ইউটিলিটি চিত্রে অন্তর্ভুক্ত হতে পারে।

- 3) প্রতিটি সংগ্রহ ব্যবস্থার বিভিন্ন ব্যবহারের জন্য দায়ী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দেয়া।
- 4) ব্যবস্থাতে কোনো ধরনের মিশ্রণ বা ক্ষতি হচ্ছে না তা নিশ্চিত করার জন্য ঝড়ের পানি এবং বর্জ্যপানির সমগ্র সংগ্রহ বিন্দুগুলি এবং নিষ্কাশন ব্যবস্থাগুলিকে নিয়মিতভাবে (যেমন, দৈনিক, মাসিক, ইত্যাদি) পরীক্ষা করে দেখুন।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- ঝড়ের পানি এবং বর্জ্যপানির নিষ্কাশন মানচিত্র(গুলি) যাতে দেখানো হয় যে দুটির সংগ্রহ এবং নিষ্কাশন ব্যবস্থা পৃথক
- নথিবদ্ধ নীতিসমূহ অথবা প্রক্রিয়াসমূহ, এবং নিয়মিত পর্যবেক্ষণের রেকর্ড যদি পাওয়া যায়

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- সেইসব কর্মীদেরকে জিজ্ঞাসাবাদ করা যারা বিবিধ বর্জ্যপানি/ঝড়ের পানি সংক্রান্ত পরিকাঠামোগুলির ব্যবস্থাপনা করেন যেগুলি থেকে মিশ্র-দূষণের অথবা পাইপ, রাসায়নিক ট্যাঙ্কসমূহ, এবং অন্যান্য ব্যবস্থার মধ্যে নিঃসরণের সম্ভাবনা আছে।
- কর্মীরা পরিদর্শনের জন্য, ডকুমেন্ট খোঁজার জন্য, এবং খোঁজার ফলাফল বিষয়ক সিদ্ধান্তের জন্য ঘুরে দেখেন কিনা তা নির্ধারণ করুন।

• পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- ইউটিলিটি মানচিত্র এবং প্রসেস ফ্লো ডায়াগ্রাম যোগাড় করুন, নির্ভুল থাকার বিষয়টিকে পরিদর্শন করার জন্য মানচিত্র অনুযায়ী কিছু লাইন বরাবর হাঁটুন।
- সম্মিলিত নর্দমা সম্পর্কিত অনুমতিপত্র অথবা অন্যান্য নিয়ামক তথ্য এবং/অথবা ঝড়ের পানিকে পৃথক রাখা এবং যেকোনো ঝড়ের পানি নিষ্কাশনের আগে পরিশোধন সম্পর্কিত প্রবিধানসমূহকে পর্যালোচনা করুন।
- ঝড়ের পানিকে ভালোভাবে পরীক্ষা করে দেখুন এবং পর্যবেক্ষণ করুন জানার জন্য যে তাতে অনিয়মিত কিছু আছে কিনা, যেমন, বৃষ্টি না হওয়া সত্ত্বেও কুয়োর আশেপাশে বর্জ্যপানি প্রবাহিত হচ্ছে কিনা, অথবা বৃষ্টির পানির কুয়োতে পানির সন্দেহজনক রঙ (সাদা, কালো, সবুজ, ইত্যাদি)।

২। সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের নাম এবং যোগাযোগের ঠিকানা কি আপনার কাছে আছে ?

- নামঃ
- ঠিকানাঃ
- মালিকানাঃ
- বর্জ্যপানি পরিশোধনাগারের সঙ্গে আপনার চুক্তির কোনো কপি আছে ?
- যদি উপলব্ধ থাকে তবে দয়া করে নথিপত্র আপলোড করুন

আপলোডঃ ক) সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের সঙ্গে চুক্তিপত্র; খ) আপনার কারখানাকে দেয়া একটি অনুমতিপত্র এবং চুক্তিপত্র যাতে দেখানো যায় যে সাইট-বহির্ভূত পরিশোধনাগারে নিষ্কমণ করার জন্য তাদের সম্মতি দেয়া হয়েছে

এই তথ্য জরুরি কারণ ভুলভাবে পরিশোধনের কারণে প্রাকৃতিক দূষণ ঘটলে কোথায় সমস্যার সূত্রপাত সেই স্থানভেদে তা অবশ্যই দূর করতে হবে। এই তথ্য আপনার কারখানাকে, আপনার সম্প্রদায়কে, এবং স্থানীয় ব্যবসাপ্রদায়কে কোনোপ্রকার ব্যর্থতার ক্ষেত্রে দুর্ঘটনাজনিত পরিবেশগত দূষণ প্রতিরোধ করতে অথবা পরিষ্কার করতে সহায়তা করবে।

আপনি **পুরো পয়েন্ট** পাবেন যদি আপনি আপনার সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের তথ্য সম্পর্কে অবহিত থাকেন এবং একটি চুক্তিপত্র আপলোড করতে পারেন। দয়া করে লক্ষ্য করুন যে চীন দেশের সমস্ত কারখানায় যাচাই করার সময় চুক্তিপত্র দেখানোর প্রয়োজন হবে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো কারখানাটির একটি সম্পর্ক এবং তার বর্জ্যপানি পরিশোধনাগারের সঙ্গে যোগাযোগ স্থাপন করার সক্ষমতা দেখানো। এটি সমস্যা সমাধানেও সাহায্য করে এবং অবিরত উন্নতিতে সহায়তা দেয়।

এই তথ্য জরুরি কারণ ভুলভাবে পরিশোধনের কারণে প্রাকৃতিক দূষণ ঘটলে কোথায় সমস্যার সূত্রপাত সেই স্থানভেদে তা অবশ্যই দূর করতে হবে। এই তথ্য সম্প্রদায় এবং ব্যবসাপ্রদায়কে কোনোপ্রকার ব্যর্থতার ক্ষেত্রে দুর্ঘটনাজনিত পরিবেশগত দূষণকে প্রতিরোধ করতে অথবা পরিষ্কার করতে সাহায্য করতে পারে।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিক - অনুমতি বিভাগ চলাকালীন দেখা হয়েছে:**
 - সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়েছে

- আপনার কারখানাকে দেয়া একটি অনুমতিপত্র যাতে দেখানো যায় যে সাইট-বহির্ভূত পরিশোধনাগারে নিষ্কাশন করানোর জন্য আপনাকে সম্মতি দেয়া হয়েছে
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
 - সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের সাধারণ বিবরণ পরীক্ষা করুন যেমন নকশা, পরিশোধনের ধরন (প্রাথমিক, গৌণ, গঠনসংক্রান্ত), প্রভৃতি।
 - ৩য় পক্ষীয় সাইট-বহির্ভূত পরিশোধনাগারের সঙ্গে চুক্তি পুনর্নবীকরণ করানোর জন্য কোনো পরিচালনা প্রক্রিয়া আছে ?

৩। বর্জ্যপানি সংক্রান্ত কোনো জরুরি পরিস্থিতির সৃষ্টি হলে কি আপনার কারখানাতে কোনো সহায়ক (ব্যাক-আপ) পরিকল্পনা আছে?

আপনার ফেসিলিটিতে কি দুর্ঘটনাজনিত প্রবাহের ক্ষেত্রে আইনগতভাবে প্রয়োজনীয় সরকারী কর্তৃপক্ষ বা সংস্থাগুলির সাথে যোগাযোগ করার কোনও প্রক্রিয়া রয়েছে?

আপনার ফেসিলিটি কি কর্মীদের ব্যাকআপ প্ল্যান সম্পর্কিত সমস্ত প্রাসঙ্গিক প্রশিক্ষণ প্রদান করে?

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

বর্জ্যপানি সংক্রান্ত বিষয়ে আপনার কারখানার ব্যাক-আপ পরিকল্পনায় অন্তর্গত সবকটি কৌশল বেছে নিন

- জরুরি পরিস্থিতিতে উৎপাদন বন্ধ
- হোল্ডিং ট্যাঙ্ক
- আপনার ফেসিলিটির হোল্ডিং ট্যাঙ্কের আয়তন কত?
- গৌণ পরিশোধন (জৈব এবং উন্নততর রাসায়নিক পরিশোধন—যাতে অন্তর্ভুক্ত নেই কোঅ্যাগুলেশন, ফ্লকুলেশন, নিউট্রালাইজেশন, ক্লোরিফিকেশন / সেডিমেন্টেশন প্রক্রিয়া)
- সাইট-বহির্ভূত পানির পরিশোধনাগারে নিষ্কাশন
- অন্যান্য ব্যাক-আপ প্রক্রিয়া

আপনার ফেসিলিটির বর্জ্যপানি পরিশোধন পরিচালনার শীর্ষ / সর্বাধিক গড় ক্ষমতা কত?

আপলোড করুন: আপতকালীন সহায়তামূলক প্রক্রিয়ার নথিপত্র যা কারখানা থেকে দৈনিক নিষ্কাশিত বর্জ্যপানির গড় পরিমাণটিকে পরিশোধন করার জন্য যথেষ্ট।

বর্জ্যপানি পরিশোধনে ব্যর্থতা ঘটলে আপনার কারখানায় একটি ব্যাক-আপ পরিকল্পনা থাকা খুবই জরুরি যাতে স্থানীয় পরিবেশে অপরিশোধিত তরল নিষ্ক্ষমণ প্রতিরোধ করা যায়। আপনার দৈনন্দিন সক্ষমতাকে সামলাতে পারার মতো ব্যাক-আপ পরিকল্পনা যদি আপনার না থাকে, আপনি পয়েন্ট স্কোর করতে পারবেন না বা লেভেল ১ পূর্ণ করতে পারবেন না।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

অপরিশোধিত তরলের নিষ্ক্ষমণ প্রতিরোধ করতে পরিশোধন প্রক্রিয়া ব্যর্থ হলে একটি আপতকালীন পরিকল্পনাকে এই প্রশ্নটি উন্নীত করে। যদি আপনার কোনো ব্যাক-আপ পরিকল্পনা না থাকে, আপনি লেভেল ১ সম্পূর্ণ করতে পারবেন না যেহেতু ব্যর্থতার ক্ষেত্রে দুর্ঘটনাজনিত পরিবেশ দূষণ প্রতিরোধ করতে এটি খুবই জরুরি।

বর্জ্যপানি পরিশোধনাগারের ব্যর্থতার ক্ষেত্রে দুর্ঘটনাজনিত পরিবেশ দূষণ প্রতিরোধ করতে এটি খুবই জরুরি।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

জরুরি পরিস্থিতির প্রয়োজনে আপৎকালীন পরিকল্পনা গড়ে তোলা এবং তা নথিভুক্ত করা ফেসিলিটির জন্য প্রয়োজন। বর্জ্যপানি পরিশোধনাগারের দৈনন্দিন পরিচালন ক্ষমতা এবং হোল্ডিং ট্যাঙ্কের আয়তন সম্পর্কে অবগত থাকা প্রয়োজন (যদি ফেসিলিটিতে হোল্ডিং ট্যাঙ্ক থাকে)। জরুরি পরিস্থিতিতে আপনি বর্জ্যপানি ধরে রাখতে পারবেন কিনা জানার জন্য বর্জ্যপানির পরিমাণের সাথে এই তথ্যকে তুলনা করা উচিত। হোল্ডিং ট্যাঙ্কে বিশেষ ধরনের ব্যাক-আপের পরিমাপক হিসেবে বিবেচনা করা উচিত নয়।

প্রতিক্রিয়ার ধরনগুলো যা হতে পারেঃ

1. কারখানাতে একটি অতিরিক্ত হোল্ডিং ট্যাঙ্ক আছে যা সর্বনিম্ন একদিনের উৎপাদনের সমান বর্জ্যপানি ধরে রাখতে সক্ষম। (কারখানায় কোনো পরিশোধন না ঘটলে এবং প্রত্যক্ষভাবে বর্জ্য পানিকে একটি পাইপলাইনের মাধ্যমে একটি নিরন্তর নিষ্ক্ষমণ প্রক্রিয়া হিসেবে সিইটিপি-তে পাঠিয়ে দিতে থাকলে এটি হতে পারে)
2. যদি কারখানাটি সাইটের ভিতরেই নিষ্কাশিত বর্জ্যপানির গুণগত মানের ক্ষেত্রে পূর্ব-পরিশোধন করে থাকে সিইটিপির সঙ্গে চুক্তিভিত্তিক আবশ্যিকতা পরিপূরণের জন্য, তাহলে হোমোজেনাইজেশন বা নিউট্রালাইজেশন ইত্যাদি ছাড়াও তাদের একটি সংগ্রহ ট্যাঙ্ক থাকা উচিত। সেইসব ক্ষেত্রে, কারখানায় বর্তমানে উৎপাদিত বর্জ্যপানির আয়তনের তুলনায় আরো বেশি ধরে রাখার ক্ষমতাসম্পন্ন একটি বৃহত্তর সংগ্রহ ট্যাঙ্ক থাকা উচিত, এবং এর বর্তমানের আয়তনের সাথেই অতিরিক্ত অন্তত 1 দিনের উৎপাদিত আয়তনের ধারণ ক্ষমতা থাকা অথবা রেসিডেন্স টাইম থাকা উচিত।

3. পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত কারখানা উৎপাদন বন্ধ করে দেবে। তবে, কেবলমাত্র তারা উৎপাদন বন্ধ করবে জাতীয় বক্তব্য পেশ করার পরিবর্তে এই প্রতিক্রিয়াটির সমর্থনে কোনো ধরনের নথিবদ্ধ আপতকালীন প্রক্রিয়া থাকা উচিত।

কোনো নথিবদ্ধ আপতকালীন পরিকল্পনা ছাড়া এবং তা সমস্ত দলগুলোর মধ্যে স্পষ্টভাবে বুঝিয়ে না দেয়া থাকলে, লেভেল ১ অতিক্রম করা সম্ভব নয় কারণ এই অনুশীলনটির মূল উদ্দেশ্য হলো যাতে কোনো বর্জ্যপানিরই অবহেলিত হওয়া বা পরিশোধন ছাড়া অন্য কোনো জলাশয়ে নিষ্কাশিত হওয়া উচিত নয়।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- **আবশ্যিক ডকুমেন্টেশন:**
 - নথিবদ্ধ সহায়তামূলক প্রক্রিয়া যা কারখানা থেকে দৈনন্দিন ভিত্তিতে নিষ্কাশিত বর্জ্যপানিকে পরিশোধন করার জন্য যথেষ্ট। এই রূপরেখার অন্তর্ভুক্ত হতে হবে হয় আপতকালীন উৎপাদন বন্ধের প্রক্রিয়া অথবা/ এবং পরিশোধনের ধরন, পরিশোধনের সহজপ্রাপ্যতা, ব্যাক-আপ পরিশোধন ব্যবস্থাকে পরিচালিত করার প্রক্রিয়া, এই পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ ইত্যাদি।
 - সহায়তামূলক (ব্যাক-আপ) পরিশোধনের বিকল্পগুলিকে এবং সক্ষমতাকে বিবৃত করে এমন কোনো রূপরেখা
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**
 - বর্জ্যপানি পরিশোধনের জন্য দায়বদ্ধ মূল কর্মী ব্যাক-আপ পরিকল্পনাটি কি সে সম্পর্কে বিস্তারিত জানাতে পারেন এবং কীভাবে ও কখন এটিকে কার্যকরী করা হবে তাও দেখাতে পারেন
 - এই ব্যাক-আপ ব্যবস্থাপনার প্রয়োজন হয়েছে কি? কখন এবং কেন?
 - যদি আগে কোনো জরুরি পরিস্থিতির সৃষ্টি হয়ে থাকে, কবে এবং কেন এই ব্যাক-আপ ব্যবস্থার প্রয়োজন হয়েছিল? ব্যাক-আপ পরিকল্পনাটি কি আপতকালীন পরিস্থিতির ব্যবস্থাপনার জন্য যথেষ্ট ছিল?
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - নথিবদ্ধ ব্যাক-আপ পরিকল্পনাটি চেয়ে নিন এবং পরিকল্পনা অনুসারে এলাকাটি স্থিরীকৃত রয়েছে কিনা তা যাচাই করুন
 - পরিকল্পনা, সরঞ্জামের (যদি সাইটের ভিতরে হয়) ছবি তুলুন, এবং/অথবা চুক্তিপত্রের ছবি তুলুন (যদি সাইট-বহির্ভূত হয়)

(নতুন) আপনি কি নিশ্চিত করতে পারবেন যে বর্জ্যপানি কোনো ছিদ্রপথে প্রবাহিত হচ্ছে না বা বাইপাস করছে না?

*এই প্রশ্নটিতে 2020 হিগ এফইএম এবং 2021 হিগ এফইএম উভয় রিপোর্টিং বছরেই স্কোর দেয়া হয়নি।
ভবিষ্যৎ রিপোর্টিং বছরগুলিতে স্কোর প্রযোজ্য হতে পারে।*

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কারখানাগুলির উচিত বর্জ্যপানি নিষ্কাশনের বিষয়টিকে পর্যবেক্ষণ করা এবং প্রযোজ্য আইনগুলি এবং প্রবিধানসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ স্তর অবধি বর্জ্যপানি থেকে পলুট্যান্ট হ্রাস করা।

উদ্দেশ্যটি হলো পানি বিতরণ এবং বর্জ্যপানির প্রবাহকে সঠিক পরিশোধন অথবা নিষ্কাশন স্থানগুলির দিকে চালনা করার জন্য পাইপিং এবং অন্যান্য পরিবহন ব্যবস্থাগুলির বিষয়ে নিজেদের প্রসেস ফ্লো ডায়াগ্রাম সম্পর্কে কারখানার জ্ঞান মূল্যায়ণ করা। কোনোপ্রকার অবৈধ নিষ্কাশন ঘটছে না তা নিশ্চিত করা চালিয়ে যাওয়ার জন্য পরিদর্শনের সময়ে একটি ফেসিলিটির পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে অবহিত থাকা উচিত।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্যপানির সমস্ত প্রবাহগুলিকে চিহ্নিত করুন এবং বৈশিষ্ট্যায়িত করুন, এবং প্রক্রিয়া-সংক্রান্ত বর্জ্যপানির প্রবাহগুলির একটি তালিকা রক্ষণাবেক্ষণ করুন এবং নিশ্চিত করুন যে সেগুলি যেন পরিবেশে নিষ্কাশিত হওয়ার আগে যথাযথ পরিশোধনের জন্য চালিত হয়।

যথাযথ আয়তনবিশিষ্ট বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থাগুলিকে বসান এবং রক্ষণাবেক্ষণ করুন যেগুলি প্রযোজ্য আইনসমূহ এবং প্রবিধানসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ স্তর অবধি বর্জ্যপানি থেকে পলুট্যান্ট হ্রাস করে।

নিয়মানুযায়ী, চত্বরের মধ্যে থাকা বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থার অভাবে, বর্জ্যপানিকে সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারে (যেমন, ইন্ডাস্ট্রিয়াল পার্ক বর্জ্যপানি পরিশোধনাগার, অথবা পৌরসংস্থের বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থা) নিষ্কাশন করান। নিষ্কাশন সংক্রান্ত আবশ্যিক অনুমতিপত্রগুলিকে অবশ্যই নির্দিষ্ট সময় অন্তর হালনাগাদ করতে হবে এবং যথাযথ নিয়ামক সংস্থার কাছে দাখিল করতে হবে।

জরুরি অবস্থার জন্য প্রস্তুতি গ্রহণ করুন এবং জরুরি প্রতিক্রিয়া সংক্রান্ত পদক্ষেপগুলিকে বাস্তবায়ন করুন যদি কোনো কারণে অন-সাইট বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থা তার ক্ষমতাকে অতিক্রম করে যায় অথবা যদি ক্রটি দেখা দেয়।

বর্জ্যপানি নিয়ে প্রত্যক্ষভাবে কাজ করেন এমন সমস্ত কর্মীদেরকে প্রশিক্ষণ দিন।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

• **আবশ্যিক ডকুমেন্টেশন:**

- কী ধরনের পরিদর্শন হয়েছে, কোথায় সেগুলি হয়েছে, এবং ছিদ্র ও বাইপাস পর্যবেক্ষণ করার হার সম্পর্কে রেকর্ড করার জন্য ডকুমেন্টেশনগুলিকে পর্যালোচনা করুন।
- ক্রিয়াকলাপ এবং বর্জ্যপানি পরিশোধনাগারের পর্যবেক্ষণ করার রেকর্ডগুলিকে তুলনা করুন।
 - যেমন, উদ্ভূত এবং নিঃসৃত বর্জ্যপানির পরিমাণের পার্থক্য গ্রহণযোগ্য কিনা তা খুঁটিয়ে দেখার জন্য ইনফ্লুয়েন্ট/এফ্লুয়েন্ট-এর রেকর্ডগুলি, অনলাইন নিয়ন্ত্রণ ব্যবস্থার রেকর্ডগুলি এবং অন্যান্য ব্যবস্থার রেকর্ডসমূহ।

• **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**

- বহির্বিভাগের বিবিধ নির্মাণ পরিকাঠামো যেগুলি থেকে নিঃসরণের সম্ভাবনা রয়েছে যার মধ্যে আছে পাইপ, রাসায়নিক ট্যাঙ্ক, এবং অন্যান্য ব্যবস্থাসমূহ, সেগুলির ব্যবস্থাপনার দায়িত্বে থাকা কর্মীদের জিজ্ঞাসাবাদ করুন।
- কর্মীরা পরিদর্শনের জন্য, ডকুমেন্ট খোঁজার জন্য, এবং খোঁজার ফলাফল বিষয়ক সিদ্ধান্তের জন্য ঘুরে দেখেন কিনা তা নির্ধারণ করুন।
- বর্জ্যপানি সংগ্রহ এবং পরিশোধন সম্পর্কে কর্মীরা অবহিত কিনা জানার জন্য উৎপাদনের ওয়র্কশপে কর্মীদের জিজ্ঞাসাবাদ করুন।
- বর্জ্যপানি পরিশোধনাগার এবং পরীক্ষাগারের কর্মীদের জিজ্ঞাসাবাদ করুন তাদের দৈনন্দিন অনুশীলন, প্রশিক্ষণ এবং সচেতনতা সম্পর্কে জানার জন্য।

• **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- ইউটিলিটি মানচিত্র এবং প্রসেস ফ্লো ডায়াগ্রাম যোগাড় করুন, নির্ভুল থাকার বিষয়টিকে পরিদর্শন করার জন্য মানচিত্র অনুযায়ী কিছু লাইন বরাবর হাঁটুন।
- অবৈধ নিঃসরণ খুঁজে পাওয়ার জন্য মূল ব্যবস্থাসমূহ এবং ভবনগুলির বাইরে চারপাশে হেঁটে দেখুন।
- বর্জ্যপানি এবং বৃষ্টির পানি নিঃসরণের স্থানগুলিকে পরীক্ষা করে দেখুন বর্জ্যপানি নিঃসৃত হচ্ছে কিনা অথবা বাইপাস করছে কিনা।
- বর্জ্যপানি পরিশোধনাগার খুঁটিয়ে দেখুন জানার জন্য যে তার প্রতিটি অংশ ক্রিয়াশীল কিনা এবং যথাযথ-রক্ষণাবেক্ষণ করা হচ্ছে কিনা।

৪। বিপজ্জনক কাদা (রাসায়নিক / শিল্পক্ষেত্র-সম্পর্কিত) কি যথাযথভাবে নিষ্কাশন করানো হয় ?

আপনার ফেসিলিটি কি সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের বিপজ্জনক কাদা নিষ্কাশনের পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে?

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

আপনার বিপজ্জনক কাদাকে কীভাবে নিষ্কাশন করানো হয়?

- বিপজ্জনক বর্জ্যের পরিশোধন
- দাহ্য নিয়ন্ত্রিত পরিস্থিতি
- জমিভরাট
- প্রকাশ্যে পোড়ানো
- জ্বালানি মিশ্রিত
- জৈবসার
- সার (জমিতে প্রয়োগ করা হয়েছে)

আপলোড করুনঃ ক) গত ১২ মাসের কাদার বিশ্লেষণ বা পরীক্ষার ফলাফল (যদি ঝুঁকিবিহীন হিসেবে বাছাই করা হয়ে থাকে); খ) যথাযথ নিষ্কাশন অথবা জমিতে প্রয়োগের জন্য অনুমতিপত্র বা ইস্তাহার।

যদি আপনার বিপজ্জনক কাদা থেকে থাকে তবে তা অবশ্যই কোনো লাইসেন্স-প্রাপ্ত বর্জ্য ঠিকাদারের মাধ্যমে অথবা যথাযথভাবে নিয়ন্ত্রিত পরিস্থিতিতে পোড়ানোর মাধ্যমে নষ্ট করতে হবে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচিত যে আপনার পরিচালনার মধ্যে কোনো রাসায়নিক বা শিল্পক্ষেত্র-সম্বন্ধীয় বিপজ্জনক পদার্থ আছে কিনা, এবং, যদি থাকে, আপনার নিশ্চিত করা উচিত যে যথাযথ প্রক্রিয়া ব্যতীত সেগুলো আপনি ফেলে দিচ্ছেন না।

পরিবেশ দূষণ এড়ানোর জন্য বিপজ্জনক কাদা যথাযথভাবে নষ্ট করতে হবে। আপনি যদি বিপজ্জনক কাদা জমিতে ফেলেন বা প্রকাশ্যে জ্বালিয়ে দেন, আপনি পরিবেশের জন্য গুরুতর বিপদ তৈরি করছেন।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বিপজ্জনক কাদাকে (স্লাজ) অনুমোদিত এজেন্টের মাধ্যমে যথাযথভাবে নিষ্কাশন করতে হবে অথবা ফেসিলিটির এলাকার মধ্যেই সেটিকে পচিয়ে ফেলার জন্য স্থানীয় দূষণ বোর্ডের কাছ থেকে পাওয়া একটি

লাইসেন্স ফেসিলিটির কাছে থাকতে হবে। এমএসডিএস সেকশন 13-এর সঙ্গে সঙ্গতি রক্ষা করে রাসায়নিকগুলো নাড়াচাড়া এবং বিনষ্ট করার বিষয়টি ঘটতে হবে। যে ক্ষেত্রে স্থানীয় প্রশাসন ওই কাদাটিকে বিপদহীন বর্জ্য বলে ঘোষণা করেছে সেখানে কাদা বিশ্লেষণের পরীক্ষার ফলাফল প্রয়োজন হবে না। তবে, জমিভরাট এবং কারখানার এলাকাতেই প্রকাশ্যে পোড়ানোর কর্মকাণ্ড যথাযথ হবে না যদি না কাদা বিশ্লেষণের মাধ্যমে স্পষ্টভাবে চিহ্নিত করা হয় যে কাদাটির প্রকৃতি বিপদহীন।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- যতটা কাদা উদ্ভূত হয়েছে তার মোট পরিমাণ এবং প্রকৃতির (বিপদহীন এবং বিপজ্জনক) একটি তালিকা
- পরীক্ষাগারের বিশ্লেষণ যাতে বিভিন্ন প্রকার কাদার বিপদহীন এবং বিপজ্জনক (যদি প্রযোজ্য হয়) উপাদান দেখানো থাকবে
- প্রত্যেক ধরনের কাদা নষ্ট করার পদ্ধতি প্রদর্শন করা নথিপত্র
- কারখানার বাইরে কোথাও নষ্ট করার জন্য, ডেলিভারি রেকর্ডের ইনভয়েস প্রয়োজন যাতে বেছে নেয়া নষ্ট করার পদ্ধতির মাধ্যমে প্রকৃতপক্ষে কী ধরনের অভ্যাস এখানে চলছে সেটা বোঝা যাবে
- যদি জমিভরাট, প্রকাশ্যে পোড়ানো, জৈবসার পদ্ধতি, মিশ্র জ্বালানি, অথবা জমিতে দেয়া সার হিসেবে ফেলা হয়ে থাকে, তবে স্লাজটিকে অবশ্যই বিশ্লেষণ করাতে হবে, এবং নষ্ট করার নির্দিষ্ট পদ্ধতির জন্য তা যথাযথ এবং বিপদহীন হিসেবে নথিবদ্ধ করাতে হবে
- অনুমতিপত্রসমূহ, যদি নিষ্কাশনের কোনো বিশেষ পদ্ধতির জন্য প্রযোজ্য হয়

• সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:

- কাদার উপাদানগুলো সম্পর্কে কি কোনো বিশদ এবং হালনাগাদ বিষয় জানা গেছে? কীভাবে কাদাকে নিয়মিতভাবে বিশ্লেষণ করা যায় এটিকে যথাযথভাবে নষ্ট করা হচ্ছে তা সুনিশ্চিত করার জন্য?
- পরিচালকবর্গ এবং দায়বদ্ধ কর্মচারীরা কি প্রত্যেক ধরনের স্লাজের জন্য যথাযথ নিষ্কাশন পদ্ধতি সম্পর্কে সচেতন?

• পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- কাদা নিষ্কাশন করানোর জন্য জায়গা বা এলাকা যদি তা চত্বরের মধ্যেই (অন-সাইট) হয় দয়া করে ছবি তুলুন

৫। বিপদহীন কাদা কি যথাযথভাবে নিষ্কাশিত করা হয়েছে? (কেবলমাত্র ঘরোয়া বর্জ্যপানি)

আপলোড করার সুপারিশ রয়েছে: কাদার বিশ্লেষণ বা পরীক্ষার ফলাফল

বিপদহীন কাদাকে যেকোনো পদ্ধতিতেই নিষ্কাশিত করার ব্যবস্থা করা যায় যদিও আপনাকে অবশ্যই নথিপত্রের মাধ্যমে প্রমাণ দিতে হবে যে আপনার কারখানার কাদা বিপজ্জনক নয়।

আপনার ফেসিলিটি কি সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের বিপদহীন কাদা নিষ্কাশিত করার পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে?

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

আপনার বিপজ্জনক কাদাকে কীভাবে নিষ্কাশিত করানো হয়?

- বিপজ্জনক বর্জ্যের পরিশোধন
- দাহ্য নিয়ন্ত্রিত পরিস্থিতি
- জমিভরাট
- প্রকাশ্যে পোড়ানো
- জ্বালানি মিশ্রিত
- জৈবসার
- সার (জমিতে প্রয়োগ করা হয়েছে)

আপলোড করার সুপারিশ: ক) গত ১২ মাসের কাদার বিশ্লেষণ বা পরীক্ষার ফলাফল (যদি বিপদহীন হিসেবে বাছাই করা হয়ে থাকে); খ) যথাযথভাবে নিষ্কাশন করানো অথবা জমিতে প্রয়োগের জন্য অনুমতিপত্র বা ইস্তাহার।

বিপদহীন কাদাকে যেকোনো পদ্ধতিতেই নিষ্কাশিত করার ব্যবস্থা করা যায় যদিও আপনাকে অবশ্যই নথিপত্রের মাধ্যমে প্রমাণ দিতে হবে যে আপনার কারখানার কাদা বিপজ্জনক নয়।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচিত যে আপনার পরিচালনার মধ্যে কোনো রাসায়নিক বা শিল্পক্ষেত্র-সম্বন্ধীয় বিপজ্জনক পদার্থ আছে কিনা, এবং, যদি থাকে, আপনার নিশ্চিত করা উচিত যে যথাযথ প্রক্রিয়া ব্যতীত সেগুলো আপনি ফেলে দিচ্ছেন না।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বিপজ্জনক কাদাকে (স্লাজ) অনুমোদিত এজেন্টের মাধ্যমে যথাযথভাবে নিষ্কাশন করাতে হবে অথবা ফেসিলিটির এলাকার মধ্যেই সেটিকে পচিয়ে ফেলার জন্য স্থানীয় দূষণ বোর্ডের কাছ থেকে পাওয়া একটি লাইসেন্স ফেসিলিটির কাছে থাকতে হবে।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

● আবশ্যিক নথিপত্র:

- যতটা কাদা উদ্ভূত হয়েছে তার মোট পরিমাণ এবং প্রকৃতির (বিপদহীন এবং বিপজ্জনক) একটি তালিকা
- পরীক্ষাগারের বিশ্লেষণ যাতে বিভিন্ন প্রকার কাদার বিপদহীন এবং বিপজ্জনক (যদি প্রয়োজ্য হয়) উপাদান দেখানো থাকবে
- প্রত্যেক ধরনের কাদা নষ্ট করার পদ্ধতি প্রদর্শন করা নথিপত্র
- কারখানার বাইরে কোথাও নষ্ট করার জন্য, ডেলিভারি রেকর্ডের ইনভয়েস প্রয়োজন যাতে বেছে নেয়া নষ্ট করার পদ্ধতির মাধ্যমে প্রকৃতপক্ষে কী ধরনের অভ্যাস এখানে চলছে সেটা বোঝা যাবে
- যদি জমিভরাট, প্রকাশ্যে পোড়ানো, জৈবসার পদ্ধতি, মিশ্র জ্বালানি ইত্যাদি প্রক্রিয়ায় নষ্ট করা হয়ে থাকে, অথবা সার হিসেবে জমিতে দেয়া হয়ে থাকে, কাদাটিকে অবশ্যই বিশ্লেষণ করাতে হবে, এবং নির্দিষ্ট নষ্ট করার পদ্ধতির জন্য তা যথাযথ এবং বিপদহীন হিসেবে নথিবদ্ধ করাতে হবে।
- অনুমতিপত্রসমূহ, যদি নিষ্কাশনের কোনো বিশেষ পদ্ধতির জন্য প্রয়োজ্য হয়

● জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- কাদার উপাদানগুলো সম্পর্কে কি কোনো বিশদ এবং হালনাগাদ বিষয় জানা গেছে? কীভাবে কাদাকে নিয়মিতভাবে বিশ্লেষণ করা যায় এটিকে যথাযথভাবে নষ্ট করা হচ্ছে তা সুনিশ্চিত করার জন্য?
- কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা কি প্রত্যেক ধরনের কাদার জন্য যথাযথ নিষ্কাশন পদ্ধতি সম্পর্কে সচেতন?

● পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- কাদা নিষ্কাশন করানোর জন্য জায়গা বা এলাকা যদি তা চত্বরের মধ্যেই (অন-সাইট) হয়
- দয়া করে ছবি তুলুন

৬। আপনার ফেসিলিটি কি বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে সেপ্টিক ব্যবহারের মাধ্যমে তাকে পরিশোধন করে?

আপলোড করার সুপারিশ: ক) সেইসব কাগজপত্র যেগুলি দেখায় যে আপনার কারখানা দূষিত বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে তাকে পরিশোধন করে; খ) আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তরের পরিকল্পনা।

আপনার ফেসিলিটি কি সমস্ত প্রাসঙ্গিক কর্মীদের সেপ্টিক বর্জ্য নিষ্কাশনের পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করে?

- কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?
- আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ দেন?

ভর্তি হয়ে গেলে আপনার কারখানা আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে কীভাবে খালি করে?

- কোথায় এটিকে খালি করা হয় তার বিবরণ দিন
- খালি করার পরে সেটিকে কীভাবে শোধন করা হয় তার বিবরণ দিন
- যদি উপলব্ধ থাকে তবে দয়া করে নথিপত্র আপলোড করুন

আপনার কি আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তরের পরিকল্পনা আছে ?

পরিবেশ দূষণ এড়ানোর জন্য দূষিত বর্জ্যপানি পরিশোধিত হওয়া এবং যথাযথভাবে নিঃসরণের ব্যবস্থা করা প্রয়োজন।

আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তরের পরিকল্পনা আপনার ফেসিলিটির শুরু করে দেয়া উচিত যাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে দূষিত পদার্থকে যথাযথভাবে বন্ধ রাখা যায়। আপনি যদি যথাযথভাবে সেপ্টিক বর্জ্যপানিকে শোধন এবং বিনষ্ট করে থাকেন, কিন্তু এখনও আধুনিকতর কোনো ব্যবস্থায় রূপান্তরের কোনো পরিকল্পনা আপনার না থেকে থাকে তাহলে আপনি আংশিক পয়েন্ট পাবেন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচিত যে আপনার পরিচালনার মধ্যে কোনো রাসায়নিক বা শিল্পক্ষেত্র-সম্বন্ধীয় বিপজ্জনক পদার্থ আছে কিনা, এবং, যদি থাকে, আপনার নিশ্চিত করা উচিত যে যথাযথ প্রক্রিয়া ব্যতীত সেগুলো আপনি ফেলে দিচ্ছেন না।

পরিবেশ দূষণ এড়ানোর জন্য বিপজ্জনক কাদা যথাযথভাবে নষ্ট করতে হবে।

আপনি যদি যথাযথ প্রক্রিয়ায় আপনার সেপ্টিক বর্জ্যপানি পরিশোধন বা বিনষ্ট না করেন, তাহলে আপনি বিপজ্জনক পদার্থ পরিবেশে ছড়িয়ে দেবেন।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

ঘরোয়া পানির ব্যবহার যেমন কাচার সাবান, মেঝে এবং দাগ পরিষ্কারের রাসায়নিক, সৌচাগার-সংক্রান্ত অন্যান্য রাসায়নিক সামান্য কয়েকটি নিয়ন্ত্রিত রাসায়নিক এবং উচ্চ মাত্রায় কোলিফর্ম নিষ্কমণ করতে পারে। একটি কারখানার অবশ্যই সেপ্টিক বর্জ্যপানি নিষ্কমণের বিষয়টিকে বুঝতে, মনিটর করতে এবং দায়িত্ব নিতে হবে নিম্নলিখিত কর্মকাণ্ডের মাধ্যমেঃ

1. সেপ্টিক বর্জ্যপানি নিষ্কাশিত হওয়ার আগে পরিশোধন করা হয়েছে তা সুনিশ্চিত করার জন্য একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন।
2. সেপ্টিক বর্জ্যপানির ব্যবস্থাপনা এবং মনিটর করার জন্য একজন দায়িত্ববান কর্মচারীকে নিয়োগ করুন
3. সেপ্টিক ট্যাঙ্কের উপাদান খালি করার জন্য অনুমোদিত তৃতীয় পক্ষের সাথে চুক্তি করুন এবং নিষ্কাশন করার রেকর্ড/ইনভয়েস রেখে দিন

এটা কীভাবে যাচাই করা যাবে:

পুরো পয়েন্ট

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- ডকুমেন্টেশন (প্রক্রিয়া, সরঞ্জামের নকশা, পদ্ধতিসমূহ, দায়বদ্ধ ব্যক্তিবর্গ, ইত্যাদি) যাতে বোঝা যায় যে সাইটটি সেপ্টিক বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে তা পরিশোধন করে
- সেপ্টিক ট্যাঙ্ক ভর্তি হয়ে গেলে আপনি কীভাবে তা খালি করেন এবং বর্জ্য ফেলে দেন তার বিবরণের কাগজপত্র
- যদি প্রযোজ্য হয় তবে সমস্ত অনুমতিপত্র
- সেপ্টিক ট্যাঙ্কের উপাদান সরানোর পরে তা বিনষ্ট করার রেকর্ড/ ইনভয়েস যদি প্রযোজ্য হয়
- একটি সময়-কেন্দ্রিক পরিকল্পনা যাতে আপনি কীভাবে আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তর করছেন বা করবেন তার বিশদ বিবরণ এবং মাইলস্টোনগুলি রয়েছে

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে সেপ্টিক ব্যবস্থায় কোন নির্দিষ্ট ধরনের বর্জ্য পানি পরিশোধিত হয়

- কর্তৃপক্ষ এবং দায়িত্বশীল কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে কীভাবে কারখানাটি ভর্তি সেপ্টিক ট্যাঙ্কে খালি করে এবং মোটামুটিভাবে বলতে পারবেন যে কত ঘন ঘন এই প্রক্রিয়া করা হয়ে থাকে।
- কর্তৃপক্ষ এবং দায়িত্বশীল কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে সেপ্টিক ট্যাঙ্কের বর্জ্য পরিশোধন এবং/অথবা নিষ্করণ কোথায় হয়
- সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তর করা বিষয়ে তাদের পরিকল্পনা সম্পর্কে কর্তৃপক্ষ বলতে পারবেন এবং এটি করার জন্য তাদের সময়সীমাও দিতে পারবেন

● **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- সেপ্টিক ট্যাঙ্ক এলাকা এবং নর্দমার পাইপলাইনগুলোর ছবি তুলুন
- প্রদত্ত পরিকল্পনার সাথে ছবিগুলো মেলে কিনা
- সেপ্টিক বর্জ্য বা উপচে পড়া সেপ্টিক ব্যবস্থার অনুপযুক্ত ডিস্পোজালের কোনো প্রমাণ রয়েছে? যদি তা হয়, তবে মন্তব্য করুন এবং ছবি তুলুন।

আংশিক পয়েন্টগুলো

- "হ্যাঁ" লেখার জন্য যা দরকার সেটুকুই যার ব্যতিক্রম হলো সেপ্টিক ট্যাঙ্ক থেকে আপগ্রেড করার পরিকল্পনা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার জানা উচিত যে আপনার পরিচালনার মধ্যে কোনো রাসায়নিক বা শিল্পক্ষেত্র-সম্বন্ধীয় বিপজ্জনক পদার্থ আছে কিনা, এবং, যদি থাকে, আপনার নিশ্চিত করা উচিত যে যথাযথ প্রক্রিয়া ব্যতীত সেগুলো আপনি ফেলে দিচ্ছেন না।

পরিবেশ দূষণ এড়ানোর জন্য বিপজ্জনক কাদা যথাযথভাবে নষ্ট করতে হবে।

আপনি যদি যথাযথ প্রক্রিয়ায় আপনার সেপ্টিক বর্জ্যপানি পরিশোধন বা বিনষ্ট না করেন, তাহলে আপনি বিপজ্জনক পদার্থ পরিবেশে ছড়িয়ে দেবেন।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

ঘরোয়া পানির ব্যবহার যেমন কাচার সাবান, মেঝে এবং দাগ পরিষ্কারের রাসায়নিক, সৌচাগার-সংক্রান্ত অন্যান্য রাসায়নিক সামান্য কয়েকটি নিয়ন্ত্রিত রাসায়নিক এবং উচ্চ মাত্রায় কোলিফর্ম নিষ্করণ করতে পারে। একটি কারখানার অবশ্যই সেপ্টিক বর্জ্যপানি নিষ্করণের বিষয়টিকে বুঝতে, মনিটর করতে এবং দায়িত্ব নিতে হবে নিম্নলিখিত কর্মকাণ্ডের মাধ্যমেঃ

4. সেপ্টিক বর্জ্যপানি নিষ্কাশিত হওয়ার আগে পরিশোধন করা হয়েছে তা সুনিশ্চিত করার জন্য একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন।

5. সেপ্টিক বর্জ্যপানির ব্যবস্থাপনা এবং মনিটর করার জন্য একজন দায়িত্ববান কর্মচারীকে নিয়োগ করুন
6. সেপ্টিক ট্যাঙ্কের উপাদান খালি করার জন্য অনুমোদিত তৃতীয় পক্ষের সাথে চুক্তি করুন এবং নিষ্কাশন করার রেকর্ড/ইনভয়েস রেখে দিন

এটা কীভাবে যাচাই করা যাবে:

পুরো পয়েন্ট

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- ডকুমেন্টেশন (প্রক্রিয়া, সরঞ্জামের নকশা, পদ্ধতিসমূহ, দায়বদ্ধ ব্যক্তিবর্গ, ইত্যাদি) যাতে বোঝা যায় যে সাইটটি সেপ্টিক বর্জ্যপানিকে নিষ্কাশন করার আগে তা পরিশোধন করে
- সেপ্টিক ট্যাঙ্ক ভর্তি হয়ে গেলে আপনি কীভাবে তা খালি করেন এবং বর্জ্য ফেলে দেন তার বিবরণের কাগজপত্র
- যদি প্রযোজ্য হয় তবে সমস্ত অনুমতিপত্র
- সেপ্টিক ট্যাঙ্কের উপাদান সরানোর পরে তা বিনষ্ট করার রেকর্ড/ ইনভয়েস যদি প্রযোজ্য হয়
- একটি সময়-কেন্দ্রিক পরিকল্পনা যাতে আপনি কীভাবে আপনার সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তর করছেন বা করবেন তার বিশদ বিবরণ এবং মাইলস্টোনগুলি রয়েছে

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে সেপ্টিক ব্যবস্থায় কোন নির্দিষ্ট ধরনের বর্জ্য পানি পরিশোধিত হয়
- কর্তৃপক্ষ এবং দায়িত্বশীল কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে কীভাবে কারখানাটি ভর্তি সেপ্টিক ট্যাঙ্কে খালি করে এবং মোটামুটিভাবে বলতে পারবেন যে কত ঘন ঘন এই প্রক্রিয়া করা হয়ে থাকে।
- কর্তৃপক্ষ এবং দায়িত্বশীল কর্মচারীরা বর্ণনা দিতে পারবেন যে সেপ্টিক ট্যাঙ্কের বর্জ্য পরিশোধন এবং/অথবা নিষ্করণ কোথায় হয়
- সেপ্টিক ট্যাঙ্কটিকে একটি আরও আধুনিক বর্জ্যপানি পরিশোধন ব্যবস্থায় রূপান্তর করা বিষয়ে তাদের পরিকল্পনা সম্পর্কে কর্তৃপক্ষ বলতে পারবেন এবং এটি করার জন্য তাদের সময়সীমাও দিতে পারবেন

• পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- সেপ্টিক ট্যাঙ্ক এলাকা এবং নর্দমার পাইপলাইনগুলোর ছবি তুলুন
- প্রদত্ত পরিকল্পনার সাথে ছবিগুলো মেলে কিনা

- সেপ্টিক বর্জ্য বা উপচে পড়া সেপ্টিক ব্যবস্থার অনুপযুক্ত ডিস্পোজালের কোনো প্রমাণ রয়েছে? যদি তা হয়, তবে মন্তব্য করুন এবং ছবি তুলুন।

আংশিক পয়েন্টগুলো

- "হ্যাঁ" লেখার জন্য যা দরকার সেটুকুই যার ব্যতিক্রম হলো সেপ্টিক ট্যাঙ্ক থেকে আপগ্রেড করার পরিকল্পনা

বর্জ্যপানি - স্তর ২

৭। বর্জ্যপানির মানদণ্ডের ভিত্তিতে কি আপনি রিপোর্ট দিচ্ছেন?

· আপনি কি এই মানদণ্ডটির বিরুদ্ধে রিপোর্ট করছেন?

- জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকা
- বিএসআর
- আইপিই
- গ্রাহক/ব্র্যান্ড
- অন্যান্য হলে, দয়া করে বিবরণ দিন (ব্যতিক্রম স্থানীয় আইন এবং প্রবিধানসমূহ)

· মানদণ্ডে উল্লিখিত সমস্ত প্যারামিটার অনুযায়ী কি আপনি পরীক্ষা করিয়েছেন এবং সেগুলির সাথে সামঞ্জস্য বজায় রেখেছেন?

। মানদণ্ডের প্ল্যাটফর্মে কি আপনার প্যারামিটারের ফলাফল পাওয়া যাবে? (যেমন, জেডডিএইচসি গেটওয়ে অথবা আইপিই ডেটাবেস)

জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকা যদি বেছে নেয়া হয়ঃ

· টেবিল 2A-N-এর রাসায়নিক গ্রুপও কি প্যারামিটারের কিছু আপনার ফলাফলে চিহ্নিত করা যাচ্ছে না?

পরীক্ষার ফলাফল আপলোড করুন

চিহ্নিত করা গেলে প্যারামিটারের টেবিলগুলিকে সম্পূর্ণ করুন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো বর্জ্যপানি মানদণ্ড অনুসরণ এবং রিপোর্টিংয়ের মাধ্যমে একটি কারখানার বর্জ্যপানির গুণগত মান সংক্রান্ত কর্মকুশলতা প্রদর্শন করা। এখানে রেফার করা মানদণ্ড হলো ইন্ডাস্ট্রি মানদণ্ড এবং উদ্দেশ্য হলো স্থানীয় আইন এবং প্রবিধানের সঙ্গে সঙ্গতি রক্ষা করে উন্নতিবিধান করা।

আপনার কারখানা থেকে নিষ্কাশিত পানির গুণগত মান প্রত্যক্ষভাবে বাস্তুগত প্রভাব এবং কার্যনির্বাহের ব্যয়ভারের সঙ্গে সম্পর্কিত। এটি ইন্ডাস্ট্রির সংগঠনগত স্বচ্ছতার জন্য প্রয়োজনীয় সম্ভাব্য নিষ্কাশন সংক্রান্ত বাধ্যবাধকতার সাথে সঙ্গতি রক্ষা করার সঙ্গেও প্রত্যক্ষভাবে জড়িত।

ঐচ্ছিক জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকাটি কি?

[জিরো ডিসচার্জ অব হ্যাজার্ডাস কেমিক্যালস \(জেডডিএইচসি\) ওয়েস্টওয়াটার গাইডলাইন](#) একটি ঐচ্ছিক নির্দেশিকা যা কতকগুলি ব্র্যান্ড তাদের গ্রাহকদের জন্য বাধ্যতামূলক করে দিয়েছে। আপনি যদি আপনার গ্রাহকদের কাছ থেকে জেডডিএইচসি সম্পর্কে না শুনে থাকেন, তবে দয়া করে এই রেফারেন্সটিতে গুরুত্ব দেবেন না - যদি আপনি প্যারামিটার টেবিলের শেষ কলামটির উত্তর না দেন তাহলে আপনাকে কোনভাবে **শাস্তি দেয়া হবে না**

জিরো ডিসচার্জ অব হ্যাজার্ডাস কেমিক্যালস (জেডডিএইচসি) কর্মসূচী হলো বিভিন্ন ব্র্যান্ড, ভ্যালু চেইন অ্যাফিলিয়েট এবং সহযোগীদের মধ্যে একটি সহযোগিতামূলক কর্মকাণ্ড যারা [জেডডিএইচসি বর্জ্যপানি সংক্রান্ত নির্দেশিকা](#) প্রকাশ করে, যেটি বর্জ্যপানির গুণগত মানের বিষয়ে সমগ্র বয়ন এবং ফুটওয়্যার শিল্পের একটি সমবেত প্রত্যাশা। যদি আপনি জেডডিএইচসি সম্পর্কে আরো তথ্য চান, আপনি তাদের ওয়েবসাইট এবং নির্দেশিকাটি এখানে দেখতে পারেন: <https://www.roadmaptozero.com/about>

প্রযুক্তিগত নির্দেশনাঃ

1) গত বছর 3^{য়} পক্ষের অনুমোদিত পরীক্ষাগারগুলি থেকে প্রাপ্ত পরীক্ষার রিপোর্টগুলি থেকে অথবা অভ্যন্তরীণ মনিটরিং রিপোর্ট থেকে ক্রটি খুঁজে পেয়েছেন / জানা গেছে যে সীমা অতিক্রম করেছে এমন সমস্ত প্যারামিটারগুলো সম্পর্কে রিপোর্ট করুন। উপাত্ত রিপোর্ট করাকে পুরস্কৃত করার পরিবর্তে আমরা পদক্ষেপকে প্রাধান্য দেয়ার জন্য বর্জ্যপানির সমস্যার বিষয়ে তথ্য সংগ্রহ করতে চাইছি।

- ব্যবহৃত মানদণ্ড বেছে নিন
- **প্যারামিটারগুলোর সাথে সামঞ্জস্যবিহীন ফলাফলগুলোকে প্রবেশ করান** (নম্বর টাইপ করুন এবং ইউনিট বেছে নিন)।
- **অনুমতিপত্র বা মানদণ্ড অনুযায়ী বাধ্যতামূলক সীমাটি লিখুন** (যেমন, ফাউণ্ডেশনাল লেভেলে উল্লিখিত জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকায় তালিকাভুক্ত সীমাগুলি)
- যদি আপনি জেডডিএইচসি বর্জ্যপানি মানদণ্ড বেছে নেন, আপনাকে আপনার সাইটের বর্জ্যপানি সংক্রান্ত পরীক্ষার ফলাফলে জেডডিএইচসি বর্জ্যপানি নির্দেশিকায় তালিকাভুক্ত পরীক্ষার প্যারামিটারগুলো চিহ্নিত হয়েছে কিনা সে সম্পর্কে অতিরিক্ত একগুচ্ছ প্রশ্ন জিজ্ঞাসা করা হবে যার জন্য আপনাকে কোনো নম্বর দেয়া হবে না। খেয়াল রাখবেন যে যদি কোনো দূষণের প্যারামিটার খুঁজে পাওয়া যায় সেটা জানার জন্য ভেতরে ঢোকা পানির পরীক্ষা করানোরও সুপারিশ করা হয়।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

• **আবশ্যিক ডকুমেন্টেশন:**

- বর্জ্যপানি সংক্রান্ত পরীক্ষার ফলাফলটি উপলব্ধ হওয়া উচিত যেটিতে কারখানার অনুসরণ করা প্যারামিটারগুলিকে (পরিশোধিত এবং অপরিশোধিত তরল) দেখানো হয়েছে। জেডডিএইচসি বর্জ্যপানি সংক্রান্ত নির্দেশিকার হিসেবে, বর্জ্যপানির পরীক্ষা ফ্রিকোয়েন্সি, পরীক্ষার প্যারামিটার, সীমা, নমুনা প্রদান এবং পরীক্ষার পদ্ধতি অনুযায়ী হওয়া উচিত। জেডডিএইচসি গেটওয়ে - বর্জ্যপানি মডুল অনুযায়ী পরীক্ষার ফলাফল আপলোড করুন।
- প্যারামিটারগুলোকে রেকর্ড এবং বিশ্লেষণ করা হয়েছে তার কাগজপত্র দেখান
- নমুনা প্রক্রিয়ার কাগজপত্র

• **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:**

- ফেসিলিটির ভেতরে বর্জ্যপানি নিষ্কাশন সম্পর্কে কি প্রধান কর্মচারীরা সচেতন?
- বর্জ্যপানি যথাযথভাবে নিষ্কাশন না হওয়ার ক্ষেত্রে পরিচালকবর্গকে জানানোর জন্য কর্মচারীদের কাছে কি চিহ্নিত করার কোনো পদ্ধতি বিদ্যমান রয়েছে?
- যেসব প্রধান কর্মচারীরা নমুনা প্রক্রিয়া নিয়ে কাজ করেন তাদের কি যথাযথ প্রশিক্ষণ দেয়া হয়? কত ঘন ঘন?

• **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- গর্ত/ পিটগুলো যেখানে বর্জ্যপানি জমা হয় সেগুলো কি ভালো অবস্থায় এবং পূর্ণ অখণ্ড অবস্থায় রয়েছে ?
- দূষণ বা অবরোধস্থান থেকে উপরিভাগের পানি/ঝড়ের পানি কি বিনা বাধায় নিষ্কাশিত হয়?
- বর্জ্যপানি/ বর্জ্যপানি নিষ্কাশনের জন্য প্রতিষ্ঠিত প্রক্রিয়া কি অনুসৃত হচ্ছে? (যেমন, বর্জ্যপানির ব্যবস্থাপনা, ক্রিয়াকলাপ ইত্যাদি)
- ইটিপি-এর প্রতিটি পরিশোধন-সংক্রান্ত পদক্ষেপের জন্য ছবি দিন

৮। আপনি কি সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগার থেকে বর্জ্যপানির গুণগত মানের ফলাফলের জন্য অনুরোধ জানিয়েছেন?

আপলোড করুনঃ ক) সাইটের বাইরে কোনো বর্জ্যপানি পরিশোধনাগার থেকে আপনার গুণগত মানের ফলাফলের জন্য অনুরোধের কাগজপত্র; খ) সাইটের বাইরে বর্জ্যপানি পরিশোধনাগারের গুণগত মানের রেকর্ড (যদি প্রদান করা হতে থাকে)

আপনার কারখানা পরিবেশ দূষিত করতে থাকলে বর্জ্যপানি পরিশোধনাগারে বর্জ্যপানির গুণগত মান লঙ্ঘনের যে কোনো ঘটনা সম্পর্কে সচেতন থাকা জরুরি। যদিও আপনার কারখানার সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের উপর কোনো কর্তৃত্ব নেই, দয়া করে বর্জ্যপানির গুণগত মানের ফলাফলের জন্য

আপনার অনুরোধের প্রমাণ দিন, যদি গুণগত মান সম্পর্কে ফলাফল প্রদান না করা হয়ে থাকে তবুও। যথাযথ পরিশোধন এবং নিষ্কাশনের জন্য বর্জ্যপানি পরিশোধনের পরিকল্পনায় সহায়তা করার জন্য যদি আপনি কোনো পদক্ষেপ নিতে সক্ষম হন তাহলে আপনাকে আরো তথ্য সরবরাহ করাই এই প্রশ্নের উদ্দেশ্য।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

সাইট-বহির্ভূত যে বর্জ্যপানি পরিশোধনাগারের সঙ্গে বর্জ্যপানি পরিশোধনের জন্য চুক্তি করা হয়েছে, সেটি এবং ফেসিলিটির মধ্যে সংযোগ এবং দায়িত্ববোধ গড়ে তোলা এই প্রশ্নের উদ্দেশ্য। তাদের বর্জ্যপানি সঙ্গতিপূর্ণ এবং কোনোপ্রকার পরিবেশ লঙ্ঘনের জন্য দায়ী নয় তা নিশ্চিত করার জন্য কারখানাটিকে যথা সম্ভব সক্রিয় করে তোলা এই প্রশ্নের উদ্দেশ্য। সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগার থেকে উত্তরের ফলাফল যাই হোক না কেন, ফেসিলিটির সক্রিয় প্রচেষ্টা সম্পর্কেই এই প্রশ্নে জিজ্ঞাসা করা হচ্ছে।

এই তথ্য আপনার পরিস্থিতি সম্পর্কে বোঝার ক্ষেত্রে এবং ঝুঁকির কারণ এবং/অথবা উন্নতিবিধানের সুযোগ চিহ্নিত করার ক্ষেত্রে দরকারি।

অফসাইট বর্জ্যপানি পরিশোধনাগার থেকে গুণগত মানের ফলাফল সম্পর্কে অনুরোধ জানিয়ে, একটি কারখানা নিশ্চিত করে যে প্রায়শই অফসাইট কারখানা থেকে পরিবেশে নিষ্কাশিত হওয়া পরিশোধিত বর্জ্যপানি তাদের নিজেদের কারখানা এবং অফসাইট পরিশোধনাগারের মধ্যে নিষ্ক্রমণ সংক্রান্ত নিয়মের সঙ্গেও সঙ্গতিবিধান করছে।

যদিও আপনার ফেসিলিটির সাইট-বহির্ভূত 3^{য়} পক্ষের পরিশোধনের উপর কোনো নিয়ন্ত্রণ নেই, যেকোনো শৃঙ্খলাভঙ্গ সম্পর্কে এবং সেই ফেসিলিটিটি কতদূর পর্যন্ত শৃঙ্খলাভঙ্গ করছে সে সম্পর্কে সচেতন থাকা জরুরি। এছাড়াও, যদি আপনার সাইট সঙ্গতিপূর্ণ আচরণ না করে থাকে, এই প্রশ্নটি নিশ্চিত করে যে আপনার ফেসিলিটির সমস্যাটি সমাধানের জন্য একটি পরিকল্পনা রয়েছে। স্তর ১-এর বদলে স্তর ২-এ এটি অন্তর্ভুক্ত করা হয়েছে যেহেতু একটি কারখানার অফসাইট পরিশোধনাগারের উপর কোনো প্রত্যক্ষ নিয়ন্ত্রণ বা দৃশ্যমানতা নাও থাকতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রশ্নের জন্য আপনার কারখানা ততক্ষণই ক্রেডিট পাবে যদি আপনি প্রমাণ দিতে পারেন যে আপনি অফসাইট বর্জ্য পরিশোধনাগারের সঙ্গে যোগাযোগ করেছিলেন বর্জ্যের গুণগত মান সংক্রান্ত রিপোর্টের জন্য। যদি অফসাইট বর্জ্য পরিশোধনাগার প্রত্যাখ্যান করে থাকে, সেক্ষেত্রে আপনাকে শাস্তি দেয়া হবে না যদি আপনি আপনার অনুরোধ এবং তাদের প্রত্যাখ্যানের প্রমাণ দিতে পারেন।

টীকা: যদি 3^{য়} পক্ষের বর্জ্য পরিশোধনাগার তাদের তরল সম্পর্কে অনলাইনে তথ্য দেয়, তাহলে কারখানাটি এই প্রশ্নের উত্তরে "হ্যাঁ" লিখতে পারে।

কখনও কখনও অফসাইট তরল পরিশোধনাগার বর্জ্যপানি নিষ্ক্ৰমণ বিষয়ে ফেসিলিটির জন্য একটি মানদণ্ড স্থির করতে পারে এবং কোনো প্যারামিটার অতিক্রম করলে কারখানার থেকে বেশি অর্থমূল্যও চাইতে পারে। যদি এটি আপনার জন্য প্রযোজ্য হয়, দয়া করে পরিস্থিতিটি ব্যাখ্যা করবেন এবং যদি প্রাসঙ্গিক হয় তবে আপনার কারখানা থেকে যথাযথ মূল্যায়নের উদাহরণ দেবেন। যদি বাড়তি হয়ে থাকে তাহলে সফট লিমিট পারমিট নয়। তাদের পারমিটের সঙ্গে সঙ্গতি রক্ষা করার প্রয়োজন হবে।

যদি আপনি ফলাফলের জন্য অনুরোধ করে থাকেন এবং জানতে পারেন যে 3^{য়} পক্ষ বর্জ্যপানি পরিশোধনাগারটি সীমার সাথে সামঞ্জস্যবিধান করেনি, দয়া করে বিবরণ দিয়ে জানান যে আপনার কারখানাও সামঞ্জস্য বজায় রাখার ক্ষেত্রে ব্যর্থ হয়েছে কিনা। যদি হয়ে থাকে, আপনার কারখানা কীভাবে এই সমস্যা সমাধান করেছে? যদি আপনি ফলাফলের জন্য অনুরোধ করে থাকেন, কিন্তু তা না পেয়ে থাকেন, দয়া করে জানান যে কি ঘটেছিল।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

• আবশ্যিক ডকুমেন্টেশন:

- সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের কাছ থেকে বর্জ্যপানির গুণগত মানের রেকর্ডের জন্য আপনার অনুরোধের সাম্প্রতিক নথিপত্র এবং/অথবা
- সাম্প্রতিক (বছরের মধ্যে, কিন্তু আদর্শগতভাবে আরও ঘন ঘন) সাইট-বহির্ভূত বর্জ্যপানি পরিশোধনাগারের গুণগত মানের রেকর্ডগুলি (যদি দেয়া হয়ে থাকে)

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- বর্জ্যপানির গুণগত মান ব্যাখ্যা করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রধান ব্যক্তিবর্গ সাধারণ তরল পরিশোধনাগার থেকে প্রাপ্ত বর্জ্যপানির গুণগত মান সংক্রান্ত পরীক্ষার ফলাফল ব্যাখ্যা করেন

• পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- নমুনার ফলাফলে কি কারখানার প্রয়োগমূলক অবস্থাগুলোর প্রতিফলন দেখা যাবে?

বর্জ্যপানি - স্তর ৩

৯। আপনার কারখানা কি প্রক্রিয়াজাত বর্জ্যপানিকে প্রক্রিয়াজাত পানি (বন্ধ লুপ) হিসেবে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইক্ল করে ?

- আপনার উৎপাদন প্রক্রিয়ায় পরিশোধিত এবং রিসাইক্ল করা বর্জ্যপানির শতকরা হার লিখুন

সুপারিশ করা আপলোডঃ ক) রেকর্ডসমূহ যেগুলিতে ক্লোজড-লুপ রিসাইক্লিং প্রদর্শন করা হয়েছে (প্রক্রিয়াজাত পানি থেকে প্রক্রিয়াজাত পানি) এবং/ অথবা খ) রিসাইক্লিং করার জন্য পানি যেখানে রাখা হয়েছে অথবা যেখানে রিসাইক্ল করা পানি ব্যবহার করা হয়েছে সেই অঞ্চলের অবস্থান অনুযায়ী অর্জিত পানি হ্রাস(গুলি)র তালিকা।

যদি আপনার উৎপাদনের বর্জ্যপানিকে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইক্লিং করে উৎপাদন প্রক্রিয়াগুলিতে ফেরত পাঠানোর জন্য আপনার বর্জ্যপানি পরিশোধনের ব্যবস্থা থাকে তাহলে **উত্তরে হ্যাঁ বলবেন।** পুনর্ব্যবহৃত এবং/অথবা রিসাইক্লিং করা পানি অবশ্যই উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহার করা যাবে - অন্যান্য ব্যবহার ক্ষেত্র যেমন সেচ, শৌচাগার এতে অন্তর্ভুক্ত নয়। প্রকৃত পরিশোধন প্রযুক্তির অন্তর্ভুক্ত হতে পারে রাসায়নিক অথবা জৈব প্রযুক্তি যেমন মেমব্রেন ফিল্ট্রেশন অথবা জিরো লিকুইড ডিসচার্জ।

স্কোরিং সম্পর্কে নোটঃ

- ৫০% বা ততোধিক পুনর্ব্যবহার/রিসাইক্লিং করা = পুরো নম্বর
- না অথবা জানি না = শূন্য পয়েন্ট

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

পুনর্ব্যবহার/রিসাইক্লিং এবং সামগ্রিকভাবে তাজা পানির ব্যবহারের ফুটপ্রিন্ট কমানোর জন্য প্রয়োজনীয় উদ্ভাবনী প্রযুক্তিকে পুরস্কৃত করাই এই প্রশ্নের উদ্দেশ্য।

এই প্রযুক্তিটি উৎপাদন প্রক্রিয়ার জন্য তাজাপানি তুলে নেয়ার পদ্ধতিটিকে প্রায় পরিহার করে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

যখন জানা কোনো প্রক্রিয়া থেকে প্রাপ্ত বর্জ্যপানি অন্য কোনো প্রক্রিয়ার জন্য গুণগত মানের বাধ্যবাধকতা পূরণ করে না তখন তাকে প্রায়শই পরিশোধন এবং নিষ্কাশন করে দেয়া হয়। তার বদলে যদি কোনো কারখানা এই বর্জ্যপানিকে (হয় রাসায়নিক অথবা জৈব) কারখানার ভিতরেই অন্য কোনো প্রক্রিয়ার জন্য গুণগত খুঁটিনাটি পূরণের জন্য শোধন করে তাকে পুনর্ব্যবহার/ রিসাইক্লিং হিসেবে গণ্য করা হবে। প্রক্রিয়াকে সুদৃঢ় করা ছাড়াও প্রতিটি প্রক্রিয়াই যথাসম্ভব কার্যকরীভাবে পরিচালিত হওয়া নিশ্চিত করার জন্য, পানির রিসাইক্লিং এবং পুনর্ব্যবহার হলো তাজা পানি ব্যবহারের জন্য সবচেয়ে সাধারণ পদ্ধতি। পুনর্ব্যবহারের জন্য,

একটি প্রক্রিয়ার বর্জ্যপানি কোনো অতিরিক্ত পরিশোধন ছাড়াই দ্বিতীয় কোনো প্রক্রিয়াতে গুণগত বাধ্যবাধকতা পূরণ করতে পারে। এতে একই পরিমাণ পানি বহুবার ব্যবহৃত হয় যা দ্বিতীয় প্রক্রিয়ায় তাজা পানি ব্যবহারের চাহিদাকে হ্রাস করে।

কোনো কারখানায় সমগ্র পানি ব্যবহারের ১০০%-কেই রিসাইক্লিং করা গেলে তাকে ক্লোজড লুপ বলা হয়। এর অর্থ কোনো গুরুত্বপূর্ণ তাজা পানি কারখানার পরিচালনার জন্য জরুরি নয় যার ব্যতিক্রম হলো প্রাকৃতিক পদ্ধতিতে পানি নষ্ট হওয়া যেমন বাষ্পীভবন। জিরো লিকুইড ডিসচার্জ (জিএলডি) প্রযুক্তি যার মধ্যে পরিশোধন-পূর্ব, বাষ্পীভবন এবং কেলাসিত হওয়ার মতো কিছু পদক্ষেপ অন্তর্ভুক্ত রয়েছে সেটি সমস্ত বর্জ্যপানির উদ্ধার এবং পুনর্ব্যবহারের সমন্বয়সাধন করে।

একটি কারখানা যেটি রিভার্স অসমোসিস (আর-ও) এবং ন্যানোফিল্ট্রেশন প্রযুক্তি ব্যবহার করে বর্জ্যপানি পরিশোধন করে এবং বর্জ্যপানির ৮০% পুনর্ব্যবহার করে কিন্তু মেমব্রেন থেকে ফেরত পাঠানো পানি অফসাইট ইটিপি-তে পাঠায় তাদের জিএলডি হিসেবে বিবেচনা করা হবে না যেহেতু মেমব্রেন প্রযুক্তির মাধ্যমে ফেরত পাঠানো পানির টিডিএসকে সাধারণ ভাবে নিষ্কাশিত বর্জ্যপানির তুলনায় অনেক বেশি বিপজ্জনক হিসেবে বিবেচনা করা হয়।

এই পানিকে আবার প্রক্রিয়া-পানি হিসেবে ব্যবহৃত হতে হবে। অন্যান্য ব্যবহার যেমন সেচ এবং শৌচাগার এর অন্তর্ভুক্ত নয়।

এটা কীভাবে যাচাই করা যাবে:

• আবশ্যিক নথিপত্র:

- কারখানা নথিপত্রের রেকর্ডের মাধ্যমে প্রমাণ করতে সক্ষম যে তারা প্রক্রিয়াজাত বর্জ্যপানিকে প্রক্রিয়া-পানি হিসেবে পুনর্ব্যবহার এবং রিসাইক্লিং করতে সক্ষম। পানি প্রত্যাহার করা এবং পানির ভারসাম্যের ভিত্তিতে এখানে দেয়া শতকরা হার সঠিক কিনা তা মূল্যায়ণ করার জন্য পানি বিভাগের ডকুমেন্টেশন-এর জায়গাটি দেখুন (যদি প্রযোজ্য হয়)
- পানি হ্রাসের লক্ষ্য অর্জনের তালিকা যা অনুসরণ করে:
 - রিসাইক্লিং-এর জন্য পানিকে যেখানে রাখা হয় সেই অবস্থান
 - যেখানে রিসাইক্লিং করা পানিকে ব্যবহার করা হয় সেই অবস্থান
 - রিসাইক্লিং প্রক্রিয়ার ফ্লো ডায়াগ্রাম

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলী:

- কর্তৃপক্ষ এবং দায়বদ্ধ কর্মচারীরা ব্যাখ্যা করতে/প্রদর্শন করতে পারেন যে কীভাবে বর্জ্যপানি প্রক্রিয়া-পানি হিসেবে পুনর্ব্যবহার এবং/অথবা রিসাইক্লিং হয়

• পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- প্রক্রিয়াজাত পানির পুনর্ব্যবহার / রিসাইক্লিং-এর জন্য সরঞ্জাম পর্যবেক্ষণ
- যন্ত্রপাতিগুলোর বিশদ বিবরণ (কাজ, পানি খরচের ক্ষেত্রে লাভ, কত পুরনো, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি।)

- দয়া করে যন্ত্রপাতির ছবি তুলুন
- নিষ্কাশনের আগে সমস্ত ফেরত পাঠানো বর্জ্যপানি পরিশোধনের মধ্যে দিয়ে যায় তা নিশ্চিত করা (উপরে আগের প্রশ্নগুলোতে যেভাবে রেকর্ড করা আছে)

বায়ু নিগমন

শহরের উপরে ধোঁয়ার মেঘ আমরা সকলেই দেখেছি এবং জানি যে দূষণ মানুষ ও পরিবেশের জন্য অস্বাস্থ্যকর। এই দৃশ্যমান ধোঁয়াশা আপনার কারখানা থেকে নির্গত বায়ুর একটি ফলাফল, কিন্তু শিল্পগত প্রক্রিয়া এবং পরিচালনার ফলে অদৃশ্য দূষিত কণাও নির্গত হয় যা মানুষের স্বাস্থ্যে প্রভাব ফেলে এবং জলবায়ুর পরিবর্তনকে প্রভাবিত করে।

বায়ু নিগমন সাধারণত হয়ে থাকে এখান থেকেঃ

- **ফেসিলিটিতে কার্যসম্পাদনা: বয়লার, জেনারেটর, এবং শীতলীকরণ ব্যবস্থা** (সাধারণত

ধুলো/কণার অংশ বা পার্টিকুলেটস, (পিএম10, পিএম2.5), নাইট্রোজেনের বিভিন্ন অক্সাইড ("এনওএক্স"), সালফারের বিভিন্ন অক্সাইড ("এসওএক্স"), ওজোনকে শুষ্ক নেয়া পদার্থসমূহ ("ওডিএস") এবং অন্যান্য ক্ষতিকর বায়ুদূষক ত্যাগ করে)।



- **উৎপাদন প্রক্রিয়া: উৎপাদনের জন্য সরঞ্জাম এবং নির্মাণের**

প্রক্রিয়াসমূহ (সাধারণত নির্গত হয় পরিবর্তনশীল জৈব যৌগ ("ভিওসি"), ওজোন শোষক পদার্থ ("ওডিএস"), ধুলো/ বস্তুকণা বা পার্টিকুলেটস (পিএম10, পিএম2.5), এবং অন্যান্য ক্ষতিকর বায়ুদূষক।

জরুরি নোট: নিচে আপনাকে বেছে নিতে বলা হবে যে বায়ু নিগমনকারী কোন ক্রিয়াকলাপগুলি অথবা প্রক্রিয়াগুলি আপনার সাইটে রয়েছে। আপনার পছন্দগুলো আপনাকে সেইসব প্রশ্নের অভিমুখ নির্দেশ করবে যেগুলো আপনার ফেসিলিটির ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রযোজ্য। ক্রিয়াকলাপজনিত কারণে বা উৎপাদনগত ভাবে যদি আপনার কারখানা থেকে বায়ু নিগমন না হয়, তাহলে আপনার এই বিভাগটি সম্পূর্ণ করার দরকার নেই।

হিগ এয়ার এমিশন বিভাগ অনুযায়ী আপনার জন্য বাধ্যতামূলকঃ

- যদি প্রযোজ্য হয় তাহলে **ফেসিলিটির ক্রিয়াকলাপ এবং রেফ্রিজারেশনের কারণে নিগমনের পরিমাণ**, অনুসরণ করুন।

- **জরুরি নোট:** যদি আপনি (রেফ্রিজারেট) সাইটে ব্যবহার করেন তবে আপনাকে সুনির্দিষ্টরূপে জিজ্ঞাসা করা হবে যে কোন রেফ্রিজারেটগুলোকে ব্যবহার করা হয়। এই রেফ্রিজারেটগুলো আপনার জিএইচজি নির্গমন গণনায় প্রভাব ফেলে, সুতরাং সঠিকভাবে রেফ্রিজারেটগুলোকে ট্র্যাক করার বিষয়টি নিশ্চিত করুন।
- যদি প্রযোজ্য হয়, **উৎপাদন প্রক্রিয়াগুলো থেকে** নির্গমনের **পরিমাণকে** অনুসরণ করুন।
- **কার্যসম্পাদন এবং রেফ্রিজারেশন সংক্রান্ত নির্গমন** নিয়ন্ত্রক ডিভাইস / অপসারণ প্রক্রিয়াসমূহ এবং পর্যবেক্ষণের হার তালিকাভুক্ত করুন।
- **উৎপাদন সংক্রান্ত নির্গমনের জন্য** নিয়ন্ত্রক ডিভাইস / অপসারণ প্রক্রিয়া এবং পর্যবেক্ষণের হার তালিকাভুক্ত করুন।
- **নাইট্রোজেন অক্সাইডগুলো (এনওএক্স), সালফার অক্সাইডগুলো (এসওএক্স) এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম)-এর** উন্নততর কর্মকুশলতার বিশেষ অর্জনকে নির্দিষ্ট করে বলুন।
- এমন কোনো প্রক্রিয়া আপনার ফেসিলিটির আছে কিনা যা বায়ু নির্গমনকে উন্নত করার জন্য প্রয়োজনীয় **সরঞ্জামের আধুনিকীকরণ** করে, সে বিষয়টি স্পষ্টভাবে জানান।

মনে রাখবেনঃ সরঞ্জাম ভেঙে যাওয়া বা তাতে ছিদ্র হওয়ার কারণেই রেফ্রিজারেট থেকে দূষিত বায়ুর অদৃশ্য নির্গমনের ঘটনা সবচেয়ে বেশি ঘটে। ইএমএস বিভাগে যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ সম্পর্কে আপনাকে জিজ্ঞাসা করা প্রশ্নাবলী এই বিভাগের সাথে সঙ্গতিপূর্ণ যেহেতু অদৃশ্য নির্গমন প্রতিরোধ করার ক্ষেত্রে প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ সর্বোত্তম পদ্ধতিগুলোর একটি।

বায়ু নির্গমনের ভূমিকা

কারখানা থেকে বায়ু নির্গমন সাধারণত হয়ে থাকেঃ

- আপনার উৎপাদন প্রক্রিয়াগুলিঃ উৎপাদনের সরঞ্জামসমূহ এবং নির্মাণের প্রক্রিয়া
- আপনার কারখানার ক্রিয়াপ্রণালীঃ বয়লারগুলি, জেনারেটরগুলি, এবং শীতলীকরণ প্রক্রিয়াসমূহ

নির্গমনের ধরনের অন্তর্ভুক্তঃ

- **পয়েন্ট সোর্স নির্গমন** – বায়ুর প্রবাহ যা কোনোভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং একটি একক উৎস যেমন স্ট্যাক থেকে বায়ুমন্ডলে ছেড়ে দেয়া হয়। এই নির্গমনগুলো কারখানা-সংক্রান্ত হতে পারে, যেমন বয়লার থেকে নির্গমন, অথবা প্রক্রিয়া-সংক্রান্ত, যেমন উদ্বায়ী রাসায়নিক ব্যবহারের জন্য এক্সহস্ট ব্যবস্থা।
- **নন-পয়েন্ট সোর্স অথবা ফিউজিটিভ নির্গমন** – হিগ এফইএম-এর জন্য, বায়ু নির্গমনের এইসকল উৎস হলো সেইগুলো যাদের সাধারণভাবে ঘরের ভেতরে অথবা বাইরের পরিবেশে নিষ্কাশন করিয়ে দেয়া হয়। এই ধরনের নির্গমনগুলো সাধারণত হলো প্রক্রিয়া-সংক্রান্ত যেমন স্ক্রিন প্রিন্টিং, স্পট ক্লিনিং, রঞ্জন, ইত্যাদি।

একটি কারখানাতে নির্গমনের উৎসগুলোর যেকোনোটির থেকেই একাধিক নির্গমন বা ডিসচার্জ পয়েন্ট তৈরি হতে পারে। উদাহরণ স্বরূপ, একটি কারখানায় একাধিক বয়লার বা একাধিক নির্গমন প্রক্রিয়া থাকতে পারে।

এইসব ক্রিয়াকলাপের মাধ্যমে পরিচিত দূষক পদার্থ বাতাসে ছড়িয়ে পড়ে:

- অ্যাসিডের ধোঁয়া
- ধুলো/পদার্থকণা (পিএম10, পিএম2.5) - সাধারণত জ্বালানী পোড়া, তাকলি ঘোরানো, সিন্থেটিক তন্তু তৈরি, চালাইয়ের সাথে জড়িত
- নাইট্রোজেনের বিবিধ অক্সাইড ("এনওএক্স") - সাধারণত জ্বালানী পোড়ার সাথে যুক্ত
- সালফারের বিবিধ অক্সাইড ("এসওএক্স") - সাধারণত জ্বালানী পোড়ার সাথে যুক্ত
- অস্থির জৈব যৌগসমূহ (ভোলাটাইল অর্গ্যানিক কম্পাউন্ডস, "ভিওসি") - সাধারণত ফ্যাব্রিক ফিনিশ, দ্রাবক, আঠা, কাপড় ছাপা, টেন্টারফ্রেম, তেল পরিষ্কার করার ক্রিয়াকলাপের (ডিগ্রিজিং) সাথে সম্পর্কিত
- ওজোন-শোষক উপাদানসমূহ ("ওডিএস") - সাধারণত রেফ্রিজারেন্টগুলো, পোষাকের দাগ মোছার যন্ত্রগুলো, এবং কিছু আঠা ও দ্রাবকে পাওয়া যায়
- বিপজ্জনক বা ক্ষতিকর বায়ু দূষক - সাধারণত জ্বালানী পোড়া, দ্রাবক, আঠা, এবং পোষাকের শেষ প্রস্তুতিমূলক কিছু বিষয়, ধাতুর প্লেটিং-এর সাথে জড়িত
- ঘূর্ণন, চাকান (স্ল্যাশিং), এবং বুনন থেকে উৎপন্ন তুলোর ধুলোকণার নিয়ন্ত্রিত নির্গমন
- ধোঁয়া: রঙ করা এবং প্লাস্টিক ইঞ্জেকশনের ছাঁচ

পরিচিত কোনো নির্গমন-সূত্রের জন্য (যেমন, বয়লার চালানো, বহুবিধ উৎপাদন প্রক্রিয়া), বহুবিধ নির্গমন অথবা ডিসচার্জ পয়েন্ট থাকতে পারে। আপনার কারখানার মাধ্যমে নির্গত বায়ুদূষক নিয়ন্ত্রণের জন্য আপনার কারখানার নির্গমন পয়েন্টগুলো আপনার বৃহত্তম সুযোগ। এখানে বায়ুদূষণের সবচেয়ে সাধারণ ডিসচার্জ পয়েন্টগুলো দেয়া হলো:

- স্ট্যাক, চিমনি, অথবা ভেন্ট (উৎপাদনের সরঞ্জাম অথবা ডর্মের সাথে সম্পর্কিত সেবাসমূহ, যেমন একটি রান্নাঘর)
- খোলা ট্যাঙ্ক
- ধুলিকণা-সম্বলিত বস্তু নাড়াচাড়া করা বা সরানো
- দ্রাবক প্রয়োগ

বায়ু নির্গমনের ক্ষেত্রে শক্তি, পানি, এবং বর্জ্যের ব্যবস্থাপনা নয়, অন্য ধরনের চিন্তাভাবনার প্রয়োজন হয়। বায়ু নির্গমন একটি স্তর নির্দিষ্ট করার জন্য নিয়ন্ত্রণ করা হয়, এবং শক্তি, পানি, এবং বর্জ্যকে অনবরত উন্নততর করা যায়।

আপনার কারখানার বায়ুর কর্মকুশলতা প্রকৃতপক্ষে আপনার যেসব যন্ত্রপাতি রয়েছে তার উপরে নির্ভর করে। যদি আপনার যন্ত্রপাতি পুরনো হয় বা রক্ষণাবেক্ষণ ভালো না হয়, বায়ু নির্গমনের ক্ষেত্রে আপনার ঝুঁকি

বেশি। সুষম বায়ু নির্গমন ব্যবস্থাপনাকে সুনিশ্চিত করার জন্য সর্বোত্তম কাজ যা আপনি করতে পারেন তা হলো আধুনিক মানের সরঞ্জামে উত্তরণ এবং বিদ্যমান সরঞ্জামগুলোর রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধান করার জন্য কঠোর প্রক্রিয়া অবলম্বন করা।

যদি সিএফসি এবং এইচসিএফসি (ওজোন-শোষক পদার্থ) কারখানায় ব্যবহৃত হয়, এইসব গ্যাসগুলোকে কমজোরি করার জন্য প্রয়োজনীয় সমাধান বিবেচনা করা উচিত। রেফ্রিজারেন্ট, অ্যারোসোল প্রপেলেন্ট এবং ফোম ব্লোয়িং এজেন্টগুলোতে নিম্ন মাত্রার জিডাক্লোপি-সম্পন্ন রাসায়নিক যেমন এইচএফও ব্যবহার করা একটি সমাধান হতে পারে। আপনার রেফ্রিজারেন্টগুলোর মধ্যে কোনটি ট্র্যাক করা এবং ফেজ-আউট করা জরুরি তা চিহ্নিত করার জন্য অনুগ্রহ করে নিচের তালিকায় রেফারেন্স নম্বর সহ রেফ্রিজারেন্টগুলো দেখুন: <https://www.ashrae.org/standards-research--technology/standards--guidelines/standards-activities/ashrae-refrigerant-designations>.

উন্নতি করার ক্ষেত্রে হিগ্ কীভাবে আপনার সহায়তা করবে ?

বায়ু নির্গমনের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য, আপনাকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় কার্যকরী করতে হবে:

1. আপনাকে অবশ্যই আপনার স্থানীয় নিয়মাবলী/ অনুমতির আবশ্যিকতাগুলো জানতে হবে, জানতে হবে যে কীভাবে পর্যবেক্ষণ/ বলবৎ করার প্রক্রিয়া কাজ করে, এবং সামঞ্জস্য দেখানোর জন্য একটি কার্যকর প্রক্রিয়া থাকতে হবে (হিগ্ এফইএম অনুমতি বিভাগ এবং ইএমএস বিভাগ, পারমিট্‌স অ্যান্ড ইএমএস সেকশান)
2. আপনার কারখানার বায়ু নির্গমনের উৎসগুলো আপনাকে অবশ্যই জানতে হবে (হিগ্ এফইএম প্রয়োগযোগ্যতার পরীক্ষা)
3. আপনার কারখানা থেকে যে দূষিত বায়ুকণা নির্গত হয় তা আপনাকে অবশ্যই ট্র্যাক করতে হবে (হিগ্ এফইএম স্তর ১)
4. আপনাকে অবশ্যই নিয়ন্ত্রক যন্ত্র বসাতে হবে এবং/অথবা আধুনিক সরঞ্জামে আপগ্রেড করতে হবে (যেমন, আধুনিক বয়লার) নিশ্চিত করার জন্য যে সামঞ্জস্যবিধি/মানদণ্ড পূরণ হয়েছে অথবা তার অধিক সামঞ্জস্য রক্ষা করা হয়েছে (হিগ্ এফইএম স্তর ১)

আপনার সুনির্দিষ্ট প্রযুক্তি এবং মেশিনের উপরে বায়ু নির্গমন প্রায়শই নির্ভরশীল; সুতরাং, সরঞ্জাম রক্ষণাবেক্ষণ করা এবং আপগ্রেড করা জরুরি। কোন প্রযুক্তি কীসের সাথে সংযুক্ত হলে তা নির্গমনকে হ্রাস করবে সে বিষয়ে আপনাকে নির্দেশনা দেয়ার জন্য এখনও কোনো মানদণ্ড নেই, কিন্তু হিগ্ এফইএম-এর প্রশ্নগুলো আপনাকে আপনার নিজস্ব নির্গমনের ব্যবস্থাপনা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে প্রস্তুত করবে। কীভাবে সরঞ্জামের রক্ষণাবেক্ষণ করতে হয় তা এমন একটি কাজ যা কারখানার একজন প্রশিক্ষণপ্রাপ্ত প্রযুক্তি বিশেষজ্ঞের জন্যই যথাযথ।

অপসারণ প্রযুক্তি হতে পারে:

- শোষণ
- অ্যাক্টিভেটেড কার্বন ফিল্টার

- সাইক্লোন
- ডাস্ট ব্যাগ ফিল্টার
- ইলেক্ট্রোস্ট্যাটিক প্রেসিপিটেটর
- স্ফাবার
- নির্বাচিত অনুঘটক সংক্রান্ত প্রতিক্রিয়া (সিলেক্টিভ ক্যাটালিটিক রিঅ্যাকশন)
- নির্বাচিত অননুঘটক সংক্রান্ত প্রতিক্রিয়া (সিলেক্টিভ নন-ক্যাটালিটিক রিঅ্যাকশন)

জিএইচজি নির্গমন কেবলমাত্র শক্তির ব্যবহার এবং জ্বালানী পোড়ানোতেই সীমিত নয়, বরং উৎপাদন প্রক্রিয়ার ফলস্বরূপ নির্গত দূষণেরও ফল। ফেসিলিটি এনভায়রনমেন্টাল মড্যুল-এর এয়ার সেকশন (বায়ু বিভাগ) জ্বালানী পোড়ানোর সাথে সংযুক্ত নয় এমন জিএইচজি নির্গমনকে পরিমাপ করে। যদি আপনার কারখানায় জ্বালানী-বিহীন উৎসসমূহ থেকে জিএইচজি নির্গমন হয় যেমন এইচএফসি (যেমন, রেফ্রিজারেন্টের ছিদ্র এবং অ্যারোসোল প্রপেল্যান্ট এবং ফোম ব্লোয়িং এজেন্ট থেকে এইচএফ বেরিয়ে যাওয়া) এবং উৎপাদনজনিত নির্গমন নিয়ন্ত্রক যন্ত্রপাতি, তাহলে হিগ্ ইনডেক্স জিএইচজি ফুটপ্রিন্টের অংশ হিসেবে আপনাকে জিএইচজি গণনা করতে সহায়তা করবে।

হিগ এফইএম-এ বায়ু নির্গমন অনুসরণ এবং রিপোর্টিং

দীর্ঘ সময় ধরে বায়ু নির্গমন সংক্রান্ত উপাত্তকে সঠিকভাবে অনুসরণ করা এবং রিপোর্ট করা হলে উন্নতির সুযোগের ক্ষেত্রে তা ফেসিলিটির এবং স্টেকহোল্ডারদের জন্য বিশদ অন্তর্দৃষ্টি প্রদান করে। যদি উপাত্ত সঠিক না হয়, তবে তার ফলে একটি ফেসিলিটির বায়ু নির্গমনের ফুটপ্রিন্ট বুঝতে পারা এবং পরিবেশগত ক্ষতি হ্রাস করার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপগুলিকে চিহ্নিত করার সক্ষমতা সীমিত হয়ে যায়।

বায়ু নির্গমনের অনুসরণ (ট্র্যাকিং) এবং রিপোর্টিংয়ের কার্যক্রম স্থির করার সময়, নিম্নলিখিত নীতিগুলিকে প্রয়োগ করা উচিতঃ

- **সম্পূর্ণতা** – অনুসরণ এবং রিপোর্টিং কার্যক্রমে সমস্ত প্রাসঙ্গিক উৎসগুলি অন্তর্ভুক্ত হওয়া উচিত (এফইএম-এ যেমন তালিকাভুক্ত রয়েছে)।
- **নির্ভুলতা** - বায়ু নির্গমন অনুসরণ কার্যক্রমে প্রদত্ত উপাত্ত নির্ভুল এবং বিশ্বাসযোগ্য উৎস থেকে আসাটা নিশ্চিত করুন (যেমন নির্গমন পরীক্ষা অথবা নিরন্তর পর্যবেক্ষণ ব্যবস্থা যা প্রতিষ্ঠিত বৈজ্ঞানিক পরিমাপের নীতিসমূহ বা প্রকৌশলগত অনুমানের উপর নির্ভরশীল, ইত্যাদি)।
- **সামঞ্জস্য** - বায়ু নির্গমনের উপাত্ত অনুসরণ করার জন্য সামঞ্জস্যপূর্ণ কার্যপ্রণালীর ব্যবহার যা দীর্ঘ সময় ধরে নির্গমনের মধ্যে তুলনা অনুমোদন করে। ট্র্যাকিং (অনুসরণের) প্রণালী, উৎসসমূহ, অথবা অন্যান্য ক্রিয়াকলাপগুলিতে এমন কোনো পরিবর্তন যদি হয় যা বায়ু নির্গমনের উপাত্তকে প্রভাবিত করে, তা নথিবদ্ধ হওয়া উচিত।

- **স্বচ্ছতা** – উপাত্তের সমস্ত সূত্রগুলি (যেমন, পরীক্ষার রেকর্ডসমূহ), ব্যবহৃত অনুমানগুলি (যেমন, আনুমানিক হিসেবের প্রযুক্তি), এবং গণনার প্রণালী উপাত্তের ইনভেন্টরিতে প্রকাশ করা উচিত এবং নথিবদ্ধ রেকর্ড এবং পরিপোষক প্রমাণের মাধ্যমে তাৎক্ষণিকভাবে যাচাইযোগ্য হওয়া উচিত।
- **উপাত্তের গুণগত ব্যবস্থাপনা** – গুণগত মান আশ্বাসনের ক্রিয়াকলাপ (অভ্যন্তরীণ বা বাহ্যিক) বায়ু নির্গমন সংক্রান্ত উপাত্তের জন্য এবং উপাত্ত সংগ্রহ ও ট্র্যাক করার প্রক্রিয়ার জন্যও সংজ্ঞাপ্রাপ্ত এবং সম্পাদিত হওয়া উচিত যাতে জ্ঞাপিত উপাত্ত খুঁতবিহীন হওয়ার বিষয়টি নিশ্চিত করা যায়।

উপরিউক্ত নীতিগুলি গ্রিনহাউস গ্যাস প্রোটোকল - অধ্যায় 1: জিএইচজি অ্যাকাউন্টিং এবং রিপোর্টিং প্রিন্সিপল্‌স থেকে অভিযোজিত।

প্রয়োগযোগ্যতার পরীক্ষা

বায়ু নির্গমন (এয়ার এমিশন) সেকশনের প্রশ্নাবলী আপনার পূরণ করার প্রয়োজন আছে কিনা তা চিহ্নিত করার জন্য, আমাদের অবশ্যই মূল্যায়ণ করতে হবে যে বায়ু নির্গমনের প্রাসঙ্গিক উৎসগুলো আপনার কারখানাতে রয়েছে কিনা। উপকরণ প্রক্রিয়াকরণের সরঞ্জাম এবং/অথবা পরিচালনার জন্য বাষ্প উৎপাদনকারী বয়লার থেকেও বায়ু নির্গমন হতে পারে।

আপনাকে প্রথমে জিজ্ঞাসা করা হবে যে কোন ক্রিয়াকলাপসমূহ বা প্রক্রিয়াগুলি আপনার কারখানাতে বর্তমান। আপনার পছন্দগুলো আপনাকে সেইসব হিগ্‌ প্রশ্নের অভিমুখ নির্দেশ করবে যেগুলো আপনার কারখানার ক্ষেত্রে সর্বোচ্চরূপে প্রযোজ্য।

- যদি আপনার কোনো বায়ু নির্গমনকারী পরিচালন পদ্ধতি থাকে (যেমন, বয়লার), আপনি তাহলে সর্ব স্তরে পরিচালনা সংক্রান্ত নির্গমনের বিষয়ে প্রশ্নের উত্তর দেবেন।
- যদি আপনার বায়ু-নির্গমনকারী উৎপাদন প্রক্রিয়া থাকে (যেমন, দ্রাবক অথবা আঠা), আপনি উৎপাদন সংক্রান্ত নির্গমনের বিষয়ে উত্তর দেবেন স্তর ১-এ।
- যদি আপনার কারখানায় ক্রিয়াকলাপ বা উৎপাদনের মাধ্যমে বায়ু নির্গমন না হয়, আপনার এই বিভাগটি সম্পূর্ণ করার প্রয়োজন হবে না।

1. আপনার কারখানায় কি নিচে প্রদত্ত পরিচালনা সংক্রান্ত যন্ত্রপাতিগুলোর কোনোটি আছে ?

- বয়লার
 - যদি বেছে নেয়া হয়, তাহলে আমাদের আয়তনটি জানানঃ
 - ছোটঃ ৫০ এমডাব্ল্যু-এর থেকে কম
 - মাঝারিঃ ৫০ এমডাব্ল্যু - ৩০০ এমডাব্ল্যু
 - বড়ঃ ৩০০ এমডাব্ল্যু -এর চেয়ে বেশি

- জেনারেটর
- কমব্রাশন ইঞ্জিন (যেমন গ্যাসোলিন চালিত পাম্প)
- শিল্পপণ্যোৎপাদক উনুন (হিটিং/ড্রাইং/কিওরিং-এর জন্য)
- কমব্রাশন হিটিং (ফার্নেস) এবং বায়ুচলাচল
- রেফ্রিজারেট ধারণকারী ডিভাইস (শীতলীকরণ ব্যবস্থা ছাড়া)
- এয়ার কন্ডিশনিং (ঠান্ডা করা)
- কারখানার পরিচালনার ফলে বায়ু নির্গমনের অন্যান্য পরিচিত উৎস
- উদ্বায়ী জৈব মিশ্রণের অন্যান্য উৎস (ভিওসি)

2. আপনার কারখানা কি নিচের কোনো প্রক্রিয়া নির্বাহ করে অথবা নিচের কোনো পদার্থ ব্যবহার করে?

- ইয়ার্ন স্পিনিং অথবা সিল্বেটিক তন্তু উৎপাদন
- ফিনিশ (যেকোনো যান্ত্রিক বা রাসায়নিক প্রক্রিয়া যা রঞ্জনের পরে ঘটে থাকে দেখা, কর্মকুশলতা, অথবা পণ্য সম্পর্কিত অনুভবকে প্রভাবিত করার জন্য)
- দ্রাবক
- আঠা/সিমেন্টিং
- প্রিন্টিং
- রঞ্জন
- টেন্টারফ্রেম বা হিটিঙের অন্যান্য প্রক্রিয়াসমূহ
- স্পট ক্লিনারগুলো (*স্পট ক্লিনার হলো সেই রাসায়নিক যা চূড়ান্ত পণ্য থেকে দূষিত চিহ্ন সরাতে ব্যবহার করা হয় যেমন পোশাক, বেড কভার, জুতা ইত্যাদি। অনেক ক্ষেত্রে, অ্যাসিটোন-ভিত্তিক রাসায়নিক স্পট ক্লিনার হিসেবে ব্যবহার হয়। স্পট ক্লিনিং কার্যকলাপ অনলাইনে উৎপাদন প্রক্রিয়া চলাকালীনও করা যেতে পারে, অথবা কারখানাতে স্পট ক্লিনিং-এর জন্য একটি নির্দিষ্ট ঘর থাকতে পারে।)
- স্প্রে করা রাসায়নিক বা রঙ
- ওজোন শোষক পদার্থের অন্যান্য উৎস (ওডিএস)

3. আপনার কারখানাটি কি বায়ু নির্গমন নিরীক্ষণ করে?

বায়ু নির্গমন - স্তর ১

১। আপনি কি কার্যকলাপ থেকে আপনার বায়ু নির্গমন ট্র্যাক করেন?

আপনার ফেসিলিটির কার্যকলাপের সাথে সম্পর্কিত সমস্ত বায়ু নির্গমনের উৎসগুলি নির্বাচন করুন

সমস্ত বায়ু নির্গমনের জন্য দয়া করে উপাত্ত প্রবেশ করান। দয়া করে সমস্ত দূষক (পল্যুট্যান্ট) বেছে নিন যেগুলো একই নির্গমন উৎসের সাথে জড়িত থেকে থাকতে পারে। এই প্রশ্নে উৎপাদন প্রক্রিয়ার কারণে বায়ু নির্গমনের বিষয়টিকে বাদ রাখা হয়েছে।

- উৎস
- এই উৎস থেকে কি নির্গমন ঘটে?
- আপনি কি এই উৎস থেকে নির্গমন অনুসরণ করেন?
- এই উৎসের সাথে কোন সরঞ্জামকে সংযুক্ত করা আছে?
- এই উৎসে কোন দূষকগুলোকে পাওয়া যায়?
- দূষকগুলোকে কি কোনো সরকারি সংস্থা নিয়ন্ত্রণ করে?
- দূষকগুলো যদি কোনও অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে, তা কি অনুমতিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে?
- আপনার কারখানাটি যদি সামঞ্জস্যপূর্ণ না থেকে থাকে, অনুসন্ধান খুঁজে পাওয়া পদার্থের জন্য কার্য-পরিকল্পনাটি হালনাগাদ করুন
- যদি আপনি একটি প্রতিলিপি আপলোড করতে না পারেন, দয়া করে কার্য-পরিকল্পনাটির বিবরণ দিন
- প্রযোজ্য হলে, নির্গমন পরীক্ষার প্রতিবেদন(গুলি) আপলোড করুন।
- অতিরিক্ত মন্তব্যগুলি

টীকা: ভবিষ্যতের সংস্করণে, হিগ এফইএম-এ নির্গমন সংক্রান্ত উপাত্তের ক্ষেত্রে বিশদ অনুসরণ এবং রিপোর্টিং প্রয়োজন হবে এবং রেফারেন্সের জন্য নিচে প্রযুক্তিগত নির্দেশনা এবং যাচাইয়ের আবশ্যিকতাসমূহ দেয়া হয়েছে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো ফেসিলিটিগুলিকে দিয়ে সাইটের ক্রিয়াকলাপ বিষয়ক বায়ু নির্গমন সম্পর্কে রিপোর্ট করানো। কারখানার উৎপাদন থেকে অন-সাইট পরিচালনার সমস্ত জায়গা থেকে বাতাসে সমস্ত সম্ভাব্য নির্গমনকে তালিকাভুক্ত করার দিকে এই প্রশ্নটি আপনাকে চালিত করবে।

প্রযুক্তিগত নির্দেশনা

বায়ু নির্গমন বিভিন্ন ভাবে পরিমাপ করা এবং নিয়ন্ত্রণ করা হয়, যার সংক্ষিপ্তসার নিচে দেয়া হলো। আপনার নির্গমনগুলো সামঞ্জস্যপূর্ণ কিনা তা মূল্যায়ন করার সময়, নিম্নলিখিত মানদণ্ডগুলোকে বিবেচনা করা হতে পারে:

বায়ুর গুণগত মানের মানদণ্ড: এইগুলো গুণগত মানের নির্দেশিকা, একটি এয়ারশেডের ভিতরে জনস্বাস্থ্যের সাথে যেটিকে প্রায়শই আনুষঙ্গিক ভাবে হয়ে থাকে। ভালো উদাহরণসমূহ হলো ইউ এস ন্যাশনাল অ্যাম্বিয়েন্ট এয়ার কোয়ালিটি স্ট্যান্ডার্ডস, (<https://www.epa.gov/criteria-air-pollutants/naaqs-table>), চাইনিজ অ্যাম্বিয়েন্ট এয়ার কোয়ালিটি স্ট্যান্ডার্ডস (জিবি 3095-2012), এবং ওয়ার্ল্ড হেলথ অর্গ্যানাইজেশন এয়ার কোয়ালিটি গাইডলাইনস (বিশ্ব স্বাস্থ্য সংস্থার বায়ুর গুণগত মান সংক্রান্ত নির্দেশিকা) (<https://www.who.int/airpollution/guidelines/en/>). কারখানা থেকে এমন নির্গমন হওয়া উচিত না যাতে দূষক পদার্থ এই পরিমাণে থাকে যা প্রাসঙ্গিকভাবে পরিব্যাপ্ত গুণগত মানের নির্দেশনার রূপরেখাকে স্পর্শ করে ফেলে অথবা অতিক্রম করে যায় অথবা প্রাসঙ্গিকভাবে পরিব্যাপ্ত গুণগত মানের নির্দেশনার রূপরেখাকে সফল করার জন্য একটি গুরুত্বপূর্ণ অবদান রাখে। সম্ভাব্য গ্রাউন্ড লেভেল কনসেন্ট্রেশন মূল্যায়ণ করার জন্য বেসলাইন বায়ুর গুণগত মানের মূল্যায়ণ এবং বায়ুমণ্ডলীয় বিকিরণ মডেল ব্যবহার করে গুণগত বা পরিমাণগত মূল্যায়ণের অনুমানের মাধ্যমেই কেবলমাত্র এটি নির্ধারিত হতে পারে। কিছু দেশ নিয়ন্ত্রক মূল্যায়নের (পারমিটিং) জন্য ভূগর্ভস্থ স্তরে কনসেন্ট্রেশন পরিমাপকে ব্যবহার করে।

নির্গমন মানদণ্ড (কনসেন্ট্রেশন): বায়ু দূষণের সীমারেখাগুলো কখনও কখনও ঘনত্বের সীমারেখা (যেমন পিপিএম, এমজি/এম³) বায়ু দূষণ হ্রাসের সামগ্রিক লক্ষ্যের ভিত্তিতে প্রশাসনিক কর্তৃপক্ষ নির্গমনের কনসেন্ট্রেশনের সর্বোচ্চ মাত্রা নির্ধারণ করতে পারেন। উদাহরণ স্বরূপ, গাড়ির জন্য, সরকার কনসেন্ট্রেশনের সীমারেখা এক্সহস্টে পরিমাপের ভিত্তিতে নিয়ন্ত্রণ করতে পারেন। ছোট জ্বালানি ফেসিলিটির জন্যও একই কথা সত্যি (যেমন বয়লার), যার কনসেন্ট্রেশনে নির্গমনের মানদণ্ড রয়েছে (যেমন, গ্যাস বয়লার স্ট্যাকে পরিমাপ করা ৩২০ পিপিএম-এর এনওএক্স কনসেন্ট্রেশনে সীমিত)। এই ছোট কারখানাগুলোর জন্য অনুমতিপত্রও স্ট্যাকে পরিমাপ করা কনসেন্ট্রেশনের ভিত্তিতে হতে পারে। *এগুলো পরিমাণ নয়, কিন্তু গণনা বা পরিমাণের অনুমানের ক্ষেত্রে উপযোগী হতে পারে, বিশেষ করে যখন ফ্লো-রেট জানা থাকে।*

নির্গমনের মানদণ্ডসমূহ (পরিমাণ): বায়ু দূষণের সীমারেখাকে কোনো একটি উৎস থেকে নির্গত প্রকৃত পরিমাণের মাধ্যমেও মাপা যেতে পারে। কোনো কোনো প্রশাসনিক কর্তৃপক্ষ একটি গোটা কারখানা থেকে নির্গমনের বার্ষিক পরিমাণকে সীমিত করতে পারেন, তবে, অন্যরা প্রবিধান বা অন্যান্য বাধ্যবাধকতা দ্বারা বিশেষভাবে পরিভাষিত অথবা নির্দেশিত পয়েন্ট সোর্স এমিশনকে প্রয়োগ করতে পারেন। পরিমাণ হলো নির্গমনের মোট পরিমাণ যার সবশেষে পরিবেশের উপর প্রভাব থাকে।

স্থানীয় প্রশাসনিক পরিকল্পনার ভিত্তিতে নির্গমন পর্যবেক্ষণের জন্য প্রশাসনিক বাধ্যবাধকতা পরিবর্তিত হয়। নির্গমন সংক্রান্ত উপাত্ত এবং আপনার পর্যবেক্ষণ কর্মসূচীর মাধ্যমে প্রস্তুত পরিব্যাপ্ত বাতাসের গুণগত মান

দীর্ঘ সময় ধরে কারখানা এবং প্রক্রিয়া থেকে নির্গমনের ক্ষেত্রে প্রতিনিধিত্বমূলক হওয়া উচিত। উদাহরণ স্বরূপ, উৎপাদন প্রক্রিয়াতে যেন উপাত্ত সময়-নির্ভর বৈচিত্র্যের হিসেব রাখতে পারে যেমন ব্যাচ-ভিত্তিতে উৎপাদন এবং মরসুমি প্রক্রিয়ার বৈচিত্র্যসমূহ। উচ্চ মাত্রায় পরিবর্তনশীল প্রক্রিয়া থেকে নির্গমনের নমুনা আরও ঘন ঘন অথবা যৌগিক পদ্ধতিতে পরীক্ষা করার দরকার হতে পারে। নির্গমন পর্যবেক্ষণ করার প্রযুক্তি এবং সময়কালও কিছু দহন প্রক্রিয়ার পরিচালন প্যারামিটার বা ইনপুটের ক্ষেত্রে অনবরত থেকে (যেমন, জ্বালানীর গুণগত মান) কম ফ্রিকোয়েন্সি, মাসিক, ত্রৈমাসিক অথবা বার্ষিক স্ট্যাক টেস্টও হতে পারে। প্রক্রিয়ার ইনপুটের ভিত্তিতে প্রকৌশলগত হিসাব অথবা মডেলিং ব্যবহার করে পরিবর্তনশীল উৎস থেকে নির্গমনের বার্ষিক পরিমাণকেও চিহ্নিত করার দরকার হতে পারে (যেমন প্রক্রিয়ায় ব্যবহৃত রাসায়নিকের পরিমাণ এবং ধরন)।

বায়ু নির্গমনের একটি ইনভেন্টরি প্রস্তুত করাঃ

নির্গমন এবং তাদের উৎসকে চিহ্নিত এবং ব্যবস্থাপনা করার জন্য বায়ুর একটি তালিকা কারখানার দরকার। কারখানার জন্য একটি ইনভেন্টরি প্রস্তুত করার জন্য, সমস্ত ধরনের সহায়ক ক্রিয়াকলাপ এবং সরঞ্জামকে অন্তর্ভুক্ত করতে হবে। তালিকাটির হালনাগাদ থাকাকে সুনিশ্চিত করার জন্য নিয়মিত পর্যালোচনা করা উচিত। ইনভেন্টরিতে নির্গমনের উৎসগুলো যা অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত এবং যেগুলো বর্তমানে নিয়ন্ত্রিত নয়, সবই অন্তর্ভুক্ত হওয়া উচিত।

ইনভেন্টরিতে নিম্নলিখিত উপাদানগুলোর অন্তর্ভুক্তি সুপারিশ করা হয়েছে ((সূত্র: জিএসসিপি):

- দূষক যা বর্তমানে রয়েছে বা থাকার সম্ভাবনা আছে
- নির্গত প্রতিটি দূষকের পরিমাণ
- নির্গমন/ ডিসচার্জ পয়েন্ট
- নিয়ন্ত্রক ডিভাইস এবং তাদের কার্যকলাপের প্যারামিটারগুলো
- ঘন ঘন পর্যবেক্ষণ করা
- আইনি প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণতা

ইনভেন্টরির একটি উদাহরণ ডাউনলোড করা যেতে পারে এখানে: <https://www.sumerra.com/wp-content/uploads/Air-Emissions-Inventory.xlsx>

নির্গমন পরীক্ষা (কনসেন্ট্রেশন বা ঘনত্ব): নির্গমনের পরীক্ষা কখনও কখনও কনসেন্ট্রেশনের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়, যেটিতে পরীক্ষার নির্দিষ্ট এলাকাগুলোকে প্রতিবার প্রদেয় নির্গমনের আওতাধীন হতে হয়। প্রতিনিধিত্বমূলক কার্যকলাপ-সংক্রান্ত সিনারিওতে পরীক্ষা করা হবে, এবং মানদণ্ডবিহীন পরীক্ষাগুলো অথবা গণনা পৃথকভাবে করা যেতে পারে। প্রতিটি পরীক্ষা পদ্ধতি এবং/অথবা সরঞ্জাম যা নির্গমন নির্ধারণের জন্য ব্যবহার হয় সেগুলোর সম্ভবত একটি ন্যূনতম সময় এবং/অথবা পুনর্বার পরীক্ষা করার বাধ্যবাধকতা রয়েছে, এবং সংখ্যাতত্ত্বগত এই বৈচিত্র্যগুলোকে বিবেচনা করা হবে।

নির্গমনের পরীক্ষা নিরন্তর পর্যবেক্ষণের মাধ্যমে, অথবা প্রতিনিধিত্বমূলক কার্যকলাপ-সংক্রান্ত পরিস্থিতিতে স্বতন্ত্র পরীক্ষার মাধ্যমে এবং এক বছর সময়কাল ধরে দেখার জন্য অথবা গণনার মাধ্যমে প্রামাণ্য কার্যকলাপের জন্য নির্গমনের পরিমাণকে গণনা করতে ব্যবহার হতে পারে। প্রতিটি পরীক্ষা পদ্ধতি এবং/অথবা সরঞ্জাম যা নির্গমন নির্ধারণের জন্য ব্যবহার হয় সেগুলোর সম্ভবত একটি ন্যূনতম সময় এবং/অথবা পুনর্বীর পরীক্ষা করার বাধ্যবাধকতা রয়েছে, এবং সংখ্যাতত্ত্বগত এই বৈচিত্র্যগুলোকে বিবেচনা করা হবে।

নির্গমনের আনুমানিক হিসেব (পরিমাণ): নির্গমনের প্রতিটি উৎসের জন্য, প্রতিটি প্রাসঙ্গিক দূষকের একটি পরিমাণ গণনা করতে হবে। পাওয়া যায় এমন যেকোনো একটি নির্গমন সংক্রান্ত হিসেবের প্রযুক্তি ব্যবহার করার মাধ্যমে কারখানাগুলো তাদের নির্গমনের পরিমাণ হিসেব করতে পারে।

কোনো এক ধরনের নির্গমন উৎস থেকে একাধিক ডিসচার্জ পয়েন্ট (যেমন, বয়লার অথবা একাধিক দ্রাবক প্রয়োগ প্রক্রিয়া)-কে রিপোর্টিংয়ের প্রয়োজনে একটি একক নির্গমন উৎস হিসেবে বিবেচনা করা যায়, অথবা প্রত্যেকটি অবস্থান অনুযায়ী পৃথক করা যায়। একজন যোগ্য ব্যক্তি যেমন একজন প্রক্রিয়া বা পরিবেশগত প্রকৌশলীর মাধ্যমে যথাযথ পদ্ধতি প্রয়োগ করতে হবে।

এফইএম-এ কার্যকলাপজনিত বায়ু নির্গমন রিপোর্ট করা:

ফেসিলিটির কার্যকলাপ-সংক্রান্ত উৎস থেকে বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত এফইএম-এ রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখা উচিত যাতে উপাত্ত ও তা গণনা করা এবং অনুসরণ করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াগুলোকে নির্ভুল বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত উৎপাদন করার জন্য কার্যকরী বলে নিশ্চিত করা যায়।

টীকা: প্রতিটি উৎস থেকে নির্গমন নির্ধারণের জন্য ব্যবহৃত প্রণালীবিদ্যা যোগ্য ব্যক্তিদের দ্বারা নির্বাচিত এবং প্রয়োগ হওয়া উচিত যেমন একজন প্রক্রিয়া অথবা পরিবেশ-প্রকৌশলী।

- ✓ প্রতিটি উৎসের জন্য, দূষক নির্গমনের পরিমাণ গণনা হওয়া উচিত। নির্গমন সংক্রান্ত পরীক্ষার উপাত্ত এবং/অথবা প্রকৌশলগত হিসেব ব্যবহার করে এটি করা যেতে পারে。
 - পাওয়া যায় এমন যেকোনো একটি নির্গমন সংক্রান্ত হিসেবের প্রযুক্তি ব্যবহার করার মাধ্যমে কারখানাগুলো তাদের নির্গমনের পরিমাণ হিসেব করতে পারে। এর একটি ভালো রেফারেন্স হলো ন্যাশনাল পল্যুট্যান্ট ইনভেন্টরি (এনপিআই) এমিশন এন্টিমেশন টেকনিকস ম্যানুয়াল ফর টেক্সটাইল অ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি (<http://www.npi.gov.au/system/files/resources/1889355c-bdcc-f7d4-853f-203ddf3652bd/files/ftextile.pdf>).
 - প্রকাশিত নির্গমন-সংক্রান্ত হেতুগুলোকেও নির্গমন হিসেব করার জন্য ব্যবহার করা যায় যেমন ইউএসইপিএ এপি42 (USEPA AP42) দ্বারা একত্রিত বায়ু নির্গমনের হেতুগুলো: <https://www.epa.gov/air-emissions-factors-and-quantification/ap-42-compilation-air-emissions-factors>

- ✓ যদি উৎসটি একটি অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত না হয় অথবা এর জন্য আবশ্যিক অনুমতিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ না থাকে, এর উৎস থেকে নির্গমন সংক্রান্ত উপাত্ত প্রশ্ন ১-এর উপাত্ত টেবিলে অন্তর্ভুক্ত হওয়া উচিত।
- ✓ নির্গমনের সাথে যুক্ত সরঞ্জামগুলোকে তালিকাভুক্ত করুন। **টীকা:** যদি একাধিক উৎস থাকে, সমস্ত উৎসগুলোকে তালিকাভুক্ত করুন (যেমন বয়লার 1 এবং বয়লার 2)
- ✓ যে দূষক(পল্যুট্যান্ট)গুলো একটি অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত নয় অথবা ড্রপডাউন তালিকাটির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, সেগুলো বেছে নিন। **টীকা:** যদি 'অন্যান্য' বেছে নেয়া হয়, দয়া করে "অতিরিক্ত মন্তব্য" বিভাগে একটি বিবরণ দিন।
- ✓ এই উৎস(গুলো) থেকে নির্গত দূষকগুলোর পরিমাণ তালিকাভুক্ত করুন। প্রতিটি দূষকের পরিমাণগুলোকে যোগ করা উচিত এবং হিগ্‌ এফইএম-এ প্রবেশ করানো উচিত। কোনো একটি ধরনের নির্গমনের উৎসের একাধিক নির্গমন বিন্দু (যেমন বয়লারগুলো, জেনারেটরগুলো)-কে এফইএম-এ রিপোর্টিঙের জন্য একটি একক নির্গমন উৎস হিসাবে বিবেচনা করা যায়।
 - **টীকা:** যদি নির্গমনের পরিমাণকে কনসেন্ট্রেশন হিসেবে তালিকাভুক্ত করা হয় (যেমন পিপিএম অথবা এমজি/এম3), উৎস(গুলো)র জন্য এক্সহস্ট ফ্লাই সংক্রান্ত উপাত্তকে টেবিলে প্রবেশ করানো উচিত।
- ✓ যদি প্রযোজ্য হয়, পরীক্ষার প্রণালী বা উৎস পরীক্ষার জন্য ব্যবহৃত যন্ত্রপাতি (যেমন পার্টিকুলেট ম্যাটারের জন্য ইউএসইপিএ পদ্ধতি ৫ অথবা এনওএক্স-এর জন্য রিয়েল-টাইম কন্টিনিউয়াস এমিশন মনিটরিং সিস্টেম, ইত্যাদি।)

"অতিরিক্ত মন্তব্য" বিভাগে টীকা লিখুন উপাত্ত সংক্রান্ত যেকোনো অনুমান, হিসেবের প্রণালী, অথবা সেই উৎস(গুলো)র থেকে নির্গত দূষকের পরিমাণ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক মন্তব্যের বিবরণ দেয়ার জন্য।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি ফেসিলিটির নির্গমন সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** ফেসিলিটির নির্গমন অনুসরণ করা এবং রিপোর্ট করার কর্মসূচীর সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যাতে ত্রুটি হতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- নির্গমনের উপাত্তের উৎসগুলি (যেমন, পরীক্ষার রিপোর্ট, নির্গমনের মডেলিং অথবা অন্যান্য প্রকৌশলগত হিসেবগুলি); এবং
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তরসমূহ, ইত্যাদি।)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

নথিপত্র আবশ্যিকঃ

- কারখানার কার্যকলাপের সাথে জড়িত সমস্ত উৎস থেকে বায়ুতে নির্গমনের জন্য একটি ইনভেন্টরি।
- নির্গমনের পরীক্ষা / পর্যবেক্ষণের রিপোর্ট। একটি স্প্রেডশীটে (যেমন এক্সেল) একত্রিত করা পরীক্ষার উপাত্ত ঠিক আছে যখন পরীক্ষার ফলাফল পর্যালোচনার জন্য পাওয়া যায় এবং উপাত্ত সমস্ত প্রশ্নের উত্তরে রিপোর্ট করা তথ্যের সাথে মিলে যায়।
- যেখানে প্রযোজ্য সেখানে নির্গমনের আনুমানিক হিসেবের প্রণালী / গণনাকে নথিভুক্ত করা হয়েছে।
- প্রতিটি নির্গমনের উৎসের জন্য হিগ্-এ প্রবেশ করানো তথ্য যথাযথ প্রমাণ সহ যাচাই করানো যাবে যেমন সরঞ্জামের উৎস এবং নির্গমনের পরিমাণ।

জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্নঃ

- বায়ুতে নির্গমনের উৎসগুলির তালিকাটি এবং যেকোনো নির্গমনের হিসেবের প্রণালী সহ প্রত্যেকটি উৎস কীভাবে তারা ইনভেন্টরিতে রাখেন সে সম্পর্কে কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম।

পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- তালিকাভুক্ত বায়ু নির্গমনের অনসাইট মূল্যায়ণ
- সমস্ত প্রযোজ্য সরঞ্জামের তালিকা উৎসের তালিকায় অন্তর্ভুক্ত থাকাটা নিশ্চিত করুন

আংশিক পয়েন্টগুলো

নথিপত্র আবশ্যিকঃ

- অনুমোদনকারী অফিস থেকে প্রাপ্ত সামঞ্জস্যপূর্ণতার বিষয় সংক্রান্ত নথিপত্র প্রদর্শন করে যে সমস্যাটি(গুলি) তিন মাসের কম বয়সী।
- নির্গমনের যেকোনো উৎস যা সামঞ্জস্যপূর্ণ নয় তার জন্য একটি কর্ম-পরিকল্পনা সম্পূর্ণ করা হয়েছে।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- সামঞ্জস্যবিহীনতার উৎসগুলোকে এবং সামঞ্জস্যপূর্ণতায় ফিরে আসার জন্য পরিকল্পনাগুলোকে পরিচালকবর্গ ব্যাখ্যা করতে পারেন।

পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- যেকোনো সামঞ্জস্যপূর্ণতাকে পূরণ করার জন্য যেকোনো উন্নতিবিধানের চেষ্টা, অথবা কাজ যা করা হয়েছে দয়া করে ছবি তুলুন।

২। আপনি কি আপনার উৎপাদনজনিত বায়ু নির্গমন ট্র্যাক করেন?

উৎপাদন প্রক্রিয়ার ফলাফলস্বরূপ তৈরি হওয়া বায়ু নির্গমনের সমস্ত উৎস

- নির্বাচিত প্রক্রিয়াসমূহ
- এই উৎস থেকে কি নির্গমন ঘটে?
- নির্গমন উৎসের শিরোনাম
- আপনি কি এই উৎস থেকে নির্গমন অনুসরণ করেন?
- এই উৎসে কোন দূষকগুলোকে পাওয়া যায়?
- দূষকগুলোকে কি কোনো সরকারি সংস্থা নিয়ন্ত্রণ করে?
- দূষকগুলো যদি কোনও অনুমতিপত্র দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে, তা কি অনুমতিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে?
- আপনার কারখানাটি যদি সামঞ্জস্যপূর্ণ না থেকে থাকে, অনুসন্ধানে খুঁজে পাওয়া পদার্থের জন্য কার্য-পরিকল্পনাটি হালনাগাদ করুন
- যদি আপনি একটি প্রতিলিপি আপলোড করতে না পারেন, দয়া করে কার্য-পরিকল্পনাটির বিবরণ দিন
- প্রযোজ্য হলে, নির্গমন পরীক্ষার প্রতিবেদন(গুলি) আপলোড করুন।
- অতিরিক্ত মন্তব্যগুলি

এই প্রশ্নটি উৎপাদন প্রক্রিয়া থেকে অভ্যন্তরীণ বায়ুর গুণগত মান ট্র্যাক করে। উৎপাদন প্রক্রিয়ার কারণে সৃষ্ট ফিউজিটিভ সোর্সগুলোও এর অন্তর্ভুক্ত (চিমনি ছাড়াই বিল্ডিং-এর ভিতরে নির্গমন হয় জানলা, দরজা ইত্যাদি যেসবকিছুর মাধ্যমে)।

টীকা: ভবিষ্যতের সংস্করণে, হিগ এফইএম-এ নির্গমন সংক্রান্ত উপাত্তের ক্ষেত্রে বিশদ অনুসরণ এবং রিপোর্টিং প্রয়োজন হবে এবং রেফারেন্সের জন্য নিচে প্রযুক্তিগত নির্দেশনা এবং যাচাইয়ের আবশ্যিকতাসমূহ দেয়া হয়েছে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

প্রসেস এয়ার এমিশনের উৎসগুলোর সম্পর্কে আপনার কারখানার অবহিত থাকা এবং সেগুলোকে পর্যবেক্ষণ করা এবং নিয়ন্ত্রণের মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করা এই প্রশ্নের উদ্দেশ্য।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

সমস্ত ধরনের প্রসেস নির্গমনকে ড্র্যাগ করা উচিত, যদি সেগুলোকে আবদ্ধ রেখে স্ট্যাক/চিমনিতে মুক্ত করা সম্ভব হয়, তবুও। এর অন্তর্ভুক্ত হতে পারে নন-পয়েন্ট উৎসগুলো যেমন শুকানোর কক্ষগুলি, অথবা ফিউজিটিভ নির্গমন যেমন বাইরের ধুলো।

তালিকায় নিম্নলিখিত উপাদানগুলোর অন্তর্ভুক্তি সুপারিশ করা হয়েছে (সূত্র: GSCP):

- দূষণকণা যা বর্তমানে রয়েছে বা থাকার সম্ভাবনা আছে
- যে পরিমাণ নির্গমন হয়েছে বলে অনুমান
- যদি প্রযোজ্য হয়, নির্গমন/ডিসচার্জ পয়েন্ট অথবা অবস্থান
- যদি প্রযোজ্য হয়, যেকোনো নিয়ন্ত্রক ডিভাইস
- যে পর্যবেক্ষণ নির্বাহ করা হয়েছে
- আইনি প্রবিধানের সাথে সামঞ্জস্যবিধান, যদি প্রযোজ্য হয়

নন-পয়েন্ট সোর্স এমিশনে নির্গত দূষকের পরিমাণ চিহ্নিত করার জন্য সাধারণত ভিন্ন পদ্ধতির প্রয়োজন হতে পারে। নির্দিষ্ট প্রবিধানিক গণনা অথবা রিপোর্টিং প্রণালী ফিউজিটিভ উৎসগুলোর জন্য প্রযোজ্য হতে পারে। বায়ু নির্গমন কীভাবে নির্ধারণ করা যাবে সে সম্পর্কে অতিরিক্ত ব্যাখ্যা এবং উদাহরণ নিচে তালিকাভুক্ত করা হলো:

1. ইনভেন্টরি-ভিত্তিক (নির্গমনের সম্ভাব্যতা, পিটিই)

- নির্গমনের সম্ভাব্যতা সমস্ত বায়ু নির্গমনের জন্যই ইনভেন্টরিতে দেখে যার অন্তর্ভুক্ত হলো শক্তি উৎপাদন এবং প্রসেস রসায়ন যাতে সেই কারখানা থেকে নির্গত অধিকতম পরিমাণটিকে প্রতিষ্ঠা করা যায়। উদাহরণ স্বরূপ, যদি ১ টন আইপিএ কেনা হয়, ১ টন আইপিএ সম্ভাব্যরূপে বায়ুতে নির্গত হতে পারে। এটি সাধারণভাবে একটি অত্যন্ত রক্ষণশীল অনুমান এবং একটি কারখানা থেকে সর্বাধিক নির্গমনের সম্ভাব্যতা প্রদান করে।
- বায়ু নির্গমনের পরিমাণগণনা করা বা রিপোর্ট করার সময় রক্ষণশীল একটি হিসাব প্রদানের জন্য, প্রায়শই এরকম হিসাব করা হয় যে উদ্বায়ী পল্যুট্যান্টের (দূষক) ১০০% পরিবেশে নির্গত হবে। যদি ব্যস্তির একটি সীমা প্রদান করা হয় (যেমন অন এবং এসডিএস) তাহলে সেই ব্যস্তির উর্ধ্বসীমাটিকে ব্যবহার করা যায়

2. ইনভেন্টরি-ভিত্তিক (নির্গমনের সম্ভাব্যতা + ভরের সমতা এবং/অথবা সহায়ক কার্য)

- একবার পিটিই বিশ্লেষণ সম্পূর্ণ হলে, মাস ব্যালান্স (ভরের সমতা) এবং/অথবা সহায়ক অনুমান যোগ করা যেতে পারে। উদাহরণ স্বরূপ, যদি ১ টন আইপিএ কেনা হয়ে থাকে, ০.২৫ টন দ্রাবক পুনরুদ্ধারে চলে গিয়ে থাকে, আমরা অনুমান করে নিতে পারি যে সর্বাধিক ০.৭৫ টন বায়ুতে নির্গত হবে। তবে, যদি ০.৭৫ টনকে সহায়তা প্রদানের জন্য ৯০% কার্যকারীতায় একটি থার্মাল অক্সিডাইজার ব্যবহার করা হয়ে থাকে, আমরা গণনা করতে পারি যে কেবলমাত্র ০.০৭৫ টন বায়ুতে নির্গত হবে।

এই একই প্রযুক্তি ভরের সমতার অনেক ভিন্ন ধরনের ব্যবহারের জন্য প্রযোজ্য হতে পারে যার অন্তর্ভুক্ত হলো পুনর্ব্যবহার, বর্জ্যপানি, এবং বর্জ্যের অন্যান্য ধরন।

3. নির্গমন হেতু-ভিত্তিক (কারখানা অথবা অফ-সাইট পরীক্ষা)

- নির্গমনের হেতুগুলো নির্গমনের প্রামাণ্য হারকে প্রতিনিধিত্ব করে যদি একটি নির্দিষ্ট প্রক্রিয়া চলে। উদাহরণ স্বরূপ, এক কেজি রাসায়নিকের রেসিপি ব্যবহারকারী একটি প্রক্রিয়াকে পরীক্ষা করা যেতে পারে দেখানোর জন্য যে প্রতিবার রেসিপিটি ব্যবহার করার সময় কেবলমাত্র ০.০৫ কেজি বায়ুতে নিষ্কাশিত হয়েছে। যদি তাইই হয়, তাহলে ওই প্রক্রিয়ার ধাপে এবং ওই নির্দিষ্ট উপাদানে ব্যবহৃত প্রত্যেক ১ কেজি রাসায়নিকের জন্য, ০.০৫ কেজিকে গুণ করা যায় নির্গমনের মোট পরিমাণ পাওয়ার জন্য। এই ধরনের পরীক্ষাগুলোকে সাইটে বা সাইটের বাইরে কোনও 3^{য়} পক্ষ দ্বারা করা যেতে পারে। দয়া করে খেয়াল করবেন যে সাধারণ রেসিপি এবং উপাদানকে অবশ্যই অনুরূপ অথবা যথেষ্ট পরিমাণে সমতুল হতে হবে এই হেতুটিকে (ফ্যাক্টর) ব্যবহার করে একই নির্গমন উৎপাদন করার জন্য। কখনও কখনও, একটি নির্দিষ্ট কারখানাতে, কয়েকশত বা কয়েক হাজার নির্গমনের হেতু প্রয়োজন হয় তাদের কার্যকলাপকে প্রতিনিধিত্ব করার জন্য। এই প্রণালীটি ব্যবহার করার জন্য সমস্ত পরীক্ষা এবং ডকুমেন্টেশন পাওয়া যেতে হবে। যেখানে রেসিপি এবং উপাদানের নকশা খুব ঘন ঘন না বদলায় না, অথবা যখন অনুরূপ রেসিপি দীর্ঘ সময় ধরে ব্যবহার হয়, এটি বারবার নির্গমন বিষয়ক পরীক্ষা প্রতিরোধ করার জন্য নির্গমনের আনুমানিক হিসেবের ক্ষেত্রে খরচ কমানোর একটি অত্যন্ত কার্যকরী উপায় হতে পারে।

নির্গমনের আনুমানিক হিসাবের পদ্ধতিটি অবশ্যই উৎসের ধরনের প্রতি প্রযোজ্য হতে হবে (যেমন, মধ্যবর্তী সময়ের কর্মকাণ্ড অথবা বিভিন্ন রাসায়নিকের মাত্রায় উচ্চ পরিবর্তনের ক্ষেত্রে সেই প্রক্রিয়ার জন্য বার্ষিক স্তরে দ্রাবকের গ্রহণের ভিত্তিতে পরিমাণকে পরিমাপ করা যায়)।

ভরের সমতার উদাহরণঃ নির্গমনকে পরিমাপ করা যায় ব্যবহৃত উপকরণসমূহের রাসায়নিক গঠনের ভিত্তিতে (যেমন, ভিওসি উপাদান বা স্বতন্ত্র দূষকের শতকরা হার) এবং বছরে কতটা রাসায়নিক ব্যবহার করা হয়েছে (যেমন, লিটার/বছর)।

উদাহরণ হিসেবে, বার্ষিক ভিত্তিতে স্পট ক্লিনিং-এর জন্য মোট ১০০ লিটার অ্যাসিটোন ব্যবহৃত হয়। অ্যাসিটোনের ঘনত্ব 784 কেজি/m³। যদি আমরা ধরে নিই যে 50% বর্জ্য হিসেবে সংগৃহীত হয়েছে এবং 50% পরিবেশে নিষ্কাশিত হয়, আমরা গণনা করতে পারি যে বার্ষিক 50 L X (784 kg/m³/1000 L/m³) = 39.2 কেজি অ্যাসিটোন নিষ্কাশিত হয়েছে।

আরেকটি উদাহরণঃ যদি কোনো রাসায়নিকে ভিওসি উপাদান ৫জি/এল (5g/L) হয় এবং কারখানাটি বার্ষিকভাবে 1000 L ব্যবহার করে থাকে, এবং সহায়তা ৯০% কার্যকারীতায় প্রয়োগ করা হয়েছিল, বার্ষিক নির্গমন হবে 5,000g* (10%) = 500g নির্গত।

কিছু ক্ষেত্রে, নির্গমনের হেতুগুলোকে (ফ্যাক্টর) ব্যবহার করা যায়। উদাহরণ স্বরূপ, যদি নাইট্রোজেন-সমৃদ্ধ কোনো রাসায়নিকের বিদিত পরিমাণ অন্য একটি নাইট্রোজেন-বিহীন রাসায়নিকের সাথে মেশানো হয় এবং পরীক্ষায় নাইট্রোজেন অক্সাইডের নির্গমন ধরা পড়ে, নির্গমনের হেতুকে (ফ্যাক্টর) ব্যবহার করা যেতে পারে যদি রেসিপিটি পরিবর্তন না ঘটিয়ে রিপিট করা হয়। আসল রাসায়নিকটির ১ কেজি যদি সব সময় ০.৩কেজি এনওএক্স-এর কারণ হয়ে দাঁড়ায়, তাহলে এই রেসিপিতে এনওএক্স-এর নির্গমনের ফ্যাক্টর ০.৩। এই গণনাগুলো জটিল হতে পারে, সেই কারণে এই পদ্ধতিটি বেছে নেয়া হলে দয়া করে রাসায়নিক এবং পরিবেশগত বিশেষজ্ঞের জ্ঞানকে কাজে লাগাবেন।

রেফারেন্সঃ

ন্যাশনাল পল্যুট্যান্ট ইনভেন্টরি (এনপিআই) এমিশন এস্টিমেশন টেকনিকস ম্যানুয়াল ফর টেক্সটাইল অ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি (<http://www.npi.gov.au/system/files/resources/1889355c-bdcc-f7d4-853f-203ddf3652bd/files/ftextile.pdf>) (<http://www.npi.gov.au/system/files/resources/1889355c-bdcc-f7d4-853f-203ddf3652bd/files/ftextile.pdf>)

ইউএস ইপিএ কমপাইলেশন অব এয়ার পল্যুট্যান্ট এমিশন ফ্যাক্টরস (এপি-42): <https://www.epa.gov/air-emissions-factors-and-quantification/ap-42-compilation-air-emissions-factors>

উপরের সমস্ত উদাহরণগুলো নির্গমন হিসাব করার নীতিগুলো প্রদর্শন করার সাধারণ উদাহরণ। একজন যোগ্য ব্যক্তি যেমন একজন প্রক্রিয়া বা পরিবেশগত প্রকৌশলীর মাধ্যমে যথাযথ পদ্ধতি প্রয়োগ করতে হবে।

এফইএম-এ উৎপাদনজাত বায়ু নির্গমন রিপোর্ট করা:

কারখানার উৎপাদন-সংক্রান্ত উৎসগুলো থেকে বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত এফইএম-এ রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখা উচিত যাতে উপাত্ত ও তা গণনা করা এবং ত্র্যাক করার জন্য ব্যবহৃত উপাত্ত এবং প্রক্রিয়াগুলোকে নির্ভুল বায়ু নির্গমন বিষয়ক উপাত্ত উৎপাদন করার জন্য কার্যকরী বলে নিশ্চিত করা যায়। উপরে প্রশ্ন ১-এ নির্গমন রিপোর্ট করা বিষয়ে প্রদত্ত নির্দেশিকাটিকে এই প্রশ্নে উৎপাদন-সংক্রান্ত উৎসগুলো থেকে নির্গমন সম্পর্কে রিপোর্ট করার জন্যও ব্যবহার করা উচিত।

টীকা: প্রতিটি উৎস থেকে নির্গমন নির্ধারণের জন্য ব্যবহৃত প্রণালীবিদ্যা যোগ্য ব্যক্তিদের দ্বারা নির্বাচিত এবং প্রয়োগ হওয়া উচিত যেমন একজন প্রক্রিয়া অথবা পরিবেশ-প্রকৌশলী।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি ফেসিলিটির নির্গমন সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই ফেসিলিটির নির্গমন অনুসরণ করা এবং রিপোর্ট করার কর্মসূচীর সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যাতে ক্রটি হতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- নির্গমনের উপাত্তের উৎসগুলি (যেমন, পরীক্ষার রিপোর্ট, নির্গমনের মডেলিং অথবা অন্যান্য প্রকৌশলগত হিসেবগুলি); এবং
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াসমূহ এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তরসমূহ, ইত্যাদি।)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

পুরো পয়েন্ট

- **নথিপত্র আবশ্যিক:**

- উৎপাদন প্রক্রিয়াসমূহ থেকে বাতাসে নির্গমনের সমস্ত উৎসগুলোর জন্য বাতাসে নির্গমনের একটি ইনভেন্টরি।
- নির্গমনের পরীক্ষা / পর্যবেক্ষণের রিপোর্ট। একটি স্প্রেডশীটে (যেমন এক্সেল) একত্রিত করা পরীক্ষার উপাত্ত দেয়া ঠিক আছে যখন পরীক্ষার ফলাফল পর্যালোচনার জন্য পাওয়া যায় এবং উপাত্ত সমস্ত প্রশ্নের উত্তরে রিপোর্ট করা তথ্যের সাথে মিলে যায়।
- যেখানে প্রযোজ্য সেখানে নির্গমনের আনুমানিক হিসেবের প্রণালী / গণনাকে নথিভুক্ত করা হয়েছে।
- প্রতিটি নির্গমনের উৎসের জন্য হিগ্-এ প্রবেশ করানো তথ্য যথাযথ প্রমাণ সহ যাচাই করানো যাবে যেমন সরঞ্জামের উৎস এবং নির্গমনের পরিমাণ।

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**

- বায়ুতে নির্গমনের জন্য উৎসগুলোর একটি তালিকা এবং কীভাবে তারা প্রতিটি উৎসকে তালিকাভুক্ত করেন সেই পদ্ধতিটি কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- বায়ু নির্গমনের উৎসগুলোর কারখানায় মূল্যায়ণ তালিকার সাথে মিলে যায়
- সমস্ত প্রযোজ্য যন্ত্রপাতির তালিকা উৎসের তালিকায় অন্তর্ভুক্ত থাকাটা নিশ্চিত করুন
- সরকারী/ অনুমোদিত সংস্থা দ্বারা নিয়ন্ত্রিত নির্গমনের সমস্ত সূত্রগুলোর টেস্ট রেজাল্টের সহায়ক কাগজপত্র

আংশিক পয়েন্টগুলো

- **নথিপত্র আবশ্যিক:**

- অনুমোদনকারী অফিস থেকে প্রাপ্ত সামঞ্জস্যপূর্ণতার বিষয় সংক্রান্ত নথিপত্র প্রদর্শন করে যে সমস্যাটি(গুলি) তিন মাসের কম বয়সী।
- নির্গমনের যেকোনো উৎস যা সামঞ্জস্যপূর্ণ নয় তার জন্য একটি কর্ম-পরিকল্পনা সম্পূর্ণ করা হয়েছে।

● **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**

- সামঞ্জস্যবিহীনতার উৎসগুলোকে এবং সামঞ্জস্যপূর্ণতায় ফিরে আসার জন্য পরিকল্পনাগুলোকে পরিচালকবর্গ ব্যাখ্যা করতে পারেন।

● **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- যেকোনো সামঞ্জস্যপূর্ণতাকে পূরণ করার জন্য যেকোনো উন্নতিবিধানের চেষ্টা, অথবা কাজ যা করা হয়েছে দয়া করে ছবি তুলুন।

৩। এই প্রতিবেদনের বছরে আপনার কারখানা কি কোনও বিদ্যমান সরঞ্জামে অতিরিক্ত রেফ্রিজারেন্ট যোগ করেছে?

আপনি কি রেফ্রিজারেন্টের ব্যবহার/নির্গমন অনুসরণ করেন?

যদি হ্যাঁ বলেন, বর্তমান সরঞ্জামের সাথে যুক্ত সমস্ত রেফ্রিজারেন্টগুলো বেছে নিন

- রেফ্রিজারেন্ট
- এই প্রতিবেদনের বছরে যে পরিমাণে রেফ্রিজারেন্ট বিদ্যমান সরঞ্জামে যোগ করা হয়েছে
- পরিমাপের ইউনিট
- এই উৎস থেকে নির্গমন অনুসরণের জন্য কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছিল?
- এই ছিদ্রের মেরামতি করার জন্য আপনার পরিকল্পনা কি?

এই প্রশ্নটি আপনার জিএইচজি নির্গমনের ক্ষেত্রে অবদান রাখে যে কারণে ছিদ্রের পরিমাণের বিষয়ে আপনার নির্ভুল উপাত্ত জানানো জরুরি। দয়া করে খেয়াল করবেন যে আপনার জিএইচজি ফলাফলের উদ্দেশ্য হল আপনার সুযোগের উন্নয়নের জন্য পরিচালনামূলক অন্তর্দৃষ্টি প্রদান করা, কিন্তু পাবলিক রিপোর্টিংয়ের জন্য পোষাকী জিএইচজি গণনা হিসেবে ব্যবহৃত হওয়া নয়।

মান সরঞ্জামের সাথে রেফ্রিজারেন্টগুলোকে যুক্ত করতে হওয়ার অর্থ হলো ব্যবস্থায় ছিদ্র রয়েছে। যদি বিল্ডিং সিএফসি-ভিত্তিক রেফ্রিজারেন্ট রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে, আপনাকে ছিদ্রের মাধ্যমে বার্ষিক নির্গমন

অবশ্যই ৫% অথবা তার কম কমিয়ে আনতে হবে এবং সরঞ্জামগুলোর বাকি কর্মক্ষমতার মোট সময়ে সামগ্রিক নির্গমন (ছিদ্রের মাধ্যমে) এর রেফ্রিজারেন্টের চার্জের ৩০%-এর কম হ্রাস করাতে হবে।

কেবলমাত্র তখনই না বলবেন যদি আপনি বর্তমান সরঞ্জামসমূহের সাথে রিপোর্টিং বছরে অতিরিক্ত রেফ্রিজারেন্ট না যোগ করে থাকেন। পুরো নম্বর দেয়া হবে।

যদি রিপোর্টিং বছরে কোনও বিদ্যমান সরঞ্জামের সাথে কোনো রেফ্রিজারেন্টও যোগ করা আছে কিনা সে বিষয়ে আপনি অবহিত না হন, তাহলে আপনার উত্তরে বলা উচিত **জানা নেই**।

"আপনার কারখানা কি রিপোর্টিং বছরে বিদ্যমান সরঞ্জামগুলির সাথে কোনো রেফ্রিজারেন্টও যোগ করেছে?" প্রশ্নটির জন্য আপনার বেছে নেয়া উচিত হ্যাঁ, যদি আপনার জানা থাকে যে রেফ্রিজারেন্ট যোগ করা হয়েছিল, কিন্তু পরিমাণ সম্পর্কে আপনি অবহিত না থাকেন, এবং **"আপনি কি রেফ্রিজারেন্টের ব্যবহার/নির্গমন অনুসরণ করেন?"** প্রশ্নটির উত্তরে বেছে নেবেন না

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্য হলো আপনাকে দিয়ে পরিমাণ-বিষয়ক উপাত্ত প্রবেশ করানো যেটি প্রদর্শন করবে কতটা রেফ্রিজারেন্ট(গুলি) আপনার কারখানা রিপোর্টিং বছরে নির্গমন করেছে। এই প্রশ্নটি আপনাকে কোন রেফ্রিজারেন্টগুলোকে ব্যবহার করা হচ্ছে, আপনার কারখানাতে কোথায় সেগুলোকে ব্যবহার করা হচ্ছে, এবং সম্ভাব্য কতটা বায়ুমন্ডলে নির্গত হচ্ছে সেগুলিকে সনাক্ত করতে সহায়তা করে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

রেফ্রিজারেন্টগুলো হলো ওজোন-শোষক পদার্থ যা জিএইচজি নির্গমন এবং জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে ক্ষতিকর অবদান রাখতে পারে সাধারণ রেফ্রিজারেন্টগুলোতে তুলনামূলক উচ্চমাত্রার বৈশ্বিক উষ্ণায়নের সম্ভাব্যতা (গ্লোব্যাল ওয়ার্মিং পোটেনশিয়াল, জিডাক্ল্যুপি) থাকার কারণে। রেফ্রিজারেন্টগুলো প্রায়শই ছিদ্রযুক্ত সরঞ্জাম, মেরামতি এবং ডিসপোজালের মাধ্যমে নির্গত হয়ে থাকে।

যদিও অধিকাংশ আধুনিক সরঞ্জামে ছিদ্রকে কমিয়ে আনার মতো করেই নকশা করা হয়, যদি হয়ে যায় তাহলে ছিদ্রগুলোকে চিহ্নিত করতে পারা জরুরি। ছিদ্রগুলোকে সাধারণত চিহ্নিত করা হয় সরঞ্জামে বাড়তি রেফ্রিজারেন্ট যোগ করতে হলে। একটি কর্মপরিকল্পনা থাকা দরকার ছিদ্র মেরামত করা এবং/অথবা রেফ্রিজারেন্টের ছিদ্র মেরামতির জন্য সরঞ্জামগুলোকে আপগ্রেড করার জন্য।

যদি রেফ্রিজারেন্টগুলোকে সাইটে ব্যবহার করা হয়, এই গ্যাসগুলোকে ফেজ-আউট করার জন্য প্রয়োজনীয় সমাধানগুলোকে বিবেচনা করা উচিত। অন্য আরেকটি সমাধান হলো নিম্নমাত্রার বৈশ্বিক উষ্ণায়ন সম্ভাব্যতা (জিডাক্ল্যুপি)-সম্পন্ন রেফ্রিজারেন্ট ব্যবহার করা যেমন রেফ্রিজারেন্টের প্রয়োগে এইচএফও, অ্যারোসোল প্রপেল্যান্টসমূহ ফোম ব্লোয়িং এজেন্টসমূহ। আপনার রেফ্রিজারেন্টগুলির মধ্যে কোনটি ট্র্যাক করা এবং ফেজ-আউট করা জরুরি তা নির্ধারণ করার জন্য অনুগ্রহ করে নিচে রেফারেন্স নম্বর সহ রেফ্রিজারেন্টগুলির

তালিকাটি দেখুন: <https://www.ashrae.org/standards-research--technology/standards--guidelines/standards-activities/ashrae-refrigerant-designations>.

মন্ডিয়াল প্রোটোকল নামে একটি আন্তর্জাতিক চুক্তি অনুসারে সিএফসি এবং এইচসিএফসি কমিয়ে ফেলা হচ্ছে, এইচএফসি-কে গুরুত্ব দেয়ার জন্য যেগুলো উচ্চ মাত্রার জিডাক্ল্যাপি-সম্বলিত শক্তিশালী গ্রিনহাউস গ্যাস, এবং সেগুলোকে নির্মাণ প্রক্রিয়াসমূহ চলাকালীন এবং ছিদ্র, মেরামতির মাধ্যমে, ও সেইসব সরঞ্জাম যেগুলোতে এই গ্যাসগুলো ব্যবহার করা হয়েছিল, সেগুলো ফেলে দেয়ার সময় বায়ুমণ্ডলে মুক্ত করে দেয়া হয়। নতুন তৈরি করা হাইড্রোফ্লুরোলেফিন (এইচএফও) এইচএফসি-এর একটি সাবসেট এবং বায়ুমণ্ডলে কম জীবনচক্র এবং নিম্ন মাত্রার জিডাক্ল্যাপি-সম্পন্ন। এইচএফও-কে বর্তমানে রেফ্রিজারেন্ট, অ্যারোসোল প্রপেল্যান্ট এবং ফোম ব্লোয়িং এজেন্ট হিসেবে ব্যবহার করা শুরু হচ্ছে।

ওজোন শোষক পদার্থগুলোকে ক্রমশ কমিয়ে আনার বিষয়ে আরো তথ্যের জন্য:

<https://www.epa.gov/ods-phaseout>

- এই স্কোপে অন্তর্ভুক্ত নয় যে পদার্থগুলো:
 - মিনারেল পণ্যের উৎপাদন এবং ব্যবহার যেমন সিমেন্ট, লোহা এবং ইস্পাত, এবং রাসায়নিকের উৎপাদন। (CO₂)
 - অ্যাডিপিক অ্যাসিডের উৎপাদন, যেটি ফাইবার, যেমন নাইলন, এবং অন্যান্য সিন্থেটিক পণ্য তৈরিতে ব্যবহৃত হয়। (N₂O)
 - প্রাকৃতিক গ্যাস এবং অপরিশোধিত তেলের উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চয়, পরিবহন, এবং বিতরণ; এবং কয়লা তোলা। (CH₄)
 - শিল্পক্ষেত্রগত জৈব বস্তুর পরিচালনা, জমিভরাট এবং বর্জ্যপানির অ্যানারোবিক পরিশোধন। (CH₄)
 - কৃষিকাজ সংক্রান্ত মাটির ব্যবস্থাপনা, সিন্থেটিক সারের উৎপাদন এবং প্রয়োগ, এবং লাইভস্টক সারের ব্যবস্থাপনা। (N₂O)
 - অরণ্য সংক্রান্ত চর্চা এবং জমির ব্যবহার। (CO₂)
 - অ্যালুমিনিয়ামের উৎপাদন এবং আধা-পরিবাহী বস্তুর উৎপাদনের সাথে জড়িত বিভিন্ন শিল্পক্ষেত্রগত প্রক্রিয়া থেকে একটি উপজাত দ্রব্য হিসেবে উৎপাদিত যৌগ হলো পারফ্লুরোকার্বন। (পিএফসি)
 - এইচসিএফসি-২২ উৎপাদনের ফলস্বরূপ উৎপন্ন হয় এইচএফসি-২৩। (এইচএফসি)
 - সালফার হেক্সাফ্লুরাইড (এসএফ৬) ব্যবহার করা হয় ম্যাগনেসিয়াম প্রক্রিয়াকরণ এবং আধা-পরিবাহী নির্মাণের ক্ষেত্রে, এবং ছিদ্র চিহ্নিতকরণের জন্য প্রয়োজনীয় একটি ট্রেসার গ্যাসের জন্য, এবং সার্কিট ব্রেকার সহ বিদ্যুৎ পরিবাহী সরঞ্জামের মধ্যেও।

অতিরিক্ত তথ্যের জন্য দয়া করে দেখুন:

- <https://www.epa.gov/sites/production/files/2015-07/documents/fugitiveemissions.pdf>

- <https://ww2.arb.ca.gov/our-work/programs/refrigerant-management-program>

রেফ্রিজারেন্ট গ্যাস ট্র্যাক করাঃ

রেফ্রিজারেন্টকে চিহ্নিত করা এবং ট্র্যাক করা সাইটে রেফ্রিজারেন্ট ব্যবস্থাপনার প্রথম ধাপ। আপনার ট্র্যাকিং এবং রিপোর্টিং কার্যক্রম প্রতিষ্ঠা করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি দিয়ে শুরু করুনঃ

- কারখানার সমস্ত সরঞ্জামগুলোকে (উৎপাদন এবং কার্যকলাপ বিষয়ক যন্ত্রপাতি) বিস্তারিতভাবে দেখুন চিহ্নিত করার জন্য যে কোনগুলোতে রেফ্রিজারেন্ট রয়েছে।
 - সরঞ্জামে ব্যবহৃত হয়েছিল যে নির্দিষ্ট রেফ্রিজারেন্ট সেটির ধরনটি চিহ্নিত হওয়ার বিষয়টি এতে অন্তর্ভুক্ত হতে হবে (যেমন আর-২২ (R-22))।
- প্রত্যেকটি সরঞ্জাম থেকে কতটা রেফ্রিজারেন্ট নিগত হয়েছে তা নির্ধারণ করার জন্য প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন (যেমন ছিদ্রের মাধ্যমে, ডিসপোজাল দ্বারা, ইত্যাদি)।
 - সাধারণত, রেফ্রিজারেন্টের পরিমাণ যা নিগত হয় তার পরিমাণ সরঞ্জামে যুক্ত হওয়া রেফ্রিজারেন্টের পরিমাণের সাথে সমান (নিচে ছিদ্রের হার গণনা দেখুন)
 - রেফ্রিজারেন্ট ক্রয়ের ইনভয়েসগুলো, অথবা মেরামতির রেকর্ডও পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে সহায়ক হতে পারে।
 - যদি অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, গণনার প্রণালী যাচাইযোগ্য উপাত্ত দ্বারা স্পষ্টভাবে সংজ্ঞায়িত এবং অনুমোদিত হতে হবে।
- অনুসরণ (ট্র্যাকিং) সংক্রান্ত উপাত্ত (যেমন, মাসিক, বার্ষিক নিঃসরণ অথবা টপ-আপ রেকর্ড) এমন একটি বিন্যাসে রেকর্ড করা যা পর্যালোচনা করা সহজ হয় [যেমন, স্প্রেডশীট (যেমন, মাইক্রোসফট এক্সেল) অথবা অনুরূপ উপাত্ত বিশ্লেষক কার্যক্রম যা মানুষের পঠনযোগ্য বিন্যাসে উপাত্তকে রপ্তানি করা (যেমন, এক্সেল, সিএসভি)] এবং যাচাই চলাকালীন পর্যালোচনার জন্য প্রাসঙ্গিক পরিপোষক প্রমাণকে রক্ষণাবেক্ষণ করা অনুমোদন করে।

নিঃসরণের হার গণনা করা

কোনো একটি সরঞ্জাম থেকে রেফ্রিজারেন্টের পরিমাণ নির্ধারণ করার সময়, সাধারণভাবে বিবেচনা করা হয় যে নিঃসৃত রেফ্রিজারেন্টের পরিমাণ কিছু সময় পরে সরঞ্জামটিতে পূর্ণমাত্রার চার্জ দেয়ার জন্য সরঞ্জামে যোগ করা পরিমাণের সাথে সমান হয়।

- উদাহরণ স্বরূপ, যদি আপনি চিলার ইউনিটের রেফ্রিজারেন্টটিকে পূর্ণমাত্রায় রিচার্জ করেন, তাহলে এক বছর কার্যকলাপ চালানোর পরে আপনাকে ইউনিটটিকে পুরো রিচার্জ করতে হলে 0.5 কেজি যোগ করতে হবে, তখন এটি অনুমান করা হবে যে ছিদ্র থাকার কারণে বা মেরামতির কারণে সারা বছর ধরে 0.5 কেজি নিগত হয়েছিল।

রেফ্রিজারেট নির্গমন অনুসরণ করার সময়, কারখানাটি রিপোর্টিং বছরে কোনো সরঞ্জামে যোগ করা রেফ্রিজারেটের পরিমাণ সরাসরি পরিমাপ এবং রেকর্ড করতে পারে অথবা নির্গমনের হিসেব করার জন্য নিঃসরণের হার নির্ধারণ করতে পারে।

নিঃসরণের হার সাধারণভাবে একটি পূর্ণমাত্রার চার্জ যেটি ১২-মাসের সময়কালে শেষ হবে তার শতকরা হারে প্রকাশ করা হয়। নিচের উদাহরণটি নিঃসরণের হার গণনা করার একটি পদ্ধতি।

1. রেফ্রিজারেটের যতটা কিলোগ্রাম (কেজি) আপনি রিচার্জ ব্যবস্থায় যোগ করেছিলেন ব্যবস্থাটিকে পূর্ণমাত্রার চার্জ করানোর জন্য সেটিকে ওই ব্যবস্থার জন্য সাধারণ অবস্থায় পূর্ণমাত্রার চার্জে থাকা রেফ্রিজারেটের কেজি দিয়ে ভাগ করুন।
2. চার্জগুলোর মধ্যবর্তী সময়ে কতগুলো দিন পেরিয়ে গেছে তা নির্ধারণ করুন (যেমন শেষবার যখন রেফ্রিজারেট যোগ করা হয়েছিল এবং এবার যখন রেফ্রিজারেট যোগ করা হলো - এই দুইয়ের মধ্যে কতগুলো দিন), এবার এটিকে ৩৬৫ দিয়ে ভাগ করুন (বছরে যতগুলি দিন)।
3. ধাপ ১-এ নির্ধারিত রেফ্রিজারেটের কেজি নিন এবং ধাপ ২-তে নির্ধারিত দিনের সংখ্যা দিয়ে একে ভাগ করুন।
4. শেষ পর্যন্ত, ১০০% দিয়ে গুণ করুন (শতকরা হার নির্ধারণের জন্য)।

উদাহরণ স্বরূপঃ

চিলার #১

- যোগ করা রেফ্রিজারেট = ১ কেজি
- পূর্ণমাত্রার চার্জ = ৫ কেজি
- চার্জগুলোর মাঝখানে দিন (দিনের সংখ্যা) = ২৭৫

$$\text{নিঃসরণের হার} = (১ \text{ কেজি} \div ৫ \text{ কেজি}) \div (২৭৫ \div ৩৬৫) \times ১০০\% = ২৬.৫\%$$

সুতরাং, চিলার ইউনিট হারাচ্ছে / নির্গমন করছে বছরে ১.৩৩ কেজি (পূর্ণমাত্রার চার্জের ২৬.৫%) রেফ্রিজারেট।

টীকা: কখন সরঞ্জামটিতে অতিরিক্ত মেরামতকার্য করার বা প্রতিস্থাপন করার দরকার হতে পারে তা নির্ধারণ করার জন্যও নিঃসরণের হারকে ব্যবহার করা যায়।

এফইএম-এ রেফ্রিজারেট সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করাঃ

এফইএম-এ রেফ্রিজারেট সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখার বিষয়টি সম্পন্ন হওয়া উচিত এটি নিশ্চিত করার জন্য যে উপাত্ত এবং তা সংগ্রহ ও রেকর্ড করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া শক্তি-সংক্রান্ত নিখুঁত উপাত্ত উৎপাদনের ক্ষেত্রে কার্যকরী।

করবেনঃ

- ✓ একত্রিত মোট সংখ্যার বিপ্রতীপে উৎসের উপাত্ত পর্যালোচনা করুন (যেমন, সরঞ্জাম রক্ষণাবেক্ষণের রেকর্ডসমূহ, মেরামতির লগ্, রেফ্রিজারেন্ট ক্রেয়ের ইনভয়েসগুলো, ইত্যাদি) এর অভ্রান্ততা নিশ্চিত করার জন্য।
- ✓ নিশ্চিত করা যে উপাত্ত অনুসরণ করার জন্য সাম্প্রতিকতম এবং হালনাগাদ করা স্প্রেডশীট ব্যবহার করা হচ্ছে এবং সমস্তরকম স্বয়ংক্রিয় গণনা/ফর্মুলা সঠিক রয়েছে।
- ✓ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা।
- ✓ নির্ভুল থাকা সুনিশ্চিত করার জন্য যেকোনো আনুমানিক অথবা হিসেব সংক্রান্ত প্রণালী-বিদ্যা/গণনাসমূহকে পর্যালোচনা করুন।
- ✓ এফইএম-এ যথাযথ ট্র্যাকিং পদ্ধতিটিকে রিপোর্ট করুন (যেমন পরিমাপ হওয়া, নিঃসরণের হার, হিসেব)

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উপাত্ত রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং যুক্তিযুক্ত নিখুঁত হিসেবের প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, ছিদ্রের হার অথবা অন্য প্রকৌশলগত গণনাসমূহ)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি ফেসিলিটির রেফ্রিজারেন্ট সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** ফেসিলিটির অনুসরণ কার্যকলাপের সমস্ত বিষয়গুলিকে পর্যালোচনা করতে হবে যেগুলোতে ভুল হতে পারে যার অন্তর্ভুক্ত হলো:

- প্রাথমিক উপাত্ত সংগ্রহকারী প্রক্রিয়াগুলি এবং উপাত্তের উৎসগুলি (যেমন, সরঞ্জাম রক্ষণাবেক্ষণের রেকর্ডগুলো, মেরামতির লগ্‌সমূহ, রেফ্রিজারেন্ট ক্রেয়ের ইনভয়েসগুলি, ইত্যাদি); এবং
- উপাত্ত একত্রিত করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, নিঃসরণের হার গণনা, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- নথিপত্র আবশ্যিক:

- সমস্ত রেফ্রিজারেন্ট সরঞ্জামগুলোর সরঞ্জাম-মেরামতি বিষয়ক লগ্ থাকে যার অন্তর্ভুক্ত হলো রেফ্রিজারেন্ট প্রতিস্থাপন যেটিকে হালনাগাদ রাখা হয়
- এই রেকর্ডগুলোতে অবশ্যই দেখানো উচিত যে 2021 সালে কোনো রেফ্রিজারেন্ট যুক্ত করা হয়নি

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**

- রেফ্রিজারেন্ট সরঞ্জামের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা ছিদ্র অন্বেষণের জন্য সরঞ্জামগুলোকে কত ঘন ঘন এবং কীভাবে মূল্যায়ণ করেন সেই প্রক্রিয়াটির বিবরণ কি দিতে পারবেন?

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- সরঞ্জামের রক্ষণাবেক্ষণের ভালোভাবে রাখা রেকর্ড
- রেফ্রিজারেন্টে সম্ভাব্য ছিদ্রগুলো

আংশিক পয়েন্টগুলো

- **নথিপত্র আবশ্যিক:**

- সমস্ত রেফ্রিজারেন্ট সরঞ্জামগুলোর সরঞ্জাম-মেরামতি বিষয়ক লগ্ থাকে যার অন্তর্ভুক্ত হলো রেফ্রিজারেন্ট প্রতিস্থাপন যেটিকে হালনাগাদ রাখা হয়
- যন্ত্রপাতির লগ্-এ তারিখ, সুনির্দিষ্ট ধরন এবং যুক্ত হওয়া হিমায়নের পরিমাণ দেখানো হয়।
- ছিদ্রের উৎসকে চিহ্নিত করা হয়েছিল
- একটি কর্মপরিকল্পনা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারী রয়েছেন নিশ্চিত করার জন্য যাতে যেকোনো ছিদ্র দ্রুত মেরামত করা হয়

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**

- রেফ্রিজারেন্ট সরঞ্জামের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা ছিদ্র অন্বেষণের জন্য সরঞ্জামগুলোকে কত ঘন ঘন এবং কীভাবে মূল্যায়ণ করেন সেই প্রক্রিয়াটির বিবরণ কি দিতে পারবেন?
- যেকোনো ছিদ্র মেরামতির জন্য দায়ী কর্মচারী কি বিবরণ দিয়ে জানাতে পারবেন যে সমস্যার সমাধানের জন্য তিনি কি করছেন?

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- সরঞ্জামের রক্ষণাবেক্ষণের ভালোভাবে রাখা রেকর্ড
- রেকর্ড যা দেখায় যে যন্ত্রের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী ছিদ্রগুলো মেরামতি বিষয়ে কাজ করছেন

৪। আপনার কারখানায় কি অন-সাইট পয়েন্ট উৎস বায়ু নির্গমনের জন্য নিয়ন্ত্রণ ডিভাইস বা অপসারণ প্রক্রিয়া রয়েছে? যদি হ্যাঁ হয়, নিয়ন্ত্রণ ডিভাইস বা অপসারণ প্রক্রিয়াযুক্ত বায়ু নির্গমনের সমস্ত পয়েন্ট সোর্সগুলিকে নির্বাচন করুন।

- উৎস
- এই উৎসের জন্য কি আপনার নিয়ন্ত্রক যন্ত্রপাতি / অপসারণ প্রক্রিয়া রয়েছে?
- কোন নিয়ন্ত্রক যন্ত্রপাতি, অপসারণ প্রক্রিয়া, অথবা নিরাপত্তা বিষয়ক সরঞ্জাম বায়ু নির্গমনের এই উৎসের জন্য ব্যবহৃত হয়েছিল?
- কত ঘন ঘন পর্যবেক্ষণ করা হয়েছিল?

আপলোডের জন্য সুপারিশ: নিয়ন্ত্রক যন্ত্রপাতি অথবা অপসারণ প্রক্রিয়া থেকে নির্গমন পরীক্ষার ফলাফল।

যদি আপনি ক্রিয়াকলাপজনিত সমস্ত ধরনের নির্গমনের উৎসগুলোর জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি(গুলো) বসিয়ে থাকেন যেগুলো কার্যকর রয়েছে, তাহলেই কেবলমাত্র **উত্তরে হ্যাঁ বলুন।**

যদি আপনার ক্রিয়াকলাপজনিত নির্গমনের কিছু উৎসের জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি(গুলো) বসানো এবং কার্যকর থাকে তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলুন।** এই প্রশ্নে উৎপাদন প্রক্রিয়ার কারণে নির্গত ঘরের ভেতরের বাতাসের গুণমান অন্তর্ভুক্ত নয়।

পয়েন্ট সোর্স নির্গমনের পরিভাষা – বায়ুর প্রবাহ যা কোনোভাবে নিয়ন্ত্রণ করা হয় এবং বায়ুমন্ডলে ছেড়ে দেয়া হয় একটি একক উৎস থেকে যেমন স্ট্যাক। এই নির্গমনগুলো কারখানা-সংক্রান্ত হতে পারে, যেমন বয়লার থেকে নির্গমন, অথবা প্রক্রিয়া-সংক্রান্ত, যেমন উদ্বায়ী রাসায়নিক ব্যবহারের জন্য এক্সহস্ট ব্যবস্থা।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

সমস্ত পয়েন্ট উৎস (পয়েন্ট সোর্স) থেকে নির্গমন বাতাসে যাতে ছড়িয়ে না যায় সে বিষয়ে ব্যবস্থাপনা এবং নির্গমনকে সীমিত করার জন্য কার্যকরী নিয়ন্ত্রণ কারখানার রয়েছে কিনা সেটি বোঝাই এই প্রশ্নের উদ্দেশ্য।

বায়ু দূষণ নিয়ন্ত্রণ অথবা উপশমকারী যন্ত্রপাতিগুলো হলো সেই প্রযুক্তি যেটি পরিচালনাজাত নির্গমনের কারণে বায়ুমণ্ডলে সেইসব পদার্থকণার ছড়িয়ে যাওয়াকে হ্রাস করে অথবা দূর করে যেগুলো পরিবেশ অথবা মানুষের স্বাস্থ্যের ক্ষতি করে। বায়ুতে নির্গমনের উৎস এবং প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে অপসারণকারী প্রক্রিয়া একটি সাধারণ প্রক্রিয়া থেকে শুরু করে একটি বাস্তবধর্মী যন্ত্র এবং নিয়ন্ত্রক সরঞ্জামও হতে পারে। বায়ুতে নির্গমনের জন্য প্রয়োজনীয় বাধ্যবাধকতার সাথে যদি কারখানাটি সঙ্গতি রক্ষা করে, সম্ভাবনা আছে যে একটি উপশম প্রক্রিয়া সক্রিয় রয়েছে অথবা নিয়ন্ত্রক যন্ত্রপাতি এখনই বর্তমান যন্ত্রপাতির একটি অংশ।

যন্ত্রপাতির উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত হলো ধুলো সংগ্রহ এবং এক্সট্রাক্ট ইউনিট (ডিএসই), স্কাবার এবং দহনযন্ত্র (ইনসিনারেটর)।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রস্তুতি প্রাথমিকভাবে পয়েন্ট সোর্স/স্ট্যাক নির্গমনের জন্য প্রযোজ্য। উদাহরণ স্বরূপ, এর অন্তর্ভুক্ত হতে পারে কারখানার বয়লারগুলি, অথবা প্রসেস এক্সহস্ট থেকে অন্যান্য স্ট্যাকগুলি। এই নির্গমনগুলোতে নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত হতে পারে ধুলো সংগ্রাহক, স্কাবার, দহনযন্ত্র (চুল্লি), ইত্যাদি।

নিয়ন্ত্রক এবং অপসারণকারী যন্ত্রপাতির পর্যবেক্ষণ এবং রক্ষণাবেক্ষণ আপনার কারখানার প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ডে এবং বর্তমান ভিসুয়াল পরিদর্শনেও অন্তর্ভুক্ত থাকা উচিত যাতে যেকোনো সমস্যা সাথে সাথে চিহ্নিত করা যায়।

আপনার নিয়ন্ত্রক যন্ত্রপাতির পর্যবেক্ষণ/পরীক্ষার ফলাফল থেকে সাধারণভাবে তার কার্যকারীতা এবং সক্ষমতার প্রমাণ পাওয়া যায়। ফলত যে ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণ আর চালানো হচ্ছে না, ফেসিলিটির উচিত এই প্রশ্নের উত্তরে না বলা।

স্কেরিং: বাতাসে সমস্ত ধরনের চিহ্নিত অথবা সম্ভাব্য পয়েন্ট সোর্স / স্ট্যাক নির্গমন যেগুলোর কারণে বাতাসে কম পরিমাণে সেইধরনের নির্গমন হয় যা কোনও ধরনের নিয়ন্ত্রণ না থাকলে দৃশ্যমান হতো, সেগুলোর জন্য যদি ফেসিলিটির অপসারণ প্রক্রিয়া বা নিয়ন্ত্রণ প্রক্রিয়া থাকে (যখন প্রযুক্তিগতভাবে প্রযোজ্য) তাহলে ফেসিলিটিকে **পুরো পয়েন্ট** দেয়া হবে। এর জন্য আবশ্যিকভাবে নিশ্চিত হওয়া প্রয়োজন এবং সেই কারণে উপরোক্ত পদ্ধতিতে পর্যবেক্ষণ/পরীক্ষার ফলাফল প্রয়োজন।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিক:**
 - নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারক প্রক্রিয়ার জন্য বিন্যাস, বিবরণ অথবা প্রক্রিয়াসমূহ
 - তালিকাভুক্ত নিয়ন্ত্রক যন্ত্রপাতির ক্রমাঙ্কন এবং রক্ষণাবেক্ষণের রেকর্ড
- জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ
 - কর্তৃপক্ষ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা কারখানাতে সক্রিয় নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারণ প্রক্রিয়া এবং কীভাবে সেগুলো নির্গমন কমায় তার বিবরণ দিতে সক্ষম
- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - ক্রিয়াকলাপের সাথে জড়িত সমস্ত ধরনের নির্গমনের উৎসের জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতিগুলো ফেসিলিটির যেখানে থাকা উচিত সেখানে থাকার বিষয়টি, এবং ঠিকমতো কাজ করছে কিনা এবং ভালোভাবে কাজ করার মতো অবস্থায় রয়েছে কিনা সেইসব (দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের

দ্বারা নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পর্যবেক্ষণ) পর্যালোচনা করার জন্য সেগুলোর তালিকা দেখুন।

আংশিক হ্যাঁ

- "হ্যাঁ" কিন্তু কয়েকটির জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি ইন্সটল করা আছে, কিন্তু পরিচালনাজাত নির্গমনের সমস্ত উৎসের জন্য নয়।

রেফারেন্স: সাসটেইনিবিলিটি কনসার্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইলস টুলকিট-এর প্রতিক্রিয়া তথ্যভূক্ত করার জন্য [এই প্রশ্নটিকে ব্যবহার করা যায়](#)। বাতাসের গুণগত মান - ম্যানুফ্যাকচারিং কী পারফরম্যান্স ইন্ডিকের উত্তরদাতাদের জিজ্ঞাসা করে যে বাতাসে বার্ষিক নির্গমন চূড়ান্ত প্রস্তুতকর্তা কারখানা দ্বারা অনুসরণ এবং রিপোর্ট করা হয় কিনা। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য।

৫। আপনার ফেসিলিটিতে কি অনসাইট-পলাতক/নন-পয়েন্ট উৎস বায়ু নির্গমনের জন্য নিয়ন্ত্রণ ডিভাইস বা অবসান প্রক্রিয়া রয়েছে? যদি তা হয়, নিয়ন্ত্রণ ডিভাইস বা অপসারণ প্রক্রিয়ায় সমস্ত ফিউজিটিভ/নন-পয়েন্ট বায়ু নির্গমনের উৎসগুলিকে নির্বাচন করুন

- উৎস
- এই উৎসের জন্য কি আপনার নিয়ন্ত্রক যন্ত্রপাতি / অপসারণ প্রক্রিয়া রয়েছে?
- কোন নিয়ন্ত্রক যন্ত্রপাতি, অপসারণ প্রক্রিয়া, অথবা নিরাপত্তা বিষয়ক সরঞ্জাম বায়ু নির্গমনের এই উৎসের জন্য ব্যবহৃত হয়েছিল?
- কত ঘন ঘন পর্যবেক্ষণ করা হয়েছিল?

আপলোডের জন্য সুপারিশ: নিয়ন্ত্রক যন্ত্রপাতি অথবা অপসারণ প্রক্রিয়া থেকে নির্গমন পরীক্ষার ফলাফল।

যদি আপনি নিয়ন্ত্রক ডিভাইস বসিয়ে থাকেন এবং উৎপাদন প্রক্রিয়াগুলো থেকে সমস্ত ধরনের নির্গমনের উৎসগুলোর জন্য সেগুলো কর্মরত অবস্থায় থাকে, কেবলমাত্র তাহলেই **উত্তরে হ্যাঁ বলুন**।

যদি আপনার উৎপাদন প্রক্রিয়াগুলো থেকে নির্গমনের কিছু উৎসের জন্য নিয়ন্ত্রক ডিভাইস বসানো হয়ে থাকে এবং সেগুলি কর্মরত থাকে তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলুন**।

নন-পয়েন্ট সোর্স অথবা ফিউজিটিভ নির্গমনের সংজ্ঞা – হিগ এফইএম-এর জন্য, বায়ু নির্গমনের এই উৎসগুলো হলো সেইগুলো যাদেরকে সাধারণভাবে ঘরের ভেতরে অথবা বাইরের পরিবেশে নিষ্কাশন করিয়ে

দেয়া হয়। এই ধরনের নির্গমনগুলো সাধারণত হলো প্রক্রিয়া-সংক্রান্ত যেমন স্ক্রিন প্রিন্টিং, স্পট ক্লিনিং, রঞ্জন, ইত্যাদি)।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো বোঝা যে কারখানাটির নন-পয়েন্ট বা ফিউজিটিভ বায়ু নির্গমনের উৎসগুলি থেকে নির্গমনকে ব্যবস্থাপনা এবং সীমিত করার জন্য এর কোনো নিয়ন্ত্রণ কার্যকর আছে কিনা।

বায়ু দূষণ নিয়ন্ত্রক অথবা অপসারক যন্ত্রপাতিগুলো হলো সেই প্রযুক্তি যেটি বায়ুমণ্ডলে সেইসব পদার্থকণার নির্গমনকে হ্রাস করে অথবা অপসারণ করার জন্য ব্যবহার করা হয় যেগুলো পরিবেশ অথবা মানুষের স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। বায়ুতে নির্গমনের উৎস এবং প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে অপসারণকারী প্রক্রিয়া একটি সাধারণ প্রক্রিয়া থেকে শুরু করে একটি বাস্তবধর্মী যন্ত্র এবং নিয়ন্ত্রক সরঞ্জামও হতে পারে। উদাহরণ স্বরূপ, এর অন্তর্ভুক্ত হতে পারে এক্সহস্ট যেটিকে ড্রাইং রুম থেকে ভিওসির জন্য পরিশোধন করা হয়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

এই প্রশ্নটি প্রাথমিকভাবে প্রযোজ্য হবে যেকোনো নন-পয়েন্ট উৎসের জন্য যেগুলো নির্গমন উৎপাদন করে, এবং ঘরের ভেতরের বায়ুর গুণগত মান এবং পরিবেশ উভয়েরই ক্ষতি করতে পারে। নির্গমন ঘটায় এরকম কিছু উৎপাদন প্রক্রিয়ার উদাহরণ হলোঃ

- ডিজিটাল প্রিন্টিং ইউনিট যেগুলো তাদের নিজেদের কালারেন্ট/কালি প্রস্তুত করে দ্রাবক পদ্ধতি ব্যবহার করে কঠিন কালারেন্ট (সাধারণভাবে অ্যাসিড, রিঅ্যাক্টিভ এবং ডিস্পার্স ডাই) গুলোকে গুলে ফেলার মাধ্যমে যার মধ্যে অন্তর্ভুক্ত হলো, গ্লাইকল, ডাইঅক্সিন ইত্যাদি।
- কোটিং/ল্যামিনেশন ইউনিট যেগুলো দ্রাবক ব্যবহার করে
- এলুমিনিয়ামের জন্য তাকলি রঞ্জনের ইউনিট যেগুলো সাধারণত গুঁড়ো ভ্যাট রঞ্জনপদার্থ ব্যবহারকারী ভিস্কোজ ফিলামেন্ট ইয়ার্ন ব্যবহার করে
- পায়ের জুতোর উপাদান একত্রিত করার ইউনিট যেগুলো জুতোর সোলে রঙ দেয়ার জন্য স্প্রে ব্যবহার করে
- চামড়ার কোটিং/ স্প্রে করার ইউনিট যেগুলো তরল ঢালার চেম্বার ব্যবহার করে
- দ্রাবক ব্যবহারকারী প্রিন্টিং ইউনিট স্থানান্তর করা
- হ্যালোজেন মিশ্রিত দ্রাবক ব্যবহারকারী শুকনো ক্লিনিং প্রক্রিয়া
- পটাশিয়াম পারম্যাঙ্গানেট (পিপি) স্প্রে করার ইউনিট
- ছাঁচ তৈরির ইউনিট যেগুলো ল্যামিনেশন বা ফিউজিং প্রক্রিয়া ব্যবহার করে ইত্যাদি।
- রঞ্জনের পরে কাপড়/পোশাককে শোধন করা
- অন্যান্য দ্রাবক বা আঠার প্রয়োগ (যেমন গ্লুইং বা প্রাইমিং)

এইধরনের নির্গমনের জন্য নিয়ন্ত্রণের মধ্যে পড়তে পারে ফিউম হুড বা স্থানীয় এক্সহস্ট ভেন্টিলেশন যাতে অতিরিক্ত নিয়ন্ত্রক যন্ত্র বা অপসারক প্রক্রিয়া রয়েছে, দ্রাবক পুনরুদ্ধার ব্যবস্থা, শোষক যন্ত্র, অথবা ফিল্টার/ব্যাগ হাউস যা ধুলো/ফ্লক ইত্যাদিকে ধরতে পারবে।

নিয়ন্ত্রক এবং অপসারণকারী যন্ত্রপাতির পর্যবেক্ষণ এবং রক্ষণাবেক্ষণ আপনার কারখানার প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ডে এবং নিরবচ্ছিন্ন চাক্ষুষ পরিদর্শন এবং অন্যান্য বাধ্যতামূলক পরীক্ষায় অন্তর্ভুক্ত থাকা উচিত যাতে যেকোনো সমস্যা তখনি চিহ্নিত করা যায়।

স্কেরিং: বাতাসে সমস্ত ধরনের নিরূপিত অথবা সম্ভাব্য ফিউজিটিভ নির্গমন যেগুলোর কারণে সেইধরনের স্বল্প পরিমাণের নির্গমন হয় যা নিয়ন্ত্রণ না থাকলেও দৃশ্যমান হতো, সেগুলোর জন্য যদি ফেসিলিটির অপসারণকারী প্রক্রিয়া বা নিয়ন্ত্রণসমূহ থাকে (যখন প্রযুক্তিগতভাবে প্রযোজ্য) তাহলে ফেসিলিটিকে **পুরো পয়েন্ট** দেয়া হবে।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিক:**
 - নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারক প্রক্রিয়ার জন্য বিন্যাস, বিবরণ অথবা প্রক্রিয়াসমূহ
 - তালিকাভুক্ত নিয়ন্ত্রক যন্ত্রপাতির ক্রমাঙ্কন এবং রক্ষণাবেক্ষণের রেকর্ড
- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**
 - কর্তৃপক্ষ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারীরা কারখানাতে সক্রিয় নিয়ন্ত্রক যন্ত্রপাতি বা অপসারণ প্রক্রিয়া এবং কীভাবে সেগুলো নির্গমন কমায় তার বিবরণ দিতে সক্ষম
- পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:
 - উৎপাদন-প্রক্রিয়াজাত নির্গমনের সমস্ত ধরনের উৎসের জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতিগুলো ফেসিলিটির যেখানে থাকা উচিত সেখানেই রয়েছে এবং কর্মরত ও ভালো অবস্থায় রয়েছে কিনা (দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের দ্বারা নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পর্যবেক্ষণ পিছু) তার জন্য সেগুলোর তালিকা পর্যালোচনা করুন।

আংশিক হ্যাঁ

- "হ্যাঁ" কিন্তু কয়েকটির জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতি ইন্সটল করা আছে, কিন্তু উৎপাদনজনিত প্রক্রিয়াগুলোর থেকে নির্গমনের সমস্ত উৎসের জন্য নয়।

বায়ু নির্গমন - স্তর ২

৬। নাইট্রোজেন অক্সাইড (এনওএক্স), সালফার অক্সাইড (এসওএক্স), এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম)-এর ক্ষেত্রে বায়ুর কর্মকুশলতাকে উচ্চ মাত্রায় অর্জন করার জন্য আপনার কারখানা কি অনুমোদনগত বাধ্যবাধকতাকে অতিক্রম করেছে?

- যদি হ্যাঁ হয়, স্তরটি উল্লেখ করুন।

পিএম, এসও২, এবং এনওএক্স-এর জন্য নির্গমন সংক্রান্ত পরীক্ষার ফলাফল আপলোড করুন

সামঞ্জস্যপূর্ণতাকে অতিক্রম করে গিয়ে বায়ু নির্গমনের কর্মকুশলতা অর্জন করার বিষয়টিতে হিগ্‌ এফইএম অনুপ্রেরণা দেয়। তবে, বর্তমানে পোষাক, ফুটওয়্যার, এবং তন্তু শিল্পের জন্য কোনো বায়ু-মানদণ্ড নেই। যদি শিল্পক্ষেত্রের বায়ু সংক্রান্ত কোনো মানদণ্ড পাওয়া যায়, আমরা উপাদানগুলোকে সেইভাবে হালনাগাদ করব।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানা দাহ্য যন্ত্রপাতি থেকে বায়ুতে নির্গমনের সাথে সামঞ্জস্যপূর্ণতাকেও অতিক্রম করার পরে আরো উন্নতিবিধান করেছে কিনা তা প্রদর্শন করাই এই প্রশ্নের উদ্দেশ্য।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বায়ুর মানদণ্ড পূরণ করাঃ বায়ু নির্গমন সাধারণভাবে স্থানীয় প্রবিধান অনুযায়ী একটি নির্দিষ্ট সীমায় ব্যবস্থাপনা করা হয়। তবে স্থায়িত্বের জন্য, প্রয়োজনীয় হলো *সামঞ্জস্যপূর্ণতা পেরিয়ে গিয়েও* উন্নতিবিধান করার মাধ্যমে বায়ুর কর্মকুশলতার সর্বোচ্চ অর্জনযোগ্য স্তরটিতে পৌঁছানো। বর্তমানে, শিল্পক্ষেত্রে বায়ুর কোনো মানদণ্ড নেই। সেই কারণে, হিগ্‌ এফইএম বায়ু বিভাগ সমন্বয়ের মাধ্যমে বিকাশপ্রাপ্ত কয়েকটি সীমানা প্রদান করে যেগুলো বর্তমানে প্রাপ্য সর্বোত্তম বায়ু দূষণ নির্দেশিকার সাথে মানানসই।

হিগ্‌ এফইএম বায়ু বিভাগটি নাইট্রোজেন অক্সাইড (এনওএক্স), সালফার অক্সাইড (এসওএক্স) এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম) নির্গমনকারী দহনমূলক যন্ত্রপাতির জন্য (যেমন, বয়লার এবং জেনারেটর) তিনটি স্তরের সীমা স্থির করার মাধ্যমে দূষকের (পলুট্যান্ট) সীমা যথাসম্ভব হ্রাস করার জন্য আপনাকে উৎসাহ প্রদান করে। আইএফসি-এর স্মল কমবাসশন (ফেসিলিটিজ এমিশনস গাইডলাইনস)-এর সাহায্যে (লিঙ্ক: <https://www.ifc.org/wps/wcm/connect/532ff4804886583ab4d6f66a6515bb18/1-1%2BAir%2BEmissions%2Band%2BAmbient%2BAir%2BQuality.pdf?MOD=AJPERES>) এবং শ্রীলঙ্কা, বেলজিয়াম, অস্ট্রেলিয়া, জার্মানি (50 এমডাক্স-এর চেয়ে বেশি), জাপান, এবং ভারতবর্ষ থেকে প্রাপ্ত এই মানদণ্ড ব্যবহার করে এই সীমাগুলোকে চিহ্নিত করা হয়েছিল। এসএসি অথবা শিল্পজগতের অন্য কোনো সংগঠন দীর্ঘ সময় ধরে এই সীমাগুলোকে আরও জোরালো করে তুলবে বা অন্য কোনো মানদণ্ড দ্বারা প্রতিস্থাপন করবে যদি এরকম কোনো মানদণ্ড পোষাক শিল্পের জন্য তৈরি হয়।

নির্গমনের এইসব স্তরের প্রেক্ষিতে উৎসে নির্গমন হ্রাস করার বিভিন্ন সুযোগ আপনি মূল্যায়ণ করতে পারেন। উদাহরণের অন্তর্ভুক্ত হলো স্বচ্ছতর জ্বালানি ব্যবহার করার জন্য বয়লার রেট্রোফিট, নির্গমন কমিয়ে ফেলার জন্য নিয়ন্ত্রক যন্ত্রপাতিগুলোর উন্নতিবিধান ইত্যাদি।

বয়লার এবং জেনারেটরের জন্য বায়ুর মানদণ্ডের খসড়া তৈরি করুন: (পরিমাপের ইউনিট: mg/Nm³):

ছোটঃ ৫০		স্তর ১ ভিত্তিগত	স্তর ২ কৌশলগত	স্তর ৩ উচ্চাকাঙ্ক্ষা-সম্পন্ন
এমডাক্স-এর থেকে কম	পিএম	150	100	50
	এসও২	2000	1000	400
	এনওএক্স	650	300	200
মাঝারি (৫০		স্তর ১	স্তর ২	স্তর ৩
এমডাক্স -	পিএম	150	80	50
৩০০	এসও২	1500	1000	200
এমডাক্স)	এনওএক্স	600	300	150
বড় (৩০০		স্তর ১	স্তর ২	স্তর ৩
এমডাক্স-এর	পিএম	100	50	30
থেকে বেশি)	এসও২	850	600	150
	এনওএক্স	510	200	150

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিক:**

- নির্গমন পরীক্ষার ফলাফল যা প্রদর্শন করে যে নাইট্রোজেন অক্সাইড (এনওএক্স), সালফার অক্সাইড (এসওএক্স), এবং পার্টিকুলেট ম্যাটার (পিএম)-এর ক্ষেত্রে বায়ুর কর্মকুশলতাকে উচ্চ মাত্রায় অর্জন করার জন্য আপনার কারখানা অনুমোদনগত বাধ্যবাধকতাকে অতিক্রম করেছে।
- একটি সক্রিয় পরিকল্পনা বা সেটিকে অর্জন করার জন্য নেয়া প্রকল্পের বিবরণ। এর অন্তর্ভুক্ত থাকা উচিত সরঞ্জামের একটি তালিকা এবং/অথবা উন্নতিসমূহের কারণে নির্গমনের পরিবর্তনের রেকর্ড সহ প্রক্রিয়ার পরিবর্তন।

- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**

- পারমিটের বাধ্যবাধকতাকে কারখানা অতিক্রম করে যাওয়ার ফলে নিতে হওয়া পদক্ষেপগুলো সম্পর্কে কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - উচ্চ মাত্রার বায়ুর কর্মকুশলতা অর্জন করার জন্য যন্ত্রপাতি বা প্রক্রিয়া সহ পরিকল্পনাতে তালিকাভুক্ত রেফারেন্সের বিষয়গুলো।

বায়ু নির্গমন - স্তর ৩

৭। আপনার কারখানায় বায়ুতে নির্গমন এবং অভ্যন্তরীণ বাতাসের গুণগত মানের সমস্যা হ্রাস করা বা দূর করার জন্য আধুনিক যন্ত্রপাতি বাস্তবায়িত করার কোনো প্রক্রিয়া আছে?

আপলোড করুনঃ যন্ত্রপাতি আপগ্রেড করার জন্য পরিকল্পনা/প্রক্রিয়ার কাগজপত্র অথবা সাম্প্রতিক আপগ্রেডের কাগজপত্র

হ্যাঁ বাছুন যদি যন্ত্রপাতিগুলোকে আপগ্রেড করার কোনো নথিবদ্ধ পরিকল্পনা আপনার থাকে বা যদি সমস্ত যন্ত্রপাতিতে আধুনিকতম সংস্করণে আপগ্রেড করা হয়ে গিয়ে থাকে যেহেতু পল্যুট্যান্ট নিয়ন্ত্রণ করার এবং বায়ু নির্গমনকে কমানোর ক্ষেত্রে এটি অন্যতম সর্বোত্তম একটি পদ্ধতি।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্য হলো যাতে একটি কারখানা বায়ুর পল্যুট্যান্ট নিয়ন্ত্রণ করার জন্য উন্নততর অভ্যাস প্রদর্শন বা শেয়ার করতে সক্ষম হয়।

বায়ুতে নির্গমন এবং অভ্যন্তরীণ বায়ুর গুণগত মানের সমস্যা হ্রাস করা বা দূর করার জন্য যন্ত্রপাতির আধুনিকীকরণ একটি কার্যকরী প্রক্রিয়া। নির্গমন হ্রাস করার জন্য (জিএসসিপি) সরঞ্জামগুলোকে আপগ্রেড করার সম্ভাবনাকে চিহ্নিত করা এবং মূল্যায়ণ করার (যেমন, সরঞ্জাম প্রতিস্থাপন করা, বর্তমানে রয়েছে এমন সরঞ্জামগুলোতে বদল আনা, অপসারক সরঞ্জামগুলোকে আরো ফলদায়ক করা, ইত্যাদি) জন্য সম্ভাব্যতা বিষয়ক গবেষণা সহায়ক হয়ে থাকে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

পুরনো হয়ে যাওয়া বা কার্যকারীতাবিহীনভাবে চলতে থাকা সরঞ্জাম প্রায়শই বায়ু নির্গমন নিয়ন্ত্রণের জন্য সুলভ সর্বোত্তম প্রযুক্তি (বেস্ট অ্যাভেইলেবল টেকনোলজি, বিএটি) অথবা সুলভ সর্বোত্তম নিয়ন্ত্রক প্রযুক্তিকে (বেস্ট অ্যাভেইলেবল কন্ট্রোল টেকনোলজি, বিএসিটি) কাজে লাগায় না। ফলত, নতুন, আধুনিকতর সরঞ্জামগুলোর তুলনায় পুরনো যন্ত্রপাতিগুলোর থেকে বেশি বায়ু নির্গমন হতে পারে। যন্ত্রপাতিগুলোকে আধুনিকীকরণ করার অর্থ হলো বর্তমান যন্ত্রপাতিগুলোকে বায়ু নির্গমন নিয়ন্ত্রণ করার জন্য নতুনতর প্রযুক্তি ব্যবহার করে আধুনিকীকরণ করা অথবা আরো উন্নততর প্রযুক্তিসম্পন্ন যন্ত্রপাতি ক্রয় করা।

যন্ত্রপাতিগুলোকে আধুনিকীকরণ করার একটি উদাহরণ হলো হিমায়ন এবং/অথবা এয়ার কন্ডিশনিং ব্যবস্থাকে আপগ্রেড করা যাতে সেগুলো নিম্ন মাত্রার জিডাক্লোপি-সম্পন্ন রেফ্রিজারেন্ট ব্যবহার করতে পারে অথবা ওডিএস-কে আরো পরিবেশবান্ধব রেফ্রিজারেন্ট দ্বারা প্রতিস্থাপন করতে পারে।

আরেকটি উদাহরণ হলো স্বচ্ছতর জ্বালানি দ্বারা চালিত নতুন একটি বয়লার বা জেনারেটর ক্রয় করা যার ফলে বায়ু নির্গমনের পরিমাণ কম হয়।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিক:**

- আপলোড করুনঃ সরঞ্জাম আপগ্রেড করার জন্য পরিকল্পনা/প্রক্রিয়ার কাগজপত্র অথবা সাম্প্রতিক আপগ্রেডের কাগজপত্র
- সরঞ্জামগুলোকে আপগ্রেড করার সাম্প্রতিক কাগজপত্র (যদি প্রযোজ্য হয়)

- **জিজ্ঞাসাবাদের জন্য প্রশ্ন:**

- সরঞ্জামগুলোকে আপগ্রেড করার পরিকল্পনা/প্রক্রিয়া অথবা সাম্প্রতিক আপগ্রেডের কাগজপত্র কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে সক্ষম।

- **পরিদর্শন - হাতেকলমে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- কর্মরত পরিকল্পনার প্রেক্ষিতে কারখানাতে সরঞ্জাম আপগ্রেডের বিষয়টি যাচাই করুন।

বর্জ্য

বর্জ্যের সংজ্ঞা

বর্জ্য হলো এমন যেকোনো উপাদান বা পদার্থ যা কারখানা থেকে নিষ্কাশিত হয়, যা পরিবেশকে এবং আশেপাশের কমিউনিটিগুলোকে দূষিত করতে পারে।

বর্জ্যের উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু সীমিত নয়ঃ

- **বিপদহীন বর্জ্য** বিপদহীন বর্জ্য হলো পণ্য ও সেবাসমূহকে ব্যবহার এবং পণ্য উৎপাদনের ফলে পরিত্যক্ত উপকরণ। বিপদহীন বর্জ্যের মধ্যে সাধারণত অন্তর্ভুক্ত বিপদহীন বস্তুর উৎপাদনের ফলে নিষ্কাশিত এবং ঘরোয়া বর্জ্য। বিপদহীন উৎপাদনজাত বর্জ্য সাধারণত প্রত্যক্ষভাবে উৎপাদন প্রক্রিয়া থেকে তৈরি হয়, যেমন, কাপড়, চামড়া, প্লাস্টিক, কাগজ, ধাতু অথবা মোড়ক-সংক্রান্ত বর্জ্য।

ঘরোয়া বর্জ্যের অন্তর্ভুক্ত হলো খাদ্য এবং শৌচ-সংক্রান্ত বর্জ্য। কারখানার ক্যান্টিন এবং রান্নাঘর থেকে সাধারণত খাদ্যজাত বর্জ্য প্রস্তুত হয়। শৌচ-সংক্রান্ত বর্জ্য হলো অফিস এবং ডর্মিটরি অঞ্চল থেকে প্রাপ্ত ঘরোয়া বর্জ্য, যেমন, টয়লেট পেপার, লন/বাগানের বর্জ্য, কাচ, এবং খাদ্যের মোড়ক।



- **বিপজ্জনক বর্জ্য** হলো সেই বর্জ্য যা তার রাসায়নিক, পদার্থগত, অথবা জৈব বৈশিষ্ট্যসমূহের কারণে (যেমন, তা দাহ্য, বিস্ফোরক, দূষণকারক, তেজস্ক্রিয়, অথবা সংক্রামক) জনস্বাস্থ্যগত এবং/অথবা পরিবেশের ক্ষতি করতে পারে। যুক্তরাষ্ট্রীয় পরিবেশ সুরক্ষা সংগঠন (ইউ এস এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি) বিপজ্জনক বর্জ্যকে সংজ্ঞা দেয় এরকম "বর্জ্য হিসেবে যা স্বাস্থ্য বা পরিবেশের জন্য বিপজ্জনক অথবা সম্ভাব্যরূপে ক্ষতিকর। বিপজ্জনক বর্জ্য তরল, কঠিন, অথবা গ্যাস, বা কাদা হতে পারে। বিপজ্জনক বর্জ্য নিয়ন্ত্রণের আবশ্যিকতা বিপদহীন বর্জ্যের তুলনায় কঠোর।"

(<http://www.epa.gov/osw/hazard/>)

তবে, বিপজ্জনক ও বিপদহীন বর্জ্যের ক্ষেত্রে একটি দেশের আইনানুগ শ্রেণীবিন্যাস অন্য দেশের তুলনায় পৃথক হতে পারে, যা কোন ধরনের বর্জ্যকে বিপজ্জনক বলে সংজ্ঞায়িত করা হবে তার শ্রেণীবিভাজন

পৃথকরূপে করতে পারে। একটি কারখানার অন্তত আইনি বর্জ্যের আবশ্যিকতাগুলো অনুসরণ করা উচিত। যদি আইনানুগ আবশ্যিকতাগুলো সহজলভ্য না হয়, সেক্ষেত্রে আরো কঠিন শিল্পকেন্দ্র সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করার সুপারিশ করা হয়েছে।

কঠিন পণ্যের ফেসিলিটির জন্য নতুন পথনির্দেশনা:

ইউরোপিয়ান ইউনিয়নের অভ্যন্তরে উৎপাদনকারী অথবা তাদেরকে বিতরণ করা সকল সংস্থার জন্য, [ডাক্লাইইই](#) (ওয়েস্ট ফ্রম ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইকুইপমেন্ট) আদেশপত্রটি অনুসরণ করার জন্য একটি জরুরি আদেশপত্র। ডাক্লাইইই আদেশপত্র বৈদ্যুতিন বর্জ্য হ্রাস এবং পৃথকীকরণকে নিয়ন্ত্রণ করে।

হিগ ইন্ডেক্স ওয়েস্ট বিভাগ অনুযায়ী আপনার যা করতে হবে:

- সমস্ত বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্য প্রবাহগুলো সম্পর্কে জানা এবং অনুসরণ করা
- উৎপাদিত আয়তন এবং সমস্ত বিপজ্জনক ও বিপদহীন বর্জ্যের প্রবাহের নিষ্কাশন প্রক্রিয়া রেকর্ড করা এবং সে সম্পর্কে রিপোর্ট করা
- পৃথকীকরণ করা, যথাযথভাবে সঞ্চয় করা, এবং কর্মচারীদের সমস্ত বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্যের প্রবাহ সামলানো সম্পর্কে প্রশিক্ষণ দেয়া
- প্রকাশ্যে পোড়ানো এবং কারখানার এলাকার মধ্যে ফেলে রাখা নিষিদ্ধ করা এবং যথাযথ নিয়ন্ত্রণ ও সাইটেই পুড়িয়ে দেয়া
- উৎপাদিত বর্জ্যের ক্ষেত্রে স্বাভাবিক রূপরেখা (যেমন, ২০১৬ সালে উৎপাদনের প্রতি ইউনিট পিছু ঘরোয়া বর্জ্য উৎপাদন ২০ কেজি) এবং নিষ্কাশন প্রক্রিয়ার ক্ষেত্রে বর্জ্যের শতকরা হার (যেমন, ২০১৬ সালে ৮০% ঘরোয়া বর্জ্য ভূমিস্থ হয়েছিল) নির্দিষ্ট করে দেয়া
- বর্জ্য হ্রাস করা এবং পছন্দসই নিষ্কাশন প্রক্রিয়ার উন্নতির জন্য স্বাভাবিক লক্ষ্য স্থির করে নেয়া
- বর্জ্য হ্রাস করার লক্ষ্যপূরণের জন্য সুনির্দিষ্ট ক্রিয়াপদ্ধতি এবং কৌশল স্থির করে নেয়া
- বেসলাইনের পরিপ্রেক্ষিতে বর্জ্য হ্রাসকে দেখানো যেমন "গত বছর আমরা উৎপাদনের ইউনিট পিছু ১৬ কেজি ঘরোয়া বর্জ্য উৎপাদন করেছি যা ২০১৬ থেকে শুরু করে বার্ষিক হ্রাসের ২০%।"
- সাধারণ চর্চা: জমিভরাট, শক্তি পুনরুদ্ধার না করে পোড়ানোর অভ্যাস, এবং পরিবেশ থেকে প্রাপ্ত সমস্ত ফেলে দেয়া উপাদানের অন্তত ৯০ শতাংশকে অন্যদিকে ব্যবহার করা
- সাধারণ চর্চা: বর্জ্য পদার্থকে নতুন উপাদানে বা আরো ভালো গুণগত মানের পদার্থে অথবা উন্নততর পরিবেশ মূল্যের পদার্থে রূপান্তরের মাধ্যমে বর্জ্যকে পরিবর্তন করা।

বর্জ্যের কর্মকুশলতাকে দুইভাবে উন্নত করা যায়:

1. আপনার ফেসিলিটির জন্য **উৎপাদিত বর্জ্যের সমগ্র পরিমাণকে হ্রাস করার মাধ্যমে**। এটি সর্বাপেক্ষা পছন্দসই প্রক্রিয়া কারণ এতে প্রকৃত উৎস থেকেই বর্জ্যের পরিমাণ হ্রাস পায়।
2. **বিলিব্যবস্থার পছন্দসই প্রক্রিয়াতে পরিবর্তন করার** মাধ্যমে যেমন রিসাইক্ল করা, পুনর্ব্যবহার করা, অথবা যথাযথভাবে নিয়ন্ত্রিত দহনের মাধ্যমে শক্তি পুনরুদ্ধার করা।

হিগ্‌ এফইএম-এ বর্জ্য ব্যবহার অনুসরণ এবং রিপোর্ট করা

দীর্ঘ সময় ধরে বর্জ্য সংক্রান্ত উপাত্তকে সঠিকভাবে অনুসরণ করা এবং রিপোর্ট করা হলে তা কারখানার এবং স্টেকহোল্ডারদের উন্নতির সুযোগের ক্ষেত্রে বিশদ অন্তর্দৃষ্টি প্রদান করে। যদি উপাত্ত সঠিক না হয়, তবে তার ফলে একটি কারখানার বর্জ্যের ফুটপ্রিন্ট বুঝতে পারা এবং পরিবেশগত প্রভাব হ্রাস করার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপগুলিকে চিহ্নিত করা ও কার্যকারিতাকে চালনা করার সক্ষমতা সীমিত হয়ে যায়।

বর্জ্য ট্র্যাকিং (অনুসরণ) এবং রিপোর্টিংয়ের কার্যক্রম স্থির করার সময়, নিম্নলিখিত নীতিগুলিকে প্রয়োগ করা উচিতঃ

- **সম্পূর্ণতা** – অনুসরণ এবং প্রতিবেদন কার্যক্রমে সমস্ত প্রাসঙ্গিক উৎসগুলি অন্তর্ভুক্ত হওয়া উচিত (এফইএম-এ যেমন তালিকাভুক্ত রয়েছে)। উপাত্ত থেকে উৎসগুলোকে বাদ দেওয়া উচিত নয় এবং অনুসরণ ও রিপোর্টিং জড়ত্বের উপর নির্ভরশীল হওয়া উচিত (যেমন, স্বল্প পরিমাণ ব্যতিক্রম)।
- **নির্ভুলতা** - বর্জ্যের অনুসরণ কার্যক্রমে উপাত্ত প্রবেশের বিষয়টি নির্ভুল হওয়া এবং বিশ্বাসযোগ্য সূত্র থেকে আসা নিশ্চিত করুন (যেমন, নির্ণীত ক্রমাঙ্ক পরিমাপক, ইনভয়েসসমূহ, বৈজ্ঞানিক পরিমাপের প্রতিষ্ঠিত নীতিসমূহ অথবা যন্ত্রবিদ্যার আনুমানিক হিসেব, ইত্যাদি)।
- **সামঞ্জস্য** - বর্জ্যের উপাত্ত অনুসরণ করার জন্য সামঞ্জস্যপূর্ণ প্রণালী-বিদ্যা ব্যবহার করুন যা দীর্ঘ সময় ধরে ব্যবহৃত বর্জ্যের পরিমাণের মধ্যে তুলনা অনুমোদন করে। অনুসরণ প্রণালী, বর্জ্যের উৎস, অথবা বর্জ্যের ব্যবহার সংক্রান্ত উপাত্তকে প্রভাবিত করে এমন অন্যান্য ক্রিয়াকলাপের মধ্যে কোনো রকম পরিবর্তন হলে, তা নথিভুক্ত হওয়া উচিত।
- **স্বচ্ছতা** – উপাত্তের সমস্ত সূত্রগুলি (যেমন, ইনভয়েস, ওজনের রেকর্ড ইত্যাদি), ব্যবহৃত অনুমানসমূহ (যেমন, আনুমানিক হিসেবের প্রযুক্তি), এবং গণনার প্রণালীসমূহ উপাত্তের বর্ণনামূলক তালিকায় প্রকাশ করা উচিত এবং নথিভুক্ত রেকর্ডসমূহ এবং পরিপোষক প্রমাণের মাধ্যমে তাৎক্ষণিকভাবে যাচাইযোগ্য হওয়া উচিত।
- **উপাত্তের গুণগত মানের ব্যবস্থাপনা** – জ্ঞাপিত উপাত্ত নির্ভুল হওয়া নিশ্চিত করার জন্য গুণগত মান আশ্বাসনের ক্রিয়াকলাপসমূহের (অভ্যন্তরীণ বা বাহ্যিক প্রক্রিয়ায় উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখা) বর্জ্যের উপাত্তের জন্য এবং উপাত্ত সংগ্রহ ও অনুসরণ করার প্রক্রিয়াসমূহের জন্যও পরিভাষিত এবং সম্পাদিত হওয়া উচিত।

উপরিউক্ত নীতিগুলি গ্রিনহাউস গ্যাস প্রোটোকল - অধ্যায় ১ঃ জিএইচজি অ্যাকাউন্টিং এবং রিপোর্টিং প্রিন্সিপল্‌স (জিএইচজি হিসাবরক্ষণ এবং প্রতিবেদনের মূলনীতিসমূহ) থেকে অভিযোজিত।

বর্জ্য - স্তর ১

১। আপনার কারখানা বিপদহীন বর্জ্য প্রবাহের কোনগুলো উৎপাদন করে? যেগুলো প্রযোজ্য তার সবগুলোই বাছুনঃ

- উপকরণ
- ধাতু
- প্লাস্টিক
- কাগজ
- ক্যান
- খাদ্য
- কাচ
- কার্টন
- বর্জ্যপানি শোধনের কাদা (বিপদহীন)
- অন্যান্য (দয়া করে উল্লেখ করুন)
- সমস্ত ঘরোয়া বর্জ্য একত্রিত

আপলোডের জন্য সুপারিশ: বর্জ্যের ইস্তাহার

আপনি কি আপনার বিপজ্জনক নয় এমন বর্জ্য প্রবাহগুলি অনুসরণ করেন?

অন্তর্ভুক্ত রয়েছে বিপদহীন উৎপাদনজাত বর্জ্য এবং ঘরোয়া বর্জ্য

যদি আপনি আপনার ফেসিলিটিতে উৎপাদিত সমস্ত বর্জ্য প্রবাহকে, প্রতিটি প্রবাহের পরিমাণকে এবং প্রতিটি বর্জ্য প্রবাহের নিষ্কাশন পদ্ধতিকে সম্পূর্ণভাবে অনুসরণ করে থাকেন তাহলে আপনি **পুরো পয়েন্ট** পাবেন।

আপনি যদি আপনার বর্জ্য প্রবাহসমূহের অন্তত একটিকে সম্পূর্ণরূপে ট্র্যাক করে থাকেন, কিন্তু এখনও আপনার সবগুলো উৎস অথবা প্রতিটি বর্জ্য প্রবাহের নিষ্কাশন প্রবাহকে অনুসরণ না করে থাকেন তাহলে আপনি **আংশিক পয়েন্ট** পাবেন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এর উদ্দেশ্য হলো আপনার কারখানায় সমস্ত বিপদহীন বর্জ্যের প্রকৃতি সম্পর্কেও সচেতনতা গড়ে তোলা (উৎপাদনজাত এবং ঘরোয়া বর্জ্য উভয় সম্পর্কেই) এবং প্রতিটি বর্জ্যের প্রকৃতির মাধ্যমে উৎপাদিত হওয়া আয়তনকে ট্র্যাক করা। কীভাবে বর্জ্য হ্রাস করবেন ও অন্যদিকে ব্যবহার করবেন সে সম্পর্কে কৌশলগত

সিদ্ধান্ত নেয়ার আগে আপনাকে অবশ্যই আপনার বর্জ্যের উৎস সম্পর্কে জানতে হবে। আপনার বর্তমান বর্জ্য নিয়ন্ত্রণের অভ্যাসকে বুঝতে পারা এবং আপনি সর্বাধিক উৎপাদন করেন যেসব বর্জ্যের উৎসকে তাদের উন্নত করে তোলাকে প্রাধান্য দেয়াটা জরুরি। এটি করার মাধ্যমে আপনি বর্জ্য হ্রাস এবং অন্যভাবে ব্যবহারের জন্য আরো কার্যকরী বিকল্প খুঁজে পেতে পারেন।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্যের একটি ইনভেন্টরি গড়ে তোলা বর্জ্য ব্যবস্থাপনার প্রথম ধাপ বলে গণ্য করা হয়। আপনার বর্জ্য অনুসরণ এবং রিপোর্টিং কর্মসূচী প্রতিষ্ঠা করার সময়, নিচের কাজগুলি দিয়ে শুরু করুন, যা বিপদহীন বর্জ্যের ক্ষেত্রে প্রযোজ্য যেটি এই প্রব্লের আওতাধীন এবং বিপজ্জনক বর্জ্য অনুসরণ যা ২ নম্বর প্রব্লের আওতাধীনঃ

- ব্যবসা এবং কর্মসম্পাদনমূলক প্রক্রিয়াগুলিকে চিত্রায়িত করে নিন যাতে বর্জ্য কোথায় উৎপাদিত হচ্ছে এবং সমস্ত ধরনের বর্জ্য যা উৎপাদিত হচ্ছে তা চিহ্নিত করা যায়।
- বর্জ্য সংক্রান্ত উপাত্ত সংগ্রহ এবং অনুসরণ করার জন্য প্রক্রিয়াগুলিকে প্রতিষ্ঠা করাঃ
 - সাইটে স্কেল, বর্জ্য ইনভয়েস/ম্যানিফেস্ট, বিক্রি হওয়া বর্জ্য উপকরণের রসিদ, ইত্যাদি উৎপাদিত বর্জ্যের পরিমাণ নির্ধারণের জন্য ব্যবহার করুন।
 - যদি অনুমান-প্রযুক্তি ব্যবহার করা হয়, গণনার প্রণালী যাচাইযোগ্য উপাত্ত দ্বারা স্পষ্টভাবে পরিভাষিত এবং সমর্থনপ্রাপ্ত হতে হবে (নিচে উদাহরণ দেখুন)
- অনুসরণ সংক্রান্ত উপাত্ত (যেমন, প্রাত্যহিক, সাপ্তাহিক, মাসিক বর্জ্যের পরিমাণ) এমন একটি বিন্যাসে রেকর্ড করা যা পর্যালোচনা করা সহজ হয় [যেমন, স্প্রেডশীট (যেমন, মাইক্রোসফট এক্সেল) অথবা অনুরূপ উপাত্ত বিশ্লেষক কার্যক্রম যা মানুষের পঠনযোগ্য বিন্যাসে উপাত্তকে রপ্তানি করা (যেমন, এক্সেল, সিএসভি)] এবং যাচাই চলাকালীন পর্যালোচনার জন্য প্রাসঙ্গিক পরিপোষক প্রমাণকে রক্ষণাবেক্ষণ করা অনুমোদন করে।

হিগ্‌ এফইএম-এ বর্জ্য সংক্রান্ত উপাত্ত রিপোর্ট করাঃ

এফইএম-এ বর্জ্যের উপাত্ত রিপোর্ট করার আগে, উপাত্তের গুণগত মান খুঁটিয়ে দেখার বিষয়টি সম্পন্ন হওয়া উচিত এটি নিশ্চিত করার জন্য যে উপাত্ত এবং তা সংগ্রহ ও রেকর্ড করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া নিখুঁত উপাত্ত উৎপাদনের ক্ষেত্রে কার্যকরী।

করবেনঃ

- ✓ উৎসের উপাত্ত পর্যালোচনা করা (যেমন, ওজনের রেকর্ড, ইনভয়েস / ম্যানিফেস্ট, ইত্যাদি) সম্পূর্ণ মোট-এর প্রেক্ষিতে মিলিয়ে নেয়া নিশ্চিত করার জন্য যে এটি নিখুঁত।

- ✓ ঐতিহাসিক উপাত্তের সাথে বর্তমান বছরটিকে তুলনা করা। যেকোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন (যেমন, ১০%-এর উপর বৃদ্ধি বা হ্রাস) পরিচিত পরিবর্তনগুলিতেই আরোপযোগ্য হওয়া উচিত। যদি না হয়, ন্যায্যতা প্রতিপন্ন করার জন্য অতিরিক্ত তদন্ত হতে পারে।
- ✓ নিশ্চিত করা যে উপাত্ত অনুসরণ করার জন্য সাম্প্রতিকতম এবং হালনাগাদ করা স্প্রেডশীট ব্যবহার করা হচ্ছে এবং সমস্তরকম স্বয়ংক্রিয় গণনা/ফর্মুলা সঠিক রয়েছে।
- ✓ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা।
- ✓ নির্ভুল থাকা সুনিশ্চিত করার জন্য যেকোনো আনুমানিক অথবা অনুমান সংক্রান্ত প্রণালী-বিদ্যা/গণনাসমূহকে পর্যালোচনা করা
- ✓ নির্দিষ্ট বর্জ্য কিভাবে ফেলা হয়েছে তা যাচাই করা এবং ফেলার পদ্ধতিটিকে রিপোর্ট করা (যেমন, জমিভরাট, রিসাইক্ল করা, পোড়ানো)
- ✓ নিশ্চিত করা যে বর্জ্যের ভেড়রদের প্রতিটি ধরনের বর্জ্য নাড়াচাড়া করার জন্য যথাযথ লাইসেন্স আছে।
- ✓ "এই উৎসের জন্য আপনার বর্জ্য ব্যবস্থাপনা এবং ফেলার প্রক্রিয়াসমূহের বিবরণ দিন" ফিল্ডে নোট যোগ করুন বিবরণ দেয়ার জন্য যে কীভাবে বর্জ্যের ব্যবস্থাপনা করা হয় এবং যেকোনো উপাত্তের অনুমান, হিসেবের প্রণালী, অথবা কোনো নির্দিষ্ট উৎসের জন্য উপাত্তের বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক মন্তব্য।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উপাত্ত রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং যুক্তিযুক্ত নিখুঁত হিসেবের প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয়।

এই প্রশ্নটির উত্তর কীভাবে দিতে হবে তা বোঝার জন্য নিম্নলিখিত শব্দকোষ আপনাকে সাহায্য করবেঃ

- **বর্জ্যের সমস্ত প্রবাহ** বলতে বোঝায় ফেসিলিটির চত্বরে (অন-সাইট) উৎপন্ন সমস্ত বর্জ্য যার অন্তর্ভুক্ত হলো উৎপাদিত পণ্য, অফিসের ব্যবহার, ক্যান্টিন, ডর্মিটরি, দোকানসমূহে কর্মীদের দ্বারা উৎপন্ন বর্জ্য, এবং সেবা প্রদানের জন্য প্রাঙ্গণে আসা ঠিকাদারদের দ্বারা উৎপাদিত সমস্ত বর্জ্য।
- **চূড়ান্ত নিষ্কাশন (ভিজপোজাল)** বলতে বোঝায় আপনার বর্জ্য ব্যবস্থাপনা বা সরানোর জন্য প্রয়োজনীয় চূড়ান্ত পদক্ষেপ। যদি একজন ঠিকাদার আপনার বর্জ্য সংগ্রহ করে অন্য কোনো সংস্থাকে তা বিক্রয় করে, তাহলে চূড়ান্ত নিষ্কাশনক্ষেত্র হবে সেই সংস্থাটি যে রিসাইক্ল, পোড়ানো, পরিশোধনের মাধ্যমে (পদার্থগত বা রাসায়নিক পরিশোধন), অথবা জমিভরাটের জন্য আপনার বর্জ্যকে শেষবার ব্যবহার করছে। বর্জ্য সংগ্রহের এলাকাটিকে অথবা বর্জ্য-ঠিকাদারের অঞ্চলটি পরিদর্শন করার মাধ্যমে এবং বাছাবাছির বিষয়টির ব্যবস্থাপনা যথাযথ তা নিশ্চিত করার মাধ্যমে এটি কারখানাতে নিয়ন্ত্রণ করা যায়

- **বিপদহীন বর্জ্য:** দয়া করে এই বিভাগের একদম ওপরে বর্জ্য পরিচিতিতে গিয়ে তালিকাভুক্ত সংজ্ঞা দেখুন।
- **বিপজ্জনক বর্জ্য:** দয়া করে এই বিভাগের একদম ওপরে বর্জ্য পরিচিতিতে গিয়ে তালিকাভুক্ত সংজ্ঞা দেখুন। বিপজ্জনক বর্জ্যকে সনাক্ত করার জন্য, আপনি সেটির বৈশিষ্ট্য, পরিবেশগত প্রভাব, ব্যবহারবিধি, ক্ষয়কারিতা, দাহ্যতা এবং তেজস্ক্রিয়তা খুঁটিয়ে দেখতে পারেন, যদি সেটি বিপজ্জনক বর্জ্যের অন্তর্ভুক্ত না হয়, তবে তা বিপদহীন বর্জ্যের অন্তর্ভুক্ত হবে।
- **পুনর্ব্যবহার:** যেসব উপকরণ কোনো কর্মকাণ্ড বা প্রয়োগক্ষেত্রে নতুন কোনো বাণিজ্যিক পণ্যের জন্য বিকল্প হিসেবে ব্যবহার হয়। সাধারণত, এই উপাদানকে একই কারণে বহুবার ব্যবহৃত হওয়ার মতো করে বানানো হয়েছে। এর অন্তর্ভুক্ত হতে পারে উপকরণ/উপাদান খুঁটিয়ে দেখা, পরিষ্কার করা অথবা সারিয়ে তোলা, যাতে আসল বা অন্যান্য লক্ষ্যের জন্যও আরো কোনো পূর্ব-প্রক্রিয়া ছাড়াই এগুলোকে পুনর্ব্যবহার করা যায়। উদাহরণ স্বরূপঃ
 - রাসায়নিক সরবরাহকারী রাসায়নিকের পাত্রটি একই রাসায়নিক দিয়ে পুনর্ব্যবহার ভর্তি করার জন্য পুনর্ব্যবহার করতে পারেন (বাহ্যিক পুনর্ব্যবহার)।
 - অন্য কোনো কারখানাতে কাপড়ের ফেলে দেয়া অংশ ব্যবহার হতে পারে (বাহ্যিক পুনর্ব্যবহার)।
 - রিচার্জ করা যায় এমন ব্যাটারি বহুবার ব্যবহার করা যায় (অভ্যন্তরীণ পুনর্ব্যবহার)। কার্টের প্যালেট বা কার্ডবোর্ড কারখানার ভিতরে জিনিসপত্র ধরার জন্য পুনর্ব্যবহার হতে পারে (অভ্যন্তরীণ পুনর্ব্যবহার)।
- **রিসাইক্ল করা:** খুঁজে বার করা উপকরণ থেকে পুনর্প্রক্রিয়াকরণের মাধ্যমে একটি চূড়ান্ত পণ্য অথবা কোনো পণ্যের একটি উপাদানে পরিণত করা উপকরণসমূহ। শক্তি পুনরুদ্ধার এবং পুনর্প্রক্রিয়াকরণের মাধ্যমে জ্বালানি হিসেবে ব্যবহৃত হওয়ার মতো কোনো পদার্থে পরিণত করা অথবা ব্যাকফিলিং সম্পাদনের জন্য ব্যবহৃত হতে পারে এর অন্তর্ভুক্ত নয়।

রিসাইক্ল করা এবং পুনর্ব্যবহার করা বস্তুর মধ্যে পার্থক্যঃ

- **রিসাইক্ল করা উপকরণ** প্রক্রিয়াকরণ, অথবা পদার্থগতভাবে পালটে যাওয়ার প্রক্রিয়ার মধ্যে দিয়ে যায়, যাতে তাকে অন্য একটি উপাদান অথবা পণ্যে পরিণত করা যায়।
- **পুনর্ব্যবহৃত উপকরণ** তার বর্তমান রূপেই, বহুবার, সাধারণত একই উদ্দেশ্যে ব্যবহার হয়। উদাহরণ স্বরূপঃ
 - প্লাস্টিক রিসাইক্লিং হলো স্ক্র্যাপ বা বর্জ্য প্লাস্টিক পুনরুদ্ধার এবং দরকারি পণ্যে, কখনও কখনও তাদের প্রকৃত রূপের তুলনায় সম্পূর্ণ আলাদা কোনকিছুতে পুনর্প্রক্রিয়াজাত করার প্রক্রিয়া। উদাহরণ স্বরূপ, এর অর্থ হতে পারে সফট ড্রিন্কেস বোতলকে গলিয়ে প্লাস্টিক টেবিল এবং চেয়ারের চেহারা দেয়া।
 - খেলার জায়গা বা ট্র্যাফিক কোণের জন্য ব্যবহৃত প্লাস্টিক

- আসবাবপত্র, ম্যাট্রেস, কস্মল, খেলনা প্রভৃতির জন্য ব্যবহৃত প্যাডিং/স্টাফিং-এর জন্য ফ্যাব্রিক স্ক্র্যাপকে পুনর্প্রক্রিয়াজাত করা হয়
- **শক্তি পুনরুদ্ধার সহ ভস্মীকরণ:** বর্জ্য ভস্মে পরিণত করার মাধ্যমে বিদ্যুৎ অথবা তাপ হিসেবে শক্তি উৎপাদন করার প্রক্রিয়া। তাপীয় প্রযুক্তির অন্তর্ভুক্ত হলো ভস্মীকরণ, গ্যাস প্লাজমা, পাইরোলাইসিস অথবা 150 °C-এর বেশি তাপোৎপাদনকারী যে কোনো প্রক্রিয়া (দয়া করে UL2799 মানদণ্ডটি দেখুন: https://standardscatalog.ul.com/standards/en/standard_2799_3). এই পরিচালনাটি কেবলমাত্র সরকারের কোনো অনুমোদিত এবং অনুমোদন-প্রাপ্ত দহনাগার অথবা অনুমোদন-প্রাপ্ত দহনাগারেই স্বীকৃত।
- **জৈবিক পরিশোধন:** সাধারণত খাদ্যের বর্জ্য নিষ্কাশনের জন্যই ব্যবহৃত হয়। পরিচিত শোধনপদ্ধতিগুলো হলো অ্যানারোবিক ডাইজেশন, জৈব-জ্বালানি এবং সার। **অ্যানারোবিক ডাইজেশন** একটি জৈবিক প্রক্রিয়া যেখানে ব্যাকটেরিয়া অক্সিজেনের অনুপস্থিতিতে জৈব বস্তুকে পচিয়ে দেয়। ব্যাকটেরিয়াটি জৈব গ্যাস উৎপাদন করে যা শক্তি উৎপাদনে ব্যবহার হতে পারে। নিয়ন্ত্রিত অ্যানারোবিক ডাইজেশনের পরে বাকি থেকে যাওয়া তরল কম দুর্গন্ধযুক্ত এবং বেশি পুষ্টিকর। **জৈব জ্বালানি** জৈবিক উপকরণসমূহ থেকে বার করা হয় এবং বিকল্প জ্বালানি হিসেবে অথবা যানবাহনের থেকে নির্গমন হ্রাস করার ক্ষেত্রে যোজনীয় হিসেবে ব্যবহার করা যায়। **জৈবসার প্রস্তুত করা** হলো জৈব বর্জ্যকে অক্সিজেনের উপস্থিতিতে বিভিন্ন জীবাণু দ্বারা ভেঙে একটি উপযোগী পদার্থে পরিণত করার জৈবিক প্রক্রিয়া। মিশ্র সারের অন্তর্ভুক্ত হলো জৈব বর্জ্যকে শিল্পক্ষেত্রগত এবং প্রস্তুত পণ্য যেমন সার, ট্যালো এবং শিল্পকেন্দ্রিক রসায়নে রূপান্তর করা।
- **ভস্মীকরণ:** উপকরণসমূহকে সংগ্রহ করা হয় এবং স্থানীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে ভস্মীকরণ প্রক্রিয়ার মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়।
- **জমিভরাট:** উপকরণসমূহকে সংগ্রহ করা হয় এবং স্থানীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জমিভরাট প্রক্রিয়ার মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়।
- **আপসাইক্ল:** উপজাত দ্রব্যগুলি, বর্জ্য উপকরণসমূহ, অদরকারী এবং/অথবা অবাস্তিত পণ্যসমূহকে উন্নত মানের অথবা উন্নত পরিবেশগত মূল্যের নতুন উপাদান বা পণ্যে রূপান্তর করার প্রক্রিয়াকে আপসাইক্লিং বলে। পুরনো পোশাক এবং কাপড়কে রিসাইক্ল করে নতুন পোশাক প্রস্তুত করা, ব্যবহৃত প্লাস্টিকের বোতল থেকে কাপড় তৈরি করা, এবং বয়লার রুমের কয়লার ছাইকে আপসাইক্ল করে ইট তৈরি করা আপসাইক্লিংয়ের কিছু উদাহরণ। বর্জ্যকে আপসাইক্লিং করার জন্য ক্রিয়াশীল সমাধান খুঁজতে উপকরণ সরবরাহকারী, ক্রেতা এবং বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদারদের মধ্যে একটি কারখানা সংযোগ তৈরি করতে পারে
- বাধ্যতামূলক বর্জ্য উপকরণকে বিপদহীন বর্জ্যের প্রবাহে অন্তর্ভুক্ত করা উচিত নয়, যেহেতু এইধরনের বর্জ্য "সাধারণ ব্যবসা" সংক্রান্ত পরিস্থিতি থেকে উদ্ভূত নয়, যেমন:
 - মেডিক্যাল বর্জ্য
 - পলিক্লোরিনেটেড বাইফিনাইল (পিসিবি)
 - সীসায়ুক্ত রঙ
 - অ্যাসবেস্টস

- স্থানীয় প্রবিধানে বাধ্যতামূলক অন্যান্য বর্জ্য
- গুরুত্বপূর্ণ নির্মাণ এবং ভাঙার প্রকল্পের বর্জ্য (সি অ্যান্ড ডি বর্জ্য)
- প্রাকৃতিক বিপর্যয় যেমন বন্যা, ঝড়, সামুদ্রিক ঝড় ইত্যাদির কারণে তৈরি হওয়া বর্জ্য।

বিপদহীন বর্জ্য পদার্থের পরিমাণের গণনা-সংক্রান্ত গৃহীত অনুমান: কিছু ক্ষেত্রে, বর্জ্য পরিমাণের গণনার জন্য অনুমান প্রয়োজন হয়। হিসেবের জন্য একটি ডকুমেন্টেড প্রণালী প্রয়োজন যার অন্তর্ভুক্ত হলো:

- গণনা এবং প্রণালীসমূহ
- যে তারিখে আপনি আনুমানিক গণনা করেছিলেন
- গণনা এবং প্রণালীসমূহের হালনাগাদের হার

উদাহরণঃ আপনার কারখানা বর্জ্য উৎপাদন করে যা পিপেতে ভর্তি হয়ে গেলে সিল্ করে দেয়া হয় এবং সাপ্তাহিক ভিত্তিতে ডিজপোজালের জন্য পাঠিয়ে দেয়া হয়। প্রত্যেকটি পিপে ওজন করা সম্ভব নাও হতে পারে। সুতরাং, প্রতিনিধিস্থানীয় কয়েকটি পিপেকে ওজন করে এবং তারপর সেই গড় ওজনকে প্রতি সপ্তাহে বা মাসে ফেলে দেয়া পিপের মোট সংখ্যা দিয়ে গুন করে একটি ভর্তি পিপের গড় ওজন নির্ধারণ করা যেতে পারে, যেমনভাবে নিচে দেখানো হয়েছেঃ

- একটি পিপের গড় ওজন = ২৫ কেজি (ভিন্ন দিন, মাস, উৎপাদনের পরিস্থিতির ভিত্তিতে, ইত্যাদি।)
- ১ মাসে ফেলে দেয়া পিপের সংখ্যা = ৬৫
- এই উৎসের জন্য ১ মাসে মোট বর্জ্য = ১,৬২৫ কেজি (২৫ কেজি x ৬৫ পিপে)

$$\frac{\text{Calculated average mass of one barrel's waste} \times \text{Number of barrels per week}}{\text{Total mass of waste in barrels per week}}$$

টীকা: উপরোক্ত পদ্ধতিটি যেকোনো প্রকারের বর্জ্যের জন্য ব্যবহার করা যেতে পারে (যেমন উৎপাদন সংক্রান্ত অথবা ঘরোয়া বর্জ্য)। হিসেবের প্রণালী এবং গণনা ডকুমেন্টেড হওয়া উচিত এবং প্রতি বর্জ্যের প্রকারের ক্ষেত্রে প্রযোজ্য হওয়া উচিত।

খাদ্য বর্জ্য অথবা শৌচ বর্জ্যের পদ্ধতিঃ

যেকোনো একটি বালতি বা ব্যাগ মাসে ৩ বার ওজন করবেন এবং বালতি বা ব্যাগ পিছু গড় ওজন গণনা করবেন। তারপরে মাসের শেষে বালতির বা ব্যাগের সংখ্যা অনুযায়ী সমগ্র ওজনটি একত্রিত করুন। **দয়া করে খেয়াল করবেন** যে প্রতিটি বালতি বা ব্যাগের জন্য বর্জ্যের আয়তন সাধারণ উৎপাদিত বর্জ্যের পরিমাণের প্রতিনিধিত্বমূলক হওয়া উচিত।

টীকা: যদি কোনো অনুমান কৌশল ব্যবহার করা হয়, সেটিকে সম্পূর্ণরূপে নথিভুক্ত করতে হবে, সামঞ্জস্যপূর্ণভাবে প্রয়োগ করতে হবে এবং তা প্রাসঙ্গিক উপাত্ত থেকে প্রাপ্ত যুক্তিসঙ্গত অনুমানের কারণসমূহের উপর নির্ভরশীল হতে হবে (যেমন, বর্জ্যের প্রতিনিধিত্বমূলক একটি নমুনার প্রকৃত ওজন)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি কারখানার বর্জ্য সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদেরকে অবশ্যই কারখানার বর্জ্য অনুসরণ করার কার্যক্রমের সমস্ত পরিপ্রেক্ষিতগুলিকে পর্যালোচনা করতে হবে যা থেকে ত্রুটি হতে পারে যার অন্তর্ভুক্ত হল:

- প্রাথমিক উপাত্ত সংগ্রহের প্রক্রিয়াসমূহ এবং উপাত্তের উৎসগুলো (যেমন, ওজনের রেকর্ড, ম্যানিফেস্ট/ইনভয়েস/রসিদ, ইত্যাদি);
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তর, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- আবশ্যিক নথিপত্র:
 - কারখানায় উৎপাদিত সমস্ত বিপদহীন বর্জ্য পদার্থের তালিকা দিন
 - উৎপাদনগত বর্জ্য
 - মোড়কজাত বর্জ্য
 - ঘরোয়া বর্জ্য
 - সমস্ত ধরনের বিপদহীন বর্জ্যের পরিমাণ এবং ডিজপোজালের ধরন - উভয়ই অনুসরণ করার রেকর্ড (যার অন্তর্ভুক্ত হলো ডিজপোজালের গন্তব্য) (যেমন, বর্জ্য ঠিকাদারদের থেকে ইনভয়েস, স্প্রেডশীট, (যেমন এক্সেল) জড়ো করা ওজনের রেকর্ড ততক্ষণই ঠিক আছে যতক্ষণ পর্যালোচনার জন্য পরিপোষক প্রমাণও পাওয়া যায়)। রেকর্ডের সাথে রিপোর্ট করা সমস্ত প্রশ্নের সব উত্তরগুলিকে অবশ্যই মিলে যেতে হবে।
 - সমস্ত বিপদহীন বর্জ্যের পরিমাণ অনুসরণ করা এবং পরিমাপ করার পদ্ধতি
 - যেখানে প্রযোজ্য সেখানে মিটার ক্রমাঙ্কনের রেকর্ডসমূহ (যেমন, নির্মাতার বিবরণী অনুযায়ী)
 - যেখানে প্রযোজ্য অনুমানের প্রণালীকে নথিভুক্ত করা
 - কারখানার সমস্ত বিপদহীন বর্জ্যের উৎসগুলিকে সম্পূর্ণভাবে অনুসরণ করা হয়। এর অর্থ হলো যে স্তর ১-এর টেবিলে তালিকাভুক্ত সমস্ত উৎসগুলি সম্পর্কে সমস্ত কলামে সম্পূর্ণ উত্তর রয়েছে যা সঠিক।

- সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:

- সমস্ত বিপদহীন বর্জ্যের প্রধান উৎসগুলোর বিবরণ কর্তৃপক্ষ দিতে পারবেন এবং সেগুলোকে কী করা হয়েছে বলতে পারবেন (কোথায় ফেলা হয়েছে)
- প্রধান কর্মচারীরা অবহিত আছেন যে:
 - বিপদহীন বর্জ্যকে অনুসরণ করার জন্য সক্রিয় প্রক্রিয়াগুলো, যার অন্তর্ভুক্ত হলো বর্জ্য সংগ্রহের প্রক্রিয়াকে অনুসরণ করা, পরিমাণ ব্যবস্থাপনা এবং নিষ্কাশনের ধরন
 - বর্জ্য সংক্রান্ত উপাত্ত অনুসরণ কার্যক্রম এবং উপাত্তের গুণগত মান কীভাবে বজায় রাখা হয়
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

২। আপনার সাইট কোন বিপজ্জনক বর্জ্য প্রবাহগুলিকে উৎপাদন করে? যেগুলো প্রযোজ্য তার সবগুলোই বাছুনঃ

উৎপাদনগত বর্জ্যঃ

- রাসায়নিক ড্রাম এবং কন্টেনারগুলো খালি করুন
- ফিল্ম এবং প্রিন্টিং ফ্রেম
- বর্জ্যপানি শোধনের কাঁচা (বিপজ্জনক)
- শেষ হয়ে যাওয়া / অব্যবহৃত / ব্যবহৃত রাসায়নিক (বর্জ্য তেল, দ্রাবক, রিঅ্যাক্টিভ, ইত্যাদি...)
- সংকুচিত গ্যাস সিলিণ্ডার (রেফ্রিজারেটসমূহ, ইত্যাদি)
- দূষিত বস্তু (দয়া করে নির্দিষ্টভাবে বলুন)
- অন্যান্য (দয়া করে উল্লেখ করুন)
- *কঠিন পণ্যের ফেসিলিটির জন্য নতুন পথনির্দেশনা:* প্রবেশ করান (যেমন, ধাতুর কাঁচা, বর্জ্য তেল এবং চর্বি (ক্রিয়াকলাপ এবং উৎপাদনজনিত), কুল্যান্টের ডিসপোজাল, ইত্যাদি।)

ঘরোয়া বর্জ্যঃ

- ব্যাটারি
- ফ্লুরোসেন্ট লাইট বাল্ব
- কালির কার্ভিজ
- (রান্না থেকে বেরনো) বর্জ্য তেল এবং গ্রিজ
- খালি কন্টেনার (ক্লিনিং, স্যানিটাইজিং, কীটনাশক, ইত্যাদি...)
- বৈদ্যুতিন বর্জ্য
- কয়লা দহনের অবশিষ্টাংশ (উড়ন্ত ছাই এবং নিচে পড়ে থাকা ছাই/কয়লার গুঁড়ো)
- বর্জ্যপানি পরিশোধনজাত কাঁচা (ঘরবাড়িতে)
- অন্যান্য (দয়া করে উল্লেখ করুন)

আপলোডের জন্য সুপারিশ: বিপজ্জনক বর্জ্যের জন্য ইস্তাহার এবং/অথবা বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় অনুমতিপত্রের প্রতিলিপি

আপনি কি আপনার বিপজ্জনক বর্জ্য প্রবাহগুলি ট্র্যাক করেন?

যদি আপনি বিপজ্জনক বর্জ্যের সমস্ত উৎসগুলোকে সম্পূর্ণভাবে অনুসরণ করে থাকেন এবং বিপজ্জনক বর্জ্যগুলিকে একজন লাইসেন্সপ্রাপ্ত এবং অনুমোদিত বিপজ্জনক বর্জ্য ঠিকাদারের মাধ্যমে বিনষ্ট করার ব্যবস্থা করে থাকেন তাহলে আপনি **পুরো নম্বর** পাবেন। দয়া করে ড্রাম এবং পিপেগুলোর রিপোর্টিং সম্পর্কে তথ্যের জন্য নিচের নির্দেশনা দেখুন।

যদি আপনি আপনার বিপজ্জনক বর্জ্যের উৎসগুলোর মধ্যে অন্তত একটিকে সম্পূর্ণভাবে অনুসরণ করেন, কিন্তু এখনও সবগুলো উৎসকে অনুসরণ না করে থাকেন তাহলে আপনি **আংশিক পয়েন্ট** পাবেন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

সকল **বিপজ্জনক** বর্জ্যের প্রকার যা ফেসিলিটিতে উৎপাদিত হয় সেগুলো সম্পর্কে জানা এবং উৎপাদিত প্রত্যেক ধরনের বর্জ্যের পরিমাণ এবং সেটির নিষ্পত্তির পদ্ধতিকে অনুসরণ করাই হলো উদ্দেশ্য। কীভাবে বর্জ্য ব্যবস্থাপনা হ্রাস করবেন, অন্যদিকে ব্যবহার করবেন অথবা উন্নত করবেন সে সম্পর্কে কৌশলগত সিদ্ধান্ত নেয়ার আগে আপনাকে অবশ্যই আপনার বর্জ্যের উৎসসমূহ সম্পর্কে জানতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

এর বিপজ্জনক প্রকৃতির কারণে, সমস্ত বিপজ্জনক বর্জ্যকে অবশ্যই অনুসরণ করতে হবে এবং স্থানীয় আইন এবং প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। আপনার বিপজ্জনক বর্জ্যকে চিহ্নিত করার জন্য, প্রত্যেকটি দেশের নিজস্ব ন্যাশনাল হাজার্ডার্ড ওয়েস্ট ইনভেন্টরি এবং ন্যাশনাল হাজার্ডার্ড আইডেন্টিফিকেশন স্ট্যান্ডার্ড রয়েছে। দয়া করে এই মানদণ্ড এবং তালিকা অনুসরণ করুন।

টীকা: উপাত্ত অনুসরণ এবং রিপোর্ট করার নীতিসমূহ এবং নির্দেশনা যা বিপদহীন বর্জ্য সংক্রান্ত প্রশ্ন 1-এর কারিগরী নির্দেশনায় দেয়া আছে সেগুলো বিপজ্জনক বর্জ্যের অনুসরণ এবং রিপোর্টিঙেও প্রযোজ্য হওয়া উচিত।

বিপজ্জনক বর্জ্য পরিবেশ এবং জনস্বাস্থ্যের জন্য বিপদহীন বর্জ্যের তুলনায় অধিক ক্ষতির কারণ, এবং সেই কারণে প্রয়োজন কঠোরতর *ব্যবস্থাপনা প্রক্রিয়া*। কীভাবে বর্জ্য ব্যবস্থাপনা হ্রাস করবেন, অন্যদিকে ব্যবহার করবেন অথবা উন্নত করবেন সে সম্পর্কে কৌশলগত সিদ্ধান্ত নেয়ার আগে আপনাকে অবশ্যই আপনার বর্জ্যের উৎসসমূহ সম্পর্কে জানতে হবে। আপনার উৎপাদিত সর্বাধিক বর্জ্যের উৎসগুলোর উন্নতিবিধান করাকে প্রাধান্য দেয়া গুরুত্বপূর্ণ।

বিপজ্জনক বর্জ্য সংক্রান্ত স্থানীয় আইন এবং প্রবিধানের সাথে সঙ্গতি রক্ষার জন্য প্রত্যেকটি বর্জ্য প্রবাহের কীভাবে নিষ্পত্তি হচ্ছে এবং নিষ্পত্তি হওয়ার পদ্ধতিগুলোকে উন্নত করার সুযোগকে চিহ্নিত করার বিষয়গুলো (যেমন, হ্রাস, রিসাইক্ল এবং শক্তি পুনরুদ্ধারের ব্যবস্থা সহ ভস্মীকরণ) নির্দিষ্ট করে জানানো গুরুত্বপূর্ণ।

অনুমোদিত অভিপ্রেত ফেসিলিটিতে বিপজ্জনক বর্জ্য যথাযথভাবে নাড়াচাড়া করা হচ্ছে এবং পরিশোধিত / নিষ্পত্তি করা হচ্ছে তা নিয়মিতভাবে খুঁটিয়ে দেখার বিষয়টি আপনার কারখানাকে সুপারিশ করা হয়।

মেশিন পরিষ্কারের কাজে ব্যবহৃত সূতী বা নাইলনের টুকরো দূষিত পদার্থের একটি উদাহরণ। হাইড্রলিক তেল বা লুব্রিক্যান্ট তেল অথবা কালি বা রাসায়নিক দ্বারা কাপড়টি দূষিত হয়েছে এবং বিপজ্জনক বর্জ্য হিসেবে সেটি শ্রেণীভুক্ত হতে পারে।

টীকা: বিপজ্জনক ও বিপদহীন বর্জ্যের ক্ষেত্রে একটি দেশের আইনানুগ শ্রেণীবিন্যাস অন্য দেশের তুলনায় পৃথক হতে পারে যার ফলে কোন ধরনের 'বর্জ্য'কে বিপজ্জনক বলে পরিভাষিত করা হবে তার শ্রেণীবিভাজন পৃথক হতে পারে। বর্জ্য সংক্রান্ত আইনি বাধ্যবাধকতা কারখানার অনুসরণ করা উচিত। যদি আইনানুগ আবশ্যিকতাগুলোকে পাওয়া না যায়, সেক্ষেত্রে আরো কঠোর শিল্প-সংক্রান্ত মূলনীতিগুলোকে অনুসরণ করুন।

ড্রাম/পিপে বিষয়ে টীকা: যদি আপনি খালি ড্রাম ফেলে দিয়ে থাকেন, দয়া করে কিলোগ্রাম বা মেট্রিক টনে সমস্ত ড্রামের মোট ওজন লিখুন। উদাহরণ স্বরূপ, যদি আপনি ২৫টি খালি স্টীলের ড্রাম ফেলে থাকেন যার প্রত্যেকটির ওজন ২০ কেজি, দয়া করে "খালি কন্টেনার" বাছুন এবং ৫০০ কিলোগ্রাম (২৫টি ড্রাম x ২০ কেজি = ৫০০ কেজি মোট) লিখুন।

যদি আপনি ভর্তি ড্রাম ফেলে দেন যার ভিতরে তরল বর্জ্য ছিল, দয়া করে ড্রামের আয়তন (কিউবিক ফিট, কিউবিক ইয়ার্ড, গ্যালন, মিটার) অথবা সমগ্র ওজনটি (কেজি অথবা মেট্রিক টন) লিখুন।

এটা কীভাবে যাচাই করা যাবে:

একটি কারখানার বর্জ্য সংক্রান্ত উপাত্ত যাচাই করার সময়, যাচাইকারীদেরকে অবশ্যই কারখানার বর্জ্য অনুসরণ করার কার্যক্রমের সমস্ত পরিপ্রেক্ষিতগুলিকে পর্যালোচনা করতে হবে যা থেকে ত্রুটি হতে পারে যার অন্তর্ভুক্ত হল:

- প্রাথমিক উপাত্ত সংগ্রহের প্রক্রিয়াসমূহ এবং উপাত্তের উৎসগুলো (যেমন, ওজনের রেকর্ড, ম্যানিফেস্ট/ইনভয়েস/রসিদ, ইত্যাদি);
- উপাত্ত জড়ো করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া এবং উপাদানগুলি (যেমন স্প্রেডশীট গণনা, ইউনিট রূপান্তর, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

● আবশ্যিক নথিপত্র:

- কারখানায় উৎপাদিত সমস্ত বিপজ্জনক বর্জ্যের তালিকা দিন
 - উৎপাদনগত বর্জ্য
 - মোড়কজাত বর্জ্য (যেমন, রাসায়নিক ড্রাম এবং কন্টেনার)
 - ঘরোয়া বর্জ্য
- সমস্ত ধরনের বিপদহীন বর্জ্যের পরিমাণ এবং ডিজপোজালের ধরন - উভয়ই অনুসরণ করার রেকর্ড (যার অন্তর্ভুক্ত হলো ডিজপোজালের গন্তব্য) (যেমন, বর্জ্য ঠিকাদারদের থেকে ইনভয়েস, ওজনের রেকর্ড যা একটি স্প্রেডশীটে প্রণয়ন করা হয়েছে (যেমন এক্সেল)

ততক্ষণই ঠিক আছে যতক্ষণ পর্যালোচনার জন্য পরিপোষক প্রমাণও পাওয়া যায়)। রেকর্ডের সাথে রিপোর্ট করা সমস্ত প্রশ্নের সব উত্তরগুলিকে অবশ্যই মিলে যেতে হবে।

- সমস্ত বিপজ্জনক বর্জ্যের পরিমাণ এবং পরিমাপ করার পদ্ধতি অনুসরণ করা।
- বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা করার পারমিট (যদি প্রযোজ্য হয়)
- যেখানে প্রযোজ্য, ক্রমাঙ্কনের রেকর্ড (যেমন, নির্মাতার বিবরণী অনুযায়ী)।
- যেখানে প্রযোজ্য অনুমানের প্রণালীকে নথিভুক্ত করা
- কারখানার সমস্ত বিপজ্জনক বর্জ্যের উৎসগুলিকে সম্পূর্ণভাবে অনুসরণ করা হয়। এর অর্থ হলো যে স্তর ১-এর টেবিলে তালিকাভুক্ত সমস্ত উৎসগুলি সম্পর্কে সমস্ত কলামে সম্পূর্ণ উত্তর রয়েছে যা সঠিক।

● **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**

- সমস্ত বিপজ্জনক বর্জ্যের প্রধান উৎসগুলোর বিবরণ কর্তৃপক্ষ দিতে পারবেন এবং সেগুলোকে কী করা হয়েছে বলতে পারবেন (কোথায় ফেলা হয়েছে)।
- প্রধান কর্মচারীরা অবহিত আছেন যেঃ
 - বিপজ্জনক বর্জ্যগুলোকে অনুসরণ করার জন্য সক্রিয় প্রক্রিয়াগুলো যার অন্তর্ভুক্ত হলো বর্জ্য সংগ্রহের প্রক্রিয়া, পরিমাণ ব্যবস্থাপনা এবং নিষ্পত্তির প্রকার।
 - বর্জ্য সংক্রান্ত উপাত্ত অনুসরণ কার্যক্রমটি এবং উপাত্তের গুণগত মান কীভাবে বজায় রাখা হয়।

● **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- বিপজ্জনক বর্জ্য উৎপাদনের উৎস
- বর্জ্যের পরিমাণ ব্যবস্থাপনার যন্ত্রপাতি
- ফেলে দেয়া বর্জ্য সংগ্রহের জায়গা
- বর্জ্য ফেলার জন্য বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদারদের সাইট

৩। আপনার কারখানা কি সমস্ত বর্জ্য প্রবাহ থেকে বিপদহীন এবং বিপজ্জনক বর্জ্য পৃথকীকরণ করে, এবং তাদের পৃথকভাবে সঞ্চয় করে?

আপলোডের জন্য সুপারিশ: পৃথকীকরণ সম্পন্ন হওয়া সংরক্ষণাগারের ছবিগুলো

যদি আপনি যথাযথ ব্যবস্থাপনার জন্য বিপজ্জনক এবং বিপদহীন-বর্জ্য পৃথকীকরণ করে থাকেন তাহলে উত্তরে হ্যাঁ বলবেন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

যথাযথ ব্যবস্থাপনার জন্য বিপজ্জনক এবং বিপদহীন-বর্জ্য আপনার কারখানাকে দিয়ে পৃথকীকরণ করানোই উদ্দেশ্য।

এই প্রশ্নটি জরুরি কারণ আপনার কারখানার বিপজ্জনক এবং বিপদহীন-বর্জ্য আলাদাভাবে ব্যবস্থাপনা করা এবং ফেলার ব্যবস্থা করা দরকার। বিপজ্জনক এবং বিপদহীন-বর্জ্য পৃথকীকরণ বর্জ্য প্রবাহগুলির মধ্যে অযাচিত প্রতিক্রিয়া প্রতিরোধ করতে পারে, পরিবেশ ও মানুষের জন্য দূষণ এবং ক্ষতি হ্রাস করতে পারে, মূল্যহ্রাসের ক্ষেত্রে সহায়তা করতে পারে (বর্জ্য মিশ্রণ বিপজ্জনক হিসেবে চিহ্নিত বর্জ্যের পরিমাণ বৃদ্ধি করতে পারে যা ফেলে দেয়ার ব্যয়ভার বেশি), এবং অব্যাহিতভাবে মানুষদের এগুলোর সম্মুখীন হওয়া প্রতিরোধ করতে পারে (সূত্রঃ জিএসসিপি)।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্য উৎপাদন, সংগ্রহ এবং পৃথকীকরণ, সঞ্চয়, পরিবহন, পরিশোধন এবং বিনষ্টকরণ সম্পর্কে আইনি বাধ্যবাধকতাগুলো মেনে চলার বিষয়টি নিশ্চিত করাটা প্রথম পদক্ষেপ। বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্যের ব্যবস্থাপনার জন্য প্রক্রিয়া থাকা উচিত (যার অন্তর্ভুক্ত হলো সংগ্রহ এবং পৃথকীকরণ, সঞ্চয় এবং পরিবহন)। বিপদহীন বর্জ্য নাড়াচাড়া করা এবং পৃথকীকরণের জন্য কারখানার যথেষ্ট পরিমাণে সক্রিয় নির্দেশনা অথবা প্রামাণ্য পরিচালনামূলক প্রক্রিয়া এবং সংকেত প্রদান করা উচিত। এটি প্রশিক্ষণ, সচেতনতা অভিযান, পোস্টার, কাজের নির্দেশনা, কোন বর্জ্য কোথায় রাখতে হবে সেই সংক্রান্ত সংকেত, ইত্যাদি হতে পারে। বর্জ্য নাড়াচাড়া করার সময় কর্মচারীদের ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি (পার্সোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট, পিপিই) প্রদান করা উচিত। নির্দেশনা দেয়া উচিত যাদেরঃ

- বিপদহীন বর্জ্যের নাড়াচাড়া এবং পৃথকীকরণের জন্য দায়বদ্ধ ব্যক্তিবর্গ
- বিপদহীন বর্জ্য উৎপাদনক্ষম যে কোনো ব্যক্তিকে যাকে সেগুলো সংগ্রহ করতে হয় এবং সঠিক ময়লা ফেলার স্থানে রাখার জন্য পৃথকীকরণও করতে হয় (যেমন, ক্যান্টিন, প্রোডাকশন ফ্লোর, ডর্ম, ইত্যাদির সব কর্মচারীরা)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্রঃ**
 - উৎপাদিত বর্জ্য সংগ্রহ, বর্জ্য প্রবাহ পৃথকীকরণ (বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্য), বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্য সঞ্চয় এবং পরিবহন সংক্রান্ত বিষয়গুলোর ক্ষেত্রে কাজের নির্দেশনা অথবা পরিচালনা প্রক্রিয়ার কাগজপত্র (ডকুমেন্টেশন)।
 - বর্জ্য ব্যবস্থাপনা এবং নাড়াচাড়া করার প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ উপকরণ এবং রেকর্ড
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**

- প্রধান কর্মচারীদের আলোচনাঃ
 - প্রধান কর্মচারীদের বর্জ্য সংগ্রহ, পৃথকীকরণ এবং সঞ্চয় করার জন্য প্রশিক্ষণ দেয়া হয়েছে
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - কারখানার চারপাশে সংগ্রহের অঞ্চল হিসেবে পৃথকীকৃত বর্জ্য অঞ্চলের অবস্থান এবং বিপজ্জনক এবং বিপদহীন বর্জ্য উভয়কে শারীরিকভাবে পৃথকীকরণ করার জন্য সংগ্রহ অঞ্চলগুলোতে স্পষ্ট নির্দেশনা এবং সংকেত
 - বর্জ্য পৃথকীকরণের জন্য কারখানাতে একটি প্রতিষ্ঠিত প্রক্রিয়াকে সহায়তা প্রদান, যেমন, ওয়র্কশপগুলোতে সম্পর্কিত প্রামাণ্য প্রক্রিয়াগুলো পোস্ট করা।
 - বর্জ্য ফেলার জন্য সংগ্রহ অঞ্চল - সেগুলোকে কি বিষয়বস্তুর দ্বারা আরোপিত বিপদের জন্য প্রয়োজনীয় রূপে স্পষ্টভাবে পৃথক করা, চিহ্নিত করা, এবং নিয়ন্ত্রিত?

৪। আপনার কারখানাতে কি ভালোভাবে চিহ্নিত, মনোনীত বিপজ্জনক বর্জ্য সঞ্চয়ের স্থান এবং পাত্র রয়েছে?

আপলোডের জন্য সুপারিশ: পৃথকীকরণ সম্পন্ন হওয়া সংরক্ষণাগারের ছবিগুলো

বিপজ্জনক বর্জ্য সঞ্চয় স্থানের আবশ্যিকতাসমূহঃ

- বিপজ্জনক বর্জ্যের সঞ্চয় এলাকাতে বায়ু চলাচলের ব্যবস্থা থাকে, শুকনো এবং আবহাওয়া ও আগুনের ঝুঁকি থেকে সুরক্ষিত রাখা হয়।
- বিপজ্জনক বর্জ্যের সঞ্চয় এলাকা অননুমোদিত কর্মচারীদের থেকে সুরক্ষিত (তালা লাগানো থাকে)।
- এই অঞ্চলগুলিতে খাওয়া, ধূমপান এবং মদ্যপান করার অনুমতি নেই।
- বিপজ্জনক বর্জ্যের সঞ্চয় এলাকা স্পষ্টভাবে চিহ্নিত থাকে।
- যেখানে তরল বর্জ্য সঞ্চয় করা হয়, মেঝে সুদৃঢ় এবং ছিদ্রবিহীন, কন্টেনারগুলোর ঢাকনা আছে, তরল উপচে বয়ে যেতে পারে পানির এমন কোনো নর্দমা নেই, এবং উপচে পড়া তরলের কোনো প্রমাণ নেই।
- দাহ্য পদার্থ তাপ অথবা দহনের উৎসের থেকে দূরে রাখা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো গ্রাউন্ডিং এবং বিস্ফোরণ-বিরোধী আলো।
- বেমানান বর্জ্য পৃথকীকরণ করা আবশ্যিক।
- প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সহ উপচে পড়া সামলানোর প্রতিক্রিয়ার জন্য সরঞ্জামগুলি অ্যাক্সেসযোগ্য জরুরি চোখ ধোয়ার (আইওয়াশ) এবং/অথবা শাওয়ার স্টেশন সহ সঞ্চয়স্থানের কাছাকাছি অবস্থিত থাকতে হবে।

- এই অঞ্চলে থাকাকালীন কর্মীদের অবশ্যই উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করতে হবে।

বিপজ্জনক বর্জ্য সঞ্চয় পাত্রের প্রয়োজনীয়তাগুলি:

- সঞ্চয়ের জন্য পাত্রগুলো ভালো অবস্থায় রয়েছে, তাদের বিষয়বস্তুর জন্য যথাযথ, বন্ধ এবং স্পষ্টভাবে বিষয়বস্তুর নাম সহ লেবেল লাগানো রয়েছে।
- পাত্রগুলিতে অবশ্যই ঢাকনা থাকতে হবে
- পাত্রগুলি পড়ে যাওয়া রোধ করতে অবশ্যই ভালভাবে বন্ধ করতে হবে এবং সুরক্ষিতভাবে স্ট্যাক করতে হবে
- পাত্রগুলির মধ্যে অবশ্যই পর্যাপ্ত আইল স্পেস বজায় রাখতে হবে

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানার সমস্ত এলাকায় বিপজ্জনক বর্জ্যের কন্টেনারগুলোর যথাযথ সঞ্চয় সুনিশ্চিত করাই উদ্দেশ্য।

বিপজ্জনক বর্জ্য পরিবেশ এবং জনস্বাস্থ্যের জন্য বিপদহীন বর্জ্যের তুলনায় অধিক ক্ষতির কারণ, এবং সেই কারণে প্রয়োজন কঠোরতর ব্যবস্থাপনা প্রক্রিয়া। কর্মচারী এবং পরিবেশের জন্য ঝুঁকি না রাখার জন্য বিপজ্জনক বর্জ্য এবং নিরাপদ সংরক্ষণ এলাকা এবং কন্টেনার পৃথকীকরণ করা গুরুত্বপূর্ণ।

প্রযুক্তিগত নির্দেশনা:

বিপজ্জনক বর্জ্যের সঞ্চয়ের জন্য কারখানার একটি একনিষ্ঠ অবস্থান থাকা উচিত। সঞ্চয়ের এলাকায় নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো থাকা উচিত:

- অবস্থান লোকেদের থেকে, আগুনের উৎস থেকে এবং উচ্চ মাত্রার ট্র্যাফিক ফ্লো-এর জায়গাগুলো থেকে দূরে থাকা উচিত।
- ক্ষয়িষ্ণু, দাহ্য এবং বিস্ফোরকগুলোকে শুকনো, ঠান্ডা জায়গায়, প্রত্যক্ষভাবে সূর্যের আলো পড়ে না এমন জায়গায় এবং বাষ্পের পাইপ, বয়লার অথবা তাপের অন্যান্য উৎস থেকে দূরে রাখা। সঞ্চয়ের তাপমাত্রার জন্য রাসায়নিক প্রস্তুতকর্তা অথবা সরবরাহকারীর সুপারিশ অনুসরণ করা।
- বর্জ্যের মধ্যে দিয়ে বৃষ্টির পানি চুঁইয়ে পড়া এবং মাটিতে ও মাটির নিচের পানিতে কোনো ছিঁদ্রের মাধ্যমে কিছু চুকে যাওয়া প্রতিরোধ করার জন্য যথাযথ ছাদ এবং মেঝের ব্যবস্থা থাকা।
- উপচে পড়ার জন্য ব্যবস্থা থাকা এবং কর্মচারীরা ছিঁদ্রের ক্ষেত্রে তা ব্যবহার করার জন্য প্রশিক্ষণ-প্রাপ্ত।
- এলাকাতে আগুন নেভানোর যন্ত্রপাতি থাকা যদি সেখানে অক্সিজেনের, বিস্ফোরক, দাহ্য অথবা চাপ-যুক্ত গ্যাস-সম্পন্ন বর্জ্য সঞ্চিত হয়ে থাকে।

- যথেষ্ট বায়ু চলাচল। ভালো নকশা-সম্পন্ন এবং ভালো রক্ষণাবেক্ষণ-সম্পন্ন বায়ু-চলাচল ব্যবস্থা কাজের জায়গা থেকে ক্ষয়িষ্ণু, দাহ্য এবং দূষিত বাষ্প, ধোঁয়া, কুয়াশা অথবা বায়ুবাহিত ধুলোকণা সরিয়ে ফেলে এবং তাদের বিপদ কমায়। গ্রহণযোগ্য বায়ু-চলাচলের জন্য কিছু কিছু স্থানে ঢাকা এবং নালা-সম্পন্ন ব্যবস্থা থাকা উচিত। অন্য জায়গাগুলোতে একটি, ভালো-ভাবে বসানো এক্সহস্ট ফ্যানের দরকার হতে পারে। ক্ষয়িষ্ণু ধাতুর জন্য বায়ুচলাচল ব্যবস্থায় ক্ষয়-রোধী নির্মাণ ব্যবহার করা উচিত। বায়ুদূষণ করে না এমন কম পরিমাণের ক্ষয়িষ্ণু ধাতু নিয়ে কাজ করার সময় কোনো বিশেষ বায়ুচলাচল ব্যবস্থার দরকার নেই।
- সর্বক্ষণ তালাবদ্ধ এবং নিরাপদ রাখা। কেবলমাত্র অনুমোদিত ব্যক্তিদেরই প্রবেশের অধিকার রয়েছে।
- প্রবেশপথে যথাযথ সতর্কতামূলক চিহ্ন প্রদান করা।
- ব্যক্তিগত সুরক্ষা যন্ত্র (পার্সোনাল প্রোটেকটিভ ইকুয়েপমেন্ট, পিপিই)-এর তালিকা দেখান যেটা এখানে প্রবেশের জন্য জরুরি।
- প্রবেশের জন্য জরুরি পিপিই প্রদান করুন।
- সরলীকৃত সেফটি ডাটা শিটটি প্রদর্শন করুন।
- রাসায়নিক সামঞ্জস্য ম্যাট্রিক্স অনুযায়ী পৃথকীকরণ করুন।
- ভুলভাবে পৃথকীকরণের ফলে অসমঞ্জস্য বর্জ্যের ভিতরে প্রতিক্রিয়ার কারণে আগুন, বিস্ফোরক তৈরি হওয়া অথবা দূষিত গ্যাস নিঃসরণ হতে পারে।
- বিপজ্জনক বর্জ্য কন্টেইনারে থাকে যেগুলো তাদের সামগ্রীর সাথে সুসমঞ্জস্য, যেমন ফেলে দেয়া রাসায়নিক। বেছে নেয়া উপকরণসমূহ যেমন স্টিল, অ্যালুমিনিয়াম, ফাইবার, প্লাস্টিক, ইত্যাদি... যে পণ্যকে ধারণ করবে তার সাথে সম্মিলিত হওয়া জরুরি। নিশ্চিত করুন যেন বর্জ্য এবং তার আধারের মধ্যে প্রতিক্রিয়ার সৃষ্টি না হয়। কিছু বর্জ্য উচ্চ মাত্রায় ক্ষয়িষ্ণু, যা কোনো ধাতব কন্টেইনারের সাথে প্রতিক্রিয়া ঘটাতে পারে, যার ফলে কন্টেইনারটি সম্ভাব্যরূপে ব্যর্থ হতে পারে। প্লাস্টিক অথবা প্লাস্টিক দিয়ে ঘেরা কন্টেইনার ক্ষয়িষ্ণু বর্জ্যের জন্য ভালো সমাধান। স্টিল কন্টেইনার ক্ষয়িষ্ণু নয় এমন এবং দাহ্য তরলের জন্য ভালো পছন্দ।
- ব্যবহার না হওয়ার সময় বর্জ্যের কন্টেইনার বন্ধ থাকা উচিত অথবা নিরাপদ রাখা উচিত; উপর থেকে খোলা যায় যেগুলো সেগুলোকে ভালোভাবে বন্ধ রাখা উচিত।
- সমস্ত কন্টেইনার এবং আধারগুলোতে তাদের উপাদান এবং বিপজ্জনক বৈশিষ্ট্য সহ স্পষ্টভাবে লেখা থাকা উচিত।
- বর্জ্যের কন্টেইনারগুলো ভালো অবস্থায় আছে।
- এলাকাটি হুঁদুর এবং পোকামাকড়ে বংশবৃদ্ধির স্থান হয়ে ওঠা থেকে প্রতিরোধ করতে সুষ্ঠু পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।
- ঝুঁকি অনুযায়ী অন-সাইট বর্জ্য সঞ্চয়ের নিয়মিত পরিদর্শন করা উচিত এবং উপরোক্ত বাধ্যবাধকতার সাথে সর্ব সময়েই সঙ্গতিপূর্ণ থাকা উচিত।

- সঞ্চয় ক্ষেত্রে সমস্ত বর্জ্যের অবস্থা প্রতিটি বিপজ্জনক বর্জ্যের নাম, উৎস, পরিমাণ, বৈশিষ্ট্য, বর্জ্যের কন্টেনারের ধরন, বর্জ্য রাখার তারিখ, সঞ্চয়ের অবস্থান, বর্জ্য নিষ্কাশনের তারিখ, এবং বর্জ্য গ্রহণ করার দায়িত্বপ্রাপ্ত দপ্তর সহ সবকিছু রেকর্ড করা উচিত।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **নথিপত্র আবশ্যিকঃ**
 - বিপজ্জনক বর্জ্যের সঞ্চয় সুনিশ্চিত করার প্রক্রিয়া এবং সঞ্চয় ক্ষেত্রের রেকর্ডের অবস্থা সব সময় উপরোক্ত প্রযুক্তিগত নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ রাখা হয়।
- **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - কর্তৃপক্ষ বিপজ্জনক বর্জ্যের বিপদ এবং দূষণ প্রতিরোধ করার গুরুত্ব বোঝেন
 - বিপজ্জনক বর্জ্য সঞ্চয় ক্ষেত্রে দূষণ প্রতিরোধের জন্য প্রধান কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**
 - একটি সুনির্দিষ্ট জায়গায় বর্জ্যকে সঞ্চয় করা হচ্ছে এবং উপরোক্ত সবগুলো বাধ্যবাধকতা পূর্ণ করা হচ্ছে। (প্রযুক্তিগত নির্দেশনা) দেখুন

৫। আপনার ফেসিলিটিতে কি সুচিহ্নিত, মনোনীত বিপদহীন বর্জ্য সঞ্চয়ের স্থান এবং আধার রয়েছে?

আপলোডের জন্য সুপারিশ: পৃথকীকরণ সম্পন্ন হওয়া সংরক্ষণাগারের ছবিগুলো

বিপদহীন বর্জ্য সঞ্চয় স্থানের প্রয়োজনীয়তাগুলি

- বিপদহীন বর্জ্য সঞ্চয়ের স্থানটিতে বায়ুচলাচল করে, সেটি শুকনো থাকে এবং আবহাওয়া এবং আগুনের ঝুঁকি থেকে সুরক্ষিত, এবং অবশ্যই অভেদ্য পৃষ্ঠতলগুলিতে সঞ্চয় করতে হবে
- বিপদহীন বর্জ্যের সঞ্চয় এলাকাটি স্পষ্টভাবে চিহ্নিত থাকে।
- দাহ্য পদার্থ তাপ অথবা দহনের উৎসের থেকে দূরে রাখা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো গ্রাউন্ডিং এবং বিস্ফোরণ-বিরোধী আলো।

- এই অঞ্চলে থাকাকালীন কর্মীদের অবশ্যই উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করতে হবে।

বিপদহীন বর্জ্য সঞ্চয় পাত্রের আবশ্যিকতাসমূহঃ

- সঞ্চয়ের জন্য পাত্রগুলো ভালো অবস্থায় রয়েছে, তাদের বিষয়বস্তুর জন্য যথাযথ, বন্ধ এবং স্পষ্টভাবে বিষয়বস্তুর নাম সহ লেবেল লাগানো রয়েছে।
- পাত্রগুলি পড়ে যাওয়া রোধ করতে অবশ্যই ভালভাবে বন্ধ করতে হবে এবং সুরক্ষিতভাবে স্ট্যাক করতে হবে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানার সমস্ত এলাকায় বিপদহীন বর্জ্যের কন্টেনারগুলোর যথাযথ সঞ্চয় সুনিশ্চিত করাই উদ্দেশ্য।

বিপদহীন বর্জ্য থেকেও দূষণের ঝুঁকি থাকতে পারে (যেমন, দূষণ, বাতাসের দ্বারা বর্জ্য উড়ে যাওয়া, খাদ্যের বর্জ্য) এবং কর্মচারীদের জন্য ঝুঁকিপূর্ণ (যেমন, আগুন, ধারালো বস্তু)।

অনেক পরিমাণ বর্জ্য দীর্ঘ সময় ধরে রেখে দেয়া উচিত নয় যেহেতু তার মধ্যে পোকা হতে পারে (বিশেষ করে খাদ্যের বর্জ্য বা ধাতুর উপর প্রলেপ বা অন্য কোনো ধরনের উপকরণ যেটিতে বিপজ্জনক পদার্থ রয়েছে)। যেকোনো জায়গা যেখানে বর্জ্য কম সময়ের জন্য হলেও কেন্দ্রীভূত এবং সঞ্চিত রয়েছে সেটি মাটি এবং মাটির নিচে সঞ্চিত পানির ক্ষেত্রে সম্ভাব্য দূষণের উৎস হয়ে উঠতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

নিষ্কাশিত বর্জ্য সংগ্রহের জন্য ঠিকাদারের জন্য অপেক্ষমাণ থাকাকালীন বাছাই করা বর্জ্য ধারণ করার জন্য একটি সঞ্চয় ক্ষেত্র থাকা উচিত। একটি বিপদহীন বর্জ্য সঞ্চয় ক্ষেত্রের সাধারণ বাধ্যবাধকতার অন্তর্ভুক্ত হওয়া উচিতঃ

- **অবস্থান:** মানুষজন, আগুনের উৎসের থেকে দূরে।
- **যথাযথ ছাদ এবং মেঝে এবং দেয়াল:** বর্জ্যের মধ্যে দিয়ে বৃষ্টির পানি চুইয়ে পড়া এবং মাটি ও ভূগর্ভস্থ পানির মধ্যে দূষিত তরল সৃষ্টি হওয়া প্রতিরোধ করুন। মেঝেগুলোকে অপ্বেশ্য (এর অর্থ হলো যে মেঝে ঢাকার জন্য ব্যবহৃত উপাদানটি কোনো তরলকে তার মধ্যে দিয়ে চুকতে / প্রবাহিত হতে দেবে না) উপাদান দিয়ে সুরক্ষিত রাখতে হবে যাতে বর্জ্যজাত তরল অথবা বিপদহীন পদার্থের উপরকার প্রলেপ যাতে মাটিতে প্রবেশ করে দূষণ তৈরি করতে (প্রিন্টিং সামগ্রী, ছবি, ইত্যাদি...) এবং ছড়াতে না পারে
- **পরিচ্ছন্নতা:** এলাকাটি হুঁদুর এবং পোকামাকড়ে ভর্তি হয়ে যাওয়া প্রতিহত করার জন্য সুষ্ঠু পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।

- **আগুন নির্বাপক সরঞ্জাম** যদি স্থানটিতে দাহ্য বর্জ্য সঞ্চিত থাকে (যেমন, কাগজ, কার্ডবোর্ড, ইত্যাদি...)
- সঞ্চয় এলাকার প্রবেশপথ এবং ভেতরেও যথাযথ **সতর্কতামূলক চিহ্ন** দিন যেমন "ধূমপান নিষেধ" চিহ্ন, "খাদ্য নিষেধ", রিসাইক্ল করার জন্য বিভিন্ন ধরনের পদার্থ কোথায় সঞ্চয় করা উচিত সেইসকল নাম এবং অবস্থানে। সমস্ত সংকেতগুলো দৃশ্যমান অবস্থানে এবং এমন ভাষা(গুলো)তে থাকতে হবে যাতে তা বর্জ্য নাড়াচাড়াকারী কর্মচারীরা বুঝতে পারেন।
- **পিপিই তালিকা** যেটি কোনো ঝুঁকির ক্ষেত্রে (ধারালো বর্জ্যের জন্য দস্তানা, ধুলোময় বর্জ্যের জন্য মুখোশ...) এই এলাকাতে প্রবেশ করার জন্য প্রয়োজন সেটিকে প্রদর্শন করুন এবং সরবরাহ করুন।
- এলাকার বর্জ্য সঞ্চয়ে স্থানের নিয়মিত পরিদর্শনের দায়িত্ব নিতে হবে বর্জ্য বিভাগের ইঞ্জিনিয়ারকে ঝুঁকির সাথে সমানুপাতিক ভাবে এবং পর্যবেক্ষণের রেকর্ডও রাখা দরকার।
- সঞ্চয় ক্ষেত্রে সমস্ত বর্জ্যের অবস্থা প্রতিটি বিপদহীন বর্জ্যের নাম, উৎস, পরিমাণ, বৈশিষ্ট্য, বর্জ্যের কন্টেনারের ধরন, বর্জ্য রাখার তারিখ, সঞ্চয়ের অবস্থান, বর্জ্য নিষ্করণের তারিখ, এবং বর্জ্য গ্রহণ করার দায়িত্বপ্রাপ্ত দপ্তর সহ সবকিছু রেকর্ড করা উচিত।

লিচেট হলো সেই তরল (যেমন, বৃষ্টি) যা বর্জ্য থেকে নির্গত হয় (যেমন, খাদ্যজাত বর্জ্যের মধ্যকার তরল) যখন পানি কোনো বর্জ্যের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে আসে। বর্জ্যের বয়স এবং ধরনের ভিত্তিতে এটিতে ব্যাপক পার্থক্য থাকে। এতে সাধারণত মিশ্রিত এবং অমিশ্রিত উভয় ধরনের উপকরণই থাকে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - সঞ্চিত বিপদহীন বর্জ্য যাতে দূষণ ছড়ানোর অবস্থায় না পৌঁছয়, সেটা সুনিশ্চিত করার প্রক্রিয়া।
 - আপনার সঞ্চয় এলাকাতে বিপদহীন বর্জ্যের অবস্থার রেকর্ড।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - কর্তৃপক্ষ বিপদহীন বর্জ্যের বিপদ এবং দূষণ ছড়ানো প্রতিরোধ করার গুরুত্ব বোঝেন
 - বিপদহীন বর্জ্য সঞ্চয় ক্ষেত্রে সংক্রমণ ছড়িয়ে যাওয়া প্রতিরোধের জন্য প্রধান কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - একটি সুনির্দিষ্ট জায়গায় বর্জ্যকে সঞ্চয় করা হচ্ছে এবং উপরোক্ত সবগুলো বাধ্যবাধকতা পূর্ণ করা হচ্ছে। (প্রযুক্তিগত নির্দেশনা) দেখুন

৬। আপনার ফেসিলিটি কি উন্মুক্তভাবে পোড়ানো, উন্মুক্তভাবে ডাম্প করা, মাটিতে পুতে দেওয়া এবং স্টোরেজ ট্যাঙ্ক লিক করার মতো সমস্ত দায়িত্বজ্ঞানহীন বর্জ্য নিষ্পত্তির কর্ম নিষিদ্ধ করে?

প্রকাশ্যে পোড়ানো নিষিদ্ধ

- যদি প্রকাশ্যে পোড়ানো নিষিদ্ধ না হয়, তাহলে দয়া করে বিবরণ সহ জানান যে কোন প্রযুক্তি ব্যবহার করে এবং কীভাবে আপনি বায়ু নির্গমন নিয়ন্ত্রণ করেন

প্রকাশ্যে জমা করে রাখা নিষিদ্ধ

- যদি প্রকাশ্যে জমা করে রাখা নিষিদ্ধ না হয়, তাহলে দয়া করে বিবরণ সহ জানান যে কোন প্রযুক্তি ব্যবহার করে এবং কীভাবে আপনি দূষণ নিয়ন্ত্রণ করেন

বর্জ্য পুঁতে দেয়া এবং স্টোরেজ ট্যাঙ্কে ছিদ্র হওয়া নিষিদ্ধ

- যদি বর্জ্য পুঁতে দেয়া এবং স্টোরেজ ট্যাঙ্কে ছিদ্র হওয়া নিষিদ্ধ না হয়, দয়া করে জানান যে আপনি কিভাবে আপনার চতুরে বর্জ্যের নিষ্পত্তি করেছেন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

বর্জ্য নিষ্পত্তিজনিত দায়িত্বজ্ঞানহীন কার্যকলাপ যার অন্তর্ভুক্ত হলো সাইটে উন্মুক্ত জায়গায় পোড়ানো, জমিভরাট, মাটিতে বর্জ্য পুঁতে দেয়া এবং ছিদ্রযুক্ত স্টোরেজ ট্যাঙ্ক মাটি এবং ভূগর্ভস্থ পানিতে দূষণ ছড়িয়ে দিতে পারে, ধোঁয়া নির্গমন এবং গ্যাস উৎপন্ন হওয়ার কারণে বায়ু দূষণ, এবং স্বাস্থ্য সংক্রান্ত বিপদ (জিএসসিপি) ডেকে আনতে পারে। উদ্দেশ্য হলো আপনাকে চালিত করা যাতে সমস্ত ধরনের দায়িত্বজ্ঞানহীন বর্জ্য নিষ্করণ সংক্রান্ত কাজকর্মের সমাপ্তি ঘটানো যায়।

এই প্রশ্নটি কীভাবে একটি কারখানাকে উন্নয়নকে চালিত করতে সহায়তা করতে পারে?

বর্জ্যকে যেকোনও রূপে অননুমোদিত ভাবে পোড়ানো অথবা ফেলে দেয়া এবং বর্জ্য পুঁতে দেয়া ও ছিদ্রযুক্ত স্টোরেজ ট্যাঙ্ক আপনার কারখানার চতুরে থাকা প্রাসঙ্গিক পরিবেশগত ঝুঁকি হিসেবেই নিষিদ্ধ হওয়া উচিত, যেমন বায়ু নির্গমন, বর্জ্যপানি নিষ্করণ নিয়ন্ত্রিত, সংগৃহীত এবং পরিশোধিত হবে না। সমস্ত বর্জ্য গ্যাস চিমনি, স্ট্যাক, অথবা ভেন্টের মাধ্যমে নির্গমন হওয়া উচিত যাতে নির্গমন নিয়ন্ত্রিত হতে পারে এবং কোনো কোনো ক্ষেত্রে দূষণকে সীমিত রাখার জন্য ফিল্টার প্রয়োগ করা যেতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বায়ু নির্গমন নিয়ন্ত্রণের যন্ত্রপাতি ছাড়া এবং আপনার পরিবেশগত আইনি সংস্থার বিশেষ অনুমোদন ছাড়া কারখানার এলাকার মধ্যে (ভেতরে বা বাইরে) বর্জ্য পোড়ানো বা জমা করা নিষিদ্ধ হওয়া উচিত। যদি আপনি

কারখানার এলাকাতে পোড়ানোর কাজ করেন, দয়া করে প্রযুক্তিটি, অনুমোদনের প্রক্রিয়া, এবং কীভাবে আপনি বায়ু নির্গমন নিয়ন্ত্রণ করেন তা মন্তব্য বিভাগে ব্যাখ্যা করবেন। বর্জ্য দ্বারা যে কোনো অনিয়ন্ত্রিত জমিভরাট (যেমন, যথাযথ লাইসেন্স/পারমিট ছাড়া জমিভরাট) নিষিদ্ধ হওয়া উচিত। আপনার সমস্ত বিপজ্জনক বর্জ্য একজন লাইসেন্সধারী এবং অনুমোদিত হ্যান্ডলারকে (সার্টিফিকেশন রয়েছে এমন একজন আইনি ঠিকাদার) দেয়া উচিত এবং কঠিন বর্জ্যের ব্যবস্থাপনা হওয়া উচিত একজন যোগ্য তৃতীয়-পক্ষীয় ভেন্ডরের মাধ্যমে যিনি সমস্ত ধরনের স্বাস্থ্যগত এবং পরিবেশগত প্রভাব কমানোর এবং নিয়ন্ত্রণ করার মাধ্যমে বর্জ্য শোধন করবেন। চূড়ান্ত ডিসপোজাল এবং পরিশোধন কারখানার কর্মচারীদের দ্বারা কারখানাতে হওয়া উচিত না (কারখানা চত্বরে)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - বর্জ্য নিষ্করণ-জনিত দায়িত্বজ্ঞানহীন কার্যকলাপ নিষিদ্ধকরণে নীতিসমূহ
 - বর্জ্য কীভাবে নাড়াচাড়া করা হবে এবং ফেলা হবে সে বিষয়ে নীতিসমূহ
 - বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদারের সাথে চুক্তি
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - যেকোনো দায়িত্বজ্ঞানহীন বর্জ্য নিষ্পত্তিমূলক পদক্ষেপের বিষয়ে পরিচালকবর্গ এবং প্রধান কর্মীদের অবহিত করা হয়
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলো দেখতে হবে:**
 - কারখানাতে অনিয়ন্ত্রিতভাবে পুঁতে দেয়া, পোড়ানো অথবা অনিয়ন্ত্রিত জমিভরাট কর্মকাণ্ড
 - বর্জ্যের স্টোরেজ ট্যাঙ্কে ছিদ্র থাকা

৭। আপনার কারখানা কি সমস্ত কর্মচারীদের প্রশিক্ষণ দেয় যাদের কাজে বিপজ্জনক বর্জ্য নাড়াচাড়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে (যেমন রক্ষণাবেক্ষণ এবং দায়িত্ব-প্রাপ্ত বিষয়গুলো)?

যদি তা হয়, আপনার প্রশিক্ষণে অন্তর্ভুক্ত সমস্ত বিষয়গুলো বেছে নিনঃ

- যথাযথভাবে নাড়াচাড়া
- সঞ্চয় এবং ফেলে দেয়ার প্রযুক্তি এবং প্রক্রিয়া
- বর্জ্য কমানোর জন্য নির্দিষ্ট পরিচালনাগত প্রক্রিয়া
- ব্যক্তিগত সুরক্ষামূলক যন্ত্রপাতির ব্যবহার
- অন্যান্য, দয়া করে উল্লেখ করুন

কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?

আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ প্রদান করেন?

আপলোডের জন্য সুপারিশ: প্রশিক্ষিত ব্যক্তিগণ, প্রশিক্ষণ উপকরণের তালিকা (ক্যালেন্ডার সহ), শংসাপত্রসমূহ

আপনাকে **পুরো পয়েন্ট** পুরস্কার দেয়া হবে যদি সব বিষয়গুলো আপনার প্রশিক্ষণে অন্তর্ভুক্ত হয়ে থাকে।

যদি কয়েকটি, কিন্তু সব বিষয়গুলো, অন্তর্ভুক্ত না হয়ে থাকে আপনাকে **আংশিক পয়েন্ট** দেয়া হবে

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

যথাযথ বর্জ্য নাড়াচাড়া করা সংক্রান্ত প্রক্রিয়া বিষয়ে সমস্ত প্রয়োজনীয় কর্মচারীদেরকে আপনার শিক্ষিত করাই উদ্দেশ্য।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

কারখানাকে নিম্নলিখিত জরুরি উপাদানগুলো প্রশিক্ষণের অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হচ্ছেঃ

- যথাযথভাবে নাড়াচাড়া
- খারাপভাবে বর্জ্য নাড়াচাড়া করা এবং ব্যবস্থাপনার আইনি বাধ্যবাধকতা এবং পরিবেশগত প্রভাবের একটি সামগ্রিক বেসলাইন।
- কীভাবে বিপজ্জনক বর্জ্যকে সনাক্ত, পৃথকীকরণ, সংগ্রহ এবং পরিবহন করতে হবে
- কীভাবে বিপজ্জনক বর্জ্য অনুসরণ এবং ওজন করতে হবে

- বিপজ্জনক বর্জ্যের দুর্ঘটনা প্রতিরোধ সংক্রান্ত নীতি সম্পর্কে সচেতনতা, জরুরি অবস্থায় প্রস্তুতি এবং প্রতিক্রিয়া প্রক্রিয়ার ব্যবস্থাপনা
- সঞ্চয় এবং ফেলে দেয়ার প্রযুক্তি এবং প্রক্রিয়া
- বর্জ্য পৃথকীকরণের ইতিবাচক পরিবেশগত প্রভাবের একটি সামগ্রিক রূপরেখা যার অন্তর্ভুক্ত হলো গুণগত মান এবং উচ্চ মাত্রাসম্পন্ন রিসাইক্লিং-এর বিভিন্ন বিকল্প।
- ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি বিতরণ এবং ব্যবহার সম্পর্কিত ব্যবস্থাপনা।
- বর্জ্য নাড়াচাড়া করার সময় সঠিক উপাদান এবং সুরক্ষামূলক যন্ত্রপাতির ব্যবহার সম্পর্কে ভূমিকা।

প্রশিক্ষণ সহ, কারখানার বিপদহীন বর্জ্যকে নাড়াচাড়া করা, পৃথকীকরণ এবং পরিবহনের জন্য পর্যাপ্ত পরিমাণে কাজ-সংক্রান্ত নির্দেশনা এবং সঙ্কেত প্রদান করা উচিত।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - প্রশিক্ষণ নথিপত্র যার মধ্যে অন্তর্ভুক্ত হলো নিচের সবকিছুঃ
 - যথাযথভাবে নাড়াচাড়া
 - বিপজ্জনক বর্জ্য সনাক্ত করা, পৃথকীকরণ করা, সংগ্রহ করা এবং পরিবহনের প্রক্রিয়াসমূহ
 - বিপজ্জনক বর্জ্য অনুসরণ এবং ওজন করার প্রক্রিয়াসমূহ
 - সঞ্চয় এবং ফেলে দেয়ার প্রযুক্তি এবং প্রক্রিয়া
 - বর্জ্য কমানোর জন্য নির্দিষ্ট পরিচালনাগত প্রক্রিয়া
 - ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম বিতরণ এবং ব্যবহার সম্পর্কিত ব্যবস্থাপনা।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - প্রধান কর্মচারীরা বিপজ্জনক বর্জ্য নাড়াচাড়া করা সম্পর্কিত প্রশিক্ষণ নিয়েছেন
 - কর্মচারীরা নিরাপত্তা সংক্রান্ত প্রক্রিয়া অনুসরণ না করার ঝুঁকি সম্পর্কে জানেন
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - প্রশিক্ষণ নথিপত্র
 - প্রশিক্ষণের সাইন-ইন কাগজ
 - প্রশিক্ষণের পরীক্ষার ফলাফলের কাগজপত্র
 - প্রশিক্ষণ ইভেন্টের ছবি

আংশিক হ্যাঁ: আংশিক ক্রেডিট যদি যেকোনো দূষণ সম্পূর্ণ রূপে নিয়ন্ত্রণ করার মতো কোনো প্রতিরোধমূলক ব্যবস্থা (বায়ু, মাটি এবং ভূগর্ভস্থ...) এখনও সম্পূর্ণভাবে কার্যকর এবং নিয়ন্ত্রিত না হয়ে থাকে

- **আবশ্যিক নথিপত্র:**
 - নিচের কয়েকটি সহ প্রশিক্ষণের কাগজপত্রঃ
 - যথাযথভাবে নাড়াচাড়া
 - বিপজ্জনক বর্জ্য সনাক্ত করা, পৃথকীকরণ করা, সংগ্রহ করা এবং পরিবহনের প্রক্রিয়াসমূহ
 - বিপজ্জনক বর্জ্য অনুসরণ এবং ওজন করার প্রক্রিয়াসমূহ
 - সঞ্চয় এবং ফেলে দেয়ার প্রযুক্তি এবং প্রক্রিয়া
 - বর্জ্য কমানোর জন্য নির্দিষ্ট পরিচালনাগত প্রক্রিয়া
 - ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম বিতরণ এবং ব্যবহার সম্পর্কিত ব্যবস্থাপনা।
- **জিজ্ঞাসাবাদ করার জন্য প্রশ্ন:**
 - প্রধান কর্মচারীরা বিপজ্জনক বর্জ্য নাড়াচাড়া করা সম্পর্কিত প্রশিক্ষণ নিয়েছেন
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে খুঁটিয়ে দেখতে হবে:**
 - প্রশিক্ষণ নথিপত্র
 - প্রশিক্ষণের সাইন-ইন কাগজ
 - প্রশিক্ষণের পরীক্ষার ফলাফলের কাগজপত্র
 - প্রশিক্ষণ ইভেন্টের ছবি

বর্জ্য - স্তর ২

৮। আপনার কারখানা কি কঠিন বর্জ্যের জন্য বেসলাইন স্থির করেছে?

যদি তা হয়, বর্জ্যের সেই সব উৎসগুলো বেছে নিন যার জন্য আপনার কারখানা বেসলাইন স্থির করেছে।

- বর্জ্যের উৎস
- বেসলাইনটি কি চূড়ান্ত (অ্যাবসল্যুট) নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড)?
- বেসলাইনের পরিমাণ কি ?
- পরিমাপের ইউনিট
- বেসলাইনের (আরম্ভের) বছরটি লিখুন
- আপনার বেসলাইনটি কিভাবে গণনা হয়েছিল ?
- বেসলাইনটিকে যাচাই করা হয়েছিল?

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

বর্জ্যের উৎসের উন্নতি বা হ্রাস হয়েছে তা দেখানোর জন্য, আপনার শুরুর বিন্দুটি জানা থাকা প্রয়োজন। একটি বেসলাইন স্থির করা (যেমন একটি পরিভাষিত (ডিফাইন্ড)) বছরে নির্দিষ্ট একটি প্যারামিটারের বার্ষিক

কর্মকুশলতা) আপনাকে চলতি শক্তি বিষয়ক কর্মকুশলতা অনুসরণ করা এবং লক্ষ্য স্থির করার ক্ষেত্রে একটি স্পষ্ট রেফারেন্স বিন্দু রাখতে সক্ষম করবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

"বেসলাইন" হলো শুরুর বিন্দু বা বেসলাইন যা আপনি বহু বছর ধরে বারবার নিজের সাথে নিজেকে তুলনা করার জন্য ব্যবহার করতে পারেন।

এফইএম-এ, বেসলাইন "অ্যাবসলুট" হতে পারে (একটি রিপোর্টিং পিরিয়ডের জন্য বর্জ্যের মোট পরিমাণ যেমন প্রতি বছর ১,৫০০ টন) অথবা একটি পণ্য বা প্রয়োগ-সংক্রান্ত মেট্রিকের জন্য "নর্ম্যালাইজড" হতে পারে (যেমন উৎপাদনের ইউনিট পিছু ০.১৫ কেজি)। কার্যসম্পাদনগত ওঠাপড়ার হিসেব রাখার জন্য উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজড) করার সুপারিশ করা হয় যেহেতু তা বছরের-পর-বছর উপাত্তের আরো ভালো তুলনা এবং তার ফলে আরো উপযোগী, এবং পদক্ষেপযোগ্য বিশ্লেষণ প্রদান করতে পারে।

বেসলাইন প্রতিষ্ঠা করার সময়, নিম্নলিখিতগুলি করার বিষয়টি নিশ্চিত করুনঃ

- বর্জ্য ব্যবহারের উপাত্ত স্থায়ী, এবং একটি বেসলাইন নির্ধারণের ক্ষেত্রে ব্যবহারের জন্য যথেষ্ট কিনা নিশ্চিত করুন। হিগ্ এফইএম-এ, একটি বেসলাইনে সাধারণত একটি সম্পূর্ণ ক্যালেন্ডার বছরের উপাত্ত থাকা উচিত।
 - **টীকা:** যদি আপনার কারখানাটি গুরুত্বপূর্ণ কাঠামোগত অথবা প্রয়োগগত পরিবর্তনের মধ্যে দিয়ে গিয়ে থাকে যেমন পণ্য অর্জন অথবা পণ্যের প্রকারে পরিবর্তন, সাধারণভাবে, সেই পরিবর্তনগুলি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরে আপনার একটি বেসলাইন প্রতিষ্ঠা করা অথবা পুনঃস্থাপন করা উচিত।
- বেসলাইনটি চূড়ান্ত (অ্যাবসলুট) হবে নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হবে তা নির্ধারণ করুন (নর্ম্যালাইজড বেসলাইনগুলিকে পছন্দ করা হয়)
- উৎসের উপাত্ত এবং নিয়মমাফিক মেট্রিকের উপাত্ত সঠিক কিনা তা যাচাই করুন।
 - আগের হিগ্ এফইএম 3.0 যাচাইকরণ থেকে প্রাপ্ত বর্জ্যের পরিমাণ এবং উৎপাদনের আয়তনের উপাত্ত, যোগ্য ব্যক্তিবর্গ দ্বারা করা অভ্যন্তরীণ অথবা বহিরাগত অডিট উপাত্ত যাচাইকরণের গ্রহণযোগ্য উৎস।
- যথাযোগ্য বেসলাইন মেট্রিক প্রয়োগ করুন (যেমন, বছর প্রতি অ্যাবসলুটের জন্য অথবা বেছে নেয়া নর্ম্যালাইজিং মেট্রিক দিয়ে ভাগ করুন প্রতি 1,000,000 খণ্ড পিছু 1,500,000 কেজি = 1.5 কেজি/খণ্ড)
 - **টীকা:** উৎপাদনের সাথে জড়িত নয় এরকম বর্জ্য উৎসগুলোর জন্য, যেখানে যথাযথ সেখানে অন্যান্য নর্ম্যালাইজিং মেট্রিকগুলোকে ব্যবহার করা উচিত (যেমন খাদ্য অথবা অন্যান্য ঘরোয়া বর্জ্যকে পরিবেশন করা খাদ্য পিছু অথবা কর্মী পিছু নিয়মমাফিক (নর্ম্যালাইজ) করা যেতে পারে)

টীকা: যদি একটি লক্ষ্যের প্রেক্ষিতে কর্মকুশলতাকে মূল্যায়ন করার জন্য বেসলাইনটিকে ব্যবহার করা হয়, তবে বেসলাইনটিকে অপরিবর্তিত রাখতে হবে।

হিগ্‌ এফইএম-এ বেসলাইনের উপাত্ত রিপোর্ট করাঃ

করবেনঃ

- ✓ উৎসের উপাত্ত এবং প্রক্রিয়াকরণ হয়নি এরকম নিয়মমাফিক (নর্ম্যালাইজিং) মেট্রিক উপাত্ত (ম্যানিফেস্ট/ইনভয়েস, ওজনের রেকর্ড, উৎপাদনের পরিমাণ, ইত্যাদি) মোট সমগ্রের সাথে মিলিয়ে দেখা তাদের নির্ভুল থাকার বিষয়টিকে নিশ্চিত করার জন্য। (যেমন, মাসিক বর্জ্য উৎসের রেকর্ড দুবার করে খুঁটিয়ে দেখুন নিশ্চিত করার জন্য যে সেগুলো বার্ষিক বর্জ্য খরচ যা বেসলাইন গণনা করার জন্য ব্যবহার করা হয়েছিল, তার পরিমাণের সাথে মিলছে)।
- ✓ এফইএম-এ বেসলাইনের যথাযথ ধরনটি নির্বাচন করুন - চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড)।
- ✓ নিশ্চিত করা যে যথাযথ ইউনিটগুলিকে রিপোর্ট করা হয়েছে এবং যেকোনো ইউনিটকে উৎসের উপাত্ত থেকে রিপোর্ট করা উপাত্তে রূপান্তর করার বিষয়টিকে যাচাই করা।
- ✓ বেসলাইনের (আরম্ভের) বছরটি লিখুন। বেসলাইনের উপাত্ত এই বছরটিকেই বর্ণনা করে।
- ✓ বেসলাইনের বছরটিকে কীভাবে গণনা করা হয়েছিল সে বিষয়ে যথেষ্ট পরিমাণে খুঁটিনাটি প্রদান করবেন (যেমন, উৎপাদিত কাপড়ের প্রতি মিটারে বর্জ্যের পরিমাণ নিয়মমাফিক (নর্ম্যালাইজ করা) হয়েছিল)।
- ✓ "বেসলাইন কি যাচাই করা হয়েছিল?" প্রশ্নের উত্তরে কেবলমাত্র হ্যাঁ বেছে নিন। পূর্ববর্তী একটি হিগ্‌ এফইএম ৩.০ যাচাই চলাকালীন বেসলাইন সংক্রান্ত উপাত্ত যদি সম্পূর্ণভাবে যাচাই করা হয়ে থাকে, অথবা যোগ্য ব্যক্তি দ্বারা যদি অভ্যন্তরীণ বা বহিরাগত অডিট করানো হয়ে থাকে।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন বেসলাইন সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X সেই বেসলাইন সম্পর্কে রিপোর্ট করা যেটি অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল (যেমন, পুরো এক বছরের উপাত্ত নেই)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

কোনো কারখানার বেসলাইন যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই পর্যালোচনা করতে হবে:

- বেসলাইন বছরটির উৎস সংক্রান্ত সমস্ত উপাত্ত (ম্যানিফেস্ট/ ইনভয়েসগুলো, ওজনের রেকর্ড, উৎপাদনের পরিমাণ, ইত্যাদি) এবং মোট একত্রিত উপাত্ত; এবং/অথবা
- যেখানে পাওয়া যাবে সেখানে বেসলাইন উপাত্ত যাচাইয়ের রেকর্ড (যেমন, পূর্ববর্তী হিগ্‌ যাচাই, উপাত্তের গুণগত মানের পর্যালোচনা, অভ্যন্তরীণ অথবা বহিরাগত অডিট, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - প্রত্যেকটি বর্জ্য উৎসের বেসলাইনের কাগজপত্র এবং বেসলাইন সেট করার প্রক্রিয়া এবং সম্পর্কিত উপাত্তের অনুসরণ
 - বেসলাইন উপাত্ত কীভাবে যাচাই করা হয়েছিল তা প্রদর্শন করার সক্ষমতা (যেমন, হিগ্‌ এফইএম ৩.০ দ্বারা যাচাই করা উপাত্ত ব্যবহার, অভ্যন্তরীণ বৈধতা প্রক্রিয়ার ব্যবহার)
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - মেট্রিকের ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটির অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করা উচিত এবং দেখানো উচিত যে বেসলাইন উপাত্তকে কীভাবে বলবৎ করা হয়েছিল (যেমন, হিগ্‌ ৩.০ দিয়ে যাচাই করা উপাত্ত ব্যবহার করা হয়েছিল, অভ্যন্তরীণ বৈধকরণ প্রক্রিয়া, বহিরাগত অডিট ব্যবহার করা হয়েছিল, ইত্যাদি।)
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - বর্জ্য উৎপাদনের বিন্দুগুলো
 - বর্জ্য সঞ্চয় এলাকা
 - বর্জ্য ওজন করার এলাকাগুলো

• আপনার কারখানার সামগ্রিক বর্জ্যের জন্য কি আপনি বর্জ্য নিষ্পত্তি পদ্ধতির একটি বেসলাইন স্থির করেছেন?

যদি তা হয়, কোন পদ্ধতিগুলো চিহ্নিত করুনঃ

- ডিসপোজাল পদ্ধতি
- বেসলাইনের পরিমাণ কি ? (একটি শতকরা হার % প্রবেশ করান)
- বেসলাইনের (আরম্ভের) বছরটি লিখুন
- আপনার বেসলাইনটি কিভাবে গণনা হয়েছিল ?
- বেসলাইনটিকে যাচাই করা হয়েছিল?

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

বর্জ্য ডিসপোজাল পদ্ধতিতে উন্নতি হয়েছে তা দেখানোর জন্য, আপনার শুরুর বিন্দুটি জানা থাকা প্রয়োজন। একটি বেসলাইন স্থির করা (যেমন একটি পরিভাষিত বছরে নির্দিষ্ট একটি প্যারামিটারের বার্ষিক কর্মকুশলতা) আপনাকে বর্জ্য ডিসপোজাল পদ্ধতি অনুসরণ করা এবং লক্ষ্য স্থির করার ক্ষেত্রে ঘটতে থাকা উন্নতির বিষয়ে একটি স্পষ্ট রেফারেন্স বিন্দু রাখতে সক্ষম করবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্য ডিসপোজাল পদ্ধতির বেসলাইন ৮ নম্বর প্রশ্নে বর্জ্য উৎসের বেসলাইনের থেকে আলাদা। ডিসপোজাল পদ্ধতির বেসলাইনগুলো কারখানার মোট বর্জ্য যা একটি নির্দিষ্ট পদ্ধতিতে ফেলা হচ্ছে তার শতকরা হারের উপর অভিনিবেশ করে (যেমন, এক বছরে কারখানায় উৎপাদিত বর্জ্যের ৬০% জমিভরাটের মাধ্যমে ফেলে দেয়া হয়)।

বর্জ্য ডিসপোজাল পদ্ধতির বেসলাইন প্রতিষ্ঠা করার সময়, নিচের বিষয়গুলো করা নিশ্চিত করবেনঃ

- নিশ্চিত করবেন যে বর্জ্য পরিমাণের উপাত্তটি নির্ভুল, এতে অন্তর্ভুক্ত রয়েছে সমস্ত উৎসগুলো এবং একটি বেসলাইন নির্ধারণ করার জন্য তা পর্যাপ্ত। হিগ্‌ এফইএম-এ, একটি বেসলাইনে সাধারণত একটি সম্পূর্ণ ক্যালেন্ডার বছরের উপাত্ত থাকা উচিত।
 - **টীকা:** যদি আপনার কারখানাটি গুরুত্বপূর্ণ কাঠামোগত অথবা প্রয়োগগত পরিবর্তনের মধ্যে দিয়ে গিয়ে থাকে যেমন পণ্য অর্জন অথবা পণ্যের প্রকারে পরিবর্তন, সাধারণভাবে, সেই পরিবর্তনগুলি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরে আপনার একটি বেসলাইন প্রতিষ্ঠা করা অথবা পুনঃস্থাপন করা উচিত।
- সমস্ত উৎস থেকে উৎপাদিত বর্জ্যের মোট পরিমাণ গণনা করুন যার অন্তর্ভুক্ত হবে বিপজ্জনক এবং বিপদবিহীন উৎসগুলো।
- একটি নির্দিষ্ট ডিসপোজাল পদ্ধতি ব্যবহার করে ফেলে দেয়া বর্জ্যের মোট পরিমাণ গণনা করা (যেমন জমিভরাট, রিসাইক্লিং। পোড়ানো)
- একটি নির্দিষ্ট ডিসপোজাল পদ্ধতি ব্যবহার করে ফেলে দেয়া বর্জ্যের মোট পরিমাণকে উৎপাদিত মোট বর্জ্যের পরিমাণ দিয়ে ভাগ করা। উদাহরণ স্বরূপঃ
 - সমস্ত উৎস থেকে উৎপাদিত বর্জ্যের মোট পরিমাণঃ বছর প্রতি ৪৬০,৫৫৫ কেজি
 - রিসাইক্ল হওয়া বর্জ্যের মোট পরিমাণ (সমস্ত প্রাসঙ্গিক উৎস): বছর প্রতি ২৫৫,০০০ কেজি
 - রিসাইক্ল হওয়া বর্জ্যের জন্য বেসলাইন: ৫৫.৩% (২৫৫,০০০ কেজি / ৪৬০,০০০ কেজি)

টীকা: যদি একটি লক্ষ্যের প্রেক্ষিতে কর্মকুশলতাকে মূল্যায়ন করার জন্য বেসলাইনটিকে ব্যবহার করা হয়, তবে বেসলাইনটিকে অপরিবর্তিত রাখতে হবে।

হিগ্‌ এফইএম-এ বেসলাইনের উপাত্ত রিপোর্ট করাঃ

করবেনঃ

- ✓ উৎসের উপাত্তকে পর্যালোচনা করুন (ম্যানিফেস্টগুলো/ইনভয়েসগুলো, ওজনের রেকর্ড, ইত্যাদি) একত্রিত সমগ্রের সাথে মিলিয়ে তাদের নির্ভুলতা নিশ্চিত করার জন্য। (যেমন, মাসিক বর্জ্য উৎসের রেকর্ড দুবার করে খুঁটিয়ে দেখুন নিশ্চিত করার জন্য যে সেগুলো বার্ষিক বর্জ্য খরচ যা বেসলাইন গণনা করার জন্য ব্যবহার করা হয়েছিল, তার পরিমাণের সাথে মিলছে)।
- ✓ বর্জ্যের সমস্ত উৎসগুলো (বিপজ্জনক এবং বিপদবিহীন) কারখানার বর্জ্যের মোট পরিমাণে এবং প্রত্যেকটি ডিসপোজাল পদ্ধতির মধ্যে অন্তর্ভুক্ত থাকাকাটা নিশ্চিত করুন।
- ✓ বেসলাইনের (আরম্ভের) বছরটি লিখুন। বেসলাইনের উপাত্ত এই বছরটিকেই বর্ণনা করে।
- ✓ বেসলাইন কীভাবে গণনা করা হয়েছিল সে বিষয়ে পর্যাপ্ত বিশদে জানাবেন (যেমন রিসাইক্ল হওয়া সমস্ত বর্জ্যের মোট পরিমাণ কারখানায় উৎপাদিত মোট বর্জ্যের পরিমাণ দিয়ে ভাগ করা হয়েছিল)।
- ✓ "বেসলাইন কি যাচাই করা হয়েছিল?" প্রশ্নের উত্তরে কেবলমাত্র হ্যাঁ বেছে নিন। পূর্ববর্তী একটি হিগ্‌ এফইএম ৩.০ যাচাই চলাকালীন বেসলাইন সংক্রান্ত উপাত্ত যদি সম্পূর্ণভাবে যাচাই করা হয়ে থাকে, অথবা যোগ্য ব্যক্তি দ্বারা যদি অভ্যন্তরীণ বা বহিরাগত অডিট করানো হয়ে থাকে।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন বেসলাইন সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X সেই বেসলাইন সম্পর্কে রিপোর্ট করা যেটি অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল (যেমন, পুরো এক বছরের উপাত্ত নেই)।
- X আনুমানিক উপাত্ত রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

কোনো কারখানার বেসলাইন যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই পর্যালোচনা করতে হবে:

- বেসলাইন বছরটির উৎস সংক্রান্ত সমস্ত উপাত্ত (ম্যানিফেস্ট/ ইনভয়েসগুলো, ওজনের রেকর্ড, উৎপাদনের পরিমাণ, ইত্যাদি) এবং মোট একত্রিত উপাত্ত; এবং/অথবা
- যেখানে পাওয়া যাবে সেখানে বেসলাইন উপাত্ত যাচাইয়ের রেকর্ড (যেমন, পূর্ববর্তী হিগ্‌ যাচাই, উপাত্তের গুণগত মানের পর্যালোচনা, অভ্যন্তরীণ অথবা বহিরাগত অডিট, ইত্যাদি)

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁঃ

- **আবশ্যিক নথিপত্র:**
 - প্রত্যেকটি বর্জ্য ডিসপোজাল পদ্ধতির বেসলাইন তৈরি করার প্রক্রিয়ার কাগজপত্র (ডকুমেন্টেশন) এবং বেসলাইন তৈরি করার সম্পর্কিত উপাত্তের অনুসরণ
 - বেসলাইন উপাত্ত কীভাবে যাচাই করা হয়েছিল তা প্রদর্শন করার সক্ষমতা (যেমন, হিগ এফইএম ৩.০ দ্বারা যাচাই করা উপাত্ত ব্যবহার, অভ্যন্তরীণ বৈধতা প্রক্রিয়ার ব্যবহার)
 - বর্জ্য নাড়াচাড়াকারীর চুক্তি। বর্জ্য ডিসপোজালের উপাত্ত এবং প্রক্রিয়ার ব্যাখ্যা।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - মেট্রিকের ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটির অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করা উচিত এবং দেখানো উচিত যে বেসলাইন উপাত্তকে কীভাবে বলবৎ করা হয়েছিল (যেমন, হিগ ৩.০ দিয়ে যাচাই করা উপাত্ত ব্যবহার করা হয়েছিল, অভ্যন্তরীণ বৈধকরণ প্রক্রিয়া, বহিরাগত অডিট ব্যবহার করা হয়েছিল, ইত্যাদি।)
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - কারখানায় বর্জ্য ডিসপোজাল পদ্ধতি এবং বর্জ্য নাড়াচাড়াকারী ঠিকাদারের সাইট।

১০। আপনার কারখানা কি বর্জ্যের পরিমাণ হ্রাস করার জন্য লক্ষ্য স্থির করে?

বর্জ্যের সমস্ত উৎসগুলো বেছে নিন যেগুলোর জন্য আপনার কারখানা উন্নয়নের লক্ষ্য স্থির করেছে।

- এই উৎস থেকে উৎপাদিত বর্জ্যের জন্য আপনার পরিবর্তিত লক্ষ্য কি? **হ্রাসের লক্ষ্যের জন্য নেতিবাচক শতকরা হার (%) প্রবেশ করানোর বিষয়টি নিশ্চিত করুন**
- লক্ষ্য হিসেবে স্থির করা বছরটি কোনটি?
- এই লক্ষ্য পূরণের জন্য পরিকল্পিত পদ্ধতির বিবরণ দিন।

আপনার উৎপাদিত মোট বর্জ্যের ৪০% অথবা তারও বেশি পূরণ করে যে বর্জ্য সেটির পরিমাণের জন্য যদি আপনি লক্ষ্য স্থির করেন তাহলে আপনি পুরো পয়েন্ট পাবেন।

*আপনি **আংশিক পয়েন্ট** পাবেন যদি সেইসব বর্জ্যের পরিমাণের জন্য আপনি লক্ষ্য স্থির করেন যেগুলো আপনার মোট বর্জ্য উৎপাদনের ৫০-৭৯% ভরিয়ে তোলে। আপনার বর্জ্য ব্যবহারের বৃহত্তর উৎসগুলো যা পরিবেশগত প্রভাবগুলোকে বৃদ্ধি করে, সেগুলোকে হ্রাস করার জন্য এটি আপনার পুরস্কার।*

দয়া করে নোট করুন: কোন উৎসগুলোকে আপনি উন্নতিবিধান করার লক্ষ্য সংবলিত বলে রিপোর্ট করেন তার উপর ভিত্তি করে সম্পূর্ণ বা আংশিক পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবেই গণনা হয়ে যাবে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আপনার কারখানার জন্য অন্তত একটি বর্জ্য হ্রাসের লক্ষ্য স্থির করা আপনার উদ্দেশ্য।

স্থায়ীত্ববাদী (সাস্টেইনেবল) সংস্থাগুলো পরিবেশের উপর তাদের ক্ষতিকর প্রভাব কমানোর জন্য অনবরত কাজ করে। এখন যখন আপনি জানেন আপনার কারখানা কতটা বর্জ্য উৎপাদন করে (আপনার "বেসলাইন"), আপনি উৎপাদিত বর্জ্যের পরিমাণ কমানোর জন্য লক্ষ্য স্থির করতে তৈরি।

টীকা: কারখানাগুলো বর্জ্যের পরিমাণ এবং নিষ্পত্তির পদ্ধতির জন্য আলাদা লক্ষ্য স্থির করতে পারে। এই প্রশ্নটি বর্জ্যের নির্দিষ্ট উৎসের ভিত্তিতে পরিমাণের উপর ফোকাস করে।

লক্ষ্য দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী হতে পারে (স্বল্পমেয়াদী = ৩ বছরের কম, দীর্ঘমেয়াদী = ৩ বছরের বেশি)। একবার স্থির হয়ে গেলে, সাফল্য পাওয়ার পথে থাকার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তনগুলোকে নিশ্চিত করার জন্য অন্তত ত্রৈমাসিক হারে একবার উন্নতিবিধানের বিষয়টিকে পর্যালোচনা করতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

একটি লক্ষ্য বেসলাইনের প্রেক্ষিতে একটি নির্দিষ্ট তারিখের মধ্যে যথেষ্ট পরিমাণে উন্নতি করার জন্য চূড়ান্ত (অ্যাবসলুট) বা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) মেট্রিক ব্যবহার করতে পারে। হিগ্‌ এফইএম-এর জন্য, হ্রাস-সংক্রান্ত লক্ষ্যকে উৎপাদনের আয়তনের ইউনিটের সাথে নিয়মমাফিক (নর্ম্যালাইজ) করা যেতে পারে (সাইটের তথ্য বিভাগে বেছে নেয়া হয়ঃ বার্ষিক আয়তনের ইউনিট) অথবা অন্যান্য যথাযথ প্রয়োগ-সংক্রান্ত মেট্রিক। নিয়মমাফিক (নর্ম্যালাইজড) একটি লক্ষ্য কেবলমাত্র ব্যবসায় পরিবর্তনের ফলাফল যেমন উৎপাদন হ্রাস না হয়ে থেকে, উন্নতি প্রকৃতপক্ষে ঘটলে আপনাকে তা প্রদর্শন করে। নিয়মমাফিক (নর্ম্যালাইজড) লক্ষ্যের একটি উদাহরণ হলো এক কিলোগ্রাম বিক্রয়যোগ্য পণ্যের উৎপাদনের জন্য কয়েক কিলোগ্রাম (কেজি) বর্জ্যের উৎপাদন (কেজি/ইউনিট)।

এই প্রশ্নের উত্তরে হ্যাঁ লেখার জন্য আনুষ্ঠানিক লক্ষ্য স্থির করা হিগ্‌ এফইএম-এর ক্ষেত্রে আবশ্যিক। আনুষ্ঠানিক উন্নতিবিধানের লক্ষ্য স্থির করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি করা নিশ্চিত করবেনঃ

- হ্রাসযোগ্য বর্জ্যের পরিমাণ গণনা করার জন্য উন্নতির সুযোগ এবং পদক্ষেপের আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে লক্ষ্য স্থির করুন (যেমন কাঁচামাল / মোড়ক পরিবর্তন, প্রক্রিয়ার সংশোধন অথবা সরঞ্জাম প্রতিস্থাপন)।
 - উদাহরণ স্বরূপঃ লেজার কাটিং মেশিন যা কাপড়ের বর্জ্য কাপড়ের মিটার পিছু ১৫% পর্যন্ত হ্রাস করতে পারে বলে আশা করা হয় এবং যা গণনা করা হয়েছিল যন্ত্রপাতির বৈশিষ্ট্য এবং পরিকল্পিত ক্রিয়াকলাপের ভিত্তিতে, সেটির ক্রয়ের মূল্যায়নের ভিত্তিতে স্থির করা লক্ষ্য।
- লক্ষ্যের প্রকৃত পরিমাণ নির্দেশ করুন, যা শতকরা হার হিসাবে প্রকাশ করা হবে (যেমন, খণ্ড প্রতি নিয়মমাফিক কাপড়ের খরচ হ্রাস করা হবে ৫% পর্যন্ত)। এটিকে **অবশ্যই** উপরে যেভাবে বলা হয়েছে সেরকম আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে হতে হবে।

- লক্ষ্য উৎপাদন অথবা কার্যসম্পাদনা-সংক্রান্ত মেট্রিকের ক্ষেত্রে লক্ষ্য চূড়ান্ত (অ্যাবসলুট) হবে নাকি নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হবে তা নির্ধারণ করুন।
- লক্ষ্যের শুরুর তারিখটি নির্দেশ করুন (যেমন, "বেসলাইন")।
- লক্ষ্যশেষের তারিখটি নির্দেশ করুন, যার অর্থ হলো আবশ্যিক উন্নতিবিধান সম্পূর্ণ হওয়ার উদ্দেশিত তারিখ।
- উপযুক্ত পরিমাপক ইউনিটটি নির্দেশ করুন।
- লক্ষ্য পর্যালোচনা করার প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন। নির্দেশিত লক্ষ্য পৌঁছানোর জন্য গৃহীত পদক্ষেপগুলো এবং তার অগ্রগতির মূল্যায়ন এই পর্যালোচনাতে অন্তর্ভুক্ত হওয়া উচিত। ত্রৈমাসিক পর্যালোচনার জন্য প্রস্তাবনা দেয়া হচ্ছে।
- সাইটের বর্জ্য ব্যবহার হ্রাসের ক্ষেত্রে লক্ষ্যটি যেন প্রাসঙ্গিক হয় তা নিশ্চিত করা (যেমন কারখানাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ পানি ব্যবহারের ক্ষেত্রে মনোনিবেশ করা)

হিগ্‌ এফইএম-এ লক্ষ্য রিপোর্ট করাঃ

করবেনঃ

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য লক্ষ্য পর্যালোচনা করবেন।
- ✓ লক্ষ্যসূত্র করা হ্রাসের মাত্রা শতকরা হারে প্রবেশ করান। **হ্রাসের একটি লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার প্রবেশ করানো নিশ্চিত করুন (যেমন 5% হ্রাসমাত্রার জন্য -5)**
- ✓ এফইএম-এ বেসলাইনের যথাযথ ধরনটি নির্বাচন করুন - চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড)।
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত উপায়গুলোর বর্ণনা দিনঃ"-এর জায়গায় কীভাবে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে সে বিষয়ে পর্যাপ্ত খুঁটিনাটি জানান (যেমন, কাঁচামাল সরবরাহের জন্য পুনর্ব্যবহারযোগ্য কার্টনে ব্যবহার করা শুরু করে নিয়মমাফিক কার্ডবোর্ড বর্জ্যের ক্ষেত্রে 3% হ্রাস অর্জন করা হবে)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X অপর্যাপ্ত উপাত্তের উপর নির্ভরশীল লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, হ্রাসের একটি লক্ষ্যমাত্রা যা বিকল্পগুলির একটি আনুষ্ঠানিক মূল্যায়নের উপর নির্ভরশীল নয় যেমন বিবৃত লক্ষ্যমাত্রা পূরণের জন্য যন্ত্রপাতির আপগ্রেড/উপকরণ পরিবর্তন অথবা লক্ষ্যমাত্রা পূরণের জন্য পদক্ষেপ নির্দেশ করা হয়নি।)
- X আনুমানিক লক্ষ্যমাত্রা সম্পর্কে রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি কারখানার লক্ষ্যগুলোকে যাচাই করার সময়, যাচাইকারীদেরকে **অবশ্যই** পর্যালোচনা করতে হবে:

- পরিপোষক সমস্ত প্রমাণ (যেমন গণনাসমূহ, বর্জ্যের পরিমাণ সংক্রান্ত উপাত্ত এবং বেসলাইনগুলি, নতুন/প্রস্তাবিত যন্ত্রপাতির বিবরণ, ইত্যাদি) যাতে লক্ষ্যমাত্রা যে উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে স্থির হয়েছে তা যাচাই করা যায়।
- মূল্যায়ন হওয়া লক্ষ্যমাত্রা এবং সুযোগসমূহ কারখানার ক্রিয়াকলাপের সাথে প্রাসঙ্গিক থাকা নিশ্চিত করার জন্য কারখানার বর্জ্যের উৎসের সাথে সম্পর্কিত কর্মকান্ড এবং ব্যবহার।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- **আবশ্যিক নথিপত্র:**
 - পরিপোষক নথিপত্র যা প্রদর্শন করে যে লক্ষ্যমাত্রাগুলি নির্ধারিত হয়েছে হ্রাস / উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে (যেমন, গণনা, বর্জ্যের পরিমাণের উপাত্ত এবং বেসলাইন, নতুন/ প্রস্তাবিত যন্ত্রপাতির বিবরণ, ইত্যাদি)
 - কীভাবে লক্ষ্যমাত্রা(গুলি) গণনা করা হয় তা দেখানোর জন্য পরিপোষক প্রণালী এবং গণনা
 - লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য মাপকাঠি/পদক্ষেপের তালিকা
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - লক্ষ্য ব্যবস্থাপনার জন্য দায়ী দলের সাথে আলোচনা। দলটিকে অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করতে এবং প্রদর্শন করতে হবে লক্ষ্যমাত্রা কীভাবে নির্ধারণ করা হয়েছিল (যেমন, উন্নতিবিধানের সুযোগসমূহের মূল্যায়ন থেকে গণনায় প্রাপ্ত হ্রাসের সংখ্যা) এবং কীভাবে লক্ষ্যমাত্রাটিকে নজরদারিতে রাখা এবং পর্যালোচনা করা হয়েছে
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - বর্জ্য হ্রাসের লক্ষ্যের কৌশলের সহায়ক প্রমাণ

আংশিক হ্যাঁ

- "হ্যাঁ" উত্তরের মতোই একই আবশ্যিকতা কিন্তু শুধুমাত্র উৎসগুলোর জন্য (অথবা একটি উৎস) যা একত্রে সমগ্র বর্জ্যের 50-79% ব্যবহার করে (এই উপাত্ত খুঁজে পাওয়া গেছে প্রশ্ন 1-এর % অবদানের গণনায়)।

১১। আপনার কারখানার সামগ্রিক বর্জ্যের জন্য কি আপনি বর্জ্য ডিসপোজাল-এর পদ্ধতির উন্নতির জন্য একটি লক্ষ্য স্থির করেছেন?

যদি তা হয়, কোন পদ্ধতিগুলো চিহ্নিত করুন।

- বর্জ্য ফেলার পদ্ধতি
- ডিসপোজালের এই পদ্ধতির পরিবর্তনের জন্য আপনার লক্ষ্য কি ?
- লক্ষ্য হিসেবে স্থির করা বছরটি কোনটি?

এই লক্ষ্য পূরণের জন্য পরিকল্পিত পদ্ধতির বিবরণ দিন।

দয়া করে নোট করুন যে উৎপাদিত বর্জ্যের মোট পরিমাণ এবং ডিসপোজালের পদ্ধতির জন্য আপনার পৃথক লক্ষ্য স্থির করার প্রয়োজন হতে পারে। এই লক্ষ্যগুলো ডিসপোজালের পদ্ধতির উপর নির্ভর করে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্য হলো আপনি যাতে আপনার কারখানার বর্জ্য নিষ্কাশন পদ্ধতির উন্নতির জন্য অন্তত একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন।

স্থায়ীত্ববাদী (সাস্টেইনেবল) সংস্থাগুলো পরিবেশের উপর তাদের ক্ষতিকর প্রভাব কমানোর জন্য অনবরত কাজ করে। এখন যখন আপনি বর্জ্যের সেই শতকরা হারটি সম্পর্কে অবগত যেটিকে একটি বিশেষ পদ্ধতিতে নিষ্কাশন করানো হয় (যেমন জমিভরাট, রিসাইক্লিং, ইত্যাদি) (আপনার "বেসলাইন"), আপনি লক্ষ্য স্থির করার জন্য প্রস্তুত যাতে আপনার বর্জ্যের নিষ্কাশন পদ্ধতির উন্নতি ঘটানো যায় পরিবেশগত প্রভাব কমিয়ে আনার জন্য।

লক্ষ্য দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী হতে পারে (স্বল্পমেয়াদী = ৩ বছরের কম, দীর্ঘমেয়াদী = ৩ বছরের বেশি)। একবার স্থির হয়ে গেলে, সাফল্য পাওয়ার পথে থাকার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তনগুলোকে নিশ্চিত করার জন্য অন্তত ত্রৈমাসিক হারে একবার উন্নতিবিধানের বিষয়টিকে পর্যালোচনা করতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

আপনার বর্জ্যের পরিবেশগত প্রভাব হ্রাসের বিষয়টি অর্জন করা সম্ভব বর্জ্য উৎপাদনের পরিমাণ কমানোর মাধ্যমে অথবা একটি নিষ্কাশন পদ্ধতি ব্যবহার করার মাধ্যমে যা কম পরিবেশগত ক্ষতি সাধন করবে।

ডিসপোজাল পদ্ধতির উন্নতিবিধানের উদাহরণের অন্তর্ভুক্ত হলোঃ

- বহিরাগত রিসাইক্লিং ঠিকাদারদের কাছে পাঠানো বর্জ্যের পরিমাণ এবং জৈব পরিশোধন বৃদ্ধি করুন (যেমন বিপদহীন উৎপাদনের বর্জ্য রিসাইক্লিং এবং খাদ্যজাত বর্জ্যের জৈব পরিশোধন) যাতে জমিভরাট বা শক্তি পুনরুদ্ধার ছাড়া দহনকার্যের ফলে উৎপাদিত বর্জ্যকে রূপান্তরে সহায়তা করবে।
- এমন একটি ডিজপোজাল / পরিশোধন পদ্ধতি ব্যবহার যা বর্জ্যের ব্যবহারযোগ্য দিকগুলিকে উন্নত করার করবে (যেমন, জমিভরাটের বদলে শক্তি পুনরুদ্ধার সহ দহনকার্যের ব্যবহার)

টীকা: বর্জ্য ডিজপোজাল পদ্ধতির উন্নতির জন্য প্রায়শই বর্জ্য পরিশোধক ভেভারদের সহযোগীতার প্রয়োজন হয় কোন পছন্দনীয় ডিজপোজাল পদ্ধতিটি পাওয়া যাবে তা মূল্যায়ন করার জন্য।

বর্জ্য ডিজপোজাল পদ্ধতি বা পরিশোধনের পদ্ধতির উন্নতিকে মূল্যায়ন করার সময় নিম্নোক্ত শ্রেণীবিভাগ ব্যবহার করা যেতে পারে (১ সর্বাধিক পছন্দসই বিকল্প)।

1. বর্জ্যের উৎস কমিয়ে আনা এবং পুনর্ব্যবহার / আপসাইক্ল
2. রিসাইক্ল
3. শক্তি / উপকরণ পুনরুদ্ধার (যেমন শক্তি পুনরুদ্ধার সহ দহনকার্য)
4. অন্যান্য পরিশোধন (যেমন, জৈব পরিশোধন, শক্তি পুনরুদ্ধার ছাড়া দহনকার্য)
5. জমিভরাট

এই প্রশ্নের উত্তরে **হ্যাঁ** লেখার জন্য আনুষ্ঠানিক লক্ষ্য স্থির করা হিগ এফইএম-এর ক্ষেত্রে আবশ্যিক। আনুষ্ঠানিক উন্নতিবিধানের লক্ষ্য স্থির করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি করা নিশ্চিত করবেনঃ

- উন্নতির সুযোগ এবং পদক্ষেপের আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে লক্ষ্য স্থির করুন (যেমন, বর্জ্য পরিশোধনকারী ভেভারদের সাথে উপলব্ধ নিষ্কাশন বিকল্পগুলি সম্পর্কে পর্যালোচনা) যাতে বর্জ্যের পরিমাণ এবং ধরন যা পছন্দনীয় পদ্ধতিতে পরিশোধন করা যাবে তা গণনা করা যায়।
 - উদাহরণ স্বরূপ, সমস্ত ফ্যাব্রিক ও প্লাস্টিক প্যাকেজিং রিসাইক্ল ভেভারের কাছে পাঠানোর মূল্যায়নের ভিত্তিতে একটি লক্ষ্য স্থির করা যা এগুলি জমিভরাটের জন্য পাঠানোর বিপরীত এবং ফলস্বরূপ রিসাইক্লিং-এর জন্য ২৫% বেশি বর্জ্য পাঠানোর আশা করা যায়। **টীকা:** এটি নিশ্চিত করা উচিত যে ভেভার উপকরণগুলিকে রিসাইক্ল করতে সক্ষম এবং তা করার জন্য তার প্রযোজ্য প্রযুক্তি এবং পরিচালনা-সংক্রান্ত অনুমতিপত্র আছে।
- সঠিক পরিমাণ নির্ধারণ করুন, যা শতকরা হারে প্রকাশ পাবে (যেমন, শক্তি পুনরুদ্ধার সহ দহনকার্যের মাধ্যমে বর্জ্যের পরিশোধনের পরিমাণ ১৫% বৃদ্ধি)। এটিকে **অবশ্যই** উপরে যেভাবে বলা হয়েছে সেরকম আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে হতে হবে।
- লক্ষ্যের শুরুর তারিখটি নির্দেশ করুন (যেমন, "বেসলাইন")।
- লক্ষ্যশেষের তারিখটি নির্দেশ করুন, যার অর্থ হলো আবশ্যিক উন্নতিবিধান সম্পূর্ণ হওয়ার উদ্দেশিত তারিখ।

- লক্ষ্য পর্যালোচনা করার প্রক্রিয়া প্রতিষ্ঠা করুন। নির্দেশিত লক্ষ্যে পৌঁছানোর জন্য গৃহীত পদক্ষেপগুলো এবং তার অগ্রগতির মূল্যায়ন এই পর্যালোচনাতে অন্তর্ভুক্ত হওয়া উচিত। ত্রৈমাসিক পর্যালোচনার জন্য প্রস্তাবনা দেয়া হচ্ছে।
- কারখানার বর্জ্য ডিজপোজাল পদ্ধতির সাথে লক্ষ্যমাত্রা প্রাসঙ্গিক থাকা নিশ্চিত করুন (যেমন নতুন ডিজপোজাল পদ্ধতির কারণে পরিবেশগত ক্ষতি কমে)

হিগ্ এফইএম-এ লক্ষ্য রিপোর্ট করাঃ

করবেনঃ

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য লক্ষ্য পর্যালোচনা করবেন।
- ✓ লক্ষ্যস্থির করা হ্রাসের মাত্রা শতকরা হারে প্রবেশ করান। **হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন ৫% হ্রাস করার জন্য -৫), এবং একটি বৃদ্ধিমূলক লক্ষ্যের জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারের ক্ষেত্রে ৫% বৃদ্ধির জন্য ৫) প্রবেশ করানোর বিষয়টি নিশ্চিত করবেন।**
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত উপায়গুলোর বর্ণনা দিনঃ"-এর জায়গায় কীভাবে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে সে বিষয়ে পর্যাপ্ত খুঁটিনাটি জানান (যেমন, যাচাইকৃত ফাইবার রিসাইক্ল ভেডারের কাছে ফ্যাব্রিকের টুকরো পাঠিয়ে বর্জ্য রিসাইক্লিংয়ের ক্ষেত্রে 10%% বৃদ্ধি অর্জন)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X অপর্যাপ্ত উপাত্তের উপর নির্ভরশীল লক্ষ্য সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, হ্রাসের একটি লক্ষ্যমাত্রা যা বিকল্পগুলির একটি আনুষ্ঠানিক মূল্যায়নের উপর নির্ভরশীল নয় যেমন বিবৃত লক্ষ্যমাত্রা পূরণের জন্য নতুন বর্জ্য পরিশোধনকারী ভেডার অথবা লক্ষ্যমাত্রা পূরণের জন্য পদক্ষেপ নির্দেশ করা হয়নি।)
- X আনুমানিক লক্ষ্যমাত্রা সম্পর্কে রিপোর্ট করা যদি তা যাচাইযোগ্য এবং নির্ভুল অনুমান-প্রণালী ও উপাত্ত দ্বারা সমর্থিত না হয় (যেমন, প্রকৌশলগত গণনা)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

একটি কারখানার লক্ষ্যগুলোকে যাচাই করার সময়, যাচাইকারীদেরকে **অবশ্যই** পর্যালোচনা করতে হবে:

- পরিপোষক সমস্ত প্রমাণ (যেমন গণনাসমূহ, বর্জ্যের পরিমাণ সংক্রান্ত উপাত্ত এবং বেসলাইনগুলি, নতুন/প্রস্তাবিত যন্ত্রপাতির বিবরণ, ইত্যাদি) যাতে লক্ষ্যমাত্রা যে উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে স্থির হয়েছে তা যাচাই করা যায়।

- মূল্যায়ন হওয়া লক্ষ্যমাত্রা এবং সুযোগসমূহ কারখানার ক্রিয়াকলাপের সাথে প্রাসঙ্গিক থাকা নিশ্চিত করার জন্য কারখানার বর্জ্যের উৎসের সাথে সম্পর্কিত কর্মকান্ড এবং ব্যবহার।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - বর্জ্য সরানোর উন্নতিবিধানের কৌশল / বর্জ্য ব্যবস্থাপনার পরিকল্পনা
 - পরিপোষক নথিপত্র যা প্রদর্শন করে যে লক্ষ্যমাত্রাগুলি নির্ধারিত হয়েছে হ্রাস / উন্নতিবিধানের সুযোগসমূহের একটি আনুষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে (যেমন, বর্জ্যের পরিমাণের উপাত্ত এবং বেসলাইনসমূহ, নতুন/ প্রস্তাবিত ডিজপোজাল পদ্ধতি, ইত্যাদি)
 - কীভাবে লক্ষ্যমাত্রা(গুলি) গণনা করা হয় তা দেখানোর জন্য পরিপোষক প্রণালী এবং গণনাসমূহ।
 - লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য মাপকাঠি/পদক্ষেপের তালিকা
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - লক্ষ্য ব্যবস্থাপনার জন্য দায়ী দলের সাথে আলোচনা। দলটিকে অবশ্যই স্পষ্টভাবে ব্যাখ্যা করতে এবং প্রদর্শন করতে হবে লক্ষ্যমাত্রা কীভাবে নির্ধারণ করা হয়েছিল (যেমন, উন্নতিবিধানের সুযোগসমূহের মূল্যায়নের ভিত্তিতে) এবং কীভাবে লক্ষ্যমাত্রাটিকে নজরদারিতে রাখা এবং পর্যালোচনা করা হয়েছে।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - বর্জ্য রূপান্তরের উন্নতিবিধানের লক্ষ্যের কৌশলের সহায়ক প্রমাণ

১২। বর্জ্যের পরিমাণ হ্রাস করা অথবা পরিশোধনের ধরন উন্নত করার জন্য কি আপনার কারখানার বাস্তবায়ন পরিকল্পনা আছে ?

পরিকল্পনাটির একটি কপি আপলোড করুন।

- *এটি একটি বর্জ্য হ্রাসের পরিকল্পনা হওয়া উচিত যেটি বর্জ্য ব্যবহারের ক্ষেত্রে হ্রাসের লক্ষ্য পূরণের জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ দেখায়*

Answer Yes if you have an implementation plan in place that demonstrates you are taking action to achieve your targeted reductions or improvements.

যদি আপনার বাস্তবায়ন সংক্রান্ত এমন কোনো সক্রিয় পরিকল্পনা থাকে যা দেখায় যে আপনি আপনার হ্রাস-সংক্রান্ত অথবা উন্নতিবিধানের লক্ষ্য পূরণের জন্য পদক্ষেপ নিচ্ছেন তাহলে **উত্তরে হ্যাঁ বলুন।**

যদি আপনার পরিকল্পনা থেকে থাকে কিন্তু করণীয় সব কাজ আপনি না শুরু করে থাকেন তাহলে **আংশিক হ্যাঁ বলুন।**

এখানে আপনি ডাউনলোড করতে পারেন [বাস্তবায়ন পরিকল্পনাটির একটি নমুনা](#)

নোটঃ প্রকৃত উন্নতির % হারকে এটি স্কোর দিচ্ছে না কারণ একটি কারখানা তার শেষ ৫-১০% বর্জ্য ব্যবস্থাপনার সুযোগের ভিত্তিতে কাজ করতে পারে যা পূরণ করা খুব কঠিন। আমরা মিছিমিছি সদ্য শুরু করাদের পুরস্কৃত করতে এবং নেতৃস্থানীয়দের কম পয়েন্ট দিতে চাই না।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

বর্জ্য ব্যবস্থাপনার উন্নতি (পরিমাণ বা চূড়ান্ত ডিসপোজাল) করার জন্য আপনার কারখানাকে দিয়ে একটি কর্ম-পদক্ষেপের পরিকল্পনা প্রস্তুত করানোই উদ্দেশ্য।

পদ্ধতিগতভাবে বর্জ্য ব্যবস্থাপনার জন্য লক্ষ্য-স্থির করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, কিন্তু আপনার সাইটকে অবশ্যই হ্রাসের জন্য *পদক্ষেপ নিতে হবে* বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা আপনার স্থির করা হ্রাসের লক্ষ্য পূরণ এবং বর্জ্যের অন্যরকম ব্যবহারের জন্য আপনি যে পদক্ষেপগুলো গ্রহণ করছেন তাদের দেখায়। কিছু কারখানার নির্দিষ্ট লক্ষ্য ছাড়াই বাস্তবায়ন পরিকল্পনা থাকতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

আপনার কারখানার বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের সাথে সংযুক্ত সমস্ত ব্যবসায়িক প্রক্রিয়াকে নথিভুক্ত করার জন্য এটিই আপনার সুযোগ।

কর্ম-পদক্ষেপের মধ্যে অন্তর্ভুক্ত থাকা উচিতঃ

1. বর্জ্য সংক্রান্ত উন্নতিবিধানের সুযোগকে চিহ্নিত করা
2. বর্জ্য ব্যবস্থাপনার বিকল্পগুলোকে মূল্যায়ন করা
3. উন্নতি করা দরকার এমন বিষয়বস্তুগুলোকে অগ্রগতিশীল সময়সীমার মধ্যে প্রাধান্য দেয়া
4. বেছে নেয়া সমাধানের জন্য আর্থিক অনুমোদন দেয়া
5. সমাধান বাস্তবায়ন করা এবং হ্রাস কমানো নথিভুক্ত করা
6. একটি দল/কর্মচারীদের অগ্রগতি অনুসরণ এবং পর্যবেক্ষণ করার জন্য নিয়োগ করা
7. উন্নতিবিধানের সাথে সংশ্লিষ্ট প্রকল্পের অগ্রগতি খুঁটিয়ে দেখার জন্য নিয়মিত পর্যালোচনার ব্যবস্থা করা

একটি বাস্তবায়ন পরিকল্পনা কীভাবে করা যায়?

উন্নতিবিধানের সুযোগগুলোকে যাতে চিহ্নিত করা সম্ভব হয়, সমাধানের প্রস্তাব দেয়া যায়, এবং প্রস্তাবিত সমাধানগুলোকে সফলভাবে বাস্তবায়িত করার জন্য যদি প্রয়োজন হয় তাহলে আসল অথবা ব্যয়ের জন্য নির্দিষ্ট ডলার ব্যবহার করে যাতে পরিবর্তন করা সম্ভব হয়, সেজন্য ব্যবস্থাপনা এবং বর্জ্য নিয়ন্ত্রণ ঠিকাদারের একনিষ্ঠতা, কর্মচারীদের সচেতনতা, এবং অংশগ্রহণ আপনার প্রয়োজন হবে। বর্জ্য ব্যবস্থাপনার সুযোগকে কার্যকরীভাবে চিহ্নিত করার জন্য, বর্জ্য কমানোর জন্য একটি অডিট করানো যায়। অডিট সাধারণত কারখানায় উৎপাদিত বর্জ্যের একটি পদ্ধতিগত মূল্যায়ণ করে থাকে এবং পরিবেশগত ও মূল্যের উপর প্রভাব কমানোর জন্য সুযোগকে চিহ্নিত করে। সমাধান বাস্তবায়িত করার অভিমুখী বহু সম্ভাব্য পথের মধ্যে প্রায়শই অন্তর্ভুক্ত থাকে তৃতীয় পক্ষীয় পরামর্শ, লিখিত নথিপত্র এবং প্রযুক্তিগত গবেষণা, ডিজাইনের ফার্ম, এবং প্রথম ধাপের পরীক্ষানিরীক্ষা।

লক্ষ্য পূরণের সাথে সংশ্লিষ্ট সমস্ত কর্মকান্ড একটি বাস্তবায়ন পরিকল্পনার অংশ হওয়া উচিত যাতে শুরু থেকেই সংগঠিত এবং সমন্বিত অগ্রগতিমূলক পদক্ষেপ গ্রহণ করা যায় এবং অগ্রগতিমূলক সময়সীমার মধ্যে উন্নতিবিধান প্রয়োজন এমন সমস্ত বিষয়বস্তুকে প্রাধান্য দেয়া যায়। এই পরিকল্পনাটি তৈরি করার পরে, কার্যকরী বাস্তবায়নকে সুনিশ্চিত করার জন্য একটি বাস্তবায়নকারী দল গঠনের জন্য সুপারিশ করা হয়। এই দলে নিযুক্ত কর্মচারীদের স্পষ্ট ভূমিকা এবং দায়িত্ব থাকা উচিত। বাস্তবায়ন পরিকল্পনাটি অন্তত বার্ষিক হারে পর্যালোচনা করা উচিত এবং এতে অন্তত প্রকল্পের খুঁটিনাটি, বাস্তবায়নের জন্য যথাযথ সময়সীমা এবং দায়িত্বশীল পক্ষদের অন্তর্ভুক্তি থাকা উচিত।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - বর্জ্য ব্যবস্থাপনার জন্য পরিবেশগত কর্মকুশলতার উন্নতির ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - পরিচালকবর্গ বর্জ্য ব্যবস্থাপনার জন্য পরিবেশগত কর্মকুশলতার উন্নতিবিধানের ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের বিষয়টি প্রধান কর্মীদেরকে জানিয়ে দিয়েছেন।
 - মূল কর্মীরা বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিবেশগত কর্মকুশলতার ব্যবস্থাপনা ও বাস্তবায়নের পরিকল্পনাটি বোঝেন।
 - বর্জ্য ব্যবস্থাপনাকারী ঠিকাদারদেরও বর্জ্য ব্যবস্থাপনার জন্য পরিবেশগত কর্মকুশলতার ব্যবস্থাপনা ও বাস্তবায়নের উন্নতির পরিকল্পনাটি জানানো হয়েছে।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - বর্জ্য ব্যবস্থাপনার কারণে পরিবেশগত কর্মকুশলতার উন্নতিবিধানের ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের পরিকল্পনা সহজে কর্মচারীদের জন্য উপলব্ধ।

- কারখানায় এবং বর্জ্য ঠিকাদারদের সাইটে পরিকল্পনা অনুসরণ করা হচ্ছে - তার সমর্থনে প্রমাণ।

আংশিক হ্যাঁ

● নথিপত্র আবশ্যিকঃ

- কারখানা বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিবেশগত কর্মকুশলতার উন্নতিবিধানের ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের জন্য পরিকল্পনা তৈরির জন্য প্রক্রিয়ারত।

● জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- পরিচালকবর্গ জানেন কীভাবে বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিবেশগত কর্মকুশলতার উন্নতিবিধানের ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের জন্য তাদের পরিকল্পনাকে তৈরি করতে এবং চূড়ান্ত করতে হবে।

● পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- কারখানার বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিবেশগত কর্মকুশলতার উন্নতিবিধানের ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের জন্য পরিকল্পনা তৈরির অগ্রগতির সপক্ষে প্রমাণ।
- পরিকল্পনাটি সম্পূর্ণ করার জন্য স্পষ্ট পরবর্তী পদক্ষেপযুক্ত রূপরেখা রয়েছে।

১৩। আপনার ফেসিলিটি কি প্রতিষ্ঠিত বেসলাইনের তুলনায়, এই প্রতিবেদনের বছরে বর্জ্যের পরিমাণ কমিয়েছে অথবা পরিশোধনের ধরনে উন্নতি করেছে?

- বর্জ্যের যেসব উৎসের ক্ষেত্রে আপনার কারখানায় অগ্রগতি হয়েছে সেগুলো বেছে নিন
- একটি বেসলাইন বছর বেছে নিন
- পরিমাণ
- পরিমাপের ইউনিট
- শতাংশ পরিবর্তন
- এই উন্নতি অর্জন করার ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলোর বিবরণ দিন

আপনি **পুরো পয়েন্ট** পাবেন যদি আপনি বর্জ্যের সেইসকল উৎসের ক্ষেত্রে হ্রাস করে থাকেন যা আপনার উৎপাদিত মোট বর্জ্যের 80% পূরণ করে।

যদি বর্জ্যের সেইসকল উৎসের ক্ষেত্রে হ্রাস করে থাকেন যেগুলো আপনার মোট বর্জ্যের পরিমাণের 50-79% পূরণ করে তাহলে আপনি **আংশিক পয়েন্ট** পাবেন। আপনার বর্জ্য ব্যবহারের বৃহত্তর উৎসগুলো যা পরিবেশগত প্রভাবগুলোকে বৃদ্ধি করে, সেগুলোকে হ্রাস করার জন্য এটি আপনার পুরস্কার।

আমরা সুপারিশ করি যে আপনি স্বাভাবিক হ্রাস দেখান যেমন "২০১৯ সালে পণ্য পিছু বিপজ্জনক বর্জ্যের কেজি ৫০% হ্রাস হয়েছিল।" কারণ নিয়মমাফিক (নর্ম্যালাইজড) মেট্রিক প্রকৃত উন্নতি দেখায় ব্যবসায়িক পরিবর্তনের কারণে ঘটা হ্রাস যেমন উৎপাদন হ্রাসের বদলে।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

স্থায়িত্ববাদীতা হলো নিরন্তর উন্নতিবিধানের একটি যাত্রা। সাফল্য হলো ব্যাপক এক কাজের ফলাফল যাতে অন্তর্ভুক্ত রয়েছে অনুসরণ, লক্ষ্য স্থির করা, এবং লক্ষ্য পূরণের জন্য বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী কাজ নিষ্পন্ন করা। হিগ এফইএম রিপোর্টিং বছরে এই প্রশ্নটি পরিমাপযোগ্য বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রদর্শনযোগ্য উন্নতি রিপোর্ট করার সুযোগ দেয়। আগের বছর জুড়ে সফলতাকে অনুসরণ করে, একটি কারখানা তার সফলতার মাধ্যমে দীর্ঘস্থায়ী হওয়ার দিকে নিজের একনিষ্ঠতাকে প্রমাণ করে।

এটি আপনার কঠিন পরিশ্রমের মাধ্যমে প্রভাব হ্রাসের ক্ষেত্রে অনুসরণ করা, লক্ষ্য স্থির করা এবং একটি কর্মপরিকল্পনা তৈরি করার বিষয়গুলোকে প্রদর্শন করার সুযোগ। আপনি কি অর্জন করেছেন তা শেয়ার করার জন্য এই প্রশ্নটি ব্যবহার করুন।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

উন্নতি চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হতে পারে, তবে সুপারিশ করা হয় যে আপনি নর্ম্যালাইজড হ্রাসই দেখান যেমন " কার্টন বর্জ্যের ব্যবহার রিপোর্টিং বছরে 0.015 কেজি/ইউনিট কমানো হয়েছিল।" কারণ নিয়মমাফিক (নর্ম্যালাইজড) মেট্রিক প্রকৃত উন্নতি দেখায় ব্যবসায়িক পরিবর্তনের কারণে ঘটা হ্রাস যেমন উৎপাদন হ্রাসের বদলে।

এই প্রশ্নে হ্যাঁ উত্তর দিতে পারার জন্য বছরের পর বছর উন্নতি হওয়ার বিষয়টি এফইএম-এ প্রদর্শন করা আবশ্যিক। আপনার বর্জ্য হ্রাস মূল্যায়ন করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি নিশ্চিত করবেনঃ

- বর্জ্যের উৎসের উপাত্ত এবং একত্রিত মোট সংখ্যাটি পুনর্বিবেচনা করবেন যাতে উপাত্ত এবং যেকোনো স্বয়ংক্রিয় গণনা নির্ভুল রয়েছে।
- উন্নতির লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলি পুনর্বিবেচনা করুন এবং ঐতিহাসিক বর্জ্য সংক্রান্ত উপাত্তের সাথে এই উপাত্তের তুলনা করার মাধ্যমে এগুলোর কারণে পরিমাপযোগ্য উন্নতি ঘটেছে কিনা তা নির্ধারণ করুন। **টীকা:** ঐতিহাসিক উপাত্ত নির্ভুল কীনা তাও যাচাই করতে হবে।
 - যেমন, ৫টি লেজার কাটিং মেশিন বসানোতে ইউনিট পিছু ০.০২ কেজি ফ্যাব্রিক বর্জ্য কম হলো, যা পূর্ববর্তী বছরের নিয়মমাফিক (নর্ম্যালাইজড) বর্জ্যের উপাত্তের তুলনায় ৮% কম।

টীকা: কারখানার নির্মাণ এবং ধ্বংসজাত (কনস্ট্রাকশন অ্যান্ড ডেমোলিশন) বর্জ্য বেসলাইন এবং রিডাকশন পারফরম্যান্সে অন্তর্ভুক্ত হওয়া উচিত নয়। এছাড়াও, সাইটের নেয়া পরিমাপের মধ্যে হ্রাসের বিষয়টি রয়েছে।

হিগ্ এফইএম-এ উন্নতিবিধানের রিপোর্টিংঃ

করবেনঃ

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য হ্রাস-সংক্রান্ত উপাত্ত পর্যালোচনা করবেন।
- ✓ উন্নতিবিধানের পরিমাণ হয় একটি চূড়ান্ত (অ্যাবসল্যুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) ভ্যালু হিসেবে প্রবেশ করান। এটি বছরের পর বছর ধরে এই উৎসের থেকে শক্তি ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তন। (যেমন, পূর্ববর্তী বছরের খরচ – রিপোর্টিং বছরের খরচ = শক্তি ব্যবহারে পরিবর্তন) **হ্রাস দেখানোর জন্য একটি নেতিবাচক সংখ্যা প্রবেশ করানো নিশ্চিত করুন (যেমন নিয়মমাফিক (নর্ম্যালাইজড) 0.05 কেডাক্সএইচ/ইউনিট হ্রাসের ক্ষেত্রে -0.05) এবং একটি বৃদ্ধি দেখানোর জন্য একটি ইতিবাচক সংখ্যা (যেমন পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহারের নিয়মমাফিক (নর্ম্যালাইজড) 0.03 কেডাক্সএইচ/ইউনিট বৃদ্ধির জন্য 0.03)**
- ✓ উন্নতির জন্য উপযুক্ত ইউনিটগুলো নির্বাচন করুন। (যদি উপযুক্ত ইউনিট পাওয়া না যায়, "এই উন্নতি অর্জনের ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলির বিবরণ দিনঃ" লেখা জায়গাতে ইউনিটগুলিকে তালিকাভুক্ত করুন)
- ✓ আগের বছরের বর্জ্যের পরিমাণে পরিবর্তনটি শতকরা % হারে প্রবেশ করান। **হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন ৫% হ্রাস করার জন্য -৫), এবং একটি বৃদ্ধিমূলক ব্যবহারবিধির জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারের ক্ষেত্রে ৫% বৃদ্ধির জন্য ৫) প্রবেশ করানোর বিষয়টি নিশ্চিত করুন।**
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত উপায়গুলোর বর্ণনা দিনঃ"-এর জায়গায় কীভাবে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে সে বিষয়ে পর্যাপ্ত খুঁটিনাটি জানান (যেমন নিয়মমাফিক (নর্ম্যালাইজড) বর্জ্য উৎপাদন কাঁচামালের জন্য পুনর্ব্যবহারযোগ্য প্যাকেজিং কন্টেনারে পরিবর্তন করার মাধ্যমে কমানো হয়েছিল)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা যেগুলো এফইএম রিপোর্টিং বছরে অর্জিত হয়নি (যেমন ঐতিহাসিক উন্নতি যা ১ বছরেরও আগে অর্জিত হয়েছিল সেগুলো রিপোর্ট করা উচিত নয়)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করুন যা চূড়ান্ত (অ্যাবসল্যুট) এবং উৎপাদনে হ্রাস অথবা ফেসিলিটির হ্রাসপ্রাপ্ত ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত। এই কারণেই উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজেশন) করা জরুরি।
- X অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল উন্নতি সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, সামগ্রিক হ্রাস অর্জন করা গেছিল কিন্তু এটি এই হ্রাসের মাত্রা অর্জন করার জন্য পরিমাপযোগ্য অথবা বর্ণিত পদক্ষেপের সাথে সম্পর্কিত ছিল না)। এটি বিশেষ করে জরুরি যখন উন্নতির পরিমাণ প্রাপ্তীয় (যেমন, 1-2%-এর চেয়ে

কম) এবং সম্ভবত পরিমাপ/ অনুসরণের ত্রুটি এবং/অথবা কার্যসম্পাদনগত পরিবর্তনশীলতার কারণে ঘটেছে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

কোনো ফেসিলিটির উন্নতি যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** পর্যালোচনা করতে হবে:

- রিপোর্ট করা হ্রাসের পরিমাণ নির্ভুল এবং বর্জ্যের ব্যবহার কমানোর জন্য গৃহীত পরিমাপযোগ্য পদক্ষেপগুলির কারণেই ঘটেছে তা যাচাই করার জন্য সমস্ত পরিপোষক প্রমাণ (যেমন বর্জ্যের পরিমাণের উপাত্ত এবং বেসলাইন, ইত্যাদি)।
- উন্নতি সাধনের জন্য বাস্তবায়িত পরিবর্তনগুলি অথবা গৃহীত পদক্ষেপগুলি।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- **আবশ্যিক নথিপত্র:**
 - বর্জ্য অনুসরণকারী প্রতিবেদনসমূহ এবং পরিমাণের রেকর্ড যা বর্জ্যের সেই উৎসগুলোর ক্ষেত্রে হ্রাস প্রদর্শন করে যেগুলো আপনার সাইটের মোট বর্জ্যের 80%-এরও বেশি পরিমাণকে পূরণ করে।
 - বর্জ্য হ্রাস উদ্যোগের প্রমাণ যা দেখায় যে বর্জ্য হ্রাস কেবলমাত্র উৎপাদন কমে যাওয়া, বা কর্মী সংখ্যা কমে যাওয়ার ফলে ঘটেনি।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - বর্জ্য ব্যবস্থাপনার জন্য দায়ী দলের সাথে আলোচনা। দলটিকে স্পষ্টভাবে ব্যাখ্যা এবং প্রদর্শন করতে হবে যে কীভাবে উন্নতি অর্জন করা হয়েছিল (যেমন কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, এবং এই পরিবর্তনকে কীভাবে পরিমাপ ও গণনা করা হয়েছিল)।
 - বর্জ্য হ্রাস করার জন্য প্রধান অনুশীলনসমূহকে বাস্তবায়নের জন্য পরিচালকবর্গ সক্রিয়ভাবে প্রচার করছেন।
 - বর্জ্য হ্রাসের ক্ষেত্রে তাদের সেক্টর / ভৌগোলিক অঞ্চলের জন্য স্বীকৃত আন্তর্জাতিক মানদণ্ডের চর্চা কোনটি তা পরিচালকবর্গ বোঝেন।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - ফেসিলিটির প্রক্রিয়া যেটি সেইসকল উন্নতিবিধানের ক্ষেত্রে অবদান রেখেছে যেগুলি কৌশলসমূহের তালিকাভুক্ত।

আংশিক পয়েন্টগুলো

- উপরে "হ্যাঁ" উত্তরের জন্য একই আবশ্যিকতা কিন্তু বর্জ্যের উৎসগুলোর জন্য (অথবা একটি উৎসের জন্য) যেগুলি সাইটের সম্পূর্ণ বর্জ্যের 50- 79% পূরণ করে।

১৪। বেসলাইনের তুলনায়, এই প্রতিবেদনের বছরে সামগ্রিক বর্জ্যের জন্য আপনার ফেসিলিটি কি বর্জ্য নিষ্পত্তিকরণের পদ্ধতির ক্ষেত্রে উন্নতি করেছে?

যদি তা হয়, কোন পদ্ধতিগুলো চিহ্নিত করুন।

- একটি বেসলাইন বছর বেছে নিন
- শতকরা হারে কি পরিবর্তন ছিল?
- এই উন্নতি অর্জন করার ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলোর বিবরণ দিন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

স্থায়িত্ববাদীতা হলো নিরন্তর উন্নতিবিধানের একটি যাত্রা। সাফল্য হলো ব্যাপক এক কাজের ফলাফল যাতে অন্তর্ভুক্ত রয়েছে অনুসরণ, লক্ষ্য স্থির করা, এবং লক্ষ্য পূরণের জন্য বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী কাজ নিষ্পন্ন করা। হিগ এফইএম রিপোর্টিং বছরে এই প্রশ্নটি পরিমাপযোগ্য বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রদর্শনযোগ্য উন্নতি রিপোর্ট করার সুযোগ দেয়। আগের বছর জুড়ে সফলতাকে অনুসরণ করে, একটি কারখানা তার সফলতার মাধ্যমে দীর্ঘস্থায়ী হওয়ার দিকে নিজের একনিষ্ঠতাকে প্রমাণ করে।

এটি আপনার কঠিন পরিশ্রমের মাধ্যমে প্রভাব হ্রাসের ক্ষেত্রে অনুসরণ করা, লক্ষ্য স্থির করা এবং একটি কর্মপরিকল্পনা তৈরি করার বিষয়গুলোকে প্রদর্শন করার সুযোগ। আপনি কি অর্জন করেছেন তা শেয়ার করার জন্য এই প্রশ্নটি ব্যবহার করুন।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

উন্নতি চূড়ান্ত (অ্যাবসলুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) হতে পারে, তবে সুপারিশ করা হয় যে আপনি নর্ম্যালাইজড হ্রাসই দেখান যেমন " কার্টন বর্জ্যের ব্যবহার রিপোর্টিং বছরে 0.015 কেজি/ইউনিট কমানো হয়েছিল।" কারণ নিয়মমাফিক (নর্ম্যালাইজড) মেট্রিক প্রকৃত উন্নতি দেখায় ব্যবসায়িক পরিবর্তনের কারণে ঘটী হ্রাস যেমন উৎপাদন হ্রাসের বদলে।

এই প্রশ্নে হ্যাঁ উত্তর দিতে পারার জন্য বছরের পর বছর উন্নতি হওয়ার বিষয়টি এফইএম-এ প্রদর্শন করা আবশ্যিক। আপনার বর্জ্য হ্রাস মূল্যায়ন করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি নিশ্চিত করবেনঃ

- বর্জ্যের উৎসের উপাত্ত এবং একত্রিত মোট সংখ্যাটি পুনর্বিবেচনা করবেন যাতে উপাত্ত এবং যেকোনো স্বয়ংক্রিয় গণনা নির্ভুল রয়েছে।
- উন্নতির লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলি পুনর্বিবেচনা করুন এবং ঐতিহাসিক বর্জ্য সংক্রান্ত উপাত্তের সাথে এই উপাত্তের তুলনা করার মাধ্যমে এগুলোর কারণে পরিমাপযোগ্য উন্নতি ঘটেছে কিনা তা নির্ধারণ করুন। **টীকা:** ঐতিহাসিক উপাত্ত নির্ভুল কীনা তাও যাচাই করতে হবে।
 - যেমন, ৫টি লেজার কাটিং মেশিন বসানোতে ইউনিট পিছু ০.০২ কেজি ফ্যাব্রিক বর্জ্য কম হলো, যা পূর্ববর্তী বছরের নিয়মমাফিক (নর্ম্যালাইজড) বর্জ্যের উপাত্তের তুলনায় ৮% কম।

টীকা: কারখানার নির্মাণ এবং ধ্বংসজাত (কনস্ট্রাকশন অ্যান্ড ডেমোলিশন) বর্জ্য বেসলাইন এবং রিডাকশন পারফরম্যান্সে অন্তর্ভুক্ত হওয়া উচিত নয়। এছাড়াও, সাইটের নেয়া পরিমাপের মধ্যে হ্রাসের বিষয়টি রয়েছে।

হিগ্‌ এফইএম-এ উন্নতিবিধানের রিপোর্টিং:

করবেন:

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য হ্রাস-সংক্রান্ত উপাত্ত পর্যালোচনা করবেন।
- ✓ উন্নতিবিধানের পরিমাণ হয় একটি চূড়ান্ত (অ্যাবসল্যুট) অথবা নিয়মমাফিক (নর্ম্যালাইজড) ভ্যালু হিসেবে প্রবেশ করান। এটি বছরের পর বছর ধরে এই উৎসের থেকে শক্তি ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তন। (যেমন, পূর্ববর্তী বছরের খরচ – রিপোর্টিং বছরের খরচ = শক্তি ব্যবহারে পরিবর্তন) **হ্রাস দেখানোর জন্য একটি নেতিবাচক সংখ্যা প্রবেশ করানো নিশ্চিত করুন (যেমন নিয়মমাফিক (নর্ম্যালাইজড) 0.05 কেডাক্সএইচ/ইউনিট হ্রাসের ক্ষেত্রে -0.05) এবং একটি বৃদ্ধি দেখানোর জন্য একটি ইতিবাচক সংখ্যা (যেমন পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহারের নিয়মমাফিক (নর্ম্যালাইজড) 0.03 কেডাক্সএইচ/ইউনিট বৃদ্ধির জন্য 0.03)**
- ✓ উন্নতির জন্য উপযুক্ত ইউনিটগুলোকে নির্বাচন করুন। (যদি উপযুক্ত ইউনিট পাওয়া না যায়, "এই উন্নতি অর্জনের ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলির বিবরণ দিনঃ" লেখা জায়গাতে ইউনিটগুলিকে তালিকাভুক্ত করুন)
- ✓ আগের বছরের বর্জ্যের পরিমাণে পরিবর্তনটি শতকরা % হারে প্রবেশ করান। **হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন ৫% হ্রাস করার জন্য -৫), এবং একটি বৃদ্ধিমূলক ব্যবহারবিধির জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারের ক্ষেত্রে ৫% বৃদ্ধির জন্য ৫) প্রবেশ করানোর বিষয়টি নিশ্চিত করুন।**
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত উপায়গুলোর বর্ণনা দিনঃ"-এর জায়গায় কীভাবে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে সে বিষয়ে পর্যাপ্ত খুঁটিনাটি জানান (যেমন নিয়মমাফিক (নর্ম্যালাইজড) বর্জ্য উৎপাদন কাঁচামালের জন্য পুনর্ব্যবহারযোগ্য প্যাকেজিং কন্টেনারে পরিবর্তন করার মাধ্যমে কমানো হয়েছিল)।

করবেন না:

- X নির্ভুল নয় এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা যেগুলো এফইএম রিপোর্টিং বছরে অর্জিত হয়নি (যেমন ঐতিহাসিক উন্নতি যা ১ বছরেরও আগে অর্জিত হয়েছিল সেগুলো রিপোর্ট করা উচিত নয়)

- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করুন যা চূড়ান্ত (অ্যাবসল্যুট) এবং উৎপাদনে হ্রাস অথবা ফেসিলিটির হ্রাসপ্রাপ্ত ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত। এই কারণেই উপাত্তকে নিয়মমাফিক (নর্ম্যালাইজেশন) করা জরুরি।
- X অপরিষ্কৃত উপাত্তের উপর নির্ভরশীল উন্নতি সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, সামগ্রিক হ্রাস অর্জন করা গেছিল কিন্তু এটি এই হ্রাসের মাত্রা অর্জন করার জন্য পরিমাপযোগ্য অথবা বর্ণিত পদক্ষেপের সাথে সম্পর্কিত ছিল না)। এটি বিশেষ করে জরুরি যখন উন্নতির পরিমাণ প্রাপ্তীয় (যেমন, 1-2%-এর চেয়ে কম) এবং সম্ভবত পরিমাপ/ অনুসরণের ত্রুটি এবং/অথবা কার্যসম্পাদনগত পরিবর্তনশীলতার কারণে ঘটেছে।

এটা কীভাবে যাচাই করা যাবে:

কোনো ফেসিলিটির উন্নতি যাচাই করার সময়, যাচাইকারীদের **অবশ্যই** পর্যালোচনা করতে হবে:

- রিপোর্ট করা হ্রাসের পরিমাণ নির্ভুল এবং বর্জ্যের ব্যবহার কমানোর জন্য গৃহীত পরিমাপযোগ্য পদক্ষেপগুলির কারণেই ঘটেছে তা যাচাই করার জন্য সমস্ত পরিপোষক প্রমাণ (যেমন বর্জ্যের পরিমাণের উপাত্ত এবং বেসলাইন, ইত্যাদি)।
- উন্নতি সাধনের জন্য বাস্তবায়িত পরিবর্তনগুলি অথবা গৃহীত পদক্ষেপগুলি।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

পুরো পয়েন্ট

- **আবশ্যিক নথিপত্র:**
 - বর্জ্য অনুসরণকারী প্রতিবেদনসমূহ এবং পরিমাণের রেকর্ড যা বর্জ্যের সেই উৎসগুলোর ক্ষেত্রে হ্রাস প্রদর্শন করে যেগুলো আপনার সাইটের মোট বর্জ্যের 80%-এরও বেশি পরিমাণকে পূরণ করে।
 - বর্জ্য হ্রাস উদ্যোগের প্রমাণ যা দেখায় যে বর্জ্য হ্রাস কেবলমাত্র উৎপাদন কমে যাওয়া, বা কর্মী সংখ্যা কমে যাওয়ার ফলে ঘটেনি।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - বর্জ্য ব্যবস্থাপনার জন্য দায়ী দলের সাথে আলোচনা। দলটিকে স্পষ্টভাবে ব্যাখ্যা এবং প্রদর্শন করতে হবে যে কীভাবে উন্নতি অর্জন করা হয়েছিল (যেমন কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, এবং এই পরিবর্তনকে কীভাবে পরিমাপ ও গণনা করা হয়েছিল)।
 - বর্জ্য হ্রাস করার জন্য প্রধান অনুশীলনসমূহকে বাস্তবায়নের জন্য পরিচালকবর্গ সক্রিয়ভাবে প্রচার করছেন।
 - বর্জ্য হ্রাসের ক্ষেত্রে তাদের সেক্টর / ভৌগোলিক অঞ্চলের জন্য স্বীকৃত আন্তর্জাতিক মানদণ্ডের চর্চা কোনটি তা পরিচালকবর্গ বোঝেন।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**

- ফেসিলিটির প্রক্রিয়া যেটি সেইসকল উন্নতিবিধানের ক্ষেত্রে অবদান রেখেছে যেগুলি কৌশলসমূহের তালিকাভুক্ত।

আংশিক পয়েন্টগুলো

- উপরে "হ্যাঁ" উত্তরের জন্য একই আবশ্যিকতা কিন্তু বর্জ্যের উৎসগুলোর জন্য (অথবা একটি উৎসের জন্য) যেগুলি সাইটের সম্পূর্ণ বর্জ্যের 50- 79% পূরণ করে।

১৪। বেসলাইনের তুলনায়, এই প্রতিবেদনের বছরে সামগ্রিক বর্জ্যের জন্য আপনার ফেসিলিটি কি বর্জ্য নিষ্পত্তিকরণের পদ্ধতির ক্ষেত্রে উন্নতি করেছে?

যদি তা হয়, কোন পদ্ধতিগুলো চিহ্নিত করুন।

- একটি বেসলাইন বছর বেছে নিন
- শতকরা হারে কি পরিবর্তন ছিল?
- এই উন্নতি অর্জন করার ক্ষেত্রে ব্যবহৃত কৌশলগুলোর বিবরণ দিন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

স্থায়িত্ববাদীতা হলো নিরন্তর উন্নতিবিধানের একটি যাত্রা। সাফল্য হলো ব্যাপক এক কাজের ফলাফল যাতে অন্তর্ভুক্ত রয়েছে অনুসরণ, লক্ষ্য স্থির করা, এবং লক্ষ্য পূরণের জন্য বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী কাজ নিষ্পন্ন করা। রিপোর্টিং বছরে এফইএম-এ বর্জ্য ডিজপোজাল পদ্ধতির পরিমাপযোগ্য উন্নতিসাধনের বিষয়টি রিপোর্ট করার জন্য এই প্রশ্নটি সুযোগ দেয়। আগের বছর জুড়ে সফলতাকে অনুসরণ করে, একটি কারখানা তার সফলতার মাধ্যমে দীর্ঘস্থায়ী হওয়ার দিকে নিজের একনিষ্ঠতাকে প্রমাণ করে।

এটি আপনার কঠিন পরিশ্রমের মাধ্যমে প্রভাব হ্রাসের ক্ষেত্রে অনুসরণ করা, লক্ষ্য স্থির করা এবং একটি কর্মপরিকল্পনা তৈরি করার বিষয়গুলো প্রদর্শন করার সুযোগ। আপনি কি অর্জন করেছেন তা শেয়ার করার জন্য এই প্রশ্নটি ব্যবহার করুন!

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বর্জ্য ডিজপোজাল পদ্ধতিতে উন্নতিসাধন দেখানো যায় বর্জ্যকে পছন্দনীয় ডিজপোজাল / পরিশোধন পদ্ধতিতে সরিয়ে দেয়ার মাধ্যমে যার ফলে পরিবেশের কম ক্ষতি হয়। উদাহরণ স্বরূপ, জমিভরাট বা রিসাইক্লিংয়ের জন্য বর্জ্যের পরিমাণ বাড়ানোর বদলে শক্তি পুনরুদ্ধার সহ ভাস্কীকরণের মাধ্যমে বর্জ্যকে পরিশোধনের জন্য পাঠানো।

টীকা: বর্জ্য ডিজপোজাল পদ্ধতি ফেসিলিটির নেয়া উপায়ে আরোপযোগ্য হওয়া উচিত (যেমন বর্জ্য ডিজপোজাল ভেন্ডরদের সাথে সহযোগিতা)।

এই প্রশ্নে হ্যাঁ উত্তর দিতে পারার জন্য বছরের পর বছর উন্নতি হওয়ার বিষয়টি হিগ এফইএম-এ প্রদর্শন করা আবশ্যিক। আপনার উন্নতি মূল্যায়ন করার সময়, নিম্নলিখিত বিষয়গুলি করাটা নিশ্চিত করবেনঃ

- বর্জ্যের উপাত্ত এবং একত্রিত মোট সংখ্যাটি পুনর্বিবেচনা করবেন যাতে উপাত্ত এবং যেকোনো স্বয়ংক্রিয় গণনা নির্ভুল রয়েছে তা নিশ্চিত করা যায়।
- উন্নতির লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলি পুনর্বিবেচনা করুন এবং ঐতিহাসিক বর্জ্য সংক্রান্ত উপাত্তের সাথে এই উপাত্তের তুলনা করার মাধ্যমে এগুলোর কারণে পরিমাপযোগ্য উন্নতি ঘটেছে কিনা তা নির্ধারণ করুন। **টীকা:** ঐতিহাসিক উপাত্ত নির্ভুল কীনা তাও যাচাই করতে হবে।
 - যেমনঃ একজন নতুন উপকরণ রিসাইক্লিং ভেন্ডর যিনি উন্নত কারিগরি ব্যবহার করেন তাকে কাজ দেয়ার মাধ্যমে, কারখানাটি মোট বর্জ্যের পরিমাণ ২৫% বাড়াতে সক্ষম হয়েছিল।

হিগ্ এফইএম-এ উন্নতিবিধানের রিপোর্টিং:

করবেনঃ

- ✓ উপরে উল্লিখিত সমস্ত বিষয়গুলি করা হয়েছে এবং তথ্য নির্ভুল রয়েছে তা নিশ্চিত করার জন্য হ্রাস-সংক্রান্ত উপাত্ত পর্যালোচনা করবেন।
- ✓ আগের বছরের বর্জ্যের ডিজপোজালের পদ্ধতিতে পরিবর্তনটি শতকরা % হারে প্রবেশ করান।
হ্রাসজনক লক্ষ্যের জন্য একটি নেতিবাচক শতকরা হার (যেমন ৫% হ্রাস করার জন্য -৫), এবং একটি বৃদ্ধিমূলক ব্যবহারবিধির জন্য ইতিবাচক শতকরা হার (যেমন ব্যবহারের ক্ষেত্রে ৫% বৃদ্ধির জন্য ৫) প্রবেশ করানোর বিষয়টি নিশ্চিত করুন।
- ✓ "এই লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত উপায়গুলোর বর্ণনা দিনঃ"-এর জায়গায় কীভাবে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে সে বিষয়ে পর্যাপ্ত খুঁটিনাটি জানান (যেমন, কাপড় এবং চামড়ার বর্জ্য উভয়ই এখন উপকরণ রিসাইক্লারে পাঠানো হচ্ছে জমিভরাটের পরিবর্তে)।

করবেন নাঃ

- X নির্ভুল নয় এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা (যেমন, উপাত্তের সূত্র অজানা বা যাচাই করা হয়নি)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা যেগুলো এফইএম রিপোর্টিং বছরে অর্জিত হয়নি (যেমন ঐতিহাসিক উন্নতি যা ১ বছরেরও আগে অর্জিত হয়েছিল সেগুলো রিপোর্ট করা উচিত নয়)
- X এমন উন্নতি সম্পর্কে রিপোর্ট করা যা কেবলমাত্র উৎপাদনে হ্রাস অথবা কারখানার হ্রাসপ্রাপ্ত ক্রিয়াকলাপের সাথে সম্পর্কিত।
- X অপরিপূর্ণ উপাত্তের উপর নির্ভরশীল উন্নতি সম্পর্কে রিপোর্ট করা। (যেমন, সামগ্রিক হ্রাস অর্জন করা গেছিল কিন্তু এটি এই হ্রাসের মাত্রা অর্জন করার জন্য পরিমাপযোগ্য অথবা বর্ণিত পদক্ষেপের সাথে সম্পর্কিত ছিল না)। এটি বিশেষ করে জরুরি যখন উন্নতির পরিমাণ প্রান্তীয় (যেমন, 1-2%-এর চেয়ে কম) এবং সম্ভবত পরিমাপ/ অনুসরণের ত্রুটি এবং/অথবা কার্যসম্পাদনগত পরিবর্তনশীলতার কারণে ঘটেছে।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

কোনো ফেসিলিটির উন্নতি যাচাই করার সময়, যাচাইকারীদের অবশ্যই পর্যালোচনা করতে হবে:

- ডিজপোজাল পদ্ধতিতে রিপোর্ট করা উন্নতি অত্রান্ত এবং ফেসিলিটির নেয়া পদক্ষেপে আরোপযোগ্য - সেটি প্রমাণ করার জন্য সমস্ত পরিপোষক প্রমাণ (যেমন বর্জ্যের পরিমাণের উপাত্ত, বর্জ্য ডিজপোজালের রেকর্ড এবং বেসলাইন, ইত্যাদি)।
- উন্নতি সাধনের জন্য বাস্তবায়িত পরিবর্তনগুলি অথবা গৃহীত পদক্ষেপগুলি।

যদি কোনো অসামঞ্জস্য অথবা ত্রুটি লক্ষ্য করা যায়, রিপোর্ট করা তথ্য যেখানে সম্ভব অবশ্যই সংশোধন করতে হবে এবং বিশদ মন্তব্যসমূহ উপাত্ত যাচাইয়ের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে হবে।

হ্যাঁ

• **আবশ্যিক নথিপত্র:**

- বর্জ্যের পরিমাণ এবং ডিজপোজালের রেকর্ড যা দেখায় যে রিপোর্ট করা পরিমাণ (সম্পূর্ণ বর্জ্যের একটি শতকরা হার) ডিজপোজালের পদ্ধতিতে সরানো হয়েছিল যা পরিবেশগত ক্ষতি কমিয়ে এনেছে।
- নথিবদ্ধ প্রণালী যা দেখায় কীভাবে উন্নতিকে গণনা করা হয়েছে (সম্পূর্ণ বর্জ্যের একটি শতকরা হার)।
- সাধিত উন্নতি ফেসিলিটির নেয়া পদক্ষেপে আরোপযোগ্য - তার প্রমাণ (যেমন বর্জ্য ডিজপোজাল ভেন্ডরের সাথে সহযোগীতা) এবং কেবলমাত্র উৎপাদনে ঘাটতি, বা কর্মীসংখ্যায় হ্রাসের কারণে ঘটেনি।
- এই উন্নতিসমূহকে অর্জন করার জন্য ব্যবহৃত পরিকল্পনা / কৌশলসমূহের একটি বিবরণ।

• **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**

- শক্তির ব্যবহার ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ দলের সাথে আলোচনা। দলটিকে স্পষ্টভাবে ব্যাখ্যা এবং প্রদর্শন করতে হবে যে কীভাবে উন্নতি অর্জন করা হয়েছিল (যেমন কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, এবং এই পরিবর্তনকে কীভাবে পরিমাপ ও গণনা করা হয়েছিল)।
- বর্জ্য ডিজপোজাল পদ্ধতির ধারণাটি এবং সাইটে বর্জ্য সরানোর হার থেকে পছন্দনীয় বিকল্পের বৃদ্ধি কর্তৃপক্ষ জানেন।
- কর্তৃপক্ষ সক্রিয়ভাবে সাইটের নেতৃস্থানীয় অভ্যাসগুলির বাস্তবায়ন প্রচার এবং সমর্থন করছেন যা বর্জ্য উপকরণের শতকরা হার বৃদ্ধির সাথে সম্পর্কিত যা পছন্দনীয় ডিজপোজাল বিকল্পের দিকে সরানো হচ্ছে যেমন পুনর্ব্যবহার বা রিসাইক্লিং, শক্তি পুনরুদ্ধার সহ জ্বালিয়ে দেয়া।
- বর্জ্য নিষ্পত্তির বিকল্পসমূহের ক্ষেত্রে তাদের সেক্টর / ভৌগোলিক অঞ্চলের জন্য কোন আন্তর্জাতিক মানদণ্ডের অনুশীলনটি স্বীকৃত, তা পরিচালকবর্গ বোঝেন।

• **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**

- কারখানার প্রক্রিয়া অথবা বর্জ্য নিয়ন্ত্রণকারী ঠিকাদার যারা কৌশলে উল্লিখিত বর্জ্য রূপান্তরের উন্নতিবিধানের ক্ষেত্রে কিছু অবদান রেখেছে

বর্জ্য - স্তর ৩

১৫। আপনার কারখানা কি বিপজ্জনক বর্জ্যের চূড়ান্ত নিষ্করণ এবং তার পরিশোধনকে বৈধতা প্রদান করে?

- যদি হয়, দয়া করে সহায়ক নথিপত্র আপলোড করুন।
- আপনি কিভাবে বর্জ্য পরিশোধনের সময় যথাযথ নিষ্করণ সুনিশ্চিত করার জন্য আপনার কারখানার বর্জ্য ঠিকাদারদের সাথে কাজ করেন?

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

সমস্ত বিপজ্জনক বর্জ্যের চূড়ান্ত নিষ্করণ এবং পরিশোধনকে যাচাই করা উদ্দেশ্য। আপনার বিবরণ দিয়ে বোঝাতে পারা উচিত যে আপনি আপনার বর্জ্য ঠিকাদারদের সাথে কিভাবে যোগাযোগ করেন, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো আপনার কাজের ফ্লো এবং প্রক্রিয়া যাতে পরিবেশগত কর্মকুশলতা সুনিশ্চিত করা যায়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বিপজ্জনক বর্জ্য যথাযথভাবে পরিশোধন না করা হলে এবং নিষ্কাশন না হলে পরিবেশের প্রতি তীব্র ঝুঁকির কারণ হয়ে দাঁড়ায়। তাদের বর্জ্য ঠিকাদাররা আপনার কারখানার এলাকা থেকে যথাযথভাবে বর্জ্য পরিবহন, সঞ্চয়, পরিশোধন এবং বিনষ্ট করছে তা নিশ্চিত করার জন্য একটি কারখানার অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করার বিষয়টিকে একটি নেতৃত্বমূলক অভ্যাস হিসেবে বিবেচনা করা হয়। কারখানাগুলোর উচিত প্রতি তিন বছরে ঠিকাদারদের স্ক্রিন করা, যাচাই করা এবং খুঁটিনাটি দেখা।

কারখানার উচিত ঠিকাদার বাছাই প্রক্রিয়া চলাকালীন তার বর্জ্য ঠিকাদারদের মূল্যায়ণ করা এবং তাদের আইনানুগ থেকে এবং চুক্তির আওতায় থেকে কার্য পরিচালনা করার বিষয়টি সুনিশ্চিত করার জন্য নিয়মিত মূল্যায়ণ নির্বাহ করা।

বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদারদের মূল্যায়ণ করার সময়ে, বিবেচনা করুনঃ

- বর্জ্য ঠিকাদারদের যোগ্যতা (যেমন ব্যবসার লাইসেন্স, পরিবেশ সংক্রান্ত অনুমতিপত্র, রিপোর্ট)।
- বর্জ্য ঠিকাদারদের অধ্যবসায় এবং আইনগত পরিবেশ সংক্রান্ত কর্মকুশলতা (অতীতের যেকোনো লঙ্ঘনজনক ঘটনা)
- তাদের সামগ্রিক পরিবেশগত কর্মকুশলতা
- ঠিকাদারের সেবা ব্যবহার করার জন্য মূল্যের বাস্তবোপযোগিতা (জিএসসিপি)

চুক্তি হওয়ার পরে নিয়মিত মূল্যায়ণ করা। আপনার বর্জ্য ঠিকাদারদের মধ্যে যা খুঁজবেনঃ

- বর্জ্য পরিবহনের চর্চা এমনভাবে করার অভ্যাস যাতে সেটির খোঁজ পাওয়া সহজ হয়, নিরাপদ হয়, এবং সব সময় বর্জ্য অবশ্যই পৃথক থাকে এবং যথাযথভাবে তাতে লেবেল দেয়া থাকে
- এমন ফেসিলিটি আছে কিনা যেটির সারফেস দুর্ভেদ্য, যথাযথ নিরাপত্তা-সম্পন্ন, এবং আগুন/বন্যার থেকে সুরক্ষিত
- সাইটে বা তার বাইরে বেআইনিভাবে ফেলে রাখা বা পোড়ানোর মতো কাজে যুক্ত নয়
- ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি, প্রশিক্ষণ, এবং মেশিন নিরাপত্তা প্রদান করার মাধ্যমে কর্মীদের অ্যাট্রেন্স দিয়ে জন স্বাস্থ্য এবং নিরাপত্তার অভ্যাসগুলোকে বাস্তবায়িত করে থাকে
- তারা পরিবেশের উপর প্রভাব কমানোর জন্য বর্ধিত বর্জ্য নিষ্পত্তিগত কোনও পদ্ধতি ব্যবহার করেন কিনা (যেমন বিপজ্জনক বর্জ্যের রিসাইক্লিং অথবা শক্তি পুনরুদ্ধার সহ বিপজ্জনক বর্জ্য ভক্ষীকরণ)।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - সমস্ত বিপজ্জনক বর্জ্যের চূড়ান্ত নিষ্করণ যাচাই করার জন্য রেকর্ড
 - প্রতি ৩ বছরে ঠিকাদারদের সাথে যাচাই করার মতো রেকর্ড
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - বর্জ্য ব্যবস্থাপনা চলাকালীন তারা কীভাবে পরিবেশগত কর্মকুশলতা সুনিশ্চিত করার জন্য ঠিকাদারদের সাথে কাজ করে সে বিষয়টি কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে পারবেন
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:**
 - গত ৩ বছরে তাদের বর্জ্য ঠিকাদারদের মাধ্যমে করা বর্জ্য পরিশোধন কারখানাটি যাচাই করেছে তার প্রমাণ।

১৬। জমিভরাট, পোড়ানো এবং পরিবেশ থেকে প্রাপ্ত সমস্ত ফেলে দেয়া উপাদানের অন্তত ৯০ শতাংশকে কি আপনার কারখানা অন্যদিকে ব্যবহার করেছে?

- যদি হয়, দয়া করে সহায়ক নথিপত্র আপলোড করুন।
- কীভাবে এটি বাস্তবায়িত হয়েছে তার বিবরণ দিন।

আপলোডের জন্য সুপারিশ: বর্জ্যের তালিকা এবং বর্জ্যের ইস্তাহার যাতে জমিভরাট/ দহনকার্য থেকে >৯০% অন্যদিকে ব্যবহার হওয়ার বিষয়টি প্রদর্শিত হয়েছে

জিরো ওয়েস্ট টু ল্যান্ডফিল বলতে বোঝায় যে জমিভরাট, চুল্লি এবং পরিবেশ থেকে প্রাপ্ত 90% অথবা তার বেশি ফেলে দেয়া উপকরণের অন্যরূপ ব্যবহার করা (UL 2799 জিরো ওয়েস্ট টু ল্যান্ডফিল)

উত্তরে হ্যাঁ বলুন যদি আপনি দেখাতে পারেন যে আপনি সমগ্র বর্জ্যের 90% বা তার বেশি অন্যরূপে ব্যবহার করতে পারেন।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

শক্তি পুনরুদ্ধার ব্যতীতই আপনার কারখানার জমিভরাট বা দহনের ফলে প্রাপ্ত সমস্ত বর্জ্য অন্যদিকে ব্যবহার করতে সক্ষম হওয়াটাই উদ্দেশ্য। বর্জ্য ডিসপোজালকে আর্থিকভাবে সবচেয়ে কম সুবিধায়ুক্ত এবং পরিবেশগতভাবে লাভজনক বর্জ্য ব্যবস্থাপনা হিসেবে বিবেচনা করা হয়। এই পয়েন্টটি পাওয়ার যোগ্যতা অর্জনের জন্য, কারখানাকে অবশ্যই শক্তি পুনরুদ্ধারবিহীন জমিভরাট বা ভস্মীকরণ থেকে প্রাপ্ত সমস্ত বর্জ্যের অন্তত 90%কে সহায়ক বিকল্পসমূহ (হ্রাস, পুনর্ব্যবহার, রিসাইক্লিং, জৈব পরিশোধন), ক্লোজড-লুপ উপকরণের জন্য ফেরত-নেয়া কর্মসূচী, অথবা নিয়ন্ত্রিত % হারে শক্তি পুনরুদ্ধার প্রক্রিয়াতে ভস্মীকরণের মাধ্যমে রূপান্তর করতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

একটি পরিণত শিল্পকেন্দ্রিক অর্থনীতি আক্ষরিক অর্থে জিরো বর্জ্য-এর লক্ষ্য পূরণ করতে পারে না এবং জিরো ওয়েস্ট-এর জন্য বিভিন্ন সীমায়ুক্ত নির্দেশিকা থাকার বিষয়টিকে স্বীকার করা হয়। এই প্রশ্নটির উদ্দেশ্য হলো জমিভরাট, শক্তি পুনরুদ্ধার ব্যতীত চুল্লি এবং পরিবেশ থেকে প্রাপ্ত সমস্ত বর্জ্যের অন্তত 90 শতাংশ অন্যদিকে রূপান্তরের মাধ্যমে বর্জ্য হ্রাস করার মতো মূল অনুশীলনগুলি যাতে আপনার কারখানা রপ্ত করে: একটি শর্ত যেটিকে জিরো ওয়েস্ট ইন্টারন্যাশনাল অ্যালায়েন্স (জেডডাক্ল্যাআইএ) "জিরো ওয়েস্ট" হিসেবে পরিভাষা দিয়েছে (<http://zwia.org/standards/zero-is-zero/>)

শূন্য বর্জ্য-এর দিকে কীভাবে যাওয়া যাবে সে প্রসঙ্গে একটি দরকারি ক্রমোচ্চ শ্রেণীবিভাগ এখানে পাওয়া যেতে পারে: <http://zwia.org/standards/zero-waste-hierarchy/>

ইউএল 2799 মানদণ্ড (জমিভরাটের জন্য শূন্য বর্জ্য) এখানে পাওয়া যাবেঃ

https://standardscatalog.ul.com/standards/en/standard_2799_3

"শূন্য বর্জ্য"-এর লক্ষ্য পূরণ করা অত্যন্ত কঠিন, যদি অসম্ভব নাও হয়। এটাকে সত্যি বলে মেনে নিয়ে, প্রদর্শন করার জন্য দুটি সবচেয়ে জরুরি বিষয় হলোঃ

1. বর্জ্য রূপান্তরের সমস্ত মজবুত এবং সহায়ক বিকল্পগুলোকে বিবেচনা করা হয়েছে
2. আপনার একটি প্রক্রিয়া আছে বাকি উপকরণ পরীক্ষা করার এবং পুনর্ব্যবহার ভাবা, পুনর্ব্যবহার নকশা বানানো, কমানো, এবং রিসাইক্ল করার জন্য আপনার ব্যবস্থাকে সূক্ষ্মতর করে তোলার জন্য এই তথ্যকে ব্যবহার করার যাতে ফেলে দেয়ার বিষয়টিকে আরো আটকানো যায়। বাকি উপকরণের ক্ষেত্রে

আপনার প্রগতিশীল ভাবনা যদি আপনি প্রদর্শন করতে পারেন, এই সময়ে দাঁড়িয়ে সেটুকুই "জিরো ওয়েস্ট (শূন্য বর্জ্য)"-এর জন্য সন্তুষ্টিজনক

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

• নথিপত্র আবশ্যিকঃ

- বর্জ্যের সমস্ত প্রবাহ এবং বর্জ্য ফেলার সব পথগুলোর নথিপত্র।
- বাকি থেকে যাওয়া যেকোনো বর্জ্যকে রূপান্তরের জন্য পরীক্ষা করা ও প্রস্তুত করার প্রক্রিয়ার কাগজপত্র (ডকুমেন্টেশন)।

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- সমস্ত সহায়ক বর্জ্য রূপান্তরের বিকল্পগুলোকে কীভাবে বাস্তবায়িত করতে হবে এবং কীভাবে বাকি বর্জ্যগুলোকে ভবিষ্যতে রূপান্তরের জন্য বিবেচনা করা হচ্ছে সে সম্পর্কে কর্তৃপক্ষ সচেতন এবং ব্যাখ্যা করতে সক্ষম।

• পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- এই পরিকল্পনার সহায়ক প্রমাণ।
- বর্জ্য ঠিকাদারের সাইট পরিদর্শন
- বাকি উপকরণের জন্য রূপান্তরের যন্ত্রপাতি অথবা সাইট পরিদর্শন

১৭। আপনার কারখানা কি এর কিছুটা বর্জ্য আপসাইক্ল করে নাকি বর্জ্যকে একটি বৃত্তাকার অর্থনৈতিক ব্যবস্থায় ঢুকিয়ে দেয়?

- যদি তাই হয়, তাহলে দয়া করে কীভাবে সেটি ঘটে তার বিবরণ দিন।

আপলোডের জন্য সুপারিশ: যে ধরন এবং পরিমাণে বর্জ্য অনুরূপ বা উচ্চ মাত্রার পণ্যে রিসাইক্ল হয়েছে, তার ছবি অথবা প্রক্রিয়ার প্রবাহ।

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্য হলো কারখানাটিকে আপসাইক্ল করা বা ক্লোজড-লুপ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে উৎসাহ দেয়া, যেখানে আগে ফেলে দেয়া পণ্যসমূহ কারখানায় উৎপাদিত বর্জ্য হ্রাস করা, পুনর্ব্যবহার এবং রিসাইক্ল হওয়ার জন্য ভ্যালু চেইনের ভিতর বৃত্তাকারে ফিরত চলে আসে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

উপজাত দ্রব্য, বর্জ্য উপাদান, অদরকারী এবং/অথবা অবাঞ্ছিত পণ্যকে উন্নত মানের অথবা উন্নত পরিবেশ মূল্যের নতুন উপাদান বা পণ্যে রূপান্তর করার প্রক্রিয়াকে আপসাইক্লিং বলে।

পুরনো পোষাক এবং কাপড়কে রিসাইক্ল করে নতুন পোশাক প্রস্তুত করা, ব্যবহৃত প্লাস্টিকের বোতল থেকে কাপড় তৈরি করা, এবং বয়লার রুমের কয়লার ছাইকে আপসাইক্ল করে ইট তৈরি করা আপসাইক্লিংয়ের কিছু উদাহরণ। বর্জ্যকে আপসাইক্লিং করার জন্য ক্রিয়াশীল সমাধান খুঁজতে উপকরণ সরবরাহকারী, ক্রেতা এবং বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদারদের মধ্যে একটি কারখানা সংযোগ তৈরি করতে পারে।

বৃত্তাকার অর্থনৈতিক ব্যবস্থা একটি পুনরুৎপাদনশীল ব্যবস্থা যাতে সম্পদের ইনপুট এবং বর্জ্য, এবং শক্তি খরচ হওয়াকে ধীর করা, বন্ধ করা, এবং শক্তি ও উপকরণের লুপগুলোকে সংকুচিত করে আনার মাধ্যমে কমিয়ে আনা হয়; দীর্ঘস্থায়ী নকশা, রক্ষণাবেক্ষণ, সারানো, পুনর্ব্যবহার, পুনর্নির্মাণ, পুনঃপালিশ, রিসাইক্লিং, এবং আপসাইক্লিংয়ের মাধ্যমে এটিকে অর্জন করা যায়। একরৈখিক অর্থনীতি যেটি হলো আদতে "নির্ন, তৈরি করুন, ফেলে দিন" ধরনের উৎপাদন, এটি তার বিপরীত।

ক্লোজড-লুপ সাপ্লাই চেইনের চারটি দৃষ্টিকোণ হলো:

- উৎসঃ দায়িত্বশীলভাবে আমদানী করা রিসাইক্লিং অথবা পুনর্নবীকরণযোগ্য উপকরণ ব্যবহার করুন।
- দক্ষতার সাথে তৈরি করুনঃ উপকরণের ব্যবহার কমানোর জন্য পণ্যের নকশা এবং নির্মাণ করুন।
- দীর্ঘ সময় ধরে ব্যবহার করুনঃ পণ্যগুলোকে মজবুত করে তৈরি করুন, যাতে সেগুলো দীর্ঘস্থায়ী হয়।
- অবদান রাখুনঃ পণ্য তৈরির জন্য প্রয়োজনীয় পরিমাণের অন্তত সমপরিমাণ রিসাইক্ল করা, রিক্লেইম করা, অথবা পুনর্নবীকরণযোগ্য উপকরণ বাজারের সরবরাহের মধ্যে দিয়ে দিন।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ

- **আবশ্যিক নথিপত্র:**
 - রেকর্ডগুলো যা প্রদর্শন করবে যে কারখানাটি নিজের অন্তত কিছুটা বর্জ্য আপসাইক্ল করে অথবা বৃত্তাকার অর্থনৈতিক ব্যবস্থাতে প্রবেশ করিয়ে দেয়।
- **সাক্ষাৎকারে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:**
 - কর্তৃপক্ষ বলতে পারবেন যে কারখানাটি কিভাবে নিজের কিছুটা বর্জ্য আপসাইক্ল করে অথবা বৃত্তাকার অর্থনৈতিক ব্যবস্থাতে প্রবেশ করিয়ে দেয়।
- **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোতে দেখতে হবেঃ**
 - রেকর্ড যা দেখাবে যে কারখানাটি নিজের অন্তত কিছুটা বর্জ্য আপসাইক্ল করে অথবা বৃত্তাকার অর্থনৈতিক ব্যবস্থাতে প্রবেশ করিয়ে দেয়।

রাসায়নিকের ব্যবস্থাপনা

এই বিভাগের লক্ষ্য হলো নির্মাণমূলক কারখানাগুলোতে দায়িত্বসম্পন্ন রাসায়নিক ব্যবস্থাপনা কর্মসূচী পরিচালনা করা। একটি ফেসিলিটির উৎপাদন প্রক্রিয়াতে এবং পরিচালনার ক্ষেত্রে রাসায়নিকের ব্যবহার পরিবেশ এবং জন স্বাস্থ্যের ক্ষেত্রে চূড়ান্ত বিষাক্ত এবং বিপজ্জনক হতে পারে যদি পদ্ধতিগতভাবে এবং যথাযথভাবে তার ব্যবস্থাপনা না করা হয়। হিগ্-এর অন্যান্য বিভাগগুলির বিপরীতে, রাসায়নিক ব্যবস্থাপনা আপনার ব্যবসার সমস্ত বিষয়গুলোকে ছুঁয়ে যাবে - ইনভেন্টরি থেকে ক্রয়, প্রোডাকশন ফ্লোর হয়ে, স্টোরেজ এবং বর্জ্যের অবস্থান পর্যন্ত। একটি সুদৃঢ় রাসায়নিক ব্যবস্থাপনা কর্মসূচীতে নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে প্রাথমিক এবং উন্নততর অভ্যাস থাকা উচিতঃ

- রসায়ন ব্যবস্থাপনা নীতি, সামঞ্জস্যপূর্ণতার প্রক্রিয়া, এবং অঙ্গীকার
- কর্মী প্রশিক্ষণ এবং যোগাযোগ
- রাসায়নিক এবং কাঁচামাল যোগাড় এবং ক্রয়ের অভ্যাস
- রসায়নের তালিকার ব্যবস্থাপনা
- রসায়নের সঞ্চয়, পরিবহন, নাড়াচাড়া এবং ব্যবহারের অভ্যাস
- জরুরি অবস্থার প্রতিক্রিয়া পরিকল্পনা (এমার্জেন্সি রেসপন্স প্ল্যান, ইআরপি), দুর্ঘটনা, ঘটনা এবং উপচে পড়া উপশমের পরিকল্পনা
- পণ্যের অনুসরণযোগ্যতা, গুণগত মান এবং বিশুদ্ধতা
- রাসায়নিক এবং প্রক্রিয়ার প্রবর্তন
- নিরন্তর উন্নতিবিধান



হিগ্ এফইএম রাসায়নিক ব্যবস্থাপনা বিভাগ আপনাকে এর প্রতিটি বিভাগে প্রাথমিক থেকে উন্নত অভ্যাসগুলোতে যাওয়ার জন্য পথনির্দেশনা দেয়। দয়া করে মনে রাখবেন যে একটি সুদৃঢ় রাসায়নিক ব্যবস্থাপনা প্রক্রিয়া প্রস্তুত করার জন্য সমস্ত প্রয়োজনীয় আবশ্যিকতাগুলোকে সম্পূর্ণ পূরণ করতে কয়েক বছর

লেগে যেতে পারে। আরো তথ্যের জন্য জেডডিএইচসি সিএমএস ফ্রেমওয়ার্ক সংস্করণ 1.0 ডকুমেন্টটি দেখা যেতে পারে, <https://www.roadmaptozero.com/process#Guidance>

মূল্যায়নী প্রশ্নাবলীর উত্তর দেয়ার আগে, রাসায়নিকের প্রয়োজন হয় এরকম উৎপাদন প্রক্রিয়া আপনার কারখানায় রয়েছে কিনা তা নির্দেশ করার জন্য আপনাকে প্রথমে জিজ্ঞাসা করা হবে। আপনার পছন্দগুলো আপনাকে সেইসব প্রশ্নের অভিমুখ নির্দেশ করবে যেগুলো আপনার ফেসিলিটির ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রযোজ্য। উৎপাদনে ব্যবহৃত রাসায়নিকসমূহের উদাহরণ হলো, রঞ্জক, সিলিকন ফিনিশ, স্ক্রিন ছাপা, দ্রাবক, কালি, লেবেল, পানিকে দূরে রাখার জন্য স্থায়ী রাসায়নিক, আঠা, ট্যান করার রাসায়নিকসমূহ, মেটাল প্লেটিং-এর জন্য রাসায়নিকসমূহ, এবং অন্যান্য রাসায়নিক বর্ধকগুলি। অন্যান্য উদাহরণের অন্তর্ভুক্ত হলো রাসায়নিক প্লাস্টিকাইজার যেটিকে প্লাস্টিকের পণ্য / উপাদানে মেশানো হয়, স্ক্রিন প্রিন্টিংয়ের জন্য কালি যেটিতে পিগমেন্ট এবং রেজিন আছে, অথবা দ্রাবক যেটি প্রিন্টিং প্রক্রিয়া সম্পূর্ণ হয়ে যাওয়ার পরে পোশাক থেকে বাষ্পীভূত হয়ে যাওয়া উপাদানগুলোর বাহক হিসেবে ব্যবহার করা হয়। আমরা আশা করি যে সমস্ত টিয়ের ২ এবং টিয়ের ৩ কারখানাগুলো (উপকরণ সরবরাহকারী, রাঙানোর কাজ এবং প্রিন্টের কারখানা, চামড়ার ট্যানারি, রাসায়নিক সরবরাহকারী, এবং ড্রিম সরবরাহকারী) উৎপাদনে রাসায়নিক ব্যবহার সংক্রান্ত প্রশ্নে "হ্যাঁ" বলবেন।

টীকা: হিগ্ রাসায়নিক ব্যবস্থাপনা বিভাগটি [সাস্টেইনেবল অ্যাপারেল কোয়ালিশন](#), [আউটডোর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন](#), এবং [জিরো ডিসচার্জ অব হাজার্ডাস কেমিক্যালস](#) এর মধ্যে একটি জোটের ফলস্রুতি।

রাসায়নিকের পরিচিতি

এই বিভাগগুলোর প্রতিটিতে যাতে খুব ভালো ফল করে সেইদিকে কারখানাগুলোকে চালিত করার জন্য প্রতিটি প্রশ্ন লেখা হয়েছেঃ

- **রাসায়নিক ব্যবস্থাপনা নীতিসমূহ, সামঞ্জস্যবিধানের প্রক্রিয়াসমূহ, এবং একনিষ্ঠতা:** যথাযথ রাসায়নিক ব্যবস্থাপনার প্রথম পদক্ষেপ হিসেবে কারখানাগুলোর দৃঢ় নীতিগুলি এবং প্রক্রিয়াসমূহ সক্রিয় থাকা প্রয়োজন। এই নথিপত্রটি রাসায়নিক ব্যবস্থাপনার জন্য কর্তৃপক্ষের সহায়তা এবং ব্যাপক পরিকল্পনা প্রদর্শন করে। যদিও তথ্যসংরক্ষণ *দায়িত্বশীল আচরণের* কোনোরূপ নিশ্চয়তা দেয় না, এটিকে দায়িত্বশীল, পদ্ধতিগত রাসায়নিক ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি জরুরি *অগ্রদূত বলা* যায়।
- **কর্মীদের প্রশিক্ষণ এবং সংযোগঃ** দায়িত্ব সহকারে রাসায়নিকের ব্যবস্থাপনা করার জন্য, রাসায়নিকের সংস্পর্শে আসা সমস্ত কর্মীদের দায়িত্বশীল ব্যবস্থাপনার চর্চা এবং নির্দেশিকার বিষয়ে অবশ্যই সচেতন হতে হবে।
- **রাসায়নিক নির্বাচন, যোগাড়, এবং ক্রয়ের অনুশীলন:** প্রাথমিক রাসায়নিক বাধ্যবাধকতাগুলোর সঙ্গে সঙ্গতিপূর্ণ থাকার জন্য, একটি জরুরি প্রথম পদক্ষেপ হলো *বুঝতে পারা* যে কোন রাসায়নিকগুলো কারখানাতে চুকছে। একবার যদি আপনি জানতে পারেন যে দরজা দিয়ে কী ভেতরে

চুকেছে, কী কেনা হচ্ছে এবং সেই কিনে আনা রাসায়নিকগুলোর ব্যবস্থাপনার ব্যাপারে আপনি বেশি ভালো ভাবে দায়িত্বশীল সিদ্ধান্ত নিতে পারবেন।

- **রাসায়নিক তালিকার ব্যবস্থাপনা:** কোন পণ্যগুলোকে সাইটের ভেতরে ব্যবহার করা হয় এবং সেগুলো বাধ্যবাধকতার সাথে সঙ্গতিপূর্ণ কিনা সে বিষয়ে কারখানার বোঝাপড়াকে সুনিশ্চিত করার জন্য একটি রাসায়নিক তালিকার রক্ষণাবেক্ষণ করা রেকর্ড রাখার একটি গুরুত্বপূর্ণ অংশ। সঙ্গতি রক্ষায় একটি পণ্য ব্যর্থ হলে তালিকাগুলো তার উৎস সন্ধান করার ক্ষেত্রে জরুরি।
- **রাসায়নিক সঞ্চয়, পরিবহন, নাড়াচাড়া করা এবং ব্যবহার, অভ্যাসসমূহ:** কারখানার চত্বরে রাসায়নিকগুলোকে আনা হলে, কর্মচারীদের অবশ্যই সেগুলোকে যথাযথভাবে সঞ্চয় করা, পরিবহন করা, নাড়াচাড়া করা এবং দায়িত্ব সহকারে ব্যবহার করার বিষয়ে প্রস্তুত থাকতে হবে যাতে পরিবেশ দূষণ এবং/অথবা কর্মচারীদের সংস্পর্শে আসা প্রতিরোধ করা সম্ভব হয়।
- **এমার্জেন্সি রেসপন্স প্ল্যান (ইআরপি), দুর্ঘটনা এবং উপচে পড়া সামলানোর পরিকল্পনা:** কর্মীদের এবং/অথবা রেস্পন্ডারদের অনিচ্ছাকৃত সম্মুখীন হয়ে পড়া থেকে সুরক্ষা প্রদান করার জন্য, জরুরি রাসায়নিক দুর্ঘটনা সামলানোর জন্য একটি পরিকল্পনা থাকা জরুরি যেটিকে সমস্ত কর্মীরা বাস্তবায়ন করার জন্য প্রস্তুত।
- **পণ্যের অনুসরণযোগ্যতা, গুণগত মান/ বিশুদ্ধতা:** পণ্যের গুণগত মান সুনিশ্চিত করার উদ্দেশ্যে, আপনার কারখানার নিশ্চিত করা উচিত যে অর্ডার করা রাসায়নিকের গুণগত মান এবং প্রাপ্ত রাসায়নিকের গুণগত মান একই, বিশেষ করে যা পরিবেশগত বাধ্যবাধকতার সঙ্গে সম্পর্কিত এবং সম্পূর্ণ অনুসরণযোগ্যতা সংক্রান্ত নথিপত্র রয়েছে। এটি কারখানাকে একটি অনিচ্ছাকৃত সঙ্গতিহীনতার থেকে অথবা কর্মচারী/পরিবেশের রাসায়নিকের সংস্পর্শে আসা থেকে রক্ষা করে।
- **রাসায়নিক এবং প্রক্রিয়া সংক্রান্ত উদ্ভাবন:** রাসায়নিকের ব্যবস্থাপনা একটি জটিল বিষয় যেখানে আমাদের পরিবেশ সংক্রান্ত সমাধানের তুলনায় সমস্যা বেশি আছে। ভ্যালু চেইনের অংশীদারদের একত্রে কাজ করা গুরুত্বপূর্ণ যাতে *দূষিত পদার্থসমূহকে* যথাযথভাবে ব্যবস্থাপনা করার পরিবর্তে উন্নততর বিকল্প এবং উদ্ভাবনের মাধ্যমে *প্রতিস্থাপন করে* পরিবেশগত প্রভাব কমানো যায়।
- **ধারাবাহিক উন্নতিসাধন:** সিএমএস বাস্তবায়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। সংগঠনে যেরকম পরিবর্তন ঘটে থাকে, প্রতিধানসমূহ, আবশ্যিকতা, নীতিগুলো, এসওপি এবং প্রক্রিয়াসমূহেরও নিরন্তর পর্যালোচনা এবং হালনাগাদ হওয়া প্রয়োজন। সংগঠনের ইতিমধ্যেই একটি চালু প্রক্রিয়া থাকাটা জরুরি। এই প্রক্রিয়াটিকে অভ্যন্তরীণভাবে এবং/অথবা বহিরাগত লোকজনকে দিয়েও করানো যায়।

উপরোক্ত কেপিআইগুলোকেও আসল ওআইএ রাসায়নিক ব্যবস্থাপনা মড্যুলের প্রাথমিক উদ্দেশ্য ১-৭-এর প্রেক্ষিতে মানচিত্রায়িত করা হয়েছিল, যেটি সুনিশ্চিত করেছিল যে এই নতুনভাবে সংগঠিত, কারখানার পরিবেশ সংক্রান্ত মড্যুল 3.0 এর মধ্যে সবকটি ধারণাকে রাখা সম্ভব হয়েছে এবং রাসায়নিক ব্যবস্থাপনা মড্যুল (কেমিক্যাল ম্যানেজমেন্ট মড্যুল, সিএমএম)-এর প্রাথমিক উদ্দেশ্যাবলী হলো যে মূল উচ্চ-স্তরীয় রাসায়নিক ব্যবস্থাপনাকে শিল্পক্ষেত্রে আমাদের চালনা করতে চাওয়া সর্বোত্তম চর্চার অন্য একটি উপায় হিসেবে ভাবা এবং ব্যবহার করা চালিয়ে যাওয়া মেনে নেয়া হবে।

IMPORTANT -- HOW TO USE TECHNICAL GUIDANCE LINKS:

One of our partner organizations, the Zero Discharge of Hazardous Chemicals (ZDHC) group, has developed an excellent guide for managing chemicals that is referenced throughout the Higg FEM questions. For example, if a question references “ZDHC Chemical Management System Framework – Version 1.0 (May 2020) – Chapter 5” for more information on the recommended good management practices, you may open this document and find section 5 and get more detail on the corresponding topic.

ZDHC Chemical Management System Framework: https://uploads-ssl.webflow.com/5c4065f2d6b53e08a1b03de7/5ec4fce8cc2b044b520491d5_ZDHC%20CMS%20Framework_MAY2020.pdf

আপনার কারখানায় সংঘটিত সমস্ত প্রক্রিয়া বেছে নিনঃ

- রঞ্জন অথবা অন্যান্য জল-সম্পর্কিত প্রক্রিয়া
- প্রিন্টিং
- লঞ্জী বা ধোয়াধুয়ি
- সিমেন্ট লাগানো বা গ্লুইং
- ফাইবার বার করা বা তন্তু ঘোরানো
- বয়নকার্য চলাকালীন স্ল্যাশিং
- চামড়ার ট্যানিং
- ল্যামিনেশন
- বহিষ্করণ, জোড়া লাগানো, প্লাস্টিকের অংশগুলোর ফিনিশিং
- ধাতুর ফিনিশিং (রাসায়নিকের ব্যবহার সহ)
- ঢালাই
- ঢালাই (রাসায়নিকের ব্যবহার সহ)
- জৈব দ্রাবক দ্বারা গ্রিজ অপসারণ
- রঙ করা (পেইন্টিং)
- পাউডার কোটিং (নন-মেটাল ব্যবহারের জন্য)
- সোল্ডারিং
- প্রিন্টেড সার্কিট বোর্ড ইলেকট্রনিক অটোমেশন (রাসায়নিকের ব্যবহার সহ)
- উৎপাদন সংক্রান্ত অন্যান্য প্রক্রিয়া যেগুলোতে রাসায়নিকের প্রয়োজন হয়

যদি কোনোটিকে বেছে নেয়া হয়, তাহলে আপনি এমন একটি ফেসিলিটি যেটি **উৎপাদন প্রক্রিয়াতে রাসায়নিক ব্যবহার করে।**

- এটি ফেসিলিটির সেইসকল প্রক্রিয়াগুলোকে উল্লেখ করে যেগুলো একটি পণ্য উৎপাদনের প্রক্রিয়াতে রাসায়নিক ব্যবহার করা হয় (যেমন, ডাইং বা অন্যান্য ধরনের ওয়েট প্রসেসিং, প্রিন্টিং, লড্রি বা ওয়াশিং, ইয়ার্ড স্পিনিং, লেদার ট্যানিং, ইলেক্ট্রোপ্লেটিং, ওয়েল্ডিং, অথবা উৎপাদন সংক্রান্ত অন্যান্য প্রক্রিয়া)। আমরা আশা করি যে প্রতিটি টিয়ার ২ এবং টিয়ার ৩ কারখানা (উপাদান সরবরাহকারী, রঞ্জক এবং ছাপার কারখানা, চামড়ার ট্যানারী, রসায়ন সরবরাহকারী, এবং ড্রিম সরবরাহকারী) এই প্রয়োগযোগ্যতার শ্রেণীভুক্ত হবে।
- উৎপাদনে ব্যবহৃত রাসায়নিকের উদাহরণে অন্তর্ভুক্ত হলো, রঞ্জক, সিলিকন ফিনিশ, স্ক্রিন প্রিন্টিং, দ্রাবক, কালি, লেবেল, পানিকে দূরে রাখার জন্য স্থায়ী রাসায়নিক ফর্মুলেশন, সিমেন্ট, আঠা, ট্যান করার রসায়ন, ধাতু প্লেটিংয়ের সল্যুশন, গ্রিজ অপসারণকারী এজেন্ট, এবং অন্যান্য রাসায়নিক বর্ধক। আরেকটি উদাহরণ হলো প্লাস্টিকের পণ্য বা উপাদানে যুক্ত করা একটি রাসায়নিক প্লাস্টিকাইজার। পণ্য তৈরিতে ব্যবহৃত কিছু রাসায়নিক মিশ্রণ চূড়ান্ত পণ্যটিতে থাকে না কিন্তু এখানে অন্তর্ভুক্ত করা হয়, যেমন স্ক্রিন-প্রিন্টিংয়ের কালি যেটিতে পিগমেন্ট এবং রেজিন আছে, এবং একটি দ্রাবক আছে যেটিকে কালির অন্যান্য উপাদানের ধারক হিসাবে ব্যবহার করা হয় এবং যেটি প্রিন্টিং প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে পোশাকের থেকে বাষ্পীভূত হয়ে যাবে (অথবা করে দেয়া যাবে)। কঠিনপণ্যের ফেসিলিটির উদাহরণ হতে পারে গ্রিজ অপসারণের জন্য জৈব দ্রাবক, মেটাল প্লেটিং রাসায়নিকসমূহ, ইত্যাদি। *যেসকল ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিক ব্যবহার করে তাদের ক্ষেত্রে যেভাবে প্রযোজ্য, টুলিং এবং প্রয়োগ-সংক্রান্ত রাসায়নিকসমূহ সম্পর্কে রিপোর্ট করা আবশ্যিক।*

যদি কোনোটি বেছে নেয়া না হয়, তাহলে আপনি এমন একটি ফেসিলিটি যেটি **ফেসিলিটি টুলিং এবং/অথবা ক্রিয়াকলাপেই কেবলমাত্র রাসায়নিক ব্যবহার করে**

- এটি সেইসব ফেসিলিটিকে রেফার করে যেগুলো উৎপাদন প্রক্রিয়াতে রাসায়নিক ব্যবহার করে না, কিন্তু ফেসিলিটির কার্যকলাপের অন্যান্য ক্ষেত্রে রাসায়নিক ব্যবহার করে, যার অন্তর্ভুক্ত হলো বর্জ্যপানি পরিশোধন। আমরা আশা করি যে টিয়ার 1 কাটা-সেলাই কারখানা, যেগুলো লস্বালম্বিভাবে খন্ডিত নয়, সেগুলো এই শ্রেণীতে পড়বে। আপনাকে তবুও রাসায়নিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা হবে যেহেতু আপনার ফেসিলিটিটি প্রাত্যহিক কার্যসম্পাদনায় এখনও রাসায়নিক ব্যবহার করে থাকে যেমন, ধোয়াধুয়ি সংক্রান্ত পণ্য, মেশিন লুব্রিক্যান্ট, **স্পট ক্লিনার**, রঙ এবং যেখানে প্রযোজ্য, বর্জ্যপানি পরিশোধনের জন্য রাসায়নিক (ইটিপি)।

রাসায়নিক ব্যবস্থাপনা - স্তর 1

১। আপনার কারখানা কি সমস্ত ব্যবহৃত রাসায়নিকের এবং প্রতিটি রাসায়নিক পণ্য সরবরাহকারীর একটি তালিকা রাখে?

তালিকায় অন্তর্ভুক্ত সমস্ত রাসায়নিকের ধরনগুলোকে চেক করুন

- নির্মাণ প্রক্রিয়ায় ব্যবহৃত সমস্ত রাসায়নিক (উৎপাদন, বিক্রিয়াকারী এবং সংযোজকের রাসায়নিক এবং প্রযোজ্য হলে বর্জ্যজল পরিশোধনাগারের রাসায়নিক সহ)
- টুলিং/যন্ত্রপাতি (স্পট ক্লিনার, লুব্রিক্যান্ট এবং গ্রিজ)-এ ব্যবহৃত সমস্ত রাসায়নিক
- ফেসিলিটিতে কার্যসম্পাদন করানো এবং রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহৃত সমস্ত রাসায়নিক (উপরে উল্লিখিত ডাক্ক্যডাক্ক্যটি ছাড়াও)

আপোলোডের জন্য সুপারিশ: ক) রাসায়নিকের ইনভেন্টরির তালিকা; খ) যেখানে প্রযোজ্য সেখানে কিছু বিশেষ সংবেদনশীল রাসায়নিক সঞ্চয় বা ব্যবহারের জন্য অনুমতিপত্র (যেমন, বিস্ফোরক উপাদানসমূহ, অ্যাসিটিক অ্যানহাইড্রাইড, ইউরিয়া, ইথানল, ইত্যাদি, কিছু দেশে নিয়ন্ত্রিত থাকে এবং ব্যবহারের জন্য বিশেষ অনুমতি প্রয়োজন হয়)

1বি। আপনার কারখানার রাসায়নিক তথ্যভাণ্ডারে কি রাসায়নিক চিহ্নিতকরণ সংক্রান্ত উপাত্ত অন্তর্ভুক্ত আছে? যেগুলো প্রযোজ্য তার সবগুলোই বাছুন:

সমস্ত তথ্য একটি ডকুমেন্টে থাকার দরকার নেই, কিন্তু প্রাসঙ্গিক ডকুমেন্টগুলোতে এটি সহজভাবে পাওয়ার দরকার আছে (যেমন, ফাস্ট ইন ফাস্ট আউট ডকুমেন্টেশন)

- রাসায়নিকের নাম এবং ধরন
 - উদাহরণ টাইপ করুন: রঁজক, ক্লিনিং এজেন্ট, কোটিং-এর উপাদান, ডিটারজেন্ট, সফনার, ইত্যাদি।
- সরবরাহকারী/ভেণ্ডরের নাম এবং ধরন
 - উদাহরণের ধরন: প্রকৃত নির্মাতা / ফর্মুলেটর, রেফর্মুলেটর, এজেন্ট, ডিস্ট্রিবিউটর, ব্রোকার, অন্যান্য, অজানা।
- নিরাপত্তা সংক্রান্ত উপাত্তের শীটের উপস্থিতি (সেফটি ডেটা শীট, এসডিএস অথবা এমএসডিএস) - পাওয়া যাবে কিনা সেটা এবং ইস্যু হওয়ার তারিখ অন্তর্ভুক্ত থাকা উচিত
 - গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ অথবা সমতুল
 - জিএইচএস অথবা তার সমতুল এসডিএস-এ অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে রাসায়নিক পণ্যের তথ্য এবং তার উপাদান, বিপদের শ্রেণীবিভাগ এবং তার সংকেতগুলো,

সরবরাহকারীর (নির্মাতার) তথ্য, উদ্দেশিত ব্যবহার/ নির্দিষ্ট ব্যবহার, স্বাস্থ্য এবং নিরাপত্তা, সম্ভাব্য বিপদ এবং ঝুঁকি, ব্যক্তিগত সাবধানতা, সুরক্ষামূলক যন্ত্রপাতি এবং জরুরি প্রক্রিয়াসমূহ, প্রাথমিক শুষ্কতা পদ্ধতি, লক্ষণগুলো এবং প্রয়োজনীয় চিকিৎসা, সীমাবদ্ধ করা এবং ক্লিনিং-এর জন্য প্রয়োজনীয় পদ্ধতি এবং উপকরণ, নিরাপদ ব্যবহার এবং নাড়াচাড়া করার পদ্ধতি, উপচে পড়লে তা সামলানোর পদ্ধতি, নিরাপদে সঞ্চয়ের শর্তাবলী যার অন্তর্ভুক্ত হলো যেকোনো অসঙ্গতি, রাসায়নিক বিষাক্ততা, স্থিরতা, তেজস্ক্রিয়তা, এবং সম্ভাব্য বিপজ্জনক প্রতিক্রিয়া বা নষ্ট হওয়া, নিষ্কমণ এবং বর্জ্য পরিশোধন পদ্ধতিসমূহ, পরিবহনের জন্য বিপদের শ্রেণীবিভাগ এবং ঝুঁকি।

- ক্রিয়া
- বর্জ্যের শ্রেণীবিভাগ
 - ঝুঁকির জন্য পি এবং এইচ শব্দবন্ধসমূহকে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে (অথবা এস এবং আর শব্দবন্ধগুলোকে)
- রাসায়নিক কোথায় ব্যবহার করা হয়
 - যেমন, কোন বিল্ডিং/ প্রক্রিয়া / মেশিনে
- সঞ্চয়ের শর্ত এবং অবস্থান
- ব্যবহৃত রাসায়নিকের পরিমাণসমূহ
 - যেমন, গ্যালন, গ্রাম, কিলোগ্রাম, টন, লিটার

1সি। আপনার কারখানার রাসায়নিক তথ্যভাণ্ডারে কি নিম্নলিখিত উপাত্ত অন্তর্ভুক্ত? যেগুলো প্রযোজ্য তার সবগুলোই বাছুনঃ

- সিএএস নম্বর(গুলো) (যখন মিশ্রণে থাকে)
- লট নম্বর
- এমআরএসএল-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ
- ক্রয়ের তারিখ
- রাসায়নিকের কর্মযোগ্যতা শেষ হওয়ার (এক্সপায়ারেশন) তারিখ (যদি প্রযোজ্য হয়)

আপনার কারখানার রাসায়নিক তথ্যভাণ্ডারে অন্তর্ভুক্ত নয় এমন উপাত্তের জন্য, এই উপাত্ত পাওয়ার জন্য কোনো কর্ম-পরিকল্পনা রয়েছে?

এই উপাত্ত পাওয়ার জন্য আপনার কর্ম-পদক্ষেপটি আপলোড করুনঃ

সমস্ত তথ্য একটি ডকুমেন্টে থাকার দরকার নেই, কিন্তু প্রাসঙ্গিক ডকুমেন্টগুলোতে এটি সহজভাবে পাওয়ার দরকার আছে (যেমন, ফাস্ট ইন ফাস্ট আউট ডকুমেন্টেশন)

একটি সম্পূর্ণ রাসায়নিক ইনভেন্টরিতে অন্তর্ভুক্ত হবেঃ রাসায়নিকের নাম এবং ধরন, সরবরাহকারী/ভেন্ডরদের নাম এবং ধরন, সুলভ সেফটি ডেটা শীট (এসডিএস অথবা এমএসডিএস) এবং ইস্যু হওয়ার তারিখ, কাজ, ঝুঁকির শ্রেণীবিভাগ, কোথায় ব্যবহার হয়, সঞ্চয়ের অবস্থা এবং অবস্থান, ব্যবহৃত রাসায়নিকের পরিমাণ, সিএএস সংখ্যা(গুলো) যেমনভাবে জিএইচএস/ সমতুল বিপজ্জনক রাসায়নিক পদার্থের এসডিএস-এ বলা আছে, লট সংখ্যাগুলো (যেকোনো অবস্থানে রেকর্ড করা যায় যেটিকে খুব সহজেই অনুসরণ করা যায় বা ট্রেস করা যায়), এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতা, ক্রয়ের তারিখ, এবং কার্যক্ষমতা শেষ হওয়ার তারিখগুলো (যদি প্রযোজ্য হয়)।

প্রযোজ্য ক্ষেত্রে, আপনার ইনভেন্টরি তালিকার রাসায়নিকসমূহ যেকোনও শিল্পকেন্দ্রিক মানদণ্ডের ইতিবাচক তালিকায় রয়েছে নাকি নেতিবাচক তালিকায় সেটি চিহ্নিত করার জন্যও সুপারিশ করা হয়।

আপনার ফেসিলিটিতে সমস্ত প্রযোজ্য রাসায়নিকের জন্য যদি আপনার একটি সম্পূর্ণ তালিকা থাকে তাহলে আপনাকে **পুরো পয়েন্ট** পুরস্কার দেয়া হবে।

যদি একটি আংশিক ইনভেন্টরিতে আপনি সমস্ত রাসায়নিকগুলিকে অনুসরণ করে থাকেন, তাহলে আপনাকে **আংশিক পয়েন্ট** পুরস্কার দেয়া হবে। অনুরূপভাবে, যদি আপনার একটি বিশদ তালিকা থাকে কিন্তু সমস্ত প্রযোজ্য রাসায়নিকগুলোকে এখনও ট্র্যাক করেন না, আপনাকে আংশিক পয়েন্ট দেয়া হবে।

দয়া করে নোট করুন: higg.org-এ সমস্ত এসডিএস নথিপত্র আপনার আপলোড করার দরকার নেই যেহেতু প্রচুর পরিমাণে ফাইল এতে অন্তর্ভুক্ত থাকতে পারে; ফাইল আপলোড করার বিষয়টি ঐচ্ছিক। তবে আপনি কোথায় এসডিএস সংক্রান্ত তথ্য সঞ্চয় করেন সেটা আপনার স্পষ্টভাবে চিহ্নিত করতে পারা উচিত, এবং যাচাই চলাকালীন আপনাকে এই তথ্য সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।

যাচাইকালীন অতিরিক্ত ডকুমেন্টেশন চাওয়া হবেঃ খ) যেখানে প্রযোজ্য বিশেষ কিছু সংবেদনশীল রাসায়নিক সঞ্চয় বা ব্যবহারের জন্য অনুমতিপত্র যেমন, বিস্ফোরক দ্রব্য, ঘ) ক্রয়ের রেকর্ডগুলো।

যে সকল ফেসিলিটি উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না সেগুলোর টুলিং/যন্ত্রপাতি বিভাগের সাথে সম্পর্কিত সমস্ত রাসায়নিকের একটি তথ্যভাণ্ডার তৈরি করা উচিত, যাতে অন্তর্ভুক্ত থাকবে স্পট ক্লিনার, মেশিন গ্রিজ/লুব্রিক্যান্ট, এবং তরল পরিশোধন সংক্রান্ত রাসায়নিকসমূহ।

কেবলমাত্র টুলিং/পরিচালনা সংক্রান্ত রাসায়নিক রয়েছে যেসব কারখানাগুলোর

যদি আপনার এমন কোনো রাসায়নিক না থাকে যেটি পণ্যকে স্পর্শ করতে পারে (যেমন, ক্লিনিং প্রোডাক্ট) এবং/অথবা মেশিনকে রক্ষণাবেক্ষণ বা তৈলসিক্ত করার প্রয়োজনে রাসায়নিক ব্যবহার না করে থাকেন, তাহলে আপনি “প্রযোজ্য নয়” বেছে নিতে পারেন।

কেবলমাত্র টুলিং/পরিচালনা সংক্রান্ত রাসায়নিক রয়েছে যেসব কারখানাগুলোর

নির্মাণ প্রক্রিয়া এবং টুলিং/যন্ত্রপাতির সাথে সংশ্লিষ্ট সমস্ত রাসায়নিকের তালিকা তৈরি করা উচিত, যার অন্তর্ভুক্ত হলো স্পট ক্লিনার, মেশিন গ্রিজ/লুব্রিক্যান্ট, এবং ইটিপি রাসায়নিক। যদি আপনার এমন কোনো রাসায়নিক না থাকে যেটি পণ্যকে স্পর্শ করতে পারে যেমন, ক্লিনিং প্রোডাক্ট, এবং/অথবা মেশিনকে রক্ষণাবেক্ষণ বা তৈলসিক্ত করার প্রয়োজনে রাসায়নিক ব্যবহার না করে থাকেন, তাহলে আপনি "প্রয়োজন নয়" বেছে নিতে পারেন।

উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে যে কারখানাগুলোঃ

- পুরো স্কের পাওয়ার জন্য, নির্মাণ, টুলিং/যন্ত্রপাতি, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের সমস্ত রাসায়নিককে অবশ্যই তালিকাভুক্ত করতে হবে, যার অন্তর্গত হবে সমস্ত তথ্যাবলী
- স্তর ২টিকে আনলক করার জন্য নির্মাণে ব্যবহৃত সমস্ত রাসায়নিকগুলোকে অবশ্যই তালিকাভুক্ত করতে হবে।
- টুলিং/যন্ত্রপাতি, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের সমস্ত রাসায়নিককেও অবশ্যই তালিকাভুক্ত করতে হবে, তবে, এগুলো যদি বর্তমানে জায়গায় না থাকে বা অসম্পূর্ণ থাকে তবে কারখানাটি পরবর্তী স্তরে চলে যেতে পারে।
- **আংশিক হ্যাঁ** স্কের হিসেবে পাওয়ার জন্য উৎপাদন এবং টুলিং/সরঞ্জামের সমস্ত রাসায়নিককে অবশ্যই তালিকাভুক্ত করতে হবে।

প্রয়োগসংক্রান্ত মূল কর্মকৌশলতার সূচক (অপারেশনাল কী পারফরম্যান্স ইণ্ডিকেটর): রাসায়নিক ইনভেন্টরির ব্যবস্থাপনা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নটি কারখানার চত্বরে কোন রাসায়নিকগুলো রয়েছে সে সম্পর্কে কারখানার অবহিত থাকার বিষয়টি নিশ্চিত করে। কোন রাসায়নিকগুলো বিপজ্জনক, সেগুলোকে কীভাবে নিরাপদে ব্যবস্থাপনা করা যায়, এবং একটি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতি তৈরি করার ক্ষেত্রে এটি একটি প্রয়োজনীয় প্রথম ধাপ।

এই সমস্ত তথ্য একটি এক্সেল ডকুমেন্টে থাকার প্রয়োজন নেই, বরং একাধিক ডকুমেন্টে রাখা যেতে পারে। উদাহরণ স্বরূপ, পরিমাণ এবং ক্রয়ের তারিখ আলাদা ডকুমেন্টে থাকতে পারে, প্রতিটি রাসায়নিকের শতাধিক ভিন্ন ক্রয়-তারিখ থাকতে পারে যেগুলোকে পৃথক গুদাম সংক্রান্ত ডকুমেন্টেশনে খুঁজে পাওয়া যেতে পারে।

রাসায়নিক ব্যবস্থাপনা শুরু হয় কারখানার অভ্যন্তরে সঞ্চিত এবং ব্যবহৃত হওয়া রাসায়নিকগুলোর সম্পর্কে সম্পূর্ণ বোঝাপড়ার মাধ্যমে। টেক্সটাইল এবং ফুটওয়ার শিল্পে অধিকাংশ রাসায়নিক একাধিক শ্রেণীতে পড়তে পারে যেমন অক্সিডাইজার, কেরোসিন, প্রেশারে থাকা গ্যাস, দাহ্য, টক্সিক এবং ইরিট্যান্ট। সাধারণভাবে, আমরা এগুলো কাজের জায়গাতে সর্বত্র দেখতে পাই। অনেক রাসায়নিকই আসে যায় যেহেতু বিভিন্ন রেসিপিই সেগুলোকে প্রতিটি স্বতন্ত্র কাজের পদ্ধতিতে ব্যবহার করে। কারখানাতে সমস্ত পৃথক

রাসায়নিকের লিখিত তালিকা থাকা প্রয়োজন বিপজ্জনক সংযোগ পর্যবেক্ষণ করার জন্য, এবং সমস্ত কর্মচারীদের জন্য সহজলভ্য হওয়া উচিত। তালিকা হলো একটি সক্রিয় ডকুমেন্টেশন এবং সব সময় হালনাগাদ রাখতে হবে।

কিছু উপাত্ত ত্র্যাক করার ক্ষেত্রে অধিক উন্নততর এবং একত্রিত করতে সময় লাগবে, কিন্তু একবার একত্রিত হওয়ার পর এটি আপনার সংস্থার জন্য মূল্যবান হবে যেহেতু নতুন প্রবিধান অথবা আরো উন্নত রাসায়নিক ব্যবস্থাপনার চাহিদা তৈরি হয়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

কারখানার একটি পদ্ধতি হিসেবে ফাস্ট ইন, ফাস্ট আউট (এফআইএফও)-এর বাস্তবায়ন পদ্ধতিটি বুঝতে পারা প্রয়োজন যাতে রাসায়নিক ব্যবহার সংক্রান্ত তথ্যাবলী কার্যকরীভাবে ত্র্যাক করা যায়। একটি কারখানা গ্রহণ করতে পারে এমন দুটি পৃথক পদ্ধতি রয়েছে। একটি বিকল্প হলো এই যে কারখানাটি রাসায়নিক ভাণ্ডারের তালিকা রক্ষণাবেক্ষণ করতে পারে যেটি মাসিক ভিত্তিতে হালনাগাদ করা হবে। অথবা, কারখানায় আসা সমস্ত রাসায়নিকের লট নম্বর রাখার জন্য এটি স্টক ডাটা এবং বিপদ সংক্রান্ত তথ্যাবলী সম্বলিত একটি কেমিক্যাল ইনফরমেশন শিট রক্ষণাবেক্ষণ করতে পারে। ঘন ঘন রাসায়নিক কেনার সম্ভাবনা রয়েছে এমন ক্ষেত্রে, দ্বিতীয় বিকল্পটি বাধ্যতামূলক।

একটি ইনভেন্টরি প্রস্তুত করার সময়, উৎপাদন প্রক্রিয়াতে ব্যবহৃত, উৎপাদন প্রক্রিয়ার সহায়ক রূপে ব্যবহৃত, রাসায়নিকগুলো সহ একটি তালিকা তৈরি করুন, যেমন পরিচালনা নির্বাহ হওয়ার মধ্যবর্তী সময়ে ক্লিনিং-এর যন্ত্রপাতিগুলোর জন্য ব্যবহৃত রাসায়নিকগুলো (যেমন, যেসব রাসায়নিক সংগঠনটি পুনর্ব্যবহার করে, বিক্রি করে অথবা ফেলে দেয়), বর্জ্যপানি পরিশোধনের জন্য ব্যবহৃত রাসায়নিক, পরীক্ষাগারে, বয়লারে, চিলারে ব্যবহৃত রাসায়নিক, শৌচাগার সংক্রান্ত রাসায়নিক, স্পট রিমুভার, রঙ ওঠানোর জন্য দ্রাবক, টেবুল গাম, স্ক্রীন পরিষ্কার করার রাসায়নিক, স্ক্রীন তৈরি এবং এক্সপোজ করার জন্য ব্যবহৃত রাসায়নিক, ইত্যাদি।

উৎপাদনকালে প্রস্তুত ইন্টারমিডিয়েট রাসায়নিকগুলোর তালিকা রাখার দরকার নেই। যেখানে রাসায়নিক ব্যবহার হয় সেখানে রাসায়নিকের যথাযথ ব্যবহার সম্পর্কে লিখিত নির্দেশনা থাকা উচিত। নির্দেশনা রেসিপি কার্ড, প্রক্রিয়া অভিযোজন সংক্রান্ত নির্দেশাবলী অথবা ফর্মুলেশন শিট হিসেবেও থাকতে পারে এবং প্রধান পরিচালনাসমূহ, এবং সেইসব প্রক্রিয়াগুলোর জন্য প্রয়োজনীয় হতে পারে এমন রাসায়নিক এবং তাদের পরিমাণগুলোকে বিবৃত করবে। রাসায়নিক ব্যবহারের জন্য নির্দেশাবলীর ডকুমেন্টের অন্তর্ভুক্ত থাকা উচিত প্রক্রিয়া নিয়ন্ত্রণের শর্তাবলী এবং চেক পয়েন্টগুলো। সাধারণত, প্রযুক্তিগত ডাটা শিট (টেকনিক্যাল ডেটা শীট, টিডিএস) প্রক্রিয়া এবং ব্যবহারবিধি সংক্রান্ত তথ্য দেবে। রাসায়নিক সরবরাহকারী(দের)র সাথে কাজ করা রেসিপি, নির্দেশনা এবং প্রক্রিয়ার সুবৃদ্ধির জন্য লাভজনক হতে পারে। তালিকাগুলোকে বার্ষিকভাবে অথবা প্রক্রিয়াতে কোনো পরিবর্তন ঘটলে হালনাগাদ করা উচিত।

রেফঃ জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় ৫

আপনার তালিকায় অন্তর্ভুক্ত করার জিনিসগুলোঃ

রাসায়নিক চিহ্নিতকরণের ডেটা যেমনটি প্রশ্ন ১খ-তে তালিকাভুক্ত রয়েছেঃ

- রাসায়নিকের নাম এবং ধরন
 - উদাহরণ টাইপ করুনঃ রঁজক, ক্লিনিং এজেন্ট, কোটিং-এর উপাদান, ডিটারজেন্ট, সফনার, ইত্যাদি।
- সরবরাহকারী/ভেণ্ডরের নাম এবং ধরন
 - উদাহরণের ধরনঃ প্রকৃত নির্মাতা / ফর্মুলেটর, রেফর্মুলেটর, এজেন্ট, ডিস্ট্রিবিউটর, ব্রোকার, অন্যান্য, অজানা।
- নিরাপত্তা সংক্রান্ত উপাত্তের শীটের উপস্থিতি (সেফটি ডেটা শীট, এসডিএস অথবা এমএসডিএস) - পাওয়া যাবে কিনা সেটা এবং ইস্যু হওয়ার তারিখ অন্তর্ভুক্ত থাকা উচিত
 - গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ অথবা সমতুল
 - জিএইচএস অথবা তার সমতুল এসডিএস-এ অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে রাসায়নিক পণ্যের তথ্য এবং তার উপাদান, বিপদের শ্রেণীবিভাগ এবং তার সংকেতগুলো, সরবরাহকারীর (নির্মাতার) তথ্য, উদ্দেশিত ব্যবহার/ নির্দিষ্ট ব্যবহার, স্বাস্থ্য এবং নিরাপত্তা, সম্ভাব্য বিপদ এবং ঝুঁকি, ব্যক্তিগত সাবধানতা, সুরক্ষামূলক যন্ত্রপাতি এবং জরুরি প্রক্রিয়াসমূহ, প্রাথমিক শুষ্কতা পদ্ধতি, লক্ষণগুলো এবং প্রয়োজনীয় চিকিৎসা, সীমাবদ্ধ করা এবং ক্লিনিং-এর জন্য প্রয়োজনীয় পদ্ধতি এবং উপকরণ, নিরাপদ ব্যবহার এবং নাড়াচাড়া করার পদ্ধতি, উপচে পড়লে তা সামলানোর পদ্ধতি, নিরাপদে সঞ্চয়ের শর্তাবলী যার অন্তর্ভুক্ত হলো যেকোনো অসঙ্গতি, রাসায়নিক বিষাক্ততা, স্থিরতা, তেজস্ক্রিয়তা, এবং সম্ভাব্য বিপজ্জনক প্রতিক্রিয়া বা নষ্ট হওয়া, নিষ্ক্ষমণ এবং বর্জ্য পরিশোধন পদ্ধতিসমূহ, পরিবহনের জন্য বিপদের শ্রেণীবিভাগ এবং ঝুঁকি।
- ক্রিয়া
- বর্জ্যের শ্রেণীবিভাগ
 - ঝুঁকির জন্য পি এবং এইচ শব্দবন্ধসমূহকে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে (অথবা এস এবং আর শব্দবন্ধগুলোকে)
- রাসায়নিক কোথায় ব্যবহার করা হয়
 - যেমন, কোন বিল্ডিং/ প্রক্রিয়া / মেশিনে
- সঞ্চয়ের শর্ত এবং অবস্থান
- ব্যবহৃত রাসায়নিকের পরিমাণসমূহ
 - যেমন, গ্যালন, গ্রাম, কিলোগ্রাম, টন, লিটার

অতিরিক্ত উপাত্ত প্রশ্ন ১গ-তে তালিকাভুক্ত রয়েছেঃ

- সিএএস নম্বর(গুলো) (যখন মিশ্রণে থাকে)
- লট নম্বর

- এমআরএসএল-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ
- ক্রয়ের তারিখ
- রাসায়নিকের কর্মযোগ্যতা শেষ হওয়ার (এক্সপায়ারেশন) তারিখ (যদি প্রযোজ্য হয়)

রাসায়নিকের ইনভেন্টরি তালিকায় অতিরিক্ত উপাত্ত অন্তর্ভুক্তিকরণের জন্য সুপারিশ করা হয়:

- ইতিবাচক তালিকার ইঙ্গিত
- নেতিবাচক তালিকার ইঙ্গিত

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

রাসায়নিকের শ্রেণীবিভাগ এবং লেবেলিং-এর বিশ্বজুড়ে সমন্বিত (গ্লোব্যালি হারমোনাইজড) ব্যবস্থাটির জন্য:
https://www.unece.org/trans/danger/publi/ghs/ghs_rev08/08files_e.html

জেডডিএইচসি সিআইএল টেমপ্লেট: <https://www.roadmaptozero.com/documents>

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসব ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ** ব্যবহার করে:

পুরো পয়েন্টঃ

- রাসায়নিকের তালিকায় অন্তর্ভুক্ত থাকে **সেইসকল** রাসায়নিক যেগুলিকে নির্মাণ/উৎপাদন, টুলিং/সরঞ্জাম, ক্রিয়াকলাপ এবং রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহার করা হয় (যার অন্তর্ভুক্ত হলো উৎপাদনের জন্য রাসায়নিকসমূহ, স্পট ক্লিনার, ইটিপি রাসায়নিকসমূহ, গ্রিজ এবং লুব্রিক্যান্ট, যেখানে প্রযোজ্য)। প্রয়োগযোগ্যতার নির্দেশাবলী দেখুন
- কারখানা একটি সম্পূর্ণ বছরে কেনা রাসায়নিক, এবং কেনা ও তালিকাভুক্ত সমস্ত রাসায়নিকের তালিকা কারখানা প্রদান করতে পারে।
- একটি রাসায়নিক ইনভেন্টরিতে ন্যূনতম তথ্য থাকে যার মধ্যে আছে রাসায়নিক চিহ্নিতকরণের উপাত্ত এবং অতিরিক্ত উপাত্তঃ
 - রাসায়নিক চিহ্নিতকরণের উপাত্ত – **প্রশ্ন 1খ -তে** তালিকাভুক্ত তালিকাটি দেখুন, এবং
 - অতিরিক্ত উপাত্ত – **প্রশ্ন ১গ-তে তালিকাভুক্ত তালিকাটি দেখুন**
- রাসায়নিক ভাণ্ডার ব্যবহারিক পরিমাণের তথ্য রেকর্ড করবে এবং পরিমাণ মাসে অন্তত একবার হালনাগাদ করতে হবে
- একটি স্টোরেজ/গুদামঘরে, উৎপাদনস্থলে, এবং অস্থায়ী স্টোরেজ এলাকাতে একটি প্রকৃত সময় ট্র্যাকিং পদ্ধতি (বৈদ্যুতিন বা ম্যানুয়াল) থাকতে হবে যাতে রাসায়নিকের ব্যবহার্য আয়তন এবং পরিমাণ (ইন/আউট লগ) ট্র্যাক করা যায়
- ফেসিলিটি-জুড়ে রাসায়নিকসমূহের ভারসাম্য খুঁটিয়ে দেখার বিষয়টি (কেনা, ব্যবহৃত) প্রতি ৬ মাসে অন্তত একবার নিরীক্ষণ করতে হবে

- নতুন কোনো রাসায়নিক কেনা হলেই রাসায়নিকের তালিকাভাগার (ইনভেন্টরি) হালনাগাদ করা হয়। নতুন একটি রাসায়নিকের যুক্ত হওয়া কর্মচারীদের জন্য একটি প্রশিক্ষণ, যেকোনো ঝুঁকি এবং স্টোরেজ সংক্রান্ত বাধ্যবাধকতা, জরুরি অবস্থার জন্য পরিকল্পনা, এবং নিষ্কমণ সংক্রান্ত বাধ্যবাধকতার একটি পর্যালোচনা আরম্ভ করে।
- নতুন রাসায়নিকসমূহ যাচাই প্রক্রিয়ার আগে: পি-এর সাথে মিলিয়ে দেখার আগে স্টক বা সঞ্চয়স্থলে সরানো হয় না। ও, রাসায়নিক ইনভেন্টরি তালিকায় যুক্ত করা হয়, এমআরএসএল-এর প্রেক্ষিতে সিএএস নম্বর মিলিয়ে দেখা হয়, ব্যবহারের জন্য গ্রহণযোগ্য, এর ঝুঁকির শ্রেণীবিভাগ এবং সামঞ্জস্য অনুযায়ী যথাযথ সঞ্চয়স্থল বরাদ্দ করা হয়, এবং যথাযথভাবে লেবেল লাগানো হয়।

আংশিক পয়েন্টগুলো:

- রাসায়নিকের তালিকায় অন্তর্ভুক্ত থাকে যেইসকল রাসায়নিককে উৎপাদন অথবা টুলিং/সরঞ্জামের জন্য ব্যবহার করা হয় (যার অন্তর্ভুক্ত হলো উৎপাদনের জন্য রাসায়নিক, স্পট ক্লিনার, ইটিপি রাসায়নিকসমূহ, গ্রিজ এবং লুব্রিক্যান্ট, যেখানে প্রযোজ্য) **সেইসকল, তবে সবগুলি নয়।** প্রযোজ্যতার নির্দেশাবলী দেখুন
- কেনা রাসায়নিক এবং অন্তত নির্মাণ এবং টুলিং/যন্ত্রপাতি-এর জন্য কেনা সমস্ত তালিকাভুক্ত রাসায়নিকের একটি পুরো বছরের তালিকা কারখানা প্রদান করতে পারে।
- একটি রাসায়নিক ইনভেন্টরি রাসায়নিক চিহ্নিতকরণের উপাত্ত বিষয়ে ন্যূনতম তথ্য রাখে।
 - রাসায়নিক চিহ্নিতকরণের উপাত্ত – **প্রশ্ন ১খ -তে তালিকাভুক্ত তালিকাটি দেখুন**
- রাসায়নিক ভাগার ব্যবহারিক পরিমাণের তথ্য রেকর্ড করবে এবং পরিমাণ ২ মাসে অন্তত একবার হালনাগাদ করতে হবে।

যেসকল ফেসিলিটি **কেবলমাত্র ফেসিলিটির ক্রিয়াকলাপের কাজে রাসায়নিক ব্যবহার করে:**

পুরো পয়েন্ট

- রাসায়নিকের তালিকায় অন্তর্ভুক্ত থাকে **সেইসকল** রাসায়নিক যেগুলিকে নির্মাণ/উৎপাদন, টুলিং/সরঞ্জাম, ক্রিয়াকলাপ এবং রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহার করা হয় (যার অন্তর্ভুক্ত হলো উৎপাদনের জন্য রাসায়নিকসমূহ, স্পট ক্লিনার, ইটিপি রাসায়নিকসমূহ, গ্রিজ এবং লুব্রিক্যান্ট, যেখানে প্রযোজ্য)। প্রযোজ্যতার নির্দেশাবলী দেখুন
- কারখানা একটি সম্পূর্ণ বছরে কেনা রাসায়নিক, এবং কেনা ও তালিকাভুক্ত সমস্ত রাসায়নিকের তালিকা কারখানা প্রদান করতে পারে।
- ন্যূনতম তথ্যাবলী সমেতই একটি রাসায়নিকের তালিকা রাখা যেতে পারে:
 - **প্রশ্ন ১খ-এ** তালিকাভুক্ত রাসায়নিক চিহ্নিতকরণের উপাত্ত দেখুন এবং,
 - **প্রশ্ন ১গ-তে** তালিকাভুক্ত অতিরিক্ত উপাত্ত দেখুন

- নতুন কোনো রাসায়নিক কেনা হলেই রাসায়নিকের তালিকাভাগার (ইনভেন্টরি) হালনাগাদ করা হয়। নতুন একটি রাসায়নিকের যুক্ত হওয়া কর্মচারীদের জন্য একটি প্রশিক্ষণ, যেকোনো ঝুঁকি এবং স্টোরেজ সংক্রান্ত বাধ্যবাধকতা, জরুরি অবস্থার জন্য পরিকল্পনা, এবং নিষ্করণ সংক্রান্ত বাধ্যবাধকতার একটি পর্যালোচনা আরম্ভ করে।
- নতুন রাসায়নিকের রসিদ(গুলোকে) যাচাই প্রক্রিয়ার আগে: পি-এর সাথে মিলিয়ে দেখার আগে সঞ্চয়স্থলে সরানো হয় না। ও, রাসায়নিক ইনভেন্টরি তালিকায় যুক্ত করা হয়, এমআরএসএল-এর প্রেক্ষিতে সিএএস নম্বর মিলিয়ে দেখা হয়, ব্যবহারের জন্য গ্রহণযোগ্য, এর ঝুঁকির শ্রেণীবিভাগ এবং সামঞ্জস্য অনুযায়ী যথাযথ সঞ্চয়স্থল বরাদ্দ করা হয়, এবং যথাযথভাবে লেবেল লাগানো হয়।

আংশিক পয়েন্টগুলো

- রাসায়নিকের তালিকায় অন্তর্ভুক্ত থাকে যেইসকল রাসায়নিককে উৎপাদন অথবা টুলিং/সরঞ্জামের জন্য ব্যবহার করা হয় (যার অন্তর্ভুক্ত হলো উৎপাদনের জন্য রাসায়নিক, স্পট ক্লিনার, ইটিপি রাসায়নিকসমূহ, গ্রিজ এবং লুব্রিক্যান্ট, যেখানে প্রযোজ্য) **সেইসকল, তবে সবগুলি নয়।** প্রযোজ্যতার নির্দেশাবলী দেখুন
- কেনা রাসায়নিক এবং অন্তত নির্মাণ এবং টুলিং/যন্ত্রপাতি-এর জন্য কেনা সমস্ত তালিকাভুক্ত রাসায়নিকের একটি পুরো বছরের তালিকা কারখানা প্রদান করতে পারে।
- ন্যূনতম তথ্যাবলী সমেতই একটি রাসায়নিকের তালিকা রাখা যেতে পারে:
 - **প্রশ্ন 1খ-তে** তালিকাভুক্ত রাসায়নিক চিহ্নিতকরণের উপাত্ত দেখুন
- এনএ (প্রযোজ্য নয় যন্ত্রপাতি-বিহীন) কারখানাগুলোর জন্য

আবশ্যিক ডকুমেন্টেশন: (এগুলিকে আপলোড করা বাধ্যতামূলক নয় কিন্তু যাচাইয়ের সময় চেক করা হবে):

- রাসায়নিক ভাগারের তালিকা (রাসায়নিক ইনভেন্টরির তালিকা)
- নিরাপত্তা সংক্রান্ত উপাত্তের শীট (সেফটি ডেটা শীট, এসডিএস অথবা এমএসডিএস) - পাওয়া যাওয়ার বিষয়টি এবং ইস্যু হওয়ার তারিখ অন্তর্ভুক্ত থাকা উচিত
 - গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ অথবা সমতুল
 - জিএইচএস অথবা তার সমতুল এসডিএস-এ অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে রাসায়নিক পণ্যের তথ্য এবং তার উপাদান, বিপদের শ্রেণীবিভাগ এবং তার সংকেতগুলো, সরবরাহকারীর (নির্মাতার) তথ্য, উদ্দেশিত ব্যবহার/ নির্দিষ্ট ব্যবহার, স্বাস্থ্য এবং নিরাপত্তা, সম্ভাব্য বিপদ এবং ঝুঁকি, ব্যক্তিগত সাবধানতা, সুরক্ষামূলক যন্ত্রপাতি এবং জরুরি প্রক্রিয়াসমূহ, প্রাথমিক শুষ্কতা পদ্ধতি, লক্ষণগুলো এবং প্রয়োজনীয় চিকিৎসা, সীমাবদ্ধ করা এবং ক্লিনিং-এর জন্য প্রয়োজনীয় পদ্ধতি এবং উপকরণ, নিরাপদ ব্যবহার এবং নাড়াচাড়া করার পদ্ধতি, উপচে পড়লে তা সামলানোর পদ্ধতি, নিরাপদে সঞ্চয়ের শর্তাবলী যার অন্তর্ভুক্ত হলো যেকোনো অসঙ্গতি, রাসায়নিক বিষাক্ততা, স্থিরতা, তেজস্ক্রিয়তা, এবং

সম্ভাব্য বিপজ্জনক প্রতিক্রিয়া বা নষ্ট হওয়া, নিষ্ক্ষমণ এবং বর্জ্য পরিশোধন পদ্ধতিসমূহ, পরিবহনের জন্য বিপদের শ্রেণীবিভাগ এবং ঝুঁকি।

- যেখানে প্রযোজ্য সেখানে অনুমতিপত্র বিশেষভাবে সংবেদনশীল রাসায়নিক সঞ্চয় বা ব্যবহারের জন্য যেমন, বিস্ফোরক উপকরণ (ইথানল, অ্যাসেটিক অ্যাহাইড্রাইড, ইউরিয়া, ইত্যাদি, কিছু দেশে যেভাবে প্রযোজ্য)
- বিগত গোটা বছরে কেনা রাসায়নিকগুলো এবং তাদের সাথে সমন্বিত ক্রয়ের রেকর্ডের তালিকা

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- একটি নিখুঁত, হালনাগাদ করা, এবং সম্পূর্ণ রাসায়নিক তালিকাভান্ডার রক্ষণাবেক্ষণ করার প্রক্রিয়া আলোচনা করা।

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- রাসায়নিক ভাণ্ডারতালিকায় যে কোনো গ্যাপ পড়লে কেনা রাসায়নিকগুলোর তালিকা/রেকর্ড চেক করুন।
- রাসায়নিক ভাণ্ডারতালিকায়, এফআইএফও রেকর্ড, অথবা অন্যান্য প্রাসঙ্গিক ডকুমেন্ট যাতে বাধ্যতামূলক উপাত্ত থাকে সেগুলোকে চেক করুন। রাসায়নিক ভাণ্ডারের অন্যত্র রেকর্ড করা হয়ে থাকতে পারে যেসব উপাত্ত সেগুলোর অনুসরণযোগ্যতা পরীক্ষা করুন।
- রাসায়নিক ভাণ্ডার, পারমিট, এবং পিপিই-এর সাথে শ্রমিকদের সঙ্গতিরক্ষার বিষয়টি যেকোনো সময় খুঁটিয়ে দেখার জন্য কারখানার ভেতরে হাঁটুন।
- অন-সাইট অন্তত ১০টি রাসায়নিক র‍্যাগম চেক করুন (অন-সাইট যতগুলো রাসায়নিক ব্যবহার করা হয় তার সম্পূর্ণ সংখ্যার ভিত্তিতে), যার অন্তর্ভুক্ত থাকবে নির্মাণ, টুলিং/যন্ত্রপাতি, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় রাসায়নিক দেখার জন্য যেঃ
- রাসায়নিক ইনভেন্টরিতে রাসায়নিকটি রেকর্ড করা আছে; এবং
- রাসায়নিক ইনভেন্টরিতে তথ্যাদি প্রকৃত লেবেল এবং এমএসডিএস/এসডিএস-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ।

২। আপনার কারখানা কি রাসায়নিকের ব্যবহারের জন্য কর্মচারীদের কাছে সেফটি ডেটা শিট (এসডিএস) সুলভ করে?

যেখানে বিপজ্জনক রাসায়নিক সঞ্চিত থাকে সেখানে কি সেফটি ডেটা শিট পোস্ট করা হয়?

কর্মচারীদের জন্য সহজবোধ্য ভাষায় কি সেফটি ডেটা শিট পাওয়া যায় (অন্তত যেসব বিভাগগুলো প্রত্যক্ষভাবে পরিচালনামূলক কর্মচারীদের নিরাপত্তা এবং সঞ্চয়ের বাধ্যবাধকতার সঙ্গে জড়িত, যেমন ফার্স্ট এইড, ঝুঁকি, এবং দাহ্যতা সংক্রান্ত তথ্য)?

আপলোডের জন্য সুপারিশ: ক) ছবি যা দেখায় যে কর্মস্থলে এসডিএস রয়েছে এবং তা কর্মীরা পেতে পারেন; খ) ঐচ্ছিক সেফটি ডেটা শীট (এসডিএস), গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস) সঙ্গতিপূর্ণ অথবা সমতুল (আগে আপলোড করে থাকলে ছেড়ে দিন। এগুলো আপলোড করার দরকার নেই কিন্তু যাচাইকালীন পর্যালোচনার জন্য পেতে হবে); গ) সিএলপি-এর সাথে সামঞ্জস্যপূর্ণ লেবেল যদি কোনো কারণে এসডিএস না পাওয়া যায়

যাচাইকালীন বাড়তি ডকুমেন্টেশন চাওয়া হবে: ঘ) রাসায়নিক ইনভেন্টরি তালিকা, ঙ) এমার্জেন্সি রেসপন্স প্ল্যান (জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা), চ) উপচে পড়া/সামলানোর যন্ত্রপাতির ডকুমেন্টেশন, ছ) কর্মীদের দ্বারা উপযুক্ত পিপিই ব্যবহৃত হচ্ছে তার ডকুমেন্টেশন, জ) প্রশিক্ষণের ডকুমেন্টেশন

সেফটি ডেটা শিট অবশ্যই গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বা সমতুল থাকতে হবে।

যদি উৎপাদন/নির্মাণ প্রক্রিয়াসমূহ, টুলিং, এবং তরল পরিশোধনকারী রাসায়নিকসমূহের জিএইচএস অথবা সমতুল আদেশপত্র না থাকে **আংশিক হ্যাঁ বেছে নিন।**

দয়া করে নোট করুন: higg.org-এ সমস্ত এসডিএস নথিপত্র আপনার আপলোড করার প্রয়োজন নেই যেহেতু প্রচুর পরিমাণে ফাইল এতে অন্তর্ভুক্ত থাকবে; ফাইল আপলোড করার বিষয়টি ঐচ্ছিক। তবে আপনি কোথায় এসডিএস সংক্রান্ত তথ্য সঞ্চয় করেন সেটা আপনার স্পষ্টভাবে চিহ্নিত করতে পারা উচিত, এবং যাচাই চলাকালীন আপনাকে এই তথ্য সম্পর্কে জিজ্ঞাসা করা হবে।

উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না এমন কারখানাগুলির জন্য: সেফটি ডেটা শিট বাধ্যতামূলক সেই সমস্ত রাসায়নিকের জন্য যেগুলি উৎপাদন প্রক্রিয়াসমূহ এবং টুলিং/সরঞ্জাম বিভাগ, যার অন্তর্ভুক্ত হলো স্পট ক্লিনার, মেশিন গ্রিজ/লুব্রিক্যান্ট, এবং তরল পরিশোধনকারী রাসায়নিকসমূহের সাথে সম্পর্কিত। যদি আপনার এমন কোনো রাসায়নিক না থাকে যেটি পণ্যকে স্পর্শ করতে পারে (যেমন, ক্লিনিং প্রোডাক্টসমূহ)

এবং/অথবা মেশিনকে রক্ষণাবেক্ষণ বা তৈলসিক্ত করার প্রয়োজনে রাসায়নিক ব্যবহার করে না, তাহলে বেছে নেন “প্রযোজ্য নয়”।

প্রয়োগগত প্রধান কর্মকুশলতার সূচক (অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর): রাসায়নিক নাড়াচাড়া, ব্যবহার, এবং সঞ্চয়ের অনুশীলনসমূহ এবং কর্মীদের প্রশিক্ষণ ও সংযোগ

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই কারখানার কাছে কারখানায় ব্যবহৃত সমস্ত রাসায়নিক পণ্য সম্পর্কিত সম্পূর্ণ সেফটি ডাটা শিট (এসডিএস) থাকাটা প্রত্যাশা করা হচ্ছে। সক্ষিত, ব্যবহৃত এবং নিষ্কাশিত রাসায়নিকের থেকে স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কিত প্রভাবের বিষয়টি নিয়ন্ত্রণ চিহ্নিত করার জন্য গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সঙ্গতিপূর্ণ অথবা সমতুল সেফটি ডাটা শিট রাসায়নিক তথ্যাদির একটি প্রাথমিক সূত্র হিসেবে ব্যাপকভাবে স্বীকৃত। যদি কারখানা এমন জায়গায় অবস্থিত হয় যেখানে জিএইচএস এখনও বসানো হয়নি, সমতুল একটি মানদণ্ড মেনে চলতে হবে। কারখানাকে রাসায়নিক ব্যবহার করার আগে সেফটি ডাটা শিট (এসডিএস) সংগ্রহ এবং পর্যালোচনা করতে হবে, যাতে এসডিএস-এর সমস্ত জরুরি তথ্য সম্পূর্ণ এবং স্পষ্টভাবে বোঝার বিষয়টি নিশ্চিত করা যায়। এসডিএস একটি ডকুমেন্ট যেখানে সম্ভাব্য ঝুঁকি (স্বাস্থ্য, আগুন, তেজস্ক্রিয়তা এবং পরিবেশগত) এবং রাসায়নিক পণ্য নিয়ে কীভাবে নিরাপদে কাজ করতে হবে সে সম্পর্কে তথ্যাদি থাকে। সেফটি ডাটা শিট (এসডিএস) থাকার বিষয়টি আসন্ন প্রশিক্ষণ এবং এই বিভাগের ব্যবস্থাপনা সংক্রান্ত আচরণের একটি ভূমিকা।

সেফটি ডাটা শিট (এসডিএস) রাসায়নিক সংক্রান্ত বিপদ, স্বাস্থ্য, এবং নিরাপত্তা সংক্রান্ত একটি সম্পূর্ণ কার্যক্রম গঠন শুরু করার জন্য একটি অত্যাবশ্যকীয় বিন্দু। তাদেরকে সংস্পর্শে আসতে হবে এমন কোনো রাসায়নিক পণ্য সম্পর্কে কেউ কোনো তথ্য চাইলে এটি যেকোনো ব্যক্তির জন্য একটি আবশ্যিক ডকুমেন্ট। রাসায়নিক খুবই বিপজ্জনক হতে পারে, বিশেষ করে যদি আপনি সেগুলোকে বারংবার নাড়াচাড়া করতে থাকেন অথবা যদি সেগুলোকে যথাযথভাবে সঞ্চয়, পরিবহন, বা ব্যবহার না করা হয়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

রাসায়নিক ব্যবস্থাপনার দায়িত্বে থাকা একজন ব্যক্তির জন্য এসডিএস-এ প্রাপ্য সমস্ত প্রয়োজনীয় তথ্য বুঝতে পারাটা এবং এসডিএস-এ প্রদত্ত তথ্যের নির্ভুলতা এবং পর্যাপ্ততা বুঝতে পারাটা দরকারি। বিপদ চিহ্নিত করা এবং রাসায়নিক উপাদানের তথ্যাবলীর বিবরণ যথাযথ রয়েছে কিনা তা দেখার জন্য এই বিভাগগুলোতে দেয়া সমস্ত তথ্য মূল্যায়ণ করা হবে এবং খুঁটিয়ে দেখা হবে। রাসায়নিকের বাস্তব উপরের লেবেল এবং এসডিএস-এ ঘোষিত তথ্য সম্পর্কিত এবং যাচাইকৃত হতে হবে। ভেতরে আসা সমস্ত রাসায়নিকের লেবেলগুলোকে যাচাই করতে হবে এবং সেগুলো আসল হতে হবে ও জিএইচএস সিএলপি বা দেশভিত্তিক প্রবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।

সেইসব ক্ষেত্রে যেখানে নির্দিষ্ট টুলিং/ক্লিনিং রাসায়নিক যথাযথ জিএইচএস-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় /এসডিএস-এর সমতুল নয়, পণ্যের উপরকার লেবেল দেখে নিন যেখানে উপকরণগুলোর বিবরণ এবং

আরো বিশদ বোঝাপড়ার জন্যঃ

- জেডডিএইচসি এমএসডিএস প্রশিক্ষণ মডুল।
- জেডডিএইচসি অ্যাকাডেমি: <https://academy.roadmaptozero.com/>
- জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় ৫ এবং অধ্যায় ৬
- জিএইচএস: https://www.unece.org/fileadmin/DAM/trans/danger/publi/ghs/ghs_rev08/ST-SG-AC10-30-Rev8e.pdf

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসকল ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:

হ্যাঁ

- সম্পূর্ণ এবং হালনাগাদ করা এমএসডিএস/এসডিএস (রাসায়নিক সরবরাহকারীদের কাছে হালনাগাদ করার জন্য আবেদন করা হয় অন্তত প্রতি 3 বছর অন্তর) পাওয়া যাবে **সমস্ত** রাসায়নিকের জন্য।
- কর্মচারীদের জন্য সহজবোধ্য ভাষায় এমএসডিএস/ সেফটি ডাটা শিট পাওয়া যায় (অন্তত যেসব বিভাগগুলো প্রত্যক্ষভাবে পরিচালনামূলক বিভাগের কর্মচারীদের নিরাপত্তা এবং সঞ্চয়ের বাধ্যবাধকতার সঙ্গে জড়িত, যেমন প্রাথমিক শুষ্কতা, ঝুঁকি, এবং দাহ্যতা সংক্রান্ত তথ্য)।
- এমএসডিএস/এসডিএস অনুযায়ী মূল বিপদ এবং নিরাপত্তা সংক্রান্ত তথ্যাদি প্রতিটি নির্দিষ্ট রাসায়নিকের জন্য নির্দিষ্ট প্রতিটি অবস্থানে স্পষ্টভাবে/ দৃশ্যমানভাবে প্রদর্শিত হতে হবে।
- এমএসডিএস/এসডিএস হলো গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ (অথবা তার সমতুল)।
- এমএসডিএস/এসডিএস জরুরি প্রতিক্রিয়া দলের সঙ্গে অভ্যন্তরীণভাবে এবং বহিরাগতভাবেও শেয়ার করা হয় যাতে জরুরি পরিস্থিতির জন্য পর্যাপ্ত প্রস্তুতির পরিকল্পনা করা সম্ভব হয়।
- যেসব রাসায়নিকের সংস্পর্শে আসবেন সেগুলোর ক্ষেত্রে ব্যক্তিগত নিরাপত্তা, স্বাস্থ্য, এবং যথাযথভাবে রাসায়নিকগুলোকে নাড়াচাড়া করার বিষয়ে কীভাবে এমএসডিএস/এসডিএস পড়তে এবং বুঝতে হবে সেই বিষয়ে এবং যখন দরকার তখন যথাযথভাবে সেগুলোকে নিষ্ক্ষমণ করানোর জন্য কর্মচারীদের (যার অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়ঃ রাসায়নিক পরিচালনা এবং বিপজ্জনক বর্জ্য নাড়াচাড়া করা) প্রশিক্ষণ দেয়া হয়।
- শারীরিক বাধা বা বিপদের শ্রেণীবিভাগ, এবং/অথবা সিএলপি লেবেলের মাধ্যমে রাসায়নিক সঞ্চয় এলাকা যথাযথভাবে পৃথক করা রয়েছে, এবং প্রবেশপথ ও কাজের জায়গায় যথাযথ সংকেত রয়েছে এবং এই সমস্ত জায়গাগুলোতে যথাযথ নিয়ন্ত্রিত অ্যাক্সেসের ব্যবস্থাও রয়েছে।

আংশিক হ্যাঁ

- এমএসডিএস/এসডিএস জিএইচএস ফরম্যাটে *নেই*, তবে এতে সমস্ত প্রয়োজনীয় তথ্য আছে, যার অন্তর্ভুক্ত হলো তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়ঃ রাসায়নিক পণ্যের তথ্য এবং তার গঠন, বিপদের

শ্রেণীবিভাগ এবং তার সংকেতসমূহ, সরবরাহকারীর (নির্মাতা বা উৎপাদনকারী) তথ্য, উদ্দেশিত ব্যবহার/ নির্দিষ্ট ব্যবহার, স্বাস্থ্য এবং নিরাপত্তা, সম্ভাব্য বিপদ এবং ঝুঁকিগুলি, ব্যক্তিগত সাবধানতা, সুরক্ষামূলক সরঞ্জাম এবং জরুরি প্রক্রিয়াসমূহ, প্রাথমিক শুষ্কতা পদ্ধতিগুলি, উপসর্গসমূহ এবং প্রয়োজনীয় চিকিৎসা, সীমাবদ্ধ করা এবং ক্লিনিং-এর জন্য প্রয়োজনীয় পদ্ধতিসমূহ এবং উপকরণ, নিরাপদ ব্যবহারবিধি এবং নাড়াচাড়া করার পদ্ধতিগুলি, উপচে পড়লে তা সামলানোর পদ্ধতি, নিরাপদে সঞ্চয়ের শর্তাবলী যার অন্তর্ভুক্ত হলো যেকোনো অসঙ্গতি, রাসায়নিক বিষাক্ততা, স্থিরতা, তেজস্ক্রিয়তা, এবং যেকোনও সম্ভাব্য বিপজ্জনক প্রতিক্রিয়া অথবা পচন ধরা, নিষ্কমণ এবং বর্জ্য পরিশোধন পদ্ধতিসমূহ, পরিবহনের জন্য বিপদের শ্রেণীবিভাগসমূহ এবং ঝুঁকিগুলি।

- সম্পূর্ণ এবং হালনাগাদ করা এমএসডিএস/এসডিএস (অন্তত প্রতি 3 বছর অন্তর) **সমস্ত** রাসায়নিকের জন্য পাওয়া যাবে।
- কর্মচারীদের জন্য সহজবোধ্য ভাষায় এমএসডিএস/এসডিএস পাওয়া যায় (অন্তত যেসব বিভাগগুলো প্রত্যক্ষভাবে পরিচালনামূলক বিভাগের কর্মচারীদের নিরাপত্তা এবং সঞ্চয়ের বাধ্যবাধকতার সাথে জড়িত, যেমন প্রাথমিক শুষ্কতা, ঝুঁকি, এবং দাহ্যতা সংক্রান্ত তথ্য)।
- এমএসডিএস/এসডিএস অনুযায়ী মূল বিপদ এবং নিরাপত্তা সংক্রান্ত তথ্যাদি প্রতিটি নির্দিষ্ট রাসায়নিকের জন্য নির্দিষ্ট প্রতিটি অবস্থানে স্পষ্টভাবে/ দৃশ্যমানভাবে প্রদর্শিত হতে হবে।
- এমএসডিএস/এসডিএস জরুরি প্রতিক্রিয়া দলের সঙ্গে অভ্যন্তরীণভাবে এবং বহিরাগতভাবেও শেয়ার করা হয় যাতে জরুরি পরিস্থিতির জন্য পর্যাপ্ত প্রস্তুতির পরিকল্পনা করা সম্ভব হয়।
- যেসব রাসায়নিকের সংস্পর্শে আসবেন সেগুলোর ক্ষেত্রে ব্যক্তিগত নিরাপত্তা, স্বাস্থ্য, এবং যথাযথভাবে রাসায়নিকগুলোকে নাড়াচাড়া করার বিষয়ে এবং যখন দরকার তখন যথাযথভাবে সেগুলোকে নিষ্কমণ করানোর জন্য কীভাবে এমএসডিএস/ এসডিএস পড়তে এবং বুঝতে হবে সেই বিষয়ে কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়।

যেসকল ফেসিলিটি **কেবলমাত্র ফেসিলিটির ক্রিয়াকলাপের কাজে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- সম্পূর্ণ এবং হালনাগাদ করা এমএসডিএস/এসডিএস (অন্তত প্রতি 3 বছর অন্তর) **সবগুলি** রাসায়নিকের জন্য পাওয়া যাবে।
- কর্মচারীদের জন্য সহজবোধ্য ভাষায় এমএসডিএস/এসডিএস পাওয়া যায় (অন্তত যেসব বিভাগগুলো প্রত্যক্ষভাবে পরিচালনামূলক বিভাগের কর্মচারীদের নিরাপত্তা এবং সঞ্চয়ের বাধ্যবাধকতার সাথে জড়িত, যেমন প্রাথমিক শুষ্কতা, ঝুঁকি, এবং দাহ্যতা সংক্রান্ত তথ্য)।
- এমএসডিএস/এসডিএস অনুযায়ী মূল বিপদ এবং নিরাপত্তা সংক্রান্ত তথ্যাদি প্রতিটি নির্দিষ্ট রাসায়নিকের জন্য নির্দিষ্ট প্রতিটি অবস্থানে স্পষ্টভাবে/ দৃশ্যমানভাবে প্রদর্শিত হতে হবে।
- এমএসডিএস/এসডিএস হলো গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সঙ্গতিপূর্ণ (অথবা তার সমতুল), যেখানে প্রযোজ্য, যেমন অনেকটা রাসায়নিকঃ তেল এবং লুব্রিক্যান্ট, ইটিপি রাসায়নিক, ইত্যাদি। অন্যান্য ফরম্যাটে এমএসডিএস/এসডিএস

(জিএইচএস(বিহীন ফরম্যাটে যেমন পণ্য সংক্রান্ত নির্দেশাবলীর ম্যানুয়াল) কম পরিমাণের রাসায়নিকের জন্য গৃহীত হতে পারে যেমন স্পট ক্লিনার, স্প্রে গ্রীজ, ইত্যাদি, যতক্ষণ পর্যন্ত এতে সমস্ত দরকারি তথ্য থাকবে, যেমনঃ রাসায়নিক পণ্যের তথ্যাবলী এবং তার গঠনগত উপাদান, বিপদের শ্রেণীবিভাগ এবং সংকেতসমূহ, সরবরাহকারীর (নির্মাতা) তথ্য, উদ্দেশিত ব্যবহার/নির্দিষ্ট সমাপ্তিগত ব্যবহার (এন্ড ইউজ), স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত সম্ভাব্য বিপদ এবং ঝুঁকিসমূহ, ব্যক্তিগত সাবধানতা, সুরক্ষামূলক সরঞ্জাম এবং জরুরি প্রক্রিয়াসমূহ, প্রাথমিক শুষ্কতা পদ্ধতি, উপসর্গ এবং আবশ্যিক চিকিৎসা, নিরাপদ ব্যবহার এবং নাড়াচাড়ার পদ্ধতি, নিরাপদ সংরক্ষণের শর্তাবলী যাতে অন্তর্ভুক্ত হলো যেকোনো অসামঞ্জস্য, নিষ্কমণ এবং বর্জ্য পরিশোধন পদ্ধতি।

- এমএসডিএস/এসডিএস জরুরি প্রতিক্রিয়া দলের সাথে অভ্যন্তরীণ ভাবে এবং বহিরাগতভাবেও শেয়ার করা হয় যাতে জরুরি পরিস্থিতির জন্য পর্যাপ্ত প্রস্তুতির পরিকল্পনা করা সম্ভব হয়।
- যেসব রাসায়নিকের সংস্পর্শে আসবেন সেগুলোর ক্ষেত্রে ব্যক্তিগত নিরাপত্তা, স্বাস্থ্য, এবং যথাযথভাবে রাসায়নিকগুলোকে নাড়াচাড়া করার বিষয়ে এবং যখন দরকার তখন যথাযথভাবে সেগুলোকে নিষ্কমণ করানোর জন্য কীভাবে এমএসডিএস/ এসডিএস পড়তে এবং বুঝতে হবে সেই বিষয়ে কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়।

আংশিক হ্যাঁ

- সম্পূর্ণ এবং হালনাগাদ করা এমএসডিএস/এসডিএস (অন্তত প্রতি 3 বছর অন্তর) সবগুলি রাসায়নিকের জন্য পাওয়া যাবে।
- কর্মচারীদের জন্য সহজবোধ্য ভাষায় এমএসডিএস/এসডিএস পাওয়া যায় (অন্তত যেসব বিভাগগুলো প্রত্যক্ষভাবে পরিচালনামূলক বিভাগের কর্মচারীদের নিরাপত্তা এবং সঞ্চয়ের বাধাবাধকতার সাথে জড়িত, যেমন প্রাথমিক শুষ্কতা, ঝুঁকি, এবং দাহ্যতা সংক্রান্ত তথ্য)।
- এমএসডিএস/এসডিএস অনুযায়ী মূল বিপদ এবং নিরাপত্তা সংক্রান্ত তথ্যাদি প্রতিটি নির্দিষ্ট রাসায়নিকের জন্য নির্দিষ্ট প্রতিটি অবস্থানে স্পষ্টভাবে/ দৃশ্যমানভাবে প্রদর্শিত হতে হবে।
- এমএসডিএস/এসডিএস জিএইচএস ফরম্যাটে নেই, তবে এতে সমস্ত প্রয়োজনীয় তথ্য আছে, যেমন: রাসায়নিক পণ্যের তথ্যাবলী এবং তার গঠনগত উপাদান, বিপদের শ্রেণীবিভাগ এবং সংকেত, সরবরাহকারীর (নির্মাতা) তথ্য, উদ্দেশিত ব্যবহার/নির্দিষ্ট সমাপ্তিগত ব্যবহার (এন্ড ইউজ), স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত সম্ভাব্য বিপদ এবং ঝুঁকি, ব্যক্তিগত সাবধানতা, সুরক্ষামূলক সরঞ্জাম এবং জরুরি প্রক্রিয়া, প্রাথমিক শুষ্কতা পদ্ধতি, উপসর্গ এবং প্রয়োজনীয় চিকিৎসা, নিরাপদ ব্যবহারবিধি এবং নাড়াচাড়ার পদ্ধতি, নিরাপদ সংরক্ষণের শর্তাবলী যাতে অন্তর্ভুক্ত হলো যেকোনো অসামঞ্জস্য, নিষ্কমণ এবং বর্জ্য পরিশোধন পদ্ধতিসমূহ।
- এমএসডিএস/এসডিএস জরুরি প্রতিক্রিয়া দলের সাথে অভ্যন্তরীণ ভাবে এবং বহিরাগতভাবেও শেয়ার করা হয় যাতে জরুরি পরিস্থিতির জন্য পর্যাপ্ত প্রস্তুতির পরিকল্পনা করা সম্ভব হয়।
- যেসব রাসায়নিকের সংস্পর্শে আসবেন সেগুলোর ক্ষেত্রে ব্যক্তিগত নিরাপত্তা, স্বাস্থ্য, এবং যথাযথভাবে রাসায়নিকগুলোকে নাড়াচাড়া করার বিষয়ে এবং যখন দরকার তখন

যথাযথভাবে সেগুলোকে নিষ্করণ করানোর জন্য কীভাবে এমএসডিএস/ এসডিএস পড়তে এবং বুঝতে হবে সেই বিষয়ে কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়।

- এনএ (প্রযোজ্য নয় যন্ত্রপাতি-বিহীন) কারখানাগুলোর জন্য

আবশ্যিক ডকুমেন্টেশন: (এগুলিকে আপলোড করা বাধ্যতামূলক নয় কিন্তু যাচাইয়ের সময় চেক করা হবে):

- রাসায়নিকের বর্ণনামূলক তালিকা (কেমিক্যাল ইনভেন্টরি লিস্ট, সিআইএল)
- সেফটি ডাটা শিট (এসডিএস বা এমএসডিএস) হলো গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ অথবা সমতুল [আগের প্রশ্নে আপলোড করে থাকলে ছেড়ে দিন]
- গ্লোব্যাল হারমোনাইজড সিস্টেম - শ্রেণীবিভাগ, লেবেল লাগানো এবং মোড়কজাত করা (জিএইচএস সিএলপি)
- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা
- উপচে পড়া নিয়ন্ত্রণ / সীমাবদ্ধ করার যন্ত্রপাতির নথিপত্র (ডকুমেন্টেশন)
- যথাযথ পিপিই কর্মচারীদের দ্বারা ব্যবহার হচ্ছে সে বিষয়ে ডকুমেন্টেশন
- প্রশিক্ষণ সংক্রান্ত নথি (ডকুমেন্টেশন)
- উপরোক্ত বিষয়বস্তুর নির্ভুলতা যাচাই করা উচিত

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- এমএসডিএস/এসডিএস এবং সিএলপি বিষয়ে দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধায়ক এবং কর্মীদের বোঝাপড়া পরীক্ষা করুন।
- তাদের কাজের জায়গায় কি বিভিন্ন রাসায়নিকের শ্রেণীভিত্তিক বিপদ সম্পর্কে তারা ব্যাখ্যা দিতে সক্ষম হয়েছেন?
- সামঞ্জস্যপূর্ণতা সম্পর্কে তাদের বোঝাপড়া পরীক্ষা করুন যেমন ক্ষয়িষ্ণু এবং দাহ্য রাসায়নিক, ইত্যাদি। ভিন্ন বিপদের শ্রেণীবিভাগ-সম্পন্ন রাসায়নিকগুলোর ক্ষেত্রে কারখানাটি কীভাবে সঞ্চয়ের ব্যবস্থা করে?
- ভিন্ন বিপদের সংকেত সম্পর্কে তাদের বোঝাপড়া পরীক্ষা করুন। চাকরিতে রাসায়নিকের বিপদের ক্ষেত্রে শেষ কবে তারা প্রশিক্ষণ পেয়েছিলেন রাসায়নিক নাড়াচাড়া করার সময় প্রয়োজনীয় পিপিই-এর যথাযথ প্রয়োগ সম্পর্কেও জিজ্ঞাসা করুন।

• পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- রাসায়নিক রাখার সবকটি আধারে (ব্যবহৃত হচ্ছে এবং ভাঙারে রয়েছে) যথাযথ লেবেল লাগানো আছে কিনা দেখুনঃ রাসায়নিকের নাম, এসডিএস-এর সাথে সঙ্গতিপূর্ণ বিপদের শ্রেণীবিভাগ, ব্যাচ/লট নম্বর, নির্মাণের তারিখ।

- ৫টি রঞ্জক পদার্থ (যদি প্রযোজ্য হয়) এবং ৫টি অক্সিলিয়ারি, অথবা কারখানায় রয়েছে এমন ১০টি বিভিন্ন রাসায়নিক পরীক্ষা করুন দেখার জন্য যে এমএসডিএস/এসডিএস সম্পূর্ণ আছে কিনা (অন্তর্ভুক্ত আছে বিশদে সমস্ত তথ্য এবং বিভাগ) এবং অন-সাইট পাওয়া যাচ্ছে কিনা।
- কয়েকটি প্রক্রিয়ার নমুনা পর্যালোচনা করুন যেমন রাসায়নিক সঞ্চয় করা, পৃথক করা, এবং নিষ্কমণ করানো, এমএসডিএস/এসডিএস-এর বাধ্যবাধকতার সাথে কি সেগুলো সঙ্গতিপূর্ণ?
- ভাগ্যবশত করার ক্ষেত্রে এমএসডিএস/এসডিএস-এর কোনো বিশেষ ধরনের শর্তাবলী কি বাধ্যতামূলক (যেমন, সামঞ্জস্য থাকা, নিয়ন্ত্রিত আর্দ্রতা, তাপমাত্রার সংবেদনশীলতা, পানির তেজস্ক্রিয়তা, ইত্যাদি)? তত্ত্বাবধায়ক / ম্যানেজার কি এই আবশ্যিকতাগুলো বুঝতে পেরেছেন এবং পূরণ করেছেন?
- কর্মচারীরা যে ধরনের রাসায়নিক নাড়াচাড়া করছেন সেগুলোর জন্য এসডিএস-এ তালিকাভুক্ত বাধ্যবাধকতার সাথে মেলে এমন যথাযথ পিপিই তারা ব্যবহার করছেন কিনা সেটি পরীক্ষা করে দেখুন
- উপচানো নিয়ন্ত্রণ / সামলানোর জন্য যথাযথ যন্ত্রপাতি রয়েছে
- রাসায়নিক ভাগ্যবশত এলাকাগুলোতে যথাযথ সংকেতাবলী রয়েছে

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- জেডডিএইচসি প্রশিক্ষণ অ্যাকাডেমি (<http://www.roadmaptozero.com/academy/>)

৩। যেসমস্ত কর্মীরা রাসায়নিক নিয়ে নাড়াচাড়া করেন তাদের সকলকে কি আপনার কারখানা রাসায়নিক সংক্রান্ত বিপদ, ঝুঁকি, যথাযথভাবে নাড়াচাড়া, এবং জরুরি অবস্থায় বা উপচে পড়ার ঘটনা ঘটলে কি করতে হবে সে বিষয়ে প্রশিক্ষণ দেয়?

যদি তা হয়, আপনার প্রশিক্ষণে অন্তর্ভুক্ত সমস্ত বিষয়গুলো বেছে নিনঃ

কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?

আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ প্রদান করেন?

সুপারিশ করা আপলোডঃ ক) প্রশিক্ষণ, প্রশিক্ষণের মাধ্যমে শেখানো বিষয়বস্তুর নমুনা; খ) প্রশিক্ষণের ক্যালেন্ডার; গ) কর্মচারীদের প্রশিক্ষণে উপস্থিতদের তালিকা

প্রশিক্ষণ অবশ্যই নথিবদ্ধ হতে হবে এবং এর অন্তর্ভুক্ত হতে হবে রাসায়নিক বিপদ এবং চিহ্নিতকরণ; এমএসডিএস/এসডিএস; সংকেতসমূহ; সামঞ্জস্য এবং ঝুঁকি; যথাযথভাবে সঞ্চয় করা এবং নাড়াচাড়া করা; জরুরি পরিস্থিতি, দুর্ঘটনা, অথবা উপচে পড়ার ঘটনায় ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি এবং প্রক্রিয়াসমূহ; রাসায়নিক সঞ্চয় এলাকাতে যাতায়াতে নিষেধাজ্ঞা; ট্যাঙ্কে থাকা রাসায়নিকের সম্ভাব্য পরিবেশগত প্রভাব; এই

আধারগুলো যেখানে ব্যবহার করা হয়, সঞ্চয় করা হয় এবং পরিবহন করা হয় সেইসব এলাকাতে কর্মচারীদের দেয়া শারীরিক সুরক্ষাব্যবস্থা; এবং এই সুরক্ষাব্যবস্থাকে নজরে রাখা এবং রক্ষণাবেক্ষণ করার সাথে সম্পর্কিত তাদের ব্যক্তিগত কর্তব্য।

রেফারেন্স: জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় ৪

যদি আপনার নথিপত্র না থাকে অথবা আপনি তালিকাভুক্ত সমস্ত বিষয়বস্তু নিয়ে কাজ না করে থাকেন তবে **আংশিক হ্যাঁ বেছে নিন**

প্রয়োগত প্রধান কর্মকৌশলতার সূচক (অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর): রাসায়নিক নাড়াচাড়া, ব্যবহার, এবং সঞ্চয়ের অনুশীলনসমূহ এবং কর্মীদের প্রশিক্ষণ ও সংযোগ

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কর্মচারীদের রাসায়নিকগুলো নাড়াচাড়া করতে দেয়ার আগে ফেসিলিটিকে দিয়ে নাড়াচাড়া/নিরাপত্তার উপর একটি প্রশিক্ষণ করানোই এই প্রশ্নের উদ্দেশ্য।

প্রশিক্ষণের উপকরণের একটি অভ্যন্তরীণ বিপজ্জনক এবং বিপদহীন রাসায়নিকসমূহ, তাদের নাড়াচাড়া করার পদ্ধতি, নিয়ন্ত্রণের পরিমাপ এবং জরুরি পরিস্থিতির তালিকা থাকা উচিত।

এটা কীভাবে যাচাই করা যাবে:

হ্যাঁ

- নিয়মিতভাবে প্রশিক্ষণ দেয়া হয় (অন্তত ত্রৈমাসিক ভিত্তিতে অথবা এমন একটি হারে যেটি টার্নওভারের হার অনুযায়ী নতুন কর্মীদের প্রশিক্ষণ দেয়াতে পারে) এবং ডকুমেন্ট করা হয়।
- প্রশিক্ষণের বিষয়বস্তুগুলোর অন্তর্ভুক্ত হতে হবে: রাসায়নিক বিপদ এবং চিহ্নিতকরণ; এমএসডিএস/এসডিএস; সংকেতসমূহ; সামঞ্জস্য এবং ঝুঁকি; যথাযথভাবে সঞ্চয় করা এবং নাড়াচাড়া করা; জরুরি পরিস্থিতি, দুর্ঘটনা, অথবা উপচে পড়ার ঘটনায় ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি এবং প্রক্রিয়াসমূহ; রাসায়নিক সঞ্চয় এলাকাতে যাতায়াতে নিষেধাজ্ঞা; ট্যাঙ্কে থাকা রাসায়নিকের সম্ভাব্য পরিবেশগত প্রভাব; এই আধারগুলো যেখানে ব্যবহার করা হয়, সঞ্চয় করা হয় এবং পরিবহন করা হয় সেইসব এলাকাতে কর্মচারীদেরকে দেয়া শারীরিক সুরক্ষাব্যবস্থা; এবং এই সুরক্ষাব্যবস্থাকে নজরে রাখা এবং রক্ষণাবেক্ষণ করার সাথে সম্পর্কিত তাদের ব্যক্তিগত কর্তব্য
- *রাসায়নিক পরিচালনা সংক্রান্ত কাজের জনদায়বদ্ধ সমস্ত কর্মীরা প্রশিক্ষণে উপস্থিত ছিলেন।*

আংশিক হ্যাঁ

- পরিস্থিতি ১ঃ প্রশিক্ষণ দেয়া হয়েছিল কিন্তু সেটিকে ডকুমেন্ট করা হয়নি, অথবা সমস্ত সংশ্লিষ্ট কর্মচারীদের দেয়া সম্ভব হয়নি, অথবা নিয়মিতভাবে দেয়া হয়নি (বার্ষিক)।

- পরিস্থিতি ২ঃ প্রশিক্ষণ দেয়া হয়েছিল এবং ডকুমেন্টেশনও করা হয়েছিল কিন্তু সমস্ত প্রয়োজনীয় বিষয়ে দেয়া যায়নি যেমন, রাসায়নিক বিপদ এবং তার চিহ্নিতকরণ, এমএসডিএস/এসডিএস, সংকেত, সামঞ্জস্য এবং ঝুঁকি, যথাযথভাবে ভাগুরজাত করা এবং নাড়াচাড়া করা, পিপিইগুলো, এবং জরুরি পরিস্থিতি, দুর্ঘটনা, অথবা উপচে পড়লে প্রক্রিয়া।

নথিপত্র আবশ্যিকঃ

- সমস্ত বিষয়গুলোকে অন্তর্ভুক্তকারী প্রশিক্ষণের ডকুমেন্ট (সম্পূর্ণ হ্যাঁ উত্তর দেয়ার জন্য)
- আংশিক ডকুমেন্টেশন অথবা কেবলমাত্র আংশিক বিষয়বস্তু অন্তর্ভুক্তকারী প্রশিক্ষণ যেটিকে ডকুমেন্টেড করা হয়েছে

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- সাইটের মধ্যে দিয়ে ঘুরে ঘুরে দেখার সময় যে সমস্ত শ্রমিকরা রাসায়নিক সংক্রান্ত ক্রিয়াকলাপ সামলান তাদের জিজ্ঞাসাবাদ করুন যাতে তারা রাসায়নিকের বিপদ, ঝুঁকি, যথাযথভাবে নাড়াচাড়া করা, পিপিই, এবং জরুরি পরিস্থিতিতে বা উপচে পড়লে কি করতে হবে সে সম্পর্কে অবগত কিনা তা জানা যায়।

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- প্রশিক্ষণের উপকরণ পর্যালোচনা করুন
- প্রশিক্ষণের উপকরণের বিষয়ে প্রধান কর্মীরা জানাতে পারবেন এবং প্রশিক্ষণে প্রদত্ত রূপরেখা অনুযায়ী প্রক্রিয়া অনুসরণ করতে পারবেন।

৪। আপনার কারখানার রাসায়নিক স্পিল্ এবং জরুরি প্রতিক্রিয়ার পরিকল্পনা রয়েছে যা পর্যায়ক্রমে অভ্যাস করানো হয়?

এই বিষয়ে কতজন কর্মীরা প্রশিক্ষিত হয়েছিল?

আপনি এই বিষয়ে আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ প্রদান করেন?

আপনার কারখানা কি রাসায়নিক স্পিল্ এবং জরুরি প্রতিক্রিয়ার সাথে সম্পর্কিত সমস্ত কর্মচারী এবং পরিবেশগত ঘটনাবলীর রেকর্ড রাখে?

আপলোড করুনঃ জরুরি অবস্থার পরিকল্পনা/ কার্যপ্রণালী

নির্দেশিকা অনুসারে রাসায়নিক উপচে পড়া এবং জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনার ক্ষেত্রে বাধ্যবাধকতাগুলোকে অবশ্যই পূরণ করতে হবে, এবং বছরে দুবার সমস্ত কর্মচারীদের অবশ্যই

একটি প্র্যাক্টিস ড্রিল-এ অংশগ্রহণ করতে হবে। রেফারেন্সঃ জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় 4.3

*যদি আপনার রাসায়নিক উপচে পড়া এবং জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা থাকে, কিন্তু সেটির সমস্ত বাধ্যবাধকতাগুলো এখনও পূরণ না করা হয়ে থাকে অথবা আপনার প্র্যাক্টিস ড্রিল না থাকে **আংশিক হ্যাঁ** বেছে নিন।*

সেইসকল ফেসিলিটির জন্য যারা উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না:

হ্যাঁ বলুন যদি আপনি রাসায়নিক এবং উপচে পড়া সংক্রান্ত পরিকল্পনাসমূহের আবশ্যিকতালিকে পূরণ করে থাকেন, তবে দ্বি-বার্ষিক প্র্যাক্টিস ড্রিলের প্রয়োজন নেই।

অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর: জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা (এমার্জেন্সি রেসপন্স প্ল্যান, ইআরপি), দুর্ঘটনা এবং উপচে পড়া উপশমের পরিকল্পনা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

প্রত্যাশা হলো যে কারখানাটি স্পষ্টভাবে প্রদর্শন করতে সক্ষম হবে যে রাসায়নিক সংক্রান্ত কোনো জরুরি পরিস্থিতি তৈরি হলে কর্মচারীরা জানেন যে তাদের কী করতে হবে। সমস্ত কর্মচারীদের কোনো ঘটনা ঘটলে ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া অবশ্যই জানতে হবে - কেবলমাত্র সুরক্ষা সংক্রান্ত যন্ত্রপাতি থাকাই যথেষ্ট নয়। কোনো ডকুমেন্ট পর্যালোচনা করা বা কাউকে জিজ্ঞাসা করার জন্য না থেমে প্রতিক্রিয়া তাৎক্ষণিক হওয়া প্রয়োজন - যে কারণে পর্যাবৃত্ত অভ্যাস জরুরি (স্কুলে ফায়ার ড্রিলের মতো)।

রাসায়নিক সংক্রান্ত জরুরি পরিস্থিতির ক্ষেত্রে একটি পরিকল্পনা থেক থাকলে সেটি কর্মচারীদের মধ্যে এবং কমিউনিটিতে হতাহতের ঘটনা এবং সংগঠনে সম্ভাব্য আর্থিক ধ্বস নামা প্রতিরোধ করতে পারে। এমার্জেন্সিতে সময় এবং পরিস্থিতির অর্থ হলো যে কর্তৃপক্ষ এবং সংযোগ স্থাপনের জন্য স্বাভাবিক চ্যানেলের উপর নিয়মিতভাবে কাজ করার জন্য নির্ভর করা যাবে না। পরিস্থিতির চাপ খারাপ সিদ্ধান্তের কারণ হতে পারে যার ফলে তীব্র ক্ষতি হতে পারে। রাসায়নিক সংক্রান্ত জরুরি পরিস্থিতির পরিকল্পনাকে পর্যাবৃত্ত হারে পর্যালোচনা করা আপনার কারখানাকে সম্পদহীনতার বিষয়টির সমাধান করতে (যন্ত্রপাতি, প্রশিক্ষণপ্রাপ্ত কর্তাব্যক্তি, সরবরাহ) অথবা এমার্জেন্সি তৈরি হওয়ার আগেই সচেতনতা তৈরি করতে সাহায্য করতে পারে। এছাড়াও, জরুরি পরিস্থিতির পরিকল্পনা নিরাপত্তা সংক্রান্ত সচেতনতাকে প্রোমোট করে এবং কর্মচারীদের নিরাপত্তার প্রতি সংগঠনের একনিষ্ঠতা দেখায়। মহানগরপালিকার যথাযথ কর্তাব্যক্তিদের সাথেও কথা বলা দরকার যেহেতু প্রধান এমার্জেন্সিগুলোর সময় নিয়ন্ত্রণ স্থানীয় সরকারের হাতে থাকতে পারে এবং অতিরিক্ত সম্পদ সহজপ্রাপ্য হতে পারে। সংযোগ স্থাপন, প্রশিক্ষণ এবং পর্যাবৃত্ত হারে ড্রিল পর্যাপ্ত কর্মকুশলতার বিষয়টিকে নিশ্চিত করবে যদি পরিকল্পনাটিকে আবশ্যিকভাবে নির্বাহ করার দরকার হয়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

- কারখানার জন্য একটি লিখিত, হালনাগাদ করা জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা (সমগ্র কর্মস্থলই এর আওতাধীন) থাকা আবশ্যিক। এতে কীভাবে বিল্ডিং ফাঁকা করতে হবে সে সম্পর্কে বিশদে নির্দেশাবলী, যোগাযোগের নাম/খালি করার প্রক্রিয়ার দায়িত্বে থাকা ব্যক্তিদের তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে।
- পালানোর জন্য প্রাথমিক এবং দ্বিতীয় পথগুলো সম্পর্কে সরল নির্দেশনা গুরুত্বপূর্ণ জায়গাতে, প্রবেশপথে এবং এলিভেটোর, টেলিফোন ইত্যাদির কাছে লাগানো থাকতে হবে।
- জরুরি প্রতিক্রিয়ার নেতৃত্বকে নির্দিষ্ট কর্তব্য দেয়া উচিত, যেমন সমস্ত কর্মচারীরা বেরিয়ে গিয়েছেন কিনা সেটি যাচাই করে দেখা।
- অক্ষমতা-সম্পন্ন কর্মচারীদের এবং অতীতে নির্দিষ্ট শারীরবৃত্তীয় সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের নিরাপদে বার করে নেয়ার জন্য একজন এমার্জেন্সি রেসপন্স লিডার স্থির করতে হবে।
- অপসারণ প্রক্রিয়াকে আটকাতে পারে বা বাধা দিতে পারে এমন উপকরণ সিঁড়িতে না রেখে খালি রাখতে হবে।
- বাস্তবে আগুন লেগে যাওয়ার আগে সমস্যাগুলোকে চিহ্নিত করার জন্য নিয়মিত ফায়ার ড্রিল অভ্যাস করাতে হবে এবং চিহ্নিত করতে পারা এই সমস্যাজনক ক্ষেত্রগুলোতে, একটি সংশোধনী এবং প্রতিরোধমূলকপদক্ষেপ নেয়ার জন্য কাজ করুন এবং সেটিকে বাস্তবায়ন করুন। ড্রিলকে সব সময় প্রকৃত এমার্জেন্সির মত করেই বিবেচনা করতে হবে।
- জরুরি ফোন নম্বরগুলো যেমন এমার্জেন্সি, দমকল এবং অভ্যন্তরীণ এমার্জেন্সি রেসপন্স নেতাদের প্রত্যেক ফোনের কাছে পোস্ট করতে হবে।

এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনার সাথে:

- ত্বক বা চোখে চলে গিয়ে থাকতে পারে এমন রাসায়নিক সরিয়ে ফেলার জন্য একটি এমার্জেন্সি শাওয়ার এবং আই ওয়াশ স্টেশন রক্ষণাবেক্ষণ করে আসতে হবে।
- একটি প্রাথমিক শুষ্কতার বাত্ম রাখুন যেটিকে স্পষ্টভাবে চিহ্নিত করা আছে, সহজপ্রাপ্য হবে এবং ধূলা ও পানির বিরুদ্ধে সুরক্ষিত আছে। বাত্মে থাকতে হবে:
 - মাসিক ভিত্তিতে পরীক্ষা করে দেখাকে নথিবদ্ধ করার জন্য পরিদর্শনের ট্যাগ
 - স্থানীয় ভাষায় লিখিত প্রাথমিক শুষ্কতার নির্দেশাবলী এবং ব্যবহারের তারিখ শেষ হওয়ার তারিখ সহ সমস্ত জিনিসের একটি তালিকা

রেফারেন্স:

- জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় 4.3

এটা কীভাবে যাচাই করা যাবে:

যেসব ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ** ব্যবহার করে:

হ্যাঁ

- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা / প্রক্রিয়া ন্যূনতম নির্দেশিকা সম্বলিত কাগজে থাকে যা জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) – অধ্যায় ৪.৩ থেকে প্রাপ্ত এবং

এই পদার্থগুলোর কোনোভাবে দুর্ঘটনাজনিত প্রকাশ হলে পরিবেশ রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলোও থাকে।

- পর্যাবৃত্ত ভাবে প্র্যাক্টিস/ড্রিল সংঘটিত হয় (বছরে অন্তত ২ বার) এবং ভালোভাবে নথিবদ্ধ করা হয়
- প্র্যাক্টিস/ড্রিলে সমস্ত কর্মচারীদের অন্তর্ভুক্ত করা হয়

আংশিক হ্যাঁ

- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা / প্রক্রিয়া রয়েছে কিন্তু জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) – অধ্যায় ৪.৩ দ্বারা প্রদত্ত ন্যূনতম নির্দেশিকা নেই
- প্র্যাক্টিস/ড্রিল নথিবদ্ধ করা হয় এবং পর্যাবৃত্ত ভাবে সংঘটিত হয় কিন্তু বছরে ২ বারের কম

যেসকল ফেসিলিটি **কেবলমাত্র ফেসিলিটির ক্রিয়াকলাপের কাজে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা / প্রক্রিয়া ন্যূনতম নির্দেশিকা সম্বলিত কাগজে থাকে যা জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) – অধ্যায় ৪.৩ থেকে প্রাপ্ত

আংশিক হ্যাঁ

- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা / প্রক্রিয়া রয়েছে কিন্তু ন্যূনতম নির্দেশিকা নেই যা জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) – অধ্যায় ৪.৩ প্রদান করে
- এনএ (প্রযোজ্য নয় যন্ত্রপাতি-বিহীন) কারখানাগুলোর জন্য

নথিপত্র আবশ্যিকঃ

- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা / প্রক্রিয়া ন্যূনতম নির্দেশিকা সহ রয়েছে যা জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) – অধ্যায় ৪.৩ থেকে প্রাপ্ত **(সম্পূর্ণ হ্যাঁ-বাচক পয়েন্টের জন্য)**
- জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা / প্রক্রিয়া রয়েছে কিন্তু ন্যূনতম নির্দেশিকা নেই যা জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) – অধ্যায় ৪.৩ থেকে প্রাপ্ত **(আংশিক হ্যাঁ-বাচক পয়েন্টের জন্য)**

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- এমার্জেন্সি রেসপন্স প্ল্যানের জন্য দায়বদ্ধ উর্ধ্বতন ম্যানেজার
- প্রশিক্ষণ এবং ড্রিলের জ্ঞান সম্পর্কে অবহিত ম্যানেজার/কর্মীরা

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- লিখিত এবং অভ্যাস করা এমার্জেন্সি রেসপন্স প্ল্যান
- স্পষ্টভাবে চিহ্নিত করা, বাধামুক্ত এবং খোলা এমার্জেন্সি এক্সিটগুলো
- এমার্জেন্সি রেসপন্সের জন্য যন্ত্রপাতি যেমন, স্পিল কিট, শাওয়ার, আইওয়াশ স্টেশন, আগুন নির্বাপক যন্ত্র, সমস্তই সাইটে পাওয়া যায় এবং সংশ্লিষ্ট এলাকাগুলোতে যাতে কর্মীরা সহজে পেতে পারেন সেজন্য সুকৌশলে রাখা থাকে
- এমার্জেন্সি রেসপন্স প্র্যাক্টিস /ড্রিলের রেকর্ড
- এমএসডিএস/এসডিএস

৫। রাসায়নিক সঞ্চয় এবং ব্যবহার হয় এমন সমস্ত জায়গায়, গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম-এর সাথে সামঞ্জস্যপূর্ণ (অথবা সমতুল) সেফটি ডাটা শিটের সুপারিশ অনুযায়ী, আপনার কারখানার কি যথাযথ এবং কর্মসম্পাদনযোগ্য সুরক্ষামূলক এবং নিরাপত্তা সংক্রান্ত সরঞ্জামসমূহ রয়েছে?

আপলোডের জন্য সুপারিশঃ ক) সংশ্লিষ্ট রাসায়নিকের সংস্পর্শে আসার ঝুঁকি এবং নিরাপত্তা সংক্রান্ত যন্ত্রপাতি যে রাসায়নিক নিরাপত্তা ব্যবস্থার অধীন তার অভ্যন্তরীণ চেক/ অডিটের সময়সূচী, যার অন্তর্ভুক্ত থাকবে দায়িত্বের স্পষ্ট বিভাজন এবং চেক/ অডিটের ফলাফল; খ) যেখানে প্রয়োজ্য, সেখানে পিপিই এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতির তালিকা সহ, মজুত ভাণ্ডার পুনঃসরবরাহ করা, যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ অথবা প্রতিস্থাপনের সময়সূচী, যেখানে প্রয়োজ্য (আগে আপলোড হয়ে থাকলে করবেন না)।

সুরক্ষা এবং নিরাপত্তা বিষয়ক সরঞ্জামের অন্তর্ভুক্ত থাকতে পারে স্পিল রেসপন্স কিট (রাসায়নিকটির জন্য যথাযথভাবে বেছে নেয়া আকার, ধরন এবং অবস্থান), নিয়মিতভাবে পরীক্ষা করা শাওয়ার এবং আইওয়াশ, নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করা আগুন নির্বাপক যন্ত্র, রাসায়নিকের জন্য যথাযোগ্য (এমএসডিএস/এসডিএস-এর ভিত্তিতে) ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পার্সোন্যাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট, পিপিই) যেমন সট্টাহিক দস্তানা, সুরক্ষামূলক মুখোশ, লম্বা হাতলওয়ালা স্কুপ ইত্যাদি।

সরঞ্জামগুলোকে জিএইচএস-এর সাথে সামঞ্জস্যপূর্ণ অথবা সমতুল সেফটি ডেটা শীটে উল্লিখিত বৈশিষ্ট্যগুলোকে অনুসরণ করতে হবে, সমস্ত সংশ্লিষ্ট কর্মচারীদের জন্য স্পষ্টভাবে দৃশ্যমান থাকতে হবে (যেমন, তালা লাগানো কাবার্ডে রাখা চলবে না; এবং সংশ্লিষ্ট এলাকাগুলোর কাছাকাছি রাখতে হবে), ভালোভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে, এবং সংশ্লিষ্ট কর্মীদের দ্বারা কর্মকাণ্ডের সূষ্ঠতার জন্য নিয়মিতভাবে চেক করতে হবে।

যেসব কারখানা উৎপাদনের ক্ষেত্রে রাসায়নিক ব্যবহার করে নাঃ নির্মাণ প্রক্রিয়া, টুলিং/ যন্ত্রপাতির শ্রেণী, এবং পণ্যকে স্পর্শ করে না যেসব পরিচালনা-সংক্রান্ত রাসায়নিক সেই সমস্ত রাসায়নিকের ক্ষেত্রে এটি প্রযোজ্য।

প্রয়োগগত মূল কর্মকুশলতার সূচক: রাসায়নিক নাড়াচাড়া, ব্যবহার, এবং সংরক্ষণের অভ্যাসসমূহ **এই প্রশ্নের উদ্দেশ্য কি?**

ঝুঁকি চিহ্নিত করা এবং প্রতিরোধমূলক/ জরুরি যন্ত্রপাতি লাগানো ও যেখানে প্রয়োজন সেই সমস্ত জায়গায় সংকেত লাগানোর জন্য কারখানাটি সেফটি ডেটা শীট (এসডিএস) ব্যবহার করবে এই প্রত্যাশা রয়েছে।

মূল উদ্দেশ্য হওয়া উচিত কর্মচারী এবং/অথবা রেসপন্ডারদের অনিচ্ছাকৃতভাবে সংস্পর্শে আসা থেকে রক্ষা করা, তা সেটি স্বাভাবিক ব্যবহারকালীন অথবা দুর্ঘটনার কারণে অথবা যথাযথ ব্যবস্থাপনা পদ্ধতি এবং পরিচালনামূলক প্রক্রিয়া অনুসরণ সত্ত্বেও কোনো ঘটনার কারণে হোক। স্পষ্ট সংকেত থাকা গুরুত্বপূর্ণ, যাতে কারখানার কর্মচারীরা এবং জরুরি বিভাগের কর্মীরা তাৎক্ষণিকভাবে জানতে পারেন যে সংরক্ষণ করা সাবস্ট্যান্স এবং/অথবা যেগুলো তারা নাড়াচাড়া করেন সেগুলো তাদেরকে বিপজ্জনক কোনো বস্তুর সম্মুখীন করতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

এমএসডিএস/এসডিএস-এর বিভাগ ৮-এ পিপিই-এর বিবরণ দেয়া আছে এবং বিবরণগুলোকে বোঝা প্রয়োজন এবং যথাযথভাবে অনুসরণ করা দরকার। যদি কোনো কারখানায় অত্যন্ত অধিক সংখ্যক রাসায়নিক থাকে এবং যোগ্য পিপিই-এর নির্বাচন বিবেচনা করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে সমস্ত রাসায়নিকের মধ্যে পিপিই-এর তীব্রতা এবং যথার্থতার ভিত্তিতে যোগ্য পিপিই নির্বাচন করার পরামর্শ দেয়া হয়। কারখানাতে প্রয়োজনীয় পিপিই-এর ধরনগুলো পর্যবেক্ষণ করুন এবং সেই পিপিইগুলোকে নির্বাচন করুন যেগুলো সম্ভাব্য সমস্ত রাসায়নিকগুলোর জন্য যথাযথভাবে যথেষ্ট হতে পারে এবং নিশ্চিত করুন যে সংশ্লিষ্ট রাসায়নিক নাড়াচাড়া করার জন্য যথাযথ পিপিই-এর ব্যবহার সম্পর্কে কর্মচারীদের বোঝার জন্য পিপিই-এর ধরনের ভিত্তিতে তাদের পৃথকীকরণ করা হয়। পিপিইগুলোকে পর্যাবৃত্ত পদ্ধতিতে পর্যালোচনা করা এবং যখন প্রয়োজন প্রতিস্থাপন করাও দরকারি। পিপিইগুলো যেখানে সংস্পর্শে আসে সেখানে সময়ের বিরতির গণনার ভিত্তিতে এই মূল্যায়ণ করা হয়।

- জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় 4.6
- এমএসডিএস/এসডিএস
- <http://www.labour.gov.hk/eng/public/os/C/equipment.pdf>
- <http://ehsdailyadvisor.blr.com/2012/04/11-rules-for-safe-handling-of-hazardous-materials/>

অন্যান্য তথ্যাদিঃ

জিআইজেড কারখানার পরিকল্পনা

সংজ্ঞাসমূহঃ

‘যথাযথ’ - গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সঙ্গতিপূর্ণ (অথবা সমতুল) এসডিএস-এ এর অর্থ যেভাবে নির্দিষ্ট করা হয়েছে;

‘ক্রিয়ামূলক’ - অর্থ

1. সমস্ত সংশ্লিষ্ট কর্মচারীদের জন্য সহজে পাওয়ার মতো (স্পষ্টভাবে প্রতীয়মান - তালা লাগানো স্টোরেজ কাবার্ডে রাখা থাকে না; এবং সংশ্লিষ্ট এলাকার খুব কাছে),
2. সুসংরক্ষিত,
3. ক্রিয়াশীলতার জন্য নিয়মিতভাবে চেক করা হয়, সংশ্লিষ্ট কর্মীদের দ্বারা যেমন এলাকা তত্ত্বাবধায়ক (এরিয়া সুপারভাইজার), ইএইচএস কর্তব্যাক্তি।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যথাযথ সংকেত এবং নিরাপদে নাড়াচাড়া করার সরঞ্জামের জন্য সাইটে ফেসিলিটির দ্বারা কাজ/সংরক্ষণ এলাকার পর্যালোচনা করার মাধ্যমে যাচাই করা হয়েছে।

দয়া করে নোট করুন যে এই প্রশ্নের জন্য কোনো **আংশিক হ্যাঁ** নেই।

যেসব কারখানা **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- কারখানার একটি পরিকল্পনাতে কারখানাতে রাসায়নিক সংরক্ষণ এবং ব্যবহারের জন্য নির্দিষ্ট অঞ্চলগুলোর একটি বিবরণ থাকতে হবে। ছবিযুক্ত পরিকল্পনাটিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাগুলোর একটি চটজলদি রূপরেখা থাকে।
- গ্রহণ এবং সরবরাহ দেয়া
- রাসায়নিক সংরক্ষণ এলাকা (কেন্দ্রীভূত গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকা)
- রাসায়নিক প্রক্রিয়াকরণ এলাকা
- নির্মাণ / উৎপাদন এলাকা
- বর্জ্য রাসায়নিক সংরক্ষণ (যার অন্তর্ভুক্ত হলো অবশিষ্ট এবং তারিখ (পেরিয়ে যাওয়া রাসায়নিক)
- পরীক্ষাগার, টুল শপ, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি।
- সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতি সব সময়ই অন-সাইট পাওয়া যাবে এবং সংশ্লিষ্ট এলাকাতে কর্মচারীদের কাছে সহজপ্রাপ্য হওয়ার জন্য সুকৌশলে অবস্থিত
- সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতি যথাযথ এবং গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সঙ্গতি রেখে প্রতিটি সংরক্ষিত/ব্যবহৃত রাসায়নিকের জন্য এমএসডিএস/এসডিএস-এর সাথে সামঞ্জস্যপূর্ণ (অথবা সমতুল্য)
- সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতিগুলোকে ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা হয় এবং সেগুলোর কার্যক্ষমতাকে নিয়মিতভাবে পরীক্ষা করে দেখা হয়

যেসকল ফেসিলিটি ফেসিলিটি টুলিং এবং/অথবা কার্যসম্পাদনার ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক

ব্যবহার করে:

হ্যাঁ

- কারখানার একটি পরিকল্পনাতে কারখানাতে রাসায়নিক সংরক্ষণ এবং ব্যবহারের জন্য নির্দিষ্ট অঞ্চলগুলোর একটি বিবরণ থাকতে হবে। ছবিযুক্ত পরিকল্পনাটিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাগুলোর একটি চটজলদি রূপরেখা থাকে।
 - গ্রহণ এবং সরবরাহ দেয়া
 - রাসায়নিক সংরক্ষণ এলাকা (কেন্দ্রীভূত গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকা)
 - রাসায়নিক প্রক্রিয়াকরণ এলাকা
 - নির্মাণ / উৎপাদন এলাকা
 - বর্জ্য রাসায়নিক সংরক্ষণ (যার অন্তর্ভুক্ত হলো অবশিষ্ট এবং তারিখ পেরিয়ে যাওয়া রাসায়নিক)
 - পরীক্ষাগার, টুল শপ, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি।
 - সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতি সব সময়ই অন-সাইট পাওয়া যাবে এবং সংশ্লিষ্ট এলাকাতে কর্মচারীদের কাছে সহজপ্রাপ্য হওয়ার জন্য সুকৌশলে অবস্থিত
 - সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতি যথাযথ এবং গ্লোব্যাল হার্মোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সঙ্গতি রেখে প্রতিটি সংরক্ষিত/ব্যবহৃত রাসায়নিকের জন্য এমএসডিএস/এসডিএস-এর সাথে সামঞ্জস্যপূর্ণ (অথবা সমতুল্য)
 - সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতিগুলোকে ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা হয় এবং সেগুলোর কার্যক্ষমতাকে নিয়মিতভাবে পরীক্ষা করে দেখা হয়
- **আবশ্যিক ডকুমেন্ট: (এগুলিকে আপলোড করা বাধ্যতামূলক নয় কিন্তু যাচাইয়ের সময় খুঁটিয়ে দেখা হবে):**
 - স্পষ্টভাবে দায়িত্ব বুঝিয়ে দেয়া এবং চেক/অডিটের ফলাফল সহ রাসায়নিক নিরাপত্তার জন্য অভ্যন্তরীণ পরীক্ষা / অডিটের সময় নির্ধারণ করুন যেগুলোর আওতায় আসে সংশ্লিষ্ট রাসায়নিকের সংস্পর্শে আসার ঝুঁকি এবং নিরাপত্তামূলক সরঞ্জাম
 - ভাণ্ডার আবার ভর্তি করা, সরঞ্জামের রক্ষণাবেক্ষণ অথবা প্রতিস্থাপন, যেখানে প্রযোজ্য সহ পিপিই এবং নিরাপত্তামূলক সরঞ্জামের ইনভেন্টরি তালিকার জন্য সময়সূচী নির্ধারণ
 - **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**
 - কারখানার পরিকল্পনা/জরুরি প্রতিক্রিয়া বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ
 - নিজেদের দায়িত্বপ্রাপ্ত জায়গাগুলোতে কর্তৃপক্ষ / তত্ত্বাবধায়ক ঘুরিয়ে দেখাবেন
 - সুরক্ষামূলক এবং নিরাপত্তামূলক যন্ত্রপাতিগুলোকে খুঁটিয়ে দেখা এবং রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা কর্মী(রা)
 - **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**

- নির্ভুলতা/সম্পূর্ণতা যাচাই করার জন্য ঘুরে দেখার সময় কারখানার নকশাটি ব্যবহার করুন
- কর্মচারীদের জন্য পিপিই-এর সহজপ্রাপ্যতা এবং যথাযথ ব্যবহারের পর্যালোচনা, এবং প্রাসঙ্গিক এলাকাগুলোতে এমএসডিএস/এসডিএস-এর ভিত্তিতে করা বিপদের শ্রেণীবিভাগের সাথে সঙ্গতি রেখে নিরাপত্তামূলক যন্ত্রপাতির সহজলভ্যতা কারখানার ভেতরে ঘুরেফিরে দেখা।
- যখনই সম্ভব, যন্ত্রপাতিগুলো কাজ করছে কিনা দেখুন যেমন আইওয়াশ স্টেশন, সেফটি শাওয়ার

৬। যেখানে রাসায়নিক ব্যবহার করা হয় কারখানার সেইসব এলাকাগুলোতে কি রাসায়নিকের বিপদের সংকেত এবং নিরাপদে নাড়াচাড়া করার সরঞ্জামসমূহ রয়েছে?

আপলোডের জন্য সুপারিশ: রাসায়নিক সংক্রান্ত যেসব নিরাপত্তা সংশ্লিষ্ট রাসায়নিকের সংস্পর্শে আসার ঝুঁকি থেকে রক্ষা করে এবং নির্দেশ দেয় (সংকেত লাগানোর জায়গা এবং হালনাগাদ করা) সেগুলো অভ্যন্তরীণভাবে খুঁটিয়ে দেখা/ অডিট করানো, এবং তার সাথে স্পষ্টভাবে দায়িত্ব ভাগ করে দেয়া এবং খুঁটিয়ে দেখার/ অডিটের ফলাফল (যদি আগে আপলোড করা হয়ে গিয়ে থাকে তাহলে ছেড়ে দিন)।

রাসায়নিক সঞ্চয় করা হয় বা ব্যবহার করা হয় যেসব এলাকাগুলোতে সেখানে আপনার কারখানার সংকেত লাগানো উচিত। রাসায়নিকের বিপদ কোন শ্রেণীতে পড়ে সেই বিষয়ে সংকেত স্পষ্ট হওয়া উচিত। সংকেতের সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাগুলো হলোঃ গ্রহণ করা এবং ডেলিভারি দেয়া, রাসায়নিকের গুদাম (কেন্দ্রীভূত ওয়ারহাউস এবং অস্থায়ী সঞ্চয় এলাকা), রাসায়নিক প্রক্রিয়াকরণের এলাকা, নির্মাণ/ উৎপাদন এলাকা, বর্জ্য রাসায়নিক সংরক্ষণাগার (রাসায়নিকের অবশিষ্টাংশ এবং সময়সীমা শেষ হয়ে যাওয়া রাসায়নিক), এবং গবেষণাগার, যন্ত্রপাতি রাখার জায়গা, রক্ষণাবেক্ষণ এলাকা। সরঞ্জাম নাড়াচাড়া করার সুবিধা সংশ্লিষ্ট জায়গাগুলোতে পাওয়া উচিত এবং প্রতিটি নির্দিষ্ট রাসায়নিকের নিরাপত্তার বাধ্যবাধকতা এবং ঝুঁকি সংক্রান্ত নির্দেশ/ সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত।

উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না যেসব কারখানা তাদের জন্যঃ আপনার কারখানাতে সমস্ত টুলিং এবং পরিচালনামূলক রাসায়নিকের প্রতি প্রয়োজ্য।

প্রয়োগত মূল কর্মকুশলতার সূচক: রাসায়নিক নাড়াচাড়া, ব্যবহার, এবং সংরক্ষণের অভ্যাসসমূহ

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কোনো সাবস্ট্যান্স/রাসায়নিক বিপজ্জনক কিনা তা কর্মীদের তাৎক্ষণিকভাবেই জানা উচিত। কারখানাটি সংস্পর্শে আসার ঝুঁকিকে সংজ্ঞায়িত করা এবং যেখানে প্রয়োজন সেই সমস্ত জায়গাতে প্রতিরোধমূলক/ এমার্জেন্সি যন্ত্রপাতি লাগানো এবং সংকেত লাগানো এবং টুলিং-এর জন্য

দরকারি রাসায়নিকে সিএলপি-এর সাথে সামঞ্জস্যপূর্ণ লেবেল লাগানোর জন্য সেফটি ডেটা শীট ব্যবহার করবে, এই প্রত্যাশা রয়েছে।

মূল উদ্দেশ্য হওয়া উচিত কর্মচারী এবং/অথবা রেসপন্ডারদের অনিচ্ছাকৃতভাবে সংস্পর্শে আসা থেকে রক্ষা করা, তা সেটি স্বাভাবিক ব্যবহারকালীন অথবা দুর্ঘটনার কারণে অথবা যথাযথ ব্যবস্থাপনা পদ্ধতি এবং পরিচালনামূলক প্রক্রিয়া অনুসরণ সত্ত্বেও কোনো ঘটনার কারণে হোক। স্পষ্ট সংকেত থাকা গুরুত্বপূর্ণ যাতে কারখানার কর্মচারীরা এবং জরুরি বিভাগের কর্মীরা তাৎক্ষণিকভাবে জানতে পারেন যে সংরক্ষণ করা সাবস্ট্যান্স এবং/অথবা যেগুলো তারা নাড়াচাড়া করেন সেগুলো তাদেরকে বিপজ্জনক কোনো বস্তুর সম্মুখীন করতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

- রাসায়নিক ঝুঁকির চিহ্নগুলো রাসায়নিকগুলোর সাথেই এবং বিভাগ ২ বা বিভাগ ৩-এর এমএসডিএস/এসডিএস-এ প্রদত্ত তথ্যাবলী অনুসারে যথাযথভাবে প্রদর্শিত হতে হবে। নিরাপদে নাড়াচাড়া করার যন্ত্রপাতিগুলো যেমন, ট্রেলি, কন্টেনারগুলোকে অবশ্যই যথাযথ অবস্থায় থাকতে হবে যাতে সেগুলোতে ভাঙা চাকা, না তেল দেয়া চাকা বা ছিদ্র না থাকে। ওয়াক-থ্রু-এর ব্যবস্থা করুন এবং ফ্লোরে প্রকৃত অবস্থা পরিদর্শন করুন।
- জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১.০ (মে ২০২০) - অধ্যায় ৬
- এমএসডিএস/এসডিএস
- ফেসিলিটির নকশা
- <https://www.osha.gov/dsg/hazcom/pictograms/index.html>
- http://www.nfpa.org/Assets/files/AboutTheCodes/704/NFPA704_HC2012_QCard.pdf
- <http://www.hse.gov.uk/chemical-classification/labelling-packaging/hazard-symbols-hazard-pictograms.htm>
- http://www.safework.sa.gov.au/uploaded_files/CoPManagingRisksHazardousChemicals.pdf
- <http://www.baua.de/en/Topics-from-A-to-Z/Hazardous-Substances/EMKG/EMKG.html>
- জিআইজেড ব্যবহারিক রাসায়নিক ব্যবস্থাপনার যন্ত্রপাতি (জিআইজেড প্র্যাক্টিক্যাল কেমিক্যাল ম্যানেজমেন্ট টুলকিট)

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যথাযথ সংকেত এবং নিরাপদে নাড়াচাড়া করার সরঞ্জামের জন্য সাইটে ফেসিলিটির দ্বারা কাজ/সংরক্ষণ এলাকার পর্যালোচনা করার মাধ্যমে যাচাই করা হয়েছে।

দয়া করে নোট করুন যে এই প্রশ্নের জন্য কোনো **আংশিক হ্যাঁ** নেই।

যেসব কারখানা **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- কারখানার একটি পরিকল্পনাতে কারখানাতে রাসায়নিক সংরক্ষণ এবং ব্যবহারের জন্য নির্দিষ্ট অঞ্চলগুলোর একটি বিবরণ থাকতে হবে। ছবিযুক্ত পরিকল্পনাটিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাগুলোর একটি চটজলদি রূপরেখা থাকে।
- গ্রহণ এবং সরবরাহ দেয়া
- রাসায়নিক সংরক্ষণ এলাকা (কেন্দ্রীভূত গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকা)
- রাসায়নিক প্রক্রিয়াকরণ এলাকা
- নির্মাণ / উৎপাদন এলাকা
- বর্জ্য রাসায়নিক সংরক্ষণ (যার অন্তর্ভুক্ত হলো অবশিষ্ট এবং তারিখ পেরিয়ে যাওয়া রাসায়নিক)
- পরীক্ষাগার, টুল শপ, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি।
- সংরক্ষণাগার এবং রাসায়নিক পরিচালনা এলাকাতে লাগানো সংকেতগুলো সংরক্ষিত রাসায়নিকের ঝুঁকি(গুলোর) শ্রেণীবিভাগকে চিহ্নিত করে।
- সংশ্লিষ্ট কর্মচারী যারা রাসায়নিক পরিচালনার ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত তারা সংকেতাবলী স্পষ্টভাবে দেখতে পান এবং বোঝেন
- সরঞ্জাম নাড়াচাড়া করার সুবিধা সংশ্লিষ্ট জায়গাগুলোতে পাওয়া যায় এবং প্রতিটি নির্দিষ্ট রাসায়নিকের নিরাপত্তার বাধ্যবাধকতা এবং ঝুঁকি সংক্রান্ত নির্দেশ / সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ।

যে ফেসিলিটিগুলি **টুলিং এবং/অথবা ক্রিয়াকলাপের ক্ষেত্রেই কেবলমাত্র ফেসিলিটিতে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- কারখানার একটি পরিকল্পনাতে কারখানাতে রাসায়নিক সংরক্ষণ এবং ব্যবহারের জন্য নির্দিষ্ট অঞ্চলগুলোর একটি বিবরণ থাকতে হবে। ছবিযুক্ত পরিকল্পনাটিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাগুলোর একটি চটজলদি রূপরেখা থাকে।
- গ্রহণ এবং সরবরাহ দেয়া
- রাসায়নিক সংরক্ষণ এলাকা (কেন্দ্রীভূত গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকা)
- রাসায়নিক প্রক্রিয়াকরণ এলাকা
- নির্মাণ / উৎপাদন এলাকা
- বর্জ্য রাসায়নিক সংরক্ষণ (যার অন্তর্ভুক্ত হলো অবশিষ্ট এবং তারিখ পেরিয়ে যাওয়া রাসায়নিক)
- পরীক্ষাগার, টুল শপ, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি।
- সংরক্ষণাগার এবং রাসায়নিক পরিচালনা এলাকাতে লাগানো সংকেতগুলো সংরক্ষিত রাসায়নিকের ঝুঁকি(গুলোর) শ্রেণীবিভাগকে চিহ্নিত করে।
- সংশ্লিষ্ট কর্মচারী যারা রাসায়নিক ব্যবহারবিধির জন্য দায়িত্বপ্রাপ্ত তারা সংকেতাবলী স্পষ্টভাবে দেখতে পান এবং বোঝেন

● **নথিপত্র আবশ্যিকঃ**

- স্পষ্টভাবে দায়িত্ব বুঝিয়ে দেয়া এবং চেক/অডিটের ফলাফল সহ রাসায়নিক নিরাপত্তার জন্য অভ্যন্তরীণ পরীক্ষা / অডিটের সময় নির্ধারণ করুন যেগুলোর আওতায় আসে সংশ্লিষ্ট রাসায়নিকের সংস্পর্শে আসার ঝুঁকি এবং সংযোগ ব্যবস্থা (সংকেতের অবস্থান এবং হালনাগাদ করা)

• জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- কারখানার পরিকল্পনা/জরুরি প্রতিক্রিয়া বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ
- নিজেদের দায়িত্বপ্রাপ্ত জায়গাগুলোতে কর্তৃপক্ষ / তত্ত্বাবধায়ক ঘুরিয়ে দেখাবেন
- সংশ্লিষ্ট এলাকাতে কর্মচারী(রা) সংকেত এবং ঝুঁকি সংক্রান্ত সংযোগ স্থাপনের ক্ষেত্রে তাদের বোঝাপড়া বিষয়ে

• পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- নির্ভুলতা/সম্পূর্ণতা যাচাই করার জন্য ঘুরে দেখার সময় কারখানার নকশাটি ব্যবহার করুন
- রাসায়নিক সংকেতাবলী এবং ঝুঁকি সংক্রান্ত সংযোগ স্থাপনের পর্যালোচনার জন্য কারখানার ভেতরে সাধারণভাবে ঘুরেফিরে দেখা
- প্রত্যেক এলাকাতে সংরক্ষিত/ব্যবহৃত রাসায়নিকের এমএসডিএস/এসডিএস-এর সাথে সংকেতগুলো মিলছে কিনা পরীক্ষা করুন

৭। আপনার কারখানা কি ঝুঁকির এবং এমআরএসএল /

আরএসএল সংক্রান্ত বাধ্যবাধকতার ভিত্তিতে রাসায়নিক বাছাই করে এবং ক্রয় করে?

যদি তা হয়, ক্রয় করা এবং উৎপাদনে ব্যবহৃত সমস্ত রাসায়নিক কি কারখানার রাসায়নিক ক্রয় নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ?

যদি না হয়, কারখানার রাসায়নিক ক্রয় নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এমন রাসায়নিকগুলোকে দূর করার জন্য কি আপনার কোনো প্রক্রিয়া বা পরিকল্পনা আছে ?

(টীকাঃ সমস্ত কিছু আপলোড করার প্রয়োজন নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) নিচের কিছু বিষয় প্রস্তাবিত আপলোডের অন্তর্ভুক্ত হতে পারে অভ্যাসগুলোকে প্রদর্শন করার জন্যঃ ক) কারখানার জন্য প্রযোজ্য এমআরএসএল(গুলো) যেমন ক্রেতাদের এমআরএসএল, জেডডিএইচসি এমআরএসএল, কারখানার মালিকানাধীন এমআরএসএল (মিশ্র বিপদ-ভিত্তিক এবং সমস্ত খদ্দেরদের থেকে এমআরএসএল); খ) রাসায়নিক ক্রয়ের প্রক্রিয়া এবং প্রামাণ্য কার্যসম্পাদনকারী প্রক্রিয়া; গ) রাসায়নিক সরবরাহকারী/ভেন্ডরদের জন্য শর্তাবলী; ঘ) ইতিবাচক তালিকাসমূহ; ঙ) রাসায়নিক নিরাপত্তা সংক্রান্ত উপাত্তের শীট এবং টিডিএস (যদি আগে আপলোড করে থাকেন, তাহলে লাগবে না); চ) রাসায়নিক গঠনের বিশ্লেষণের শংসাপত্র (বিপজ্জনক

রাসায়নিকের উপস্থিতির সাথে তার অশুদ্ধতার একটি প্রোফাইলকে মূল্যায়ন করার জন্য রাসায়নিকটিকে পরীক্ষার ফলাফল); ছ) এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতার শংসাপত্র (জেডডিএইচসি গেটওয়ে স্তরের সাথে সামঞ্জস্যপূর্ণ গেটওয়ে থেকে প্রাপ্ত কমচেচ রিপোর্ট) এবং ঘোষণামূলক চিঠি (এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতার যথাযথ প্রমাণ সহ যদি রাসায়নিকটি জেডডিএইচসি গেটওয়েতে না থাকে) যাতে ইস্যু হওয়ার তারিখ, উদ্বেগজনক রাসায়নিকটির নাম, যে এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতার ঘোষণা দেয়া হচ্ছে সেটি, এবং সামঞ্জস্যপূর্ণতাকে নিশ্চিত করে এমন একটি রাসায়নিক পরীক্ষার ফলাফল; জ) এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতার পরীক্ষার ফলাফল, যেখানে প্রযোজ্য

এমআরএসএল হলো ম্যানুফ্যাকচারিং রেজিস্ট্রিটেড সাবস্ট্যান্স লিস্ট (নিষিদ্ধ পদার্থের তালিকার নির্মাণ)। কারখানাগুলো সাধারণত নিষিদ্ধ পদার্থের তালিকা রেজিস্ট্রিটেড সাবস্ট্যান্স লিস্ট, আরএসএল সম্পর্কে অবহিত থাকে; তবে, শিল্পক্ষেত্রগুলো সাম্প্রতিক সময়ে নির্মাণকালীন নিষিদ্ধ পদার্থের তালিকার (এমআরএসএল) বিষয়ে মনোযোগ দেয়ার বিষয়টিতে বিবর্তন করেছে যাতে নিষিদ্ধ পদার্থের তালিকা সহ পরিবেশ-বান্ধব রাসায়নিকের ব্যবহার করা সম্ভব হয়। এমআরএসএল প্রয়োজনীয় কারণ একটি ফেসিলিটি যেটি প্রযুক্তিগত বৈশিষ্ট্যের নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ রাসায়নিক ব্যবহার করে, সেই ফেসিলিটির বিভিন্ন নিষ্ক্রমণের ক্ষেত্রে পরিবেশগত ফলাফল উন্নততর এবং আরএসএল পদার্থের সাথে সঙ্গতিরক্ষাও বেশি সামঞ্জস্যপূর্ণ।

যদি আপনার কেনা সমস্ত রাসায়নিক আরএসএল/ এমআরএসএল ক্রয়ের সবকটি আবশ্যিকতাপুলিকে পূরণ করে থাকে এবং এই দাবির সমর্থনে আপনার কাছে নথিপত্র থাকে কেবলমাত্র তাহলেই **হ্যাঁ বলুন।**

যদি আপনার কেনা রাসায়নিক(গুলো)র আরএসএল/ এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যরক্ষার সমর্থনে পর্যাপ্ত নথিপত্র না থাকে তাহলে **আংশিক হ্যাঁ বলবেন।** এবং রাসায়নিক সরবরাহকারীর থেকে ৬ মাসের মধ্যে নথিপত্র যোগাড় করার অথবা সরবরাহকারীকে বদলানোর পরিকল্পনা থাকে যাতে সরবরাহকারী আরএসএল/ এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ% রাসায়নিক বৃদ্ধি করতে পারেন।

সেইসকল ফেসিলিটির **জন্য যারা উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না:** সমস্ত ক্রয় করা রাসায়নিকগুলিকে অবশ্যই এইসকল আবশ্যিক শর্তসমূহ পূরণ করতে হবে নথিপত্র সহ যাতে অন্তর্ভুক্ত থাকবে গঠনের বিশ্লেষণের সার্টিফিকেট এবং যেখানে প্রযোজ্য এমএসডিএস/ এসডিএস এবং প্রযুক্তিগত উপাত্তের কাগজপত্র। এমআরএসএল আপনার ফেসিলিটির ক্রয় নীতিতে অন্তর্ভুক্ত থাকতে হবে যাতে সামঞ্জস্যবিহীন রাসায়নিক কারখানাতে চোকা প্রতিরোধ করা যায় এবং আরএসএল সামঞ্জস্য-বিধান থাকতে হবে যথাযথ উৎপাদন নিয়ন্ত্রণ এবং দুর্ঘটনার ফলে শৃঙ্খলাভঙ্গ এড়ানোর জন্য, এভাবে একটি সম্পূর্ণ আরএসএল-সামঞ্জস্যবিধান বিষয়ক কর্মকাণ্ড হিগ্গ এফইএম-এ দেখানো যায়। কিছু রাসায়নিকের

জন্য যেমন ক্লিনার ইত্যাদি, উপকরণের তথ্যের জন্য লেবেল দেখুন এবং এমআরএসএল-এর সাথে যেকোনো সামঞ্জস্যবিহীনতা এড়িয়ে যাওয়ার জন্য সিওএ দেখার চেষ্টা করুন।

প্রয়োগগত প্রধান কর্মকৌশলতার সূচক: রাসায়নিক নির্বাচন, যোগাড়, এবং ক্রয়ের অভ্যাস

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কর্মচারী, কাজের জায়গা, পরিবেশ এবং খরিদারদের জন্য সর্বনিম্ন বিপদের ঝুঁকিসম্পন্ন সর্বোত্তম রাসায়নিক / রাসায়নিক ফর্মুলেশন ক্রয়কে চালিত করাই উদ্দেশ্য।

ক্রয়ের বিষয়টি যাতে এমআরএসএল/আরএসএল-কে লঙ্ঘন না করে সেটিকে সুনিশ্চিত করার জন্য এই প্রশ্নটি জিজ্ঞাসা করা হবে। উৎপাদনবিহীন কারখানাগুলোকে আমাদের জিজ্ঞাসা করা প্রয়োজন যে দুর্ঘটনা ঘটলে লঙ্ঘন প্রতিরোধ করার জন্য এমআরএসএল তাদের পারচেজিং-এ অন্তর্ভুক্ত কিনা, এবং এর ফলে আসন্ন আরএসএল সম্পর্কিত প্রশ্নাবলীতে আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণ একটি সম্পূর্ণ কর্মসূচী রাখা থেকেও এই গোল্ডেনটি ছাড় পেয়ে যায়।

প্রযুক্তিগত নির্দেশনা:

জেডডিএইচসি গেটওয়ে লেবেল ১-৩-এর সাথে সুসমঞ্জস এবং পণ্য যেগুলো আরএসএল /এমআরএসএল-এর দ্বারা গ্রহণযোগ্য সেগুলো সম্পর্কে রাসায়নিক সরবরাহকারীদের সাথে আলোচনা করা গুরুত্বপূর্ণ। তবে, এটি জরুরি যে কারখানাটি কেবলমাত্র সরবরাহকারীদের থেকে পাওয়া ঘোষণাপত্র বা আশ্বাসের উপর নির্ভর করবে না বরং কিছু বৈধতা প্রক্রিয়া চালু করার বিষয়টি নিশ্চিত করবে যাতে সামঞ্জস্যের বিষয়টি নিশ্চিত করা যায় যেমন যোগ্য আইএসও-17025 সার্টিফিকেশন-প্রাপ্ত গবেষণাকেন্দ্র যারা এই টেস্টগুলো করার জন্য অনুমোদিত তাদের থেকে পাওয়া পরীক্ষার ফলাফল। কারখানার পরিচালনার শর্তাবলী এবং রেসিপি ঘনত্বের ক্ষেত্রে তার সীমাবদ্ধতা ইত্যাদি বিষয়ে রাসায়নিক / উপকরণ সরবরাহকারীদের সাথে তাদের পণ্যের বিবরণ সম্পর্কে আলোচনা করা গুরুত্বপূর্ণ।

জেডডিএইচসি গেটওয়ে -কেমিক্যাল মডুল, BLUESIGN®, OEKO-TEX®, ইকোপাসপোর্ট, সামঞ্জস্যের শংসাপত্র, বিশ্লেষণের শংসাপত্র

কঠিন পণ্যের ফেসিলিটির জন্য নতুন পথনির্দেশনা:

কঠিনপণ্য সেক্টরে এমআরএসএল (ম্যানুফ্যাকচারিং রেস্ট্রিক্টেড সাবস্ট্যান্সেস লিস্ট) এবং আরএসএল (রেস্ট্রিক্টেড সাবস্ট্যান্সেস লিস্ট) সম্পর্কিত আবশ্যিক শর্তগুলি উপলব্ধ নাও হতে পারে। তবে, রাসায়নিক ব্যবহারের একটি গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে এবং সেইহেতু নিয়ন্ত্রিত তালিকাটিই ব্যবহার করতে হবে।

কঠিনপণ্য সেক্টরে সমস্ত বয়ন উপাদানসমূহের (উদাহরণ স্বরূপ, রকস্যাক, তাঁবু, ইত্যাদির মতো পণ্যগুলি) হিগ এফইএম রূপরেখা অনুযায়ী এমআরএসএল এবং আরএসএল আবশ্যিকতাসমূহকে প্রয়োগ করা উচিত।

অন্য সকল উপাদানসমূহকে উৎপাদনের সময় ব্যবহার করার বিষয়টি *অন্ততপক্ষে* একটি নিয়ন্ত্রিত তালিকা দ্বারা আয়ত্তে রাখা উচিত। চূড়ান্ত পণ্যের উপর বিধিনিষেধ, যেভাবে আরএসএল-এর মাধ্যমে প্রয়োগ করা হয়, তা বিশেষ করে ধাতু প্রক্রিয়াকরণ এবং ইলেকট্রনিক্স শিল্পের জন্য প্রাসঙ্গিক হতে পারে, অথচ অন্যান্য সেক্টরগুলির জন্য প্রাসঙ্গিক নাও হতে পারে। আরএসএলগুলির কারণে চূড়ান্ত পণ্যের উপর অবশিষ্ট রাসায়নিকগুলির ব্যবস্থাপনা নিরাপদ, তবে এটি ব্যবহৃত পণ্য এবং উপকরণগুলির উপরে নির্ভর করতে পারে।

উৎপাদনের জন্য, কালো, ধূসর এবং সাদা তালিকাগুলিকেই প্রায়শ ব্যবহার করা হয়। কালো তালিকায় থাকে সেইসকল রাসায়নিক যৌগগুলি উৎপাদন কার্যে নিষিদ্ধ, ধূসর তালিকাগুলিতে থাকে সেইসকল রাসায়নিক যৌগগুলির ব্যবহার উৎপাদন কার্যে শেষ হওয়া উচিত এবং সাদা তালিকাতে সেইসকল রাসায়নিক থাকে যৌগগুলিকে ব্যবহার করা চলে। সারাংশের পরিভাষা হিসেবে আমরা বেছে নিয়েছি "নিষিদ্ধ তালিকাবলী"।

"নিষিদ্ধ তালিকাবলী"-এর তিনটি উদাহরণ:

1. [ইইউ, ইউরোপিয়ান ইউনিয়নের আরওএইচএস আদেশপত্র](#)। আরওএইচএস আদেশপত্রটি বৈদ্যুতিন পণ্যের উপর অবশিষ্ট রাসায়নিকসমূহকে সীমাবদ্ধ করে এবং বর্জ্য বিভাগের পথনির্দেশে উল্লিখিত ইইউ ডাক্কাইইই আদেশপত্রের সাথে এটিকে দৃঢ়ভাবে সংযুক্ত করা হয়েছে। কঠিনপণ্য বিভাগের জন্য প্রাসঙ্গিক হতে পারে যেসকল বৈদ্যুতিন পণ্য তার অন্তর্ভুক্ত হলো গ্রাহক সরঞ্জাম, আলোর সরঞ্জাম (আলোর বাল্ব, বৈদ্যুতিন এবং বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহ, খেলনা, অবসর ও খেলাধুলার সরঞ্জাম, নিরীক্ষণ এবং নিয়ন্ত্রণমূলক যন্ত্রসমূহ)। যেসকল রাসায়নিক নিষিদ্ধ যৌগগুলি হলো:
 - a. সীসা (পিবি)
 - b. পারদ (এইচজি)
 - c. ক্যাডমিয়াম (সিডি)
 - d. হেক্স্যাভ্যালেন্ট ক্রোমিয়াম (Cr6+)
 - e. পলিথ্রোমিনেটেড বাইফিনাইলস (পিবিবি)
 - f. পলিথ্রোমিনেটেড ডাইফিনাইল ইথার (পিবিডিই)
 - g. বিস(2-ইথাইলহেক্সাইল) প্থ্যালোট (ডিইএইচপি)
 - h. বুটাইল বেনজাইল প্থ্যালোট (বিবিপি)
 - i. ডিবুটাইল প্থ্যালোট (ডিবিপি)
 - j. ডিসোবুটাইল প্থ্যালোট (ডিআইবিপি)
 - i. সর্বাধিক অনুমোদিত ঘনত্ব: 0.1%[5]
 - ii. ক্যাডমিয়ামের জন্য সর্বাধিক: 0.01%[5]
2. [জিএডিএসএল](#) (গ্লোবাল অটোমোটিভ ডিক্ল্যারেবল সাবস্ট্যান্স লিস্ট)।
3. [এবিবি](#) নিষিদ্ধ এবং নিয়ন্ত্রিত পদার্থসমূহের তালিকা।

এটি প্রত্যাশিত যে ফেসিলিটিগুলি হয় একটি সেক্টর-ব্যাপী তালিকা, একটি ব্র্যান্ড-ভিত্তিক নিয়ন্ত্রিত তালিকা ব্যবহার করতে পারেন অথবা নিজেদের তালিকা তৈরি করতে পারেন।

কঠিনপণ্যের সেক্টরে বিভিন্ন তালিকা ব্যবহার হওয়ার বিষয়টি ছাড়াও, নির্বাচন এবং ক্রয় বিষয়ক প্রশ্নটিও কঠিনপণ্যের ফেসিলিটিগুলি সম্পর্কে সমানভাবে বৈধ।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসকল ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:

হ্যাঁঃ

- সমস্ত রাসায়নিক এমআরএসএল / আরএসএল-এর বাধ্যবাধকতাগুলোর সাথে সঙ্গতি রক্ষা করে, এবং এটিকে প্রদর্শন করার জন্য নথিপত্রও আছে। জেডডিএইচসি গেটওয়ে কেমিক্যাল মডুল থেকে জেডডিএইচসি এমআরএসএল সামঞ্জস্যের স্তর (১, ২, ৩) ব্যবহার করা উচিত রাসায়নিকগুলোর সামঞ্জস্য চিহ্নিত করার জন্য এবং অনুমোদিত রাসায়নিকগুলোর তালিকা তৈরির জন্য। জেডডিএইচসি এমআরএসএল-এর সংগে সঙ্গতি রক্ষার বিষয়ে আরও তথ্যের জন্য, জেডডিএইচসি এমআরএসএল সঙ্গতি রক্ষা নির্দেশিকাটি দেখুন।
- ফেসিলিটি কৌশলগতভাবে তাদের ঝুঁকির ভিত্তিতে তাদের নিজেদের রাসায়নিক এমআরএসএল তৈরি করে এবং তারা যে সমস্ত ব্র্যান্ডগুলোর সাথে কাজ করছে সেগুলির এমআরএসএল এবং আরএসএল সংক্রান্ত আবশ্যিকতাগুলিকে পূরণ করে, অথবা বিকল্পভাবে সমস্ত ধরনের এমআরএসএল অন্তর্ভুক্ত রয়েছে, যেমন, ক্লসাইন® সিস্টেম, এমন একটি সক্রিয় তালিকা অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ রাসায়নিকসমূহকে ব্যবহার করার কৌশলকে বাস্তবায়ন করে।
- ফেসিলিটি এমআরএসএল এবং আরএসএল সংক্রান্ত বাধ্যবাধকতাগুলোর সাথে সঙ্গতি রক্ষা করার জন্য শংসাপত্র-প্রাপ্ত রাসায়নিকগুলোকে কৌশলগতভাবে ক্রয় করে যেমন ক্লসাইন® -এর অনুমোদন-প্রাপ্ত রসায়ন, ইকোটেক্স-এর ইকোপাসপোর্ট। এই প্রত্যয়নপত্রগুলোকে বৈধতার জন্য খুঁটিয়ে দেখা হয় এবং অন্তত বার্ষিকভাবে হালনাগাদ করা হয়।
- যদি উক্ত সার্টিফিকেটগুলো উপলব্ধ না থাকে, তবে ফেসিলিটির সেই সমস্ত রাসায়নিক ক্রয় করা উচিত যেগুলোকে রাসায়নিক সরবরাহকারী দ্বারা এমআরএসএল এবং আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ বলে ঘোষণা করা হয়েছে। এর সাথে এই বিবৃতিতে সমর্থন প্রদানকারী বিশ্লেষণ / পরীক্ষার ফলাফলও থাকতে হবে যে পরীক্ষা কোনো 3^{য়} পক্ষের গবেষণাগারে করা হয়েছে। বিবৃতি এবং বিশ্লেষণের রিপোর্টটি বৈধতার জন্য খুঁটিয়ে দেখা হয় এবং অন্তত বার্ষিক হারে হালনাগাদ করা হয়।
- কারখানাটির অভ্যন্তরীণ ক্রয় নীতি রয়েছে যেটিকে বাস্তবায়ন করা হয় এবং যার অন্তর্ভুক্ত হলো রঞ্জক পদার্থ এবং রাসায়নিক সরবরাহকারীদের নির্বাচন এবং ব্যবহারের শর্তাবলীর রেফারেন্স। ক্রয়ের প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হতে হবে (তবে সীমিত থাকবে না): রাসায়নিক সরবরাহকারীদেরকে এমআরএসএল / আরএসএল সম্পর্কে জানানোর প্রক্রিয়া, এমআরএসএল / আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকার বিষয়ে সরবরাহকারীদের সম্মতি/অস্বীকৃতি যোগাড় করা, রাসায়নিক সরবরাহকারীদের কাছ থেকে হালনাগাদ করা ইতিবাচক তালিকা যোগাড় করা, ইতিবাচক তালিকায় থাকা রাসায়নিকগুলোকে ক্রয় করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান, পারচেজ অর্ডারের উপর এমআরএসএল বাধ্যতামূলক লেখা একটি মন্তব্য, রাসায়নিকগুলোর কারিগরি বৈশিষ্ট্য এবং গ্রহণের

শর্ত, বাধ্যবাধকতাগুলোর বাইরে কোনো ক্রটি বা তা থেকে সরে যাওয়ার ঘটনায় যে পদক্ষেপ নেয়া হবে।

- বাধ্যবাধকতাগুলোকে পূরণ করার বিষয়টিকে নিশ্চিত করার জন্য এমআরএসএল এবং ক্রয়ের প্রক্রিয়া সম্পর্কে পারচেজিং দপ্তর এবং কর্তৃপক্ষ অবহিত
- রাসায়নিক সরবরাহকারীর কাছ থেকে পাওয়া একটি বিশ্লেষণের প্রত্যয়নপত্র কারখানার কাছে আছে (যেখানে প্রযোজ্য) যেটি একটি অনুমোদিত গবেষণাকেন্দ্র থেকে এমআরএসএল পরীক্ষার জন্য পাওয়া গেছে গঠনমূলক উপাদানের জন্য যার অন্তর্ভুক্ত হলো নিম্নমানের দূষক পদার্থ এবং একটি এমএসডিএস / এসডিএস কারিগরী উপাত্তের শীট। বিশ্লেষণের এই সার্টিফিকেটগুলোকে অন্তত বার্ষিকভাবে হালনাগাদ করা হয় এবং এক বছর অবধি রেখে দেয়া হয়। কারিগরি উপাত্তের কাগজপত্র (টিডিএস) হলো সেইসব নথিপত্র যেখানে রাসায়নিকগুলোকে কীভাবে ব্যবহার করতে হয়, পরিমাণের বাধ্যবাধকতা, অবস্থার বাধ্যবাধকতা ইত্যাদি অন্যান্য তথ্য সহ প্রয়োগের প্রক্রিয়া সম্পর্কে রাসায়নিক সরবরাহকারী তথ্য প্রদান করেন। সেই কারণে এটি জরুরি যে সব কারখানাগুলো টিডিএস-এর জন্য অনুরোধ জানায় এবং প্রয়োগের আগে তথ্যাবলী দেখে নেয়।
- ক্রয়ের মানদণ্ডের প্রক্রিয়ার বাধ্যবাধকতার সাথে সামঞ্জস্যের সাধারণ স্তর নির্ধারণ করার জন্য উর্ধ্বতন এক্সিকিউটিভদের জন্য একটি ড্র্যাকিং/ড্যাশবোর্ড ব্যবস্থা পাওয়া যায়।
- নির্মাণ প্রক্রিয়ায় ব্যবহৃত না হওয়া রাসায়নিকগুলোর জন্য (উদাহরণ, লুব্রিক্যান্ট, ক্লিনিং-এর রাসায়নিক...) এমআরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষার প্রত্যয়নপত্র বা বিশ্লেষণের প্রত্যয়নপত্র সংগ্রহ করা কার্যকরী নাও হতে পারে। সেইসব রাসায়নিক যোগ্যতার জন্য কারখানার এমআরএসএল/আরএসএল-এর প্রেক্ষিতে উপকরণগুলোকে পর্যালোচনা করার একটি প্রক্রিয়া রয়েছে খুঁটিয়ে দেখার জন্য যে সেই রাসায়নিকগুলো সাবস্ট্যান্স তালিকার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা।

আংশিক হ্যাঁ

- কারখানাতে সামঞ্জস্যবিহীন রাসায়নিকও থাকতে পারে, কিন্তু অপসারণ করার একটি প্রক্রিয়া প্রদর্শন করে।
- বাধ্যবাধকতাগুলোকে পূরণ করার বিষয়টিকে নিশ্চিত করার জন্য এমআরএসএল এবং ক্রয়ের প্রক্রিয়া সম্পর্কে পারচেজিং দপ্তর এবং কর্তৃপক্ষ অবহিত
- কারখানাটি সাধারণভাবে এমআরএসএল-এর বাধ্যবাধকতার ভিত্তিতে রাসায়নিক ক্রয় করে থাকে, যেটির প্রমাণ হিসেবে রয়েছে আপস্ট্রিম সরবরাহকারীর এমআরএসএল সংক্রান্ত চুক্তিপত্র, অথবা অনুরূপ প্রত্যয়নপত্র, অথবা ঘোষণার চিঠি।
- এমআরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষার প্রত্যয়নপত্র এবং রাসায়নিক সরবরাহকারীদের ঘোষিত স্বীকৃতির চিঠিতে স্পষ্টভাবে জানাতে হবে: ইস্যু করার তারিখ, নির্দিষ্ট রাসায়নিকটির নাম, যে এমআরএসএল-টির সাথে সামঞ্জস্যের কথা তারা বলছেন (যুক্ত), এবং অভ্যন্তরীণ রাসায়নিক পরীক্ষার ফলাফল যেটি সঙ্গতিরক্ষার বিষয়টিকে নিশ্চিত করে।

যে ফেসিলিটিগুলি **ফেসিলিটি টুলিং এবং/অথবা কার্যসম্পাদনার ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক**

ব্যবহার করে:

হ্যাঁ

- সমস্ত রাসায়নিক এমআরএসএল এবং আরএসএল-এর বাধ্যবাধকতাগুলোর সাথে সামঞ্জস্য রক্ষা করে, এবং এটিকে প্রদর্শন করার জন্য নথিপত্রও আছে।
- প্রক্রিয়ার সাথে যুক্ত কারিগরি বৈশিষ্ট্যের ব্যবহার এবং বিপদগুলোর মাধ্যমে একটি রাসায়নিক / রাসায়নিক ফর্মুলেশন নির্বাচন করার জন্য প্রয়োজনীয় শর্তাবলীর বিবরণ দেয়ার জন্য কারখানাতে একটি প্রক্রিয়া রয়েছে।
- বাধ্যবাধকতাগুলোকে পূরণ করার বিষয়টিকে নিশ্চিত করার জন্য এমআরএসএল /আরএসএল এবং ক্রয়ের প্রক্রিয়া সম্পর্কে পারচেজিং দপ্তর এবং কর্তৃপক্ষ অবহিত
- উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত না হওয়া রাসায়নিকগুলোর জন্য (উদাহরণ, লুব্রিক্যান্ট, ক্লিনিং-এর রাসায়নিক...) এমআরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষার প্রত্যয়নপত্র বা বিশ্লেষণের প্রত্যয়নপত্র সংগ্রহ করা কার্যকর নাও হতে পারে। এইসব রাসায়নিকগুলোর জন্য ফেসিলিটিতে এমআরএসএল/আরএসএল-এর প্রেক্ষিতে উপকরণগুলোর তালিকাটিকে পর্যালোচনা করার একটি প্রক্রিয়া রয়েছে খুঁটিয়ে দেখার জন্য যে সেই রাসায়নিকগুলো সাবস্ট্যান্স তালিকার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা।

আংশিক হ্যাঁ

- এমআরএসএল / আরএসএল-এর প্রেক্ষিতে রাসায়নিকগুলোর সঙ্গতি রক্ষা করার বিষয়টি নিশ্চিত করার জন্য কারখানাটির একটি প্রক্রিয়া রয়েছে কিন্তু সেটিকে ভাগুরের রাসায়নিকগুলোর ১০০%-এর ক্ষেত্রে প্রয়োগ করা হয় না। এইসব ক্ষেত্রে কারখানাটিকে একটি পরিভাষিত সময়ের মধ্যে রাসায়নিক সরবরাহকারীর কাছ থেকে এমআরএসএল-এর সাথে সঙ্গতিরক্ষার প্রয়োজনীয় নথি সংক্রান্ত প্রমাণ যোগাড় করার জন্য অবশ্যই একটি প্রক্রিয়া প্রদর্শন করতে হবে, অথবা তার বদলে এমন একজন সরবরাহকারীকে নেয়ার পরিকল্পনা করতে হবে যিনি বাধ্যবাধকতাগুলোকে মেনে চলেন এবং প্রয়োজনীয় নথিপত্র / প্রত্যয়নপত্র জমা দিতে পারবেন।
- বাধ্যবাধকতাগুলোকে পূরণ করার বিষয়টিকে নিশ্চিত করার জন্য এমআরএসএল /আরএসএল এবং ক্রয়ের প্রক্রিয়া সম্পর্কে পারচেজিং দপ্তর এবং কর্তৃপক্ষ অবহিত
- ফেসিলিটিটি সাধারণত এমআরএসএল/আরএসএল-এর আবশ্যিকতার ভিত্তিতে রাসায়নিক ক্রয় করে থাকে, যেটির প্রমাণস্বরূপ এমআরএসএল/আরএসএল বিষয়ে আপস্ট্রিম সরবরাহকারীর চুক্তিপত্র, অথবা সঙ্গতিরক্ষার প্রত্যয়নপত্র, অথবা ঘোষণার চিঠিসমূহ রয়েছে।
- এমআরএসএল / আরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষার প্রত্যয়নপত্র এবং রাসায়নিক সরবরাহকারীদের ঘোষিত স্বীকৃতির চিঠিতে যেখানে উপলব্ধ স্পষ্টভাবে জানাতে হবেঃ ইস্যু করার তারিখ, উদ্বেগজনক রাসায়নিকটির নাম, যে এমআরএসএল / আরএসএল-টির সাথে সামঞ্জস্যের

কথা তারা ঘোষণা করছেন (যুক্ত), এবং অভ্যন্তরীণ রাসায়নিক পরীক্ষার ফলাফল যেটি সঙ্গতিরক্ষার বিষয়টিকে নিশ্চিত করে।

নথিপত্র আবশ্যিকঃ

- উপরে হ্যাঁ এবং আংশিক হ্যাঁ-এর জন্য রেফারেন্সের বাধ্যবাধকতাপুলো।
- কারখানাতে প্রযোজ্য এমআরএসএল(পুলো) যেমন খরিদারের এমআরএসএল, জেডডিএইচসি এমআরএসএল, কারখানার মালিকানাধীন এমআরএসএল (হয় একটি মিশ্রিত ঝুঁকিভিত্তিক এবং সমস্ত খরিদারদের থেকে এমআরএসএল তৈরি করুন অথবা এমআরএসএল অনুসরণ করুন যেটি ব্র্যান্ড এবং খুচরো বিক্রেতাদের সমস্ত বাধ্যবাধকতাকে আওতায় আনার জন্য তৈরি করা হয়েছিল।)
- আরএসএল
- রাসায়নিক ক্রয়ের প্রক্রিয়া এবং এসওপিপুলো
- রাসায়নিক সরবরাহকারী/ভেণ্ডরের নির্ণায়ক বিষয়গুলো
- জেডডিএইচসি গেটওয়ে কেমিক্যাল মডুল সামঞ্জস্যপূর্ণতার স্তর ১-৩
- রাসায়নিক এসডিএস এবং টিডিএস
- গঠনগত উপাদান খুঁটিয়ে দেখার জন্য বিশ্লেষণের প্রত্যয়নপত্র যাতে গঠনগত উপাদানে মজুত যেকোনো দূষণ খুঁটিয়ে দেখা যায়
- এমআরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষার সার্টিফিকেট এবং ঘোষিত স্বীকৃতির চিঠি যেটিতে থাকবে ইস্যু করার তারিখ, নির্দিষ্ট রাসায়নিকটির নাম, যে এমআরএসএল-টির সাথে সামঞ্জস্যের কথা তারা বলছেন (যুক্ত), এবং অভ্যন্তরীণ রাসায়নিক পরীক্ষার ফলাফল যেটি সঙ্গতিরক্ষার বিষয়টিকে নিশ্চিত করে
- এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যের পরীক্ষার ফলাফল, যেখানে প্রযোজ্য

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- এমআরএসএল এবং রাসায়নিকের ঝুঁকি, এবং ক্রয়ের নীতিমালা এবং এমআরএসএল-এর সাথে সম্পর্কিত প্রক্রিয়াগুলোর জ্ঞান সম্পর্কে পারচেজিং ম্যানেজার

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- ডকুমেন্টের পর্যালোচনা, যেমন, সার্টিফিকেটগুলো, ক্রয়ের নীতি এবং প্রক্রিয়াগুলো, রাসায়নিক সরবরাহকারীদের তালিকা, এমআরএসএল-এর বাধ্যবাধকতাপুলোর বিষয়ে প্রাসঙ্গিক আলাপ-আলোচনা, রাসায়নিক সরবরাহকারীদের সাথে ক্রয়ের চুক্তিপত্র, ভেণ্ডরদের জন্য মানদণ্ড, ইত্যাদি।

আরো তথ্যের জন্য কোথায় যেতে হবে (যেমন, লিঙ্ক অথবা ওয়েবসাইট):

- <https://www.my-aip.com/ZDHCGateway/Login.aspx>
- https://uploads-ssl.webflow.com/5c4065f2d6b53e08a1b03de7/5e8de0a3c5077cd5d6846799_Conformance_Guidance_V1_1.pdf
- <https://www.roadmaptozero.com/landingpage/chemcheck>
- <http://www.bluesign.com/>
- https://www.oeko-tex.com/de/business/business_home/business_home.xhtml বরং নিচের পৃষ্ঠাগুলির মতো ইংরেজিতে পালটে নিন
- https://www.oeko-tex.com/en/business/business_home/business_home.xhtml
- https://www.osha.gov/Publications/HazComm_QuickCard_SafetyData.html

৮। আপনার কারখানাতে কি রাসায়নিকের ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট একটি পরিবেশগত এবং পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা কর্মসূচী আছে?

(টীকাঃ সমস্ত কিছু আপলোড করার প্রয়োজন নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) প্রস্তাবিত আপলোডের অন্তর্ভুক্ত হতে পারে নিচের কয়েকটি অভ্যাসগুলোকে প্রদর্শন করার জন্যঃ ক) চাকরির নিয়োগপত্র, কাজের বিবরণ, দায়বদ্ধ EHS-এর সংস্থার চার্ট; খ) দায়বদ্ধ ব্যক্তির/দলের কারিকুলাম ভিটে, রাসায়নিক ব্যবস্থাপনায় প্রাসঙ্গিক বিষয়বস্তু প্রদর্শনকারী অভিজ্ঞতা/প্রশিক্ষণের রেকর্ড; গ) রাসায়নিক সঞ্চয়, পরিচালনা, ব্যবহার, এবং নিষ্পত্তির সাথে সম্পর্কিত পরিবেশগত স্বাস্থ্য এবং নিরাপত্তা প্রক্রিয়া; ঘ) SDS/ MSDS-এর সাথে সম্পর্কিত চিহ্নিত বিপত্তিসমূহ সহ রাসায়নিকের ইনভেন্টরি, পরিবেশগত স্বাস্থ্য এবং নিরাপত্তা কর্মকর্তাদের জন্য উপলব্ধ এবং তাদের দ্বারা ব্যবহৃত প্রযুক্তিগত কাগজপত্র (আগে আপলোড করে থাকলে দরকার নেই); ঙ) পরিচালনার সীমাবদ্ধতা এবং প্রাসঙ্গিক আইন সহ পারমিটসমূহ যা রাসায়নিকের সঞ্চয়, পরিচালনা, এবং নিষ্পত্তির জন্য স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত প্রয়োজনীয়তাগুলির নিয়ন্ত্রণ করে (আগে আপলোড করে থাকলে দরকার নেই); চ) রাসায়নিক সংক্রান্ত যেকোনো ঘটনা/ দুর্ঘটনা এবং স্পিল রেকর্ড (আগে আপলোড করে থাকলে দরকার নেই); ছ) স্বাস্থ্য এবং নিরাপত্তার লগ (প্রাথমিক চিকিৎসা এবং হেলথ স্টেশন)।

রাসায়নিকের স্বাস্থ্য এবং নিরাপত্তা কর্মসূচীর জন্য অবশ্যই একজন পদাধিকারী ব্যক্তি অথবা একটি দল থাকতে হবে, আইনি স্বাস্থ্য এবং নিরাপত্তামূলক বাধ্যবাধকতা পূরণ করতে হবে, এবং রাসায়নিক সংরক্ষণ, নাড়াচাড়া, ব্যবহার, ডিসপোজাল, এবং বর্জ্যের পরিবেশগত নিয়ন্ত্রণ ও পরিবেশে তার নিষ্করণ সম্পর্কে লিখিত কার্যপ্রণালী থাকতে হবে।

দয়া করে **আংশিক হ্যাঁ** নির্বাচন করুন যদি আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত রাসায়নিক কর্মসূচী সম্পূর্ণ হয়ে থাকে, কিন্তু এখনও লিখিতভাবে নথিভুক্ত না হয়ে থাকে।

প্রয়োগগত মূল কর্মকুশলতার সূচক: রাসায়নিক নাড়াচাড়া, ব্যবহার, এবং সংরক্ষণের অভ্যাসসমূহ

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

মানুষ এবং পরিবেশকে সংস্পর্শে আসা থেকে রক্ষা করা এই কর্মসূচীর উদ্দেশ্য। কারখানাটির সংরক্ষিত, ব্যবহৃত এবং নিষ্কাশিত রাসায়নিকের সম্ভাব্য ক্ষতিকর প্রভাবগুলোকে চিহ্নিত করা এবং নিয়ন্ত্রণ করার জন্য কারখানাটির একটি প্রক্রিয়া অবশ্যই থাকা উচিত।

রাসায়নিকের সংস্পর্শে আসার বিষয়টি বিভিন্নভাবে ঘটতে পারে। একটি কারখানার অবশ্যই স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত ভূমিকা এবং দায়দায়িত্বগুলোকে, এবং স্বাস্থ্য এবং নিরাপত্তাকে নিয়ন্ত্রণকারী একটি ব্যবস্থা, এবং স্বাস্থ্য এবং নিরাপত্তার উপর সম্ভাব্য ক্ষতি কমানোর জন্য একটি ব্যবস্থাকে চিহ্নিত করতে হবে। এমএসডিএস/এসডিএস থেকে বিপদ এবং সংস্পর্শে আসার ধরনগুলো সম্পর্কে জ্ঞান অর্জন করার মাধ্যমেই এইচএস কর্মসূচীর শুরু।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় ১ এবং অধ্যায় ২

বাড়তি প্রশিক্ষণ

- জেডডিএইচসি সিএমএস প্রশিক্ষণ
- প্রশিক্ষণের বিষয়বস্তু সহ রাসায়নিক ব্যবস্থাপনার প্রশিক্ষণের রেকর্ড। রাসায়নিক ব্যবস্থাপনার প্রশিক্ষণের বাধ্যবাধকতাগুলো কারখানাভিত্তিক হওয়া দরকার এবং কেবলমাত্র কিছু গুরুত্বপূর্ণ বিভাগকে বিশদ করার মধ্যে সীমিত থাকতে পারে না।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁঃ

- রাসায়নিক ব্যবস্থাপনার জন্য কারখানার একজন মনোনীত ব্যক্তি বা একটি দল একনিষ্ঠভাবে থাকতে হবে যাদের এমএসডিএস/এসডিএস-এ উল্লিখিত যথাযথ পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপগুলোকে এবং/অথবা কর্মচারীদের, কম্যুনিটিকে এবং পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য কারিগরি ডেটা শীট সম্পর্কে বোঝার মতো এবং সক্রিয় করার মতো যোগ্যতা থাকে।

- প্রাথমিক রাসায়নিক ঝুঁকি সংক্রান্ত মূল্যায়ণ নির্বাহ করা হয়েছে যেটির অন্তর্গত হলো ঝুঁকি চিহ্নিতকরণ এবং সম্ভাব্য বিপদ অথবা ক্ষতি যা কারখানায় রাসায়নিকের ব্যবহার সংক্রান্ত কোনো নির্দিষ্ট কার্যকলাপের ফলস্বরূপ হতে পারে। উদাহরণ স্বরূপ, রাসায়নিকটি প্রকাশ হয়ে পড়ার সম্ভাব্য পথগুলিকে বিবেচনা করে, একটি প্রকল্পিত পরিমাণে এবং পদ্ধতিতে নির্দিষ্ট রাসায়নিকটিকে ব্যবহার করা। মূল্যায়ণটিতে উৎপাদন প্রক্রিয়ার ভিন্ন ধরনের রাসায়নিক এবং বিপজ্জনক বর্জ্যকেও চিহ্নিত করার প্রয়োজন যেগুলো বর্জ্যপানির গুণগত মানকে প্রভাবিত করার ক্ষেত্রে কারখানাতে প্রাসঙ্গিক। রাসায়নিক বিপদের মূল্যায়ণকে একটি বিচ্ছিন্ন অথবা পরিবেশগত মূল্যায়ণের রিপোর্টের অংশ হিসেবে নির্বাহ করা যেতে পারে।
- কারখানাটি রাসায়নিকের সাথে সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ে নিয়মিতভাবে পর্যবেক্ষণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা সহ সমস্ত পারমিট/আইনি বাধ্যবাধকতার আওতার মধ্যে থেকে পরিচালনা করছে।
- বায়ু, মাটি, মাটির তলার পানি, শব্দ, বর্জ্য এবং কাদা, বর্জ্যপানির কারণে রাসায়নিক ভাণ্ডার সংক্রান্ত চিহ্নিত সম্ভাব্য পরিবেশগত ক্ষতির ক্ষেত্রে রাসায়নিকগুলোর সংরক্ষণ, নাড়াচাড়া করা, ব্যবহার, নিষ্কাশন, এবং প্রাথমিক পরিবেশগত নিয়ন্ত্রণের জন্য নিরাপত্তা এবং স্বাস্থ্য সম্পর্কিত লিখিত প্রক্রিয়া রয়েছে। এলাকাতে সর্বাধিক সম্ভাব্য প্রাকৃতিক বিপর্যয়গুলোকেও এই প্রক্রিয়াগুলোর বিবেচনা করতে হবে, উদাহরণ স্বরূপ, ভারি বৃষ্টি এবং বন্যা, ভূমিকম্প, তুফান, ইত্যাদি প্রবণ এলাকাগুলো।
- একটি তৃতীয় পক্ষের মাধ্যমে সাইটে প্রাথমিক স্বাস্থ্য/ভালো থাকার প্রক্রিয়া পাওয়া যায় যখন বিপজ্জনক রাসায়নিকগুলোকে নাড়াচাড়া করা হয়, অথবা সংস্পর্শে আসার ঘটনা ঘটে।

আংশিক হ্যাঁঃ

- রাসায়নিক ব্যবস্থাপনার জন্য কারখানার একজন মনোনীত ব্যক্তি বা একটি দল একনিষ্ঠভাবে থাকতে হবে যাদের এমএসডিএস/এসডিএস-এ উল্লিখিত যথাযথ পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপগুলোকে এবং/অথবা কর্মচারীদের, কম্যুনিটিকে এবং পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য কারিগরি ডেটা শীট (টিডিএস) সম্পর্কে বোঝার মতো এবং সক্রিয় করার মতো যোগ্যতা থাকে।
- কারখানাটি রাসায়নিকের সাথে সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ে নিয়মিতভাবে পর্যবেক্ষণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা সহ সমস্ত পারমিট/আইনি বাধ্যবাধকতার আওতার মধ্যে থেকে পরিচালনা করছে।
- কারখানাটি তার রাসায়নিকগুলোর সংরক্ষণ, নাড়াচাড়া করা, ব্যবহারবিধি, এবং নিষ্কাশনের ক্ষেত্রে সম্ভাব্য পরিবেশগত, স্বাস্থ্যমূলক এবং নিরাপত্তা সংক্রান্ত বিপদ চিহ্নিত করেছে তার *রাসায়নিক কার্যসম্পাদনার* কিছু অংশে এবং সম্ভাব্য বিপদগুলোকে চিহ্নিত করা গেছে *সঠিকভাবে* এমএসডিএস এবং টিডিএস-এর ভিত্তিতে। তবে, কারখানা-জোড়া রাসায়নিক সংক্রান্ত বিপদের মূল্যায়ণ করা হয়নি।

- রাসায়নিক সংক্রান্ত চিহ্নিত সম্ভাব্য পরিবেশগত ক্ষতির ক্ষেত্রে রাসায়নিকগুলির সংরক্ষণ, নাড়াচাড়া, ব্যবহারবিধি, নিষ্কমণ, এবং প্রাথমিক পরিবেশগত নিয়ন্ত্রণের সাথে সম্পর্কিত নিরাপত্তা এবং স্বাস্থ্যের জন্য কিছু প্রক্রিয়া এবং অনুশীলন অনুসরণ করা হয়, তবে সেগুলো লিখিত এবং নথিবদ্ধ অবস্থায় **নেই**।

যে ফেসিলিটিগুলি **ফেসিলিটি টুলিং এবং/অথবা কার্যসম্পাদনার ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- রাসায়নিক ব্যবস্থাপনার জন্য কারখানার একজন মনোনীত ব্যক্তি বা একটি দল একনিষ্ঠভাবে থাকতে হবে যাদের এমএসডিএস/এসডিএস-এ উল্লিখিত যথাযথ পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপগুলোকে এবং/অথবা কর্মচারীদের, কম্যুনিটিকে এবং পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য কারিগরি ডেটা শীট সম্পর্কে বোঝার মতো এবং সক্রিয় করার মতো যোগ্যতা থাকে।
- কারখানাটি রাসায়নিকের সাথে সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ে নিয়মিতভাবে পর্যবেক্ষণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা সহ সমস্ত পারমিট/আইনি বাধ্যবাধকতার আওতার মধ্যে থেকে পরিচালনা করছে।
- বায়ু, মাটি, মাটির তলার পানি, শব্দ, বর্জ্য এবং কাঁচা, বর্জ্যপানির কারণে রাসায়নিক ভাণ্ডার সংক্রান্ত চিহ্নিত সম্ভাব্য পরিবেশগত ক্ষতির ক্ষেত্রে রাসায়নিকগুলোর সংরক্ষণ, নাড়াচাড়া করা, ব্যবহার, নিষ্কাশন, এবং প্রাথমিক পরিবেশগত নিয়ন্ত্রণের জন্য নিরাপত্তা এবং স্বাস্থ্য সম্পর্কিত লিখিত প্রক্রিয়া রয়েছে। এলাকাতে সর্বাধিক সম্ভাব্য প্রাকৃতিক বিপর্যয়গুলোকেও এই প্রক্রিয়াগুলোর বিবেচনা করতে হবে, উদাহরণ স্বরূপ, ভারি বৃষ্টি এবং বন্যা, ভূমিকম্প, তুফান, ইত্যাদি প্রবণ এলাকাগুলো।
- একটি তৃতীয় পক্ষের মাধ্যমে অথবা সাইটে প্রাথমিক স্বাস্থ্য/ভালো থাকার প্রক্রিয়া সম্পর্কে জানা যায় যখন বিপজ্জনক রাসায়নিকগুলোকে নাড়াচাড়া করা হয়, অথবা সংস্পর্শে আসার ঘটনা ঘটে।

আংশিক হ্যাঁ

- রাসায়নিক ব্যবস্থাপনার জন্য কারখানার একজন মনোনীত ব্যক্তি বা একটি দল একনিষ্ঠভাবে থাকতে হবে যাদের এমএসডিএস/এসডিএস-এ উল্লিখিত যথাযথ পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপগুলোকে এবং/অথবা কর্মচারীদের, কম্যুনিটিকে এবং পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য কারিগরি ডেটা শীট সম্পর্কে বোঝার মতো এবং সক্রিয় করার মতো যোগ্যতা থাকে।
- কারখানাটি রাসায়নিকের সাথে সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ে নিয়মিতভাবে পর্যবেক্ষণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা সহ সমস্ত পারমিট/আইনি বাধ্যবাধকতার আওতার মধ্যে থেকে পরিচালনা করছে।
- রাসায়নিক সংক্রান্ত চিহ্নিত সম্ভাব্য পরিবেশগত ক্ষতির ক্ষেত্রে রাসায়নিকগুলোর সংরক্ষণ, নাড়াচাড়া করা, ব্যবহার, নিষ্কমণ, এবং প্রাথমিক পরিবেশগত নিয়ন্ত্রণের সাথে সম্পর্কিত

নিরাপত্তা এবং স্বাস্থ্য বিষয়ে জন্য কিছু প্রক্রিয়া এবং অনুশীলন অনুসরণ করা হয়, তবে সেগুলো লিখিত এবং নথিবদ্ধ অবস্থায় নেই।

নথিপত্র আবশ্যিকঃ

নিয়োগপত্রের চিঠি, চাকুরির বিবরণ, সংগঠনের চার্ট

- দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দলের কারিকুলাম ভিটে
- রাসায়নিক সংরক্ষণ, নাড়াচাড়া করা, ব্যবহার, এবং নিষ্করণ সংক্রান্ত ইএইচএস প্রক্রিয়া
- এমএসডিএস-এর সাথে চিহ্নিত বিপদ এবং কারিগরি সংক্রান্ত কাগজপত্র সহ রাসায়নিকের ভাণ্ডার, ইএইচএস কর্তব্যাক্তিদের জন্য সহজলভ্য এবং ব্যবহৃত হয়ে থাকে
- পরিচালনাগত সীমা এবং প্রাসঙ্গিক আইন সহ পারমিট যোগ্যতার আওতাধীন হলো রাসায়নিক সংরক্ষণ, পরিচালনা, এবং নিষ্করণের সাথে সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তার বাধ্যবাধকতা
- রাসায়নিক দুর্ঘটনা এবং উপচে পড়ার রেকর্ড
- স্বাস্থ্য এবং নিরাপত্তার লগ (প্রাথমিক শুষ্কতা এবং হেলথ স্টেশন)

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- ইএইচএস, রাসায়নিক বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দল রাসায়নিক সংরক্ষণ, পরিচালনা, এবং নিষ্করণের সাথে সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে তাদের বোঝাপড়াগুলো এবং তাদের সংশ্লিষ্ট দায়িত্বসমূহ যার অন্তর্গত হলো কারখানা জুড়ে ইএইচএস চেক/অডিট, পিপিই-এর অবস্থান এবং সহজপ্রাপ্যতা, নিরাপত্তা বিষয়ক যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ, এমার্জেন্সি রেসপন্স প্ল্যান, ইত্যাদি বিষয়। যে অঞ্চলে কারখানাটি অবস্থিত, সেই অঞ্চলের সবচেয়ে সম্ভাব্য প্রাকৃতিক বিপর্যয়ে সম্পর্কেও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সচেতন হতে হবে, উদাহরণ স্বরূপ, ভারি বর্ষা এবং বন্যা, ভূমিকম্প, সামুদ্রিক তুফান, ইত্যাদি প্রবণ এলাকা, এবং কীভাবে এই বিবেচনাগুলোকে প্রাকৃতিক বিপর্যয়ের ফলস্বরূপ ঘটা রাসায়নিক এক্সপোজারের সাথে সম্পর্কিত ইএইচএস পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়।
- স্বাস্থ্য/মেডিক্যাল স্টেশন, এমার্জেন্সি রেসপন্স টিম (যদি থাকে)
- চিকিৎসক, নার্স, হেলথ প্র্যাক্টিশনার যদি সাইটে থাকেন

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- দায়ী ব্যক্তি/দল যথাস্থানে থাকা এবং রাসায়নিক ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত ইএইচএস কর্মসূচী সামালানোর জন্য যোগ্যতাসম্পন্ন হওয়ার বিষয়গুলো যাচাই করুন
- এমএসডিএস/এসডিএস, কারিগরি কাগজপত্রের সাথে চিহ্নিত বিপদ সহ রাসায়নিক ভাণ্ডার ইএইচএস কর্তব্যাক্তিদের কাছে সহজলভ্য এবং এবং ইএইচএস কর্মসূচীর ভিত্তি হিসাবে ব্যবহার করা হয় যেমন রাসায়নিক দুর্ঘটনা এবং এমার্জেন্সি রেসপন্স প্ল্যান, নিরাপত্তা বিষয়ক যন্ত্রপাতি এবং পিপিই-এর অবস্থান, কর্মচারীদের প্রশিক্ষণ, ইএইচএস ইউটিলিটি নিয়মিতভাবে খুঁটিয়ে দেখা এবং সেগুলোর রক্ষণাবেক্ষণ

- বিস্ফোরণরোধী বৈদ্যুতিন আলো এবং আধার দাহ ব্যবহার এবং সংরক্ষণ এলাকাতে পাওয়া যায়

৯। আপনার কারখানার কি যথাযথভাবে চিহ্নিত, আখ্যাপ্রাপ্ত রাসায়নিক সঞ্চয় এবং অস্থায়ী সঞ্চয় এলাকা আছে?

যদি হ্যাঁ হয়, যা কিছু প্রযোজ্য সেগুলো বেছে নিনঃ

- রাসায়নিক সংরক্ষণ এলাকাতে বায়ু চলাচলের ব্যবস্থা থাকে, শুকনো এবং আবহাওয়া ও আগুনের ঝুঁকি থেকে সুরক্ষিত রাখা হয়।
- সঞ্চয় এলাকা অননুমোদিত কর্মচারীদের থেকে সুরক্ষিত (যেমন, তালা লাগানো থাকে)।
- রাসায়নিক সঞ্চয় এলাকাটিকে স্পষ্টভাবে চিহ্নিত করা থাকে।
- জরুরি অবস্থা তৈরি হওয়ার সম্ভাব্যতার জন্য রাসায়নিক সংরক্ষণ এলাকাতে সহজ প্রবেশ এবং বহির্গমন ব্যবস্থা আছে।
- সংরক্ষণের আধারগুলো ভালো অবস্থায় রয়েছে, তাদের বিষয়বস্তুর জন্য যথাযথ, বন্ধ এবং স্পষ্টভাবে বিষয়বস্তুর নাম সহ লেবেল লাগানো রয়েছে।
- সঞ্চয় এলাকার মেঝে দৃঢ় এবং ছিদ্রবিহীন, পানির জন্য কোনো এমন নালী নেই যেখান দিয়ে তরল বেরিয়ে যেতে পারে, এবং উপচে পড়া তরলের কোনো প্রমাণ নেই।
- অবাপ্তিভাবে তরল যাতে না বেরিয়ে যায়, সেটি নিশ্চিত করার জন্য কঠিন এবং তরল রাসায়নিকের জন্য আনুষঙ্গিক ধারণের ব্যবস্থা রয়েছে ট্যাঙ্ক, ড্রাম, এবং অস্থায়ী ধারকে (যেখানে প্রযোজ্য)।
- সামঞ্জস্যবিহীন পদার্থগুলো (যেমন তীব্র অ্যাসিড এবং তীব্র বেস) পৃথকভাবে সংরক্ষণ করা হয়।
- দাহ্য পদার্থ তাপ অথবা দহনের উৎসের থেকে দূরে রাখা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো গ্রাউন্ডিং এবং বিস্ফোরণ-বিরোধী আলো।
- অস্থায়ী সংরক্ষণ পাত্রগুলো বন্ধ থাকে এবং বিষয়বস্তু, এবং বিপদের শ্রেণীর তথ্যসহ লেবেল লাগানো থাকে।

(টীকাঃ সমস্ত কিছু আপলোড করার প্রয়োজন নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) প্রস্তাবিত আপলোডের অন্তর্ভুক্ত হতে পারে নিচের কয়েকটি অভ্যাসগুলোকে প্রদর্শন করার জন্যঃ ক) কারখানার নকশা অথবা যেখানে প্রযোজ্য স্থানীয় কর্তৃপক্ষ সহ জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা (আগে আপলোড করে থাকলে প্রয়োজন নেই); খ) নিষেধাজ্ঞা সহ সঞ্চয়/ব্যবহারের পারমিট (যদি প্রযোজ্য হয়); গ) স্থানীয় ভাষায় স্থানীয় ফায়ার কোড এমএসডিএস/এসডিএস এবং প্রযুক্তিগত কাগজপত্র (আগে আপলোড করে থাকলে প্রয়োজন নেই); ঘ) রাসায়নিক আধারগুলোর উপরে রাসায়নিক লেবেল লাগানো (প্রকৃত লেবেলিং, হাতে লেখা নয়) ঙ) রাসায়নিক সঞ্চয় এলাকার নকশা, যাতে বিভিন্ন ধরনের রাসায়নিকের শ্রেণীবিভাগ এবং প্লেসমেন্ট থাকবে; চ) প্রতিটি রাসায়নিকের ভাণ্ডারে

পৌঁছানোর তারিখ, লট নম্বর, রাসায়নিকের এক্সপায়ারেশনের তারিখ, উৎপাদনস্থলে প্রেরণ করার তারিখ, ইত্যাদি সহ ঢোকা/বেরানোর রেকর্ড, এফআইএফও রেকর্ড (আগে আপলোড করে থাকলে প্রয়োজন নেই); ছ) রাসায়নিক সঞ্চয় এলাকার জন্য ব্যবস্থাপনার অভিট/ পরিদর্শনের চেকলিস্ট; জ) যথাযথভাবে রাসায়নিক সঞ্চয়ের জন্য প্রামাণ্য পরিচালনাগত প্রক্রিয়া।

সঠিকভাবে রাসায়নিক নাড়াচাড়া করার জন্য যথাযথ রাসায়নিক সঞ্চয় ব্যবস্থা নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ। প্রায়শই, আপাতদৃষ্টিতে যুক্তিসম্পন্ন সঞ্চয়ের ধারণা, যেমন বর্ণানুক্রমিক ভাবে রাসায়নিকগুলোকে রাখা, অনৈক্যবিশিষ্ট রাসায়নিকগুলোকে একসাথে সঞ্চিত করে ফেলতে পারে। কারখানাগুলোকে অবশ্যই দেখাতে হবে যে দূষণ এবং নিরাপত্তার ঝুঁকি এড়ানোর জন্য সঞ্চয়ের জন্য সমস্ত এলাকাগুলো ঠিকভাবে চিহ্নিত এবং যথাযথভাবে ব্যবস্থাপনাধীন রয়েছে। কাজের সেই জায়গায় অস্থায়ী সঞ্চয় হয় যেখানে রাসায়নিকগুলোকে প্রয়োগ করা হয়, যেমন স্ক্রীন-প্রিন্টিং স্টেশন। অস্থায়ী সঞ্চয় সংক্রান্ত প্রশ্নগুলো কেবলমাত্র সেইসব কারখানার ক্ষেত্রে প্রযোজ্য যেগুলো উৎপাদন প্রক্রিয়াতে রাসায়নিক ব্যবহার করে।

আপনি যদি সংরক্ষণ সংক্রান্ত সমস্ত বাধ্যবাধকতা পূরণ করেন তবে আপনাকে **পুরো পয়েন্ট** দেয়া হবে।

আপনি যদি সংরক্ষণের ক্ষেত্রে আবশ্যিকতাসমূহ অর্ধেকও পূরণ করেন তবে আপনাকে **আংশিক পয়েন্ট** দেয়া হবে।

প্রয়োগগত মূল কর্মকুশলতার সূচক: রাসায়নিক নাড়াচাড়া, ব্যবহার, এবং সংরক্ষণের অভ্যাসসমূহ

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

প্রত্যাশা রয়েছে যে কারখানাটি স্পষ্টভাবে প্রদর্শন করতে পারবে যে দূষণ এবং নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধ করার জন্য সমস্ত সংরক্ষণ এলাকাগুলো ভালোভাবে চিহ্নিত এবং যথাযথ ব্যবস্থাপনার অধীন।

সঠিকভাবে রাসায়নিক নাড়াচাড়া করার জন্য যথাযথ রাসায়নিক সঞ্চয় ব্যবস্থা নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ। নিরাপদ সংরক্ষণের প্রয়োজনীয়তা-সম্পন্ন একটি ব্যাপক পরিসরের রাসায়নিকগুলোর কাছে কারখানাই তাদের ঘরবাড়ি। একটি বিল্ডিংয়ে রাসায়নিক সংরক্ষণের ক্ষেত্রে বিবিধ বিপজ্জনক উপাদান একটি নিরাপদ পৃথকীকরণ করা এবং নিরাপত্তা-সম্পন্ন এলাকা(গুলো)য় রাখার জন্য যথাযথ নকশা দরকার। প্রায়শই, আপাতদৃষ্টিতে যুক্তিসম্পন্ন সঞ্চয়ের ধারণা, যেমন বর্ণানুক্রমিক ভাবে রাসায়নিকগুলোকে রাখা, অনৈক্যবিশিষ্ট রাসায়নিকগুলোকে একসাথে সঞ্চিত করে ফেলতে পারে। যথাযথ প্রতিক্রিয়ার জন্য এমার্জেন্সি কর্মী, দমকল বিভাগ ইত্যাদির কাছে অবশ্যই সংরক্ষণ এবং পরিমাণ সংক্রান্ত তথ্য থাকতে হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ 1.0 (মে ২০২০) - অধ্যায় ৩

তৈরি করার জন্য টেমপ্লেটঃ

- এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনা (টেমপ্লেট) - জেডডিএইচসি সিএমএস হাইপারলিঙ্ক হিসেবে পাওয়া যায়

আরো তথ্যের জন্য কোথায় যেতে হবে (যেমন, লিঙ্ক অথবা ওয়েবসাইট):

- জেডডিএইচসি সিএমএস <https://www.roadmaptozero.com/process>
- ওকেওপিওএল
- বিপজ্জনক পদার্থের জন্য জার্মান প্রযুক্তির নিয়মকানুন
- জিএইচএস
- https://www.unece.org/fileadmin/DAM/trans/danger/publi/ghs/ghs_rev08/ST-SG-AC10-30-Rev8e.pdf

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসকল ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:

পুরো পয়েন্ট

- রাসায়নিক সংরক্ষণ এলাকাতে (গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকা যার অন্তর্ভুক্ত হলো মাটির নিচের সংরক্ষণ এলাকা) বায়ুচলাচলের ব্যবস্থা থাকে, শুকনো থাকে, এবং আবহাওয়ার (ছাদ এবং দেয়াল সহ), আগুনের ঝুঁকি, এবং অননুমোদিত কর্মচারীদের প্রত্যক্ষ সংস্পর্শে আসা থেকে সুরক্ষিত রাখা হয়, যেমন, তালা লাগানো থাকে। অ্যাক্সেসের অনুমতি স্পষ্টভাবে সংজ্ঞায়িত করা আছে।
- জরুরি অবস্থা তৈরি হওয়ার সম্ভাব্যতার জন্য রাসায়নিক সংরক্ষণ এলাকাতে সহজ প্রবেশ এবং বহির্গমন ব্যবস্থা আছে।
- সংরক্ষণ এলাকার মেঝে দৃঢ় এবং ছিদ্রবিহীন, পানির জন্য এমন কোনও নালী নেই যেখান দিয়ে তরল বেরিয়ে যেতে পারে, এবং উপচে পড়া তরলের কোনো প্রমাণ নেই
- রাসায়নিকগুলোকে মেঝে এবং দেয়ালের সাথে প্রত্যক্ষ সংস্পর্শে না আসার মতো করে সংরক্ষণ করা হয়
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকাতে সংরক্ষিত সমস্ত রাসায়নিক স্পষ্টভাবে চিহ্নিত, যার অন্তর্ভুক্ত হলো এমএসডিএস/এসডিএস অনুযায়ী, দৃশ্যমান সংকেত দ্বারা যথাযথভাবে চিহ্নিত করা প্রতিটি রাসায়নিক যাতে অন্তত রাসায়নিক পণ্যের নাম এবং যথাযথ বিপদের সতর্কতাবার্তা থাকে (গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ সংকেত, অথবা সমতুল)

- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকার সমস্ত রাসায়নিক আধারগুলো ভালো অবস্থায় আছে, তাদের প্রকৃত লেবেলিং, লট নম্বর, পণ্যের নাম, সরবরাহকারী/নির্মাতার নাম, এবং বিপদের শ্রেণী দ্বারা চিহ্নিত রয়েছে
- অস্থায়ী/উপ-আধারগুলোতে আসল আধারের উপরে লাগানো লেবেলের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ তথ্যাদি সহ লেবেল লাগানো রয়েছে
- ভিন্ন রাসায়নিকগুলোকে যথাযথ পার্টিশন দ্বারা সঠিকভাবে পৃথকীকরণ করা আছে
- কঠিন এবং তরল রাসায়নিকগুলোকে যথাযথভাবে পৃথকীকরণ করা আছে
- রাসায়নিকগুলোকে সুসংগঠিতভাবে সংরক্ষণ করা আছে, তাদের প্রকৃত লেবেল এবং এমএসডিএস-এ প্রদর্শিত বিপদের শ্রেণীবিভাগ অনুযায়ী
- সামঞ্জস্যবিহীন পদার্থগুলো যেমন তীব্র অ্যাসিড, তীব্র বেস, করোসিভ, দাহ্য পদার্থ, ইত্যাদিগুলোকে চিহ্নিত এবং পৃথকভাবে সংরক্ষণ করা হয়।
- দাহ্য পদার্থ তাপ অথবা দহনের উৎসের থেকে দূরে রাখা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো গ্রাউপিং এবং বিস্ফোরণ-বিরোধী আলো। সমস্ত বিস্ফোরক অথবা দাহ্য উপকরণগুলো ধূমপানের জায়গা থেকে অন্তত ~ ১৫ মিটার (৫০ ফিট) দূরে অবস্থিত
- সময়সীমা শেষ হয়ে যাওয়া রাসায়নিকগুলোকে নিয়মিতভাবে ড্র্যাক করা হয়, পৃথকভাবে সংরক্ষণ করা হয়, এবং যথাযথভাবে লেবেল লাগিয়ে রাখা হয়
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকায় কর্মচারীদের বোঝার মতো ভাষায় এমএসডিএস/এসডিএস সহজেই পাওয়া যায়
- সংরক্ষণের শর্তাবলী যেমন তাপমাত্রা, জলীয়ভাব, বিস্ফোরণরোধী স্থাপত্য এমএসডিএস অনুযায়ী পূরণ করা হয়েছে
- যথাযথ পিপিই এবং স্পিলেজ কিট পাওয়া যায় এবং সহজে অ্যাক্সেস করা যায়
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকাতে সমস্ত রঞ্জক পদার্থ এবং রাসায়নিকের আধারগুলো ঢাকা দেয়া থাকে এবং ঠেসে বোঝাই করা থাকে না
- অবাস্তিতভাবে তরল যাতে না বেরিয়ে যায়, সেটি নিশ্চিত করার জন্য কঠিন এবং তরল রাসায়নিকের জন্য আনুষঙ্গিক ধারণের ব্যবস্থা রয়েছে ট্যাঙ্ক, ড্রাম, এবং অস্থায়ী ধারকে (যেখানে প্রযোজ্য)। আনুষঙ্গিক ধারণ ব্যবস্থা ফাটল বা ফাঁকবিহীনভাবে ভালো অবস্থাতে আছে। আনুষঙ্গিক ধারণের, ন্যূনতম, ধারণক্ষমতা হওয়া উচিত রাসায়নিকের মূল (প্রাথমিক) আধারটির অন্তত ১১০%, অথবা মূল (প্রাথমিক) আধারটির সম্পূর্ণ আয়তনের অন্তত ১০% ধারণ করতে সক্ষম হওয়া উচিত।
- প্রতিটি রাসায়নিক এবং রঞ্জক পদার্থের জন্য নির্দিষ্টভাবে সেই রাসায়নিক পণ্যটির জন্যই যথাযথভাবে লেবেল লাগানো স্বতন্ত্র স্কুপ আছে (অথবা জার, বালতি, চামচ, ইত্যাদি)।
- স্কুপ এবং অস্থায়ী ধারকগুলো যেমন বালতি স্থিতিশীল পদার্থ দিয়ে তৈরি হয় রাসায়নিক পণ্যটির সাথে যেকোনো ধরনের ক্ষয়/ রাসায়নিক বিক্রিয়া এড়িয়ে যাওয়ার জন্য। রাসায়নিক বহনকারী সেই সমস্ত আধারগুলোকে এড়িয়ে যাওয়ার জন্য সুপারিশ করা হয় যেগুলো বিক্রিয়া করে অথবা বিপজ্জনক রাসায়নিক অবশিষ্টাংশ যেগুলো থেকে বেরিয়ে আসতে পারে, যেমন, পিভিসি এবং লোহা সমন্বিত উপকরণগুলোকে এড়িয়ে যেতে হবে।

- ওজনকারী যন্ত্রপাতি/টুলগুলোকে পরিষ্কার, শুকনো, মসৃণ এবং সমতল তলদেশে রাখা হয়
- কারখানার নকশা অথবা এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনাকে হালনাগাদ রাখা হয়েছে এবং যেখানে প্রয়োজ্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হয়েছে
- যেখানে প্রয়োজন গ্রাউণ্ডিং এবং বপ্তিং ব্যবহার করা হয় (আগুনের ঝুঁকি)
- পর্যাবৃত্ত পরিদর্শন চালু রয়েছে (সাপ্তাহিক ভিত্তিতে করার সুপারিশ করা হয়)

আংশিক পয়েন্ট: (নিচে তালিকাভুক্ত আবশ্যিকতাগুলির অন্তত অর্ধেক পূরণ করে)

- রাসায়নিক সংরক্ষণ এলাকাতে (গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকা যার অন্তর্ভুক্ত হলো মাটির নিচের সংরক্ষণ এলাকা) বায়ুচলাচলের ব্যবস্থা থাকে, শুকনো থাকে, এবং আবহাওয়ার (ছাদ এবং দেয়াল সহ), আগুনের ঝুঁকি, এবং অননুমোদিত কর্মচারীদের প্রত্যক্ষ সংস্পর্শে আসা থেকে সুরক্ষিত রাখা হয়, যেমন, তালা লাগানো থাকে। অ্যাক্সেসের অনুমতি স্পষ্টভাবে সংজ্ঞায়িত করা আছে।
- জরুরি অবস্থা তৈরি হওয়ার সম্ভাব্যতার জন্য রাসায়নিক সংরক্ষণ এলাকাতে সহজ প্রবেশ এবং বহির্গমন ব্যবস্থা আছে।
- সংরক্ষণ এলাকার মেঝে দৃঢ় এবং ছিদ্রবিহীন, পানির জন্য এমন কোনও নালী নেই যেখান দিয়ে তরল বেরিয়ে যেতে পারে, এবং উপচে পড়া তরলের কোনো প্রমাণ নেই
- রাসায়নিকগুলোকে মেঝে এবং দেয়ালের সাথে প্রত্যক্ষ সংস্পর্শে না আসার মতো করে সংরক্ষণ করা হয়
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকাতে সংরক্ষিত সমস্ত রাসায়নিক স্পষ্টভাবে চিহ্নিত, যার অন্তর্ভুক্ত হলো এমএসডিএস/এসডিএস অনুযায়ী, দৃশ্যমান সংকেত দ্বারা যথাযথভাবে চিহ্নিত করা প্রতিটি রাসায়নিক যাতে অন্তত রাসায়নিক পণ্যের নাম এবং যথাযথ বিপদের সতর্কতাবার্তা থাকে (গ্লোব্যাল হারমোনাইজেশন সিস্টেম (জিএইচএস)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ সংকেত, অথবা সমতুল)
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকার সমস্ত রাসায়নিক আধারগুলো ভালো অবস্থায় আছে, তাদের প্রকৃত লেবেলিং, লট নম্বর, পণ্যের নাম, সরবরাহকারী/নির্মাতার নাম, এবং বিপদের শ্রেণী দ্বারা চিহ্নিত রয়েছে
- অস্থায়ী/উপ-আধারগুলোতে আসল আধারের উপরে লাগানো লেবেলের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ তথ্যাদি সহ লেবেল লাগানো রয়েছে
- ভিন্ন রাসায়নিকগুলোকে যথাযথ পার্টিশন দ্বারা সঠিকভাবে পৃথকীকরণ করা আছে
- কঠিন এবং তরল রাসায়নিকগুলোকে যথাযথভাবে পৃথকীকরণ করা আছে
- রাসায়নিকগুলোকে সুসংগঠিতভাবে সংরক্ষণ করা আছে, তাদের প্রকৃত লেবেল এবং এমএসডিএস-এ প্রদর্শিত বিপদের শ্রেণীবিভাগ অনুযায়ী
- সামঞ্জস্যবিহীন পদার্থগুলো যেমন তীব্র অ্যাসিড, তীব্র বেস, করোসিভ, দাহ্য পদার্থ, ইত্যাদিগুলোকে চিহ্নিত এবং পৃথকভাবে সংরক্ষণ করা হয়।

- দাহ্য পদার্থ তাপ অথবা দহনের উৎসের থেকে দূরে রাখা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো গ্রাউণ্ডিং এবং বিস্ফোরণ-বিরোধী আলো। সমস্ত বিস্ফোরক অথবা দাহ্য উপকরণগুলো ধূমপানের জায়গা থেকে অন্তত ~ ১৫ মিটার (৫০ ফিট) দূরে অবস্থিত
- সময়সীমা শেষ হয়ে যাওয়া রাসায়নিকগুলোকে নিয়মিতভাবে ড্র্যাক করা হয়, পৃথকভাবে সংরক্ষণ করা হয়, এবং যথাযথভাবে লেবেল লাগিয়ে রাখা হয়
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকায় কর্মচারীদের বোঝার মতো ভাষায় এমএসডিএস/এসডিএস সহজেই পাওয়া যায়
- সংরক্ষণের শর্তাবলী যেমন তাপমাত্রা, জলীয়ভাব, বিস্ফোরণরোধী স্থাপত্য এমএসডিএস অনুযায়ী পূরণ করা হয়েছে
- যথাযথ পিপিই এবং স্পিলেজ কিট পাওয়া যায় এবং সহজে অ্যাক্সেস করা যায়
- গুদাম এবং অস্থায়ী সংরক্ষণ এলাকাতে সমস্ত রঞ্জক পদার্থ এবং রাসায়নিকের আধারগুলো ঢাকা দেয়া থাকে এবং ঠেসে বোঝাই করা থাকে না
- অবাস্তিতভাবে তরল যাতে না বেরিয়ে যায়, সেটি নিশ্চিত করার জন্য কঠিন এবং তরল রাসায়নিকের জন্য আনুষঙ্গিক ধারণের ব্যবস্থা রয়েছে ট্যাঙ্ক, ড্রাম, এবং অস্থায়ী ধারকে (যেখানে প্রযোজ্য)। আনুষঙ্গিক ধারণ ব্যবস্থা ফাটল বা ফাঁকবিহীনভাবে ভালো অবস্থাতে আছে। আনুষঙ্গিক ধারণের, ন্যূনতম, ধারণক্ষমতা হওয়া উচিত রাসায়নিকের মূল (প্রাথমিক) আধারটির অন্তত ১১০%, অথবা মূল (প্রাথমিক) আধারটির সম্পূর্ণ আয়তনের অন্তত ১০% ধারণ করতে সক্ষম হওয়া উচিত।
- প্রতিটি রাসায়নিক এবং রঞ্জক পদার্থের জন্য নির্দিষ্টভাবে সেই রাসায়নিক পণ্যটির জন্যই যথাযথভাবে লেবেল লাগানো স্বতন্ত্র স্কুপ আছে (অথবা জার, বালতি, চামচ, ইত্যাদি)।
- স্কুপ এবং অস্থায়ী ধারকগুলো যেমন বালতি স্থিতিশীল পদার্থ দিয়ে তৈরি হয় রাসায়নিক পণ্যটির সাথে যেকোনো ধরনের ক্ষয়/ রাসায়নিক বিক্রিয়া এড়িয়ে যাওয়ার জন্য। রাসায়নিক বহনকারী সেই সমস্ত আধারগুলোকে এড়িয়ে যাওয়ার জন্য সুপারিশ করা হয় যেগুলো বিক্রিয়া করে অথবা বিপজ্জনক রাসায়নিক অবশিষ্টাংশ যেগুলো থেকে বেরিয়ে আসতে পারে, যেমন, পিভিসি এবং লোহা সমন্বিত উপকরণগুলোকে এড়িয়ে যেতে হবে।
- ওজনকারী যন্ত্রপাতি/টুলগুলোকে পরিষ্কার, শুকনো, মসৃণ এবং সমতল তলদেশে রাখা হয়
- কারখানার নকশা অথবা এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনাকে হালনাগাদ রাখা হয়েছে এবং যেখানে প্রযোজ্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হয়েছে
- যেখানে প্রয়োজন গ্রাউণ্ডিং এবং বন্ডিং ব্যবহার করা হয় (আগুনের ঝুঁকি)
- পর্যাবৃত্ত পরিদর্শন চালু রয়েছে (সাপ্তাহিক ভিত্তিতে করার সুপারিশ করা হয়)

যে ফেসিলিটিগুলি **ফেসিলিটি টুলিং এবং/অথবা কার্যসম্পাদনার ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক ব্যবহার করে:**

পুরো পয়েন্ট

- রাসায়নিকগুলোকে মেঝে এবং দেয়ালের সাথে প্রত্যক্ষ সংস্পর্শে না আসার মতো করে সংরক্ষণ করা হয়
- রাসায়নিকগুলোকে বায়ু-চলাচলসম্পন্ন জায়গায়, শুকনো অবস্থায়, এবং আবহাওয়ার প্রত্যক্ষ সংস্পর্শে আসা থেকে সুরক্ষিত রাখা হয়
- কঠিন এবং তরল রাসায়নিক (যেখানে প্রযোজ্য) যথাযথভাবে পৃথকীকরণ করা হয়
- রাসায়নিক আধারগুলো ভালো অবস্থায় আছে, তাদের প্রকৃত লেবেল এবং বিপদের শ্রেণীবিভাগ অনুযায়ী চিহ্নিত
- দাহ্য পদার্থগুলোকে (যেখানে প্রযোজ্য) তাপ বা দাহ্য পদার্থের উৎস থেকে দূরে রাখা হয়। সমস্ত বিস্ফোরক অথবা দাহ্য উপকরণগুলো ধূমপানের জায়গা থেকে অন্তত ~ ১৫ মিটার (৫০ ফিট) দূরে অবস্থিত
- অনিচ্ছাকৃতভাবে কিছু যাতে না বেরিয়ে যায় তা নিশ্চিত করার জন্য আনুষঙ্গিক আধার রয়েছে (যেখানে প্রযোজ্য)। আনুষঙ্গিক ধারণ ব্যবস্থা ফাটল বা ফাঁকবিহীনভাবে ভালো অবস্থাতে আছে। আনুষঙ্গিক ধারণের, ন্যূনতম, ধারণক্ষমতা হওয়া উচিত রাসায়নিকের মূল (প্রাথমিক) আধারটির অন্তত ১১০%, অথবা মূল (প্রাথমিক) আধারটির সম্পূর্ণ আয়তনের অন্তত ১০% ধারণ করতে সক্ষম হওয়া উচিত।
- এমএসডিএস/এসডিএস (যেখানে প্রযোজ্য) অথবা বিপদ সংক্রান্ত অন্যান্য সংযোগ ব্যবস্থা কর্মচারীদের বোধগম্য ভাষায় তাৎক্ষণিকভাবে পাওয়া যায়/ দৃশ্যমান থাকে
- যথাযথ পিপিই পাওয়া যায় এবং সহজলভ্য (যেখানে প্রযোজ্য)
- কারখানার নকশা অথবা এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনাকে হালনাগাদ রাখা হয়েছে এবং যেখানে প্রযোজ্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হয়েছে
- কারখানাটির পর্যবেক্ষণের একটি কার্যক্রম আছে তাদের উপঠিকাদারদের রাসায়নিক সংরক্ষণ সংক্রান্ত ব্যবস্থাপনার জন্য।

আংশিক পয়েন্ট: (নিচে তালিকাভুক্ত আবশ্যিকতাসমূহের অন্তত অর্ধেক পূরণ করা হলে)

- রাসায়নিকগুলোকে মেঝে এবং দেয়ালের সাথে প্রত্যক্ষ সংস্পর্শে না আসার মতো করে সংরক্ষণ করা হয়
- রাসায়নিকগুলোকে বায়ু-চলাচলসম্পন্ন জায়গায়, শুকনো অবস্থায়, এবং আবহাওয়ার প্রত্যক্ষ সংস্পর্শে আসা থেকে সুরক্ষিত রাখা হয়
- কঠিন এবং তরল রাসায়নিক (যেখানে প্রযোজ্য) যথাযথভাবে পৃথকীকরণ করা হয়
- রাসায়নিক আধারগুলো ভালো অবস্থায় আছে, তাদের প্রকৃত লেবেল এবং বিপদের শ্রেণীবিভাগ অনুযায়ী চিহ্নিত
- দাহ্য পদার্থগুলোকে (যেখানে প্রযোজ্য) তাপ বা দাহ্য পদার্থের উৎস থেকে দূরে রাখা হয়। সমস্ত বিস্ফোরক অথবা দাহ্য উপকরণগুলো ধূমপানের জায়গা থেকে অন্তত ~ ১৫ মিটার (৫০ ফিট) দূরে অবস্থিত

- অনিচ্ছাকৃতভাবে কিছু যাতে না বেরিয়ে যায় তা নিশ্চিত করার জন্য আনুষঙ্গিক আধার রয়েছে (যেখানে প্রযোজ্য)। আনুষঙ্গিক ধারণ ব্যবস্থা ফাটল বা ফাঁকবিহীনভাবে ভালো অবস্থাতে আছে। আনুষঙ্গিক ধারণের, ন্যূনতম, ধারণক্ষমতা হওয়া উচিত রাসায়নিকের মূল (প্রাথমিক) আধারটির অন্তত ১১০%, অথবা মূল (প্রাথমিক) আধারটির সম্পূর্ণ আয়তনের অন্তত ১০% ধারণ করতে সক্ষম হওয়া উচিত।
- এমএসডিএস/এসডিএস (যেখানে প্রযোজ্য) অথবা বিপদ সংক্রান্ত অন্যান্য সংযোগ ব্যবস্থা কর্মচারীদের বোধগম্য ভাষায় তাৎক্ষণিকভাবে পাওয়া যায়/ দৃশ্যমান থাকে
- যথাযথ পিপিই পাওয়া যায় এবং সহজলভ্য (যেখানে প্রযোজ্য)
- কারখানার নকশা অথবা এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনাকে হালনাগাদ রাখা হয়েছে এবং যেখানে প্রযোজ্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হয়েছে

আবশ্যিক ডকুমেন্টেশন:

- কারখানার নকশা অথবা স্থানীয় কর্তৃপক্ষের সাথে এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনা (যেখানে প্রযোজ্য)
- সীমাবদ্ধতা সহ সংরক্ষণ / ব্যবহারের অনুমতি (যদি প্রযোজ্য হয়)
- স্থানীয় ফায়ার কোড
- স্থানীয় ভাষায় এমএসডিএস/এসডিএস এবং কারিগরি শীট
- রাসায়নিক আধারের উপর রাসায়নিক লেবেলিং (প্রকৃত লেবেলিং, হাতে লেখা নয়)
- রাসায়নিক সংরক্ষণ এলাকার নকশা, শ্রেণীবিভাগ এবং ভিন্ন ধরনের রাসায়নিকের অবস্থান নির্দিষ্টকরণ সহ
- প্রতিটি রাসায়নিকের সংরক্ষণ এলাকায় উপস্থিত হওয়ার নির্দিষ্ট তারিখ উল্লেখ সহকারে সংরক্ষণে ঢোকা/বেরানোর লগ, এফআইএফও রেকর্ড, লট নম্বর, ব্যবহার শেষ হওয়ার সময়সীমা, উৎপাদনে যাওয়ার তারিখ, ইত্যাদি।
- রাসায়নিক সংরক্ষণ এলাকাগুলোতে কর্তৃপক্ষের অভিট / পরিদর্শনের চেকলিস্ট
- যথাযথভাবে রাসায়নিক সংরক্ষণের জন্য প্রামাণ্য পরিচালনা সংক্রান্ত প্রক্রিয়াসমূহ

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- এমএসডিএস/এসডিএস এবং সিএলপি বিষয়ে দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধায়ক এবং কর্মীদের বোঝাপড়া পরীক্ষা করুন।
- তাদের কাজের জায়গায় কি বিভিন্ন রাসায়নিকের শ্রেণীভিত্তিক বিপদ সম্পর্কে তারা ব্যাখ্যা দিতে সক্ষম হয়েছেন?
- বিবিধ বিপদসংকেত এবং সংরক্ষণের সামঞ্জস্য সম্পর্কে তাদের বোঝাপড়া খুঁটিয়ে দেখুন।

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- কারখানার নকশা অথবা এমার্জেন্সি রেসপন্স পরিকল্পনাকে হালনাগাদ রাখা হয়েছে এবং যেখানে প্রয়োজ্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হয়েছে
- সমস্ত প্রাসঙ্গিক এলাকাগুলোকে খুঁটিয়ে দেখুন যেখানে রাসায়নিকগুলোকে ব্যবহার এবং সংরক্ষণ করা হয়, যার অন্তর্ভুক্ত হলোঃ গুদাম, অস্থায়ী সংরক্ষণ এলাকা, অভ্যন্তরীণ পরীক্ষাগার, রাসায়নিক রেসিপি মিশ্রণ এলাকা, ওয়র্কশপ/উৎপাদন এলাকা, ইটিপি।
- রাসায়নিকগুলোকে যথাযথভাবে লেবেল লাগানো হয় (প্রকৃত লেবেল, হাতে লেখা নয়) এবং যথাযথভাবে পৃথকীকরণ, ফ্লোর থেকে দূরে সংরক্ষণ, ইত্যাদি করা হয়।
- সংরক্ষণের অবস্থা বাধ্যবাধকতাগুলোকে পূরণ করে (বিপদের শ্রেণী, ঝুঁকি, সামঞ্জস্য, রূপ (কঠিন বনাম তরল), সংরক্ষণের শর্তগুলো অনুযায়ী ছাদ, দেয়াল, মেঝে, পৃথকীকরণের শর্তগুলো পূরণ করা হয়েছে, যেমন, তাপমাত্রা, জলীয়ভাব, বিস্ফোরণরোধী কাঠামো, ইত্যাদি।
- অ্যাক্সেস করার অনুমতি এবং বিপদের সতর্কবার্তার সংকেত
- কর্মচারীদের বোঝার মতো ভাষায় হালনাগাদ এবং যথাযথভাবে অনুদিত এমএসডিএস/এসডিএস তাৎক্ষণিকভাবে পাওয়া যায়; সংকেতগুলো স্পষ্টভাবে দৃশ্যমান কিনা এবং সংরক্ষিত রাসায়নিক ও তার এমএসডিএস/এসডিএস-এর সাথে মিলছে কিনা খুঁটিয়ে দেখুন - প্রতিটি অবস্থানে অন্তত ৫টি পরীক্ষা করুন
- আনুষঙ্গিক ধারণব্যবস্থা রয়েছে এবং তা যথাযথ
- বিপজ্জনক বর্জ্য এবং কর্দমের সংরক্ষণ এবং ধারণ এলাকা খুঁটিয়ে দেখুন
- সাধারণ পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং রাসায়নিকের সংগঠনগত /শ্রেণীবিভাগ, রাসায়নিক আধারের অখণ্ডতা ইত্যাদি পরীক্ষা করে দেখুন যেমন, ট্যাঙ্ক অথবা ড্রাম, ইত্যাদি, রাসায়নিকগুলোর উপরে লেখা ব্যবহারযোগ্যতা শেষ হওয়ার তারিখ
- রাসায়নিক বার করার সহায়তা করার জন্য আধারগুলোতে পরিবর্তন ঘটানো হয়নি
- আধারগুলো ভালোভাবে ঢাকা দিয়ে বন্ধ করা আছে
- ওজন করার সমস্ত যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক জিনিসগুলো (নাড়াচাড়া করা এবং ওজন করার প্রক্রিয়া চলাকালীন কি ধুলো উৎপন্ন হচ্ছে?)
- স্কুপ এবং বালতি চেক করুন যেমন যে পণ্যের জন্য সেগুলোকে ব্যবহার করা হচ্ছে তার নাম আছে কিনা সেগুলোতে
- পিপিই ব্যবহার এবং সহজপ্রাপ্যতা এবং রক্ষণাবেক্ষণের রেকর্ড দেখুন যেখানে প্রয়োজ্য
- অন্তত ৩টি ভিন্ন রাসায়নিকের একটি ডেমো চেয়ে নিন এবং খুঁটিয়ে দেখুন যে প্রতিটি রাসায়নিকের নিজস্ব নাড়াচাড়া করা এবং ওজন করার এমন যন্ত্রপাতি আছে কিনা যেগুলোতে যে পণ্যের জন্য ব্যবহৃত হচ্ছে সেই পণ্যের নাম লেখা লেবেল লাগানো রয়েছে। সেই ডেমো চলাকালীন, যাচাইকারীর খুঁটিয়ে দেখা উচিত যে তারা একটি মিশ্রণের ভিন্ন রাসায়নিকগুলোকে স্বাধীনভাবে ওজন করে কিনা।
- সংরক্ষণ এলাকার ছবি তুলুন
- পর্যাবৃত্ত পরিদর্শনের রেকর্ড

১০। রাসায়নিক ব্যবস্থাপনার জন্য দায়ী কর্মচারীদের কি আপনার কারখানা সীমাবদ্ধ পদার্থ তালিকা (রেস্ট্রিকটেড সাবস্ট্যান্স লিস্ট, আরএসএল) এবং নির্মীয়মাণ সীমাবদ্ধ পদার্থ তালিকা (ম্যানুফ্যাকচারিং রেস্ট্রিকটেড সাবস্ট্যান্স লিস্ট, এমআরএসএল) সম্পর্কে প্রশিক্ষণ দেয়?

আপনার প্রশিক্ষণে অন্তর্ভুক্ত সমস্ত বিষয়গুলি দয়া করে বেছে নিনঃ এমআরএসএল; আরএসএল

গত ক্যালেন্ডার বছরে নির্বাহ হওয়া আরএসএল এবং এমআরএসএল প্রশিক্ষণ সম্পর্কে দয়া করে বিবৃত করুন

কত জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছিল?

আপনি আপনার কর্মীদের কত ঘন ঘন প্রশিক্ষণ প্রদান করেন?

আপলোডের জন্য সুপারিশ: এমআরএসএল / আরএসএল প্রশিক্ষণের রেকর্ড(গুলো) নাম, তারিখ, প্রশিক্ষণের বিষয়বস্তু, যা প্রশিক্ষণ দেয়া হয়েছে তার সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ সহ

এমআরএসএল এবং আরএসএল প্রশিক্ষণ অবশ্যই একজন জ্ঞানসম্পন্ন কর্মীর মাধ্যমে হতে হবে এবং নথিপত্র থাকতে হবে যাতে বোঝা যায় যে কে, কবে, কোথায়, এবং কীভাবে তাদের এমআরএসএল এবং আরএসএল প্রশিক্ষণ দেয়া হয়েছিল।

যাচাই চলাকালীন অতিরিক্ত ডকুমেন্টেশনের জন্য অনুরোধ করা হবেঃ চাকরির বিবরণ।

আংশিক হ্যাঁ বেছে নিন যদি প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে কিন্তু ভালোভাবে সে বিষয়টি নথিবদ্ধ না হয়ে থাকে।

প্রয়োগসংক্রান্ত মূল কর্মকুশলতার সূচক: কর্মী প্রশিক্ষণ এবং সংযোগ

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

আরএসএল, এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টিকে বাধ্যতামূলক করার আগে, আমাদের অবশ্যই বিষয়টি এবং তার সপক্ষে যুক্তিগুলোকে কর্মীদের কাছে পরিচিত করাতে হবে যাতে একটি কর্মসূচীকে কার্যকরীভাবে বাস্তবায়িত করা যায়। এমআরএসএল/আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টির দায়িত্বে থাকা কর্তাব্যক্তিদের সঠিক ধরনের শিক্ষা, প্রশিক্ষণ এবং/অথবা অভিজ্ঞতার মাধ্যমে যোগ্য হয়ে ওঠাটি সুনিশ্চিত করার জন্য কারখানাকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

কারখানায় ব্যবহৃত সামঞ্জস্যবিহীন বিপজ্জনক রাসায়নিকগুলোকে আইনসমূহ, প্রবিধানসমূহ, অথবা খরিদদারদের বাধ্যবাধকতা (যেমন জেডডিএইচসি থেকে নির্মীয়মাণ আরএসএল (এমআরএসএল) পূরণের

জন্য সমস্ত কারখানাকেই নিষিদ্ধ ঘোষণা করতে হবে। তবে, নিষিদ্ধ পরিচালনাগত রাসায়নিকগুলোর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টিকে বাধ্যতামূলক করার আগে, আমাদের অবশ্যই প্রথমে বিষয়টি এবং তার সম্পর্কে যুক্তিগুলোকে কর্মীদের কাছে পরিচিত করাতে হবে যাতে একটি কর্মসূচীকে কার্যকরীভাবে বাস্তবায়িত করা যায়।

রাসায়নিক এবং সেগুলোকে নাড়াচাড়া করাই হলো রাসায়নিক ব্যবস্থাপনা এবং কাজের জায়গাতে নিরাপত্তা বজায় রাখার মূল অপরিহার্যতা। রাসায়নিক, কর্মকাণ্ডের জন্য তাদের যথাযথ প্রয়োগ, এবং কর্মচারী এবং কাজের জায়গায় তাদের সম্ভাব্য বিপজ্জনক বৈশিষ্ট্য নিয়ে কাজ করার সময় একটি সম্পূর্ণ রাসায়নিক ব্যবস্থাপনা প্রক্রিয়ায় এমআরএসএল/আরএসএল কেবলমাত্র একটি দৃষ্টিভঙ্গী।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

রাসায়নিক ব্যবস্থাপনা প্রক্রিয়ায় এমআরএসএল/আরএসএল বিষয়ে প্রশিক্ষণের আওতাধীন হওয়া উচিত কারখানায় বিপজ্জনক রাসায়নিকগুলোর সম্ভাব্য উৎস(গুলো) যার সাথে থাকবে সম্পূর্ণ রাসায়নিক ভাণ্ডার এবং যতটা পাওয়া যাবে ততখানি স্টক থেকে তার ঝুঁকির সম্পূর্ণ বিশ্লেষণ। কোনো ধরনের সামঞ্জস্যহীনতা খুঁজে পাওয়া গেলে মূল কারণ বিশ্লেষণ করার মতো জায়গায় ফেসিলিটিটিকে থাকতে হবে।

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

https://mrsl.roadmaptozero.com/MRSL2_0

<http://afirm-group.com/afirm-rsl/>

https://www.aafaglobal.org/AAFA/Solutions_Pages/Restricted_Substance_List

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসব ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- রাসায়নিক ব্যবস্থাপনা, এমআরএসএল এবং আরএসএল-এর সাথে সামঞ্জস্য বজায় রাখার জন্য একজন পদমর্যাদা-সম্পন্ন ব্যক্তি(গণ) দায়বদ্ধ, যিনি বা যারা আনুষ্ঠানিক চাকরির আবেদন দ্বারা চিহ্নিত, যার অন্তর্ভুক্ত হলো কিন্তু সীমাবদ্ধ নয়ঃ পারচেজিং, প্রোডাকশন লাইন এবং কারিগরি বিভাগের ম্যানেজাররা।
- প্রশিক্ষণের একটি আনুষ্ঠানিক ব্যবস্থা রয়েছে যেটি কে, কবে, কোথায়, এবং কীভাবে তাদেরকে এমআরএসএল/আরএসএল বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছিল সেটিকে নথিবদ্ধ করে।
- রাসায়নিক ব্যবস্থাপনার জন্য দায়বদ্ধ পদমর্যাদা-সম্পন্ন ব্যক্তি(গণ) এমআরএসএল এবং আরএসএল বিষয়ে জ্ঞানসম্পন্ন হবেন (জিজ্ঞাসাবাদের মাধ্যমে)

আংশিক হ্যাঁ

- দৃশ্যপট ১ঃ
 - রাসায়নিক ব্যবস্থাপনা, এমআরএসএল এবং আরএসএল-এর সাথে সামঞ্জস্য বজায় রাখার জন্য একজন পদমর্যাদা-সম্পন্ন ব্যক্তি(গণ) দায়বদ্ধ, যিনি বা যারা আনুষ্ঠানিক চাকরির আবেদন দ্বারা চিহ্নিত, যার অন্তর্ভুক্ত হলো কিন্তু সীমাবদ্ধ নয়ঃ পারচেজিং, প্রোডাকশন লাইন এবং কারিগরি বিভাগের ম্যানেজাররা।
 - এমআরএসএল এবং আরএসএল প্রশিক্ষণ দেয়া হয়েছে কিন্তু ভালোভাবে নথিবদ্ধ করা হয়নি।
- দৃশ্যপট ২ঃ
 - রাসায়নিক ব্যবস্থাপনার জন্য একজন পদমর্যাদা-সম্পন্ন ব্যক্তি(গণ) দায়ী, যিনি বা যারা আনুষ্ঠানিক চাকরির আবেদন দ্বারা চিহ্নিত, যার অন্তর্ভুক্ত হলো কিন্তু সীমাবদ্ধ নয়ঃ পারচেজিং, প্রোডাকশন লাইন এবং কারিগরি বিভাগের ম্যানেজাররা।
 - প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং ভালোভাবে নথিবদ্ধ করা হয়েছে কিন্তু দায়বদ্ধ ব্যক্তি(রা) এখনও এমআরএসএল এবং আরএসএল সম্বন্ধে জ্ঞানপ্রাপ্ত হননি।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- কাজের বিবরণ
- নাম, তারিখ, প্রশিক্ষণের বিষয়বস্তু, কোন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ সহ প্রশিক্ষণের রেকর্ড
- কর্তৃপক্ষ বা মূল কর্মচারীদের জিজ্ঞাসাবাদ / কথোপকথন (অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয় পারচেজিং, প্রোডাকশন লাইন এবং কারিগরি বিভাগের ম্যানেজারদের মধ্যে):
 - দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির বোঝাপড়া খুঁটিয়ে দেখুন
 - এমআরএসএল এবং আরএসএল-এর মধ্যে পার্থক্য
 - কয়েকটি (ন্যূনতম ৫টি) এমআরএসএল স্থিতিমাপের উদাহরণ
 - নির্দিষ্ট স্থিতিমাপের (প্যারামিটারের) (র্যান্ডম বেছে নেয়া) জন্য বিভিন্ন এমআরএসএল সীমা - এর অর্থ কি এবং কীভাবে ব্যবস্থাপনা করতে হবে
 - ডাইস্টাফ থেকে প্রাপ্ত মূল নিষিদ্ধ পদার্থটি কি? (কেবলমাত্র প্রিন্টিং / রঞ্জন কার্যের কারখানাগুলোর জন্য)
 - তারা এমআরএসএল এবং আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকা সম্পর্কে তথ্য কোথায় পাবে
 - যথাযথ ব্যবহারের জন্য প্রযুক্তি শীটের সাথে যোগসূত্র থাকা কোনো রেসিপি কার্ডের উদাহরণ কি তারা দিতে পারবে?
 - এমআরএসএল ডকুমেন্ট সম্পর্কে জ্ঞান, কীভাবে সেটি কাজ করে এবং তালিকাভুক্ত পণ্য ব্যবহার করার পরিণতি সম্পর্কে তাদের বোঝাপড়া

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- প্রশিক্ষণের উপকরণ এবং লগ পর্যালোচনা করুন
- চাকরির বিবরণের পর্যালোচনা।
- সমস্ত মনোনীত ব্যক্তি(দের) জিজ্ঞাসাবাদ করুন।
- পারচেজিং, প্রোডাকশন লাইন এবং কারিগরি বিভাগের ম্যানেজারদের প্রশিক্ষণ দেয়ার বিষয়টি নিশ্চিত করুন।

১১। আপনার কারখানাতে কি পদ্ধতিগতভাবে নিয়ন্ত্রিত পদার্থ তালিকার (আরএসএল) সমস্ত পণ্যকে চিহ্নিত করা, নজরদারি করা, এবং সামঞ্জস্যপূর্ণতার বিষয়টি যাচাই করার জন্য, এবং আরএসএল-এর সাথে সামঞ্জস্যবিহীন রাসায়নিক ফর্মুলেশন উপকরণসমূহ এবং পণ্যগুলির পৃথকীকরণ করার জন্য কোনো নথিবদ্ধ প্রক্রিয়া রয়েছে?

আপনার কারখানাতে কি ব্যর্থতা সমাধান করার কোনো প্রক্রিয়া রয়েছে যা কোনও আরএসএল পরীক্ষার ব্যর্থতার ক্ষেত্রে অনুসরণ করা হয়?

(টীকাঃ সমস্ত কিছু আপলোড করার দরকার নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) চর্চার ব্যবহারিক প্রমাণ দেয়ার জন্য নিম্নলিখিত কয়েকটি প্রস্তাবিত আপলোডের অন্তর্ভুক্ত হতে পারেঃ ক) সমস্ত রাসায়নিকের জন্য কারিগরি উপাত্ত/ বিবরণের শীট (টিডিএস); যেখানে রাসায়নিক ব্যবহার হয় সেখানকার প্রক্রিয়াসমূহের রেসিপি; গ) ক্রয় করা উপাদানসমূহের তালিকা, সাথে সমস্ত রাসায়নিকের জন্য আরএসএল-কে দেয়া লেটার অব কমপ্লায়েন্স এবং রাসায়নিক সরবরাহকারীদের কাছ থেকে ব্যবহারের নিরাপদ সীমার বিষয়ে নির্দেশিকা; ঘ) পদ্ধতিগতভাবে চিহ্নিত করা, নজরদারি করা এবং রেকর্ডকটেড সাবস্ট্যান্স লিস্ট, আরএসএল-এর সাথে সমস্ত পণ্যের সামঞ্জস্যপূর্ণ থাকার বিষয়টি যাচাই করা

কারখানাগুলোকে অবশ্যই শিল্পক্ষেত্রের যেকোনো একটি মানদণ্ড যেমন এএফআইআরএম, এএএফএ, অথবা গুরুত্বপূর্ণ গ্রাহকদের আরএসএল(গুলো)-কে তাদের ব্যবসায়িক অনুশীলনে আরোপ করতে হবে। দয়া করে হ্যাঁ বলবেন যদি আপনি আপনার আরএসএল পর্যালোচনা প্রক্রিয়া এবং প্রযুক্তিগত উপাত্তের কাগজপত্র, আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতার তালিকা, এবং আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতা বিষয়ক চিঠিপত্র, এবং/অথবা পণ্যের পরীক্ষার ফলাফল প্রদানের মাধ্যমে আপনার আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণতা রক্ষার বিষয়টি যাচাই করার জন্য প্রমাণ দিতে পারেন।

যদি আপনি আরএসএল-এর সাথে সামঞ্জস্যবিধানের বিষয়টি প্রমাণ করতে পারেন কিন্তু এখনও আরএসএল-এর বিষয়টিতে নজরদারি করার জন্য পদ্ধতিগতভাবে আপনার কোনো অভ্যন্তরীণ পর্যালোচনা প্রক্রিয়া না থাকে তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলবেন**

প্রয়োগগত মূল কর্মকুশলতার সূচক (অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর): রাসায়নিক ব্যবস্থাপনা নীতিমালা, সামঞ্জস্যবিধানের প্রক্রিয়া, এবং একনিষ্ঠতা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কারখানাগুলোকে অবশ্যই শিল্পক্ষেত্রের যেকোনো একটি মানদণ্ড যেমন এএফআইআরএম, এএএফএ, অথবা গুরুত্বপূর্ণ গ্রাহক আরএসএল(গুলো)-কে তাদের ব্যবসায়িক অনুশীলনগুলোর মধ্যে আরোপ করতে হবে। যখন রাসায়নিকগুলোকে কোনো প্রক্রিয়াতে ব্যবহার করা হয় সেগুলোকে প্রযুক্তিগত ডেটা শীটের (টিডিএস) আবশ্যিকতা(গুলো)র সাথে সামঞ্জস্য বজায় রাখতে হবে যেটি আকাঙ্ক্ষিত আরএসএল অর্জন করার জন্য জরুরি। আরএসএল-এর এই প্রক্রিয়াটিকে আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত করতে হবে কোনো একটি লিখিত রূপে এবং বার্ষিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে।

প্রস্তুত হতে থাকা পণ্যটি যাতে গ্রাহকের স্বাস্থ্য এবং নিরাপত্তাকে সুরক্ষিত রাখে এবং সংশ্লিষ্ট রাসায়নিক সংক্রান্ত প্রবিধানের সাথে সঙ্গতিপূর্ণ থাকে সেটিকে নিশ্চিত করার জন্য আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকাটি গুরুত্বপূর্ণ সেই সমস্ত আইনগত ক্ষেত্রবিশেষে যেখানে পণ্যগুলোকে তৈরি করা হয় বা বিক্রি করা হয়। এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণ রাসায়নিকগুলোকে অবশ্যই কারিগরি বৈশিষ্ট্যের সাথে সঙ্গতিপূর্ণভাবে ব্যবহার করতে হবে যাতে আরএসএল উপাদানের সাথে সামঞ্জস্য রক্ষার ফলাফলকে পূরণ করা যায়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

আরএসএল এবং এমআরএসএল-এর জন্য ঝুঁকির মূল্যায়ণ সম্পর্কে একটি সম্পূর্ণ ডকুমেন্ট কারখানাতে উপস্থিত থাকা উচিত এবং রাসায়নিক ভান্ডার এবং এসডিএস/এমএসডিএস সম্পর্কিত তথ্যাবলী সহ রাসায়নিক সরবরাহকারীদের দেয়া ডকুমেন্ট যেমন টেকনিক্যাল ডেটা শীট, বিশ্লেষণের প্রত্যয়নপত্র, সামঞ্জস্য রক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র, পরীক্ষার ফলাফল ইত্যাদির ভিত্তিতে তা প্রস্তুত করা যেতে পারে। ঝুঁকির মূল্যায়ণ সংক্রান্ত ডকুমেন্টটিতে রাসায়নিক ফর্মুলেশনের গঠনগত উপাদানে উপস্থিত উপকরণগুলো এবং তার ঘনত্বের স্তর, রাসায়নিকের প্রক্রিয়াকরণের পথ অথবা তার উৎসের কারণে উপস্থিত কোনো অবাঞ্ছিত উপাদানকে চিহ্নিত করা উচিত, এবং উৎপাদনের প্রক্রিয়াকরণের পথ অথবা বর্জ্যপানি পরিশোধন ইত্যাদি চলাকালীন সম্ভাব্য ঝুঁকিও মূল্যায়ণ করা উচিত।

আরএসএল এবং/ এমআরএসএল-এর জন্য রেফারেন্স তালিকার অন্তর্ভুক্ত হলোঃ

- আরইএসিএইচ এসভিএইচসি স্তর ১
- আরওএইচএস
- প্রপ ৬৫
- জেডডিএইচসি অগ্রাধিকার ১১
- এএফআইআরএম

- এএএফএ
- ক্লসাইন® ব্যবস্থার পদার্থের তালিকা
- ওইকেও টিইএক্স ১০০
- জেডডিএইচসি এমআরএসএল (সবচেয়ে হালনাগাদ করা সংস্করণ)

অন্যান্য রেফারেন্স:

- জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১;০ (মে ২০২০) - অধ্যায় ৩, ৫ এবং ৮
- রাসায়নিক সরবরাহকারীর কাছ থেকে পণ্য সংক্রান্ত প্রযুক্তিগত নির্দেশনার ডকুমেন্ট

এটা কীভাবে যাচাই করা যাবে:

যেসকল ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:

হ্যাঁ

- কারখানাটি অথবা তার প্যারেন্ট/কর্পোরেট দলটি একটি লিখিত ডকুমেন্ট দিতে পারে যেটি একটি পর্যালোচনা প্রক্রিয়ার কথা উল্লেখ করে যেটি আরএসএল সংক্রান্ত বিষয়টিকে পর্যবেক্ষণ করে, হালনাগাদ করে এবং সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টি প্রদর্শন করে।
- আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকাটা নিশ্চিত করার জন্য প্রতিটি কারিগরি উপাত্তের শীট (টিডিএস) অনুযায়ী রাসায়নিকের ব্যবহারবিধি প্রক্রিয়ার রেসিপিগুলোর বিবেচনা করা উচিত যেমন, প্রক্রিয়ার রেসিপিতে রাসায়নিকগুলোর রাসায়নিক নির্মাতার সুপারিশ করে দেয়া ঘনত্ব অতিক্রম করা উচিত নয়।
- রাসায়নিক বিবরণী-তালিকার সমস্ত রাসায়নিক আরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষা করছে কিনা তা অন্তত বার্ষিক ভিত্তিতে পরীক্ষা করা হয়।
- কারখানাটি অথবা তার প্যারেন্ট/কর্পোরেট দলটি আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টি সংক্রান্ত চিঠিগুলো সমস্ত প্রাসঙ্গিক রাসায়নিকের জন্য পরীক্ষা/বিশ্লেষণের ফলাফল সহ প্রদান করতে পারে।
- আরএসএল আনুষ্ঠানিকভাবে আপস্ট্রিম সরবরাহকারীকে জানিয়ে দেয়া হয়েছে, যেমন, রাসায়নিক সরবরাহকারী, কাঁচা মাল সরবরাহকারী, প্রক্রিয়ার উপঠিকাদার (যেমন ওয়াশিং, ফিনিশিং, প্রিন্টিং)
- আরএসএল-এর সাথে পণ্যগুলোর সামঞ্জস্যপূর্ণ থাকার বিষয়টি যাচাই করার পদ্ধতি বা প্রক্রিয়াগুলো যেমন গ্রাহকের প্রয়োজনীয়তা অনুসারে পরীক্ষা করানো, অথবা কারখানার নিজস্ব ঝুঁকি-মূল্যায়ণ অনুসারে পণ্যগুলোকে পরীক্ষা করানো (পদ্ধতি এবং প্রক্রিয়াতে অভিনিবেশ করতে হবে)
- কারখানাটি অথবা তার প্যারেন্ট/কর্পোরেট দলটির নিশ্চিত করা উচিত যে সমস্ত কাঁচা মাল (তাকলি, কাপড় প্রভৃতি,) এমআরএসএল / আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ।

আংশিক হ্যাঁ

- আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকাটা নিশ্চিত করার জন্য প্রতিটি কারিগরি উপাত্তের শীট (টিডিএস) অনুযায়ী রাসায়নিকের ব্যবহারবিধি প্রক্রিয়ার রেসিপিগুলোর বিবেচনা করা উচিত যেমন, প্রক্রিয়ার রেসিপিতে রাসায়নিকগুলোর রাসায়নিক নির্মাতার সুপারিশ করে দেয়া ঘনত্ব অতিক্রম করা উচিত নয়।
- কারখানাটি অথবা তার প্যারেন্ট/কর্পোরেট দলটি আরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয় সংক্রান্ত চিঠিগুলো সমস্ত প্রাসঙ্গিক রাসায়নিকের জন্য পরীক্ষা/বিশ্লেষণের ফলাফল সহ প্রদান করতে পারে।
- কারখানাটি অথবা তার প্যারেন্ট/কর্পোরেট দলটির রাসায়নিক ক্রয় এবং পরিচালনা বিভাগে গ্রাহকের আরএসএল ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়া আছে, তবে এর কোনো লিখিত ডকুমেন্ট নেই যেটি পর্যবেক্ষণ, হালনাগাদ করা এবং আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকা প্রদর্শন করার জন্য একটি সম্পূর্ণ পর্যালোচনা প্রক্রিয়াকে উল্লেখ করে।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- সমস্ত রাসায়নিকের প্রযুক্তি সংক্রান্ত উপাত্ত/বৈশিষ্ট্য সংক্রান্ত শীট (টেকনিক্যাল ডেটা/স্পেসিফিকেশন শীট)।
- যেসব প্রক্রিয়ায় রাসায়নিক ব্যবহার করা হয় সেগুলোর রেসিপি।
- সমস্ত রাসায়নিকের জন্য সামঞ্জস্যপূর্ণ থাকার চিঠি সহ ক্রয় করা উপকরণসমূহের তালিকা।
- রাসায়নিকের তালিকা - যাচাই করুন যে সমস্ত রাসায়নিকগুলোকে আরএসএল-এর আওতাধীন এবং তার সাথে সামঞ্জস্যপূর্ণ থাকার জন্য যাচাই করা হয় অন্তত বার্ষিক ভিত্তিতে, এর আগে কবে খুঁটিয়ে দেখা হয়েছে তার তারিখটি দেখুন।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- যাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে তারা আরএসএল সম্পর্কে প্রাথমিক জ্ঞান প্রদর্শন করেন এবং রেসিপি কার্ডের সাথে সম্পর্কিত একটি টেকনিক্যাল ডেটা শীটের (টিডিএস) প্রেক্ষিতে ব্যবহারবিধি সুনিশ্চিত করার জন্য সামঞ্জস্যতার পরীক্ষা কীভাবে করা যায়, সেটি জানেন।
- ভিন্ন খরিদদার বা গ্রাহকদের আরএসএল এবং তার হালনাগাদ সম্পর্কে কীভাবে কারখানাটি ড্র্যাক রাখতে পারছে, এবং কীভাবে আরএসএল সম্পর্কে জানানো হয় এবং অভ্যন্তরীণভাবে অন্তর্ভুক্ত করা হয় সেগুলো সম্বন্ধে সংশ্লিষ্ট কর্মীদের জিজ্ঞাসা করুন (যেমন ল্যাব ম্যানেজার, প্রোডাকশন ম্যানেজার, ইএইচএস ম্যানেজার, পারচেজিং, ইত্যাদি)। ক্রিয়াকলাপ নির্বিশেষে অভ্যন্তরীণ স্টেকহোল্ডারদের বোঝাপড়ার রৈখিকতা পরীক্ষা করুন।

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- কারখানা যে আরএসএল(গুলো) নিয়ে কাজ করছে, সেগুলো এবং সেগুলোর হালনাগাদ সম্পর্কে কারখানাটি কীভাবে ট্র্যাক রাখছে, এবং কীভাবে আরএসএল সম্পর্কে জানানো হয় এবং তাকে ইন্টার্নালাইজ করা হয় পরীক্ষা করে দেখুন।
- যথাযথ এলাকাতে সমস্ত প্রাসঙ্গিক রাসায়নিকের জন্য টেকনিক্যাল ডেটা শীটের (টিডিএস) সহজপ্রাপ্যতা যেমন ল্যাব, রাসায়নিক মেশানো।
- আরএসএল বিষয়ে আপস্ট্রিম সাপ্লায়ারদের সাথে আনুষ্ঠানিক কথোপকথনের ট্রেইল যেমন রাসায়নিক সরবরাহকারী, কাঁচা মাল সরবরাহকারী, প্রক্রিয়ার উপঠিকাদারদের সাথে (যেমন ওয়াশিং, ফিনিশিং, প্রিন্টিং)
- কারখানাটি সমস্ত প্রাসঙ্গিক রাসায়নিকের পরীক্ষা/বিল্লেষণের ফলাফল সহ আরএসএল-এর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকার চিঠি
- রেসিপি কার্ড এবং / অথবা উপকরণে রাসায়নিকগুলোর গঠনগত উপাদান নির্ধারণের জন্য কার্য প্রক্রিয়ার দৃশ্যগত পর্যবেক্ষণ, আরএসএল-এর শ্রেণিতে সামঞ্জস্যপূর্ণতাকে সুনিশ্চিত করার জন্য প্রক্রিয়াটির টিডিএস-এর রেফারেন্সকে আরোপিত করা উচিত। উদ্দেশ্যকৃত ব্যবহার / প্রক্রিয়াসমূহ এবং যেকোনো নির্দিষ্ট কন্ট্রোলশনকে এড়িয়ে যাওয়ার জন্য রাসায়নিকগুলোর ক্ষেত্রে যেমন রঞ্জক পদার্থ এবং পিগমেন্ট রেসিপিগুলোর রাসায়নিক নির্মাতার সুপারিশ করা ঘনত্ব অতিক্রম করা উচিত নয়।
- রাসায়নিক ভাণ্ডারে থাকা সমস্ত রাসায়নিকের জন্য অন্তত একবার বার্ষিকভাবে করা আরএসএল-এর সাথে সামঞ্জস্য রক্ষার পরীক্ষার হালনাগাদের প্রক্রিয়া দেখুন

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- এএফআইআরএম আরএসএল <http://afirm-group.com/afirm-rsl/>
- এএএফএ আরএসএল https://www.aafaglobal.org/AAFA/Solutions_Pages/Restricted_Substance_List

১২। আপনার কারখানাতে কি নির্মীয়মাণ নিয়ন্ত্রিত পদার্থ তালিকাটিকে (এমআরএসএল) পদ্ধতিগতভাবে পর্যবেক্ষণ করা, হালনাগাদ করা ও সামঞ্জস্য রক্ষার জন্য, এবং রাসায়নিক সংকেতে ব্যক্ত এমন উপাদানসমূহ ও পণ্য যেগুলো এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যবিহীন সেগুলোকে পৃথকীকরণ করার জন্য কোনো নথিবদ্ধ প্রক্রিয়া রয়েছে?

আপনার কারখানা কি তার রাসায়নিক সরবরাহকারীর ক্ষেত্রেও একই আবশ্যিকতা রেখেছে?

আপনার কারখানা কি তার ওয়াশিং এবং প্রিন্টিং উপঠিকাদারদের ক্ষেত্রেও একই বাধ্যবাধকতা রেখেছে?

দয়া করে এই প্রক্রিয়াগুলোর বিবরণ দিন

(টীকাঃ সমস্তকিছু আপলোড করার দরকার নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) প্রস্তাবিত আপলোড পরবর্তী কয়েকটি ব্যবহারিক চর্চার জন্য অন্তর্ভুক্ত করতে পারেঃ ক) রাসায়নিকের ভাণ্ডার (আগে আপলোড করে থাকলে প্রয়োজন নেই); খ) রাসায়নিক পর্যালোচনা নীতি এবং প্রক্রিয়ার ফ্লো; গ) সেইসব রাসায়নিকের তালিকা যেগুলোর ক্ষেত্রে এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকাটা দেখানোর জন্য সম্পূর্ণ কাগজপত্র নেই; ঘ) যে সব রাসায়নিকের বর্তমানে কাগজপত্র নেই সেগুলোর জন্য যথাযথ কাগজপত্র যোগাড় করার পরিকল্পনা; ঙ) কারখানার ক্ষেত্রে প্রযোজ্য এমআরএসএল যেমন নিজের এমআরএসএল, ক্রেতার এমআরএসএল, অথবা জেডডিএইচসি এমআরএসএল; চ) রাসায়নিক সরবরাহকারীদের থেকে পাওয়া ইতিবাচক তালিকা (আগে আপলোড করে থাকলে প্রয়োজন নেই); ছ) এমআরএসএল-এর সাথে সঙ্গতি রক্ষার বিষয়ে কারখানা এবং তার রাসায়নিক সরবরাহকারী এবং উপঠিকাদারদের (যদি থাকে) মধ্যে ইমেইল সংযোগ অথবা সংযোগের রেকর্ড; জ) রাসায়নিকের নাম, ইস্যু করার তারিখ, এবং পরীক্ষার ফলাফল সহ এমআরএসএল-এর সাথে সঙ্গতিরক্ষা সংক্রান্ত চিঠি; ঝ) প্রতিটি রাসায়নিকের ক্ষেত্রে জেডডিএইচসি গেটওয়ের প্রেক্ষিতে নথিভুক্ত পর্যায়ত্ব স্ক্রিনিং প্রক্রিয়া - রাসায়নিক মডুল (যেখানে প্রযোজ্য, জেডডিএইচসি কর্মকুশলতার ইন্ডেক্স) এবং স্ক্রিন হওয়া প্রতিটি রাসায়নিকের জন্য লেভেল অব কনফার্মেন্স। আগের স্ক্রিনিং এবং ভবিষ্যতের স্ক্রিনিংগুলোর তারিখ দেয়া রেকর্ড।

কারখানাগুলোকে তাদের ব্যবসায়িক চর্চাতে অবশ্যই এমআরএসএল আরোপ করতে হবে। আপনার কারখানায় একটি কার্যকরী এমআরএসএল কর্মসূচী প্রতিষ্ঠা করা জটিল বিষয় এবং সম্পূর্ণ বাস্তবায়ন করার ক্ষেত্রে বহু বছর লেগে যেতে পারে।

প্রয়োগগত মূল কর্মকুশলতার সূচক (অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর): রাসায়নিক ব্যবস্থাপনা নীতিমালা, সামঞ্জস্যবিধানের প্রক্রিয়া, এবং একনিষ্ঠতা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নের উদ্দেশ্যিত আচরণ হলো যে এমআরএসএল সম্পর্কে কারখানাগুলোর বোঝাপড়া, যেটিকে রাসায়নিক ক্রয় এবং কারখানার ভেতরে রাসায়নিক ভাণ্ডার তৈরি করা, তার ঠিকাদারদের এবং উপঠিকাদারদের সঙ্গতিপূর্ণ করে তোলার ক্ষেত্রে ব্যবহার করতে হবে। এই প্রক্রিয়াটিকে আনুষ্ঠানিকভাবে ডকুমেন্টেড করতে হবে কোনো একটি লিখিত রূপে এবং বার্ষিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। শিল্পক্ষেত্রের সুদৃঢ় সমর্থন সহ এমআরএসএল-এর একটি উদাহরণ হলো জেডডিএইচসি এমআরএসএল, যেটি সম্পর্কে আপনি আরো তথ্য খুঁজে পাবেন এখানে: https://mrsl.roadmaptozero.com/MRSL2_0

কারখানাগুলো সাধারণত নিষিদ্ধ পদার্থের তালিকা (রেস্ট্রিকটেড সাবস্ট্যান্স লিস্ট, আরএসএল) সম্পর্কে অবহিত থাকে; তবে, শিল্পক্ষেত্রগুলো সাম্প্রতিক সময়ে নির্মাণক্ষেত্রে নিষিদ্ধ পদার্থের তালিকা (ম্যানুফ্যাকচারিং রেস্ট্রিকটেড সাবস্ট্যান্স লিস্ট, এমআরএসএল) বিষয়ে মনোযোগ দেয়ার বিষয়টিতে বিবর্তন করেছে যাতে নিষিদ্ধ পদার্থের তালিকা সহ পরিবেশ-বান্ধব রাসায়নিকের ব্যবহার করা সম্ভব হয়। এমআরএসএল প্রয়োজনীয় কারণ একটি ফেসিলিটি যেটি প্রযুক্তিগত বৈশিষ্ট্যের নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ রাসায়নিক ব্যবহার করে, সেই ফেসিলিটির বিভিন্ন নিষ্ক্রমণের ক্ষেত্রে পরিবেশগত ফলাফল উন্নততর এবং আরএসএল উপকরণের সাথে সঙ্গতিরক্ষাও বেশি সামঞ্জস্যপূর্ণ। সম্পূর্ণ কারখানাটির সরবরাহের ভ্যালু চেইনের জন্যই উদ্দেশ্যটি গুরুত্বপূর্ণ (ঠিকাদার, উপঠিকাদার, আপস্ট্রিম সাপ্লায়ার, ইত্যাদি)।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

জেডডিএইচসি এমআরএসএল (সাম্প্রতিক সংস্করণ) হলো রাসায়নিক সরবরাহ শিল্প এবং প্রধান রিটেল ব্র্যান্ডগুলোর জন্য বিশ্বজোড়া পোশাক, জুতো, এবং বয়নশিল্পের স্বীকৃত রাসায়নিক এমআরএসএল মানদণ্ড। সাপ্লাই ভ্যালু চেইনের উপর এবং নিচের দিকে এমআরএসএল সম্পর্কে অবশ্যই অবহিত করতে হবে।

সমস্ত পণ্য যেগুলিকে এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ বলে বিবেচনা করা হয়, সেগুলোর ক্ষেত্রে ফেসিলিটিতে এমআরএসএল-এর উপস্থিতির যাচাই প্রক্রিয়ার জন্য অবশ্যই একটি যথাযথ প্রক্রিয়া থাকতে হবে।

উপঠিকাদারদের নিযুক্ত করার প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত থাকা উচিত উপঠিকাদার বাছাই, মূল্যায়ণ এবং ব্যবস্থাপনা যার মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে সেই একই প্রক্রিয়া যেটিকে কারখানাটি সমস্ত এমআরএসএল সম্পর্কিত মানদণ্ড এবং রাসায়নিক ব্যবস্থাপনার অভ্যাসের সাথে সঙ্গতি রাখার জন্য অনুসরণ করে। এই কারণে, উপঠিকাদারদের সাথে সংযোগ, রাসায়নিকের ব্যবস্থাপনা চর্চার ক্ষেত্রে কর্মকুশলতার মূল্যায়ণ কারখানার দায়িত্ব।

জেডডিএইচসি সিএমএস ফ্রেমওয়ার্ক:

https://uploads-ssl.webflow.com/5c4065f2d6b53e08a1b03de7/5ec4fce8cc2b044b520491d5_ZDHC%20CMS%20Framework_MAY2020.pdf

শব্দকোষ:

জেডডিএইচসি এমআরএসএল: জেডডিএইচসি এমআরএসএল হলো রাসায়নিক পদার্থের একটি তালিকা যেটির ব্যবহারবিধি নিষিদ্ধ হতে পারে (ব্যবহারবিধি নিষিদ্ধ দেখুন, পৃ 2-এ)। ফেসিলিটির সেই সমস্ত রাসায়নিকগুলোতে এমআরএসএল প্রয়োগ করা হয় যেগুলো উপকরণগুলোকে প্রক্রিয়াকরণ করা এবং পোশাক ও ফুটওয়্যারে ব্যবহারের জন্য অংশগুলোকে কাটছাঁট করার জন্য ব্যবহৃত হয়। জেডডিএইচসি এমআরএসএল-এর রাসায়নিকগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হলো কাঁচা মাল উৎপাদন, ওয়েট-প্রসেসিং, রক্ষণাবেক্ষণ, বর্জ্যপানি পরিশোধন, স্যানিটেশন এবং পোকামাকড় নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত ড্রাবক, ক্লিনার, আঠা, রঙ, কালি, ডিটারজেন্ট, রঁজক, কালারেন্ট, অক্সিলিয়ারি, কোটিং এবং ফিনিশিং এজেন্ট। সূত্র: <https://www.roadmaptozero.com/>

এটা কীভাবে যাচাই করা যাবে:

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ একটি ভালোভাবে নথিভুক্ত (লিখিত) রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়া প্রদর্শন করতে পারে যেটি আইন, এবং খরিদারদের জন্য এমআরএসএল-এর বাধ্যবাধকতার সাথে অথবা কারখানা, উপঠিকাদার এবং ঠিকাদারদের জন্য জেডডিএইচসি এমআরএসএলকে একটি মানদণ্ড হিসেবে ধরে নিয়ে পর্যবেক্ষণ করে, হালনাগাদ করে এবং সঙ্গতি রক্ষা করে।
- এমআরএসএল-এর জন্য রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়াটি কারখানার ভেতরে (কর্তৃপক্ষ, ক্রয়-দপ্তর, গবেষণাগার, উৎপাদক দলগুলো) এবং বহিরাগত পক্ষগুলোর (উপঠিকাদাররা, সরবরাহকারীরা, পরীক্ষাকারী এজেন্সি, ইত্যাদি) ক্ষেত্রেও সমস্ত কার্যকলাপের ক্ষেত্রেই একইরকম এবং যথাযথভাবে ব্যবস্থাপনা করা হয় এবং যথাযথভাবে দায়িত্ব দেয়া হয়।
- রাসায়নিকগুলোকে কেনার আগে কীভাবে পর্যালোচনা করা হয় / এমআরএসএল-এর প্রেক্ষিতে খুঁটিয়ে দেখা হয় সেই প্রক্রিয়াটিও কারখানাটির প্রদর্শন করতে পারা উচিত।
- রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়া/ পদ্ধতিগুলো সুদৃঢ় হয়, যেমন, প্রতিটি রাসায়নিক পণ্যকে জেডডিএইচসি গেটওয়ের মাধ্যমে পর্যাবৃত্তীয় স্ক্রিনিং - রাসায়নিক মড্যুল (জেডডিএইচসি কর্মকুশলতার ইনচেক যেখানে সম্ভব), সার্টিফিকেশন/ এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার দাবিটির সহায়ক পরীক্ষার উপাত্ত/ফলাফল, অথবা এমন ব্যবস্থা গ্রহণ করা এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টিকে সুনিশ্চিত করে, যেমন, ক্লসাইন, ইত্যাদি। যখন অসমঞ্জস রাসায়নিক খুঁজে পাওয়া যায়, সেই অনুসারে সেটিকে সরানোর একটি পরিকল্পনা তৈরি করা হয়। যখন স্ক্রিনিং-এর জন্য জেডডিএইচসি গেটওয়ে - রাসায়নিক মড্যুল ব্যবহার করা হয়, তখন স্ক্রিন

করা প্রতিটি রাসায়নিকের ক্ষেত্রেই কারখানাটি সঙ্গতিরক্ষার স্তরটিকে অনুসরণ করে এবং পর্যবেক্ষণ করে।

- ফেসিলিটিটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ সক্রিয়ভাবে তাদের প্রত্যাশা তাদের রঁজক এবং রাসায়নিক সরবরাহকারীদেরকে জানিয়ে দেয় যে ফেসিলিটিতে সরবরাহ করা ফর্মুলেশনগুলোকে এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ প্রদর্শন করতে সক্ষম যে এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার প্রত্যাশাটি সক্রিয়ভাবে আপস্ট্রিম সাপ্লাই বেস-কে জানিয়ে দেয়া হয়েছে এবং অন্তত বার্ষিক ভিত্তিতে সেটি পর্যবেক্ষণও করা হয়ে থাকে, যার অন্তর্ভুক্ত হলো উপঠিকাদারদের কাছে দেয়া প্রক্রিয়াকরণ ইউনিটগুলো, যেমন, ধোয়াধুয়ি, প্রিন্টিং (যদি প্রযোজ্য হয়)।
- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ তার সরবরাহকারীদেরকে সক্রিয়ভাবে এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকতে বলে এবং রাসায়নিকের বর্ণনামূলক তালিকার (কেমিক্যাল ইনভেন্টরি লিস্ট, সিআইএল) প্রেক্ষিতে সেটিকে স্ক্রিন করে।

আংশিক হ্যাঁ

- ফেসিলিটিটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ আইন, প্রবিধান, অথবা ফেসিলিটিতে প্রযোজ্য গ্রাহকদের আবশ্যিকতার প্রেক্ষিতে নিষিদ্ধ রাসায়নিক সংক্রান্ত নীতিগুলোকে পর্যবেক্ষণ করে।
- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ প্রতিটি নির্মাণমূলক এবং টুলিং/ যন্ত্রপাতি সংক্রান্ত রাসায়নিকের জন্য এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকা সংক্রান্ত চিঠি সহ এই দাবীর সহায়ক পরীক্ষার উপাত্ত/ফলাফল প্রদান করতে সক্ষম যেগুলোকে বার্ষিক ভিত্তিতে হালনাগাদ করা হয়, কিন্তু কোনো আনুষ্ঠানিক (ডকুমেন্টেড/লিখিত) রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়া নেই।
- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপের একটি আনুষ্ঠানিক রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়া রয়েছে, কিন্তু এটি সু-আরোপিত নয় এবং কারখানার সমস্ত কার্যকলাপের ক্ষেত্রে যথাযথভাবে শ্রেণীবদ্ধ করা/ব্যবস্থাপনা করা নেই।
- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপের একটি আনুষ্ঠানিক রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়া রয়েছে, কিন্তু সেটি সুদৃঢ় নয়, যেমন, সঙ্গতি বিষয়ক চিঠিতে দাবির সমর্থনে পরীক্ষার কোনো ফলাফল/ উপাত্ত ব্যতীত কেবলমাত্র একটি বয়ান/ঘোষণার চিঠি রয়েছে, অথবা স্ক্রিন করার জন্য জেডডিএইচসি গেটওয়ে - রাসায়নিক মডুল ব্যবহার করা হয় কিন্তু সঙ্গতিরক্ষার স্তর অনুসরণ করে দেখা হয় না অথবা খুঁজে পাওয়া অননুসারী রাসায়নিকগুলোর জন্য কোনো ফেজ-আউট পরিকল্পনা নেই।
- এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার ব্যাপারে নিজের প্রত্যাশা কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ রঁজক এবং রাসায়নিক সরবরাহকারীদেরকে জানিয়ে দেয় কিন্তু উপঠিকাদারদের প্রক্রিয়াকরণ ইউনিটকে নয় (যদি প্রযোজ্য হয়)
- কারখানাটি অথবা এর প্যারেন্ট / কর্পোরেট গ্রুপ প্রদর্শন করতে পারে যে এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার ব্যাপারে নিজের প্রত্যাশা আপস্ট্রিম সাপ্লাই বেসকে জানানো হয়েছে যার অন্তর্ভুক্ত

হলো উপঠিকাদারী প্রক্রিয়াকরণ ইউনিট যেমন ওয়াশিং, প্রিন্টিং, কিন্তু অন্তত বার্ষিক ভিত্তিতে পর্যবেক্ষণ করা হয় না (যদি প্রযোজ্য হয়)।

আবশ্যিক ডকুমেন্টেশন:

আবশ্যিকতার ক্ষেত্রে হ্যাঁ এবং আংশিক হ্যাঁ বলার জন্য বিভাগগুলোর প্রয়োগযোগ্যতা দয়া করে দেখে নিন।

- রাসায়নিকের বর্ণনামূলক তালিকা (কেমিক্যাল ইনভেন্টরি লিস্ট, সিআইএল)
- রাসায়নিক পর্যালোচনা নীতি এবং প্রক্রিয়ার প্রবাহ (প্রসেস ফ্লো)
- অসমঞ্জস রাসায়নিকের তালিকা
- অসমঞ্জস রাসায়নিকের ফেজ-আউট পরিকল্পনা, যদি থাকে
- কারখানাতে প্রযোজ্য এমআরএসএল(গুলো) যেমন, নিজের এমআরএসএল, খরিদদারের এমআরএসএল, অথবা জেডডিএইচসি এমআরএসএল
- এমআরএসএল খুঁটিয়ে দেখার জন্য জেডডিএইচসি উপকরণসমূহ (ইনচেক রিপোর্টগুলো, কেম্‌চেক)
- রাসায়নিক সরবরাহকারীদের কাছ থেকে ইতিবাচক তালিকা
- এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়ে কারখানা এবং তার রাসায়নিক সরবরাহকারী এবং উপঠিকাদারদের (যদি থাকে) মধ্যে সংযোগ অথবা সংযোগের ড্রেইল
- এমআরএসএল-কে রাসায়নিকের নাম, ইস্যু হওয়ার তারিখ, এবং পরীক্ষার ফলাফল সহ সঙ্গতিপূর্ণ থাকা সংক্রান্ত চিঠি
- জেডডিএইচসি গেটওয়ে - রাসায়নিক মড্যুলের (যেখানে প্রযোজ্য) প্রেক্ষিতে ডকুমেন্ট করা পর্যাবৃত্ত স্ক্রিনিং প্রক্রিয়া এবং স্ক্রিন করা প্রতিটি রাসায়নিকের জন্য সামঞ্জস্যের স্তর। আগের স্ক্রিনিং এবং ভবিষ্যতের স্ক্রিনিংগুলোর তারিখ দেয়া রেকর্ড।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- উত্তরদাতারা এমআরএসএল এবং কীভাবে সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টি পরীক্ষা করতে হবে সে সম্পর্কে প্রাথমিক জ্ঞানের পরিচয় দেন অথবা যেখানে যথাযথ হবে সেখানে লেটার অব কমপ্লায়েন্স যোগাড় করেন।
- এমআরএসএল-এ অন্তর্ভুক্ত নয় এমন পণ্য ব্যবহার করার পরিণতি সম্পর্কে কি তারা অবহিত?

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- রাসায়নিক ব্যবহারের জন্য বিভিন্ন কার্য প্রণালী অথবা সরবরাহ করা ভান্ডার-তালিকার প্রেক্ষিতে উপকরণ চোখে দেখে যাচাই করা।
- এমআরএসএল পর্যালোচনা এবং/অথবা লেটার অব কমপ্লায়েন্স সুদৃঢ় কিনা এবং পর্যাবৃত্তভাবে (অন্তত বার্ষিক হারে) করানো হয় কিনা, এবং রাসায়নিকের ক্রয় তালিকা ও ভাণ্ডারের সাথে সঙ্গতিপূর্ণ কিনা সেগুলো নির্ধারণ করার জন্য রাসায়নিক পর্যালোচনা প্রক্রিয়া খুঁটিয়ে দেখুন।

১৩। নির্মাণ প্রক্রিয়া থেকে রাসায়নিক ভাণ্ডার পর্যন্ত আপনার উৎপাদনমূলক রাসায়নিকগুলোকে কি ট্রেস করা যাবে?

সুপারিশ করা আপলোডঃ ক) রেসিপি কার্ড, রাসায়নিক ফর্মুলেশন শীট, এবং (যেখানে প্রযোজ্য) প্রক্রিয়ার নির্দেশনা, যাতে অন্তর্ভুক্ত থাকবে অনুসরণযোগ্য সমস্ত তথ্য (যেমন, রাসায়নিকের নাম এবং উপলব্ধ পরিমাণ); খ) রাসায়নিকের ভাণ্ডার (আগে আপলোড করে থাকলে প্রয়োজন নেই); গ) রাসায়নিক মিশ্রণ প্রক্রিয়ার লগ, ল্যাব রেকর্ড (যেমন, কালার ল্যাব, ওয়াশিং ল্যাব, ইত্যাদি)।

রাসায়নিক চিহ্নযোগ্যতা দরকারি যাতে একটি কারখানা

একটি আরএসএল এবং/অথবা এমআরএসএল ব্যর্থতার ক্ষেত্রে উৎস খুঁজে বার করতে পারে এবং পদক্ষেপ গ্রহণ করতে পারে।

রেফারেন্স: জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক- সংস্করণ 1 (মে ২০২০) - অধ্যায় 1, 5 এবং 8

হ্যাঁ উত্তর দেবেন কেবলমাত্র যদি আপনার ফেসিলিটি উৎপাদনগত রেসিপিগুলোর সমস্ত রাসায়নিকগুলোকে রাসায়নিকের তালিকা (ইনভেন্টরি) পর্যন্ত অনুসরণ করতে পারে।

আংশিক হ্যাঁ বলুন যদি আপনার উৎপাদনের রেসিপিগুলোর মধ্যে কেবলমাত্র কিছু রাসায়নিককে রাসায়নিকের তালিকা পর্যন্ত ট্রেস করা যায়।

অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর: পণ্যের গুণগত মান / বিশুদ্ধতা

প্রযুক্তিগত নির্দেশনাঃ

একটি **রেসিপি** হলো: পণ্য বা উপকরণটিকে তৈরি করা এবং তার পরিমাণ/ গঠনের জন্য ব্যবহৃত রাসায়নিক ফর্মুলেশনের রেকর্ড (যেমন, একটি নীল টি-শার্ট তৈরিতে ব্যবহৃত সমস্ত ফর্মুলেশন)

একটি **ফর্মুলেশন** হলো: কোনো রাসায়নিক সরবরাহকারীর কাছ থেকে আপনার ক্রয় করা একটি রাসায়নিক পণ্য (যেমন, একটি নীল টি-শার্টের জন্য একটি কালারেণ্ট)।

একটি **পদার্থ (সাবস্ট্যান্স)** হলো: ফর্মুলেশনকে তৈরি করে যে স্বতন্ত্র রাসায়নিকগুলো (যেমন, কোনো কালারেণ্টের মধ্যকার একটি রঞ্জক এবং 3 টি বাইন্ডিং এজেন্ট)।

রাসায়নিক ফর্মুলেশন অথবা "রাসায়নিক": স্বতন্ত্র রাসায়নিক পণ্য বা উৎপাদনের রেসিপিতে তালিকাভুক্ত "উপকরণসমূহ" যগুলোকে ফেসিলিটির উৎপাদন প্রক্রিয়াতেও একটি চূড়ান্ত পণ্য/উপকরণের জন্য ব্যবহার করা হয়। এই রাসায়নিকগুলোকে কারখানার রাসায়নিকের ইনভেন্টরিতেও অন্তর্ভুক্ত করতে হবে। এগুলো রাসায়নিক সরবরাহকারীর থেকে পাওয়া জটিল ফর্মুলেশন, রঞ্জকপদার্থ (ডাইস্টাফ), অক্সিলিয়ারি, ফিনিশিং কেমিক্যাল, ইত্যাদি হতে পারে যগুলোকে এক বা একাধিক রাসায়নিক পদার্থ দিয়ে প্রস্তুত করা হয়েছে। এটিকে ব্যাখ্যা করা প্রয়োজন যেহেতু বয়ন মিলগুলো "রাসায়নিক ফর্মুলেশন" যোগাড় করে যার মধ্যে স্বতন্ত্র পদার্থের বিবরণ নাও থাকতে পারে।

উৎপাদনের রেসিপি বা "রেসিপি": সেই রেসিপি শীট যেটি রাসায়নিকগুলিকে এবং কোনো পণ্য/উপকরণ প্রস্তুত করতে ব্যবহৃত প্রক্রিয়ার শর্তাবলীকে নথিভুক্ত করে। সমস্ত প্রক্রিয়ার এবং নির্মিত পণ্য/উৎপাদনের জন্য প্রকৃতপক্ষে ব্যবহার হওয়া সমস্ত রাসায়নিক এবং প্রক্রিয়ার শর্তাবলীর একটি রেকর্ড রাখা উচিত। "রাসায়নিক ফর্মুলেশন চাহিদা" এবং উপাদান/পণ্যের বৈশিষ্ট্য অনুযায়ী প্রক্রিয়াকরণের ধাপ/প্যারামিটারের বিবরণগুলোকে অনুসরণ করা উচিত। নথিভুক্ত করা উৎপাদন রেসিপি এক ব্যাচ থেকে আরেক ব্যাচ স্থিতিশীল পুনরুৎপাদনশীলতার জন্য প্রয়োজন।

রাসায়নিকের ইনভেন্টরি: রাসায়নিক "ফর্মুলেশন"-এর একটি তালিকা হাতের কাছে রেসিপিগুলোর চাহিদার সাথে "মিলিয়ে" রক্ষণাবেক্ষণ করতে হবে। রেসিপিতে যেকোনোরকম পরিবর্তন অবশ্যই নোট করতে হবে এবং ইনভেন্টরির প্রয়োজনীয়তা অনুসারে হালনাগাদ করতে হবে। অনুরূপভাবে, ইনভেন্টরিতে যেকোনো রকম বিকল্পকে অবশ্যই রেসিপির প্রয়োজনীয়তা অনুসারেই অনুমোদন দিতে হবে। রেসিপিতে এবং/অথবা ইনভেন্টরিতে যেকোনো পরিবর্তন নোট করে রাখা উচিত এবং উৎপাদন ও কিউএ দলগুলোকে জানানো উচিত যাতে চূড়ান্ত বাণিজ্যিক পণ্যের বৈশিষ্ট্যগুলোকে তবুও পূরণ করার বিষয়টি সুনিশ্চিত করা যায়।

প্রক্রিয়ার নির্দেশনাসমূহ – ফেসিলিটির প্রতিটি প্রক্রিয়ার অবশ্যই ডকুমেন্টেশন থাকতে হবে যেটি পণ্য/উপকরণকে সফলভাবে তৈরির জন্য কার্যসম্পাদনের শর্তাবলী এবং আবশ্যিক নিয়ন্ত্রণগুলোর বিবরণ দেয় - ফেসিলিটিতে নির্মিত সমস্ত পণ্য/উপকরণের প্রকৃত প্রক্রিয়ার শর্তাবলীগুলোর একটি রেকর্ড রাখা উচিত।

এটা কীভাবে যাচাই করা যাবে:

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- রাসায়নিকের ব্যবহার করে এমন যে সমস্ত প্রক্রিয়ার মধ্যে দিয়ে পণ্যটি গেছে সেগুলোকে চিহ্নিত করা হয়েছে এবং প্রতিটি প্রক্রিয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট রেসিপি এবং ব্যাচ কার্ডগুলো পাওয়া যাবে এবং রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- যেখানেই রাসায়নিক ব্যবহার করা হয় সেখানে তাদের যথাযথ ব্যবহারের জন্য লিখিত নির্দেশনা থাকে যার অন্তর্ভুক্ত হলো রেসিপি কার্ড, প্রক্রিয়ার নির্দেশনা (যেখানে প্রযোজ্য), ফর্মুলেশন শীট,

যাতে সমস্ত অনুসরণযোগ্য তথ্যাদি থাকবে যেমন রাসায়নিকের নাম, লট নম্বর, এবং পরিমাণ, যেগুলোর যোগসূত্র কারখানা জুড়ে রাসায়নিকের ভাণ্ডারের (ইনভেন্টরি) সাথে স্থাপন করা যাবে।

- প্রধান উৎপাদনগত প্রক্রিয়াগুলো এবং প্রতিটি ব্যবহৃত রাসায়নিক এবং তাদের সংশ্লিষ্ট পরিমাণগুলোর কথা বলা হয়েছে, এবং প্রক্রিয়ার নির্দেশনা সক্রিয় রয়েছে যার অন্তর্ভুক্ত হলো নিয়ন্ত্রণের প্যারামিটার এবং চেকপয়েন্টগুলো।
- যেখানে রাসায়নিকগুলোর অভ্যন্তরীণ মিশ্রণ/ মেলানোর কাজ হয়ে থাকে সেখানে প্রক্রিয়াটি নথিভুক্ত করা হয়েছে।
- নির্মাণের প্রতিটি ধাপে প্রতিটি উৎপাদনের রেসিপিতে তালিকাভুক্ত রাসায়নিকগুলো সামঞ্জস্যপূর্ণভাবে প্রাসঙ্গিক রেকর্ড অবধি অনুসরণ করা যায়, যার অন্তর্ভুক্ত হলো রাসায়নিক মেশানোর প্রক্রিয়ার লগ, ল্যাব রেকর্ড (যেমন, রঙের ল্যাব, ওয়াশিং ল্যাব) যেখানে প্রযোজ্য, এবং রাসায়নিকের তথ্যাদিও রাসায়নিকের ইনভেন্টরিতে রেকর্ড করা হয় যেমন রাসায়নিক / ফর্মুলেশনের নাম, লট নম্বর, এমআরএসএল এবং আরএসএল-এর সাথে সুসমঞ্জস থাকা ইত্যাদি (দেয়া করে জেডডিএইচসি সিআইএল এবং জেডডিএইচসি সিএমএস ফ্রেমওয়ার্ক সংস্করণ 1.0 - অধ্যায় 5 দেখুন রাসায়নিক ইনভেন্টরির সাথে সম্পর্কিত প্রত্যাশার জন্য)।

আংশিক হ্যাঁ

- রাসায়নিকের ব্যবহার করে এমন যে সমস্ত প্রক্রিয়ার মধ্যে দিয়ে পণ্যটি গেছে সেগুলোকে চিহ্নিত করা হয়েছে এবং প্রতিটি প্রক্রিয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট রেসিপি এবং ব্যাচ কার্ডগুলো পাওয়া যাবে এবং রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- দৃশ্যপট ১: যেখানেই রাসায়নিক ব্যবহার করা হয় সেখানে তাদের যথাযথ ব্যবহারের জন্য লিখিত নির্দেশনা থাকে যার অন্তর্ভুক্ত হলো রেসিপি কার্ড, প্রক্রিয়ার নির্দেশনা (যেখানে প্রযোজ্য), ফর্মুলেশন শীট, যাতে সমস্ত অনুসরণযোগ্য তথ্যাদি থাকবে যেমন রাসায়নিকের নাম, লট নম্বর, এবং পরিমাণ, যেগুলোর যোগসূত্র কারখানা জুড়ে রাসায়নিকের ভাণ্ডারের (ইনভেন্টরি) সাথে স্থাপন করা যাবে। রাসায়নিক ইনভেন্টরিতে থাকা তথ্য অসম্পূর্ণ অথবা রাসায়নিক ইনভেন্টরিটি হালনাগাদ করা নেই (দেয়া করে জেডডিএইচসি সিআইএল এবং জেডডিএইচসি সিএমএস ফ্রেমওয়ার্ক সংস্করণ 1.0 - অধ্যায় 5 দেখুন রাসায়নিক ইনভেন্টরির সাথে সম্পর্কিত প্রত্যাশার জন্য)।
- দৃশ্যপট 2: নির্মাণ প্রক্রিয়া/ধাপগুলির *কেবলমাত্র কিছুটা অংশ* (সম্পূর্ণতা নয়), যেখানে রাসায়নিক ব্যবহার করা হয় সেখানে তাদের যথাযথ ব্যবহারের জন্য লিখিত নির্দেশনা থাকে যার অন্তর্ভুক্ত হলো রেসিপি কার্ড, প্রক্রিয়াটিকে মানিয়ে নেয়ার জন্য নির্দেশনা (যেখানে প্রযোজ্য), ফর্মুলেশন শীট, যাতে সমস্ত অনুসরণযোগ্য তথ্যাদি থাকবে যেমন রাসায়নিকের নাম, লট নম্বর, এবং পরিমাণ, যেগুলোর যোগসূত্র রাসায়নিকের ভাণ্ডারের (ইনভেন্টরি) সাথে স্থাপন করা যাবে।

• **আবশ্যিক ডকুমেন্টেশন:**

- রেসিপি কার্ড, রাসায়নিক ফর্মুলেশন শীট, প্রক্রিয়ার নির্দেশনা (যেখানে প্রযোজ্য), যাতে খুঁজে পাওয়ার মতো সমস্ত তথ্য থাকবে, যেমন, রাসায়নিকের নাম, প্রাপ্য পরিমাণ, এবং লট নম্বর
- রাসায়নিকের ইনভেন্টরি (দয়া করে জেডডিএইচসি সিআইএল এবং জেডডিএইচসি সিএমএস ফ্রেমওয়ার্ক সংস্করণ 1.0 - অধ্যায় 5 দেখুন রাসায়নিক ইনভেন্টরির সাথে সম্পর্কিত প্রত্যাশার জন্য)।
- রাসায়নিক মিশ্রণের প্রক্রিয়ার লগ, ল্যাব রেকর্ড (যেমন, কালার ল্যাব, ওয়াশিং ল্যাব, ইত্যাদি)।

• **জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ**

- ম্যানেজার/কর্মীরা এমআরএসএল-এর সাথে সঙ্গতিপূর্ণ একটি ভাগুরতালিকার সাথে সম্পর্কিত একটি চিহ্নিতকরণযোগ্য এবং অনুসরণযোগ্য ব্যবস্থার ডকুমেন্ট প্রদর্শন করতে পারেন
- কর্মচারীরা বিষয়বস্তু সম্পর্কে বোঝেন এবং একটি প্রক্রিয়া রেসিপির গুরুত্বপূর্ণ বিষয়বস্তু, বিশেষ করে ওয়াশিং, প্রিন্টিং, অথবা যেখানে প্রযোজ্য ফিনিশিংয়ের বিষয়বস্তু সম্পর্কে জানেন।

• **পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ**

- অন-সাইট নির্মাণ প্রক্রিয়াতে থাকা ১-২টি পণ্যকে র্যাগুম চেক করুন, এবং সেই পণ্যটি এমন কোন কোন প্রক্রিয়াকরণের মধ্যে দিয়ে যায় যার মধ্যে রাসায়নিকের ব্যবহার অন্তর্ভুক্ত রয়েছে তা পরীক্ষা করুন যেমন, রঞ্জক প্রণালী, প্রিন্টিং, ওয়াশিং, ফিনিশিং, ইত্যাদি। চিহ্নিত করা প্রতিটি প্রক্রিয়ার সংশ্লিষ্ট রেসিপি এবং ব্যাচ কার্ড খুঁটিয়ে দেখুন।
- চিহ্নিত করা প্রতিটি প্রক্রিয়ার থেকে রেসিপি/ব্যাচ কার্ডের ৩/৪টি রাসায়নিক র্যান্ডম বেছে নিন রাসায়নিক মিশ্রণ এলাকা ("রান্নাঘর"), রাসায়নিক ল্যাব (যেখানে প্রযোজ্য), এবং রাসায়নিক সংরক্ষণ এলাকা (অস্থায়ী/গুদাম) পর্যন্ত অনুসরণ করার জন্য, এবং সেখান থেকে রাসায়নিক ইনভেন্টরি অবধি।
- প্রক্রিয়াতে ব্যবহৃত রাসায়নিক এবং রাসায়নিক ইনভেন্টরির মধ্যকার যোগসূত্র প্রতিষ্ঠা করা যায় কিনা এবং সেটি যথাযথভাবে ডকুমেন্ট করা আছে কিনা সেগুলো দেখুন।
- রেকর্ডের পর্যালোচনাঃ প্রক্রিয়া/উৎপাদন রেকর্ড যেমন রেসিপি কার্ড, কেমিক্যাল ফর্মুলেশন শীট, প্রক্রিয়ার নির্দেশনা (যেখানে প্রযোজ্য), যাতে ট্রেস করার মতো সমস্ত তথ্যাবলী রয়েছে যেমন রাসায়নিকের নাম, পরিমাণ, এবং লট নম্বর। যেখানে প্রযোজ্য, স্থিতিশীল তথ্যাদির জন্য রাসায়নিক মিশ্রণ প্রক্রিয়ার লগ, ল্যাব রেকর্ড (যেমন, কালার ল্যাব, ওয়াশিং ল্যাব, ইত্যাদি) দেখুন। রাসায়নিকের ইনভেন্টরির সাথে তথ্য মিলিয়ে দেখুন (দয়া করে জেডডিএইচসি সিআইএল এবং জেডডিএইচসি সিএমএস ফ্রেমওয়ার্ক সংস্করণ 1.0 - অধ্যায় 5 দেখুন রাসায়নিক ইনভেন্টরির সাথে সম্পর্কিত প্রত্যাশার জন্য)

রাসায়নিক ব্যবস্থাপনা - স্তর 2

১৪। আপনার রাসায়নিক ব্যবস্থাপনা কর্মসূচীকে উন্নত করার জন্য কি আপনার কারখানার কোনো বাস্তবায়ন পরিকল্পনা আছে?

আপলোডের জন্য সুপারিশ: স্তর ১-এর বাধ্যবাধকতাগুলোকে সম্পূর্ণ রূপে অর্জন করার জন্য নথিবদ্ধ করা পরিকল্পনা। এই পরিকল্পনাতে অন্তর্ভুক্ত থাকতে হবেঃ ক) কোন প্রসঙ্গগুলো সম্পূর্ণ অর্জন করা সম্ভব হয়নি এবং কেন; খ) যেগুলো করা সম্ভব হয়নি সেইসব বাধ্যবাধকতাগুলোকে পূরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ এবং স্থিরীকৃত একটি তারিখ।

একটি সুদৃঢ় রাসায়নিক ব্যবস্থাপনা কর্মসূচী তৈরির ক্ষেত্রে স্তর ১-এর বাধ্যবাধকতাগুলোকে সম্পূর্ণ করার জন্য অনেক কারখানার বহু বছর লেগে যেতে পারে। যদি স্তর ১-এর বাধ্যবাধকতাগুলোকে অর্জন করার জন্য আপনার কোনো পরিকল্পনা থাকে, দয়া করে এখানে আপলোড করুন।

প্রয়োগসংক্রান্ত মূল কর্মকুশলতার সূচক (অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর): সমস্ত

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

স্তর ১-এর রাসায়নিক ব্যবস্থাপনার শর্তাবলীর সবকটি খুব কম কারখানাই পূরণ করতে সক্ষম হবে ধরে নিয়ে, স্তর ২-এর প্রশ্নাবলীর ক্ষেত্রে সর্বাধিক গুরুত্বপূর্ণ যে আচরণটিকে বিবেচনা করা হয়েছে তা হলো ন্যূনতম প্রবিধানগত এবং শিল্পগত প্রত্যাশা (স্তর ১)কে প্রগতিশীল উপায়ে পূরণ করার জন্য বর্তমানে সক্রিয় রাসায়নিক ব্যবস্থাপনা চর্চাকে উন্নত করার উদ্দেশ্যে একটি পরিকল্পনাকে গঠন করা এবং বাস্তবায়ন করা।

বর্তমানে সক্রিয় রাসায়নিক ব্যবস্থাপনা চর্চাকে উন্নত করার উদ্দেশ্যে একটি কার্যপরিকল্পনা গঠন করার ক্ষেত্রে একটি কারখানার সক্ষমতাকে ধরতে পারাই এই প্রশ্নটির উদ্দেশ্য।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

রাসায়নিকসমূহের সম্পূর্ণ জীবনবৃত্ত-কালীন সময়ে তাদেরকে যথাযথভাবে ব্যবস্থাপনা করার জন্য নীতিসমূহ এবং প্রক্রিয়াগুলিকে প্রতিষ্ঠা করার উপর একটি কার্যকরী রাসায়নিক ব্যবস্থাপনা কার্যক্রমের ভিত্তি নির্ভর করে। জীবনবৃত্তের প্রতিটি পর্যায়ের জন্য, আইনি এবং অন্যান্য আবশ্যিকতাগুলোকে পরিভাষিত করার নীতিসমূহ এবং প্রক্রিয়াগুলো, দায়ী ব্যক্তিবর্গ, এবং যথাযথ কাজের অভ্যাস এবং নিয়ন্ত্রণের বিকাশ সাধন করা প্রয়োজন। রাসায়নিক ব্যবস্থাপনা কর্মসূচী যেটি নিরন্তর উন্নতিসাধনের একনিষ্ঠতার সাথে সামঞ্জস্যপূর্ণ। এবং সামগ্রিক রাসায়নিক ব্যবস্থাপনার কর্মকুশলতায় নিরন্তর উন্নতিসাধন অব্যাহত রাখতে গেলে, সংশোধনমূলক পদক্ষেপসমূহ /অভ্যন্তরীণ / বহিরাগত রাসায়নিক ব্যবস্থাপনা মূল্যায়নের মাধ্যমে পাওয়া তথ্যগুলি নিয়ে কাজ করা খুবই গুরুত্বপূর্ণ।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

হ্যাঁ:

আবশ্যিক ডকুমেন্টেশন:

- স্তর ১-এর প্রতিটি প্রশ্নের সমস্ত শর্তাবলী পূরণ করার জন্য নথিবদ্ধ পরিকল্পনা রয়েছে
- ডকুমেন্টেশনের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে যে কোন প্রশ্নগুলোতে সম্পূর্ণভাবে হ্যাঁ বলা যায়নি এবং কেন
- ডকুমেন্টেশনের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে যে শর্তাবলী পূরণ করা সম্ভব হয়নি যেসব প্রশ্নের জন্য সেগুলোর ক্ষেত্রে সম্পূর্ণভাবে হ্যাঁ বলতে পারার জন্য দায়প্রাপ্ত ব্যক্তিবর্গ এবং স্থিরীকৃত তারিখ

জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন:

- কর্তৃপক্ষ এবং প্রধান কর্মীরা এই পরিকল্পনাটি সম্পর্কে অবগত এবং রাসায়নিক ব্যবস্থাপনা বিভাগে স্তর ১-এর প্রশ্নাবলীতে সম্পূর্ণভাবে হ্যাঁ বলতে পারার জন্য বিবিধ ধাপ সম্পর্কে বলতে পারবেন

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবে:

- কারখানাকে বলুন আপনাকে পরিকল্পনাটি বুঝিয়ে বলতে এটি নিশ্চিত করার জন্য যে তারা পরিকল্পনাটির ২-৩টি বিষয়বস্তুর মাধ্যমে উল্লিখিত পদক্ষেপটি বাস্তবায়ন করছে।
- কার্যপরিকল্পনাটির সহায়ক যেকোনো যন্ত্রপাতি/লগের ছবি তুলুন

১৫। প্রবিধানে এবং/অথবা রেস্তিঙ্কেড সাবস্ট্যান্স লিস্ট / ম্যানুফ্যাকচারিং রেস্তিঙ্কেড সাবস্ট্যান্স লিস্ট দ্বারা সুনির্দিষ্ট করে দেয়া রাসায়নিকগুলো ছাড়াও বিপজ্জনক রাসায়নিকের ব্যবহার হ্রাস করার ক্ষেত্রে আপনার কারখানার কি কোনো বাস্তবায়ন পরিকল্পনা আছে?

আপলোডের জন্য সুপারিশ: ক) বিপজ্জনক রাসায়নিক(গুলো)-এর তালিকা যেটিতে নিযুক্ত দায়িত্ব এবং কাজের একটি সময়সীমা সহ একটি কার্য পরিকল্পনা রয়েছে; খ) অগ্রসর হওয়া বা পিছিয়ে আসার পরিণতি সহ গবেষণাগারে বিকল্প রাসায়নিক ট্রায়াল অথবা কারখানার পরীক্ষামূলক কাগজপত্র।

বিপজ্জনক রাসায়নিক থাকার অর্থ এই নয় যে আপনি আরএসএল অথবা এমআরএসএল লঙ্ঘন করেছেন; আপনার ফেসিলিটিতে বিপজ্জনক রাসায়নিক থাকতেই পারে যেগুলোকে ভেতরে রাখার অনুমতিপত্র দেয়া হয়েছে কিন্তু যেগুলোকে অবশ্যই যথাযথভাবে নাড়াচাড়া করতে হবে এবং ক্রমে ক্রমে সরিয়ে ফেলতে হবে।

প্রয়োগমূলক মূল কর্মকুশলতার সূচক: রাসায়নিক এবং প্রক্রিয়া উদ্ভাবন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

উদ্দেশ্যমূলকভাবে নির্দিষ্ট লক্ষ্য সমন্বিত একটি কার্যপরিকল্পনা তৈরি, বরাদ্দকৃত দায়িত্ব প্রদান এবং পদক্ষেপের জন্য একটি সময়সীমা নির্ধারণের মাধ্যমে বিপজ্জনক রাসায়নিকগুলোর অপসারণ।

এই প্রস্তুতি কারখানাগুলোকে বিপদ চিহ্নিত করার জন্য সক্রিয় হতে এবং এমআরএসএল অথবা আরএসএল-কে ইতিমধ্যেই যা নিষিদ্ধ তার বাইরেও হ্রাস করার দিকে নজর দিতে উৎসাহিত করে। এই প্রস্তুতি অনুযায়ী বিপদের বিশদ মূল্যায়ন করার জন্য কারখানাতে অভ্যন্তরীণ বিশেষজ্ঞ থাকার বিষয়টি বাধ্যতামূলক নয়। নির্দেশনা অনুযায়ী তালিকার ভিত্তিতে কারখানাগুলো বিপদের জন্য বাস্তবায়িত কার্যপরিকল্পনা রাখতে পারে। এর অন্তর্ভুক্ত নয় স্তর ১-এ আলোচিত আরএসএল/এমআরএসএল/প্রবিধানগত - এর যেকোনো অসঙ্গতি মেটানোর জন্য বাস্তবায়ন পরিকল্পনা।

উদাহরণ স্বরূপ, যদি একটি কারখানা বর্তমানে একটি শিল্প বা ব্র্যান্ডের সুনির্দিষ্ট এমআরএসএল/আরএসএল অনুসরণ করে, এই কারখানাটি সেক্ষেত্রে সক্রিয়ভাবে অন্যান্য সেই পদার্থগুলোকে ফেজ-আউট করার জন্যও খোঁজাখুঁজি করতে পারে যেগুলো জেডডিএইচসি এমআরএসএল অথবা এসআইএন এলআইএসটি ইত্যাদির প্রার্থী তালিকায় রয়েছে, যা তাদের অনুসরণ করা তালিকায় নেই। তারা এই সাবস্ট্যান্সগুলোকে শিল্পক্ষেত্রের অন্যান্য তালিকাতে খুঁজে পেতে পারে এবং তাদের অনুসরণ করা এমআরএসএল/আরএসএল-এ নিষিদ্ধ হওয়ার আগেই উৎপাদন প্রক্রিয়া থেকে এই সাবস্ট্যান্সগুলোকে অপসারণ করার জন্য কাজ করতে পারে। এই অপসৃত পদার্থগুলোর বিকল্প হিসেবে, কারখানাটি ইন্ডাস্ট্রি ডেটাবেসে চিহ্নিত হওয়া রাসায়নিক পণ্যের মধ্যে খুঁজতে পারে, যেমন জেডডিএইচসি গেটওয়ে - রাসায়নিক মডুল অথবা অন্যান্য ব্র্যান্ড-নির্দিষ্ট উৎসসমূহ।

সুযোগ রয়েছে: উৎপাদনের সমস্ত রাসায়নিক, কাটা-সেলাই ক্রিয়াকলাপের জন্য পণ্যে থাকা রাসায়নিকে মনোনিবেশ করে (সর্বাধিক গুরুত্বপূর্ণ আচরণ হলো পণ্যের উপর প্রভাব - আগে থেকে স্ক্রিন করা রাসায়নিকগুলোর তালিকাসমূহকে ব্যবহারের দিকে এগিয়ে যাওয়া উচিত)

সুযোগ নেই: সেইসকল রাসায়নিক যেগুলি এইসব পণ্যের উপর অভিনিবেশ করে না যেমন, ক্লিনার, কুলিং টাওয়ার/বয়লারের রাসায়নিকসমূহকে এর বাইরে রাখা হয়।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

কারখানার উচিত বিপজ্জনক রাসায়নিকগুলোকে চিহ্নিত করা যেগুলো আরএসএল অথবা এমআরএসএল হিসেবে বিবেচিত নয় কিন্তু এই তালিকার বাইরে রয়েছে এমন রাসায়নিক পদার্থগুলোকে বিবেচনা করে। রেফারেন্স তালিকা এবং উপাদানসমূহ যেগুলো বিপজ্জনক পদার্থ এবং/অথবা এমআরএসএল/আরএসএল-এর বাইরেও অন্যান্য উদ্বেগজনক রাসায়নিককে চিহ্নিত করে, তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমিত নয়ঃ

- জেডডিএইচসি এমআরএসএল প্রার্থী তালিকা - https://mrsl.roadmaptozero.com/MRSL2_0
- স্থায়ী জৈব দূষণকারী বিষয়ে স্টকহোম সম্মেলন
- কেমসেক (ChemSec) এসআইএন তালিকা
- কেমিক্যালস অব হাই কনসার্ন টু চিলড্রেন (সিএইচসিসি) বিষয়ে ওয়াশিংটন স্টেট রিপোর্টিং লিস্ট
- সাবস্পোর্ট ইউরোপিয়ান প্ল্যাটফর্ম (<http://Subsport.eu>)

- এসভিএইচসি (অত্যন্ত উদ্বেগজনক পদার্থ, সাবস্ট্যান্স অব ভেরি হাই কনসার্ন) (<https://echa.europa.eu/candidate-list-table>)
- কারখানার ক্রিয়াকলাপের জন্য অন্যান্য প্রাসঙ্গিক তালিকা, যেমন ক্লসাইন বিএসএসএল, জিওটিএস

এটা কীভাবে যাচাই করা যাবে:

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- বাস্তবায়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত হলো উদ্দেশ্য, লক্ষ্য, কার্যপরিকল্পনা, এবং গৃহীত পদক্ষেপ।
- বর্তমানে ব্যবহার হওয়া সেইসব রাসায়নিকগুলোকে কারখানাটি চিহ্নিত করেছে যেগুলোতে বিপজ্জনক রাসায়নিক অথবা এমআরএসএল রয়েছে অথবা থাকতে পারে
- বিপজ্জনক রাসায়নিক(গুলো)র একটি তালিকা এবং বরাদ্দকৃত দায়িত্ব এবং পদক্ষেপ গ্রহণের একটি সময়সীমা সহ কার্যপরিকল্পনা। কার্যপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকা উচিতঃ
 - রাসায়নিকের নাম;
 - ওতে থাকা বিপজ্জনক উপাদান;
 - প্রকাশের মূল্যায়ণ যার অন্তর্গত থাকবে তীব্রতা, হার, সময়সীমা, এবং কোনো পদার্থের দিকে যাওয়ার গতিপথের অনুমান;
 - এইধরনের রাসায়নিক এবং সংশ্লিষ্ট সময়সীমার ব্যবহারকে অপসারণ করার জন্য প্রয়োজনীয় উপকরণ;
 - ব্যবহারের জন্য বিকল্প/প্রতিস্থাপনকারী রাসায়নিকের তালিকা;
 - অপসারণ সম্পূর্ণ হওয়ার জন্য সময়সীমা;
 - বিকল্পগুলো এবং তাদের কর্মকুশলতা পর্যবেক্ষণ করার প্রক্রিয়া।

আংশিক হ্যাঁ

- কাজের চেকলিস্ট সহ বাস্তবায়ন পরিকল্পনা যা কৌশল দ্বারা সহায়তাপ্রাপ্ত নয় (উদ্দেশ্য, লক্ষ্য, পরিকল্পনা, ইত্যাদি।)
- কোনো সক্রিয় তালিকা নেই; বিকল্প পরীক্ষানিরীক্ষার জন্য গবেষণাগার/ প্রথম উৎপাদনের রেকর্ড রয়েছে।

যে ফেসিলিটি **ফেসিলিটি টুলিং এবং/অথবা ক্রিয়াকলাপের ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক ব্যবহার**

করে:

হ্যাঁ

- বাস্তবায়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত হলো উদ্দেশ্য, লক্ষ্য, কার্যপরিকল্পনা, এবং গৃহীত পদক্ষেপ।
- বিপজ্জনক রাসায়নিক(গুলো)র একটি তালিকা এবং বরাদ্দকৃত দায়িত্ব এবং পদক্ষেপ গ্রহণের একটি সময়সীমা সহ কার্যপরিকল্পনা।

আংশিক হ্যাঁ

- কাজের চেকলিস্ট সহ বাস্তবায়ন পরিকল্পনা যা কৌশল দ্বারা সহায়তাপ্রাপ্ত নয় (উদ্দেশ্য, লক্ষ্য, পরিকল্পনা, ইত্যাদি।)
- কোনো সক্রিয় তালিকা নেই; বিকল্প পরীক্ষানিরীক্ষার জন্য গবেষণাগার/ প্রথম উৎপাদনের রেকর্ড রয়েছে।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- বিপজ্জনক রাসায়নিক(গুলো)র একটি তালিকা এবং বরাদ্দকৃত দায়িত্ব এবং পদক্ষেপ গ্রহণের একটি সময়সীমা সহ কার্যপরিকল্পনা।
- গবেষণাগারে অথবা প্রারম্ভিক কারখানায় বিকল্প রাসায়নিকের পরীক্ষানিরীক্ষা অগ্রসর হওয়া অথবা অস্বীকার করার জন্য পরিণতিগুলোকে নথিভুক্ত করে।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- উর্ধ্বতন কর্তৃপক্ষ, ইএইচএস ম্যানেজার, রাসায়নিক ম্যানেজার এবং/অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি(বর্গ)

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- সক্রিয় পরিকল্পনা অথবা বিকল্প রাসায়নিক মূল্যায়ণ প্রক্রিয়ার পর্যালোচনা যেমন গবেষণাগার, পাইলট ফেসিলিটির ডকুমেন্ট

১৬। আপনার কারখানা কি

প্রবিধান এবং/অথবা আরএসএল /এমআরএসএল তালিকাভুক্ত সুনির্দিষ্ট রাসায়নিকগুলো ছাড়াও ইতিবাচক একটি তালিকা থেকে ইতিমধ্যে অনুমোদিত অথবা প্রাধান্যপ্রাপ্ত রাসায়নিক সরবরাহের ব্যবস্থা করে?

(টীকাঃ সমস্ত কিছু আপলোড করার প্রয়োজন নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) প্রস্তাবিত আপলোডের অন্তর্ভুক্ত হতে পারে নিচের কয়েকটি অভ্যাসগুলোকে প্রদর্শন করার জন্যঃ ক) একটি ইতিবাচক তালিকার অ্যাক্সেস প্রদর্শন (যেমন BLUESIGN® ক্লফাইন্ডার লাইসেন্স); খ) রাসায়নিক ইনভেন্টরি যাতে রাসায়নিক ফর্মুলেশনগুলো এবং তাদের সরবরাহকারীরা তালিকাভুক্ত রয়েছে - একটি ইতিবাচক তালিকা থেকে প্রাপ্ত রাসায়নিকগুলোকে রাসায়নিক ইনভেন্টরিতে চিহ্নিত করা উচিত (যদি আগে আপলোড করে থাকেন, তাহলে লাগবে না); গ) ক্রয়ের সমর্থনে ডকুমেন্টগুলো; ঘ) ক্রয় চুক্তির ভাষা ইতিবাচক তালিকাগুলো থেকে রাসায়নিকের প্রাপ্তিকে সমর্থন করার জন্য; ঙ) প্রক্রিয়ার ডকুমেন্টেশন অভ্যন্তরীণ এবং বহিরাগত দায়িত্বগুলোকে চিহ্নিত করার জন্য

সেইসকল ফেসিলিটির জন্য যেগুলি **উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না:**

উত্তরে হ্যাঁ বলবেন কেবলমাত্র যদি রাসায়নিকের ইনভেন্টরিতে 50%-এর বেশি রাসায়নিক ফর্মুলেশন (রাসায়নিকের সংখ্যার ভিত্তিতে%, আয়তনের নয়) একটি ইতিবাচক তালিকা থেকে সরবরাহ করা হয়ে থাকে যেমন, জেডডিএইচসি কেমিক্যাল গেটওয়ে, ক্লাসাইন®, জিওটিএস, এবং/অথবা ওইকেও-টিইএক্স® ইকো পাসপোর্ট।

যদি আপনার কাছে একটি ইতিবাচক তালিকার রাসায়নিক থাকে যেটি আপনার ভাগ্যের 50%-এর কম পূরণ করে তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলুন।**

সেইসকল ফেসিলিটির জন্য **যারা উৎপাদনে রাসায়নিক ব্যবহার করে না:**

উত্তরে হ্যাঁ বলুন কেবলমাত্র যদি রাসায়নিক ইনভেন্টরির 10%-এর বেশি রাসায়নিক ফর্মুলেশন (রাসায়নিকের সংখ্যার ভিত্তিতে%, আয়তন নয়) একটি ইতিবাচক তালিকা থেকে সরবরাহ করা হয়েছে যেমন জেডডিএইচসি এমআরএসএল লেভেল 3, ক্লাসাইন® (BLUESIGN®), জিওটিএস, এবং/অথবা ওইকেও-টিইএক্স® (OEKO-TEX®) C2C প্রত্যয়িত, কম আইকিউ স্ক্রিনে অনুমোদিত রাসায়নিক, ইত্যাদি।

যদি আপনার কাছে একটি ইতিবাচক তালিকার রাসায়নিক থাকে যেটি আপনার ভাগ্যের 10%-এর কম পূরণ করে তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলুন।**

প্রয়োগগত প্রধান কর্মকুশলতার সূচক: রাসায়নিক নির্বাচন, যোগাড়, এবং ক্রয়ের অভ্যাস

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নটি সেইসব নির্মাতাকে পুরস্কৃত করার উদ্দেশ্যে করা হয়েছে যারা মানুষ এবং আমাদের পরিবেশের জন্য বেশি বিপজ্জনক রসায়নের পরিবর্তে সক্রিয়ভাবে কম বিপজ্জনক এবং ঝুঁকিসম্পন্ন রাসায়নিকগুলোকে খোঁজেন। এই কার্যক্রমগুলো সাধারণত প্রবিধানগত ঝুঁকিতে অভিনিবেশকারী এমআরএসএল এবং আরএসএল-কে অতিক্রম করে যায়।

বিপজ্জনক রাসায়নিকগুলোকে প্রতিস্থাপন করা পরিবেশ, কর্মীদল, ক্রেতা এবং জনস্বাস্থ্যের ঝুঁকি কম করার ক্ষেত্রে একটি প্রাথমিক পরিমাপ। ইতিবাচক বিকল্পগুলোকে চিহ্নিত করার জন্য বিবিধ ব্র্যান্ড-চালিত এবং তৃতীয়-পক্ষীয় কর্মসূচী রয়েছে। ক্রয় করা রাসায়নিকের মধ্যে যাতে বিপজ্জনক পদার্থ না থাকে সেটি সুনিশ্চিত করার জন্য নির্ভরযোগ্য ইতিবাচক তালিকা থেকে রাসায়নিক ফর্মুলেশন কেনা একটি আর্থিকভাবে লাভজনক ব্যবস্থা। এই বিকল্পগুলোর জন্য চাহিদা বৃদ্ধি করা, এবং সামগ্রিকভাবে সবুজ রসায়নের উদ্যোগ নেয়া, বয়ন এবং জুতো শিল্পের ক্ষেত্রে অস্তিত্বগত কর্মকুশলতার সার্বিক উন্নতির জন্য একটি গুরুত্বপূর্ণ চালক।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বিপজ্জনক পদার্থকে চিহ্নিত করার জন্য নির্দিষ্ট ফর্মুলেশনের উপাদানগুলোকে স্ক্রীন করার মাধ্যমে ইতিবাচক তালিকা গঠন করার বিষয়টি খেয়াল করা গুরুত্বপূর্ণ। ফর্মুলেশনে ব্যবহৃত রাসায়নিকের উপাদানগুলোর এবং এইসব রাসায়নিকের নির্মাতা কারখানাগুলোর গুণগত প্রক্রিয়ার একটি মূল্যায়নের বিষয়টি ইতিবাচক তালিকাগুলোর বিবেচনা করা উচিত। এই দ্বিতীয় দৃষ্টিকোণটি দীর্ঘ সময় ধরে রাসায়নিক ফর্মুলেশনের উপাদানের স্থায়ীত্ব নিশ্চিত করা এবং অবাঞ্ছিত অশুদ্ধতা খুঁজে পাওয়ার ঝুঁকিকে সীমাবদ্ধ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। সেফটি ডেটা শিটে প্রাপ্ত রাসায়নিক মিশ্রণের উপাদান সম্পর্কিত তথ্য (কেবলমাত্র) ইতিবাচক তালিকা তৈরির জন্য ব্যবহার করা উচিত নয় যেহেতু এসডিএস-এ প্রাপ্ত বিবরণের স্তর সাধারণত অশুদ্ধতা বা অনিচ্ছাকৃতভাবে যুক্ত হয়ে যাওয়া সেইসব পদার্থকে চিহ্নিত করে না যেগুলো প্রায়শই একটি আরএসএল বা এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যবিহীনতার উৎস হতে পারে।

বিবেচনা করার জন্য কয়েকটি ইতিবাচক তালিকা হলোঃ
রেফারেন্সঃ

- BLUESIGN® ক্লফাইণ্ডার (*bluesign® অনুমোদিত যেকোনো রাসায়ন একটি ইতিবাচক তালিকার অংশ হিসেবে ধরে নেয়া যেতে পারে - এর অন্তর্ভুক্ত হলো নীল অথবা ধূসর, উভয় হিসেবে চিহ্নিত রাসায়ন।*)
- জেডডিএইচসি এমআরএসএল লেভেল ৩ (উৎপাদনের তত্ত্বাবধান সহ)
- টেক্স মূল্যায়ন সহ সম্পূর্ণ উপাদানগত উদ্ঘাটন
- খরিদদারকে সরবরাহকারী এমআরএসএল / কমআইকিউ স্ক্রিনিং সহ রাসায়নিকগুলোর জন্য ইতিবাচক তালিকা।
- অন্যগুলোকে কারখানা নথিবদ্ধ করবে

সাসটেইনিবিলিটি কনসর্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইলস টুলকিট-এর প্রতিক্রিয়া তথ্যভুক্ত করার জন্য এই প্রস্তুতি ব্যবহার করা যায়। প্রায়োরিটি কেমিক্যালস ম্যানেজমেন্ট কী পারফরম্যান্স ইন্ডিকের উত্তরদাতাদের থেকে অগ্রাধিকারভিত্তিক রাসায়নিকের তথ্য চায়। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য।

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- জেডডিএইচসি গেটওয়ে – রাসায়নিক মডুল - <http://gateway.roadmaptozero.com/>
- BLUESIGN® ক্লফাইণ্ডার - <https://www.bluesign.com/industry/bluesign-system/web-applications/bluesign-bluefinder>

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**
হ্যাঁ:

- প্রমাণ দিয়েছে যে রাসায়নিক তালিকায় রাসায়নিক ফর্মুলেশনের ৫০%-এরও বেশি (রাসায়নিকের সংখ্যার ভিত্তিতে %, আয়তন নয়) একটি ইতিবাচক তালিকা থেকে নেয়া হয়েছে
- অগ্রাধিকার-প্রাপ্ত রাসায়নিকের তালিকা থেকে সরবরাহ-প্রাপ্ত যেমন জেডডিএইচসি গেটওয়ে - রাসায়নিক মডুল, ক্লসাইন®, , জিওটিএস, ওকোটেক্স, ইত্যাদি।

অংশত হ্যাঁ

- ইতিবাচক তালিকা থেকে প্রাপ্ত রাসায়নিক ভাণ্ডারের রাসায়নিক ফর্মুলেশন রাসায়নিক ভাণ্ডারের ৫০%-এরও কম উপস্থাপন করে (রাসায়নিকের সংখ্যার ভিত্তিতে %, আয়তনের নয়)

যেসকল ফেসিলিটি ফেসিলিটি টুলিং এবং/অথবা কার্যসম্পাদনার ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক ব্যবহার করে:

হ্যাঁ

- প্রমাণ দিয়েছে যে রাসায়নিক তালিকায় রাসায়নিক ফর্মুলেশনের ১০%-এরও বেশি (রাসায়নিকের সংখ্যার ভিত্তিতে %, আয়তন নয়) একটি ইতিবাচক তালিকা থেকে নেয়া হয়েছে

আংশিক হ্যাঁ

- ইতিবাচক তালিকা থেকে প্রাপ্ত রাসায়নিক ভাণ্ডারের রাসায়নিক ফর্মুলেশন রাসায়নিক ভাণ্ডারের ১০%-এরও কম উপস্থাপন করে (রাসায়নিকের সংখ্যার ভিত্তিতে %, আয়তনের নয়)

আবশ্যিক ডকুমেন্টেশন:

- একটি ইতিবাচক তালিকায় অ্যাক্সেস থাকাটা দেখান (উদাহরণঃ ক্লসাইন® ক্লফাইপার লাইসেন্স)
- রাসায়নিক ভাণ্ডার যেটিতে রাসায়নিক ফর্মুলেশন এবং সংশ্লিষ্ট রাসায়নিক সরবরাহকারী তালিকাভুক্ত আছে। একটি ইতিবাচক তালিকা থেকে প্রাপ্ত রাসায়নিকের উৎস রাসায়নিকের ভাণ্ডারে চিহ্নিত হওয়া উচিত
- ক্রয়ের সহায়ক কাগজপত্র
- ইতিবাচক তালিকা থেকে রাসায়নিক যোগাড়ের বিষয়টির সহায়তা প্রদানে ক্রয় চুক্তির ভাষা
- অভ্যন্তরীণ এবং বাহ্যিক দায়িত্বগুলোকে চিহ্নিত করার জন্য প্রক্রিয়ার ডকুমেন্টেশন

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- উর্ধ্বতন কর্তৃপক্ষ, রাসায়নিক ম্যানেজার, পারচেজিং ম্যানেজার

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- প্রকৃত তালিকা এবং অভ্যাসগুলোকে পর্যালোচনা করুন
- যেকোনো ক্রয় এবং রশিদগুলোকে নির্বাচিত কিছু রাসায়নিকের (অন্তত 2 টি) ইতিবাচক তালিকার প্রেক্ষিতে যাচাই করুন।

রাসায়নিক ব্যবস্থাপনা - স্তর 3

১৭। বিকল্প মূল্যায়নের জন্য রাসায়নিক বেছে নেয়ার জন্য কি আপনার কারখানা ব্র্যান্ড এবং/অথবা রাসায়নিক সরবরাহকারীর সাথে সমন্বয়ের মাধ্যমে কাজ করে?

যেটি প্রযোজ্য সেটি বেছে নিনঃ

- নির্মাণ প্রক্রিয়ায় ব্যবহৃত সমস্ত রাসায়নিক
- টুলিং/যন্ত্রপাতি (লুব্রিক্যান্ট এবং গ্রিজ)-এ ব্যবহৃত রাসায়নিক
- কারখানার ক্রিয়াকলাপ এবং রক্ষণাবেক্ষণে ব্যবহৃত সমস্ত রাসায়নিক

আপলোড করুনঃ ক) রাসায়নিকের জন্য বিকল্পগুলোর প্রাধান্য-প্রাপ্ত তালিকা; খ) এমআরএসএল/আরএসএল, উদ্বেগজনক তালিকা/ প্রার্থী তালিকার আরইএসিএইচ এসডিএইচসি তালিকা (আগে আপলোড করা হয়ে থাকলে দরকার নেই); গ) কারখানা, ক্রেতা, এবং রাসায়নিক সরবরাহকারীদের মধ্যে বিকল্প বিষয়ে সহযোগমূলক সভার আলাপ-আলোচনা।

একটি পণ্য ব্যর্থ হতে পারে বা সঙ্গতি রক্ষা করতে অসমর্থ হতে পারে এরকম অনুতাপজনক কোনো বিকল্প প্রতিরোধ করার জন্য বিকল্পগুলোর বিষয়ে ভ্যালু চেইনের অংশীদারদের সম্মিলিতভাবে কাজ করা উচিত।

যদি রাসায়নিকের সমস্ত শ্রেণীর জন্য বিকল্পের ক্ষেত্রে আপনি সম্মিলিতভাবে কাজ করে থাকেন আপনাকে **পুরো পয়েন্ট** দেয়া হবে।

কেবলমাত্র কিছু শ্রেণীর রাসায়নিকের জন্য যদি আপনি বিকল্পকে প্রাধান্য দিয়ে থাকেন তবে আপনাকে **আংশিক পয়েন্ট** দেয়া হবে।

প্রয়োগগত প্রধান কর্মকুশলতার সূচক: রাসায়নিক নির্বাচন, যোগাড়, এবং ক্রয়ের অভ্যাস

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

বিকল্পগুলোর একটি তালিকা তৈরিকে প্রাধান্য দেয়ার জন্য একত্রে কাজ করুন। উদ্বেগজনক পদার্থ অথবা নিষিদ্ধ পদার্থের বিকল্প খোঁজার জন্য যেসব কারখানাগুলো ব্র্যান্ড এবং রাসায়নিক সরবরাহকারীদের সাথে যুক্ত হয়ে কাজ করছে তাদের পুরস্কৃত করাই এই প্রশ্নের উদ্দেশ্য। একটি পণ্যের ব্যর্থ হওয়া বা সামঞ্জস্যবিধানে অসমর্থ হওয়ার মতো অনুতাপজনক কোনো পরিস্থিতিতে প্রতিরোধ করার জন্য বিকল্পগুলোর বিষয়ে ভ্যালু চেইনের অংশীদারদের সম্মিলিতভাবে কাজ করা খুবই গুরুত্বপূর্ণ।

অগ্রাধিকার দেয়ার জন্য, প্রয়োজনীয় যে বিশ্লেষণগুলো করতে হবে সেগুলো হলোঃ ক) দূষণের নির্ণায়ক এবং খ) জীবনবৃত্তের মূল্যায়ণ - সামনে আসা প্রশ্নগুলো। এখানে চালিকাশক্তিটি হলো একত্রে প্রাধান্য দেয়ার প্রতি একনিষ্ঠতা।

বিপজ্জনক পদার্থের রাসায়নিক ব্যবস্থাপনা একটি জটিল এবং চাহিদায়ুক্ত প্রক্রিয়া। উদ্বেগজনক পদার্থের জন্য বেশি সহযোগিতা আরও উত্তম অগ্রাধিকার, খরিদারের সন্তুষ্টি, এবং শিল্পক্ষেত্রে উন্নতি ঘটাতে সক্ষম করে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বিপজ্জনক পদার্থ সহ রাসায়নিকের ব্যবহারের বিকল্প গঠনের জন্য সহযোগিতা বিভিন্ন রূপে হতে পারে। নির্ণায়ক পদ্ধতিটি সহযোগিতাকে গুরুত্ব দিয়ে বিপজ্জনক পদার্থের বিকল্প খোঁজার জন্য নেতৃত্ব দেয়ার ক্ষেত্রে কারখানার সক্ষমতাকে পরিমাপ করে।

রেফারেন্সঃ জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১ (মে ২০২০) - অধ্যায় ৩

- সাসটেইনিবিলিটি কনসার্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইলস টুলকিট-এর প্রতিক্রিয়া তথ্যভুক্ত করার জন্য এই প্রশ্নটি ব্যবহার করা যায়। প্রায়োরিটি কেমিক্যালস ম্যানেজমেন্ট কী পারফরম্যান্স ইন্ডিকেটর উত্তরদাতাদের থেকে অগ্রাধিকারভিত্তিক রাসায়নিকের তথ্য চায়। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য।

ধারণাটি সুদৃঢ়ভাবে শক্তিশালী হয়ে উঠতে পারে যদি কারখানাগুলো অ্যাপ্লিকেশন তৈরির মাধ্যমে নতুন পণ্য তৈরি বা ক্ষতিকর রাসায়নিকগুলোর বিকল্প গঠনের জন্য সরবরাহকারী, ব্র্যান্ড এবং গবেষণা কেন্দ্রগুলোর সাথে সহযোগিতা করে, যাতে আদতে সমাজ এবং শিল্পের লাভ হবে (যেমন, প্লাজমা প্রযুক্তি এবং শক্তি সংরক্ষণকারী রাসায়নিক সহ ডিডাল্ক্যুআর ফিনিশ অ্যাপ্লিকেশন ইত্যাদি।)

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

প্রত্যাশা হলো একটি রাসায়নিকের জন্য বিকল্পগুলোর একটি অগ্রাধিকার-প্রাপ্ত তালিকা তৈরি করা।

যেসব ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ** ব্যবহার করে:

হ্যাঁ

- রাসায়নিকের বিকল্প, উদ্বেগজনক পদার্থ, এবং/অথবা নিষিদ্ধ পদার্থের তালিকার ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে কারখানার একটি প্রক্রিয়া আছে। এটি স্বচ্ছ এবং নথিভুক্ত এবং এতে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত আছেঃ
 - নির্মাণ প্রক্রিয়ায় ব্যবহৃত সমস্ত রাসায়নিক
 - টুলিং/যন্ত্রপাতি (লুব্রিক্যান্ট এবং গ্রিজ)-এ ব্যবহৃত রাসায়নিক
 - কারখানা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণে ব্যবহৃত সমস্ত রাসায়নিক।

- কারখানার একটি অগ্রাধিকার-প্রাপ্ত বিকল্প তালিকা আছে একটি রাসায়নিকের জন্য একটি স্বচ্ছ, বিজ্ঞান-ভিত্তিক, সরল এবং যুক্তিযুক্ত ব্যবস্থার মাধ্যমে যা রাসায়নিকগুলোকে এবং/অথবা মূল্যায়ন করে।

আংশিক হ্যাঁ

- রাসায়নিকের বিকল্প, উদ্বেগজনক পদার্থ, এবং/অথবা নিষিদ্ধ পদার্থের তালিকার ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে কারখানার একটি প্রক্রিয়া আছে। এটি স্বচ্ছ এবং নথিবদ্ধ কিন্তু নির্মাণ, টুলিং এবং রক্ষণাবেক্ষণ রাসায়নিকগুলোতে ব্যবহৃত সমস্ত রাসায়নিক এর আওতাধীন নয়।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- রাসায়নিকগুলোর জন্য অগ্রাধিকার-প্রাপ্ত বিকল্পগুলোর একটি তালিকা
- এমআরএসএল/আরএসএল, উদ্বেগজনক পদার্থের তালিকা/ প্রার্থী তালিকা, আরইএসিএইচ এসভিএইচসি (REACH SVHC) তালিকা
- কারখানা, খরিদদার, এবং রাসায়নিক সরবরাহকারীদের মধ্যে সহযোগিতামূলক আলোচনার বিবরণ

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- আঞ্চলিক/বৈশ্বিক স্তরে রাসায়নিকের প্রয়োজনীয়তা সম্পর্কে গ্রাহক এবং রাসায়নিক সরবরাহকারীদের সাথে সহযোগিতা করার প্রক্রিয়াটি উর্ধ্বতন কর্তৃপক্ষ ব্যাখ্যা করতে পারেন
- রাসায়নিকের অগ্রাধিকার-প্রাপ্ত বিকল্পগুলোকে হালনাগাদ করার ক্ষেত্রে কর্তৃপক্ষ এবং প্রধান কর্মীদের অবহিত থাকার বিষয়টি নিশ্চিত করুন

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- রাসায়নিকের অগ্রাধিকার-প্রাপ্ত বিকল্পের তালিকা পর্যালোচনা করুন
- এমআরএসএল/আরএসএল, উদ্বেগজনক পদার্থের তালিকা/ প্রার্থী তালিকা, আরইএসিএইচ এসভিএইচসি (REACH SVHC) তালিকা পর্যালোচনা করুন
- কারখানা, খরিদদার, এবং রাসায়নিক সরবরাহকারীদের মধ্যে বিকল্প বিষয়ে সহযোগিতামূলক আলোচনার বিবরণ পর্যালোচনা করুন

১৮। আপনার কারখানা কি এই বিকল্প প্রক্রিয়ার জন্য মানুষ এবং পরিবেশ সংক্রান্ত ঝুঁকির শর্তাবলীর প্রেক্ষিতে রাসায়নিক বিশ্লেষণ করিয়েছে (যেমন, অধ্যবসায়ী, জৈব-সমন্বিত, এবং দূষিত)?

আপোলোডের জন্য সুপারিশ: ক) বিপজ্জনক রাসায়নিকগুলোর বিশ্লেষণের রিপোর্ট, যেমন স্ক্রীনড কমিসিওন অথবা ক্রেডলস্কেডল মূল্যায়ণ; খ) বিপদের শর্তাবলীর পরিপ্রেক্ষিতে কারখানাটি নিজের

বিকল্পগুলো মূল্যায়ণ করেছে এমন প্রমাণ।

ফেসিলিটির ভেতরে যদি বিপজ্জনক রাসায়নিকের জন্য একটি অভ্যন্তরীণ মূল্যায়ণ সম্পন্ন করানো হয়ে থাকে এবং পদক্ষেপকে অগ্রাধিকার দেয়ার জন্য আরো নিরাপদ বিকল্পগুলোর উদ্দেশ্যে রাসায়নিক ব্যবহারকে উৎসাহিত করার জন্য আপনি এই তথ্যাবলী ব্যবহার করে থাকেন, তাহলে **উত্তরে হ্যাঁ বলবেন।** মূল্যায়ণে বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করতে হবে ঝুঁকিপূর্ণ একটি পদার্থের সাথে জড়িত ঝুঁকি এবং সেটির সংস্পর্শে আসার একটি মূল্যায়ণ।

আপনি যদি মূল্যায়ণ সম্পন্ন করে থাকেন কিন্তু পরবর্তী পদক্ষেপকে প্রাধান্য না দিয়ে থাকেন তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলবেন।**

অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর: পণ্যের গুণগত মান / বিশুদ্ধতা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

কারখানাটি যে রাসায়নিক পণ্যটি ব্যবহার করছে তার সাথে সংশ্লিষ্ট বিপদের ভিত্তিতে সেটিকে চিহ্নিত করা, এবং তারপরে সেই জ্ঞানটুকুকে এই বিপজ্জনক রাসায়নিকটিকে হ্রাস করা, প্রতিস্থাপন করা এবং অবশেষে অপসারণ করার ক্ষেত্রে একটি নির্বাচিত সিদ্ধান্ত গ্রহণে ব্যবহার করার জন্য এই প্রশ্নে রেফার করা বিকল্প প্রক্রিয়াটিই হলো কারখানার একটি প্রক্রিয়া। স্তর ২-এর মতো তালিকা-বহির্ভূত বিপদগুলোকে চিহ্নিত করার জন্য কারিগরি জ্ঞান প্রয়োজন। যদি এটি করা হয়, তাহলে তা বর্তমান বা প্রকল্পিত রাসায়নিকগুলোকে প্রতিস্থাপন করার উদ্দেশ্যে করা হবে। বিকল্প মূল্যায়ণের প্রসঙ্গে এই আচরণের জন্য কারখানাগুলোকে পুরস্কৃত করা উচিত। চিহ্নিত বিপজ্জনক সাবস্ট্যান্সগুলোকে নিষিদ্ধ করা অথবা প্রতিস্থাপন করার সিদ্ধান্ত এই সাবস্ট্যান্সের সংস্পর্শে এলে সম্ভাব্য সংশ্লিষ্ট বিপদের হিসাব যুক্ত করে নেয়া উচিত। সংস্পর্শে আসাকে অবহেলা করাটা পণ্যের ঝুঁকির ক্ষেত্রে অত্যন্ত ভুল হিসেবে পরিণত হতে পারে, যার ফলশ্রুতি হিসেবে পণ্যের দৃষ্টিকোণ তৈরিতে ভুল উদ্যোগ নেয়া হবে। দৃশ্যপটের মূল্যায়ণের মাধ্যমে সংস্পর্শে আসার হিসেবটা আমরা আলোচনা করব, যেখানে দৃশ্যপটগুলো সাবস্ট্যান্সের ব্যবহারের উপরে নির্ভরশীল।

এই সহায়তাটি সংস্পর্শে আসার ঝুঁকির শ্রেণীবিভাগকে নির্ধারণ করে (যেমন BLUESIGN® স্তরগুলো ১, ২, ৩) যেগুলো চূড়ান্ত ব্যবহারের সাথে সম্পর্কিত (যেমন বাচ্চাদের পণ্য, ত্বকের কাছাকাছি, ত্বকের সাথে সম্পর্কিতভাবে বাইরের স্তরের কাছাকাছি, ইত্যাদি)। কোন ফর্মুলেশনটি পণ্যের চূড়ান্ত ক্রিয়াকলাপের আবশ্যিকতাকে এবং রাসায়নিকের সংস্পর্শে আসার ঝুঁকির ক্ষেত্রে সর্বোত্তম সহায়তা প্রদান করবে তা নির্ধারণ করতে এটি একজন সরবরাহকারীকে সহায়তা প্রদান করে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

খরিদারের চাপ এবং প্রবিধানগত বাধ্যবাধকতাগুলোর প্রতিক্রিয়ায় রাসায়নিক বিপদের মূল্যায়ণ খুচরো বিক্রেতা, ব্র্যান্ড, এবং উপকরণের সরবরাহকারীদের দ্বারা আরো নিরাপদ বিকল্পের মাধ্যমে সম্ভাব্য প্রতিস্থাপনকে চিহ্নিত করা এবং অগ্রাধিকার প্রদানের জন্য ব্যবহৃত হয়।

বিপজ্জনক রাসায়নিক হলো সেগুলো যেগুলো অন্তর্নিহিতভাবে বিপজ্জনক চরিত্র প্রদর্শন করে থাকে - অটল, জৈব-সুপসম্পন্ন, এবং ক্ষতিকর (পিবিটি); অত্যন্ত অটল এবং অত্যন্ত জৈব-সুপসম্পন্ন (ভেরি পার্সিস্টেন্ট অ্যান্ড ভেরি বায়ো-অ্যাক্যুমুলেটিভ, ভিপিভিবি); ক্যান্সার-উৎপাদনকারী, মিউটেশন সংঘটনকারী, এবং সন্তান উৎপাদনের ক্ষেত্রে ক্ষতিকর (কার্সিনোজেনিক, মিউটােজেনিক, টক্সিক ফর রিপ্ৰোডাকশন, সিএমআর); এন্ডোক্রিনের ক্ষেত্রে বাধাদানকারী (এন্ডোক্রিন ডিসরাপ্টর, ইডি); অথবা সমতুল উদ্বেগের কারণসম্পন্ন রাসায়নিক - কেবলমাত্র সেগুলো নয় যেগুলোকে অন্যান্য অধিক্ষেত্রগুলোতে প্রবিধানের আওতায় আনা হয়েছে অথবা নিয়ন্ত্রিত করা হয়েছে।

রেফারেন্স: জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১ (মে ২০২০) - অধ্যায় ৩

বিপদের একটি মূল্যায়ণ হিসেব করার লাভগুলো নিচে দেয়া হলো:

- এই ব্যবস্থাটিকে একটি আরোপিত রাসায়নিক সাবস্ট্যান্সকে মূল্যায়ণ করা এবং বিকল্পগুলোর সাথে তুলনা করার জন্য ব্যবহার করা যেতে পারে। স্বাভাবিকভাবেই কম বিপজ্জনক বিকল্প রাসায়নিকগুলোকে চিহ্নিত করা, এবং জনস্বাস্থ্য এবং পরিবেশের জন্য অধিক ক্ষতিকর প্রতিস্থাপকগুলোকে প্রতিরোধ করাই হলো লক্ষ্য।
- এই ব্যবস্থাটি তথ্য প্রযুক্তির টুলগুলোর ক্ষেত্রে অভিযোজনক্ষম, যার ফলে এটি অপেক্ষাকৃত কম সময়ের মধ্যে বৃহৎ সংখ্যক রাসায়নিককে স্ক্রীন করতে, এবং রাসায়নিক এবং উপকরণগুলোর ব্যাপকতর প্রোফাইলিংয়ের জন্য নির্দেশনা প্রদান করতে সক্ষম হয়।
- এই ব্যবস্থাটি বহুবিধ শিল্পক্ষেত্র সম্পর্কিত বিভাগের ক্ষেত্রে অভিযোজনক্ষম এবং রাসায়নিক বিপদের ক্ষেত্রে একটি বিজ্ঞানভিত্তিক পদ্ধতি প্রদান করে যাতে কম বিপজ্জনক বিকল্পগুলোকে চিহ্নিত করা যায়।

রেফারেন্স: সাসটেইনিবিলিটি কনসার্টিয়ামের হোম অ্যান্ড অ্যাপারেল টেক্সটাইলস টুলকিট-এর প্রতিক্রিয়া তথ্যভুক্ত করার জন্য এই প্রশ্নটি ব্যবহার করা যায়। প্রায়োরিটি কেমিক্যালস ম্যানেজমেন্ট কী পারফরম্যান্স ইন্ডিকেটর উত্তরদাতাদের থেকে অগ্রাধিকারভিত্তিক রাসায়নিকের তথ্য চায়। ব্র্যান্ডগুলি কারখানার উপাত্ত একত্রিত করতে পারে টিএসসির প্রশ্নের উত্তর দেয়ার জন্য।

শব্দকোষ:

বিপজ্জনক রাসায়নিকগুলো: বিপজ্জনক রাসায়নিক হলো সেগুলো যেগুলো অন্তর্নিহিত রূপে বিপজ্জনক বৈশিষ্ট্য প্রদর্শন করে - অটল, জৈব-সুপসম্পন্ন, এবং ক্ষতিকর (পিবিটি); অত্যন্ত অটল এবং অত্যন্ত জৈব-সুপসম্পন্ন (ভেরি পার্সিস্টেন্ট অ্যান্ড ভেরি বায়ো-অ্যাক্যুমুলেটিভ, ভিপিভিবি); ক্যান্সার-উৎপাদনকারী, মিউটেশন সংঘটনকারী, এবং সন্তান উৎপাদনের ক্ষেত্রে ক্ষতিকর (কার্সিনোজেনিক, মিউটােজেনিক, টক্সিক ফর রিপ্ৰোডাকশন, সিএমআর); এন্ডোক্রিনের ক্ষেত্রে বাধাদানকারী (এন্ডোক্রিন ডিসরাপ্টর, ইডি); অথবা

সমতুল উদ্বোধনের কারণসম্পন্ন রাসায়নিক - কেবলমাত্র সেগুলো নয় যেগুলোকে অন্যান্য অধিক্ষেত্রগুলোতে প্রবিধানের আওতায় আনা হয়েছে অথবা নিয়ন্ত্রিত করা হয়েছে।

রাসায়নিক বিপদের মূল্যায়ণ শুরু করার জন্য দয়া করে এই নির্দেশিকাটি ডাউনলোড করুন:

https://outdoorindustry.org/wp-content/uploads/2015/05/Haz_Assessment-2.pdf

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

নির্দেশিকাঃ বিপদের শর্তাবলীর প্রেক্ষিতে বিকল্পগুলোকে আপনি মূল্যায়ণ করেছেন সেটির সপক্ষে প্রমাণ দেয়াটা প্রত্যাশা।

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

- বিপজ্জনক রাসায়নিকের একটি মূল্যায়ণ কারখানাতে করা হয়েছে এবং কারখানাটি আরো নিরাপদ বিকল্পের জন্য স্পষ্টভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে একটি কার্যপরিচালনাকে অগ্রাধিকার দেয়া এবং তৈরি করার জন্য এই তথ্যকে ব্যবহার করেছে। মূল্যায়ণে বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করতে হবে বিপজ্জনক একটি পদার্থের সাথে জড়িত ঝুঁকি এবং সেটির সংস্পর্শে আসার একটি মূল্যায়ণ।

আংশিক হ্যাঁ

- আমাদের কারখানায় বিপজ্জনক রাসায়নিক মূল্যায়ণ সংঘটিত হয়েছে কিন্তু পরবর্তী পদক্ষেপকে অগ্রাধিকার দেয়ার জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

ফেসিলিটি টুলিং এবং/অথবা কার্যসম্পাদনার ক্ষেত্রেই কেবলমাত্র রাসায়নিক ব্যবহার করে যে

ফেসিলিটিগুলি:

হ্যাঁ

- কারখানার ভেতরে বিপজ্জনক রাসায়নিকের জন্য একটি অভ্যন্তরীণ মূল্যায়ণ সম্পন্ন করানো হয়েছে এবং পদক্ষেপকে প্রাধান্য দেয়ার জন্য আরো নিরাপদ বিকল্পগুলোর উদ্দেশ্যে রাসায়নিক ব্যবহারকে উৎসাহিত করার জন্য কারখানাটি এই তথ্যাবলী ব্যবহার করেছে। মূল্যায়ণে বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করতে হবে বিপজ্জনক একটি পদার্থের সাথে জড়িত ঝুঁকি এবং সেটির সংস্পর্শে আসার একটি মূল্যায়ণ।

আংশিক হ্যাঁ

- আমাদের কারখানায় বিপজ্জনক রাসায়নিক মূল্যায়ণ সংঘটিত হয়েছে কিন্তু পরবর্তী পদক্ষেপকে অগ্রাধিকার দেয়ার জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- বিপজ্জনক রাসায়নিক মূল্যায়ণের রিপোর্ট
- বিপদ নির্ধারণের প্রেক্ষিতে বিকল্পগুলোকে কারখানাটি মূল্যায়ণ করেছে তার প্রমাণ।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- আরো নিরাপদ বিকল্পের দিকে রাসায়নিক ব্যবহারকে উৎসাহিত করা এবং পদক্ষেপকে অগ্রাধিকার দেয়ার জন্য এই তথ্যকে কীভাবে ব্যবহার করতে হবে সেটি কি প্রধান কর্মচারীরা বোঝেন?

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- বিপজ্জনক রাসায়নিকের রিপোর্ট পর্যালোচনা করুন।
- বিপদ নির্ধারণের প্রেক্ষিতে বিকল্পগুলোকে কারখানাটি মূল্যায়ণ করেছে তার প্রমাণগুলোকে পর্যালোচনা করুন

১৯। এই বিকল্প প্রক্রিয়াতে আপনার কারখানা কি জীবনবৃত্তীয় প্রভাবের বিশ্লেষণ করিয়ে থাকে?

প্রস্তাবিত আপলোড (যদি প্রযোজ্য হয়): ক) BLUESIGN® BlueXpert মূল্যায়ণ; খ) লাইফসাইক্ল অ্যাসেসমেন্ট স্ট্যাডিজ; গ) পানি, শক্তি, বর্জ্য ইত্যাদির জন্য নথিবদ্ধ মেট্রিক্স; ঘ) তৃতীয় পক্ষীয় মূল্যায়ণ; ঙ) এমএফসিএ (মেটেরিয়াল ফ্লো কন্সট অ্যাকাউন্টিং)

আপনার কারখানার উচিত রাসায়নিকের ব্যবহার, নির্মাণ প্রক্রিয়া, এবং যন্ত্রপাতিকে উন্নততর করা যাতে উৎপাদনের ধাপের সাথে সম্পর্কিত শক্তি এবং পানির ব্যবহার হ্রাস করা যায়। একটি উদাহরণ হতে পারে একটি রঞ্জক প্রক্রিয়া চলাকালীন পানির ব্যবহার হ্রাস করার জন্য একটি পৃথক রঞ্জক পদার্থ ব্যবহার করা।

অন্যান্য শক্তির ব্যবহার বা উৎপাদনে (যেমন পানি, শক্তি এবং বর্জ্য) এই প্রশ্নটি অভিনিবেশ করে, যা প্রশ্ন 18-তে রেফার করা বিপজ্জনক বিষয়বস্তুর ভিত্তিতে সংঘটিত রাসায়নিক মূল্যায়ণের বিপরীত।

আপনার কারখানাতে রাসায়নিক প্রতিস্থাপনের ক্ষেত্রে আপনি যদি পরিবেশগত প্রভাবগুলোকে (যেমন, পানির ব্যবহারবিধি, শক্তির ব্যবহারবিধি, বর্জ্য, বর্জ্যপানি, এবং নিষ্কমণের উপর প্রভাব) মূল্যায়ণ করে থাকেন তাহলে **উত্তরে হ্যাঁ বলবেন।**

প্রয়োগমূলক মূল কর্মকুশলতার সূচক: রাসায়নিক এবং প্রক্রিয়া উদ্ভাবন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নটি কেবলমাত্র রাসায়নিক ব্যবস্থাপনার অনেক উর্ধ্বে এবং অস্তিত্বরক্ষার ক্ষেত্রে ব্যাপকতর একটি ব্যবস্থা যেটি কারখানার ভেতরে এবং বাইরেও একটি পণ্যের জীবনবৃত্তের প্রতি মনোনিবেশ করে যেমন পানির ব্যবহার, শক্তির ব্যবহার, বর্জ্য, বর্জ্যপানি, নিষ্কমণ, ইত্যাদি।

পণ্য এবং রাসায়নিক জীবনচক্রের পর্যালোচনার উদ্দেশ্য হলো পণ্য এবং রাসায়নিকের পরিবেশগত ফুটপ্রিন্টকে সহায়তা প্রদান। লাইফসাইকেল মেট্রিক্স প্রতিষ্ঠা করার জন্য ফ্রেমওয়ার্ক রয়েছে যেটি গঠনগত এবং পরিমাপগত সহায়তা প্রদান করতে পারে। নির্মাণ প্রক্রিয়ার কার্যদক্ষতা অধিক পরিমাণে একইসাথে রাসায়নিকের ব্যবহার সহ নির্মাণ প্রক্রিয়া এবং যন্ত্রপাতিতে ভালো করে তোলার উপর নির্ভরশীল। রাসায়নিকের ব্যবহারের পরিমাণ হ্রাস করার মাধ্যমে, প্রক্রিয়ার সাথে সম্পর্কিত শক্তি এবং পানির ব্যবহার হ্রাস করার মাধ্যমে এবং তার ফলস্বরূপ ব্যবস্থাটির জীবনচক্রীয় প্রভাব হ্রাস করার মাধ্যমে এই তিনটি উপাদানের বৃদ্ধি গুরুত্বপূর্ণ সঞ্চয় করতে পারে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

- <http://www.lcacenter.org/>

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- http://wbcstdservers.org/wbcstdpublications/cd_files/datas/business-solutions/reaching-full-potential/pdf/Chemical%20Sector%20Life%20Cycle%20Metrics%20Guidance.pdf
- <http://www.ecoinvent.org/>

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসব ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ** ব্যবহার করে:

হ্যাঁ

BLUESIGN® BlueXpert ব্যবহার করে মূল্যায়ণ করা:

<https://www.bluesign.com/sites/bluexpert/about>

- পিএলসিএ/এলসিএ গবেষণা।
- পানি, শক্তি, বর্জ্য, ইত্যাদির জন্য নথিবদ্ধ মেট্রিক্স।
- ৩য় পক্ষীয় মূল্যায়ণ

আবশ্যিক ডকুমেন্টেশন:

- BLUESIGN® BlueXpert মূল্যায়ন
- পিএলসিএ/এলসিএ গবেষণা
- পানি, শক্তি, বর্জ্য, ইত্যাদির জন্য নথিবদ্ধ মেট্রিক্স।
- এমএফসিএ (মেটেরিয়াল ফ্লো কস্ট অ্যাকাউন্টিং)
- ৩য় পক্ষীয় মূল্যায়ণ

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- উর্ধ্বতন পরিচালকবর্গ, এনভায়রনমেন্টাল স্ট্রিউচার্ড,

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- কৌশলগুলোর বাস্তবায়নের জন্য কারখানাটিকে পর্যালোচনা করুন।

২০। আপনার নির্মাণ প্রক্রিয়ার সাথে সম্পর্কিত রাসায়নিকগুলোকে কি পণ্যের লট নম্বর থেকে রাসায়নিকের লট নম্বর পর্যন্ত ট্রেস করা যায়?

সুপারিশ করা আপলোডঃ ক) পণ্যের ব্যাচ কার্ড যাতে অন্তর্ভুক্ত থাকবে ব্যাচ নম্বর, তারিখ এবং উৎপাদনের পরিমাণ; খ) রেসিপি কার্ড, ফর্মালেশন শীট, প্রক্রিয়ারনির্দেশনা (যেখানে প্রযোজ্য), যাতে সমস্ত অনুসরণযোগ্য তথ্য থাকবে যেমন রাসায়নিকের নাম, লট নম্বর, এবং পরিমাণ; গ) রাসায়নিক মিশ্রণ/ ব্লেন্ডিং প্রক্রিয়ার লগ, ল্যাব রেকর্ড (যেমন, কালার ল্যাব, ওয়াশিং ল্যাব, ইত্যাদি), যাতে প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত থাকবে যেমন মিশ্রণে ব্যবহৃত রাসায়নিকের নাম এবং পরিমাণ; ঘ) রাসায়নিক সঞ্চয়ের লগ যাতে অন্তর্ভুক্ত থাকবে অস্থায়ী/কর্মরত সঞ্চয়স্থল এবং অবিচ্ছিন্ন রেকর্ড সহ মূল গুদামঘর যেমন, রাসায়নিকের লট নম্বর, পরিমাণ, এবং তারিখ সহ সঞ্চয়স্থলে ঢোকার/বেরনোর লগ (ব্যবহারের জন্য সঞ্চিত এবং প্রেরিত)।

*যদি প্রক্রিয়াসমূহে অথবা মিশ্রণে ব্যবহৃত সমস্ত রাসায়নিককে অস্থায়ী/ চালু সংরক্ষণাগার এবং মূল গুদামঘর পর্যন্ত অনুসরণ করা যায় যেখানে সামঞ্জস্যপূর্ণ রেকর্ড পাওয়া যাবে এবং লট নম্বর অনুযায়ী সেগুলোকে রক্ষণাবেক্ষণ করা হয়, তাহলেই কেবলমাত্র **উত্তরে হ্যাঁ বলবেন**।*

*যদি আপনি সমস্ত নয়, কিছু রাসায়নিককে লট নম্বর অবধি অনুসরণ করতে পারেন তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলবেন**।*

প্রয়োগমূলক মূল কর্মকৌশলতার সূচক: রাসায়নিক এবং প্রক্রিয়া উদ্ভাবন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

অনুসরণযোগ্যতার উদ্দেশ্য হলো উৎপাদনের অন্তর্গত রাসায়নিক উপাদানগুলোকে "পিছন দিকে" (যেকোনো একটি চূড়ান্ত পণ্য বেছে নিন, সেই নির্দিষ্ট চূড়ান্ত পণ্যটিকে প্রস্তুত করার জন্য ব্যবহৃত রাসায়নিক উপাদানগুলোর চিহ্ন খুঁজে পাওয়া যায় কিনা দেখুন), এবং "সামনের দিকে" অনুসরণ করা যায় কিনা দেখুন (যেকোনো একটি রাসায়নিক বেছে নিন, সেই সমস্ত নির্দিষ্ট চূড়ান্ত পণ্যগুলো যেগুলোকে প্রস্তুত করার জন্য সেই রাসায়নিকটিকে ব্যবহার করা হয়েছিল সেগুলোকে চিহ্নিত করা যায় কিনা)।

এটি করতে পারার সক্ষমতা, কোনো নির্দিষ্ট রাসায়নিকের ক্ষেত্রে কোনো গুণগত মান অথবা সঙ্গতিরক্ষার সমস্যা তৈরি হলে মূল কারণ অনুসন্ধান সাহায্য করবে।

যদি কোনো পণ্যকে বাজার থেকে ফিরিয়ে নেয়ার দরকার পড়ে, সেটিতে অন্তর্ভুক্ত নির্দিষ্ট রাসায়নিক পণ্যগুলিকেও ফিরিয়ে নেয়া সম্ভব হতে পারে।

স্তর 3-এ, চূড়ান্ত পণ্যের প্রতিটি ব্যাচ নম্বরের প্রতিটি নির্মাণ প্রক্রিয়াতে কারখানাটির রাসায়নিকসমূহের অনুসরণযোগ্যতা থাকা উচিত, রাসায়নিকটির লট নম্বর পর্যন্ত। অন্য ভাবে বলতে গেলে, কারখানাটির অপরিবর্তিত তথ্যসূত্র রক্ষণাবেক্ষণ করা উচিত যেমন দেয়া হলো: (১) পণ্যের ব্যাচ নম্বর (২) যে উৎপাদন প্রক্রিয়ার মধ্যে দিয়ে সেই নির্দিষ্ট পণ্যটিকে যেতে হয়েছে (৩) রাসায়নিকের ব্যবহার-সম্পন্ন প্রতিটি প্রক্রিয়ার রেসিপি শীট, (৪) রাসায়নিক মেশানোর ল্যাভে এই রেসিপিগুলোতে ব্যবহৃত রাসায়নিকের সাথে সংশ্লিষ্ট রেকর্ড, যেমন নাম এবং পরিমাণ (৫) সংরক্ষণাগারে এই নির্দিষ্ট রাসায়নিকগুলোর অপরিবর্তিত রেকর্ড (অস্থায়ী এবং গুদামে/একসাথে অনেকটা সংরক্ষণ) যেমন স্টোরেজ লগ, জমা পড়া/বার করার রেকর্ড (৬) সংশ্লিষ্ট রাসায়নিক লট নম্বর (৭) কারখানা-জোড়া রাসায়নিক ভাণ্ডারে অপরিবর্তিত তথ্যাবলী। এগুলো প্রদর্শন করবে যে আপনার কারখানাতে পরিচালনায় কীভাবে এবং কোথায় রাসায়নিক ব্যবহার করা হয়, কোথায় সংরক্ষণ করা হয়, এবং সমস্ত তথ্য স্থিতিশীলভাবে কারখানা-জুড়ে ডকুমেন্ট করা হয় এবং পর্যবেক্ষণ করা হয় সে সম্পর্কে আপনি অবহিত।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

অনুসরণযোগ্যতার এই স্তর অর্জন করা কেবলমাত্র তখনই সম্ভব যখন আমরা আমাদের রাসায়নিক সরবরাহকারীর কাছ থেকে তার প্রত্যেক সরবরাহের সাথে রাসায়নিকগুলোর লট নম্বর চেয়ে নিই এবং এই রাসায়নিকগুলোকে হাতে পাওয়ার পরে সেগুলোর পারচেজ অর্ডারের সাথে কারখানাকে সেগুলোকে মিলিয়ে দেখতে বলি। এইসব তথ্যগুলোকে অথবা পণ্যের নাম, লট নম্বর, রশিদের তারিখ এবং কবে রেসিপিতে ব্যবহারের জন্য পণ্যটিকে খোলা হলো এবং ব্যবহারের তারিখ দিয়ে তাদের ভাণ্ডারে কারখানার রেকর্ড রাখা উচিত যাতে ব্যবহার হতে থাকা রাসায়নিক পণ্যটির সম্পূর্ণ অনুসরণযোগ্যতাকে সুনিশ্চিত করা যায়।

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসকল ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক ব্যবহার করে:**

হ্যাঁ

নিচের **সমস্ত** আবশ্যিকতাগুলোকে পূরণ করা হয়েছে:

- সমস্ত পণ্যের জন্য ব্যাচ নম্বর এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সহ ব্যাচ কার্ড পাওয়া যাবে যেমন তারিখ এবং উৎপাদনের পরিমাণ
- রাসায়নিকের ব্যবহার করে এমন যে সমস্ত প্রক্রিয়ার মধ্যে দিয়ে পণ্যটি গেছে সেগুলোকে চিহ্নিত করা হয়েছে এবং প্রতিটি প্রক্রিয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট রেসিপি এবং ব্যাচ কার্ডগুলো পাওয়া যাবে এবং রক্ষণাবেক্ষণ করা হয়েছে। প্রক্রিয়ার নির্দেশনা এবং চেকপয়েন্টগুলোকে প্রতিষ্ঠা করা এবং ডকুমেন্ট করা হয়েছে।
- রেসিপিতে তালিকাভুক্ত সমস্ত রাসায়নিকগুলোকে রাসায়নিক মিশ্রণ/মেলানো অথবা ল্যাভ (যেখানে প্রযোজ্য) অবধি ট্রেস করা যায়, যার অন্তর্ভুক্ত হলো প্রাসঙ্গিক তথ্যাবলী যেমন, রাসায়নিকের নাম এবং মিশ্রণে ব্যবহৃত পরিমাণ

- প্রক্রিয়াগুলোতে অথবা মিশ্রণে ব্যবহৃত সমস্ত রাসায়নিকগুলোকে অস্থায়ী/চালু ভাণ্ডার এবং প্রধান গুদাম পর্যন্ত অনুসরণ করা যায় যেখানে স্থিতিশীল রেকর্ড পাওয়া যায় এবং রক্ষণাবেক্ষণও করা হয়, যেমন, রাসায়নিকের লট নম্বর, পরিমাণ, এবং তারিখ (জমা করা এবং ব্যবহারের জন্য বার করার) সহ জমা দেয়া এবং বার করার লগ্।
- কারখানায় নির্মিত যেকোনো পণ্যে ব্যবহার করা রাসায়নিকের লট নম্বর এবং পণ্যের ব্যাচ নম্বরের মধ্যে যোগসূত্র প্রতিষ্ঠিত হয়ে যায়

আংশিক হ্যাঁ

- সমস্ত পণ্যের জন্য ব্যাচ নম্বর এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সহ ব্যাচ কার্ড পাওয়া যাবে যেমন তারিখ এবং উৎপাদনের পরিমাণ
- রাসায়নিকের ব্যবহার করে এমন যে সমস্ত প্রক্রিয়ার মধ্যে দিয়ে পণ্যটি গেছে সেগুলোকে চিহ্নিত করা হয়েছে এবং প্রতিটি প্রক্রিয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট রেসিপি এবং ব্যাচ কার্ডগুলো পাওয়া যাবে এবং রক্ষণাবেক্ষণ করা হয়েছে। প্রক্রিয়ার নির্দেশনা এবং চেকপয়েন্টগুলোকে প্রতিষ্ঠা করা এবং ডকুমেন্ট করা হয়েছে।
- রেসিপিতে তালিকাভুক্ত সমস্ত রাসায়নিকগুলোকে রাসায়নিক মিশ্রণ/মেলানো অথবা ল্যাব (যেখানে প্রযোজ্য) অবধি ট্রেস করা যায়, যার অন্তর্ভুক্ত হলো প্রাসঙ্গিক তথ্যাবলী যেমন, রাসায়নিকের নাম এবং মিশ্রণে ব্যবহৃত পরিমাণ
- প্রক্রিয়াতে বা মিশ্রণে ব্যবহৃত কিছু (সব নয়) রাসায়নিককে অস্থায়ী/চালু সংরক্ষণাগার এবং মূল গুদাম পর্যন্ত অনুসরণ করা যায় যেখানে রেকর্ড পাওয়া যায় ও সেগুলোকে রক্ষণাবেক্ষণ করা হয়, যেমন, রাসায়নিকের লট নম্বর, পরিমাণ, এবং তারিখ (জমা করা এবং ব্যবহারের জন্য বার করার) সহ জমা দেয়া এবং বার করার লগ্।
- কারখানাতে নির্মিত কিছু (সবগুলো নয়) পণ্যের ক্ষেত্রে ব্যবহার করা রাসায়নিকের লট নম্বর এবং পণ্যের ব্যাচ নম্বরের মধ্যে যোগসূত্র প্রতিষ্ঠিত হয়ে যায়

আবশ্যিক ডকুমেন্টেশন:

- পণ্যের ব্যাচ কার্ড যার অন্তর্ভুক্ত হলো ব্যাচ নম্বর, তারিখ এবং উৎপাদনের পরিমাণ
- রেসিপি কার্ড, ফর্মুলেশন শীট, প্রক্রিয়ার নির্দেশনা (যেখানে প্রযোজ্য), যাতে খুঁজে পাওয়ার মতো সমস্ত তথ্য থাকবে, যেমন, রাসায়নিকের নাম, লট নম্বর, এবং পরিমাণ
- রাসায়নিক মিশ্রণ/মেলানোর প্রক্রিয়ার লগ, ল্যাব রেকর্ড (যেমন, কালার ল্যাব, ওয়াশিং ল্যাব, ইত্যাদি), যার অন্তর্ভুক্ত হলো প্রাসঙ্গিক তথ্যাবলী যেমন মিশ্রণে ব্যবহৃত রাসায়নিকের নাম এবং পরিমাণ
- রাসায়নিক সংরক্ষণের লগ, যার অন্তর্ভুক্ত হলো অস্থায়ী/চালু সংরক্ষণাগার এবং মূল গুদাম যেখানে স্থিতিশীল রেকর্ড পাওয়া যায়, যেমন, রাসায়নিকের লট নম্বর, পরিমাণ, এবং তারিখ (জমা করা এবং ব্যবহারের জন্য বার করার) সহ জমা দেয়া এবং বার করার লগ্।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- ম্যানেজাররা/কর্মচারীরা প্রতিটি পণ্যের ব্যাচ থেকে প্রতিটি রাসায়নিকের লট অবধি একটি ডকুমেন্ট করা অনুসরণযোগ্য এবং ট্র্যাক করার মতো ব্যবস্থা প্রদর্শন করতে পারেন।
- কর্মচারীরা বিষয়বস্তু সম্পর্কে বোঝেন এবং পণ্যের ব্যাচ রেকর্ড, প্রক্রিয়ার নির্দেশাবলী, রেসিপি, ব্যবহারের রেকর্ড, সংরক্ষণের রেকর্ড, বিশেষ করে সেইসব প্রক্রিয়াগুলোর জন্য যেগুলোতে রাসায়নিকের ব্যবহার অন্তর্ভুক্ত রয়েছে যেমন ডাই করা, ওয়াশিং, প্রিন্টিং, অথবা যেখানে প্রযোজ্য ফিনিশিং

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- রেকর্ড পর্যালোচনা (উপরে বাধ্যবাধকতাপুলো দেখে নিন)
- বর্তমানে কারখানার নির্মাণ প্রক্রিয়ার মধ্যে থাকা ১-২টি পণ্যের ব্যাচ চেক করুন, এবং পণ্যগুলো যে প্রক্রিয়ার মধ্যে দিয়ে গেছে সেইসব প্রতিটি প্রক্রিয়ার সংশ্লিষ্ট রেসিপি এবং ব্যাচ কার্ড অনুসরণ করে শুরু অবধি যান
- প্রতিটি প্রক্রিয়াতে চিহ্নিত রেসিপি/ব্যাচ কার্ডের ৩-৪টি রাসায়নিকের ব্যাচ চেক করুন যাতে চূড়ান্ত পণ্যটি থেকে শুরু করে মিশ্রণ এলাকা এবং সংরক্ষণের জন্য গুদাম পর্যন্ত নথিপত্র অনুসরণ করা যায়। পণ্যের ব্যাচ নম্বর এবং রাসায়নিকের লট নম্বরের মধ্যে যোগসূত্র স্থাপন করা যায় কিনা এবং ডকুমেন্টেশন পাওয়া যায় কিনা ও তা রক্ষণাবেক্ষণ করা হয়েছে কিনা দেখুন।

২১। আপনার কারখানার কি এরকম কোনো নথিবদ্ধ কোয়ালিটি অ্যাশিওরেন্স (কিউএ) কর্মসূচী রয়েছে যেটিতে রাসায়নিকের কর্মকুশলতার বিষয়টি অন্তর্ভুক্ত?

(টীকাঃ সমস্ত কিছু আপলোড করার প্রয়োজন নেই, কিন্তু যাচাই চলাকালীন পুনর্বিবেচনার জন্য হাতের কাছে থাকা দরকার) প্রস্তাবিত আপলোডের অন্তর্ভুক্ত হতে পারে নিচের কয়েকটি অভ্যাসগুলোকে প্রদর্শন করার জন্যঃ ক) যোগ্য সরবরাহকারীদের কাছ থেকে রাসায়নিক কেনার জন্য এসওপি (যদি আগে আপলোড করে থাকেন, তাহলে লাগবে না); খ) সংশ্লিষ্ট রেকর্ড সহ গুণগত দস্তুর যেমন খাদ্যেরদের পরীক্ষার রিপোর্ট, গবেষণাগারে লট ধরে রাসায়নিকের বিশ্লেষণমূলক পরীক্ষার ফলাফল; গ) রাসায়নিক সরবরাহকারীর বিশ্লেষণমূলক পরীক্ষার ফলাফল; ঘ) উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে গুণগত মানের রিপোর্ট; ঙ) বিগত মরসুমে সম্পাদন করা বিশ্লেষণের ইন-হাউস রেকর্ড; চ) বহিরাগত জেডডিএইচসি এমআরএসএল গৃহীত ল্যাব থেকে পরীক্ষার ফলাফলের রেকর্ড যা বিগত মরসুমে বিশ্লেষণ করা হয়েছিল এবং খুঁটিয়ে দেখা যে সেগুলো এমআরএসএল আবশ্যিকতার সাথে সামঞ্জস্যপূর্ণ; ছ) বিশ্লেষণের ফলাফল যেগুলোকে তাদের সংশ্লিষ্ট অভ্যন্তরীণ অর্ডার এবং সমাপ্ত হওয়া পণ্যের ব্যাচ পর্যন্ত অনুসরণ করা যায়

যদি অন্তত বার্ষিক ভিত্তিতে একটি অর্গ্যানোলেপ্টিক এবং রাসায়নিক বিশ্লেষণের মাধ্যমে একটি পরিচিত মানদণ্ডের সাথে যেমন এমআরএসএল অথবা আরএসএল-এর প্রেক্ষিতে যেকোনো ভাবে বেছে নেয়া একটি রাসায়নিকের সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টি যাচাই করার কোনো সক্রিয় প্রক্রিয়া আপনার থাকে কেবলমাত্র তাহলেই **উত্তরে হ্যাঁ বলবেন**। এই কিউএ কর্মসূচীর অন্তর্ভুক্ত থাকা উচিতঃ ১) ব্যবহৃত প্রতিটি রাসায়নিক ফর্মালেশনের গুণগত মান এবং কর্মকুশলতার কার্যক্ষমতার মূল্যায়ন, ২) প্রতিটি রাসায়নিক ফর্মালেশনের রেসিপি কীভাবে ব্যবহার করতে হবে এবং কঠোরভাবে তা অনুসরণ করা হচ্ছে কিনা সেটি নিশ্চিত করা, ৩) প্রক্রিয়ার নিয়ন্ত্রণ কঠোরভাবে অনুসরণ করা হয়েছে, এবং ৪) সহায়ক রেকর্ড সহ উৎপাদনের গুণগত মানের অবিচ্ছিন্ন মূল্যায়ণ।

ক্রেতার কোনো পরীক্ষার ফলাফলসমূহ যেগুলোকে ওয়র্ক অর্ডার পর্যন্ত অনুসরণ করা যাবে এবং রাসায়নিক সরবরাহকারীর সঙ্গতিরক্ষার বিষয়টি যাচাই করতে সক্ষম রেসিপিগুলো যদি আপনার ফেসিলিটি ব্যবহার করে থাকে, তাহলে **উত্তরে আংশিক হ্যাঁ বলবেন**।

অপারেশনাল কী পারফরম্যান্স ইন্ডিকেটর: পণ্যের গুণগত মান / বিশুদ্ধতা

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

ক্রয় করা রাসায়নিকটি তার কারিগরি উপাত্তের কাগজ অনুযায়ী কাজ করছে কিনা সে বিষয়ে অভিনিবেশ থাকতে হবে। সঙ্গতিপূর্ণ রাসায়নিকগুলোকে প্রকৃত অর্থেই যাচাই করার জন্য নিজস্ব একটি প্রক্রিয়া (যেমন, স্ক্রিনিং, গবেষণাগারের পরীক্ষা) প্রতিষ্ঠা করতে চেয়ে রাসায়নিক ক্রয় করা কারখানাগুলোর জন্য এটি একটি খুবই পরিচিত অভ্যাস।

কারখানাতে গুণগত মানের জন্য একটি ব্যবস্থাপনা কার্যক্রম থাকা প্রত্যাশিত যেটি রাসায়নিকগুলোর এমআরএসএল এবং আরএসএল-এর বাধ্যবাধকতাগুলোকে অর্জন করার জন্য মানদণ্ডের প্রেক্ষিতে তাদেরকে মূল্যায়ণ করা এবং সেগুলোকে পূরণ করাকে নিশ্চিত করে।

এই প্রশ্নটি গুরুত্বপূর্ণ কেন? রাসায়নিক সরবরাহের চেইনটি একটি বহু-স্তরীয়, মূল্য-সম্পন্ন প্রক্রিয়া, যার অন্তর্ভুক্ত হলেন ব্যবসায়ীরা, বিতরণকারীরা, ইত্যাদি। রাসায়নিকের আপস্ট্রিম ক্রিয়েশন এবং বিতরণ যাতে এমন রাসায়নিক সরবরাহ করে যেটি আরএসএল এবং/অথবা আপনার নিজের (অথবা আপনার খরিদদারের) দায়িত্ববান রসায়ন সম্পর্কিত চাহিদার ইনপুটকে পূরণ করতে পারে, সেটিকে নিশ্চিত করার জন্য অর্ডার দেয়া একটি রাসায়নিকের সাথে হাতে পাওয়া একটি রাসায়নিকের গুণগত মানের পার্থক্যটিকে বুঝতে পারা গুরুত্বপূর্ণ। সংগৃহীত প্রকৃত উপাত্তগুলোকে ভবিষ্যত ক্রয়ের ক্ষেত্রে কোনো রাসায়নিক সরবরাহকারীকে যুক্ত করা অথবা অপসারণ করার প্রক্রিয়াতে ব্যবহার করা উচিত।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

রেফারেন্সঃ জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১ (মে ২০২০) - অধ্যায় ১ এবং অধ্যায় ৩

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসব ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ ব্যবহার করে:

হ্যাঁ

- অন্তত বার্ষিক ভিত্তিতে একটি অর্গ্যানোলেপ্টিক এবং রাসায়নিক বিশ্লেষণের মাধ্যমে একটি পরিচিত মানদণ্ডের সাথে যেমন এমআরএসএল অথবা আরএসএল-এর প্রেক্ষিতে যেকোনো ভাবে বেছে নেয়া একটি রাসায়নিকের সঙ্গতিপূর্ণ থাকার বিষয়টি যাচাই করার কোনো সক্রিয় প্রক্রিয়া কারখানাটিতে রয়েছে।
- এই কিউএ কর্মসূচীর অন্তর্ভুক্ত থাকা উচিতঃ ১) ব্যবহৃত প্রতিটি রাসায়নিক ফর্মুলেশনের গুণগত মান এবং কর্মকুশলতার কার্যক্ষমতার মূল্যায়ন, ২) প্রতিটি রাসায়নিক ফর্মুলেশনের রেসিপি কীভাবে ব্যবহার করতে হবে এবং কঠোরভাবে তা অনুসরণ করা হচ্ছে কিনা সেটি নিশ্চিত করা, ৩) প্রক্রিয়ার নিয়ন্ত্রণ কঠোরভাবে অনুসরণ করা হয়েছে, এবং ৪) সহায়ক রেকর্ড সহ উৎপাদনের গুণগত মানের অবিচ্ছিন্ন মূল্যায়ণ।

আংশিক হ্যাঁ

- ওয়র্ক অর্ডার পর্যন্ত ট্রেস করা যাবে ক্রেতাদের পরীক্ষার এরকম কোনো ফলাফল এবং রাসায়নিক সরবরাহকারীর সঙ্গতিরক্ষার বিষয়টি আপনার কারখানা ব্যবহার করে।
- রাসায়নিক সরবরাহকারীর বিশ্লেষণের পরীক্ষার ফলাফল।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- গুণগত মানের দপ্তর সংশ্লিষ্ট রেকর্ড সহ যেমন প্রতিটি রাসায়নিকের প্রতিটি লট অনুযায়ী খরিদদারদের পরীক্ষার ফলাফল, বিশ্লেষণাত্মক গবেষণাগারের পরীক্ষার ফলাফল।
- রাসায়নিক সরবরাহকারীর বিশ্লেষণের পরীক্ষার ফলাফল।
- মানসম্পন্ন সরবরাহকারীদের থেকে রাসায়নিক কেনার জন্য এসওপি
- উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে গুণগত মানের রিপোর্ট
- গত মরসুমে সংঘটিত বিশ্লেষণের অভ্যন্তরীণ রেকর্ড
- গত মরসুমে বহিরাগত গবেষণাগার থেকে করানো বিশ্লেষণের ফলাফলের রেকর্ড পরীক্ষা করুন এবং দেখুন যে সেগুলো এমআরএসএল-এর শর্তগুলো পূরণ করেছে কিনা।
- বিশ্লেষণের ফলাফল তাদের সংশ্লিষ্ট অভ্যন্তরীণ অর্ডার এবং চূড়ান্ত পণ্যের ব্যাচ অবধি ট্রেস করা যায় কিনা
- কারখানাটি কি তাদের অভ্যন্তরীণ ফলাফল বহিরাগত গবেষণাগারের কাছে নির্ভুলতা পরীক্ষা করে দেখার জন্য পাঠিয়ে থাকে?
- সমস্ত রেকর্ড এক বছর রাখা হয়

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- কিউএ ম্যানেজার, ল্যাব ম্যানেজার কি প্যারামিটার সম্পর্কে জানেন, এবং কোনটি অভ্যন্তরীণভাবে করতে হবে এবং কোনটি বাইরে কাউকে দিয়ে করাতে হবে সে সম্পর্কে কি তারা অবহিত আছেন?
- কোন গবেষণাগার কোন পরীক্ষাটি করতে পারবে সে সম্পর্কে কি কারখানাটি অবহিত?
- পরীক্ষাগুলো করার জন্য গবেষণাগারগুলোর শংসাপত্র বা স্বীকৃতি থাকতে হবে।
- গবেষণাগারগুলোর তাদের খরিদারদের জানাতে হবে যদি কোনো একটি পরীক্ষা তারা অন্য কোনো গবেষণাগারকে দিয়ে করাতে চায়।
- নিজেদের খরিদারদের জন্য সংঘটিত করা পরীক্ষাগুলোর জন্য গবেষণাগারগুলোকে নিয়মিতভাবে কোরিলেশন স্টাডিজ-এ অংশ নিতে হবে ("রাউন্ড রবিন" অথবা না-দেখা নমুনা)
- গবেষণাগারগুলোর যুক্তিসঙ্গত বিশ্লেষণ-সম্পর্কিত সময়সীমা দিতে হবে

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- উৎপাদন নিয়ন্ত্রণের জন্য যে ন্যূনতম প্যারামিটার বিবেচনা করতে হবে তা নিম্নলিখিতঃ
- অভ্যন্তরীণভাবে সংঘটিত বিশ্লেষণঃ
 - পিএইচ (ব্যতিক্রম ট্যানারীগুলো যেখানে এই পরীক্ষাটি করা হয় না)।
 - রঙ না ওঠাঃ
 - ঘামে ভিজে
 - পানিতে
 - ঘষায় (শুকনো এবং ভেজা)।
 - লালায় (কেবলমাত্র বাচ্চাদের পোশাকের ক্ষেত্রে)।
- বিশ্লেষণ বাইরে থেকে করাতে হবেঃ
 - অ্যারিলামাইন্স
 - ফর্ম্যালডিহাইড
 - উপাদান
 - এপিও এবং পিএফসিগুলো
- প্রমাণ হিসেবে ছবি তুলুন যদি কারখানাতে এগুলো থাকে - তাপমান নিয়ন্ত্রণের জন্য পিএইচ মিটার, পিএইচ বিশ্লেষণের জন্য একটি পর্যাপ্ত শেকার, ঘষার বিপরীতে স্থায়িত্ব বিশ্লেষণের জন্য একটি যথার্থ ক্রকমিটার, রঙের স্থায়িত্ব বিশ্লেষণের জন্য একটি মনোফাইবার স্পেশিস (যদি প্রযোজ্য হয়), ভারসাম্য, চুলা (যদি প্রযোজ্য হয়), রঙের স্থায়িত্ব বিশ্লেষণের ফলাফলের জন্য একটি গ্রে স্কেল (যদি প্রযোজ্য হয়), লাইট বক্স – অবস্থানমূলক প্রিন্টিং মিল এবং লন্ড্রিগুলোর ক্ষেত্রে প্রযোজ্য নয় যেখানে রঞ্জন প্রক্রিয়া নির্বাহ করা হয় না, আইন অনুযায়ী পিএইচ বিশ্লেষণ করা হয়ে থাকেঃ একটি ডেমা দেখতে চাইবেন
- অভ্যন্তরীণ ল্যাবে একটি গুণগত মানসম্পন্ন রাসায়নিক পরীক্ষা করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি আছে কিনা পরীক্ষা করুন
- রাসায়নিকের একটি রশিদের নমুনা/পরীক্ষার পর্যালোচনা প্রক্রিয়া
- রাসায়নিক সরবরাহকারীর বিশ্লেষক পরীক্ষার ফলাফলের রিপোর্টের পর্যালোচনা প্রক্রিয়া

- গুণগত মানের ভিত্তিতে একজন রাসায়নিক সরবরাহকারীকে যোগ করা/ অপসারণ করার পর্যালোচনা প্রক্রিয়া

২২। আপনার ঠিকাদার / উপঠিকাদার কি আরএসএল/এমআরএসএল-এ অন্তর্ভুক্ত না থাকা রাসায়নিকগুলোকে একটি ইতিবাচক তালিকা থেকে প্রাপ্ত ইতিমধ্যেই অনুমোদিত অথবা প্রাধান্যপ্রাপ্ত রাসায়নিকগুলোকে সরবরাহ করার মাধ্যমে প্রতিস্থাপন করে?

আপলোড করার সুপারিশ: ক) প্রক্রিয়াগুলির বিবরণ; খ) ইতিবাচক তালিকাগুলি থেকে রাসায়নিক সরবরাহ করার অনুশীলনটিকে দেখিয়ে নিশ্চিত করে ঠিকাদার এবং উপঠিকাদারদের সাথে সংযোগ স্থাপন করা; গ) ঠিকাদার/ উপঠিকাদারদের থেকে হিগ্‌ যাচাইকরণের প্রতিবেদন নেয়া যেটিতে দেখানো আছে যে তারা শর্তগুলো পূরণ করেছেন।

যদি আপনার ফেসিলিটির এরকম কোনো পদ্ধতি বলবৎ থাকে যেটি অনুযায়ী সমস্ত ঠিকাদার এবং উপঠিকাদারদের কাছে একটি অগ্রাধিকার-প্রাপ্ত রাসায়নিকের তালিকা থাকা এবং সেটির ব্যবহার যাচাই করা আবশ্যিক তাহলে উত্তরে **হ্যাঁ** বলবেন।

একটি ইতিবাচক তালিকা থেকে সরবরাহকারীদের রাসায়নিকগুলোকে নির্বাচন করতে অনুরোধ জানানোর মাধ্যমে তাদেরকে কাজে লাগানোর ক্ষেত্রে আপনার যদি কোনো কার্য পরিকল্পনা থাকে, তাহলে উত্তরে **আংশিক হ্যাঁ** বলবেন।

টীকা: ঠিকাদার/উপঠিকাদারদের মধ্যে রয়েছেন সমস্ত উৎপাদন উপকরণ অথবা রাসায়নিকের সরবরাহকারীরা এবং/অথবা অন্য চুক্তিবদ্ধ ব্যবসায়িক অংশীদাররা যারা চূড়ান্ত পণ্যের উৎপাদন প্রক্রিয়াতে সহায়তা করেন (যেমন, স্ক্রিন প্রিন্টিং, ধোয়াধুয়ি/রঞ্জন, অথবা অন্যান্য ভাবে পণ্যের শোভা বর্ধন করে)।

প্রয়োগগত প্রধান কর্মকুশলতার সূচক: রাসায়নিক নির্বাচন, যোগাড়, এবং ক্রয়ের অভ্যাস

What is the intent of the question?

মানুষ এবং পরিবেশের প্রতি ঝুঁকির পরিমাণ বেশি থাকা রাসায়নকে প্রতিস্থাপন করার জন্য কম বিপদ এবং ঝুঁকিসম্পন্ন রাসায়নিকগুলোকে কারখানাগুলোর সক্রিয়ভাবে খোঁজা উচিত (এমআরএসএল এবং আরএসএল-এর বাইরেও)। এই প্রশ্নটি সেইসকল ফেসিলিটিকে পুরস্কার দেয়ার জন্য উদ্দেশিত যারা তাদের ঠিকাদার এবং উপঠিকাদারদের জন্যেও অগ্রাধিকার-প্রাপ্ত রাসায়নিকসমূহের তালিকাগুলিকে ব্যবহার করা আবশ্যিক করার জন্য যথাসাধ্য করেছে।

বিপজ্জনক রাসায়নিকগুলোকে প্রতিস্থাপন করা পরিবেশ, কর্মীদল, ক্রেতা এবং জনস্বাস্থ্যের ঝুঁকি কম করার ক্ষেত্রে একটি প্রাথমিক পরিমাপ। ইতিবাচক বিকল্পগুলোকে চিহ্নিত করার জন্য বিবিধ ব্র্যান্ড-চালিত এবং তৃতীয়-পক্ষীয় কর্মসূচী রয়েছে। এই বিকল্পগুলোর জন্য এবং সামগ্রিকভাবে সবুজ রসায়ন উদ্যোগের জন্য চাহিদাকে চালনা করা, বয়ন এবং জুতো শিল্পের অস্তিত্বযোগ্যতাকে উন্নততর করবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

বিপজ্জনক পদার্থকে চিহ্নিত করার জন্য নির্দিষ্ট ফর্মুলেশনের উপাদানগুলোকে স্ক্রীন করার মাধ্যমে ইতিবাচক তালিকা গঠন করার বিষয়টি খেয়াল করা গুরুত্বপূর্ণ। ফর্মুলেশনে ব্যবহৃত রাসায়নিকের উপাদানগুলোর এবং এইসব রাসায়নিকের নির্মাতা কারখানাগুলোর গুণগত প্রক্রিয়ার একটি মূল্যায়নের বিষয়টি ইতিবাচক তালিকাগুলোর বিবেচনা করা উচিত। এই দ্বিতীয় দৃষ্টিকোণটি দীর্ঘ সময় ধরে রাসায়নিক ফর্মুলেশনের উপাদানের স্থায়ীত্ব নিশ্চিত করা এবং অবাঞ্ছিত অশুদ্ধতা খুঁজে পাওয়ার ঝুঁকিকে সীমাবদ্ধ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। সেফটি ডেটা শিটে প্রাপ্ত রাসায়নিক মিশ্রণের উপাদান সম্পর্কিত তথ্য (কেবলমাত্র) ইতিবাচক তালিকা তৈরির জন্য ব্যবহার করা উচিত নয় যেহেতু এসডিএস-এ প্রাপ্ত বিবরণের স্তর সাধারণত অশুদ্ধতা বা অনিচ্ছাকৃতভাবে যুক্ত হয়ে যাওয়া সেইসব পদার্থকে চিহ্নিত করে না যেগুলো প্রায়শই একটি আরএসএল বা এমআরএসএল-এর সাথে সামঞ্জস্যবিহীনতার উৎস হতে পারে।

- জেডডিএইচসি রাসায়নিক ব্যবস্থাপনা পদ্ধতির ফ্রেমওয়ার্ক - সংস্করণ ১ (মে ২০২০) - অধ্যায় ২
- BLUESIGN® ক্লফাইণ্ডার
- খরিদদার সরবরাহকারী এমআরএসএল / রাসায়নিকের ইতিবাচক তালিকা।
- জেডডিএইচসি এমআরএসএল লেবেল ৩, BLUESIGN®, জিওটিএস, ওইকেও-টিইএক্স®, অন্যান্য।

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- https://www.osha.gov/dte/library/industrial_hygiene/industrial_hygiene.pdf
- <http://www.hse.gov.uk/opsunit/perfmeas.pdf>
- http://www.whss.ca/default/assets/File/ohsa_guide.pdf
- <http://www.kznhealth.gov.za/occhealth/policyocc.pdf>
- কর্মক্ষেত্রের নিরাপত্তা এবং স্বাস্থ্য সম্পর্কে জাতীয়, স্থানীয়, আঞ্চলিক প্রবিধান

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসব ফেসিলিটি **উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ** ব্যবহার করে:

হ্যাঁ

- একটি ব্যবস্থা রয়েছে যেটি সমস্ত ঠিকাদার এবং উপঠিকাদারদের একটি অগ্রাধিকার-প্রাপ্ত রাসায়নিকের তালিকা থাকা এবং সেগুলোর ব্যবহারকে যাচাই করার বিষয়টিকে বাধ্যতামূলক করে।

অংশত হ্যাঁ

- একটি ইতিবাচক তালিকা থেকে রাসায়নিকগুলিকে বাছাই করার অনুরোধের মাধ্যমে ঠিকাদার এবং উপঠিকাদারদেরকে নিযুক্ত করার জন্য কার্য পরিকল্পনা

আবশ্যিক ডকুমেন্টেশন:

- প্রক্রিয়াগুলোর বিবরণ।
- ঠিকাদার এবং উপঠিকাদারদের সাথে সংযোগ যা ইতিবাচক তালিকাগুলি থেকে রাসায়নিকসমূহ যোগাড় করার অভ্যাসটিকে দেখিয়ে সুনিশ্চিত করে
- যদি উপলব্ধ হয়, ঠিকাদার / উপঠিকাদারদের থেকে হিগ যাচাইকরণের রিপোর্ট নেয়া যে তারা হিগ এফইএম রাসায়নিক সংক্রান্ত 16 নম্বর প্রশ্নটির মাপকাঠি পূরণ করেছেন।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- প্রধান কর্মীরা কি এই প্রক্রিয়াগুলো বোঝেন?

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- এই প্রক্রিয়াগুলোকে কীভাবে অভ্যাসে পরিণত করা হয় তার একটি পর্যবেক্ষণ

২৩। আপনার কারখানা কি ব্যবসায়িক লক্ষ্য, প্রক্রিয়াসমূহ এবং নতুন অস্তিত্বমূলক রাসায়নিক আবিষ্কারের প্রতি (যেমন, যন্ত্রপাতি, প্রক্রিয়া, ঐচ্ছিক রাসায়নিকের পছন্দ) একনিষ্ঠ কর্মকাণ্ড নথিভুক্ত করেছে?

আপনার কারখানা কি এটির লক্ষ্য, প্রক্রিয়া এবং পদক্ষেপগুলোকে ব্র্যান্ড এবং সরবরাহকারীদেরকে জানায়?

আপলোডের জন্য সুপারিশ: ক) বর্তমান রসায়নের আর অ্যান্ড ডি প্রকল্প/ বিনিয়োগের বিবরণ বা উদাহরণ; খ) আপনার ব্যবসায়িক চুক্তিতে আপনি কীভাবে দায়িত্বপূর্ণ রসায়ন আরোপ করেছেন তার উদাহরণ।

যদি আপনি এটি প্রদর্শন করতে পারেন যে দায়িত্বশীল রাসায়নিকগুলোকে নিজস্ব ব্যবসায়িক চুক্তি এবং নথিভুক্ত ব্যবসায়িক লক্ষ্য আরোপ করার মাধ্যমে দায়িত্বশীল রাসায়নিক ব্যবস্থাপনা এবং উদ্ভাবনকে ব্যবসায়িক সিদ্ধান্তসমূহে বিবেচনা করা হয়, কেবলমাত্র তাহলেই উত্তরে **হ্যাঁ** বলবেন।

যদি অন্যথায় আপনি দেখাতে পারেন যে ব্যবসায়িক সিদ্ধান্তগুলো দায়িত্বপূর্ণ রাসায়নিক ব্যবস্থাপনা এবং উদ্ভাবনকে বিবেচনা করে, তাহলে উত্তরে **আংশিক হ্যাঁ** বলবেন।

প্রয়োগমূলক মূল কর্মকৌশলতার সূচক: রাসায়নিক এবং প্রক্রিয়া উদ্ভাবন

এই প্রশ্নের উদ্দেশ্য কি?

এই প্রশ্নে, আপনার কারখানাটি ব্যবসায়িক সিদ্ধান্তগুলো যে দায়িত্বশীল রাসায়নিক ব্যবস্থাপনা এবং আবিষ্কারকে বিবেচনা করে সেটি প্রদর্শন করতে পারবে বলে আমরা প্রত্যাশা করি। এর অর্থ হলো যে আপনি কেবলমাত্র নীতিমালা লিখছেন না, বরং সক্রিয়ভাবে দায়িত্বশীল রাসায়নিকগুলোকে আপনার নিজের ব্যবসায়িক চুক্তিতে আরোপ করছেন। ব্যবসায়িক পুরস্কার আরোপিত হলে আচরণ প্রকৃতপক্ষেই পরিবর্তিত হবে। রাসায়নিক ব্যবস্থাপনায় সহায়তা প্রদানকারী নথিবদ্ধ ব্যবসায়িক লক্ষ্য-সম্পন্ন কারখানাগুলোর তাদের সাপ্লাই চেইনের অংশীদারদেরকেও তাদের উদ্দেশ্য বিষয়ে অবহিত করা উচিত।

প্রকৃত অর্থে অস্তিত্বমূলক উন্নতি ঘটবে কেবলমাত্র যখন অস্তিত্বমূলক বিষয়গুলোকে ব্যবসায়িক সিদ্ধান্তে আরোপিত করা হবে।

প্রযুক্তিগত নির্দেশনাঃ

প্রক্রিয়া পরিবর্তনে আবিষ্কারগুলো যেমন লবণ-মুক্ত রঞ্জনকার্য, দ্রাবক-মুক্ত প্রক্রিয়াকরণ, পানিবিহীন রঞ্জনকার্য, ফিনিশিংয়ের জন্য প্লাজমা প্রযুক্তি অথবা ইলেক্ট্রোকেমিক্যাল রঞ্জন প্রক্রিয়া, বিবিধ রাসায়নিক পুনরুদ্ধার/পুনর্ব্যবহার করা যেমন পটাশিয়াম পারম্যাঙ্গানেট, অ্যালকালি ইত্যাদি, পানি এবং শক্তি সংরক্ষণের জন্য মেশিনের উন্নতিবিধান অথবা বৈপ্লবিক পরিবর্তনের পথ প্রতিষ্ঠা করার জন্য নতুন প্রক্রিয়া গঠন এবং সামগ্রিক পরিবেশগত প্রভাবের উন্নতিবিধান।

শব্দকোষঃ

- এসএমএআরটি লক্ষ্য স্থির করার জন্য একটি সর্বোত্তম চর্চাভিত্তিক ফ্রেমওয়ার্ক। এসএমএআরটির একটি লক্ষ্য সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য, অর্জনযোগ্য, বাস্তবনির্ভর এবং সময়ভিত্তিক হওয়া উচিত

তৈরি করার জন্য টেমপ্লেট: এসএমএআরটি (স্মার্ট) টেমপ্লেট

আরও তথ্যের জন্য কোথায় যেতে হবেঃ

- <http://www.smart-goals-guide.com/smart-goal.html>
- http://www.hr.virginia.edu/uploads/documents/media/Writing_SMART_Goals.pdf

এটা কীভাবে যাচাই করা যাবেঃ

যেসব ফেসিলিটি উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিকসমূহ ব্যবহার করে:

হ্যাঁ

- কারখানাটি দেখাতে পারবে যে ব্যবসায়িক সিদ্ধান্তগুলো দায়িত্বপূর্ণ রাসায়নিক ব্যবস্থাপনা এবং আবিষ্কারকে বিবেচনা করে।
- দায়ী রাসায়নিকগুলোকে কারখানাটি সক্রিয়ভাবে নিজের ব্যবসায়িক চুক্তিপত্রে আরোপ করছে।
- নতুন ধরনের অস্তিত্বমূলক রাসায়নিক খোঁজার জন্য কারখানাটির একটি পরিকল্পনা রয়েছে।

- রাসায়নিক ব্যবস্থাপনায় সহায়তা প্রদানকারী নথিবদ্ধ ব্যবসায়িক লক্ষ্য-সম্পন্ন কারখানাগুলোর তাদের সাপ্লাই চেইনের অংশীদারদেরকেও তাদের উদ্দেশ্য বিষয়ে অবহিত করা উচিত।

আংশিক হ্যাঁ

- কারখানাটি দেখতে পারবে যে ব্যবসায়িক সিদ্ধান্তগুলো দায়িত্বপূর্ণ রাসায়নিক ব্যবস্থাপনা এবং আবিষ্কারকে বিবেচনা করে।

আবশ্যিক ডকুমেন্টেশন:

- বর্তমান রসায়ন-সংক্রান্ত আর অ্যান্ড ডি প্রকল্পগুলো/ বিনিয়োগসমূহের বিবরণ অথবা উদাহরণসমূহ
- কীভাবে কারখানাটি দায়বদ্ধ রসায়নকে আপনার ব্যবসায়িক চুক্তিতে কাজে লাগিয়েছে তার উদাহরণসমূহ।

জিজ্ঞাসা করার জন্য প্রশ্নঃ

- দায়িত্বশীল রাসায়নিক ব্যবস্থাপনা এবং আবিষ্কারকে বিবেচনাকারী ব্যবসায়িক সিদ্ধান্ত সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষ, দায়িত্বপ্রাপ্ত ম্যানেজার।

পরিদর্শন - শারীরিকভাবে যে বিষয়গুলোকে দেখতে হবেঃ

- দায়িত্বশীল রাসায়নিক ব্যবস্থাপনা এবং আবিষ্কারকে বিবেচনাকারী ব্যবসায়িক সিদ্ধান্ত সম্পর্কে নথিবদ্ধ পরিকল্পনা এবং পদক্ষেপের পর্যালোচনা।

হিগ ফেসিলিটি এনভায়রনমেন্টাল মড্যুল (এফইএম) - শব্দকোষ

শর্তাবলী	শর্তাবলীর বিবরণ	উৎস	রেফারেন্স
চূড়ান্ত হ্রাস	ইউটিলিটির প্রকৃত ব্যবহারের ক্ষেত্রে হ্রাস (যেমন একটি ক্যালেন্ডার বছরে সম্পূর্ণ কারখানায় ব্যবহৃত বিদ্যুতের কেডাক্স-এইচ, অথবা ব্যবহৃত পানির কিউবিক মিটার) অথবা উৎপাদিত দূষণ (একটি ক্যালেন্ডার বছরে সম্পূর্ণ কারখানার বিপজ্জনক বর্জ্য কেজিতে) কারখানার আয়তন, উৎপাদনের আয়তন, উৎপাদনের সময়, কাঁচামালের ব্যবহার অথবা অন্যান্য ব্যবসার মেট্রিক যাই হোক না কেন।	হিগ ইনডেক্স	
বায়ু নির্গমনের তালিকা	বায়ুতে নির্গমনের তালিকা হলো সমস্ত ধরনের নির্গমন এবং তাদের উৎসের একটি বিশদ তালিকা, যেটিতে প্রতিটি নির্গমন উৎসের জন্য নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত হওয়া উচিতঃ <ul style="list-style-type: none"> • দূষণকণা যা বর্তমানে রয়েছে বা থাকার সম্ভাবনা আছে; • নির্গত হওয়া পরিমাণ (যদি জানা থাকে হিসেব হয়ে থাকে); • উদাহরণ স্বরূপ, স্ট্যাক, ভেন্ট, ইত্যাদির অবস্থান; • যেকোনো নিয়ন্ত্রণ ডিভাইস (যেমন, উপশমকারী যন্ত্রপাতি) ইনস্টল করা হয়েছে; • পর্যবেক্ষণে রাখার হার; এবং • নির্দিষ্ট নির্গমনটি আইনগতভাবে নিয়ন্ত্রিত কিনা। 	হিগ ইনডেক্স	
বায়ু দূষণ নিয়ন্ত্রণ	বায়ু দূষণ নিয়ন্ত্রণের অর্থ হলো ভালো জনস্বাস্থ্য রক্ষার উদ্দেশ্যে, গাছপালা এবং পশুপাখির জীবন সুরক্ষার ও সম্পত্তি রক্ষার উদ্দেশ্যে, দৃশ্যমানতার জন্য, এবং নিরাপদ সড়ক ও বায়ু পরিবহনের জন্য বায়ুর শুদ্ধতার একটি মানদণ্ড বজায় রাখার জন্য গৃহীত পদক্ষেপ।	ও-ই-সি-ডি	https://stats.oecd.org/glossary/detail.asp?ID=87

সমস্ত বর্জ্য প্রবাহ	<p>বর্জ্যের সমস্ত প্রবাহ বলতে বোঝায় কারখানায় উৎপন্ন সমস্ত বর্জ্য যার অন্তর্ভুক্ত হলো উৎপাদিত পণ্য, অফিসের ব্যবহার, ক্যান্টিন, ডর্মিটরি, দোকানে কর্মীদের দ্বারা, এবং কোনো সেবা প্রদানের জন্য কারখানায় আসা ঠিকাদারদের দ্বারা উৎপাদিত সমস্ত বর্জ্য।</p>	হিগ ইনডেক্স	
বিকল্প মূল্যায়ণ	<p>রসায়ন সম্পর্কিত কোনো উদ্বেগের (রাসায়নিক অথবা বিপদহীন) চিহ্নিতকরণ, সমানভাবে অথবা আরো বেশি ঝুঁকিপূর্ণ বিকল্প খুঁজে বার করা, এবং প্রযুক্তিগতভাবে এবং অর্থনৈতিকভাবে টেকসই একটি বিকল্প বেছে নেয়া যেটির তীব্র কোনো পরিবেশগত বা জনস্বাস্থ্য সম্পর্কিত সম্ভাব্য ঝুঁকি নেই।</p>	ওআইএ - রাসায়নিক ব্যবস্থাপনা ফ্রেমওয়ার্কের শব্দকোষ	
বাধা	<p>যেকোনো প্রলেপ এবং/অথবা ল্যামিনেশন যেটি তন্তুজাত বা পায়ে পরার পণ্যের উপর ব্যবহার হয়। বাধাগুলো হতে পারে দ্বি-উপাদান (দুটি বা ততোধিক উপকরণ) সমন্বিত, সূক্ষ্মছিদ্রসম্পন্ন (২ মিমি-এর কম ব্যাসের ছিদ্রসম্পন্ন উপাদান) অথবা মনোলিথিক (কোনো সেলাই বা সন্ধি ছাড়াই তৈরি করা একক প্রলেপ)।</p>	হিগ ইনডেক্স	
